পিতৃকুলপতিগণ ও ভাববাদীগণ



এলেন জি হোয়াইট

New Covenant Publications: Bengali

ISBN: 359-2-85933-609-1

ISBN: 359-2-85933-609-1

প্রকাশনা ডেটাতে ক্যাটালগিং

সম্পাদিত এবং ডিজাইন করেছেন: New Covenant Publications International Group

যুক্তরাজ্যে মুদ্রিত।

প্রথম মুদ্রণ 26 মে 2020

দ্বারা প্রকাশিত: New Covenant Publications International Ltd.,

Kemp House, 160 City Road, London, EC1V 2NX

ওয়েবসাইট দেখুন: www.newcovenant.co.uk


Ellen G. White Estate
পিতৃপতি
এবং নবী
I
II
III
IV
V
VI
VII
VIII
IX
X
ELLEN G. WHITE

ঘরটি একটি সুন্দর পর্দা দ্বারা দু'টি কক্ষে বিভক্ত ছিল, এবং একই ধরণের পর্দা দ্বারা প্রথম কক্ষের প্রবেশ পথকে বন্ধ করা হত। এগুলি ছিল চমকার উজ্জ্বল রঙের-নীল, বেগুনী, লাল ও টকটকে লাল আর স্বর্গীয় দূতগণের প্রতীকরূপে সোনা ও রূপার সূতা দ্বারা দূতের ছবি এতে অঙ্কিত ছিল । ... ভিতরের পর্দার অন্য পাশে ছিল মহাপবিত্র স্থান, যেখানে প্রায়শ্চিত্তকারী মধ্যস্থাকারীর প্রতীকি অনুষ্ঠান পরিচালিত হত, যা ছিল স্বর্গ ও পৃথিবীর মধ্যের সংযোগ পদ্ধতি। এই কক্ষে ছিল ভিতরে ও বাইরে সোনা দ্বারা মোড়ান সিন্দুক, যা ছিল দশ আজ্ঞা লিখিত পস্তর ফলকের ধারক। এটাকে বলা হত ঈশ্বরের নিয়ম-সিন্দুক, চুক্তির-সিন্দুক, কেননা ঈশ্বর ও ইস্রায়েলদের মধ্যের চুক্তির ভিত্তি ছিল ঐ দশ আজ্ঞা।

এই পৃষ্ঠাটি ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে

New Covenant Publications



International Ltd.

সংস্কারকৃত বই, পরিবর্তিত মন

New Covenant Publications International Ltd.,
Kemp House, 160 City Road, London, EC1V 2NX

ইমেইল ঠিকানা:
newcovenantpublicationsintl@gmail.com

স্বীকৃতি

এই বইটি ঈশ্বরকে উৎসর্গ করা হয়েছে।

মুখবন্ধ

এই প্রচেষ্টা স্বর্গ এবং মর্ত্যের মধ্যে সংযোগকারী সেই ঐশ্বরিক পরিকল্পনার সাথে পাঠককে পুনরায় সংযুক্ত করে এবং প্রেমের নীতির চিরস্থায়ীত্বকে শক্তিশালী করে। লোগো বা প্রতীকটি, অঙ্গীকারপত্রের সিন্দুকটি যীশু খ্রীষ্ট্র এবং তাঁর শিষ্যদের মধ্যে ঘনিষ্ঠতা এবং ঈশ্বরের আইনের কেন্দ্রবিন্দুকে উপস্থাপনা করে। (২) প্রকৃতপক্ষে, নতুন অঙ্গীকারপত্রে একটি মুক্তির সাক্ষ্য দেয়, যা অবিরাম সংগ্রামের মধ্যে জন্মগ্রহণ করেছে এবং রক্ত দিয়ে সিল করা হয়েছে...

বহু শতাব্দী ধরে, সত্যকে বিলুপ্ত করার পরিকল্পনা হিসাবে, অনেক মানুষ প্রচন্ড দুর্দশা এবং অসহনীয় অত্যাচারের শিকার হয়েছিল। বিশেষ করে অন্ধকার যুগে, এই আলো মানুষের ঐতিহ্য এবং সর্বজনীন অজ্ঞতার দ্বারা প্রচণ্ডভাবে বাধাপ্রাপ্ত ও ম্লান হয়ে গিয়েছিল, কারণ পৃথিবীর অধিবাসিরা জ্ঞানকে অবহেলা করেছিল এবং অঙ্গীকার লঙঘন করেছিল। ব্যাপক দুর্নীতির সাথে ছড়িয়ে পড়া মন্দ এমন এক অধঃপতন এবং শয়তানসুলভ অমানবিকতাকে উস্কে দিয়েছিল যে, বিবেকের স্বাধীনতা আত্মসমর্পণ করতে অস্বীকার করে, বহু প্রাণ নিজের জীবন বিসর্জন দিয়েছিল। তবুও, হারিয়ে যাওয়া জ্ঞান পুনরুজ্জীবিত হয়েছিল (৩)।

ইতিহাস, বিশেষ করে ১৬ শতকের সংস্কার যুগ সত্যের একটি বিশিষ্ট মুহূর্ত চিহ্নিত করে, মৌলিক পরিবর্তন এবং এর ফলে সৃষ্ট অস্থিরতার চিহ্ন বহন করে, যা প্রতিসংস্কার আন্দোলনের মাধ্যমে প্রতিফলিত হয়। তবে, এই গ্রন্থের মাধ্যমে সংস্কারক এবং অন্যান্য সাহসী অগ্রদূতের দৃষ্টিকোণ থেকে এই অসামান্য বিপ্লবের অনস্বীকার্য গুরুত্ব পুনরায় আবিষ্কৃত হয়। তাঁদের বিবরণ থেকে, বিধ্বংসী যুদ্ধগুলি, এই ধরনের অভূতপূর্ব প্রতিরোধ এবং অতিপ্রাকৃত হস্তক্ষেপের অন্তর্নিহিত কারণগুলি সম্পর্কে বুঝতে পারা যায়।

এটি ব্যক্তিগত সংস্কার, পুনর্জন্ম এবং রূপান্তরের তাগিদকেও প্রতিফলিত করে। যেমন গুটেনবার্গ ছাপাখানা ও অনুবাদ প্রায় ৫০০ বছর আগে সংস্কারপ্রাপ্ত বিশ্বাসকে ছড়িয়ে দিয়েছিল, তেমনই আজকের দিনে ডিজিটাল প্রেস, অনলাইন লাইব্রেরি এবং সোশ্যাল মিডিয়া সেই বার্তা প্রচার করবে।

বিষয়বস্তুর সারণী

অধ্যায় ১—পাপ কেন অনুমোদন করা হল?

"ঈশ্বর প্রেম।" তাঁর প্রকৃতি, তাঁর আজ্ঞা প্রেম। ঈশ্বর সর্বদাই প্রেমকারী ছিলেন, সর্ব্বদাই তদ্রূপ থাকবেন। তাঁর সৃষ্টি-ক্ষমতার প্রত্যেক কাজই তাঁর অসীম প্রেমের প্রকাশ। স্বর্গের শুরু হওয়ার মুহূর্ত থেকে ভাল ও মন্দের মধ্যেকার প্রচন্ড সংঘাতের ইতিহাস ঈশ্বরের অপরিবর্তনীয় প্রেমেরই প্রমাণ। PPBeng 11.1

নিখিল-বিশ্বের রাজা তাঁর হিতকর কাজে একা ছিলেন না। তাঁর একজন সাথী ছিলেন যিনি তাঁর উদ্দেশ্য যথাযথ ভাবে উপলব্ধি করতে পারতেন এবং সৃষ্ট প্রাণীকে আনন্দ দানে যিনি তাঁর আনন্দের সহভাগী হতে পারতেন। যোহন ১:১, ২ দেখুন। PPBeng 11.2

যীশু যিনি বাক্যে, চিরস্থায়ী পিতার সাথে প্রকৃতিতে, চরিত্রে এবং উদ্দেশে একই ছিলেন। "তাঁহার নাম হইবে" "আশ্চর্য্য মন্ত্রী, পরামর্শ দাতা, বিক্রমশালী ঈশ্বর, চিরস্থায়ী পিতা, শান্তিরাজ।" যিশাইয় ৯:৬। তাঁর কার্য্য সকল "প্রাক্কাল হইতে, অনাদিকাল পর্য্যন্ত।" মীখা ৫:২। PPBeng 11.3

পিতা তাঁর পুত্রের মাধ্যমে সমস্ত স্বর্গীয় বাহিনী সৃষ্টি করলেন। "স্বর্গে ও পৃথিবীতে, দৃশ্য কি অদৃশ্য যে কিছু আছে, সিংহাসন হউক, কি প্রভুত্ব হউক, কি আধিপত্য হউক, কি কর্তৃত্ব হউক, সকলই তাঁহার দ্বারা...সৃষ্ট হইয়াছে।" কলসীয় ১:১৬। স্বর্গীয় দূতেরা হলেন পবিত্র ঈশ্বরের পরিচর্য্যাকারী এবং তারা তাঁর ইচ্ছা দ্রুত বাস্তবায়ন করেন। কিন্তু তাঁর পুত্র, যিনি "তাহার প্রতাপের প্রভা ও তত্ত্বের মুদ্রাঙ্ক, এবং আপন পরাক্রমের বাক্যে সমুদয়ের ধারণকর্তা," তাদের সকলের উপর কর্তৃত্ব করেন। ইব্রীয় ১৪৩, ৮। PPBeng 11.4

ঈশ্বর তাঁর সমস্ত সৃষ্টির নিকট থেকে প্রেমের সেবা আশা করেন। সেই সেবা যা তাঁর চরিত্রের মাহাত্ম অনুভবের মাধ্যমে আসে। তিনি শক্তি প্রয়োগের মাধ্যমে বাধ্যতা স্বীকার করানতে সুখী হন না, এবং তিনি প্রত্যেককে ইচ্ছার স্বাধীনতা দেন, যেন তারা স্বতঃস্ফুর্তভাবে তাঁর সেবা করে। PPBeng 11.5

যতক্ষণ প্রত্যেক সৃষ্ট জীব তাঁর প্রেমের প্রতি বাধ্যতা প্রদর্শন করল, ততক্ষণ ঈশ্বরের সমগ্র বিশ্বে পূর্ণ ঐকতান বিরাজমান ছিল। ঐ স্বর্গীয় ঐকতানে কোন বেসুর আওয়াজ ছিল না। PPBeng 11.6

কিন্তু ঐ আনন্দঘন পরিবেশে একটি পরিবর্তন আসল। একজন ছিল সে ঈশ্বর তার সৃষ্টিকে যে স্বাধীনতা দিয়েছিলেন তা বিনষ্ট করল। পাপ তার থেকেই উৎপত্তি হলো, যে, খ্রীষ্টের পরেই ঈশ্বরের নিকটতম ছিল, সে ঈশ্বরের সবচেয়ে প্রিয় পাত্র এবং স্বর্গ নিবাসীদের মধ্যে ছিল সর্ব্ব উচ্চ। "ঊষা নন্দন" (যিশাইয় ১৪:১২) লূসিফর ছিল পবিত্র ও নিষ্কলুষ। সদাপ্রভু এই কথা বলেন, "তুমি সৌন্দর্য্যে সিদ্ধ...তুমি অভিষিক্ত আচ্ছাদক করূব ছিলে,

আমি তোমাকে স্থাপন করিয়াছিলাম, তুমি ঈশ্বরের পবিত্র পর্বতে ছিলে, তুমি অগ্নিময় প্রস্তর সকলের মধ্যে গমনাগমন করিতে। তোমার সৃষ্টি দিন হইতে তুমি আপন আচারে সিদ্ধ ছিলে; শেষে তোমার মধ্যে অন্যায় পাওয়া গেল।" PPBeng 12.1

ধীরে ধীরে লূসিফর হৃদয়ে আত্ম-মহিমান্বয়নের কামনা পোষণ করতে শুরু করল। "তোমার চিত্ত তোমার সৌন্দর্য্যে গর্বিত হইয়াছিল; তুমি নিজ দীপ্তি হেতু আপন জ্ঞান নষ্ট করিয়াছ; যিহিষ্কেল ২৮:১২-১৫, ১৭। তুমি মনে মনে বলিয়াছিলে,...ঈশ্বরের নক্ষত্রগণের উর্দ্ধে আমার সিংহাসন উন্নত করিব;... আমি পরাৎপরের তুল্য হইব। যিশাইয় ১৪:১৩, ১৪। যদিও স্বর্গীয় সমস্ত দূতগণের মধ্যে সে সর্বোচ্চ সম্মানের অধিকারী ছিল, তথাপি সে সেই সম্মানের আকাঙ্ক্ষা করল যা শুধু মাত্র সৃষ্টিকর্তার প্রাপ্য। স্বর্গীয় দূতগণের নেতা সেই ক্ষমতার আকাঙ্ক্ষী হলো যা শুধু মাত্র খ্রীষ্টের প্রাপ্য। PPBeng 12.2

সুতরাং স্বর্গের পূর্ণ ঐকতানে ভাঙ্গন আসল। স্বর্গীয় পরামর্শ সভায় অন্যান্য দূতগণ লূসিফরকে অনেক অনুনয় বিনয় করল। ঈশ্বরের পুত্র ঈশ্বরের মাহাত্ম ও ন্যায়পরায়ণতার বিষয় লুসিফরের নিকট উপস্থাপন করলেন এবং তার আজ্ঞার অপরিবর্তনীয়তার ব্যাখ্যা করলেন। ইহা হতে সরে গেলে, লুসিফর নিজ স্রষ্টার অবমাননা করবে এবং নিজের উপর ধ্বংস আনয়ন করবে। কিন্তু অসীম প্রেম ও অনুগ্রহের মাধ্যমে দেয়া সতর্কবাণী লূসিফরের মনে আরো প্রতিকুলতারই সৃষ্টি করল। খ্রীষ্টের প্রতি তার ঈর্ষা লূসিফরের মনে আরো গভীর হতে দিল, এবং সে অধিকতর সংকল্পবদ্ধ হ'ল। PPBeng 12.3

বিশ্বের রাজা স্বর্গের সমস্ত দূতগণকে তার সামনে আহবান করলেন যেন তাদের উপস্থিতিতে তিনি নিজ পুত্রের প্রকৃত অবস্থান স্থির করতে পারেন এবং সমস্ত সৃষ্টির সঙ্গে তাঁর (পুত্রের) সম্পর্ক দেখাতে পারেন। ঈশ্বরের পুত্র নিজ পিতার সিংহাসনের অংশীদার ছিলেন, এবং চিরন্তন, আত্ম-বিদ্যমানের গৌরব উভয়কে ঘিরে থাকত। সিংহাসনের চতুর্দিকে সমস্ত পবিত্র দূতগণ একত্রিত হলেন, "অযুত গুণ অযুত ও সহস্র গুণ সহস্র।" প্রকাশিত বাক্য ৫:১১। স্বর্গের সমস্ত নিবাসীদের উপস্থিতিতে রাজা ঘোষণা করলেন যে খ্রীষ্ট ভিন্ন আর কেউ নয় তাঁর (রাজার) সমস্ত উদ্দেশের নিগূঢ়ে প্রবেশ করতে এবং তাঁর ইচ্ছার পূর্ণরূপে বাস্তবায়ন করতে সক্ষম। খ্রীষ্ট তাঁর ঐশ্বরিক ক্ষমতা দ্বারা পৃথিবী ও তার নিবাসীদের সৃষ্টি করবেন। PPBeng 12.4

লূসিফরের হৃদয়ে দ্বন্দ্ব

PPBeng 13

দূতগণ আনন্দ সহকারে খ্রীষ্টের কর্তৃত্ব স্বীকার করলেন ও তাঁর প্রতি তাদের প্রেম ও প্রশংসা জ্ঞাপন করলেন। লূসিফরও তাদের সহিত খ্রীষ্টকে প্রণাম করল; কিন্তু তার হৃদয়ে ছিল এক অদ্ভূত, ভয়ংকর দ্বন্দ্ব। সত্য ও বাধ্যতা এবং ঈর্ষা ও হিংসার মধ্যে দ্বন্দ্ব চলছিল। মনে হচ্ছিল পবিত্র দূতগণের প্রভাব কিছু সময়ের জন্য তাকে (লূসিফর) প্রভাবিত করেছিল।

যখন প্রশংসা গীতি উঠছিল, মনে হচ্ছিল যে মন্দ আত্মা পরাভূত হয়েছে; অনির্বচনীয় প্রেম তার সম্পূর্ণ দেহকে অভিভূত করে নিয়েছিল; নিষ্পাপ আরাধনাকারীদের সহিত একত্রিত ভাবে তার হৃদয়ের প্রেম পিতা ও পুত্রের প্রতি বর্ষিত হতে থাকল। কিন্তু পুনরায় কর্তৃত্বের আকাঙ্খা তার হৃদয়ে ফিরে এল, এবং খ্রীষ্টের প্রতি তার হিংসা প্রজ্জ্বলিত হয়ে উঠল । লূসিফরকে দত্ত উচ্চ সম্মান তাকে তার স্রষ্টার প্রতি কোনরূপ কৃতজ্ঞতা প্রদর্শনে অনুপ্রাণিত করল না। সে নিজ দীপ্তিতে গর্বিত হ'ল এবং ঈশ্বরের সমতুল্য হতে চাইল । দূতগণ তার নির্দেশ মান্য করতে আনন্দিত হ'ত এবং সে তাদের সকলের চেয়ে অধিক গৌরবে ভূষিত ছিল। শুধু মাত্র ঈশ্বরের পুত্র তার চেয়ে উন্নত ছিলেন। ক্ষমতাবান দূতগণ প্রশ্ন তুলল "কেন, খ্রীষ্ট কর্তৃত্ব করবেন?" PPBeng 13.1

লূসিফর দূতগণের মধ্যেও এই অসন্তুষ্টির মনোভাব ছড়াতে আরম্ভ করল । কিছু কালের জন্য সে তার আভ্যন্তরীণ উদ্দেশ্যকে ঈশ্বরের প্রতি সম্মান দ্বারা ঢেকে রাখল। যে সমস্ত আজ্ঞা ও নিয়মকানুন দ্বারা স্বর্গীয় দূতগণকে পরিচালিত করা হত, সেগুলির প্রতি সে সন্দেহের সৃষ্টি করতে আরম্ভ করল। সে ধারণা দিল যে ঐ সমস্ত প্রয়োজন নেই, কেননা তাদের নিজস্ব জ্ঞানই তাদের পরিচালনা করতে সক্ষম। তাদের সমস্ত চিন্তাই পবিত্র; আর যেমন ঈশ্বর পবিত্র ও কোন ভুল করেন না, সেই ভাবে তারাও ভুল করতে পারে না। ঈশ্বরের পুত্রকে ঈশ্বরের সমতুল্যরূপে উত্থাপিত করা লূসিফরের নিকট অন্যায় বলে মনে হলো। ঈশ্বরের পুত্রকে ঈশ্বরসম, পিতাসম গৌরব প্রদান লূসিফরের কাছে অন্যায় বিচার বলে বিবেচিত হয়েছিল। যদি দূতগণের এই রাজপুত্র তার সত্যিকার মহান সম্মানে ভূষিত হ'ত, তা হলে স্বর্গ নিবাসী প্রত্যেকেরই প্রভূত কল্যাণ সাধিত হ'ত, কেননা তার লক্ষ্যই হল সকলের জন্য পূর্ণ স্বাধীনতা আনয়ন করা । লূসিফরের সূক্ষ্ম প্রতারণা স্বর্গীয় দরবারের সর্বত্র দ্রুত প্রতিক্রিয়া সৃষ্টি করতে শুরু করল । PPBeng 13.2

ঈশ্বরের পুত্রের সত্যিকারের অবস্থান প্রথম থেকেই একই ছিল । কিন্তু, অনেক দূতগণই লূসিফরের প্রতারণা দ্বারা অন্ধ হয়ে গেল। সে এত সুচতুর ভাবে তার নিজের অবিশ্বাস ও অসন্তুষ্টি তাদের মনে ঢুকিয়ে দিল যে তার দালালী উন্মোচন করা সম্ভব হলো না। মতভেদ ও অসন্তুষ্টি সৃষ্টি করার জন্য লূসিফর ঈশ্বরের উদ্দেশ্য সমূহকে এক ভ্রান্তিজনক আলোতে প্রকাশ করল। ঈশ্বরের প্রতি তার পূর্ণ বাধ্যতার দাবী করে, সে অনুরোধ করল যে স্থিতিশীলতার জন্যই স্বর্গীয় সরকারের কিছুটা পরিবর্তন প্রয়োজন । গোপনে মতভেদ ও বিদ্রোহ ছড়াতে থাকা সত্ত্বেও সে এমন ভান করল যে তার প্রকৃত উদ্দেশ্য হলো ঈশ্বরের প্রতি বাধ্যতার প্রচার করা এবং ঐক্য ও শান্তি রক্ষা করা। PPBeng 14.1

কোন বাহ্যিক প্রকাশ না হওয়া সত্ত্বেও অলক্ষ্যে দূতগণের মধ্যে বিভেদ ও মনোমালিন্য সৃষ্টি হতে শুরু করল। লূসিফরের পরোক্ষ ঈঙ্গিতের প্রতি অনেকে সহানুভূতিপূর্ণ মনোভাব ব্যক্ত করতে লাগলেন। তারা অসন্তুষ্ট ও অসুখী হলেন, এবং খ্রীষ্টকে সর্বোচ্চে উন্নীত করায় ঈশ্বরের যে উদ্দেশ্য তাতে তারা ক্ষুব্ধ হলেন। কিন্তু বাধ্য ও বিশ্বস্ত দূতগণ ঈশ্বরের আইনের

যুক্তি ও ন্যায্যতা অনুধাবন করতে সক্ষম হলেন। খ্রীষ্ট ঈশ্বরের পুত্র ছিলেন এবং দূতগণ সৃষ্টির আগে হতেই ঈশ্বরের সহিত এক ছিলেন। তিনি চিরকালই পিতার দক্ষিণ পার্শ্বে ছিলেন। এখন কেন এই বৈসাদৃশ্যতা হবে? PPBeng 14.2

ঈশ্বর লূসিফরের প্রতি দীর্ঘকাল ধৈর্য ধরলেন। এই অসন্তুষ্টির মনোভাব একটি নূতন উপাদান ছিল, অদ্ভুত ও অবর্ণনীয় । লূসিফর নিজেও জানতে পারল না যে সে কোথায় ভেসে যাচ্ছে। অসীম প্রেম ও জ্ঞান দ্বারাই যা সম্ভব লূসিফরকে তার ভুল সংশোধনের জন্য সেই প্রচেষ্টা করা হল। তাকে দেখানো হ'ল যে এই বিদ্রোহের অন্তিম পরিণতি কি হতে পারে। PPBeng 14.3

লূসিফর বুঝতে পারল যে সে অন্যায় করছে। সে অনুধাবন করল যে, "সদাপ্রভু আপনার সমস্ত পথে ধর্ম্মশীল, আপনার সমস্ত কার্য্যে দয়াবান" (গীত- সংহিতা ১৪৫:১৭), সে বুঝতে পারল যে স্বর্গের আইন সকল ন্যায্য এবং তাকে সমস্ত স্বর্গ-নিবাসীদের সামনে ইহা স্বীকার করা প্রয়োজন। যদি সে তাই করত তাহলে সে নিজেকে এবং অনেক স্বর্গ দূতগণকে রক্ষা করতে পারত। যদি সে ঈশ্বরের নিকট প্রত্যাবর্তন করতে ইচ্ছুক হ'ত, আর যদি সে ঈশ্বরের নিজ পরিকল্পনায় তাকে যে স্থান দিয়েছেন তাতেই সন্তুষ্ট হতো, তাকে তার পুরাতন পদে পুনঃপ্রতিষ্ঠিত করা হ'ত। অন্তিম সিদ্ধান্ত গ্রহণের সময় উপস্থিত হ'ল; তাকে স্বর্গীয় রাজার নিকট আত্ম-সমর্পণ করতে হবে, অথবা প্রকাশ্যে বিদ্রোহ ঘোষণা করতে হবে। সে আত্ম-সমর্পণের সিদ্ধান্ত প্রায় নিয়েই ফেলেছিল, কিন্তু গর্ব তার পথের বাধা হ'ল। সে এত উচ্চে অধিষ্ঠিত ছিল যে তার জন্য এটি স্বীকার করা যে সে অন্যায় করেছে তা তার কাছে অতি বড় একটি ত্যাগ বলে মনে হল । PPBeng 14.4

ঈশ্বরের ধৈর্যশীলতাকে লুসিফর স্বীয় উৎকর্ষতার পরিচায়করূপে, এবং বিশ্বের রাজা যে পরিশেষে তার শর্ত মেনে নেবেন ইহার প্রমাণ হিসাবে, চিহ্নিত করল। সে ঘোষণা করল যে যদি দূতগণ এখনও তার সাথে দৃঢ় ভাবে একাত্মতা ঘোষণা করেন তবে তারা যা কামনা করে সবই পাবে। সে তার স্রষ্টার বিরুদ্ধে মহা-সংঘাতে পরিপূর্ণ ভাবে আত্ম-নিয়োগ করল। এই ভাবে "আলোর বাহক" লূসিফর পরিণত হ'ল শয়তানে, সে হ'ল ঈশ্বরের "শত্রু" । PPBeng 15.1

বিশ্বস্ত দূতগণের অনুনয় বিনয় ঘৃণার সহিত প্রত্যাখ্যান করে সে তাদের প্রবঞ্চিত ক্রীতদাস বলে ধিক্কার দিল। সে আর কখনো খ্রীষ্টের আধিপত্য স্বীকার করে নেবে না। খ্রীষ্টকে দত্ত সম্মান সে নিজের জন্যই দাবী করতে সংকল্পবদ্ধ হ'ল । যারা তার দলে যোগ দেবে তাদের জন্য সে এমন এক নূতন ও উত্তম প্রশাসন ব্যবস্থার প্রতিজ্ঞা করল যার আওতায় সকলে পূর্ণ স্বাধীনতা উপভোগ করবে। অনেক দূতগণ তাকে তাদের নেতা বলে গ্রহণ করার সংকল্প ব্যক্ত করল। সে আশা পোষণ করল, যে সকল দূতগণ তার দলে যোগ দেবে, সে ঈশ্বরের সমতুল্য হবে এবং স্বর্গের সকলেই তার প্রতি বাধ্যতা প্রদর্শন করবে। PPBeng 15.2

তবুও ঈশ্বরের প্রতি বাধ্য দূতগণ তাকে এবং তার প্রতি সহানুভূতিশীল অন্যান্য দূতগণকে ঈশ্বরের নিকট আত্ম-সমর্পণ করতে অনুরোধ করল; যদি তারা আত্ম-সমর্পণে অস্বীকার করে তবে তার অনিবার্য পরিণতি কি হবে তাও তারা তাদের নিকট ব্যাখ্যা করল। তারা সকলকে সতর্ক করে দিল যেন তারা লূসিফরের ছলনাপূর্ণ যুক্তিতে কান না দেয় এবং তাকে ও তার অনুগামীদের ঈশ্বরের উপস্থিতি, তাঁর জ্ঞান ও ক্ষমতাকে প্রশ্ন করার ভুল স্বীকার করতে সনির্বন্ধ অনুরোধ জানালো। PPBeng 15.3

অনেকেই তাদের অবিশ্বস্ততার জন্য অনুতাপ করতে ও পিতা ও তাঁর পুত্রের আনুকুল্য লাভ করতে ইচ্ছুক ছিল। কিন্তু লূসিফর এখন ঘোষণা করল যে যারা তার সহিত একত্রিত হয়েছে তারা প্রত্যাবর্তনের পথ হতে অনেক দুরে সরে গিয়েছে; ঈশ্বর আর ক্ষমা করবেন না। সে স্বয়ং আর কখনো খ্রীষ্টের কর্তৃত্ব স্বীকার না করতে মনস্থ করল। একমাত্র যে পথ তাদের নিকট খোলা আছে তা হ'ল তাদের স্বাধীনতা বহাল রাখা এবং তাদেরকে যে অধিকার দেয়া হচ্ছে না তা বল পূর্বক অধিকার করে নেয়া। PPBeng 15.4

শয়তান স্বর্গ হতে বিতাড়িত

PPBeng 16

ঈশ্বর শয়তানকে তার কাজ ততক্ষণ পর্যন্ত চালু রাখতে দিলেন যতক্ষণ না অবিশ্বস্ততার আত্মা কার্যকর বিদ্রোহের রূপ নিল। ইহার প্রয়োজন ছিল যে তার পরিকল্পনা সমূহ পূর্ণ রূপ নেয় যাতে তাদের আসল প্রকৃতি প্রত্যেকের নিকট উন্মোচিত হয়। ঈশ্বরের রাজত্ব শুধুমাত্র স্বর্গীয় দূতগণের মধ্যে সীমিত ছিল না, কিন্তু তাঁর সৃষ্ট অন্যান্য পৃথিবীও এর আওতাভুক্ত ছিল। লূসিফর চিন্তা করেছিল যে যদি সে দূতগণকে তার সঙ্গে নিতে পারে তবে অন্যান্য সৃষ্ট পৃথিবীদেরকে ও তার সাথে নিতে পারবে। তার সমস্ত ক্রিয়া-কলাপ এমন ভাবে রহস্যাবৃত ছিল যে এর প্রকৃত প্রকৃতি প্রকাশ করা কঠিন ছিল। এমন কি বিশ্বস্ত দূতগণও তার চরিত্র সঠিক ভাবে মূল্যায়ন করতে এবং তার কাজের ফলাফল নিরূপন করতে সক্ষম হন নি। যা কিছুই সহজ সরল ছিল তা সে রহস্যাবৃত করেছিল, এবং ঈশ্বরের সরল উক্তিকে সে এমন ভাবে বিকৃত করত যে তা সন্দেহজনক মনে হত এবং তার উচ্চ পদমর্যাদা তার উপস্থাপনকে শক্তিশালী করে তুলত। PPBeng 16.1

ঈশ্বর কেন শয়তানকে ধ্বংস করেন নি

PPBeng 16

ঈশ্বর শুধুমাত্র সেই সমস্ত পদ্ধতি ব্যবহার করতে পারেন যা সত্য ও ধার্মিকতার সহিত সঙ্গতিপূর্ণ। তোষামোদ ও ছলনা- যা ঈশ্বর কখনো ব্যবহার করতে পারেন না শয়তান তাই ব্যবহার করতে পারত। সুতরাং এটা প্রয়োজন ছিল যে স্বর্গের এবং সকল পৃথিবীর সকল অধিবাসীদের নিকট প্রমাণ করা যে ঈশ্বরের শাসন ন্যায্য, তাঁর আইন খুবই উত্তম। শয়তান

এমন ভাবে কাজ করছিল যেন এটা প্রতীয়মান হয় যে সে এই বিশ্বের হিতাকাঙ্ক্ষী। অন্যায় ভাবে উচ্ছেদকারীর চরিত্র সকলেরই অনুধাবন করা প্রয়োজন। মন্দ কাজ দ্বারা তার নিজেকে পরিপূর্ণ ভাবে প্রকাশ করার জন্য সময়ের প্রয়োজন। PPBeng 16.2

যা কিছু মন্দ তা ঈশ্বরের শাসন ব্যবস্থার কারণেই হচ্ছে বলে সে প্রমাণ করতে চাইত। সে বুঝাতে চাইত যে তার উদ্দেশ্য হ'ল ঈশ্বরের আইন সমূহের উন্নতি সাধন করা। সুতরাং, ঈশ্বর তাকে সময় দিলেন যেন সে স্বর্গীয় ব্যবস্থা তার প্রস্তাবিত পরিবর্তনের ফল দেখাতে পারে। তার কাজই যেন তাকে ধ্বংস করে। সমগ্র বিশ্ব প্রতারকের মুখোস উন্মোচনের সাক্ষী হওয়া প্রয়োজন। PPBeng 16.3

এমন কি যখন শয়তানকে স্বর্গ হ'তে বিতাড়িত করা হলো, অসীম জ্ঞান তাকে তখনো ধ্বংস করেন নি। তাঁর সৃষ্টদের বিশ্বস্ততা তাঁর ন্যায়পরায়নতা ও উপকারীতার প্রতি দৃঢ় প্রত্যয়ের উপর নির্ভরশীল হওয়া প্রয়োজন। শয়তানের তাৎক্ষণিক ধ্বংস স্বর্গীয় ও পৃথিবী নিবাসীদের নিকট ঈশ্বরের ন্যায়পরায়ণতা প্রমাণ করত না। যদি তৎক্ষণাৎ তার অস্তিত্ব মুছে ফেলা হত তবে কোন কোন দূত ভয়ের কারণে ঈশ্বরের সেবা করতেন, তাঁকে প্রেম করে তা করতেন না। প্রতারকের প্রভাব পূর্ণভাবে ধ্বংস করা যেত না, আর বিদ্রোহের আত্মাকেও সম্পূর্ণরূপে উপড়ে ফেলাও সম্ভব হত না। সমগ্র বিশ্বের অনন্তকালীন মঙ্গলের জন্য, সে তার নীতির পূর্ণ বিকাশ সাধন করুক যেন স্বর্গীয় শাসন ব্যবস্থার বিরুদ্ধে অভিযোগ সমূহকে উপযুক্ত আলোতে প্রকৃত মূল্যায়ন করা সম্ভব হয় এবং ঈশ্বরের ন্যায়পরায়ণতা ও তাঁর আইনের অখন্ডনীয়তা চিরকালের জন্য প্রশ্ন বহির্ভূত করা সম্ভব হয়। PPBeng 17.1

শয়তানের বিদ্রোহ আগামী কালসমূহে সমগ্র বিশ্বের জন্য একটি শিক্ষণীয় বিষয় হওয়া প্রয়োজন, যা হবে পাপের প্রকৃতি ও ইহার ভয়ঙ্কর পরিণতির এক চিরন্তন সাক্ষ্য। এই ভাবে এই বিদ্রোহের ইতিহাস সমস্ত পবিত্র জীবের জন্য একটি চিরস্থায়ী নিরাপত্তাতে পরিণত হবে যেন তারা সীমা লঙঘনের পরিণতি সম্পর্কে আর কখনো প্রতারিত না হয়। PPBeng 17.2

"তিনি শৈল, তাঁহার কর্ম্ম সিদ্ধ, কেননা তাঁহার সমস্ত পথ ন্যায্য; তিনি বিশ্বাস্য ঈশ্বর, তাঁহাতে অন্যায় নাই; তিনি ধর্ম্মময় ও সরল।" দ্বিতীয় বিবরণ ৩২:৪। PPBeng 17.3

অধ্যায় ২—সৃষ্টি: বিবর্তনবাদের প্রতি ঈশ্বরের উত্তর

PPBeng 18

"আকাশমন্ডল নির্ম্মিত হইল সদাপ্রভুর বাক্যে, তাঁহার সমস্ত বাহিনী তাঁহার মুখের শ্বাসে।...তিনি কথা কহিলেন, আর উৎপত্তি হইল, তিনি আজ্ঞা করিলেন, আর স্থিতি হইল।" গীতসংহিতা ৩৩:৬, ৯ পদ । PPBeng 18.1

স্রষ্টার হাতে সৃষ্ট পৃথিবী অত্যন্ত সুন্দর ছিল। ফলদায়ী ভূমি প্রত্যেক স্থানে সবুজের সমারোহ সৃষ্টি করল। সেখানে কোন নিকৃষ্ট জলাভূমি অথবা বৃক্ষরাজ বিহীন মরুভূমি ছিল না। প্রত্যেক বাকেই মনোরম কুঞ্জ ও ততোধিক মনোরম ফুলরাজী দৃষ্টিকে মোহিত করত। বাতাস ছিল নির্মল ও স্বাস্থ্যকর। সমস্ত দৃশ্যপট সৌন্দর্যের প্রতিযোগীতায় গর্বিত রাজ প্রাসাদের কাননকেও হার মানাতো। PPBeng 18.2

যখন পৃথিবীর তার প্রাণী সকল ও উদ্ভিদ সকল সৃষ্টি হলো, তখন স্রষ্টার শ্রেষ্ঠ সৃষ্টি মানুষকে রঙ্গমঞ্চে আনা হলো। "পরে ঈশ্বর কহিলেন, আমরা আমাদের প্রতিমূর্তিতে, আমাদের সাদৃশ্যে মনুষ্য নির্মাণ করি, আর তাহারা... সমস্ত পৃথিবীর উপরে,...কর্তৃত্ব করুক।" "পরে ঈশ্বর আপনার প্রতিমূর্ত্তিতে মনুষ্যকে সৃষ্টি করিলেন;... পুরুষ ও স্ত্রী করিয়া তাহাদিগকে সৃষ্টি করিলেন।" আদি পুস্তক ১:২৬, ২৭। PPBeng 18.3

মানব জাতির উৎপত্তি এখানে পরিষ্কাররূপে বর্ণিত হয়েছে। মানুষ কোন নিম্নমানের প্রাণী অথবা উদ্ভিদ জীবন হতে ধীরে ধীরে বিবর্ধিত হয়েছে বলে ধারণা করার মত কোন উপযুক্ত কারণ নাই। ঐশী বাক্য আমাদের জাতির উৎপত্তি কোন ক্রমবর্ধমান বীজাণু ও চতুষ্পদের সহিত সম্পর্কিত না করে প্রত্যক্ষ ভাবে মহান স্রষ্টার সহিত সম্পর্কিত করেছে। যদিও ধূলি হতে সৃষ্ট তথাপি আদম হলেন "ঈশ্বরের পুত্র" । লূক ৩:৩৮ পদ । PPBeng 18.4

নিম্ন-স্তরের প্রাণী ঈশ্বরের সার্বভৌমত্ব অনুধাবন করতে অক্ষম, তথাপি তাদের মানুষকে ভালবাসতে ও তার উপকার করতে সক্ষম করে সৃষ্টি করা হয়েছে। "তোমার হস্তকৃত বস্তু সকলের উপরে তাহাকে কর্তৃত্ব দিয়াছ, তুমি সকলই তাহার পদতলস্থ করিয়াছ ... বন্য পশুগণ, শূন্যের পক্ষিগণ ... গীতসংহিতা ৮:৬-৮। PPBeng 18.5

খ্রীষ্টই শুধু মাত্র পিতার "তত্ত্বের মুদ্রাঙ্ক" (ইব্রীয় ১:৩), কিন্তু মানুষকে ঈশ্বর তার প্রতিমূর্ত্তিতে সৃষ্টি করেছিলেন। তার প্রকৃতি ঈশ্বরের ইচ্ছার সহিত সঙ্গতিপূর্ণ ছিল, তার মন স্বর্গীয় তথ্য অনুধাবনে সক্ষম ছিল। তার প্রেম ছিল, নির্ভেজাল; তার ক্ষুধা ও আবেগ ছিল যুক্তির নিয়ন্ত্রণে। সে ছিল পবিত্র ও ঈশ্বরের প্রতিমূর্ত্তির বাহকরূপে ছিল আনন্দিত, এবং তাঁর ইচ্ছার বাধ্য থাকার মধ্যে ছিল তার পরিপূর্ণতা। PPBeng 19.1

যখন মানুষ তার স্রষ্টার হাত হতে বেরিয়ে এল তখন তার চেহারা জীবনের ও আনন্দের আলোতে ছিল আলোকিত। আদমের উচ্চতা বর্ত্তমান কালের মানুষের থেকে অনেক দীর্ঘ ছিল । হবা উচ্চতায় আদমের থেকে একটু খাটো ছিলেন, কিন্তু তার অবয়ব ছিল মহান ও মনোরমা। নিষ্পাপ দম্পতি কোন শিল্পজাত বস্ত্র পরিধান করতেন না; তারা দূতগণ যেমন জ্যোতি দ্বারা আচ্ছাদিত, তেমনি জ্যোতি দ্বারা আচ্ছাদিত ছিলেন PPBeng 19.2

প্রথম বিবাহ

PPBeng 19

আদমকে সৃষ্টির পর "সদাপ্রভু বলিলেন, মনুষ্যের একাকী থাকা ভাল নয়, আমি তাহার জন্য অনুরূপ সঙ্গিনী নির্ম্মাণ করি।" ঈশ্বর আদমকে এক সাথী দিলেন, "তাহার জন্য অনুরূপ সহকারিণী," যিনি ছিলেন তার উপযুক্ত সাথী, যিনি সাথে প্রেম ও সহানুভূতিতে এক হবেন। আদমের এক পাশের পঞ্জর দিয়ে হবাকে সৃষ্টি করা হয়েছিল। তিনি তাকে প্রধান হিসাবে নিয়ন্ত্রণ করতে পারবেন না, আবার নিম্নস্তরের বলে তার পদতলে দলিতও হবেন না, কিন্তু তার সমান হিসাবে একত্রে দাঁড়াবেন এবং তার ভালবাসা ও নিরাপত্তা পাবেন। তিনি ছিলেন তার দ্বিতীয় ব্যক্তিত্ব, যা এই সম্পর্কে যে নিবিড় ঐক্যে থাকবে তার প্রকাশ। "কেহ ত কখনও নিজ মাংসের প্রতি দ্বেষ করে না, বরং সকলে তাহার ভরণ-পোষণ ও লালন-পালন করে।" "এই কারণে মনুষ্য আপন পিতা মাতাকে ত্যাগ করিয়া আপন স্ত্রীতে আসক্ত হইবে, এবং তাহারা একাঙ্গ হইবে।" ইফিষীয় ৫:২৯; আদি ২:২৪। "বিবাহ আদরণীয়।" ইব্রীয় ১৩:৪। এটা হল সেই দু'টা অধিষ্ঠানের একটি যা আদম তার পতনের পর স্বর্গের বাইরে নিয়ে এসেছিলেন । যখন স্বর্গে নীতিসমূহ স্বীকার করা হয় এবং পালন করা হয় তখন বিবাহ একটি আশীর্ব্বাদস্বরূপ হয়। ইহা মানব জাতির পবিত্রতা ও আনন্দকে রক্ষা করে এবং দৈহিক, মানসিক, ও নৈতিক জীবনকে উন্নত করে । PPBeng 19.3

"আর সদাপ্রভু পূর্বদিকে এদনে, একটি উদ্যান প্রস্তুত করিলেন, এবং সেই স্থানে নিজের সৃষ্ট এই মনুষ্যকে রাখিলেন।" এই উদ্যানে নানা রকমের গাছ ছিল, এবং অধিকাংশই সুস্বাদু ফল দ্বারা পূর্ণ ছিল। সেখানে মনোরম দ্রাক্ষালতা ছিল, যেগুলি সোজা ভাবে বেড়ে উঠেছিল এবং অধিকাংশের শাখা লোভনীয় ফল ভারে নুয়ে পড়ছিল। আদম ও হবার কাজ ছিল যে দ্রাক্ষালতার শাখাগুলিকে কুঞ্জে পরিণত করা, যা হবে তাদের জন্য জীবন্ত বৃক্ষ দ্বারা নির্মিত বাসস্থান, যা শাখা-প্রশাখা ও ফলে-ফুলে আচ্ছাদিত থাকবে। অন্যান্য গাছের গৌরবকে ছাড়িয়ে, বাগানের মধ্য খানে ছিল জীবন বৃক্ষের গাছ। এর ফল জীবনকে চিরস্থায়ী করার ক্ষমতা রাখত। PPBeng 20.1

"এইরূপে আকাশ ও পৃথিবী এবং সমস্ত কিছুর সৃষ্টি সমাপ্ত হইল।" "পরে ঈশ্বর নিজের সৃষ্ট বস্তু সকলের প্রতি দৃষ্টি করিলেন, আর দেখ, সে সকলই অতি উত্তম।" পাপের কোনরূপ দাগ অথবা মৃত্যুর কোন কাল-ছায়া এই সুন্দর সৃষ্টিকে কলুষিত করে নি। "তৎকালে প্রভাতীয়

নক্ষত্রগণ একসংগে আনন্দরব করিল, ঈশ্বরের পুত্রগণ সকলে জয়ধ্বনি করিল।” ইয়োব ৩৮:৭। PPBeng 20.2

শাব্বাথের আশীর্বাদ

PPBeng 20

ছয় দিনে মহান সৃষ্টির কাজ বাস্তবায়িত হল। “আর ঈশ্বর সপ্তম দিনে নিজ কৃত কার্য্য হইতে ক্ষান্ত হইলেন, সেই সপ্তম দিনে নিজের কৃত সমস্ত কার্য্য হইতে বিশ্রাম করিলেন। আর ঈশ্বর সেই সপ্তম দিনকে আশীর্বাদ করিয়া পবিত্র করিলেন, কেননা সেই দিনে ঈশ্বর সৃষ্ট ও কৃত সমস্ত কার্য্য হইতে বিশ্রাম করিলেন।” সমস্ত কিছু নিখুঁৎ ছিল, যা স্বর্গীয় স্রষ্টারই উপযুক্ত; এবং তিনি বিশ্রাম নিলেন, ক্লান্ত ও পরিশ্রান্ত বলে নয়, কিন্তু তার প্রজ্ঞার ও সদাশয়তার ফলাফল দেখে পূর্ণ সন্তুষ্ট চিত্তে। PPBeng 20.3

সপ্তম দিনে বিশ্রামের পর, ঈশ্বর ইহাকে বিশ্রামের দিনরূপে পৃথক করলেন । স্রষ্টার দৃষ্টান্ত অনুকরণ করে, মানুষকেও ঐ পবিত্র দিনে বিশ্রাম নেবার কথা, যেন সে ঈশ্বরের সৃষ্টির বিষয়ে জ্ঞান লাভ করতে পারে, যেন তার হৃদয় প্রভুর প্রতি প্রেম ও শ্রদ্ধায় পূর্ণ হয়ে উঠে । PPBeng 20.4

শাব্বাথ সমস্ত মানব পরিবারের প্রতি ন্যাস্ত করা হয়েছিল, ইহার প্রতিপালনের উদ্দেশ্য ছিল যেন কৃতজ্ঞ চিত্তে ঈশ্বরকে তারা তাদের স্রষ্টা এবং প্রকৃত সমস্ত কর্তৃত্বের অধিকারী বলে স্বীকার করে নেয়। তারা ছিল তাঁর হাতের তৈরী, এবং তাঁর কর্তৃত্বাধীন প্রজা । PPBeng 20.5

ঈশ্বর দেখেছিলেন যে শাব্বাথ মানুষের জন্য অত্যন্ত জরুরী ছিল, এমন কি স্বর্গেও ইহা জরুরী ছিল। সাত দিনের মধ্যে একদিন সে তাহার নিজের স্বার্থ, ভুলে যাওয়া উচিত। একটি শাব্বাথ তার প্রয়োজন ছিল যা তাকে ঈশ্বর সম্বন্ধে স্মরণ করিয়ে দেবে এবং যা কিছু সে উপভোগ করেছে তা ঈশ্বরের হাত থেকে এসেছে এই চিন্তা করে তার মধ্যে কৃতজ্ঞতা জাগিয়ে তুলবে । PPBeng 20.6

ঈশ্বর এই পরিকল্পনা করলেন যে শাব্বাথ মানুষের মনকে তাঁর সৃষ্ট কাজের দিকে ধাবিত করবে। যে সৌন্দর্য্য পৃথিবীকে মন্ডিত করে থাকে তা হল ঈশ্বরের প্রেমের নিদর্শন। চিরস্থায়ী পর্বত, সুউচ্চ বৃক্ষরাজী, ফুটন্ত কলি ও কমনীয় ফুল, সমস্ত কিছুই আমাদের নিকট ঈশ্বরের বিষয়ে বলে। শাব্বাথ, তাঁর প্রতি নির্দেশ করে যিনি তাদের সকলেরই স্রষ্টা এবং বলে যেন মানুষ প্রকৃতি পুস্তকটি খোলে ও এর মধ্যে নিহিত স্রষ্টার জ্ঞান, ক্ষমতা এবং প্রেমের অনুসন্ধান করে। PPBeng 21.1

আমাদের প্রথম পিতা-মাতা, যদিও নির্দোষ ও নিষ্কলঙ্করূপে সৃষ্ট হয়েছিলেন, তবুও অন্যায় কাজে লিপ্ত হওয়ার সম্ভাবনা বহির্ভূত ছিলেন না। ঈশ্বর তাদের স্বাধীন নৈতিক

প্রতিনিধিরূপে সৃষ্টি করেছিলেন যাদের ঈশ্বরের প্রতি বাধ্য থাকার বা না থাকার স্বাধীনতা ছিল। তাই তাদের চিরকালের জন্য নিরাপত্তা দানের আগে তাদের বিশ্বস্ততার পরীক্ষার প্রয়োজন ছিল। মানুষের অস্তিত্বের আরম্ভেই তার আত্ম-অসংযতিকে রোধ করার জন্য একটি বাধা সৃষ্টি করা হলো, শয়তানের পতনের মূলে ছিল এই মারাত্মক আত্ম-অসংযতি। আমাদের প্রথম পিতামাতার বাধ্যতা, বিশ্বাস, এবং প্রেমের পরীক্ষার জন্য ছিল জ্ঞান-দায়ক বৃক্ষ। তাদের মৃত্যুর ভয় দেখিয়ে এই গাছের ফল খেতে নিষেধ করা হয়েছিল। তারা শয়তানের প্রলোভনে পতিত হওয়ার সম্ভাবনায় উন্মুক্ত ছিলেন; কিন্তু যদি তারা পরীক্ষার উপর জয়লাভ করতেন তাহলে তাদেরকে তার ক্ষমতার নাগালের বাইরে স্থাপন করা হত, এবং ঈশ্বরের চিরস্থায়ী আশীর্বাদ উপভোগ করতেন। PPBeng 21.2

মনোরম এদন বাগান

PPBeng 21

স্বর্গীয় শাসনাধীন প্রজারূপে ঈশ্বর মানুষকে নিয়মের অধীনে স্থাপন করলেন। ঈশ্বর মানুষকে আজ্ঞা লঙঘন করার ক্ষমতা বিহীনরূপে সৃষ্টি করতে পারতেন; তিনি আদমকে নিষিদ্ধ ফল স্পর্শ করা থেকে বিরত রাখতে পারতেন; কিন্তু তা হলে মানুষ শুধুমাত্র একটি যান্ত্রিক বস্তুতে পরিণত হত। বেছে নেবার স্বাধীনতা ছাড়া তার বাধ্যতা তখন জোরপূর্বক আদায় করা হত। ঐ ধরণের একটি কার্য্যক্রম ঈশ্বরের পরিকল্পনার বৈপরিত্যে হত, জ্ঞান-বুদ্ধি সম্পন্ন জীব মানুষের অযোগ্য হত, এবং প্রশাসন স্বেচ্ছাচারীতামূলক বলে শয়তানের যে অভিযোগ তারই প্রমাণ স্বরূপ হত। PPBeng 21.3

ঈশ্বর মানুষকে ন্যায় পরায়ণরূপে সৃষ্টি করেছিলেন, তার মন্দের প্রতি কোন প্রবণতা ছিল না। তিনি তার কাছে যত শক্তিশালী সম্ভব তত উপস্থাপন করলেন যেন স হতে পারে। চিরন্তন সুখের এবং জীবন বৃক্ষের অধিকার লাভ করার শর্ত ছিল বাধ্যতা। PPBeng 22.1

আমাদের প্রথম পিতা মাতার গৃহ একটি আদর্শ গৃহ হবার কথা ছিল, কারণ তাদের সন্তানেরা যখন পৃথিবী পরিপূর্ণ করত তখন সেই আদর্শ হত তাদের উদাহরণ। গর্বিত মানুষ তাদের জাঁকাল এবং অত্যন্ত ব্যয় বহুল প্রাসাদের উল্লাস করে এবং তাদের হাতের তৈরী কাজের গর্ব করে, কিন্তু ঈশ্বর আদমকে একটি উদ্যানে রেখেছিলেন। এটি ছিল এক সর্বকালীন শিক্ষা- প্রকৃত আনন্দ, গর্ব এবং বিলাসিতা চরিতার্থ করার মধ্যে পাওয়া যায় না, কিন্তু ঈশ্বরের সৃষ্ট কাজের মাধ্যমে তাঁর সহিত যোগাযোগ স্থাপনের মাধ্যমে পাওয়া যায়। গর্ব এবং উচ্চাকাঙ্ক্ষা পূরণ করা কখনো সম্ভব হয় না, কিন্তু যারা প্রকৃত জ্ঞানী তারা ঈশ্বর যে সকল জিনিষ প্রত্যেকের নাগালের মধ্যে রেখেছেন তারই মধ্যে আরাম ও আনন্দ খুঁজে পায়। PPBeng 22.2

এদনের অধিবাসীদের উদ্যানের যত্ন নেবার ভার অর্পিত হয়েছিল, "কৃষি কাজ ও যত্নের জন্য"। ঈশ্বর শ্রমকে মানুষের জন্য একটি আশীর্বাদস্বরূপ করলেন, যেন তার মন এতে

নিবদ্ধ থাকে, যেন তার দেহ শক্তিশালী হয়, আর যেন তার কর্মদক্ষতা বৃদ্ধি পায়। আদমের পবিত্র অস্তিত্বের মধ্যে মানসিক ও দৈহিক কর্ম একটি অত্যন্ত আনন্দকর বিষয় ছিল। যদিও ক্লান্তি ও কষ্টপূর্ণ তথাপি যারা পরিশ্রমকে একটি অভিশাপ মনে করেন, তারা একটি ভ্রান্তির মধ্যে রয়েছেন। ধনীরা শ্রমজীবিদের অবহেলার চোখে দেখেন, কিন্তু ইহা ঈশ্বরের মানুষ সৃষ্টির লক্ষ্যের বিপরীত-মুখী। PPBeng 22.3

আদমকে অলস হতে দেয়া যাবে না। আমাদের স্রষ্টা, যিনি মানুষের আনন্দের জন্য কি প্রয়োজন তা জানেন। আদমকে তার করণীয় কাজ দিয়েছিলেন। জীবনের প্রকৃত আনন্দ শুধু মাত্র কার্য্যে রত পুরুষ ও মহিলারাই উপভোগ করেন। স্রষ্টা স্থবিরতা আনয়নকারী আলস্যের জন্য কোন স্থান নিরুপণ করেন নি। PPBeng 22.4

পবিত্র দম্পতি শুধুমাত্র ঈশ্বরের পিতৃসুলভ যত্নে পালিত সন্তানই ছিলেন না, তারা সর্বজ্ঞানী স্রষ্টার নিকট অধ্যয়নরত ছাত্রও ছিলেন। স্বর্গ দূতগণ তাদের নিকটে আসতেন এবং তাদের স্বীয় স্রষ্টার সহিত যোগাযোগ করার অনুমতি দেয়া হত আর তখন তাদের মধ্যে কোন আড়ালকারী পর্দাও থাকত না। জীবন বৃক্ষ দ্বারা দত্ত শক্তিতে তারা প্রাণবন্ত ছিলেন, এবং তাদের বুদ্ধিমত্তা শুধু মাত্র দূতদের চেয়ে অল্প নীচুমানের ছিল। অসীম আকার-দানকারী ও সমস্ত বিন্দুর ধারণ-কর্তা প্রকৃতির সমস্ত রীতি নীতিই তাদের মনের নিকট খুলে, তুলে ধরেছিলেন। মহাশক্তিশালী সামুদ্রিক দানব হতে শুরু করে অতি ক্ষুদ্র বিন্দুব সূর্য্যরশ্মীতে ঘুরে উড়েবেড়ান পোকা পর্য্যন্ত সমস্ত প্রাণীর সহিতই আদম পরিচিত ছিলেন। তিনি এদের প্রত্যেকটির নামাকরণ করেছিলেন, তিনি তাদের প্রত্যেকটির প্রকৃতি ও অভ্যাসের সহিত পরিচিত ছিলেন। বনের প্রত্যেকটি পল্লবে, প্রত্যেকটি উজ্জ্বল তারকাতে, পৃথিবীতে, বাতাসে এবং আকাশে, সমস্ত কিছুতেই ঈশ্বরের নাম লিখিত ছিল। সৃষ্টির শৃঙ্খলা ও ঐক্যতান অনন্ত জ্ঞান ও ক্ষমতার কথা প্রকাশ করত। PPBeng 22.5

যতদিন তারা স্বর্গীয় আজ্ঞার বাধ্য থাকবেন, ততদিন তারা অনবরত নূতন নূতন জ্ঞানের আকরের সন্ধান পাবেন, নূতন নূতন আনন্দের নূতন নূতন জ্ঞানের ফোয়ারা আবিষ্কার করবেন, এবং ঈশ্বরের অপরিমেয় ও অক্ষয় প্রেমের স্বচ্ছতর ধারণা অনবরত লাভ করতে থাকবেন। PPBeng 23.1

অধ্যায় ৩—আমাদের প্রথম পিতামাতার বিপজ্জনক অবস্থা

PPBeng 24

স্বর্গে বিদ্রোহ সৃষ্টির স্বাধীনতা হারানোর পর শয়তান মানব জাতিকে ধ্বংসের পরিকল্পনা করার একটি নূতন ক্ষেত্র পেল। প্রতিহিংসার দ্বারা পরিচালিত হয়ে সে তাদের উপর পাপের দোষ ও শাস্তি চাপানোর প্রচেষ্টা চালাতে বদ্ধ পরিকর হলো। সে তাদের সৃষ্টিকর্তার প্রতি তাদের প্রেমকে অবিশ্বাসে ও তাদের প্রশংসাপূর্ণ গানকে তীব্র নিন্দাতে রূপান্তরিত করবে। তা হলে সে শুধু এই নির্দোষ প্রাণীদেরকেই যে দুর্দশাগ্রস্ত করবে তা নয়, কিন্তু ঈশ্বরের উপরও বদ্‌নাম নিয়ে আসবে এবং ফলে স্বর্গে অনেক দুঃখাবস্থা সৃষ্টি হবে। PPBeng 24.1

স্বর্গের দূত আমাদের প্রথম মাতা-পিতার নিকট শয়তানের পতনের ইতিহাস ও তাদের ধ্বংস করার তার পরিকল্পনা কথা খুলে বললেন এবং যে স্বর্গীয় শাসন ব্যবস্থাকে মন্দের রাজপুত্র ধ্বংস করতে চাচ্ছে তার প্রকৃতিও তাদের নিকট তুলে ধরলেন। ঈশ্বরের আজ্ঞা তাঁর ইচ্ছারই বহিঃপ্রকাশ, তার চরিত্রের অনুলিপি, স্বর্গীয় প্রেম ও জ্ঞানের প্রকাশ। সৃষ্টির সুসমন্বয় স্রষ্টার আজ্ঞার সহিত সঙ্গতিপূর্ণ থাকার উপর নির্ভরশীল। প্রত্যেক কিছু নির্ধারিত নিয়মের আওতাধীন এবং এর অবহেলা করা চলে না। কিন্তু পৃথিবী নিবাসী সমস্ত প্রাণীদের মধ্যে শুধু মানুষই নৈতিক নিয়মের বাধ্য। মানুষকেই ঈশ্বর তাঁর আজ্ঞার ন্যায়পরায়ণতা ও উপকারীতা অনুধাবন করার ক্ষমতা দিয়েছেন, আর শুধু মাত্র মানুষের নিকট হতেই অনঢ় বাধ্যতা চাওয়া হচ্ছে। PPBeng 24.2

দূতগণের মত এদনের অধিবাসীদিগকেও শিক্ষানবিসি অবস্থায় স্থাপন করা হয়। তাঁর বাধ্য থেকে বেঁচে থাকতে পারে অথবা অবাধ্য হয়ে ধ্বংস হতে পারে। যিনি দূতগণের পাপ ক্ষমা করেন নি, তিনি তাদেরকেও ক্ষমা করবেন না; অবাধ্যতা তাদের উপর দুঃখ-কষ্ট ও ধ্বংস আনবে। PPBeng 24.3

শয়তানের ছলনার বিরুদ্ধে সতর্কতা অবলম্বন করার জন্য দূতগণ তাদেরকে সতর্ক করে দিলেন। যদি তারা তার প্রথম ভ্রান্তি সৃষ্টিকে প্রতিহত করতে পারেন তবে তারা নিরাপত্তা লাভ করবেন। কিন্তু যদি তারা একবার মাত্র প্রলোভনে পড়ে যান, তাদের চরিত্র এত কলুষিত হয়ে যাবে যে শয়তানকে প্রতিহত করার জন্য তাদের নিজেদের মধ্যে আর কোন ক্ষমতা বা কোন ইচ্ছা থাকবে না। PPBeng 25.1

জ্ঞান-দায়ক বৃক্ষ তাদের বাধ্যতা এবং ঈশ্বরের প্রতি ভালবাসার পরীক্ষা স্বরূপ করা হয়েছিল। যদি এই বিষয়ে তারা তাঁর ইচ্ছার অমান্য করে, তবে তারা দোষী বিবেচিত হবে। শয়তান অনবরত প্রলোভন দেখিয়ে তাদের অনুসরণ করতে পারত না; সে শুধু মাত্র এই নিষিদ্ধ গাছের নিকটেই তাদের নিকটবর্তী হতে পারত । PPBeng 25.2

তাহার কাজ যেন অদৃশ্য থাকে তার জন্য শয়তান একটি ছদ্মবেশ ধারণ করল। সর্প ছিল গভীর জ্ঞানী এবং সুন্দরতম প্রাণীদের একটি। তার ঝল্মল্ করা অত্যুজ্জ্বল দেহ ছিল। নিষিদ্ধ গাছে বিশ্রামরত ঐ গাছের সুস্বাদু ফল আহারে-লিপ্ত সর্প ছিল মনোযোগ আকর্ষণকারী ও দৃষ্টিতে আনন্দকর একটি বস্তু। এই ভাবে শান্তির উদ্যানেই ধ্বংসকারী ওত পেতে ছিল। PPBeng 25.3

দূতগণ হবাকে স্বামী থেকে বিচ্ছিন্ন না হওয়ার জন্য সতর্ক করে দিয়েছিলেন। একাকী না থেকে তার সাথে থাকলে তার বিপদের সম্ভাবনা কম ছিল। কিন্তু অজ্ঞাত ভাবে তিনি তার নিকট হতে দূরে সরে গেলেন। শীঘ্রই তাকে পাওয়া গেল দূতগণের সতর্কবাণী ভুলে গিয়ে, নিষিদ্ধ গাছের দিকে উৎসুক পূর্ণ ও প্রশংসাপূর্ণ দৃষ্টিতে তাকিয়ে থাকতে। ফলগুলি ছিল মনোরম এবং তার মনে প্রশ্নের উদয় হল কেন ঈশ্বর এগুলি তাদের নিকট থেকে দূরে রাখলেন। PPBeng 25.4

এখনই ছিল প্রলোভনকারীর সুযোগ। "ঈশ্বর কি বাস্তবিক বলিয়াছেন, তোমরা এই উদ্যানের কোন বৃক্ষের ফল খাইও না?" হবা তার চিন্তার প্রতিধ্বনি শুনতে পেয়ে আশ্চর্যান্বিত হলেন। সর্প তার অবর্ণনীয় সৌন্দর্য্যের প্রশংসা করতে শুরু করল, এবং তার শব্দগুলিও বিরক্তিকর ছিল না। ঐ স্থান থেকে দ্রুত পলায়ন না করে তিনি সেখানে দাঁড়িয়ে থাকলেন। তার কোন ধারণা ছিল না যে ঐ অবাক-করা সর্পই পতিত শত্রুর মাধ্যম। PPBeng 25.5

তিনি উত্তর দিলেন, "আমরা এই উদ্যানস্থ বৃক্ষ সকলের ফল খাইতে পারি; কেবল উদ্যানের মধ্যস্থানে যে বৃক্ষ আছে, তাহার ফলের বিষয় ঈশ্বর বলিয়াছেন, তোমরা তাহা ভোজন করিও না, স্পর্শও করিও না, করিলে মরিবে। তখন সর্প নারীকে কহিল, কোন ক্রমে মরিবে না, কেননা ঈশ্বর জানেন, যে দিন তোমরা তাহা খাইবে, সেই দিন তোমাদের চক্ষু খুলিয়া যাইবে, তাহাতে তোমরা ঈশ্বরের সদৃশ হইয়া সদসজ্জ্ঞান প্রাপ্ত হইবে।" PPBeng 25.6

সে বলল গাছের ফল খেয়ে তারা আরো উন্নত জীবন লাভ করবেন। সে নিজে খেয়েছে এবং কথা বলার ক্ষমতা লাভ করেছে। সে মনের মধ্যে ধারণা দিল যে সদাপ্রভু ঈর্ষাপূর্ণ হয়ে ইহা তাদের নিকট থেকে দূরে রেখেছেন, কারণ যদি তারা তাঁর সমতুল্য হয়ে পড়ে। যেহেতু এটি জ্ঞান ও ক্ষমতা দান করে তাই তিনি তাদেরকে এর ফল খেতে অথবা স্পর্শ করতে নিষেধ করেছেন। স্বর্গীয় নিষেধাজ্ঞা শুধুমাত্র তাদেরকে ভয় দেখানোর জন্য কি ভাবে ইহা সম্ভব যে ওরা মরে যাবে? তারা কি জীবন বৃক্ষের ফল খান নি? ঈশ্বর শুধু তাদেরকে একটি উন্নত অবস্থায় পৌছাতে ও আরো অধিক আনন্দ লাভ করতে বাধা দিচ্ছেন। PPBeng 26.1

আদমের সময় হতে বর্তমান সময় পর্যন্ত শয়তানের কাজ ঐ ধরণেরই। সে মানুষকে ঈশ্বরের প্রেম ও তাঁর জ্ঞানকে সন্দেহ করতে প্ররোচিত করে। ঈশ্বর যা তাদের নিকট থেকে দূরে রেখেছেন, তার অনুসন্ধান করতে গিয়ে অনেকে পরিত্রাণের জন্য প্রয়োজনীয় সত্যকে অবহেলা করে থাকেন। শয়তান মানুষকে অবাধ্যতায় প্রলোভিত করে, জ্ঞানের আশ্চর্য্য

ক্ষেত্রে প্রবেশ করছেন বলে তাদের মধ্যে ধারণার সৃষ্টি করে। কিন্তু এটি একটি প্রতারণা। তারা অবমাননা ও মৃত্যুর পথে পা বাড়িয়ে থাকেন। PPBeng 26.2

শয়তানের আবেদনের কৌশল

PPBeng 26

শয়তান পবিত্র দম্পতিকে জানাল যে ঈশ্বরের আজ্ঞা অমান্য করে তারা লাভবান হবেন। যারা ঈশ্বরের সকল আজ্ঞা মেনে চলেন তাদেরকে আজ অনেকেই সঙ্কীর্ণ মনা বলে থাকেন, এবং নিজেরা অতিরিক্ত স্বাধীনতা উপভোগ করেছেন বলে দাবী করেন। এটা এদনের একটি কন্ঠস্বর ছাড়া আর কিই বা হতে পারে? “যে দিন তোমরা তাহা খাইবে”...স্বর্গীয় নীতি লঙ্ঘন করুন... “তোমরা ঈশ্বরের মত হইয়া সদসদ্ জ্ঞান প্রাপ্ত হইবে।” শয়তান এটা জানতে দেয় নি যে সে স্বর্গ হতে বিতাড়িত হয়েছে। সে তার নিজের দুর্ভোগকে গোপন করল যাতে করে যে অন্যান্যদেরকে একই অবস্থায় নিয়ে আসতে পারে। সুতরাং আজও ব্যবস্থা লঙ্ঘনকারী তার প্রকৃত চরিত্র গোপন রাখে; কিন্তু সে শয়তানের দলে থেকে ঈশ্বরের আজ্ঞাকে পদ দলিত করে এবং অন্যদের অনন্ত ধ্বংসের দিকে পরিচালিত করে। PPBeng 26.3

হবা ঈশ্বরের কথা বিশ্বাস করেন নি এবং এটাই তার পতনের কারণ হল । বিচারে মানুষকে এ জন্য দোষী সাব্যস্ত করা হবে না যে তারা সজ্ঞানেই একটি মিথ্যা কথা বিশ্বাস করেছেন, কিন্তু এজন্য দোষী করা হবে যে তারা সত্য বিশ্বাস করেন নি । আমাদের মনোযোগী হওয়া উচিত যেন আমরা সত্য জানতে পারি। যা কিছু ঈশ্বরের বাক্যের বিপক্ষে বলে তা শয়তান থেকেই আসে। PPBeng 27.1

সর্প গাছ হতে ফল পেড়ে অর্ধ-অনিচ্ছুক হবার হাতে দিল। পরে সে তাকে স্মরণ করালো যে ঈশ্বর তাদেরকে বলেছেন যে তারা যেন ফল স্পর্শ ও না করেন কারণ তাহলে তারা মরে যাবেন। যখন দেখলেন কোন ক্ষতিই হল না তখন হবা আরো সাহসী হলেন। যখন তিনি দেখিলেন, “ঐ বৃক্ষ সুখাদ্যদায়ক ও চক্ষুর লোভজনক, আর ঐ বৃক্ষ জ্ঞান-দায়ক বলিয়া বাঞ্ছনীয়, তখন তিনি তাহার ফল পাড়িয়া ভোজন করিলেন।” যখন তিনি যাচ্ছিলেন তখন তিনি কল্পনা করছিলেন যে তিনি আরো উন্নত জীবনে প্রবেশ করেছেন । PPBeng 27.2

নিজে খেয়ে নেয়ার পর এখন তিনি শয়তানের প্রতিনিধি হিসাবে নিজ স্বামীর ধ্বংস সাধনে লিপ্ত হলেন । এক অদ্ভুত অপ্রকৃতিস্থ উত্তেজনায়, হাতে ফল সহকারে, তিনি তার নিকট উপস্থিত হলেন । PPBeng 27.3

আদমকে আশ্চর্য্য ও ভীত মনে হল । হবা কথার উত্তরে তিনি বললেন যে ইহা নিশ্চয়ই সেই শত্রুর কাজ যার সম্বন্ধে আমাদের সতর্ক করা হয়েছিল । স্বর্গীয় শাস্তি অনুসারে হবাকে এখন মরতে হবে। উত্তরে তিনি তাকে অনুরোধ জানালেন, “খাও” এবং সর্পের সেই কথা যে

কোন ভাবেই মরবে না, তা পুনরুক্তি করলেন । হবাও ঈশ্বরের ক্রোধের কোন আভাস অনুভব করছিলেন না, বরং তার সমস্ত শরীর ও মনে এক আনন্দদায়ক, সুখকর অনুভূতি, এক নূতন ধরণের জীবন এনে দিয়েছিল। PPBeng 27.4

আদম বুঝতে পারলেন যে তার সঙ্গিনী ঈশ্বরের আজ্ঞা অমান্য করেছেন। তার মনে একটা ভয়ঙ্কর দ্বন্দ্ব শুরু হলো। তিনি শোকাভিভূত হলেন যে তিনি হবাকে তার নিকট হতে দূরে চলে যেতে দিয়েছিলেন। কিন্তু এখন ঘটনা ত ঘটে গেছে, তাকে এখন তার নিকট হতে বিচ্ছিন্ন হতে হবে যার সান্নিধ্য তার সুখের কারণ ছিল। PPBeng 27.5

এটা কি করে সম্ভব হবে? আদম ঈশ্বর ও পবিত্র-দূতগণের বন্ধুত্ব উপভোগ করেছিলেন। যদি তারা ঈশ্বরের কাছে বিশ্বস্ত থাকে তবে মানব জাতির জন্য কি উন্নত ভবিষ্যতই না উন্মুক্ত রয়েছে তা তিনি অনুধাবন করতে পেরেছিলেন। কিন্তু এই সমস্ত আশীর্বাদই সৃষ্টির নিকট হেরে গেল যে উপহারটি তার চোখে অতি মূল্যবান ছিল। স্রষ্টার প্রতি প্রেম, কৃতজ্ঞতা, এবং বিশ্বস্ততার সবই হবার প্রতি প্রেমের নিকট পরাজিত হল। তিনি তারই একটি অংশ এবং তার সহিত বিচ্ছেদের চিন্তা তিনি সহ্য করতে পারলেন না। হবা যদি মরেন তবে তিনিও হবার সহিত মৃত্যুবরণ করবেন। সর্পের কথা কি সত্যি হতে পারে না? হবার মধ্যে মৃত্যুর কোন চিহ্নই দেখা যাচ্ছিল না, এবং আদম এর পরিণতির মোকাবেলা করতে সিদ্ধান্ত নিলেন। তিনি ফলটি নিলেন এবং এক নিঃশ্বাসে খেয়ে ফেললেন। PPBeng 27.6

তার অবাধ্যতার পর, আদম প্রথমে কল্পনা করলেন যে তিনি একটি উন্নত জীবনে উপনীত হচ্ছেন। কিন্তু শীঘ্রই তার নিজ পাপের চিন্তা তাকে ভীত করে তুলল । যে প্রেম ও শান্তি তাদের মধ্যে ছিল তা তিরভূত হল, আর পাপের অনুভূতি, ভবিষ্যতের ভয়, আত্মার উলঙ্গতা তাদের মনে স্থান পেল । যে জ্যোতি তাদেরকে আচ্ছাদিত করে রেখেছিল তা অদৃশ্য হয়ে গেল, আর এর স্থান পূরণের জন্য তারা একটি আচ্ছাদনী তৈরীর চেষ্টা করলেন। উলঙ্গ অবস্থায় তারা ঈশ্বর ও পবিত্র দূতগণের সম্মুখাসম্মুখি হতে পারেন না । PPBeng 28.1

এখন তারা পাপের প্রকৃত প্রকৃতি অনুভব করতে আরম্ভ করলেন। তার কাছ থেকে দূরে সরে যাওয়ার জন্য এবং সর্প দ্বারা নিজেকে প্রতারিত হওয়ার সুযোগ সৃষ্টির জন্য হবাকে তিরষ্কার করলেন। কিন্তু তারা নিজেদের এই বলে সান্ত্বনা দিলেন যে যিনি তাদের তাঁর প্রেমে এত সকল প্রমাণ দিয়াছেন, তিনি নিশ্চয়ই এই একটি অবাধ্যতা ক্ষমা করবেন; যে ভয়ঙ্কর পরিণতির ভয় তারা পাচ্ছেন; অবশ্যই ঐ ধরণের কোন শাস্তি প্রদান করা হবে না। শয়তান উল্লাসিত হল। সে রমণীকে ঈশ্বরের প্রেমে অবিশ্বাস করতে, তাঁর জ্ঞানকে সন্দেহ করতে, তাঁর ব্যবস্থার অবাধ্য হতে, অনুপ্রাণিত করেছে; এবং তার মাধ্যমে সে আদমকে পদচ্যুত করেছে। PPBeng 28.2

পাপ যে দুঃখজনক পরিবর্তন আনয়ন করল

PPBeng 28

মহান ব্যবস্থা দাতা আদম ও হবাকে তাদের অবাধ্যতার পরিণতি জানিয়ে দিতে প্রস্তুত হলেন। তারা যখন নির্দোষ ও পবিত্র ছিলেন তখন তারা তাদের স্রষ্টার আগমনকে স্বাগত জানাতেন; এখন তারা ভয়ে দ্রুত পালিয়ে গেলেন। কিন্তু তখন ঈশ্বর আদমকে ডেকে বললেন, "তুমি কোথায়? তিনি উত্তর দিলেন, আমি উদ্যানে তোমার রব শুনিয়া ভীত হইলাম, কারণ আমি উলঙ্গ, তাই আমি নিজেকে লুকাইয়াছি। তিনি কহিলেন, "তুমি যে উলঙ্গ ইহা তোমাকে কে বলিল? যে বৃক্ষের ফল ভোজন করিতে তোমাকে নিষেধ করিয়াছিলাম, তুমি কি তাহার ফল ভোজন করিয়াছ?" PPBeng 28.3

আদম তখন তাহার স্ত্রীর উপরে দোষ চাপিয়ে দিলেন এবং এই ভাবে ঈশ্বরকে দোষী করলেন। "তুমি আমার সঙ্গিনী করিয়া যে স্ত্রী দিয়াছ, সে আমাকে ঐ বৃক্ষের ফল দিয়াছিল, তাই খাইয়াছি।" হবার প্রতি ভালবাসার কারণে, তিনি ইচ্ছাকৃত ভাবেই ঈশ্বরের অনুমোদন হারানকে বেছে নিলেন, এবং এক অনন্তকালীন আনন্দময় জীবন হারানকে বেছে নিলেন; এখন তিনি তার সঙ্গীকে, এমন কি ঈশ্বরকে, তার অবাধ্যতার জন্য দায়ী করলেন। PPBeng 29.1

যখন রমণীকে জিজ্ঞাসা করা হল, "তুমি এ কি করিলে।" তিনি উত্তর দিলেন, "সর্প আমাকে ভুলাইয়াছিল, তাই খাইয়াছি।" "তুমি কেন সর্প তৈরি করলে? তুমি কেন তাকে এদনে ঢুকতে দিলে?" তার বাহানার মধ্যে এ প্রশ্নগুলিও প্রচ্ছন্নভাবে উপস্থিত ছিল। শয়তানের প্রভাবে প্রভাবিত হওয়ার পরপরই আমাদের প্রথম মাতা-পিতা আত্ম-সমর্থনে লিপ্ত হন, আর আদম সন্তানেরা তখন হতে আজ পর্য্যন্ত একই ভাবে আত্ম-পক্ষ সমর্থনে লিপ্ত রয়েছেন। PPBeng 29.2

তখন ঈশ্বর সর্পের উপর দন্ডাদেশ জারী করলেনঃ "তুমি এই কর্ম্ম করিয়াছ, এই জন্য গ্রাম্য ও বন্য পশুগণের মধ্যে তুমি সর্বাপেক্ষা অধিক শাপগ্রস্ত; তুমি বুকে হাঁটিবে, এবং যাবজ্জীবন ধূলি ভোজন করিবে।" মাঠের সুন্দরতম প্রাণী হতে ইহা এখন সবচেয়ে অবলুন্ঠিত ও ঘৃণ্য প্রাণীতে পরিণত হবে, মানুষ এবং জীব সকলেই ইহাকে ভয় ও ঘৃণা করবে। পরবর্তি বাক্যগুলো যদিও সর্পকে বলা হল তথাপি তা শয়তানের উপর প্রযোজ্য, যা তার অন্তিম পরাজয় ও ধ্বংসের নির্দেশ করে, "আমি তোমাতে ও নারীতে, তোমার বংশে ও তাহার বংশে পরস্পর শুক্রতা জন্মাইব; সে তোমার মস্তক চূর্ণ করিবে, এবং তুমি তাহার পাদমূল চূর্ণ করিবে।" PPBeng 29.3

যে দুঃখ ও ব্যথা তার অংশ হবে হবাকে সে সম্বন্ধে বলা হল। "স্বামীর প্রতি তোমার বাসনা থাকিবে; ও সে তোমার উপরে কর্তৃত্ব করিবে।" ঈশ্বর তাকে আদমের সমতুল্য করেছিলেন। কিন্তু পাপ বিভেদ আনয়ন করল, আর এখন তাদের একতা রক্ষার জন্য এবং সঙ্গতীপূর্ণ সম্পর্ক রাখার উপায় হল একজনকে অন্য জনের অধীন হতে হবে। অবাধ্যতায়

হবা প্রথম ছিলেন। তার প্ররোচনায় আদম পাপ করেছিলেন, তাই এখন তাকে তার স্বামীর অধীন করা হল । এইভাবে দত্ত কর্তৃত্বের অপব্যবহার প্রায়ই এখনকার মেয়েদের ভাগ্যকে তিক্ত এবং তার জীবনকে দুঃসহনীয় করে তোলে । PPBeng 29.4

নিজ স্বামীর পার্শ্বে হবা সুখী ছিলেন। কিন্তু ঈশ্বর দ্বারা নির্ধারিত অবস্থানের চেয়ে আর উন্নত অবস্থানে পৌঁছার প্রত্যাশায় প্রলোভিত হলেন । তার মূল অবস্থানের উপরে উঠার চেষ্টা করার ফলে, তিনি তার অনেক নীচে পড়ে গেলেন। যে সমস্ত পদের জন্য ঈশ্বর তাদের নিরূপণ করেন নি, সেই সমস্ত পদে পৌছার জন্য চেষ্টা করে, অনেকেই সেই সমস্ত স্থান অপূর্ণ রাখেন, যেখানে তারা একটি আশীর্ব্বাদস্বরূপ হতে পারতেন । PPBeng 29.5

আদমকে ঈশ্বর বললেন, "যে বৃক্ষের ফলের বিষয়ে আমি তোমাকে বলিয়াছিলাম, তুমি তাহা ভোজন করিও না, তুমি তোমার স্ত্রীর কথা শুনিয়া তাহার ফল ভোজন করিয়াছ, এই জন্য তোমার নিমিত্ত ভূমি অভিশপ্ত হইল; তুমি যাবজ্জীবন ক্লেশে উহা ভোগ করিবে; আর উহাতে তোমার জন্য কন্টক ও শেয়াল-কাঁটা জন্মিবে, এবং তুমি ক্ষেত্রের ওষধি ভোজন করিবে। তুমি ঘর্মাক্ত মুখে আহার করিবে, যে পর্য্যন্ত তুমি মৃত্তিকায় প্রতিগমন না করিবে; তুমি ত তাহা হইতেই গৃহীত হইয়াছ; কেননা তুমি ধূলি, এবং ধূলিতে প্রতিগমন করিবে।" PPBeng 30.1

ঈশ্বর তাহাদের বিনা মূল্যে সমস্ত ভাল জিনিষ দিয়াছিলেন এবং মন্দ জিনিষ সরিয়ে রেখেছিলেন। কিন্তু তারা নিষিদ্ধ গাছের ফল খেয়েছেন আর এখন মন্দের জ্ঞানও লাভ করবেন তাদের সারা জীবন ভরে । আনন্দ পূর্ণ শ্রমের পরিবর্ত্তে, দুশ্চিন্তা এবং পরিশ্রম তাদের ভাগ্যে থাকবে। তারা নৈরাশ্য, দুঃখ, এবং কষ্ট, আর পরিশেষে মৃত্যু, ভোগ করবেন। PPBeng 30.2

ঈশ্বর মানুষকে পৃথিবী ও সমস্ত জীবন্ত প্রাণীর উপর শাসনকর্তা নিযুক্ত করেছিলেন। কিন্তু যখন তিনি স্বর্গীয় ব্যবস্থার বিরুদ্ধে বিদ্রোহ করলেন, তখন নিম্ন শ্রেণীর প্রাণীরাও তার প্রশাসনের বিরুদ্ধে বিদ্রোহ করল । এই ভাবে ঈশ্বর মানুষকে তার অনুগ্রহের মানুষের নিকট তাঁর ব্যবস্থার পবিত্রতা প্রদর্শন করলেন এবং এর বিন্দুমাত্রকেও অবহেলাতে যে বিপদ নিহীত তাও দেখতে সাহায্য করলেন । PPBeng 30.3

মানুষের পুনরুদ্ধারের একটি পরিকল্পনা

PPBeng 30

পরিশ্রম ও দুশ্চিন্তাপূর্ণ জীবন যা মানুষের ভাগ্যে নির্দিষ্ট করা হল তা প্রেমের মাধ্যমেই করা হল, পাপের জন্যই এই শৃঙ্খলা বিধান প্রয়োজনীয় হল যেন তার লাগামহীন ক্ষুধা ও আবেগকে নিয়ন্ত্রণ করা সম্ভব হয়, যে সে আত্মা নিয়ন্ত্রণের অভ্যাস গড়ে তুলে। মানুষের পুনরুদ্ধারের জন্য এটা ছিল ঈশ্বরের এক মহান পরিকল্পনা । PPBeng 30.4

আমাদের প্রথম মাতা-পিতাকে যে সতর্কবাণী দেয়া হয়ঃ "যে দিন তাহার ফল খাইবে, সেই দিন মরিবেই মরিবে" তাহার অর্থ এই ছিল না যে যেদিন তারা নিষিদ্ধ ফল গ্রহণ করবেন সেই দিনই তারা মারা পড়বেন। কিন্তু এর অর্থ ছিল ঐ দিনই মৃত্যু তাদের নিয়তিতে পরিণত হল। PPBeng 30.5

চিরস্থায়ী জীবন যাপনের জন্য, মানুষকে জীবন বৃক্ষের ফল খেতে থাকতে হবে। এটা হতে বঞ্চিত হলে, তার জীবন শক্তি ধীরে ধীরে ক্ষয় পেতে থাকবে যতক্ষণ না সে বিলীন হয়ে যায়। শয়তানের পরিকল্পনা ছিল যে আদম আর হবা জীবন বৃক্ষের ফল খাবেন আর পাপ ও দুঃখ ভোগের অস্তিত্বকে চিরস্থায়ী করে নেবেন। কিন্তু জীবন বৃক্ষকে রক্ষার দায়িত্ব পবিত্র দূতগণকে দেয়া হল। এই দূতদের চতুর্দ্দিকে একটি উজ্জ্বল তরবারীর আবির্ভাব হল। আদমের পরিবারের কাউকে ঐ বাধা অতিক্রম করতে অনুমতি দেয়া হত না; ফলে কোন চিরঞ্জীব পাপী নাই। PPBeng 31.1

ঈশ্বর কি খুবই কঠোর ?

PPBeng 31

আমাদের প্রথম মাতা-পিতার অবাধ্যতার ফলশ্রুতিতে যে দুঃখ ভোগের ঢেউ বইতে থাকল তা যেন একটি পাপের জন্য অতিরিক্ত কঠোর বলে মানুষ মনে করে থাকে । কিন্তু যদি প্রশ্নের একটু বেশী গভীরে প্রবেশ করা হয়, তাহলে তারা তাদের ভুল দেখতে পাবে। ঈশ্বর তার অসীম অনুগ্রহের জন্যই আদমকে কোন কঠোর পরীক্ষার সম্মুখীন করেন নি। নিষেধের লঘুভারই পাপ আরো অতিরিক্ত ভারী করে তুলেছে। যদি আদমকে খুবই কঠিন পরীক্ষা দেয়া হত তবে যাদের হৃদয় মন্দের দিকে আসক্ত তারা এই বলে নিজেকে প্রায়ই ক্ষমা করত যে, "এটা একটি নগণ্য বিষয় এবং ঈশ্বর এত নগণ্য ব্যাপারে জড়িয়ে পড়েন না।" PPBeng 31.2

যারা বলেন যে, ঈশ্বরের ব্যবস্থা মানুষের উপর অবশ্য করণীয় নয়, তারা নিবেদন করেন যে সমস্ত ব্যবস্থা মান্য করা খুবই দুরূহ কাজ। যদি তাই সত্যি হয় তবে আদম কেন অবাধ্যতার শাস্তি পেলেন? আমাদের প্রথম মাতা পিতার অবাধ্যতা পৃথিবীতে পাপ এবং দুঃখ আনয়ন করেছে, আর যদি ঈশ্বরের করুণা ও অনুগ্রহ অপরিসীম না হত তবে সমস্ত মানব জাতি এক গভীর নৈরাশ্যে নিমজ্জিত হত। কেউ নিজেকে প্রতারণা না করুক। "কেননা পাপের বেতন মৃত্যু" । রোমীয় ৬:২৩। PPBeng 31.3

পাপের পর আদম ও হবা সনির্বন্ধ অনুরোধ জানালেন যে, তারা যেন তাদের নির্দোষ ও আনন্দময় বাসস্থানে থাকতে পারেন। তারা ভবিষ্যতে আরো কঠোর ভাবে ঈশ্বরের প্রতি বাধ্যতা প্রদর্শনের প্রতিজ্ঞা করলেন। কিন্তু তাদের বলা হলো যে, তাদের প্রকৃতি পাপ দ্বারা কুলষিত হয়ে পড়েছে। তাদের মন্দকে প্রতিরোধ করার ক্ষমতা হ্রাস পেয়েছে। এখন এই

অপরাধ বোধের থেকে তাদের চরিত্রের সততা রক্ষা করার ক্ষমতা তাদের কম থাকবে। PPBeng 31.4

দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে তারা তাদের মনোরম বাসস্থানকে বিদায় জানালেন, এবং পাপের অভিশাপে অভিশপ্ত পৃথিবীতে বাস করতে গেলেন। এখন আবহাওয়া লক্ষণীয় পরিবর্তনের অধীন হয়ে পড়ল। সদাপ্রভু তার অপার অনুগ্রহে শীত থেকে রক্ষা পাওয়ার জন্য তাদের চামড়ার বস্ত্র প্রস্তুত করে দিলেন। PPBeng 32.1

অবক্ষয়ের চিহ্নস্বরূপ ম্রীয়মান ফুল ও গাছের পতিত পাতা দেখে আদম ও তার সাথী এত রোদন করেছিলেন যে বর্তমান কালের কোন লোক তাদের মৃতদের জন্য এত রোদন করেন না। যখন সুন্দর সুন্দর গাছ তাদের পাতা ঝরাতে থাকল, তখন ঐ দৃশ্য মনের মধ্যে সেই কঠোর বাস্তবের স্মরণ ঘটালো যে, এখন হতে যা কিছু জীবন্ত, প্রত্যেকেই মৃত্যুর অধীন। PPBeng 32.2

মানুষের আরামদায়ক পথ থেকে বহিষ্কারের অনেক দিন পর পর্য্যন্ত এদন উদ্যান পৃথিবী পৃষ্ঠে ছিল। কিন্তু যখন মানুষের দুষ্টতা বন্যার জল দ্বারা তাদের ধ্বংস হওয়া নির্ধারণ করল, তখন যে হাত এদন বাগান সৃষ্টি করেছিল, তা এটাকে ভূপৃষ্ঠ থেকে উঠিয়ে নিল। যখন পরিশেষে আবার সমস্ত কি পুনঃস্থাপিত হবে, যখন আবার "এক নূতন আকাশ ও নূতন পৃথিবী" হবে, তখন এটাকে প্রথম বারের চেয়ে আরো অধিক সাজে সজ্জিত করে পুনঃস্থাপন করা হবে। প্রকাশিত বাক্য ২১:১। PPBeng 32.3

অধ্যায় ৪—পরিত্রাণ পরিকল্পনা উন্মোচিত

PPBeng 33

মানুষের পতন স্বর্গে দুঃখের ছায়া বয়ে আনল। যারা আজ্ঞা অমান্য করেছে তাদের জন্য কোন উদ্ধারের উপায় নেই বলে মনে হল । দূতগণ তাদের প্রশংসা গান থামিয়ে দিলেন । PPBeng 33.1

যখন হারানো পৃথিবীর যন্ত্রণা তাঁর কাছে পৌছাল তখন ঈশ্বরের পুত্র পতিত মানবের জন্য করুণা বিগলিত হলেন। স্বর্গীয় প্রেমে মানুষের পাপের জন্য একটি পরিকল্পনা প্রণয়ন করেছিলেন । ঈশ্বরের লঙ্ঘীত আজ্ঞা লঙ্ঘনকারীর (পাপীর) মৃত্যু দাবী করে। শুধু মাত্র ঈশ্বরের সমতুল্য যিনি তিনিই এই অবাধ্যতার প্রায়শ্চিত্ত করতে পারেন। খ্রীষ্ট ছাড়া আর কেউই পতিত মানবকে আজ্ঞা লঙ্ঘীত পাপ থেকে মুক্তি দিয়ে স্বর্গের ঐক্যতানের সহিত একীভূত করতে পারেন না। ধ্বংস প্রাপ্ত জাতিকে রক্ষা করার জন্য খ্রীষ্ট নিজেই পাপের শাস্তি ও লজ্জা বহন করবেন। PPBeng 33.2

পরিত্রাণের পরিকল্পনা পৃথিবী সৃষ্টির আগেই হয়েছিল, কেননা খ্রীষ্ট হলেন "জগৎ পত্তনের সময়াবধি হত মেষশাবক" (প্রকাশিত বাক্য ১৩৪৮); তথাপি দোষী মানুষের জন্য তার পুত্রকে দান করতে এই নিখিল বিশ্বের রাজার অনেক আত্ম-দ্বন্দ্ব করতে হয়। কিন্তু "ঈশ্বর জগৎকে এমন প্রেম করিলেন যে, আপনার একজাত পুত্রকে দান করিলেন, যেন, যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে বিনষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়।" যোহন ৩:১৬। ওহ! পরিত্রাণের কি রহস্য! সেই পৃথিবীর জন্য ঈশ্বরের কি প্রেম যে পৃথিবী তাকে প্রেম করে নাই! PPBeng 33.3

ঈশ্বর খ্রীষ্টের মাধ্যমে "নিজের সহিত জগতের সম্মিলন করিয়াছেন।" ২ করিন্থীয় ৫:১৯। মানুষ পাপের দ্বারা এত কলুষিত হয়েছিল যে সে নিজে তাঁর সহিত সম্মিলিত হতে পারত না, যাঁর প্রকৃতি হলো পবিত্র ও অত্যন্ত উত্তম । কিন্তু মানুষের প্রচেষ্টার সহিত খ্রীষ্ট স্বর্গীয় ক্ষমতা একত্র করতে সক্ষম। তাই ঈশ্বরের নিকট অনুতপ্ত হয়ে এবং খ্রীষ্টে বিশ্বাস এনে, আদমের পতিত সন্তানেরা আর একবার "ঈশ্বরের সন্তানে" পরিণত হতে পারে। ১ যোহন ৩:২ । PPBeng 33.4

যখন খ্রীষ্ট তাদের নিকট পরিত্রাণের পরিকল্পনা উন্মোচীত করলেন তখন দূতগণ আনন্দিত হতে পারলেন না। কিভাবে তাঁকে দুঃখ, অপমান, এবং মৃত্যু সহ্য করে অবক্ষয়ের সান্নিধ্যে আসতে হবে। এসব যখন তিনি তাদের বললেন, তখন তারা দুঃখে ও বিস্ময়ে বিমোহীত হয়ে সে সব শুনলেন । যেন যারা প্রলোভনে পড়ে তাদের তিনি সাহায্য দিতে পারেন সে জন্য তিনি নিজেকে একজন মানুষ রূপে নত করবেন এবং যে সমস্ত দুঃখ ও প্রলোভন মানুষকে ভোগ করতে হয় সে সমস্ত দুঃখ ও প্রলোভনের সহিত পরিচিত হবেন।

ইব্রীয় ২:১৮। যখন শিক্ষক হিসেবে তার কাজ পরিসমাপ্ত হবে তখন যে সমস্ত অপমান ও অত্যাচার শয়তান প্ররোচিত করতে পারে সবকটিই তাঁকে সহ্য করতে হবে। একজন অপরাধী পাপীরূপে তিনি নিষ্ঠুরতম মৃত্যু বরণ করবেন। যখন সমস্ত পৃথিবীর পাপের বোঝা তাঁর উপর ন্যস্ত করা হয় তখন তাকে আত্মার যাতনা, ও স্বীয় পিতার মুখ আড়াল করা সহ্য করতে হবে। PPBeng 33.5

দূতগণ মানুষের জন্য বলি হতে রাজী হলেন। কিন্তু যিনি তাদেও সৃষ্টি করেছেন শুধু তিনিই তাদের রক্ষা করার ক্ষমতা রাখেন। খ্রীষ্টকে মৃত্যু ভোগ করার কারণে দূতগণ হইতে অল্প খাট হতে হবে। ইব্রীয় ২:৯। যখন তিনি মানুষের প্রকৃতি গ্রহণ করবেন তখন তাঁর শক্তি তাদের সমান থাকবে না, তখন তার কষ্ট ভোগের সময় তারা তাঁকে শক্তিশালী করবেন। আর মন্দের ক্ষমতা হতে অনুগ্রহের বিষয় সমূহকেও তারা রক্ষা করবেন। PPBeng 34.1

যখন দূতগণ তাদের প্রভুর অপমান ও কষ্ট অবলোকন করবেন তখন তারা তাঁকে তাঁর হত্যাকারীদের হাত থেকে রক্ষা করতে চাইবে, কিন্তু তারা যেন কোন বাধার সৃষ্টি না করে। পরিকল্পনার একটি অংশ হল খ্রীষ্ট দুষ্ট লোকদের নিকট হতে ঠাট্টা বিদ্রূপ ও দুর্ব্যবহার সহ্য করবেন। PPBeng 34.2

খ্রীষ্ট দূতগণকে নিশ্চয়তা দিলেন যে, তাঁর মৃত্যু দ্বারা তিনি অনেককে রক্ষা করবেন। যে রাজত্ব মানুষ অবাধ্যতার মাধ্যমে হারিয়েছে, সে রাজত্ব তিনি আবার উদ্ধার করবেন। আর রক্ষাপ্রাপ্তরা তাঁর সহিত একত্রে ঐ রাজত্বের অধিকারী হবে। পাপ এবং পাপীদের মুছে ফেলা হবে, যেন স্বর্গ অথবা পৃথিবীর শান্তি বিনষ্ট না হয়। PPBeng 34.3

তখন অবর্ণনীয় আনন্দে স্বর্গ পরিপূর্ণ হলো। আর বেথলেহেমের পাহাড়ে যে প্রশংসা গীতের ধ্বনি প্রকম্পিত হবার কথা ছিল, সেই একই প্রশংসা গীতের ধ্বনি স্বর্গীয় আদালতে ধ্বনিত হলো, "ঊর্ধ্বলোকে ঈশ্বরের মহিমা, পৃথিবীতে (তাহার) প্রীতিপাত্র মনুষ্যদের মধ্যে শান্তি" লূক ২:১৪। "তৎকালে প্রভাতীয় নক্ষত্রগণ একসঙ্গে আনন্দরব করিল, ঈশ্বরের পুত্রগণ সকলে জয়ধ্বনি করিল।" ইয়োব ৩৮:৭। PPBeng 34.4

ঈশ্বর এক পরিত্রাণদাতার প্রতিজ্ঞা করেন

PPBeng 35

উদ্যানে শয়তানের উপর দন্ডাজ্ঞা উচ্চারণের সময় ঈশ্বর ঘোষণা করেছিলেন যে, "আমি তোমাতে ও নারীতে, এবং তোমার বংশে ও তাঁহার বংশে পরস্পর শত্রুতা জন্মাইব; সে তোমার মস্তক চূর্ণ করিবে; এবং তুমি তাহার পাদমূল চূর্ণ করিবে।" আদিপুস্তক ৩:১৫। এটা একটি প্রতিজ্ঞা যে মহা শত্রুর ক্ষমতা পরিশেষে চূর্ণ করা হবে। আদম ও হবা ন্যায়বান বিচারকের সামনে দুষ্কৃতকারীরূপে দন্ডায়মান ছিলেন; কিন্তু যে পরিশ্রম ও দুঃখ তাদের জন্য নির্ধারিত রয়েছে অথবা তাদের যে ধূলিতে ফিরে যেতে হবে, তা শোনার আগেই তারা সেই

সমস্ত কথা শুনেছিলেন তা তাদের হৃদয়ে আশা সঞ্চার না করে পারে নি । তারা শেষ বিজয় লাভের দৃশ্য দেখতে পেরেছিলেন । PPBeng 35.1

শয়তান জানত যে মানুষের প্রকৃতিকে কলুষিত করায় তার যে কাজ তা বাধা প্রাপ্ত হবে, কোন না কোন উপায়ে মানুষকে তার ক্ষমতা প্রতিহত করতে সক্ষম করে তোলা হবে। তথাপি শয়তান তার সাথীদেরসহ খুব উল্লাসিত হয়েছিল যে সে ঈশ্বরের পুত্রকে তার উচ্চ অবস্থান হতে নামিয়ে আনতে পেরেছে । যখন খ্রীষ্ট মানুষের প্রকৃতি ধারণ করবেন, তখন তাঁকেও হয়ত পরাস্ত করা যাবে । PPBeng 35.2

স্বর্গীয় দূতগণ আমাদের প্রথম মাতা পিতার নিকট তাদের পরিত্রাণের পরিকল্পনা সম্পূর্ণ ব্যাখ্যা করেছিলেন। আদম ও তার সঙ্গিনীকে শয়তানের হাতে ছেড়ে দেয়া হবে না। অনুতাপের মাধ্যমে ও খ্রীষ্টের উপর বিশ্বাসের মাধ্যমে, তারা আবারও সদাপ্রভুর সন্তানে পরিণত হতে পারবেন । PPBeng 35.3

আদম ও হবা পাপের দোষ ও তার ফল এমন ভাবে অনুভব করলেন যা আগে কখনও করেন নি। তারা আবেদন জানালেন যে তাদের অবাধ্যতার ফল যেন তাঁর উপর না পড়ে যার প্রেম তাদের সকল প্রকার আনন্দের উৎস ছিল; বরং এটা তাদের ও তাদের বংশধরদের উপরই পড়ুক । PPBeng 35.4

তাদের বলা হয়েছিল যে যেহেতু সদাপ্রভুর ব্যবস্থা তাঁর রাজত্বের ভিত্তি, তাই কোন দূতের প্রাণও অবাধ্যতার বলি রূপে গ্রহণ করা যাবে না। কিন্তু শুধু ঈশ্বরের পুত্র যিনি তাদের সৃষ্টি করেছেন, তাদের জন্য বলি দিতে পারেন । যেরূপ আদমের অবাধ্যতা দুর্ভাগ্য ও মৃত্যু আনয়ন করেছে, সেরূপ খ্রীষ্টের বলিদান আনয়ন করবে জীবন ও মৃত্যুহীনতা । PPBeng 35.5

তার সৃষ্টির মুহূর্তে আদমকে পৃথিবীর উপর কর্তৃত্ব দেয়া হয়েছিল । কিন্তু প্রলোভনে পতিত হওয়ার ফলে তিনি শয়তানের নিকট বন্দিত্ব বরণ করলেন। তার উপর বিজয় লাভকারীর ঐ কর্তৃত্ব স্থানান্তরিত হল। এই ভাবে শয়তান “এই যুগের দেবতাতে” পরিণত হল। ২ করিন্থীয় ৪:৪। কিন্তু খ্রীষ্ট তার বলির দ্বারা শুধু মানুষকেই পরিত্রাণ দেবেন তা নয়, সাথে সাথে যে কর্তৃত্ব মানুষ হারিয়েছিল তাও পুনরুদ্ধার করবেন। যা কিছু প্রথম আদম হারিয়েছিলেন, দ্বিতীয় আদম সেই সবই পুনঃস্থাপিত করবেন। মীখা ৪:৮ দেখুন। PPBeng 36.1

ঈশ্বর পৃথিবীকে সৃষ্টি করেছিলেন যেন তা পবিত্র ও সুখী প্রাণীর আবাস স্থল হবে। এই লক্ষ্য তখন পরিপূর্ণতা পাবে যখন ঈশ্বরের ক্ষমতায় নতুনত্ব পেয়ে, পাপ ও দুঃখ থেকে মুক্ত হয়ে, ইহা পরিত্রাণপ্রাপ্তদের অনন্তকালীন বাসস্থানে পরিণত হবে। PPBeng 36.2

পাপের ভয়ঙ্কর ফল সমূহ

PPBeng 36

পাপ ঈশ্বর ও মানুষের মধ্যে বিচ্ছেদ সৃষ্টি করল, আর শুধু খ্রীষ্টের বলিদান এই অতল গহ্বরের সেতু হতে পারে। ঈশ্বর মানুষের সাথে মশীহের এবং দূতগণের মাধ্যমে যোগাযোগ স্থাপন করবেন। PPBeng 36.3

আদমকে দেখানো হয়েছিল যে যদিও খ্রীষ্টের বলিদান সমস্ত পৃথিবীকে রক্ষা করার জন্য যথেষ্ট, অনেকেই অনুতপ্ত ও বাধ্যতা পূর্ণ জীবন যাপন না করে বরং পাপময় জীবনই বেছে নেবেন। বংশ পরম্পরায় অপরাধ বৃদ্ধি পাবে। পাপের বা অভিশাপের বোঝা মানব জাতি ও পৃথিবীর উপর ভারী হতে ভারীতর হতে থাকবে। তার নিজের পাপ জীবন যাপনের জন্য তার জীবন কাল হ্রাস পাবে; সে দৈহিক, নৈতিক, ও বুদ্ধিমত্তায় অনবরত হ্রাস পেতে থাকবে এবং পরিশেষে পৃথিবী দুরাবস্থাতে পরিপূর্ণ হবে। ক্ষুধা ও আবেগে আতিশয্যায় মানুষ পরিত্রাণ পরিকল্পনার মহান সত্যসমূহ অনুধাবন করতে সক্ষম হবে। তথাপি যারাই বিশ্বাসের মাধ্যমে খ্রীষ্টের কাছে আসবে তাদের প্রত্যেকের চাহিদাই খ্রীষ্ট পূরণ করবেন। কিছু লোক থাকবে যারা ঈশ্বর সম্পর্কিত বুদ্ধি বা জ্ঞান রাখবে এবং পবিত্র থাকবে। PPBeng 36.4

বলিদান এই জন্য নির্দিষ্ট করা হয়েছিল যেন ইহা পাপ স্বীকার করার দান স্বরূপ হয় ও প্রতিজ্ঞাত পরিত্রাণকারীর উপর বিশ্বাস স্থাপনের প্রতীক হয়। প্রথম বলিদান আদমের নিকট অনেক বেদনাদায়ক ছিল। একটি জীবন হরণ করার জন্য তার হাত উঠাতে হবে যে জীবন শুধু সদাপ্রভুই দান করতে পারেন। একটি মৃত্যু অবলোকন করা ছিল তার কাছে প্রথম। তিনি জানেন যে যদি তিনি বাধ্য থাকতেন তাহলে মৃত্যু আসত না। তার পাপের জন্য ঈশ্বর নিষ্পাপ মেষশাবককে নিজ রক্ত বহাতে হবে। এই চিন্তা তাকে অত্যন্ত বিচলিত করেছিল। ঈশ্বরের প্রিয় পুত্রের মৃত্যু ছাড়া তার পাপের গভীরতা সঠিকভাবে অনুধাবন করতে সাহায্য করল। গাঢ় অন্ধকারপূর্ণ ভবিষ্যতে একটি প্রত্যাশার নক্ষত্র জ্বলে উঠল। PPBeng 37.1

পরিত্রাণের আরো প্রসারিত লক্ষ্য

PPBeng 37

মানুষের পরিত্রাণ ছাড়াও পরিত্রাণ পরিকল্পনার আরো গভীর ও প্রসারিত লক্ষ্য ছিল। এটা শুধুমাত্র এই ছিল না যে এই ক্ষুদ্র পৃথিবীর অধিবাসীগণ ঈশ্বরের ব্যবস্থাকে যে ভাবে মান্য করা উচিত সে ভাবে মান্য করবে, কিন্তু ইহা ছিল সমগ্র বিশ্বের নিকট ঈশ্বরের চরিত্রের যথার্থতা প্রমাণ করার পদ্ধতি। পরিত্রাণদাতা এই দিকেই দৃষ্টি নিবদ্ধ করেছিলেন যখন তার ক্রুশে বিদ্ধ হওয়ার ঠিক পূর্বে তিনি বলেছিলেন, "এখন এ জগতের বিচার উপস্থিত, এখন এ জগতের অধিপতি বাহিরে নিক্ষিপ্ত হইবে। আর আমি ভূতল হইতে উচ্চীকৃত হইলে সকলকে আমার নিকট আকর্ষণ করিব।" যোহন ১২:৩১, ৩২। মানুষের পরিত্রাণের জন্য খ্রীষ্টের মৃত্যু ঈশ্বর ও তার পুত্রের শয়তানের প্রতি ব্যবহারের যথার্থতা প্রমাণ করবে, ঈশ্বর

ব্যবস্থা স্থাপন করবেন, এবং পাপের প্রকৃতি ও তার ফল সমূহকে প্রকাশ করবে। PPBeng 37.2

প্রথম থেকেই ঈশ্বরের নিয়মই ছিল মহা বিতর্কের কারণ। শয়তান প্রমাণ করতে চেষ্টা করেছিল যে ঈশ্বর অন্যায়কারী, তাঁর ব্যবস্থা ভ্রান্তিপূর্ণ, বিশ্বের মঙ্গলের জন্য এর পরিবর্তন প্রয়োজন। ব্যবস্থাকে আক্রমণের মাধ্যমে সে এর প্রণেতাকে পরাস্ত করার লক্ষ্য স্থির করেছিল। PPBeng 37.3

যখন শয়তান আদম ও হবাকে পরাস্ত করেছিল, সে মনে করল যে সে সমস্ত পৃথিবীর অধিকার লাভ করেছে, "কেননা," সে বলেছিল, "তারা আমাকে তাদের অধিপতি মনোনীত করেছে।" সে দাবী করেছিল যে ক্ষমা প্রদান করা মোটেও সম্ভব নয়; পতিত জাতি যথার্থই তার প্রজা, এবং পৃথিবী তারই। কিন্তু পাপের শাস্তি ভোগের জন্য ঈশ্বর তার পুত্রকে দান করলেন। এই ভাবেই তারা তাঁর অনুগ্রহ পুনঃ লাভ করবে এবং তাদের আবাস স্থল এদনে ফিরে আসবেন। যে মহা বিতর্ক স্বর্গে আরম্ভ হয়েছিল তার সিদ্ধান্ত এই পৃথিবীতে, একই ক্ষেত্রে, যা শয়তান তার বলে দাবী করে, গৃহিত হতে হবে। PPBeng 38.1

এটা সমগ্র বিশ্বের কাছে একটি বিস্ময়কর ব্যাপার ছিল যে খ্রীষ্ট পতিত মানবের জন্য অত্যন্ত নীচে নেমে যাবেন। যখন খ্রীষ্ট মানুষরূপে পৃথিবীতে আসলেন, তখন গোশালা হতে কালভেরী পর্য্যন্ত রক্তাক্ত পথে ভ্রমণ রত খ্রীষ্টকে সকলেই গভীর ঔৎসুক্যের সহিত অনুসরণ করেছিল। যে সমস্ত অপমান ও ঠাট্টা বিদ্রূপ তাঁকে করা হচ্ছিল স্বর্গে তা সকলই লিখিত হল, এবং এটা জানা ছিল যে এ সকলই শয়তানের প্ররোচনায় করা হচ্ছিল। আলো ও অন্ধকারের মধ্যে যুদ্ধ যখন তীব্রতর হলো, তখন সকলেই মনোযোগ সহকারে তা অবলোকন করল। আর ক্রুশে যীশু যখন চীৎকার করে বললেন, "সমাপ্ত হইল" তখন সব কয়টি পৃথিবী ও স্বর্গেও উল্লাসিত বিজয় রব ধ্বনিত হলো। মহা দ্বন্দ্বের সিদ্ধান্ত এমন হয়ে গেল যে খ্রীষ্টই বিজয়ী হলেন। তাঁর মৃত্যু এই প্রশ্নের উত্তর দিল যে ঈশ্বর ও তার পুত্রের মানুষের প্রতি প্রেম কি এত গভীর যে আত্ম-অস্বীকার ও আত্ম- ত্যাগ প্রদর্শন করা হবে? শয়তান মিথ্যাবাদী ও হত্যাকারীরূপে নিজেকে প্রকাশ করল। সমগ্র বিশ্বস্ত বিশ্ব এক স্বরে স্বর্গীয় শাসন ব্যবস্থার প্রশংসা করল। PPBeng 38.2

আর যেমন অনেকে দাবী করে থাকেন, যদি ব্যবস্থা ক্রুশে লোপ করা হত তবে যে নিদারুণ যন্ত্রণা ও মৃত্যু ঈশ্বরের প্রিয় পুত্রকে সহ্য করতে হলো তাতে শয়তান যা চেয়েছিল তাই তাকে দেয়া হল; তা হলেও অন্ধকারের অধিপতি বিজয় লাভ করল, এবং স্বর্গীয় রাজত্বের বিরুদ্ধে তার অভিযোগ সমূহ যথার্থ প্রমাণিত হল। মানুষের অবাধ্যতার শাস্তি যে খ্রীষ্টকে বহন করতে হল, তাই এ বিষয়ের পক্ষে একটি জোরালো সাক্ষ্য যে ব্যবস্থা অপরিবর্তনীয়; ঈশ্বর ধার্মিক, দয়ালু, আত্মত্যাগী, আর তার প্রশাসনে অসীম ন্যায়পরায়ণতা ও অসীম দয়া একীভূত হয়েছে। PPBeng 38.3

অধ্যায় ৫—প্রথম হত্যাকারী ও তার শিকার

PPBeng 39

আদমের দুই ছেলে কয়িন ও হেবল, চরিত্রগত ভাবে অত্যন্ত ভিন্ন ভিন্ন প্রকৃতির ছিল। পতিত জাতির সহিত তাঁর ব্যবহারের মধ্যে হেবল স্রষ্টার ন্যায়পরায়ণতা অনুগ্রহ দেখতে পেত এবং ধীরে ধীরে পরিত্রাণের প্রত্যাশাকে সে গ্রহণ করে নিল। কিন্তু কয়িন তার মনকে সেই পথে ধাবিত হতে দিল যা শয়তানের পতনের কারণ হয়েছিল ঈশ্বরের ন্যায়পরায়ণতা ও কর্তৃত্বের বিষয়ে প্রশ্ন করা। PPBeng 39.1

তারা কি ঈশ্বরের ব্যবস্থাকে বিশ্বাস করে ও মানে কি না তা প্রমাণ করার জন্য এই ভাইদের পরীক্ষা করা হয়েছিল। ঈশ্বর বলিদানের যে পদ্ধতি স্থাপন করেছিলেন তা তারা, উভয়ই জানত। তারা জানত যে বলিদান যার প্রতীক সেই ব্যবস্থা দাতার উপর তাদের বিশ্বাস থাকতে হবে, এবং একই সময় তার ক্ষমা দানের উপর সম্পূর্ণ নির্ভরশীল হতে হবে। রক্তপাত ছাড়া পাপের মোচন সম্ভব ছিল না। পালের প্রথমজাত মেষ বলিদানের মাধ্যমে খ্রীষ্টের প্রতিজ্ঞা মালার প্রতি তাদের বিশ্বাসের প্রকাশ করতে হত। PPBeng 39.2

দুই ভাই একই ধরণের বলির বেদী প্রস্তুত করল, এবং প্রত্যেকে তাদের বলির বস্তু আনল। হেবল মেষপাল হতে মেষ বলি দিল। "তখন সদাপ্রভু হেবলকে ও তাহার উপহার গ্রাহ্য করিলেন।" আদিপুস্তক ৪:৪। স্বর্গ হতে আগুন নেমে এসে সেই বলি নিঃশেষ করে দিল। কিন্তু কয়িন সদাপ্রভুর আদেশ অমান্য করে শুধুমাত্র ফলের একটি উপহার দিল। স্বর্গ হতে কোন চিহ্ন পাওয়া গেল না যে এই উপহার গ্রহণ করা হয়েছে। হেবল তার ভাইকে অনুরোধ জানাল যে নির্ধারিত স্বর্গীয় পদ্ধতি অনুসারে যেন সে ঈশ্বরের কাছে উপস্থিত হয়, কিন্তু তার অনুনয়ের ফলে কয়িন আরো দৃঢ় সিদ্ধান্ত নিল যে সে তার ইচ্ছা অনুসারেই উপহার দেবে যেহেতু সে বড় ভাই তাই সে ছোট ভাইয়ের পরামর্শ অগ্রাহ্য করল। PPBeng 39.3

কয়িন ঈশ্বরের সামনে তার হৃদয়ের অভিযোগ ও ক্রোধ নিয়ে উপস্থিত হল। তার উপহার কোন অনুতাপের প্রকাশ ছিল না, কেননা (তার মনে হল) যে প্রতিজ্ঞাত উপহারদাতার দানের মাধ্যমে পরিত্রাণের ঈশ্বর প্রদত্ত PPBeng 39.4

পরিকল্পনাকে প্রকৃত অনুসরণ করা দুর্বলতার স্বীকার করা। সে তার নিজের যোগ্যতা নিয়েই উপস্থিত হবে। সে কোন মেষশাবক এনে তারা রক্ত উপহারের সহিত মিশ্রিত করবে না, কিন্তু তার পরিশ্রমের ফল ঐ ফলগুলিকেই ঈশ্বরের প্রতি অনুগ্রহ করে তাকে দিয়ে দেবে। কয়িন বলির বেদী নির্মাণে ঈশ্বরের প্রতি বাধ্যতা প্রদর্শন করল, একটি উপহার স্থাপন করায়ও সদাপ্রভুর প্রতি বাধ্যতা প্রদর্শন করল। একজন পরিত্রাণকর্তার প্রয়োজনকে স্বীকার করা এর মধ্যে ছিল না। PPBeng 40.1

এই ভাই দুজনেই পাপী ছিল, এবং তার প্রতি সম্মান ও ভক্তির ঈশ্বরের যে দাবী তা উভয়েই স্বীকার করেছিল। বাহ্যিক দৃষ্টিতে তাদের উভয়ের ধর্মই অনেকাংশে একই প্রকার ছিল, কিন্তু এর পরের পার্থক্য অনেক বেশী ছিল। PPBeng 40.2

কয়িন ও হেবলের মধ্যে গভীর পার্থক্য

PPBeng 40

"বিশ্বাসে হেবল ঈশ্বরের উদ্দেশে কয়িন অপেক্ষা শ্রেষ্ঠ যজ্ঞ উৎসর্গ করিলেন।" ইব্রীয় ১১:৪। হেবল নিজকে একজন পাপীরূপে দেখতে পেলেন, এবং দেখতে পেলেন যে তার আত্মাও ঈশ্বরের মধ্যে পাপের শাস্তি, মৃত্যু দাঁড়িয়ে রয়েছে। তিনি নিহত শিকারটি নিয়ে এলেন আর এইরূপে যে ব্যবস্থা লঙঘন করা হয়েছে, সেই ব্যবস্থার দাবী পূরণ করলেন। যে রক্ত বহানো হয়েছে তার মধ্য দিয়ে তিনি ক্রুশে মরণাপন্ন খ্রীষ্টের প্রতি দৃষ্টি নিবদ্ধ করলেন। ওখানে যে দান দেয়া হবে তার উপর বিশ্বাস স্থাপনের মাধ্যমে তার একজন সাক্ষী যে তিনি বিশ্বস্ত এবং তার উপহার গৃহীত হল । PPBeng 40.3

হেবলের যে সুযোগ ছিল, ঐ সত্য সমূহ গ্রহণ করার সেই একই সুযোগ কয়িনেরও ছিল। এক ভাইকে গ্রহণ করার জন্য এবং অন্য ভাইকে অস্বীকার করার জন্য ঈশ্বর কোন মনোনয়ন করেন নি। হেবল বিশ্বাস ও বাধ্যতা বেছে নিয়েছিলেন; কয়িন বেছে নিয়েছিলেন অ-বিশ্বস্ততা ও বিদ্রোহ। PPBeng 40.4

কয়িন ও হেবল সেই দুই শ্রেণীর লোকের প্রতিনিধিত্ব করেন যারা কালের শেষ পর্য্যন্ত থাকবে। একদল যারা নিজেদের জন্য সুযোগ গ্রহণ করেন; অন্যদল যারা নিজেদের যোগ্যতার উপর নির্ভর করেন। যারা মনে করেন যে খ্রীষ্টের রক্তের কোন প্রয়োজন নাই, খারা মনে করেন যে তারা তাদের কাজের মাধ্যমেই ঈশ্বরের অনুমোদন লাভ করতে পারবেন, তারা কয়িনের মত একই ভুল করছেন। PPBeng 40.5

প্রত্যেক মিথ্যা ধর্মই এই একই নীতির উপর প্রতিষ্ঠিত। মানুষ তার পরিত্রাণের জন্য নিজের উপর নির্ভর করতে পারে। অনেকে দাবী করেন যে মানব জাতি নিজকে বিশোধন, উন্নত, এবং পুনর্জীবিত করতে পারে। যে ভাবে কয়িন চিন্তা করেছিল যে বলির রক্ত ছাড়া অন্য একটি উপহারের মাধ্যমে সে স্বর্গীয় অনুমোদন লাভ করতে সক্ষম। ঐরূপ ঐ লোকেরাও একই ভাবে কোন প্রায়শ্চিত্ত ব্যতিরেকে মানবতাকে ঈশ্বরের মানে উন্নীত করতে চায়। কয়িনের ইতিহাস প্রমাণ করে যে মানবতা ঊর্ধ্বে স্বর্গের দিকে উন্নীত হয় না, কিন্তু নিম্নে, শয়তানের দিকে ধাবিত হয়। খ্রীষ্টই আমাদের একমাত্র প্রত্যাশ। প্রেরিত ৪:১২ দেখুন । PPBeng 41.1

সত্যিকার বিশ্বাস সদাপ্রভুর সকল দাবির প্রতি বাধ্যতায় প্রকাশিত হয় । আদমের সময় হতে শুরু করে বর্ত্তমান কাল পর্য্যন্ত মহা-বিতর্ক হচ্ছে ঈশ্বরের ব্যবস্থার প্রতি বাধ্যতা

সম্পর্কিত। এ ধরণের মানুষ যুগে যুগে ছিল যারা ঈশ্বরের অনুগ্রহ ও দয়া কামনা করেছে কিন্তু তার কিছু কিছু আহবানের প্রতি অবহেলা দেখিয়েছে। কিন্তু "কর্মহেতু বিশ্বাস সিদ্ধ হইল" এবং বিশ্বাস বিহীন হইলে কর্ম মৃত।" যাকোব ২:২২, ১৭। যে বলে সে ঈশ্বরকে জানে "তথাপি তাঁহার আজ্ঞা পালন না করে, সে মিথ্যাবাদী এবং তাহার অন্তরে সত্য নাই।" ১ যোহন ২:৪ । যখন কয়িন দেখতে পেল যে উপহার অস্বীকার করা হল তখন স্বর্গ হতে নির্দ্ধারিত বলি ব্যতিরেকে মানুষের প্রতিকল্প ঈশ্বর গ্রহণ করবেন না দেখে ক্রোধান্বিত হল, আর সে তার ভ্রাতার উপরও ক্রোধান্বিত হল যে সে ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহে যুক্ত না হয়ে সে ঈশ্বরের বাধ্য থাকাকে বেছে নিল। PPBeng 41.2

ঈশ্বর তাকে একাকী থাকতে না দিয়ে বরং যে এত অযৌক্তিকতার সাথেও যুক্তিতর্ক করার জন্য নীচে নামতে রাজী হলেন। "তুমি কেন ক্রোধ করিয়াছ? তোমার মুখ কেন বিষণ্ন হইয়াছে? যদি সদাচরণ কর, তবে কি গ্রাহ্য হইবে না? আর যদি সদাচরণ না কর, তবে পাপ দ্বারে গুঁড়ি মারিয়া রহিয়াছে।" যদি সে প্রতিজ্ঞাত ত্রাণকর্তার যোগ্যতায় বিশ্বাস স্থাপন করে এবং ঈশ্বরের প্রতি বাধ্য হয় সে তাহার অনুগত লাভ করবে। আর যদি সে অ-বিশ্বাসী ও অবাধ্যতার মধ্যেই বিচরণ করতে থাকে, তবে ঈশ্বর তাকে অস্বীকার করলে তার অভিযোগ জানানোর কোন ভিত্তি নাই। PPBeng 41.3

তার পাপ স্বীকার করার পরিবর্তে, কয়িন ঈশ্বরের অন্যায়পরায়াণতার অভিযোগ উত্থাপন করতে থাকল এবং তার ভাইয়ের প্রতি ঈর্ষা ও ঘৃণা পোষণ করতে শুরু করল। নম্র ভাবে, কিন্তু দৃঢ়তার সহিত, হেবল ঈশ্বরের ন্যায়পরায়ণতা ও উত্তমতার পক্ষ সমর্থন করল। সে কয়িনের ভুল দেখিয়ে দিল এবং তাকে বুঝাতে চেষ্টা করল যে অন্যায় তার মধ্যেই রয়েছে। তাদের মাতা- পিতাকে মৃত্যু দ্বারা শাস্তি না দিয়ে তাদের জীবন রক্ষার মধ্যে ঈশ্বরের যে দয়া নিহিত রয়েছে তার প্রতি সে নির্দেশ করল, এবং আবেদন জানাল যে ঈশ্বর তাদের ভালবাসেন। কারণ তা না হলে তিনি তাঁর নির্দোষ ও পবিত্র পুত্রকে তাদের প্রাপ্য যে শাস্তি সেই শাস্তি তাঁকে করতে দিতেন না। এই সমস্তই কয়িনের ক্রোধকে আরো প্রজ্জ্বলিত করল। যুক্তি ও বিবেক তাকে বলল যে হেবল সত্যি কথাই বলছে, কিন্তু সে ক্রুদ্ধ হলো যে সে তার বিদ্রোহে তার ভাইয়ের সহানুভূতি পাচ্ছিল না। ক্রোধে অন্ধ হয়ে সে তার ভাইকে হত্যা করল । যুগে যুগে দুষ্ট লোকেরা যারা তাদের থেকে ভাল তাদের ঘৃণা করে। "কারণ যে কেহ কদাচরণ করে, সে জ্যোতি ঘৃণা করে, এবং জ্যোতির নিকটে আইসে না, পাছে তাহার কর্ম সকলের দোষ ব্যক্ত হয়।" যোহন ৩:২০। PPBeng 41.4

হেবলের হত্যা সর্প ও নারীর বংশধরদের মধ্যের এবং শয়তান ও তার প্রজা এবং খ্রীষ্ট ও তাঁর অনুগামীদের মধ্যের, শত্রুতার প্রথম দৃষ্টান্ত। যখনই কোন আত্মা ঈশ্বরের মেষশাবকের উপর বিশ্বাস আনার মাধ্যমে পাপের দাসত্ব পরিত্যাগ করে তখনই শয়তান ক্রোধে জ্বলে উঠে। শয়তানের দাবী যে ঈশ্বরের ব্যবস্থা রক্ষা করা মানুষের জন্য অসাধ্য, হেবলের পবিত্র জীবন তার বিপক্ষে সাক্ষী দিচ্ছিল । যখন কয়িন দেখল যে সে হেবলকে নিয়ন্ত্রণ করতে

পারছে না তখন সে এত ক্রোধান্বিত হলো যে সে হেবলের জীবনই ধ্বংস করে দিল । আর যখনই কেহ ঈশ্বরের ব্যবস্থা রক্ষার্থে দাঁড়াবে তখন এই একই ভাবের প্রকাশ পাবে। খ্রীষ্টের পক্ষে প্রত্যেক মৃত ব্যক্তি বিজয়ীরূপে মৃত্যু বরণ করেছেন। প্রকাশিত বাক্য ১২৪৯, ১১ দেখুন। PPBeng 42.1

ঘাতক কয়িনকে শীঘ্রই তার অপরাধের জবাবদিহী করতে আহবান করা হল । পরে সদাপ্রভু কয়িনকে কহিলেন, "তোমার ভাই হেবল কোথায়? সে উত্তর করিল, আমি জানি না; আমার ভ্রাতার রক্ষক কি আমি?" সে তার অপরাধ ঢাকার জন্য মিথ্যার আশ্রয় নিল । PPBeng 42.2

করিনের শাস্তি

PPBeng 42

আবার ঈশ্বর কয়িনকে বললেন, "তুমি কি করিয়াছ? তোমার ভ্রাতার রক্ত ভূমি হইতে আমার কাছে ক্রন্দন করিতেছে।" কয়িন চিন্তা করার সময় পেয়েছিল। সে যা করেছে এবং তা গোপন করার জন্য যে মিথ্যা বলেছে তার গুরুত্ব সে অনুধাবন করতে পারল; কিন্তু তথাপি সে বিদ্রোহীই থাকল, এবং শাস্তি প্রদানে আর দেরী করা হল না। স্বর্গীয় স্বর ভয়ঙ্কর বাণী উচ্চারণ করলেনঃ "আর এখন, যে ভূমি তোমার হাত হইতে তোমার ভাইয়ের রক্ত গ্রহণের জন্য আপন মুখ খুলিয়াছে, সেই ভূমিতে তুমি পলাতক হইলে । ভূমিতে কৃষি কাজ করিলেও তাহা আপন শক্তি দিয়া তোমার উপকার আর করিবে না; তুমি পৃথিবীতে পলাতক ও ভব ঘুরে হইবে।" PPBeng 42.3

অনুগ্রহকারী স্রষ্টা তথাপি তার জীবন রক্ষা করলেন এবং অনুতাপ করার সুযোগ তাকে দিলেন। কিন্তু কয়িন তার জীবন কালে তার হৃদয়কে শুধু কঠিনতর করে তুলল, স্বর্গীয় কর্তৃত্বের বিরুদ্ধে বিদ্রোহের উৎসাহ দিল, এবং পাপীদের বংশের প্রধানরূপে পরিগণিত হল। তার প্রভাব দুর্নীতি পরায়ণতার ক্ষমতাকে এমন বৃদ্ধি করল যে পৃথিবী দুর্নীতি ও অত্যাচারে পরিপূর্ণ হয়ে উঠল আর এর ধ্বংস প্রয়োজন হয়ে পড়ল । PPBeng 43.1

যদি পাপীকে ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করতে ও চিরকাল বেঁচে থাকতে দেয়া হত তা হলে এর ফল কি হ'ত, কয়িন ও তার বংশধরদের অন্ধকারময় ইতিহাস এর দৃষ্টান্ত। ঈশ্বরের ধৈর্য্য দুষ্টকে আরো সাহসী ও বিদ্রোহী করে তুলল। কয়িনের উপর শাস্তি উচ্চারণের পনের শত বৎসর পর, অপরাধ ও নোংরামীতে পৃথিবী পরিপূর্ণ হয়ে পড়ল । এটি প্রমাণিত হলো যে পতিত জাতির উপর মৃত্যুদন্ড উচ্চারণ ন্যায় ও অনুগ্রহ পূর্ণ ছিল। মানুষ দীর্ঘকাল যাবত যতই পাপের মধ্যে বাস করে জীবন যাপন করতে থাকল, ততই তারা বেপরোয়া হয়ে উঠতে থাকল । PPBeng 43.2

শয়তান অনবরত ঈশ্বরের শাসন ও তাঁর চরিত্রকে মিথ্যা দিয়ে রঞ্জিত করে চলেছে এবং পৃথিবী নিবাসীদিগকে তার ছলনার মোহে আবদ্ধ রাখার প্রচেষ্টা চালাচ্ছে। ঈশ্বর আদি হতে শেষ পর্য্যন্ত দেখতে পান। তার পরিকল্পনাসমূহ ছিল দীর্ঘস্থায়ী ও ব্যাপক, শুধুমাত্র বিদ্রোহ দমনের জন্যই নয়, কিন্তু সমগ্র বিশ্বের নিকট এই বিদ্রোহের চরিত্র উন্মোচীত করার জন্য ও এর মাধ্যমে পাপের সহিত তার ব্যবহারের প্রজ্ঞা ও ধার্মিকতার দায়ীত্ব প্রমাণের জন্য। PPBeng 43.3

অন্যান্য পৃথিবীর অধিবাসীরা এই পৃথিবীর মহা-প্লাবনের আগের অবস্থা আগ্রহ সহকারে অবলোকন করছিল। ঈশ্বরের ব্যবস্থাকে এক পাশে রেখে লূসিফর যে প্রশাসন ব্যবস্থা স্বর্গে চালু করতে চেয়েছিল সেই প্রশাসন ব্যবস্থার ফলাফল তারা দেখতে সক্ষম হল। মানুষের হৃদয়ের চিন্তাসমূহ সর্বদাই মন্দ (আদিপুস্তক ৪:২৫, ৩৬), স্বর্গীয় নীতি পবিত্রতা, শান্তি ও প্রেমের বিরুদ্ধে যুদ্ধকারী। ইহা ছিল চরম কলুসতার এক দৃষ্টান্ত। PPBeng 43.4

যখন বিদ্রোহের সম্পূর্ণ মূলোৎপাটনের তাঁর পরিকল্পনা ধাপে ধাপে পরিপূর্ণতা লাভ করতে থাকল, মহা বিতর্কের সত্য সমূহ উন্মোচীত হ'ল, তখন ঈশ্বর সমগ্র বিশ্বের মহানুভূতিতা লাভ করলেন। দেখা যাবে যে যারা স্বর্গীয় আদর্শ পরিত্যাগ করেছেন তারা সকলেই খ্রীষ্টের বিরুদ্ধে যুদ্ধে শয়তানের পক্ষ অবলম্বন করেছেন। যখন এই পৃথিবীর বিচারকর্তার বিচার হবে, এবং যারা তার পক্ষ অবলম্বন করেছেন তাদের ভাগ্য নিরূপিত হবে, তখন সমগ্র বিশ্ব ঘোষণা করবে, “ন্যায্য ও সত্য তোমার মার্গ সকল, হে জাতিগণের রাজন।” প্রকাশিত বাক্য ১৫:৩। PPBeng 44.1

অধ্যায় ৬—শেথ: মানুষ যখন ঈশ্বরের প্রতি ফিরে এল

PPBeng 45

তার জন্মাধিকারের উত্তরাধিকারী হবার জন্য আদম আর একজন সন্তান লাভ করলেন। শেথ তার নাম, যে নাম তার ছেলেকে দেয়া হল তার অর্থ হল "নিযুক্ত" অথবা "ক্ষতিপূরণ", "কেননা (মা বলিলেন), কয়িন কর্তৃক নিহত, হেবলের পরিবর্তে ঈশ্বর আমাকে আর একটি সন্তান দিলেন।" তার অন্যান্য ছেলেদের আদমের সাথে তার ছেলে শেথের চেহারার সাদৃশ্য অনেক বেশী ছিল, হেবলের পদক্ষেপের অনুসরণ করার জন্য (শেথ ছিলেন) অত্যন্ত উপযুক্ত চরিত্র। তথাপি তিনি কয়িনের থেকে কোন ভাবেই কোন অধিক স্বাভাবিক চরিত্রের অধিকারী ছিলেন না। কয়িনের মত শেথও তার মাতাপিতার পতিত চরিত্রের বৈশিষ্ট্যের অধিকারী হন। কিন্তু তিনি পরিত্রাণদাতার বিষয়ে উপদেশ প্রাপ্ত হন। যেমন হেবল করে থাকবেন, ঠিক তেমনি তিনিও পাপী মানুষের মনকে স্রষ্টার প্রতি সম্মান ও বাধ্যতা দেখাবার দিকে ফেরাতে সচেষ্ট ছিলেন। PPBeng 45.1

"পরে শেথেরও পুত্র জন্মিল, আর তিনি তাহার নাম ইনোশ রাখিলেন। তকালে লোকেরা সদাপ্রভুর নামে ডাকিতে আরম্ভ করিল।" দুই শ্রেণীর পার্থক্য আরো প্রকট হয়ে উঠল। এক শ্রেণীর প্রকাশ্য ভাবে ঈশ্বরের প্রতি বাধ্যতা স্বীকার, আর অন্য শ্রেণীর ঈশ্বরের প্রতি ঘৃণা ও অবাধ্যতা। PPBeng 45.2

পতিত হওয়ার পূর্বে আমাদের প্রথম মাতা-পিতা শাব্বাথ পালন করতেন যা এদন বাগানে প্রতিষ্ঠিত হয়েছিল, এবং স্বর্গ হতে বিতাড়িত হওয়ার পরও তারা তা পালন করতে থাকলেন। যা সকলে দ্রুত বা ধীরে শিক্ষা করে তারা তা শিক্ষা করেছিলেন, তা হল স্বর্গীয় নীতি পবিত্র ও অলঙঘনীয় এবং অবাধ্যতা শাস্তি অবশ্যই পেতে হয়। যারা ঈশ্বরের প্রতি বিশ্বস্ত ছিলেন তারা সকলেই শাব্বাথকে সম্মান করতেন কিন্তু কয়িন ও তার বংশধরেরা ঈশ্বর যে দিনে বিশ্রাম করেছিলেন সে দিনকে সম্মান করত না। PPBeng 45.3

এখন কয়িন একটি শহর স্থাপন করল এবং তার বড় ছেলের নামে শহরটির নামাকরণ করল। সে ঈশ্বরের সম্মুখ হতে সরে গিয়েছিল যেন যারা এই পৃথিবীর দেবতাদের আরাধনা করে তাদের এক বৃহৎ দলের প্রধান হিসাবে সে পৃথিবী হতে সম্পদ ও আনন্দ খুঁজে নিতে পারে। যা কিছু শুধু পৃথিবীর সহিত সম্পর্কিত এবং বস্তু সম্পর্কিত উন্নীত তাতে তার বংশধরেরা সুখ্যাতি অর্জন করল। কিন্তু মানুষের জন্য ঈশ্বর যে লক্ষ্য নির্ধারণ করেছিলেন তারা ছিল তার বিপক্ষে। তার লাইনের পঞ্চমতম বংশধর লেমক, হত্যার অপরাধের সহিত বহু-বিবাহের অপরাধও যুক্ত করল। হেবল মেষপালকের জীবন যাপন করতেন, আর শেথের বংশধর একই পথ অনুসরণ করলেন, এবং নিজেদের পৃথিবীতে পরদেশী ও প্রবাসী"

হিসাবে গণ্য করলেন ও "আরো উত্তম দেশের, অর্থাৎ স্বর্গীয় দেশের" অনুসন্ধানে থাকলেন। ইব্রীয় ১১:১৩, ১৬ । PPBeng 45.4

কিছুকাল পর্যন্ত এই দুই শ্রেণী পৃথক পৃথক থাকলেন। তাদের প্রথম বাসস্থান হতে ছড়াতে ছড়াতে কয়িনের বংশধরেরা, যেখানে শেথের বংশধরেরা থাকত সে সকল সমভূমি ও উপত্যকাতে ছড়িয়ে পড়ল। তাদের সংক্রামক প্রভাব হতে রক্ষা পাওয়ার জন্য পরবর্তী দলের লোকেরা (অর্থাৎ শেথের বংশধরেরা) পাহাড়ে পালিয়ে গেল এবং সেখানে ঈশ্বরের পবিত্রতা রক্ষা করতে থাকল। কিন্তু কালক্রমে তারা উপত্যকার অধিবাসীদের সাথে মেলামেশার সাহস গেল। "ঈশ্বরের পুত্রেরা মনুষ্যদের কন্যাদিগকে খুব সুন্দরী" দেখতে পেল। তাদের সহিত বিবাহে আবদ্ধ হয়ে শেথের সন্তানেরা ঈশ্বরকে অসন্তুষ্ট করল। তাদের সম্মুখস্থ অসংখ্য প্রলোভনের কারণে অনেকেই পাপের মধ্যে জড়িয়ে পড়ল, এবং তাদের শুদ্ধ ও পবিত্র চরিত্র হারিয়ে ফেলল। কলুষিতদের সহিত মেলামেশার ফলে তারাও তাদের মতই হয়ে পড়ল। সপ্তম আজ্ঞার নিষেধের প্রতি অবহেলা দেখিয়ে "যাহার যাহাকে ইচ্ছা, সে তাহাকে বিবাহ করিতে লাগিল।" শেখের সন্তানেরা "কয়িনের পথে" চলতে লাগল । যিহূদা ১১। তারা পৃথিবীর উন্নতি ও আনন্দে মনোনিবেশ করল এবং ঈশ্বরের আজ্ঞার অবহেলা করতে শুরু করল। পৃথিবী পাপে পরিপূর্ণ হয়ে পড়ল । PPBeng 46.1

আদমের আয়ূষ্কাল

PPBeng 46

প্রায় এক হাজার বৎসর পর্যন্ত আদম পাপের ঢেউকে থামিয়ে দিতে চেষ্টা চালালেন। তার বংশধরদের ঈশ্বরের পথ সম্বন্ধে উপদেশ দিতে তাকে আদেশ করা হয়েছিল, এবং ঈশ্বর তার কাছে যা কিছু প্রকাশ করেছেন তিনি তা অত্যন্ত মূল্যবান বস্তু হিসেবে রক্ষা করতেন। বংশ পরম্পরায় তা শিক্ষা দিতেন । নবম বংশধরদের কাছে স্বর্গের মানুষের যে পবিত্র ও সুখময় সম্পত্তি রয়েছে তার বর্ণনা করলেন এবং যে কষ্ট ভোগের মাধ্যমে তাকে ঈশ্বর তাঁর ব্যবস্থা শক্তভাবে পালন করার প্রয়োজনীয়তা শিক্ষা দিয়েছেন এবং তাদের পরিত্রাণের যে অনুগ্রহ পূর্ণ বন্দোবস্ত করা হয়েছে তার ব্যাখ্যা দান সহকারে তিনি পতনের ইতিহাস তাদের নিকট তুলে ধরলেন। যে পাপ তার বংশধরদের উপর এমন ভয়ঙ্কর কষ্ট নিয়ে এসেছে তার জন্য তাকে প্রায়ই তীব্র ভাবে নিন্দা করা হত । PPBeng 46.2

যখন তিনি এদন বাগান ছেড়ে যান, তখন তাকে মৃত্যুবরণ করতে হবে একথা চিন্তা করে তিনি ভয়ে আতঙ্কিত হয়ে পড়তেন। তার নিজের পাপের জন্য অনুশোচনায় পরিপূর্ণ হয়ে ও হেবলের মৃত্যু ও কয়িনের অস্বীকৃতির দ্বারা সৃষ্ট দ্বিগুণ বিরহে ব্যথা পাওয়ার পর, আদম মানসিক যন্ত্রণার ভারে নূয়ে পড়লেন । যদিও প্রথমে মৃত্যুদন্ডকে ভয়ঙ্কর মনে হত, তথাপি প্রায় এক হাজার বৎসর যাবৎ পাপের ফলাফল দেখতে দেখতে, তার মনে হয়েছিল যে কষ্ট ও দুঃখভোগের জীবনকে অবসান করানো ঈশ্বরের অনুগ্রহেরই প্রকাশ । PPBeng 47.1

যেমন অনেকে ধারণা করে থাকেন, মহা বন্যার আগের যুগে একটি অজ্ঞতা ও বর্বরতার যুগ ছিল না । লোকদের প্রচন্ড শারীরিক ও মানসিক শক্তি ছিল, এবং তাদের সুবিধাদি ছিল অতুলনীয়। তাদের মানসিক ক্ষমতা অল্প বয়সেই বৃদ্ধি পেত, এবং যারা ঈশ্বরকে ভয় করে জীবন যাপন করতেন, জীবনভরই তারা জ্ঞানে এবং বুদ্ধিতে বৃদ্ধি পেতে থাকতেন। (তাদের সাথে তুলনায়) আমাদের কালের বিখ্যাত পন্ডিতদের মানসিক ও শারীরিক ক্ষমতায় নিম্নতর মনে হবে। যখন মানুষের বয়স কমে আসতে থাকল ও তার শারীরিক শক্তি ক্ষয় পেল, তখন তার মানসিক ক্ষমতাও হ্রাস পেল । PPBeng 47.2

এটা সত্যি যে আধুনিক যুগের লোকেরা তাদের পূর্ব পুরুষদের কার্য- ফলের উপকার পাচ্ছেন। জ্ঞান সমৃদ্ধ মনের লোকেরা যারা পেছনে আসবে তাদের জন্য নিজ কাজের ফল রেখে গেছেন। কিন্তু ঐ কালের লোকদের সুযোগ কতই না অধিক ছিল! তারা তাদের মধ্যে শত শত বৎসরের জন্য তাকে পেয়েছিল যে ঈশ্বরের সাদৃশ্যে তৈরী হয়েছিল। আদম স্রষ্টার নিকট হতে সৃষ্টির ইতিহাস শিক্ষা করেছিলেন; তিনি নিজে নয় শতাব্দির ঘটনাবলী অবলোকন করেছেন। মহা-বন্যার আগের লোকদের স্মৃতিশক্তি খুবই প্রখর ছিল যে তারা যা কিছু তাদের বলা হত তা ধরে রাখতে এবং পরবর্তী বংশধরদের কাছে হুবহু বর্ণনা করতে পারতেন। শত শত বৎসর কাল ধরে সাত পুরুষ এক সাথে পৃথিবীপৃষ্ঠে বাস করেছিলেন এবং সকলের জ্ঞান ও অভিজ্ঞতা দ্বারা লাভবান হচ্ছিলেন । PPBeng 47.3

ধর্মীয় অন্ধকারে পূর্ণ যুগ না হয়ে বরং ঐ যুগ ছিল মহা আলোর যুগ। সমস্ত পৃথিবীর সুযোগ ছিল আমাদের নিকট থেকে শিক্ষা লাভ করার এবং যারা ঈশ্বরকে ভয় করতেন তারা খ্রীষ্টকে এবং দূতগণকেও শিক্ষকরূপে পেতেন । এবং ঈশ্বরের বাগান যা অনেক শতাব্দি ধরে মানুষের মধ্যে ছিল, তাও তাদের নিকট এক নীরব সাক্ষীরূপে দাঁড়িয়ে ছিল । এদন বাগান দৃষ্টির সীমায় ছিল এবং এর প্রবেশ পথ প্রহরা-রত দূতদের দ্বারা রক্ষিত ছিল। দৃশ্যমান বাগান, দুটি বৃক্ষের ইতিহাস, এগুলো অবশ্যম্ভাবি বাস্তব ছিল। আর আদম যখন তাদের মধ্যে ছিলেন, তখন ঈশ্বরের সর্বময় কর্তৃত্বের অস্তিত্বের বাস্তবতা সম্বন্ধে দ্রুত কোন প্রশ্ন উত্থাপন করা হত না। অন্যায় ও অবিচার বিদ্যমান থাকা সত্ত্বেও, একদল লোক ছিলেন যারা ঈশ্বরের সাথে যোগাযোগ রাখতেন, তারা বুদ্ধি সম্পন্ন এবং অত্যন্ত কৃতকার্যতা সম্পন্ন লোক। তাদের এক মহা উদ্দেশ্য ছিল বিশুদ্ধ চরিত্র সৃষ্টি করা, শুধুমাত্র তাদের সময়ের লোকদের মধ্যে নয়, কিন্তু ভবিষ্যৎ বংশধরদের মধ্যে। শাস্ত্রে মাত্র অল্প কয়েকজনের কথা আছে, কিন্তু প্রত্যেক যুগে ঈশ্বরের বিশ্বস্ত সাক্ষী, খাঁটি হৃদয়ে আরাধনাকারী লোক ছিলেন । PPBeng 47.4

হনোক- মৃত্যুহীন প্রথম ব্যক্তি

PPBeng 48

হনোকের পয়ষট্টি বৎসর বয়সে একটি ছেলের জন্ম হয়। এরপর তিনি তিনশত বৎসর ঈশ্বরের সহিত গমনাগমন করলেন। তিনি খাঁটি বিশ্বাস রক্ষাকারীদের একজন ছিলেন,

প্রতিজ্ঞাকৃত বংশধরের পূর্ব পুরুষ। আদমের মুখ হতে তিনি মানব জাতির পতনের কাহিনী, এবং প্রতিজ্ঞার মধ্যে ঈশ্বরের অনুগ্রহের যে পরিচয় পাওয়া যায় তা শুনেছিলেন, এবং তিনি ত্রাণকর্তার আগমনের উপর নির্ভরশীল ছিলেন। PPBeng 48.1

কিন্তু তার প্রথম সন্তান জন্মের পর, হনোক অভিজ্ঞতার আরো উচ্চ ধাপে পৌছালেন। যখন তিনি পিতার জন্য ছেলের প্রেম দেখতে পেলেন, তার রক্ষার জন্য সে তার পিতার উপর যে সহজ বিশ্বাস রাখে তা দেখলেন, যখন সন্তানের জন্য তার নিজ হৃদয়ের গভীর অনুভূতির টের পেলেন, তখন তিনি তাঁর পুত্রকে দান করার মধ্যে ঈশ্বরের কি আশ্চর্য প্রেম রয়েছে তা অনুধাবন করতে পারলেন। খ্রীষ্টের মাধ্যমে ঈশ্বরের অপরিমেয় ভালবাসা তার দিন-রাত্রির ধ্যানের বিষয়ে পরিণত হল, এবং তিনি যে সমস্ত লোকদের মধ্যে বাস করতেন, তাদের নিকট ঐ প্রেমের প্রকাশ করতে চেষ্টা চালালেন। PPBeng 48.2

ঈশ্বরের সহিত হনোকের গমনাগমন কোন মোহ বা স্বপ্নের বিষয় ছিল না, কিন্তু তা ছিল দৈনন্দিনের ব্যাপার। একজন স্বামী এবং একজন পিতা হিসেবে, একজন বন্ধু হিসেবে, একজন নাগরিক হিসেবে, তিনি ছিলেন ঈশ্বরের একজন সঠিক দাস। PPBeng 48.3

তার হৃদয় ঈশ্বরের ইচ্ছার সহিত ঐক্যবদ্ধ ছিল; কারণ "একপরামর্শ না হইলে কি দুই ব্যক্তি একসঙ্গে চলে?" আমোষ ৩:৩। এবং এই পবিত্র গমনাগমন তিনশ বসর পর্য্যন্ত চালু থাকল। শতাব্দির পর শতাব্দিতে হনোকের বিশ্বাস শক্তিশালী হয়ে উঠল, তার ভালবাসা আরো তীব্র হলো। PPBeng 49.1

হনোক ছিল বিস্তারিত জ্ঞানের অধিকারী, যাকে ঈশ্বর বিশেষ জ্ঞান প্রকাশ দ্বারা সম্মানিত করেছিলেন; তথাপি তিনি ছিলেন খুবই নম্র মানুষদের মধ্যে প্রধান। তিনি ঈশ্বরের সম্মুখে ধৈয্য সহকারে অপেক্ষা করতেন। ধ্যান ও প্রার্থনা তার আত্মার শ্বাস- প্রশ্বাস স্বরূপ ছিল; তিনি স্বর্গীয় পারিপার্শিকতায় বাস করতেন। PPBeng 49.2

দূতগণের মাধ্যমে ঈশ্বর হনোকের নিকট একটি বন্যা দ্বারা পৃথিবী ধ্বংস করার তাঁর উদ্দেশ্য প্রকাশ করলেন। তিনি তার নিকট পরিত্রাণের পরিকল্পনা আরো পূর্ণ ভাবে জ্ঞাত করলেন এবং খ্রীষ্টের দ্বিতীয়বার আগমন ও পৃথিবীর শেষ মুহূর্তের সহিত সংযুক্ত ঘটনাবলীও তিনি তার কাছে প্রকাশ করলেন। মৃত্যু সম্বন্ধে হনোক বেশ দুশ্চিন্তাগ্রস্ত ছিলেন। তার কাছে মনে হচ্ছিল যে বিশ্বস্ত ও দুষ্ট দু'দলই ধূলিতে ফিরে যাবে এবং সেটাই হবে তাদের পরিণতি। ন্যায়পরায়ণদের জীবন যে কবরপ্রাপ্তির পরও থাকতে পারে তা তিনি অনুধাবন করতে পারেন নি। ভাববাণীর স্বপ্নের মাধ্যমে তাকে খ্রীষ্টের মৃত্যু ও তাঁর লোকদের কবর হতে উদ্ধারের জন্য পবিত্র দূতগণ সহকারে তাঁর গৌরবময় আগমন সম্বন্ধে তাকে শিক্ষা দেয়া হয়েছিল। যখন খ্রীষ্ট দ্বিতীয়বার আগমন করবেন তখন পৃথিবীর ভ্রষ্ট অবস্থা, যখন স্বেচ্ছাপরায়ণ ও গর্বিত লোকেরা ঈশ্বরের ব্যবস্থাকে অবমাননা করবে ও প্রায়শ্চিত্তকে ঘৃণা

করবে তিনি দেখতে পেয়েছিলেন। তিনি দেখতে পেয়েছিলেন যে ধার্মিকগণ সম্মান ও মহিমার মুকুট পরবে ও দুষ্টদের আগুন দ্বারা ধ্বংস করা হবে। PPBeng 49.3

হনোক ধার্মিকতার প্রচারক হিসাবে পরিণত হলেন ও যারাই শুনতে আগ্রহী তাদের ঈশ্বরের বাণী দিতেন। যে স্থান থেকে কয়িন ঈশ্বরের সম্মুখ হতে পালিয়ে ছিলেন, সেই স্থানে ভাববাদী তার চোখের সামনে স্বপ্নের মাধ্যমে যে দৃশ্য দেখানো হয়েছে তার বর্ণনা দিলেন। তিনি ঘোষণা করলেন, "দেখ, প্রভু আপন অযুত অযুত পবিত্র লোকের সহিত আসিলেন, যেন সকলের বিচার করেন; আর ভক্তিহীন সকলে আপনাদের যে সকল ভক্তিবিরুদ্ধ কার্য্য দ্বারা ভক্তিহীনতা দেখাইয়াছে, এবং ভক্তিহীন পাপিগণ তাঁহার বিরুদ্ধে যে সকল কঠোর বাক্য কহিয়াছে, তৎপ্রযুক্ত তাহাদিগকে যেন ভর্সনা করেন।" যিহূদা ১৪, ১৫ । PPBeng 49.4

তিনি যেরূপ খ্রীষ্টের মধ্যে ঈশ্বরের প্রেমের সম্বন্ধে প্রচার করলেন, আবার সেরূপ তিনি বিদ্যমান অন্যায় ও পাপের নিন্দা জ্ঞাপন করলেন ও অন্যায়কারী ও অবাধ্যদের যে অবশ্যই বিচার হবে তার সতর্কবাণী উচ্চারণ করেন। পবিত্র ব্যক্তিগণ যে শুধু সুন্দর সুন্দর কথা বলেন তা নয়। ঈশ্বর তাঁর ভাববাদীদের মুখে সেই সমস্ত সত্য দেন যেগুলো খুবই তীব্র দ্বিধার খড়্গের মত । PPBeng 50.1

কিছু লোক তার সতর্কবাণীতে কান দিলেন কিন্তু অধিকাংশই অধিকতর সাহসিকতা সহকারে তাদের মন্দ পথেই চলতে লাগল। একই ভাবে শেষকালের লোকেরা ঈশ্বরের বাণীবাহকদের সতর্কবাণীর প্রতি অমনোযোগী হবে। PPBeng 50.2

কঠোর পরিশ্রমের মধ্যে হনোক ঈশ্বরের সহিত নিয়মিত যোগাযোগ বজায় রাখেন। কিছুদিন লোকদের মধ্যে থাকার পর, স্বর্গীয় জ্ঞানের জন্য ক্ষুধার্ত ও তৃষ্ণার্ত হয়ে তিনি কিছুকাল নির্জনে একাকী কাটাতেন। ঈশ্বরের সহিত যোগাযোগ রক্ষার ফলে হনোক অধিকতররূপে স্বর্গীয় রূপ প্রতিফলিত করতে শুরু করলেন। যে আলো খ্রীষ্টের রূপকে আলোকিত করে সেই একই আলো তাহার চেহারাকে আলোকিত করতে আরম্ভ করল। বছরের পর বছর যেমন গত হতে থাকল, মানুষের দুষ্কর্ম আরো অধিকতর বৃদ্ধি পেতে থাকল, আর ঈশ্বরীয় বিচারের মেঘ গভীরতর ভাবে ঘনীভূত হতে লাগল। তথাপি হনোক তার পথে স্থির থেকে পাপের পথ থেকে লোকদের ফেরানোর জন্য সতর্ক PPBeng 50.3

করতে, অনুরোধ জানাতে, ও প্রচেষ্টা চালাতে থাকলেন। যদিও তার সতর্ক বাণী পাপে পূর্ণ ও কামনা বিলাসী লোকেরা অবহেলা করল, তার নিকট সাক্ষ্য ছিল যে ঈশ্বর তা অনুমোদন করেছেন । তিনি অপরাধ ও দুষ্কর্মের বিরুদ্ধে ততদিন তার সাক্ষ্য বহাল রাখলেন যতদিন না ঈশ্বর তাকে পাপপূর্ণ পৃথিবী থেকে অপসারিত করে স্বর্গের নির্মূল আনন্দের মধ্যে নিয়ে গেলেন । PPBeng 50.4

হনোক স্বর্গে স্থানান্তরিত হলেন

PPBeng 50

এই পৃথিবীতে ধন সম্পদ সংগৃহীত করতে চাননি বলে সে যুগের লোকেরা তাকে ঠাট্টা বিদ্রূপ করছিল। হনোকের হৃদয় ছিল অনন্তকালীন সম্পদের দিকে নিবদ্ধ। তিনি সিয়োনের মধ্যখানে স্বর্গের মধ্যখানের রাজাকে তার উজ্জ্বল গৌরবে বিভূষিত দেখেছেন। তার মন, তার আদান প্রদান স্বর্গীয়ই ছিল। বিদ্যমান অত্যাচার যত বেশী হচ্ছিল তত বেশী হচ্ছিল ঈশ্বরের গৃহের জন্য তার বাসনা। PPBeng 50.5

তিনশত বসর হনোক ঈশ্বরের সাথে গমনাগমন করেন। দিনে দিনে তিনি আরো নৈকট্য লাভের বাসনা করেছিলেন; তার যোগাযোগ আরো নিকটস্থ হতে থাকল, পরিশেষে ঈশ্বর তাকে তাঁর নিকট নিয়ে নিলেন। আর যখন তিনি পবিত্র নগরের সম্মুখ দরজা দিয়ে পার হলেন ঐখানে নগরে প্রবেশকারীদের মধ্যে প্রথম মানুষ তখন যে গমনাগমন পৃথিবীতে চালু ছিল, তা এখনও চালুই থাকল। PPBeng 51.1

তার অভাব পৃথিবীতে অনুভুত হলো। ধার্মিক ও দুষ্টদের কেহ কেহ তার এই যাত্রা দেখেছিল। যারা তাকে ভালবাসত তারা তাকে অনেক খুঁজল। কিন্তু কোন লাভ হল না। তারা বলল, “তিনি আর রহিলেন না।” কেননা ঈশ্বর তাকে গ্রহণ করলেন। PPBeng 51.2

হনোককে স্থানান্তরের মাধ্যমে ঈশ্বর মানুষকে একটি বিশেষ পরিকল্পনা করলেন। আদমের পাপের ফল ভোগ করতে করতে মানুষ হতাশাগ্রস্ত হয়ে পড়ার যথেষ্ট সম্ভাবনা ছিল। অনেকেই এই কথা বলে চিৎকার করতে প্রস্তুত ছিল, “ঈশ্বরকে ভয় করে ও তার আদেশ অনুসারে চলে আমরা কি লাভ পেয়েছি, কেননা মানব জাতিও প্রচন্ডভাবে শাপগ্রস্ত, আর মৃত্যু প্রত্যেকেরই প্রাপ্য?” শয়তান মানুষকে এই বিশ্বাসে অনুপ্রাণিত করেছিল যে ধার্মিকদের কোন পুরস্কার নাই, আর অপরাধের কোন শাস্তি নাই, এবং স্বর্গীয় আইন রক্ষা করা মানুষের পক্ষে অসম্ভব। কিন্তু হনোকের ঘটনায় ঈশ্বর দেখিয়ে দিলেন যারা তার ব্যবস্থা রক্ষা করে তিনি তাদের জন্য কি করবেন। মানুষকে শিক্ষা দেয়া হল যে ঈশ্বরের ব্যবস্থা রক্ষা করা সম্ভব, আর বাধ্যতার মাধ্যমে প্রলোভনের উপর জয়লাভ করা যায় এবং খাঁটি ও পবিত্র হওয়া যায়। তার স্থানান্তরিতকরণ পরকাল সম্বন্ধে ভাববাণীর সত্যতা প্রমাণ করল। PPBeng 51.3

“বিশ্বাসে হনোক লোকান্তরে নীত হইলেন, যেন মৃত্যু না দেখিতে পান...বস্তুতঃ লোকান্তরে নীত হইবার পূর্বে তাঁহার পক্ষে এই সাক্ষ্য দেওয়া হইয়াছিল যে, তিনি ঈশ্বরের প্রীতির পাত্র ছিলেন।” ইব্রীয় ১১:৫। খ্রীষ্টের দ্বিতীয় আগমনের সময় “পৃথিবী হইতে ক্রীত” (প্রকাশিত বাক্য ১৪:৩) লোকেরা খাঁটি ও পবিত্রতা যে অবস্থায় উন্নীত হবেন এই ভাববাদীর স্বর্গীয় চরিত্র তার এক দৃষ্টান্ত। যেভাবে মহা বন্যার পূর্বে হয়েছিল, সেই ভাবেই অপরাধ ও পাপ বিদ্যমান থাকবে। মানুষ ঈশ্বরের কর্তৃত্বের বিরুদ্ধে বিদ্রোহ করবে। কিন্তু হনোকের মতই যতক্ষণ না মশীহের প্রকৃতি প্রতিফলিত হয় ততক্ষণ ঈশ্বরের লোকেরা হৃদয়ের

পবিত্রতা কামনা করবে আর ঈশ্বরের ইচ্ছা মেনে চলবে। হনোকের মতই তারা ঈশ্বরের দ্বিতীয়বার আগমন সম্বন্ধে পৃথিবীকে সতর্ক করবে এবং তাদের খাঁটি জীবনের দৃষ্টান্ত দ্বারা অধার্মিকদের নিন্দা করবে। হনোককে যেভাবে স্বর্গে লোকান্তরিত করা হয়েছিল, ঠিক সেইভাবে, পৃথিবীকে আগুন দ্বারা ধ্বংস করার পূর্ব মুহূর্তে, জীবিত ধার্মিকদের রূপান্তরীকৃত করা হবে। ১ করিন্থীয় ১৫:৫১, ৫২; ১ থিষলনীকীয় ৪:১৬-১৮ দেখুন । PPBeng 51.4

অধ্যায় ৭—যখন জল দ্বারা পৃথিবী ধ্বংস করা হ'ল

PPBeng 53

নোহের সময় আদমের অবাধ্যতা ও কয়িনের হত্যা করার ফলে পৃথিবীতে দ্বিগুণ অভিশাপ নেমে এসেছিল। তথাপি পৃথিবী তখনও খুব সুন্দর ছিল। পর্বতরাজি সমুন্নত বৃক্ষে শোভিত ছিল; সমভূমি সহস্র সহস্র ফুলের সৌরভে সুরভিত ছিল। পৃথিবীর ফল ফলাদি প্রায় অপরিসীম ছিল। তখন বৃক্ষ আয়তনে ও সুষমতায় অনেক গুণে সুন্দর ছিল। ইহাদের কাঠের দানা খুবই সুন্দর ছিল ও পাথরের মত মজবুত ও দীর্ঘস্থায়ী ছিল। স্বর্ণ, রৌপ্য ও দামী পাথর যথেষ্ট পরিমাণে ছিল। PPBeng 53.1

মানব জাতি তাদের আগেকার শক্তি অনেকাংশই বহাল রাখতে পেরেছিল । অনেক দৈত্যতুল্য মানুষ তাদের জ্ঞানের জন্য বিখ্যাত ছিল, অত্যন্ত সুন্দর কারুকার্য তৈরীতে দক্ষ ছিল, কিন্তু তারা অন্যায় ও পাপে সহজে লিপ্ত হয়ে পড়ত। PPBeng 53.2

ঈশ্বর জল-প্লাবণের পূর্বে বসবাসকারী লোকদের অনেক অনেক বরে পূর্ণ করেছিলেন, কিন্তু ঐ সমস্ত দান তারা শুধু আত্মগৌরব বৃদ্ধিতে ব্যবহার করেছে এবং দাতার প্রতি তাদের ভালবাসা না দেখিয়ে তারা দানের প্রতি তাদের ভালবাসা দেখিয়েছে। তারা তাদের বাস গৃহ কৌশলপূর্ণ স্থাপত্যের দ্বারা সুন্দর করার জন্য একে অপরের সহিত প্রতিযোগিতায় লিপ্ত হয়েছে। তারা কামনাপূর্ণ ও দুষ্কৃতি-পূর্ণ দৃশ্যে পরমানন্দ পেত। আর তাদের চিন্তা ভাবনায় স্থান দিতে ইচ্ছা না থাকায় তারা শীঘ্রই তার অস্তিত্ব অস্বীকার করল। তারা মানুষের প্রতিভা গৌরবান্বিত করত, নিজের হাতের কাজকে প্রশংসা করত, এবং তাদের সন্তানদিগকে মূর্তিপূজা করতে শিক্ষা দিল। PPBeng 53.3

গীতসংহিতা লেখক মূর্তির প্রশংসার ফলাফল প্রশংসাকারীদের উপর কি হল তা লিখে বর্ণনা করেছেন। "যেমন তাহারা, তেমনি হইবে তাহাদের নির্মাতারা, আর যে কেহ সে গুলিতে নির্ভর করে।" গীতসংহিতা ১১৫:৮। মানব মনের একটি রীতি হলো যে আমরা যা অবলোকন করি ধীরে ধীরে আমরা তারই মত পরিবর্তিত হয়ে যাই। যদি মনকে সাধারণ মানবতার ঊর্ধ্বে না পৌছানো হয়, যদি অপরিসীম জ্ঞান ও প্রেমের উপর ধ্যান করার জন্য ইহাকে নিযুক্ত করা না হয়, তাহলে মানুষ অনবরত অধঃপতিত হতে থাকবে। "আর ঈশ্বর দেখিলেন, পৃথিবীতে মানুষের দুষ্টতা বড়, এবং তার হৃদয়ের চিন্তার সমস্ত কল্পনা সর্বদা কেবল মন্দ।...সেই সময়ে পৃথিবী ঈশ্বরের সাক্ষাতে ভ্রষ্ট, পৃথিবী অত্যাচারে পূর্ণ ছিল।" তাঁহার ব্যবস্থা লঙঘন হয়েছে, আর ফল হয়েছে সবধরণের পাপের কাজ। ন্যায় বিচারকে ধূলিস্যাৎ করা হয়েছে, এবং অত্যাচারীদের ক্রন্দন স্বর্গে ঈশ্বরের কাছে পৌছালো। PPBeng 53.4

মানব-জীবনকে অবহেলা করা হচ্ছিল

PPBeng 54

ঈশ্বরের নীতির বিরুদ্ধে গিয়ে বহু-বিবাহ প্রথা প্রথমেই স্থাপিত হয়। ঈশ্বর আদমকে এক স্ত্রী দিয়েছিলেন। কিন্তু পতনের পর মানুষ তার নিজের পাপপূর্ণ ইচ্ছা অনুসারে চলতে শুরু করল। ফলে অপরাধ ও চরম দুর্দশা বৃদ্ধি পেল। বিবাহ অথবা সম্পত্তির অধিকার কোনটাকেই সম্মান দেখানো হচ্ছিল না। মানুষ অতিরিক্ত অত্যাচার করতে শুরু করল। তারা প্রাণী হত্যাতে আনন্দ পেত আর যেহেতু মাংস খাদ্যরূপে ব্যবহার করা হচ্ছিল, তাই তা মানুষকে আরো নিষ্ঠুর ও রক্তপিপাসু করে তুলল; আর পরিশেষে তারা মানুষের জীবনকেও অত্যন্ত অবহেলার চোখে দেখতে আরম্ভ করল। PPBeng 54.1

পৃথিবী তখনও নবীন ছিল কিন্তু অন্যায়-অবিচার এত গভীর ও প্রসারিত হয়ে পড়ল যে ঈশ্বর বললেন, "আমি যে মানুষকে সৃষ্টি করিয়াছি, তাহাকে পৃথিবী হতে নির্মূল করিব"। তিনি ঘোষণা দিলেন যে, তাঁর আত্মা দোষী জাতিকে সর্বদা সহ্য করবে না। যদি তারা পাপের পথ পরিত্যাগ না করে তবে তিনি তাদের তাঁর সৃষ্টি হতে মুছে ফেলবেন; যে সমস্ত পশু ও উদ্ভিদ এত সমারোহ সহকারে খাদ্যের বন্দোবস্তে ব্যবহৃত হচ্ছিল, তাও তিনি ভাসিয়ে নিয়ে যাবেন, এবং এই পৃথিবীকে তিনি এক ধ্বংসস্তূপে পরিণত করবেন। PPBeng 54.2

জীবন রক্ষার্থে একটি জাহাজ

PPBeng 54

মহা-প্লাবনের একশত বিশ বছর আগেই ঈশ্বর নোহের নিকট তাঁর পৃথিবী ধ্বংস করার পরিকল্পনা জানালেন এবং তাকে একটি জাহাজ তৈরী করতে নির্দেশ দিলেন। ঈশ্বর পৃথিবীতে এক জলের প্লাবন আনবেন, এটা তাকে প্রচার করতে হবে। যারা এই প্রচারে বিশ্বাস আনবে এবং অনুতপ্ত হয়ে পরিবর্তন দ্বারা প্রস্তুত হবে, তারা ক্ষমা পাবে ও রক্ষা পাবে। মথুশেলহ ও তার ছেলেরা, যারা বেঁচে ছিলেন ও নোহের প্রচার শুনেছিলেন, জাহাজ নির্মাণে তারা সাহায্য করলেন। PPBeng 54.3

ঈশ্বর নোহকে জাহাজের সঠিক পরিমাপ দিলেন এবং এটি তৈরীর বিষয়ে প্রয়োজনীয় নির্দেশ দিলেন। মানুষের বুদ্ধি এ ধরণের মজবুত ও দীর্ঘ স্থায়ী একটি কাঠামো তৈরী করতে পারত না। ঈশ্বর ছিলেন নক্সা অংকনকারী আর নোহ ছিলেন দক্ষ নির্মাতা। এটা উঁচুতে তিন তালা ছিল এবং একপাশে মাত্র একটি দরজা ছিল। উপর দিক থেকে আলো আসত এবং সমস্ত কামরা এভাবে তৈরী করা হয়েছিল যে, প্রত্যেকটি আলোকিত হত। কাঠ ছিল মোচাকার বৃক্ষ অথবা গোফর কাঠ, যা শত শত বছরেও ক্ষয় পেত না। এই বৃহৎ জাহাজ তৈরী করা একটি ধীর পদ্ধতি ছিল। গাছের পরিমাপ ও কাঠের প্রকৃতির জন্য, উপযুক্ত কাঠ তৈরী করতে বর্তমান কালের চেয়ে অনেক বেশী সময়ের প্রয়োজন ছিল। কাজটিকে উপযুক্ত ও সুন্দর করার জন্য মানুষের দ্বারা যা সম্ভব সবই করা হয়েছিল। তথাপি জাহাজটি ঐ ঝড় মোকাবেলা করার মত মজবুত ছিল না। শুধু সর্বশক্তিমান ঈশ্বর এই ঝঞ্ঝাপূর্ণ জলে তার সন্তানদের রক্ষা করতে পারেন। PPBeng 55.1

"বিশ্বাসে নোহ, যাহা যাহা তখন দেখা যাইতেছিল না, এমন বিষয়ে আদেশ পাইয়া ভক্তিযুক্ত ভয়ে আবিষ্ট হইয়া আপন পরিবারের ত্রাণার্থে এক জাহাজ নির্মাণ করিলেন, এবং তদ্বারা জগকে দোষী করিলেন ও আপনি বিশ্বাসানুরূপ ধার্মিকতার অধিকারী হইলেন।" ইব্রীয় ১১৪৭। তার সতর্কবাণী দান করার মধ্যেই তার বিশ্বাস পাকা ও প্রকাশিত হল, ঈশ্বর যা বলেন তাতে বিশ্বাস আনার এটি ছিল একটি দৃষ্টান্ত। তার যা কিছু সম্পদ ছিল তিনি এই জাহাজ নির্মাণে তা ব্যয় করলেন। যখন তিনি জাহাজের বৃহৎ কাঠামো নির্মাণ করা শুরু করলেন, এই অদ্‌ভূত দৃশ্য দেখতে ও ভাববাদীর প্রচার শুনতে অসংখ্য লোক চতুর্দিক থেকে ছুটে এল। PPBeng 55.2

প্রথমে মনে হল অনেকেই সতর্কবাণী গ্রহণ করেছেন। কিন্তু সত্যিকার অনুতাপসহ তারা ঈশ্বরের দিকে ফিরল না। বিদ্যমান অবিশ্বাসের দ্বারা পরাস্ত হয়ে তারা পরিশেষে তাদের পুরাতন সাথীদের সহিত যুক্ত হল এবং গুরুত্বপূর্ণ সতর্কবাণী অগ্রাহ্য করল। অনেকেরই অপরাধবোধ এসেছিল এবং সতর্কবাণী গ্রহণ করতে প্রস্তুত ছিল, কিন্তু বিদ্রূপ করার জন্য এত অধিক সংখ্যক লোক ছিল যে, তারাও সেই একই দলে যুক্ত হল, অনুগ্রহের আহ্বান অগ্রাহ্য করল, আর শীঘ্রই তারা অত্যন্ত ঘৃণাত্মক বিদ্রূপকারীদের অন্তর্গত হল। কেউ এত অধিক পাপে লিপ্ত হয় না যত অধিক লিপ্ত হয় তারা যারা একবার ঈশ্বরের আলো গ্রহণ করার পরও আবার ঈশ্বরের অভিযোগকারী আত্মাকে প্রত্যাখ্যান করে। PPBeng 55.3

ঐ প্রজন্মের লোকেরা সকলেই পৌত্তলিক ছিল না। অনেকেই নিজেকে ঈশ্বরের আরাধনাকারীরূপে মনে করত। তারা দাবী করত যে, তাদের মূর্তি ঈশ্বরের প্রতীক স্বরূপ ও এর মধ্যেই লোকেরা স্বর্গীয় ঈশ্বরের স্বচ্ছ ধারণা লাভ করতে পারে। নোহকে অস্বীকার করায় এই শ্রেণীই ছিল প্রথম আর তারা শেষ পর্যন্ত ঘোষণা করল যে, ঈশ্বরের ব্যবস্থা আর বহাল নাই, আর অবাধ্যতাকে শাস্তি দেয়া ঈশ্বরের চরিত্রের বিপরীত। নোহকে অস্বীকার করার ফলে তাদের মন এত অন্ধ হয়ে গেল যে তারা আসলেই বিশ্বাস করল নোহের বাণী শুধু মাত্র মোহ। PPBeng 56.1

সমস্ত বিশ্ব ঈশ্বর ও তাঁর ব্যবস্থার বিরুদ্ধে চলে গেল এবং নোহকে এক ধর্মান্ধ ব্যক্তি বলে ধরে নিল। পার্থিব, সম্মানিত, ও বিজ্ঞ ব্যক্তিরা বলতে লাগলেন যে, "ভয় দেখানোর লক্ষ্যেই ঈশ্বর ভয় দেখাচ্ছেন, এবং এটা কখনো বাস্তবে পরিণত হবে না। যে পৃথিবী ঈশ্বর নিজে সৃষ্টি করেছেন তার ধ্বংস ও যে জীব সৃষ্টি করেছেন তার শাস্তি কখনো বাস্তবায়িত হবে না। ভয় পাবেন না, নোহ একজন ভয়ঙ্কর ধর্মান্ধ লোক।" তারা এমন ভাবে তাদের ধর্মান্ধতা ও দুষ্কর্ম চালিয়ে যেতে থাকল যে মনে হল ঈশ্বর তার সন্তানদের কোন কথাই বলেন নি। PPBeng 56.2

কিন্তু এই ঝড়ের মধ্যেও নোহ একটি পাথরের মত দাঁড়িয়ে রইলেন। ঈশ্বরের সাথে যুক্ত থাকায় অসীম শক্তিতে তিনি শক্তিশালী হলেন। এক'শ বিশ বসর যাব তখনকার প্রজন্মের

কানে ঐ সকল বিষয়ে তার সতর্কবাণী উচ্চারিত হতে থাকল যা, মানুষের জ্ঞানে বিচার-বিবেচনা করা অসম্ভব ছিল। PPBeng 56.3

তখন পর্যন্ত কোন বৃষ্টি হয়নি; পৃথিবী কুয়াশা দ্বারা সিঞ্চিত হতো। নদী কোন দিন সীমা অতিক্রম করেনি বরং তাদের জল নিরাপদে সমুদ্রে পৌঁছে দিয়েছে। নির্ধারিত আদেশ জলকে তীরদেশ ভাসিয়ে দেয়া হতে নিবৃত করেছে। ইয়োব ৩৮:১১ দেখুন। PPBeng 56.4

কিন্তু কাল বয়ে গেল; যে মানুষদের হৃদয় এক সময় ভয়ে কম্পিত হয়ে উঠেছিল তারা আবার নিশ্চিত বোধ করতে লাগল। তারা যুক্তি ও চিন্তা করল যে প্রকৃতি প্রকৃতির ঈশ্বরের চেয়ে বড়। যদি নোহের বাণী সত্যি হয় তবে প্রকৃতি ও তার নির্দিষ্ট পথ হতে বিচ্যুত হয়ে পড়বে। সতর্ক বাণী উচ্চারণের পূর্বে যেভাবে জীপন যাপন করছিল সেই একই ভাবে জীবন যাপনের মাধ্যমে তারা ঈশ্বরের প্রতি তাদের ঘৃণা প্রকাশ করল। তারা তাদের আনন্দ উৎসব ও প্রচুর ভোজন পান অব্যাহত রাখল। তারা পানাহারে ব্যস্ত থাকল। তারা বল্ল যে যদি নোহ যা বলেছিলেন তাতে কোন সত্য থাকত তবে নিশ্চয়ই বিখ্যাত লোক জ্ঞানী, বুদ্ধিমান, ও মহৎ-লোকেরা এ বিষয়ে বুঝতে পারতেন। PPBeng 57.1

তাদের বিচারকালের সময় শেষ হতে চলেছিল। যেভাবে ঈশ্বর নির্দেশ দিয়েছিলেন সে ভাবেই জাহাজের প্রত্যেক অংশ নির্মাণ করা হল এবং মানুষ ও প্রাণীর জন্য খাদ্য একত্রিত করা হল। আর এখন ঈশ্বরের সন্তান তার শেষ গুরু-গম্ভীর অনুরোধ জানালেন। তিনি অনুরোধ করলেন যে সময় থাকতে তারা যেন কোন আশ্রয় খুঁজে নেয়। আবারও তারা তার কথা অগ্রাহ্য করল এবং তাকে বিদ্রূপ করল। PPBeng 57.2

অকস্মাৎ পর্বত ও জঙ্গল হতে নানা রকমের প্রাণী আসতে দেখা গেল, এবং এগুলো ধীর গতিতে জাহাজের ভিতরে প্রবেশ করতে লাগল। সব রকমের পাখি চতুর্দিক হতে এসে সুশৃঙ্খল ভাবে জাহাজে প্রবেশ করল। সব রকম জীব- জন্তু জোড়া জোড়া জাহাজে নোহের নিকট প্রবেশ করল, শুচি প্রাণী সাত জোড়া করে প্রবেশ করল। দার্শনিকদের ডাকা হল যেন তারা ঐ ঘটনার ব্যাখ্যা দেন, কিন্তু তারা বিফল হলেন। অভিশপ্ত জাতি আনন্দ উল্লাস করে তাদের হৃদয়ের ভয়কে দূর করার জন্য আনন্দে মেতে উঠল, মনে হল যেন ঈশ্বরের জাগরিত ধ্বংসকে তারা আমন্ত্রণ জানাচ্ছে। PPBeng 57.3

ঈশ্বর নোহকে আদেশ করলেন, “তুমি সপরিবারে জাহাজে প্রবেশ কর, কেননা এই কালের লোকদের মধ্যে তোমাকেই ধার্মিক দেখিয়াছি।” তার প্রভাব ও দৃষ্টান্ত তার পরিবারের জন্যও অনুগ্রহ বয়ে আনল। ঈশ্বর তার সহিত তার পরিবারের সকলকে রক্ষা করলেন। PPBeng 57.4

একজন দূত দরজা বন্ধ করেন

PPBeng 58

মাঠের পশুরা ও আকাশের পাখিরা আশ্রয় স্থলে প্রবেশ করল। নোহ ও তার পরিবারের সকলে জাহাজের মধ্যে গেলেন আর "ঈশ্বর তাহার পিছনে দরজা বন্ধ করিলেন।" যে বৃহৎ দরজা ভেতর থেকে বন্ধ করা কারো জন্য সম্ভব ছিল না, তা ধীরে ধীরে অদৃশ্য হাতের দ্বারা বন্ধ হয়ে গেল। নোহ ভিতরে বন্ধ হলেন আর যারা ঈশ্বরের অনুগ্রহ অগ্রাহ্য করেছিল তারা বাইরে আটকা পড়লেন। স্বর্গ হতে মেঘের মধ্যে তার আগমনের আগে যখন মশীহ পাপীদের পক্ষে মধ্যস্থতা করা একই ভাবে বন্ধ করে দেবেন, তখন অনুগ্রহের দরজা বন্ধ হয়ে যাবে। তখন স্বর্গীয় অনুগ্রহ আর দুষ্কৃতিকারীদের বাধা দেবে না, এবং তখন যারা অনুগ্রহ অগ্রাহ্য করেছেন শয়তান তাদের পুরোপূরী নিয়ন্ত্রণে নিয়ে নেবে। তারা ঈশ্বরের লোকদের ধ্বংস করার চেষ্টা চালাবে; কিন্তু যে ভাবে নোহ জাহাজে বন্ধ হয়েছিলেন, ঠিক সেই ভাবে ধার্মিকগণ স্বর্গীয় ক্ষমতা দ্বারা বেষ্টিত হবেন। PPBeng 58.1

নোহ ও তার পরিবার জাহাজে প্রবেশ করার সাত দিন পর্যন্ত ঝড়ের কোন লক্ষণ দেখা গেল না। ঐ সময়ে তাদের বিশ্বাসের পরীক্ষা করা হল। তখন বাইরের জগত বিজয় গৌরবে গর্বিত ছিল। তারা ঈশ্বরের ক্ষমতা প্রকাশের বিষয়ে বিদ্রূপ করতে লাগল। তারা জাহাজের চতুর্দিকে একত্রিত হলো এবং ভিতরের লোকদের নানা প্রকার বিদ্রূপ ও অত্যাচারের ভয় দেখাতে লাগল যা এর আগে কখনো এত তীব্রতার সাথে করা হয়নি। কিন্তু অষ্টম দিনে আকাশ কালো মেঘে ঢেকে গেল। আর বজ্রের গর্জন শোনা গেল ও বিদ্যুতের চমকানি দেখা গেল। শীঘ্রই বৃষ্টির বড় বড় ফোটা পড়তে আরম্ভ করল। পৃথিবীতে এর আগে কখনো এ ধরণের জিনিস দেখেনি, এবং মানুষের হৃদয় ভয়ে কাঁপতে লাগল। সকলেই গোপনে অনুসন্ধান করতে লাগল, "এটা কি হতে পারে যে নোহ সত্য বলেছিলেন এবং পৃথিবীর ধ্বংসের মুহূর্ত উপস্থিত?" জীব-জন্তু প্রচন্ড ভয়ে এদিক ওদিক ছুটাছুটি করতে আরম্ভ করল। তখন, "মহাসাগরের সমস্ত ফোয়ারা ভাঙ্গিয়া গেল, এবং আকাশের জানালা সকল খুলিয়া গেল।" মেঘ হতে জলপ্রপাতের মতো তীব্র বেগে জল নেমে আসতে লাগলো। নদী তীর ছাপিয়ে উপত্যকাসমূহ প্লাবিত করল। ভূমি হতে জলের ফোয়ারা প্রচন্ড বেগে জল ছাড়তে লাগল। PPBeng 58.2

লোকেরা প্রথমে দেখল যে আকাশ হতে তাদের সুন্দর সুন্দর ঘরবাড়ী, বাগান ও কুঞ্জ ধ্বংস হয়ে গেল, সেগুলির মধ্যে তারা রেখেছিল তাদের তৈরী প্রতিমা সমূহ। যে সমস্ত বেদীতে মানুষ বলি দেয়া হতো তা চূর্ণবিচূর্ণ হয়ে গেল, এবং পূজারীগণ জীবন্ত ঈশ্বরের ক্ষমতা দেখে ভয়ে কাঁপতে লাগল। PPBeng 59.1

যখন দুর্যোগের প্রচন্ডতা বাড়তে লাগল তখন মানুষ ও জীবসকল বর্ণনাতীত ভাবে ভীত হলো। ঝড়ের গর্জন ছাপিয়ে সেই সমস্ত লোকদের কান্নার ধ্বনি শোনা যাচ্ছিল যারা ঈশ্বরের কর্তৃত্বকে ঘৃণা করত। বিভিন্ন ঝঞ্জাগ্রস্ত উপাদানের মধ্যে থাকতে বাধ্য করায় শয়তান স্বয়ং তার অস্তিত্বের ভয়ে ভীত হয়ে পড়ল। সে ঈশ্বরের বিরুদ্ধে অভিশাপ দিতে লাগল। শয়তানের মত অনেক লোকও ঈশ্বরের বিরুদ্ধে অভিশাপ দিতে থাকল। অন্যেরা ভয়ে

দিশেহারা হয়ে জাহাজের দিকে হাত প্রসারিত করল, ও ভিতরে প্রবেশের জন্য আকুল আবেদন করতে লাগল। পরিশেষে বিবেক সাড়া দিল যে এক ঈশ্বর স্বর্গ, আকাশ ও পৃথিবী শাসন করেন। PPBeng 59.2

তারা তাকে সনির্বন্ধ ভাবে আহবান জানাল, কিন্তু তাদের ক্রন্দন তার কাণে পৌছাল না। ঐ ভয়ঙ্কর মুহূর্তে তারা বুঝতে পারল যে ঈশ্বরের আজ্ঞা লঙঘন করাতেই তাদেও উপর ধ্বংস নেমে এসেছে। তথাপি তারা সত্যিকার ভাবে অনুতপ্ত হলো না, এবং পাপের প্রতি তাদের ঘৃণার উদ্রেক হ'ল না। যদি সময় তাদের বিচার বন্ধ করা হ'ত তবে তারা ঈশ্বরের প্রতি তাদের বিদ্রোহ বহাল রাখত। PPBeng 59.3

অনেকেই জাহাজে শক্ত ভাবে ততক্ষণ আকড়ে ধরে থাকল যতক্ষণ না জলের ঢেউ এসে তাদের ভাসিয়ে নিল অথবা গাছ বা পাথরের সহিত ধাক্কা লেগে তাদের হাত জাহাজ হতে ছুটে গেল। নির্দয় বাতাসের আঘাতে বৃহৎ জাহাজটির প্রত্যেক অংশ প্রচন্ডভাবে কাঁপতে লাগল। জাহাজের ভিতরের প্রাণীর গর্জন ও চিকার তাদের ভয় ও ব্যথা প্রকাশ করল। তথাপি নিরাপদেই জাহাজ জলের উপর ভাসতে লাগল। দূতগণ এটাকে রক্ষা করার দায়িত্বে নিযুক্ত হয়েছিলেন। PPBeng 59.4

কোথায় কেউ কেউ নিজেদের সন্তানদের শক্তিশালী প্রাণীর উপরে বেধে ফেললেন, মনে করলেন যে এই প্রাণীরা ক্রমবর্ধমান...আত্মরক্ষার জন্য উচ্চতম অংশে আরোহণ করবে। কেউ কেউ পাহাড় বা পর্বতের দীর্ঘতম গাছে নিজেদের বেধে রাখলেন, কিন্তু গাছগুলি উপাটিত হয়ে মহা তরঙ্গের মধ্যে পড়ে গেল। জল যখন বৃদ্ধি পেতে লাগল তখন লোকেরা উচ্চতম পর্বত সমূহে আশ্রয় নিল। অনেক সময় মানুষ ও প্রাণী একত্রে একই স্থানে দাঁড়িয়ে থাকার চেষ্টা চালালো যতক্ষণ না উভয়ই স্রোতে ভেসে গেল। PPBeng 59.5

উচ্চতম চূড়াসমূহ হতে লোকেরা কূল বিহীন মহা সমুদ্রের দিকে তাকিয়ে দেখতে লাগল। ঈশ্বরের সন্তানদের সতর্কবাণী আর এখন বিদ্রূপের ব্যাপার বলে মনে হচ্ছিল না। পাপীরা আর একটি ঘন্টার সময়ের জন্য কাতর অনুরোধ জানাল, নোহের মুখের আহবান আর একবার শুনতে চাইল। কিন্তু ন্যায় বিচারের সমতুল্য প্রেম ও দাবী জানায় যে ঈশ্বরের বিচার পাপকে বাধা দেবে। ঈশ্বরকে ঘৃণাকারীরা অন্ধকারের অতলে ধ্বংসপ্রাপ্ত হ'ল। PPBeng 60.1

মহা-প্লাবনের পূর্বের অবস্থা

PPBeng 60

যে পাপের জন্য প্লাবন-পূর্ব লোকদের উপর প্রতিফল নেমে এসেছিল, সে ধরণের পাপ আজও পৃথিবীতে বিদ্যমান। মানুষের হৃদয় হতে ঈশ্বরের প্রতি ভয় দূর হয়ে গেছে। তার ব্যবস্থাকে অবহেলা ও ঘৃণা করা হচ্ছে। “কারণ জলপ্লাবনের সেই পূর্ববর্ত্তী কালে, জাহাজে নোহের প্রবেশ দিন পর্য্যন্ত, লোকে যখন ভোজন ও পান করিত, বিবাহ করিত ও বিবাহিতা

হইত, এবং বুঝিতে পারিল না, যাবৎ না বন্যা আসিয়া সকলকে ভাসাইয়া লইয়া গেল; তদ্রূপ মনুষ্যপুত্রের আগমন হইবে।” মথি ২৪:৩৮, ৩৯। ঈশ্বর বন্যার আগের লোকদের ভোজন ও পানের জন্য শাস্তি দেন নি। তিনি তাদের ভূমির ফসল দিয়েছেন তাদের দৈহিক প্রয়োজন মেটানোর জন্য। তাদের পাপ ছিল যে তারা দাতার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন ছাড়াই ঐ দানসমূহ গ্রহণ করেছিল, দ্বিদ্ধাহীনভাবে তারা তাদের বাসনাতে গা ভাসিয়ে দিয়েছিল। বিয়ে করা আইন সংগত ছিল। তিনি এই অনুষ্ঠান সম্বন্ধে বিশেষ নির্দেশ দিয়েছিলেন যার মাধ্যমে এটাকে পবিত্র ও সৌন্দর্য মন্ডিত করেছিলেন। কিন্তু বিয়েকে বিকৃত করা হয়েছিল এবং কামোচ্ছাসের দাসে পরিণত করা হয়েছিল। PPBeng 60.2

বর্তমান কালের অবস্থাও অনুরূপ

PPBeng 60

একইরূপ অবস্থা বর্তমানেও বিরাজমান। নির্দ্বিধায় সকলে ক্ষুধা ও কামোচ্ছাসে প্রবৃত্ত হয়। খ্রীষ্টের অনুগামী বলে দাবীকারীরাও মাতালদের সহিত ভোজন-পান করে থাকেন। অমিতাচার, নৈতিক ও জাগতিক ক্ষমতাকে ভোতা, করে ফেলে এবং নগ্নমানের আবেগে অসংযত ভাবে জড়িয়ে পড়ার অনুভূতি জাগিয়ে তোলে। বহু সংখ্যক লোকেরা কামোচ্ছাসের ক্রীতদাসে পরিণত হন এবং ইন্দ্রিয়ের ইচ্ছা পূরণে জীবন ব্যয় করেন। অসংযম সমাজের রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে। বিলাস ও বাহ্যিক প্রদর্শনের জন্য সততাকে বলি দেয়া হচ্ছে। প্রতারণা, উৎকোচ, চুরি, ধিক্কারহীন ভাবে বেড়ে চলেছে। খবরের কাগজে অপরিমিত ঠান্ডা মাথায় সংঘটিত এই ধরণের অপরাধ কাহিনী নিয়ত ছাপা হচ্ছে যে মনে হয় মানবতার শেষ রেশটুকুও মুছে গেছে। আর এই নৃশংসতা এত সাধারণ ঘটনা হয়ে গেছে যে এগুলি কারো মনে কোন বিশেষ অনুভূতির সৃষ্টি করে না। নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ার পর, আইন অমান্যকারীতার আবদ্ধ আগুন পৃথিবীকে দুঃখ ও নিঃসঙ্গতায় ভরে তুলবে। প্রাক-বন্যা জগৎ যে অবস্থার প্রকাশক আধুনিক জগত দ্রুত সেই দিকে ধাবিত হচ্ছে। PPBeng 60.3

ঈশ্বর পৃথিবীকে সতর্ক করার জন্য নোহকে পাঠিয়েছিলেন যেন লোকেরা অনুতাপ করে এবং আশু ভয়ঙ্কর ধ্বংস হতে রক্ষা পায়। যখন খ্রীষ্টের দ্বিতীয় আগমন সন্নিকট হতে থাকে, ঈশ্বর তার সন্তানকে এক সতর্কবাণী সহকারী প্রেরণ করলেন যেন লোকেরা মহা-ঘটনার জন্য প্রস্তুত হয়। অনেকেই জীবন যাপনে ঈশ্বরের আজ্ঞা লঙঘন করেছে, আর এখন তিনি তার মহা অনুগ্রহের জন্যই তাদের আহবান জানাচ্ছেন যেন তারা তার শিক্ষা মানে। যারাই তাদের পাপ অনুতাপ ও মশীহে বিশ্বাস আনার মাধ্যমে পাপ পরিত্যাগ করে তাদেরই ক্ষমা করে দেয়া হয়। কিন্তু অনেকেই সতর্কবাণী অস্বীকার করে এবং তার ব্যবস্থার কর্তৃত্বকে অবহেলা করে। PPBeng 61.1

বন্যার আগের সমস্ত লোকদের মধ্যে মাত্র আট জন নোহের মাধ্যমে প্রেরিত ঈশ্বরের বাণী গ্রহণ করেছিল। সেইরূপ অবাধ্যদের শাস্তি প্রদানের জন্য আইন লঙঘনকারীদের সতর্ক করা হচ্ছে যেন তারা অনুতাপ করে; কিন্তু অধিকাংশের কাছেই এই সতর্কবাণী বৃথা হবে। "প্রথমে ইহা জ্ঞাত হও যে, শেষকালে উপহাসের সহিত উপহাসকেরা উপস্থিত হইবে; তাহারা আপন আপন অভিলাষ অনুসারে চলিবে, এবং বলিবে, তাঁহার আগমনের প্রতিজ্ঞা কোথায়? কেননা যে অবধি পিতৃলোকেরা নিদ্রাগত হইয়াছেন, সেই অবধি সমস্তই সৃষ্টির আরম্ভ অবধি যেমন, তেমনই রহিয়াছে।" ২ পিতর ৩:৩, ৪। PPBeng 61.2

যীশু এই গুরুত্বপূর্ণ প্রশ্ন করেছিলেন, "কিন্তু মনুষ্যপুত্র যখন আসিবেন, তখন কি পৃথিবীতে বিশ্বাস পাইবেন?" লূক ১৮৪৮। "কিন্তু আত্মা স্পষ্টই বলিতেছেন, উত্তর কালে কতক লোক ভ্রান্তিজনক আত্মাদিগেতে ও ভূতগণের শিক্ষামালায় মন দিয়া বিশ্বাস হইতে সরিয়া পড়িবে।" ১ তীমথিয় ৪:১। "কিন্তু ইহা জানিও, শেষকালে বিষম সময় উপস্থিত হইবে।" ২ তীমথিয় ৩:১। PPBeng 61.3

যখন বিচারকাল শেষ হয়

PPBeng 62

যখন তাদের বিচার কাল শেষ হতে থাকল, তখন প্রাক-বন্যা লোকেরা অত্যন্ত উত্তেজনাকর আনন্দে মেতে উঠল এবং হাসিখুসি ও প্রমোদের মধ্যে গা ঢেলে দিল। আমাদের কালেও লোকেরা আরাম-আয়েসের অনুসন্ধানে ব্যস্ত। উল্লাসের পর উল্লাস লোকদের সেই সত্য দ্বারা প্রভাবিত হওয়া থেকে দূরে রাখছে যে সত্য তাদের আগত ধ্বংস হতে রক্ষা করতে পারত। PPBeng 62.1

নোহের সময় দার্শনিকরা বলেছিলেন যে পৃথিবী জল দ্বারা ধ্বংস প্রাপ্ত হবেনা। এইরূপ বর্তমানের বৈজ্ঞানিকরা এটা দেখতে চেষ্টা করেন যে পৃথিবী আগুন দ্বারা ধ্বংস হতে পারে না। কিন্তু যখন সকলে মনে করেছিল যে নোহের ভবিষ্যত বাণী শুধুমাত্র প্রবঞ্চনা, তখন ঈশ্বরের সময় উপস্থিত হয়েছিল। "আর নোহের সময়ে যেরূপ হইয়াছিল, "মনুষ্যপুত্র যে দিন প্রকাশিত হইবেন, সে দিনেও সেইরূপ হইবে।" লূক ১৭৪২৬, ৩০। "কিন্তু প্রভুর দিন চোরের ন্যায় আসিবে; তখন আকাশমন্ডল হূহূ করিয়া উড়িয়া যাইবে, এবং মূলবস্তু সকল পুড়িয়া বিলীন হইবে, এবং পৃথিবী ও তাহার মধ্যবর্তী কার্য্য সকল পুড়িয়া যাইবে।" ২ পিতর ৩:১০। PPBeng 62.2

যখন ঈশ্বরের সতর্কবাণীকে অস্বীকার করে ও তার বাণী বাহককে বিদ্রূপ করে ধর্মীয় শিক্ষকরা শান্তি ও উন্নতি যুগের আগমনের প্রতি ইশারা করছেন, এবং পৃথিবী চাষাবাদ, গৃহ নির্মাণ, ভোজন পান ও আনন্দ করতে মগ্ন, তখনই "আকস্মিক বিনাশ উপস্থিত হয়, আর তাহারা কোন ক্রমে এড়াইতে পারিবে না।" ১ থিষলনীকীয় ৫:৩। PPBeng 62.3

অধ্যায় ৮—প্লাবনের পরে এক নতুন সূচনা

PPBeng 63

জল উচ্চতম পর্বতেরও উপরে উঠে গেল। আর যখন পাঁচ মাস যাবৎ তাদের জাহাজ চারিদিকে বিক্ষোভিত হচ্ছিল তখন জাহাজের ভিতরের পরিবারের মনে হচ্ছিল যে তারাও ধ্বংস প্রাপ্ত হবে। এটা খুবই কষ্টকর পরীক্ষা ছিল, কিন্তু নোহের বিশ্বাস এতটুকুও নড়েনি। PPBeng 63.1

যখন জল কমতে আরম্ভ করল, তখন ঈশ্বর জাহাজটিকে কতকগুলি পর্বতের মধ্যে এক স্থানে ভেসে যেতে দিলেন। এই পর্বতগুলি ঈশ্বরের ক্ষমতায় রক্ষা পেয়েছিল। এই গাছগুলি অল্প অল্প দূরত্বে অবস্থিত ছিল, আর এই শান্ত আশ্রয়ে এদিকে ওদিকে যাতায়াত করতে লাগল। এতে শ্রান্ত, ক্লান্ত, বিক্ষুব্ধ যাত্রীদের প্রচুর শান্তি দিল। PPBeng 63.2

নোহ ও তার পরিবার আবার ভূমিতে পা রাখার জন্য আকুল ছিল। পর্বতের চূড়া দেখা যাবার চল্লিশ দিন পর তারা একটি দাঁড় কাককে বাইরে ছেড়ে দিলেন যে এটি ভূমি শুকিয়েছে কিনা তা আবিষ্কার করতে পারে। এই পাখী জল ছাড়া আর কোন কিছু না পেয়ে জাহাজের চতুর্দিকে ঘুরতে লাগল। সাত দিন পরে একটি কপোতকে পাঠানো হলো, যা পা রাখার কোন স্থান না পেয়ে আবার জাহাজে ফিরে এল। নোহ আরো সাতদিন অপেক্ষা করার পর আবারও কপোতটিকে পাঠালেন। যখন সন্ধ্যার সময় এটি একটি জলপাই গাছের পাতা ঠোঁটে নিয়ে জাহাজে ফিরে এল তখন সকলে খুবই উল্লাসিত হল। তথাপি নোহ যাত্রার জন্য বিশেষ নির্দেশের অপেক্ষা করলেন। PPBeng 63.3

অবশেষে একজন দূত জাহাজের বৃহৎ দরজাটি খুলে দিলেন আর কূলপতিকে তার পরিবারসহ পৃথিবীতে নেমে যেতে বলেলন এবং সমস্ত প্রাণীকে তাদের সাথে নিয়ে যেতে নির্দেশ দিলেন। নোহ তাকে ভুললেন না যার অনুগ্রহ ও যত্নে তারা রক্ষা পেয়েছিলেন। তার প্রথম কাজ ছিল একটি যজ্ঞ বেদী তৈরী করে একটি বলি দেয়া, এবং এর মাধ্যমে তাদের রক্ষার জন্য ঈশ্বরের প্রতি তার কৃতজ্ঞতা জ্ঞাপন করা ও ক্রুশে হত খ্রীষ্টের উপর তার বিশ্বাসের প্রমাণ করা। এই বলি ঈশ্বরের নিকট খুবই আনন্দদায়ক ছিল, এবং এই অনুগ্রহ শুধুমাত্র কূলপতি ও তার পরিবারের প্রতি নয় কিন্তু পৃথিবীতে যারাই বাস করবে তাদের সকলের প্রতি বর্ষিত হলো। "আর সদাপ্রভু মনে মনে কহিলেন, আমি মানুষের জন্য আর ভূমিকে অভিশাপ দিব না,...যাব পৃথিবী থাকিবে, তাব শস্য বপনের ও শস্য ছেদনের সময়, এবং শীত ও উত্তাপ, এবং গ্রীষ্মকাল ও হেমন্ত কাল, এবং দিবা ও রাত্রি, এই সকলের নিবৃত্তি হইবে না।" নোহ একটি বিরান ভূমিতে অবতরণ করলেন, কিন্তু নিজের জন্য গৃহ তৈরীর আগে, তিনি ঈশ্বরের জন্য যজ্ঞ বেদী তৈরী করলেন। তার পশুপাল খুবই অল্প ছিল, তথাপি সমস্ত কিছুই যে তারই এর স্বীকারোক্তি স্বরূপ তিনি এর (পশু পালের) একটি অংশ ঈশ্বরকে

দিলেন। একই ভাবে আমাদের প্রতি তার অনুগ্রহের স্বীকার স্বরূপ আমাদের বাধ্যতা প্রদর্শন করা ও তার কাজে দান করা উচিত। PPBeng 63.4

মেঘধনু- ঈশ্বরের অনুগ্রহের নিদর্শন PPBeng 64.1

পাছে লোকে বন্যার ভয়ে ভীত হয়, ঈশ্বর নোহের পরিবারকে একটি প্রতিজ্ঞা দ্বারা উসাহিত করলেনঃ "আমি তোমাদের সহিত আমার নিয়ম স্থির করি;...পৃথিবীর বিনাশার্থ জলপ্লাবন আর হইবে না।...আমি মেঘে আপন ধনু স্থাপন করি, তাহাই পৃথিবীর সহিত আমার নিয়মের চিহ্ন হইবে। যখন আমি পৃথিবীর ঊর্ধ্বে মেঘের সঞ্চার করিব, তখন সেই ধনু মেঘে দৃষ্ট হইবে; .... আমি তাহার প্রতি দৃষ্টিপাত করিব; তাহাতে মাংসময় যত প্রাণী পৃথিবীতে আছে তাহাদের সহিত ঈশ্বরের যে চিরস্থায়ী নিয়ম, তাহা আমি স্মরণ করিব।" PPBeng 64.2

ঈশ্বরের প্রসন্নতা কি মহান ও তাঁর বিপথগামী জীবের প্রতি তার মহানুভূতি কতই না মহান । PPBeng 64.3

এটার অর্থ এ নয় যে তিনি কখনো ভুলে যাবেন না, কিন্তু তিনি শুধুমাত্র আমাদের ভাষায় কথা বলছেন। যখনই ছেলেমেয়েরা আকাশে মেঘধনুর অর্থ জানতে চাবে, তখন তাদের পিতা মাতারা তাদের বলবে যে ঈশ্বর ধনুটি মেঘে স্থাপন করে আমাদের আশ্বস্ত করছেন যে পৃথিবী আর কোনদিন জলে ডুববে না এবং মানুষের প্রতি ঈশ্বরের প্রেমের সাক্ষা হবে এবং ঈশ্বরের উপর তাদের বিশ্বাসকে দৃঢ় করবে। PPBeng 64.4

স্বর্গে ঈশ্বরের সিংহাসনের চতুর্দিকে মেঘধনুর প্রতীক বিরাজ করে এবং খ্রীষ্টের মাথার চতুর্দিকেও মেঘধনুর প্রতীক রয়েছে । যখন মানুষ তার প্রচন্ড পাপ দ্বারা তার উপর ঈশ্বরের বিচারের আহ্বান জানায়, তখন মুক্তিদাতা মেঘের মধ্যে মেঘধনু এবং ঈশ্বরের ক্ষমতার চতুর্দিকের মেঘধনুর প্রতি নির্দেশ করে অনুতপ্ত পাপীদের জন্য আশীর্বাদ কামনা করেন । PPBeng 64.5

"বস্তুতঃ আমার নিকটে ইহা নোহের জলসমূহের সদৃশ; কারণ আমি যেমন শপথ করিয়াছি যে, নোহের জলসমূহ আর ভূতল প্লাবিত করিবে না, তেমনি এই শপথ করিলাম যে, তোমার প্রতি আর ক্রুদ্ধ হইব না, তোমাকে আর ভর্ৎসনাও করিব না ।...আমার দয়া তোমা হইতে সরিয়া যাইবে না, এবং আমার শান্তি-নিয়ম টলিবে না; যিনি তোমার প্রতি অনুকম্পা করেন, সেই সদাপ্রভু ইহা কহেন ।" যিশাইয় ৫৪:৯, ১০। PPBeng 65.1

যখন নোহ যে সমস্ত শক্তিশালী প্রাণী জাহাজ থেকে বের হল, তাদের দিকে তাকালেন, তখন ঈশ্বর এক দূতের মাধ্যমে এক অভয় বাণী দিলেনঃ "পৃথিবীর যাবতীয় প্রাণী ও আকাশের যাবতীয় পক্ষী তোমাদের হইতে ভীত ও ত্রাসযুক্ত হইবে; সমস্ত ভূচর জীব ও সমুদ্রের সমস্ত মৎস্যশুদ্ধ সে সকল তোমাদেরই হস্তে সমর্পিত। প্রত্যেক গমনশীল প্রাণী তোমাদের খাদ্য হইবে; আমি হরিৎ ওষধির ন্যায় সে সকল তোমাদিগকে দিলাম।" এর আগে

ঈশ্বর প্রাণীর মাংস খেতে অনুমতি দেন নি, কিন্তু এখন যখন সমস্ত সবুজ জিনিষ ধ্বংস হয়ে গিয়েছে তখন তিনি যে সমস্ত প্রাণী জাহাজে ছিল তাদের শুচি প্রাণীর মাংস খেতে অনুমতি দিলেন। PPBeng 65.2

মহা বন্যার সময় সমস্ত ভূপৃষ্ঠ পরিবর্তিত হয়ে গেল। প্রত্যেক জায়গায় মৃত দেহ ছড়ানো ছিল। সদাপ্রভু এগুলোকে ঐ ভাবে থেকে পঁচতে ও আবহাওয়া নষ্ট করতে দিতে পারেন না। এক প্রচন্ড বায়ূ যা জল শুকানোর জন্য আনা হয়েছিল তা আরো প্রচন্ড ভাবে বয়ে ঐ মৃত দেহগুলি উড়িয়ে নিয়ে গেল, _এবং কখনো কখনো ঐ বায়ুর বেগ এত বেশী হলো যে পাহাড়ের চূড়া ও গাছপালা উপড়ে নিয়ে গেল এবং মৃত দেহগুলোর উপর গাছ, পাথর ও মাটি চাপা দিল। এই একই পদ্ধতিতে স্বর্ণ ও রৌপ্য, মূল্যবান কাঠ ও দামী পাথর যা বন্যার আগে পৃথিবীকে মহিমান্বিত করেছিল, তাও হারিয়ে গেল। জলের প্রচন্ড স্রোতধারা এ সমস্ত সম্পদের উপর মাটির পাহাড় ঢেলে দিচ্ছিল, এমন কি এর উপর কোন কোন স্থানে এগুলির উপর পর্বত মালার সৃষ্টি করল। ঈশ্বর দেখলেন যে তিনি যতই পাপী মানব জাতিকে ধন-সম্পদে বিভূষিত করেন, ততই তারা তার দৃষ্টিতে যা পাপের কাজ তাই করে। PPBeng 65.3

যে পর্বতগুলি একদা খুবই সুন্দর ছিল, তা এখন ভঙ্গুর ও এলোপাথাড়িতে পরিণত হল। শৈল শিলা ও বিশাল পাথর ভূপৃষ্ঠের উপর ছড়িয়ে থাকল। যেখানে এক সময় স্বর্ণ, রৌপ্য, ও মূল্যবান ধাতুর প্রাচুর্য ছিল সেখানেই অভিশাপের গভীরতম চিহ্ন দেখা গেল। যে সমস্ত দেশে কোন বসতি ছিল না এবং যেখানে পাপের বোঝা কিছুটা কম ছিল, সেখানে অভিশাপ একটু কম দেখা গেল। PPBeng 65.4

খ্রীষ্টের দ্বিতীয় আগমনের সময়, অভিশাপের তীব্রতার যে অভিজ্ঞতা মানুষ অদ্যাবধি পায় নি, তার প্রকাশ হবে। আকাশ হতে বজ্র যখন পৃথিবীর আগুনের সাথে মিলবে, তখন পর্বত চুলার মত দাউ দাউ করে জ্বলবে, আর লাভার বন্যায় বাগান ও মাঠ, গ্রাম ও শহর পূর্ণ হয়ে যাবে। প্রত্যেক জায়গায় ভয়ঙ্কর ভূমিকম্প হবে ও লাভা নির্গত হতে থাকবে। PPBeng 66.1

এই ভাবে ঈশ্বর দুষ্টদের পৃথিবী হতে ধ্বংস করবেন। আর যে ভাবে নোহ জাহাজে রক্ষা পেয়েছিলেন, সেই ভাবে ধার্মিকগণ রক্ষা পাবেন। গীতসংহিতায় বলা হয়েছে “হাঁ, সদাপ্রভু তুমিই আমার আশ্রয়, তুমি পরাৎপরকে আপনার বাসস্থান করিয়াছ; তোমার কোন বিপদ ঘটিবে না, কোন উৎপাত তোমার তাম্বুর নিকটে আসিবে না।” গীতসংহিতা ৯১:৯, ১০; ১৪ পদ এবং ২৭:৫ দেখুন। PPBeng 66.2

অধ্যায় ৯—আক্ষরিক সপ্তাহের আরম্ভ

PPBeng 67

বিশ্রামদিনের মত, সপ্তাহও সৃষ্টির সময় হতেই শুরু হয়, এবং বাইবেলের ইতিহাসে রক্ষা করা হয়। ঈশ্বর নিজেই প্রথম সপ্তাহকে পরিমাপ করে নির্ধারণ করে দেন। এর মধ্যে সাতটি আক্ষরিক দিন রয়েছে। সৃষ্টির কাজে ছয় দিনের প্রয়োজন হয়। সপ্তম দিন ঈশ্বর বিশ্রাম করলেন, আর এটাকে মানুষের জন্য একটি বিশ্রামের দিনরূপে নির্ধারিত করেন। “কেননা সদাপ্রভু আকাশমন্ডল ও পৃথিবী, সমুদ্র ও সেই সকলের মধ্যবর্তী সমস্ত বস্তু ছয় দিনে নির্মাণ করিয়া সপ্তম দিনে বিশ্রাম করিলেন; এই জন্য সদাপ্রভু বিশ্রামদিনকে আশীর্বাদ করিলেন, ও পবিত্র করিলেন।” যাত্রা পুস্তক ২০:৮-১১ পদ। PPBeng 67.1

যদি আমরা সৃষ্টির দিনগুলি আক্ষরিক অর্থে বুঝতে সক্ষম হই তবে এ কারণটি খুবই সুন্দর ও শক্তিশালী হয়। সপ্তাহের প্রথম ছয় দিন মানুষকে কাজ করার জন্য দেয়া হয়। কিন্তু সপ্তম দিনে স্রষ্টার বিশ্রামের নামে মানুষ পরিশ্রম হতে বিরত হবে। PPBeng 67.2

প্রথম ছয় দিনের ঘটনা সমূহের জন্য হাজার হাজার বৎসরের প্রয়োজন ছিল এই ধারণা খুবই প্রতারণা মূলক আর তাই খুব বিপজ্জনক। এর প্রকৃত চরিত্র এমন ভাবে লুকানো যে যারা ঈশ্বরের বাক্যে বিশ্বাস করেন বলে স্বীকার করেন তারাও এটা বিশ্বাস করেন ও শিক্ষা দেন। “আকাশমন্ডল নির্মিত হইল সদাপ্রভুর বাক্যে, তাহার সমস্ত বাহিনী তাঁহার মুখের শ্বাসে।” গীতসংহিতা ৩৩৪৬। বাইবেল পৃথিবী অমূর্ত অবস্থা হতে বিবর্ধন হতে হাজার হাজার বৎসর লেগেছে বলে স্বীকার করে না। প্রতি পবিত্র বাক্যে বলে যে সৃষ্টির প্রতি ক্রমিক দিবস এক সন্ধ্যা ও এক প্রাতঃকাল দ্বারা আবদ্ধ, পরবর্তী সমস্ত দিনগুলোর মতই। PPBeng 67.3

ভূতত্ববিদরা দাবী করেন যে মোশির লিখনীতে যা শিক্ষা দেয়া হয়েছে পৃথিবী তার থেকে অনেক অনেক বেশী পুরাতন বলে মনে হয়। বর্তমান সময়ে যে ধরণের পাওয়া যায় তার থেকে অনেক বড় বড় মানুষ ও প্রাণীর হাড় আবিষ্কার করা হয়েছে, আর এ থেকে ধারণা করা হয় যে সৃষ্টির তত্ত্বে যখন থেকে বলা হচ্ছে তারও অনেক আগে থেকেই পৃথিবীতে মানুষ বসবাস করত। এই ধরণের যুক্তি অনেক পবিত্র পুস্তকে বিশ্বাসীদের এই ধারণা গ্রহণ করতে উদ্‌বুদ্ধ করেছে যে সৃষ্টির দিনগুলি ছিল অপরিসীম দীর্ঘ। PPBeng 67.4

কিন্তু পবিত্র-বাক্যে প্রদত্ত ইতিহাস ছাড়া ভূতত্ববিদরা কোন কিছুই প্রমাণ করতে সক্ষম নন। পৃথিবীতে যে ধ্বংসাবশেষ পাওয়া গিয়েছে তা এমন এক এক অবস্থার প্রমাণ করে যে অবস্থা বর্তমান অবস্থা থেকে অনেকাংশে ভিন্নরূপ ছিল, কিন্তু যে সময় সেই অবস্থা ছিল তা শুধুমাত্র ঈশ্বরের ঘটনা থেকে জানতে পারা যায়। ঈশ্বরের পুস্তক মহা-প্লাবনের ইতিহাস বর্ণনার সময় যে অবস্থার ব্যাখ্যা দান করেছে তা শুধুমাত্র ভূতাত্ত্বিক একাকী পরিমাপ করতে পারত না। নোহের কালে মানুষ, প্রাণী, ও গাছ বর্তমান কালের থেকে অনেক গুণ বেশী বড়

ছিল, যা কবরস্থ হয়ে পড়ে এবং এই ভাবে পরবর্তী কালের প্রজন্মের জন্য সাক্ষী হয়ে থাকে যে মহা প্লাবনের আগের লোকেরা বন্যা দ্বারা ধ্বংস হয়েছিল। ঈশ্বর পরিকল্পনা করেছিলেন যে ঐ সমস্ত বস্তুর আবিষ্কার দ্বারা ঈশ্বরের পুস্তকে বর্ণিত ইতিহাসের উপর মানুষের বিশ্বাস স্থাপিত হবে। কিন্তু মানুষ, তার ভ্রান্ত যুক্তি দ্বারা, মহা প্লাবনের আগেকার লোকদের মত সেই একই ভুল করে...যে সমস্ত বস্তু ঈশ্বর তাদের উপকারের জন্য দিলেন সেগুলির ভুল ব্যবহার দ্বারা তারা সেগুলিকে একটি অভিশাপে রূপান্তরিত করে। PPBeng 68.1

সৃষ্টিকে প্রাকৃতিক কারণ দ্বারা ব্যাখ্যা করার অনবরত প্রচেষ্টা চালানো হচ্ছে, এবং এমন কি বিশ্বাসীরূপে যারা নিজদের পরিচয় দেন তারাও ঈশ্বরের বাক্যে বর্ণিত সত্যের বিপক্ষে গিয়ে মানুষের যুক্তি গ্রহণ করে নিচ্ছেন। অনেকেই ভাববাদীদের ভবিষ্যদ্বাণীর আলোচনায় বাধা দেন। বিশেষতঃ দানিয়েল ও প্রকাশিত বাক্যে, তারা বলেন যে আমরা এগুলি বুঝতে পারব না। আবার এরাই মোশির বর্ণিত ইতিহাসকে উপেক্ষা করে ভূতত্ত্ববিদদের অনুমানকে অত্যন্ত একাগ্রতার সহিত গ্রহণ করে থাকেন। ঈশ্বর কি ভাবে তার সৃষ্টি সমাপ্ত করলেন তা মানুষের কাছে কখনো প্রকাশ করেন নি; মানুষের তৈরী বিজ্ঞান ঈশ্বরের রহস্য উদ্ঘাটন করতে সক্ষম নয়। দ্বিতীয় বিবরণ ২৯:২৯ দেখুন। PPBeng 68.2

যারা ঈশ্বরের সৃষ্ট কাজের ব্যাখ্যা করতে গিয়ে ঈশ্বরের বাক্য বাদ দিয়ে বৈজ্ঞানিক তত্ত্বের উপর নির্ভর করেন, তারা কম্পাস ছাড়াই এক অপরিচিত সমুদ্রে যাত্রা করে থাকেন। যদি অনুসন্ধানে ঈশ্বরের বাক্য দ্বারা পরিচালিত না হয়, তবে অনেক বুদ্ধিমত্তা ব্যক্তিরাও বিজ্ঞান ও ঈশ্বরের বাক্যে প্রকাশিত তত্ত্বের মধ্যে সম্পর্ক স্থাপনে হতভম্ব হয়ে যান। যারা ভাববাদীদের পুস্তক ও নূতন নিয়মকে অবিশ্বাস করেন তারা আরো এক ধাপ এগিয়ে গিয়ে ঈশ্বরের অস্তিত্বকেও অবিশ্বাস করেন। আর তখন তারা নোঙ্গর বিহীন অবস্থায় নাস্তিকতার তীরে ঘুরতে থাকেন। PPBeng 68.3

বাইবেলকে মানুষের বৈজ্ঞানিক ধারণা দিয়ে পরীক্ষা করা উচিত নয়। বিজ্ঞান ও ঈশ্বরের বাক্য উভয়টিরই অপরিপূর্ণ ধারণা নিয়ে নাস্তিকেরা বলেন যে তারা এর মধ্যে স্ববিরোধীতা দেখতে পান; কিন্তু পূর্ণ ভাবে বুঝতে পারলে দেখা যাবে যে তাদের মধ্যে ঐক্য রয়েছে। মোশি ঈশ্বরের আত্মার পরিচয় থেকে লিখেছিলেন; এবং ভূতত্ত্বের একটি সঠিক ধারণা এমন কোন আবিষ্কারের দাবী উঠাবে না যা তার বক্তব্যের সাথে সমন্বিত হয় না। PPBeng 69.1

সত্যিকার বিজ্ঞান ও বাইবেলে ঐক্য রয়েছে

PPBeng 69

ঈশ্বরের বাক্যে অনেক প্রশ্ন তোলা হয়েছে যার উত্তর পন্ডিতেরা দিতে পারেন না। দৈনন্দিন জীবনের সাধারণ জিনিসের মধ্যে এমন অনেক কিছু আছে যা সীমিত বুদ্ধিমান তার অনেক গর্ব থাকা সত্বেও সম্পূর্ণরূপে বুঝতে সক্ষম হয় না। PPBeng 69.2

তথাপি বিজ্ঞানীরা মনে করেন যে তারা ঈশ্বরের জ্ঞান পূর্ণ হৃদয়ঙ্গম করতে সক্ষম। তাদের মনে এই ধারণা রয়েছে যে তিনি তার নিজের নিয়ম কানুন দ্বারা আবদ্ধ। মানুষ হয় তার অস্তিত্বের অবহেলা করে নতুবা অস্বীকার করে অথবা সমস্ত কিছু ব্যাখ্যা করার জন্য চিন্তা করে, এমন কি মানুষের হৃদয়ে তার আত্মার কাজ পর্যন্ত ব্যাখ্যা করতে চায়। আর ফলে তাঁরা তার নামের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে না। PPBeng 69.3

অনেকে শিক্ষা দেন যে প্রকৃতির সমস্ত কিছু নির্দিষ্ট নিয়মের আওতায় চলে যেগুলির সহিত ঈশ্বর নিজেও কোনরূপ বাধার সৃষ্টি করতে পারেন না। এটা একটি ভ্রান্ত বিজ্ঞান। প্রকৃতি তার স্রষ্টার দাস। ঈশ্বর তার নিয়ম-কানুন বাতিল করেন না। কিন্তু এগুলোকে তার অস্ত্র হিসাবে নিয়ত ব্যবহার করেন। প্রকৃতিতে পিতা ও তার পুত্রের কাজ অবিরতই চলছে। খ্রীষ্ট বলেছেন, PPBeng 69.4

"আমার পিতা এখন পর্য্যন্ত কাজ করিতেছেন, আমিও করিতেছি।" যোহন ৫:১৭। PPBeng 69.5

এই পৃথিবীর ব্যাপারে ঈশ্বরের সৃষ্টির কাজ সমাপ্ত হয়েছে। "তাঁহার কর্ম জগতের পত্তনাবধি সমাপ্ত ছিল।" ইব্রীয় ৪:৩। কিন্তু তার সৃষ্ট জিনিসকে ধরে রাখতে তার শক্তি ব্যবহৃত হচ্ছে। প্রত্যেক শ্বাস, হৃদয়ের প্রত্যেক স্পন্দন, তার সর্বব্যাপী যত্নের সাক্ষী, যার মধ্যে "আমাদের জীবন, গতি ও সত্ত্বা।" প্রেরিত ১৭:২৮। ঈশ্বরের হাত গ্রহগুলিকে পরিচালিত করে এবং যথাস্থানে কার্যকরী রাখে। "তিনি বাহিনীর ন্যায় সংখ্যানুসারে তাহাদিগকে বাহির করিয়া আনেন, সকলের নাম ধরিয়া তাহাদিগকে আহবান করেন; তাঁহার সামর্থ্যের আধিক্য ও শক্তির প্রাবল্য প্রযুক্ত তাহাদের একটাও অনুপস্থিত থাকে না," যিশাইয় ৪০:২৬। তার শক্তিতেই উদ্ভিদ রাজি বৃদ্ধি পায়, পত্র পল্লবিত হয়, এবং ফুল ফোটে। তিনি "পর্ব্বতগণের উপরে তৃণ উপাদন করেন" (গীতসংহিতা ১৪৭৪৮), আর তাঁর দ্বারাই উপত্যকা ফলে পূর্ণ হয়। "বনপশু সকল...ঈশ্বরের কাছে তাহাদের খাদ্য অন্বেষণ করে" (গীতসংহিতা ১০৪:২০, ২১), এবং ক্ষুদ্র পতঙ্গ হতে মানুষ পর্যন্ত প্রত্যেক জীবন্ত প্রাণী তাঁর দেয়া ভাগ্যের উপর নির্ভরশীল। PPBeng 69.6

সমস্ত সত্য বিজ্ঞান তার কাজের সাথে ঐক্য রাখে; প্রত্যেক খাঁটি শিক্ষা তার প্রশাসনের প্রতি বাধ্যতার দিকে পরিচালিত করে। বিজ্ঞান আমাদের দৃষ্টিতে নূতন নূতন আশ্চর্য জিনিস তুলে ধরে; নূতন গভীরতার সন্ধানে ইহা অনেক উচ্চে পৌঁছে; কিন্তু এর গবেষণা থেকে এমন কিছু বের করে না যা স্বর্গীয় প্রকাশের সহিত বৈষম্যমূলক হয়। প্রকৃতি পাঠ ও ঈশ্বরের লিখিত বাক্য একে অপরকে আলোকিত করে। PPBeng 70.1

মানুষ হয়ত চিরকালই অনুসন্ধান করবে। চিরকালই শিখতে থাকবে, তথাপি তার সামনে অপরিসীমতা থেকেই যাবে। সৃষ্টির কাজ ঈশ্বরের ক্ষমতা ও মহত্বের সাক্ষ্য দেয়। গীতসংহিতা ১৯৪১ দেখুন। যারা ঈশ্বরের লিখিত বাক্যকে তাদের পরামর্শদাতা হিসাবে গ্রহণ

করে, তারা ঈশ্বরকে পরিচয় করার সহায়করূপে বিজ্ঞানের ব্যবহার করে থাকে। “ফলতঃ তাঁহার অদৃশ্য গুণ, অর্থা তাঁহার অনন্ত পরাক্রম ও ঈশ্বরত্ব, জগতের সৃষ্টিকাল অবধি তাঁহার বিবিধ কার্য্যে বোধগম্য হইয়া দৃষ্ট হইতেছে, এ জন্য তাহাদের উত্তর দিবার পথ নাই।” রোমীয় ১:২০ । PPBeng 70.2

অধ্যায় ১০— যখন ভাষাসমূহ পরিবর্তিত হল

PPBeng 71

শূন্য পৃথিবীকে মানুষ দ্বারা পূর্ণ করার জন্য ঈশ্বর মাত্র একটি পরিবারকে রক্ষা করেন, নোহের পরিবার। তার নিকট ঘোষণা করেন "এই কালের লোকদের মধ্যে আমার সাক্ষাতে তোমাকেই ধার্ম্মিক দেখিয়াছি।" আদিপুস্তক ৭:১ পদ। তথাপি নোহের তিন ছেলের মধ্যে শেম, হাম ও যেফতের মধ্যে...তাদের পরবর্তী বংশধরদের চরিত্র নিহীত ছিল। PPBeng 71.1

নোহ ঈশ্বরের আত্মা দ্বারা অনুপ্রাণিত হয়ে মানব জাতির এই তিন পূর্বপুরুষ হতে নির্গত জাতিগুলির ইতিহাস বর্ণনা করেন। হামের বংশধরদের পিতার মাধ্যমে চিহ্নিত না করে পুত্রের মাধ্যমে চিহ্নিত করে, তিনি ঘোষণা করেন, কনান অভিশপ্ত হউক, সে নিজ ভাইদের দাসানুদাস হইবে। হামের অস্বাভাবিক দুষ্কর্ম তার চরিত্রের জঘন্যতা প্রকাশ করে। এই জঘন্য চরিত্র কনান ও তার বংশধরদের মাধ্যমে স্থায়ীত্ব লাভ করেছিল। PPBeng 71.2

পক্ষান্তরে, স্বর্গীয় প্রেরণার প্রতি শেম ও যেফতের মধ্যে শ্রদ্ধাবোধ দেখা যায় তাদের বংশধরদের জন্য এক উজ্জল ভবিষ্যতের প্রতিজ্ঞা করে। এই ছেলেদের সম্বন্ধে ঘোষণা দেয়া হয়, "শেমের ঈশ্বর সদাপ্রভু ধন্য; কনান তাহার দাস হউক। ঈশ্বর যেফৎকে বিস্তীর্ণ করুন; সে শেমের তাঁবুতে বাস করুক, আর কনান তাহার দাস হউক।" শেমের বংশধরগণ মনোনীত লোকদের বংশ হবে। তার বংশে আব্রাহামের জন্ম হবে ও যিহুদী জাতির সৃষ্টি হবে, খ্রীষ্ট যে জাতির মাধ্যমে আসবেন এবং যেফৎ "শেমের তাঁবুতে বাস করুক"। খ্রীষ্টের আনন্দ সংবাদ যেফতের বংশধরদের বিশেষ অধিকার থাকবে। PPBeng 71.3

কনানের বংশধরেরা পৌত্তলিকতার জঘন্যতম পর্যায়ে নেমে গিয়েছিল। যদিও ভাববাদীর ভবিষ্যদ্বাণী তাদের দাসত্বে পরিণত করেছিল, ঈশ্বর তাদের দুষ্কর্ম অনেক দিন পর্যন্ত সহ্য করলেন যতক্ষণ না তারা স্বর্গীয় ধৈর্যের সীমা ছাড়িয়ে গেল। তখন তারা শেম ও যেফতের বংশধরদের দাসে পরিণত হল। PPBeng 71.4

নোহের ভবিষ্যদ্বাণী তার ছেলেদের চরিত্র ও ভবিষ্যৎ নির্ধারণ করেনি। এটা শুধু দেখিয়েছিল যে যে পথ তারা অবলম্বন করছে এবং যে চরিত্র তারা গড়ছে তার পরিণতি কি হবে। সাধারণ নিয়মে সন্তানেরা তাদের পিতামাতার চরিত্র ও প্রবণতা উত্তরাধিকার সূত্রে লাভ করে এবং তাদের দৃষ্টান্ত অনুকরণ করে। এই জন্য হামের জঘন্যতা ও অশ্রদ্ধা তার পরবর্তী বংশধরদের মধ্যে ফুটে উঠে এবং বংশ পরম্পরায় অভিশাপ বয়ে আনে। PPBeng 71.5

পক্ষান্তরে পিতার প্রতি শেমের শ্রদ্ধা কত প্রচুররূপেই না পুরস্কৃত হয়েছিল, আর তার বংশে কত বিখ্যাত পবিত্র লোকদের আবির্ভাব হয়েছিল! PPBeng 72.1

কিছু কালের জন্য নোহের বংশধরেরা যেখানে জাহাজ থেমেছিল সেই পর্বত অঞ্চলে বাস করতে থাকল। যখন তাদের সংখ্যা বাড়তে লাগল তখন পৌত্তলিকতার জন্য তাদের মধ্যে বিভক্তির সৃষ্টি হয়। যারা তাদের স্রষ্টাকে ভুলতে এবং তার আজ্ঞার বাধা-নিষেধ ভেঙ্গে ফেলতে চাইত তারা সর্বদাই তাদের ঈশ্বরকে ভয়কারী সাথীদের শিক্ষা ও দৃষ্টান্তের প্রতি বিরক্তি প্রকাশ করত। কিছু কাল পরে তারা পৃথক হওয়ার সিদ্ধান্ত নিল। এই সিদ্ধান্ত অনুসারে তারা ইউফ্রেটিস নদীর তীরে শিনিয়র দেশের অবস্থানের সৌন্দর্য ও ভূমির উর্বরতার দ্বারা আকৃষ্ট হয়ে সেখানে যাত্রা করল। PPBeng 72.2

এখানে তারা একটি শহর ও তার মধ্যে একটি খুব উঁচু চূড়া নির্মাণের সিদ্ধান্ত নিল যে চূড়ার উচ্চতা পৃথিবীর একটি অত্যাশ্চর্য জিনিসে পরিণত করবে। ঈশ্বর মানুষকে নির্দেশ দিয়েছিলেন যে তারা যেন সমস্ত পৃথিবীতে ছড়িয়ে পড়ে, কিন্তু এই বাবিল নির্মাণকারীরা তাদের জাতিকে একত্রিত রাখার সঙ্কল্প করল এবং এমন এক রাজত্ব তৈরীর চিন্তা করল যা সমস্ত পৃথিবীকে আলিঙ্গন করবে। এই ভাবে তাদের শহর সমগ্র বিশ্ব সাম্রাজ্যের প্রধান নগরে পরিণত হবে। এর গৌরব সমস্ত পৃথিবীর বিস্ময় ও সম্মান হরণ করবে। জাঁকজমক পূর্ণ এই দালান, যা স্বর্গ পর্যন্ত পৌছাবে, এর নির্মাতাদের ক্ষমতা ও বুদ্ধির স্মৃতিশৌধরূপে অবস্থান করবে বলে ধারণা করা হল। PPBeng 72.3

ঈশ্বর যে চুক্তি করেছিলেন যে তিনি আর পৃথিবীতে কোন প্লাবন আনবেন না, শিনিয়র সমভূমির অধিবাসীরা তা অবিশ্বাস করল। চূড়া নির্মাণের একটি লক্ষ্য ছিল যে আরেকবার বন্যা হলে যেন নিরাপত্তা বিধান করা সম্ভব হয়। আর যখন তারা মেঘমালার দেশে পৌছাবে, তখন তাদের ইচ্ছা ছিল যে বন্যার কারণ নিরুপণ করবে। পুরো প্রকল্পটির উদ্দেশ্য ছিল প্রণেতাদের গৌরব বৃদ্ধি করা ও ভবিষ্যৎ বংশধরদের ঈশ্বর হতে দূরে সরিয়ে রাখা। PPBeng 72.4

যখন দালানের চূড়া আংশিক তৈরী হয়েছে, তখন যে কাজ এত উন্নতির সহিত এগিয়ে চলছিল তা সহসাই বাধাগ্রস্ত হল। নির্মাতাদের লক্ষ্যকে ব্যর্থতায় পর্যবসিত করার জন্য দূতগণকে পাঠানো হল। দালানের চূড়া এমন উঁচু হয়ে গিয়েছিল যে বিভিন্ন অবস্থানে মানুষকে দাঁড় করানো হয়েছিল যেন তারা পর্যায়ক্রমে উপরে কি প্রয়োজন তার হুকুম একে একে নীচ পর্যন্ত পৌছিয়ে দিতে পারে। যখন এই ভাবে নির্দেশ উপর থেকে নীচে যাচ্ছিল তখন সহসা ভাষা তালগোল পাকিয়ে গেল এবং যে নির্দেশ দেয়া হচ্ছিল তার বিপরীত কাজ হতে লাগল। সমস্ত কাজ থেমে পড়ল। নির্মাতারা তাদের মধ্যের অদ্ভূত ভুল বুঝাবুঝির কারণ বুঝতে সম্পূর্ণ অক্ষম হল, এবং ক্রোধে ও হতাশায় একে অন্যকে দোষী করতে লাগল। ঈশ্বরের অসন্তুষ্টির চিহ্ন স্বরূপ আকাশ থেকে বজ্র-পাত হয়ে চূড়ার উপরের অংশটুকু ভেঙ্গে নীচে ফেলে দিল। PPBeng 72.5

তাদের ভাষা পরিবর্তনে ঈশ্বরের লক্ষ্য

PPBeng 73

এ পর্যন্ত সকল মানুষই এক ভাষায় কথা বলত। এখন যারা পরস্পরের ভাষা বুঝত তারা এক এক দলে একত্রিত হল। এক দল এক দিকে গেল, আর অন্য দল অন্য দিকে চলে গেল। "আর সদাপ্রভু তথা হইতে সমস্ত ভূমন্ডলে তাহাদিগকে ছিন্নভিন্ন করিলেন।" এই ছিন্ন ভিন্ন করাই ছিল সমস্ত পৃথিবীকে বসতিপূর্ণ করার মাধ্যম; এভাবে যে মাধ্যমের ব্যবহার দ্বারা মানুষ ঈশ্বরের লক্ষ্যকে ব্যর্থ করতে চেয়েছিল, সেই একই মাধ্যমের ব্যবহার দ্বারা ঈশ্বর তার লক্ষ্য বাস্তবায়িত করলেন I PPBeng 73.1

কিন্তু কি ক্ষতি স্বীকারের মাধ্যমেই না তা করা হল! ঈশ্বরের উদ্দেশ্য ছিল যে মানুষ যখন পৃথিবীর বিভিন্ন অংশে ছড়াতে থাকবে, তারা তাদের সহিত সত্যের আলো নিয়ে যাবে। বিশ্বস্ত নোহ সেই ধার্মিকতার প্রচারক প্লাবনের পরে তিনশ পঞ্চাশ বছর বেঁচে রইলেন, আর শেম বাঁচলেন পাঁচ শত বছর; আর এই ভাবে তাদের বংশধরদের সুযোগ ছিল যে তারা ঈশ্বরের নিয়মকানুন সম্বন্ধে তাদের পূর্ব পুরুষদের সহিত তাঁর আচরণ সম্বন্ধে অবগত হয়। কিন্তু তারা ঈশ্বরকে তাদের জ্ঞানের মধ্যে রাখতে কোন ইচ্ছাই প্রকাশ করল না; এবং ভাষার বৈষম্য সৃষ্টির জন্য তারা তাদের সহিত আদান প্রদান হতে নিবৃত হল যারা হয়ত তাদের সত্যের আলো দিতে পারত I PPBeng 73.2

শয়তান সেই বলির উপর ঘৃণা জন্মানোর চেষ্টা করছিল যে বলি খ্রীষ্টের মৃত্যুর আগে প্রচলিত ছিল। যেহেতু পৌত্তলিকতা মানুষের মনকে অন্ধকারাচ্ছন্ন করে ফেলল, তাই সে তাদের ঐ বলির নিয়মের নকল তৈরী করে তাদের নিজ নিজ সন্তানদের তাদের দেবতার বেদীর উপর বলি দেবার দিকে পরিচালিত করল I যখন মানুষ ঈশ্বরের নিকট হতে দূরে সরে গেল, তখন ঈশ্বরীয় গুণ ন্যায় বিচার, পবিত্রতা, এবং প্রেম অত্যাচার, নিপীড়ন ও হিংস্রতা দ্বারা স্থানান্তরিত হ'ল I PPBeng 73.3

বাবিলের লোকেরা ঈশ্বর হতে স্বাধীন একটি সরকার স্থাপন করতে সিদ্ধান্ত নিয়েছিল I তাদের মধ্যে কেউ কেউ অবশ্য সদাপ্রভুকে ভয় করত। এই বিশ্বাসী লোকদের জন্যই ঈশ্বর তার বিচার বিলম্বিত করলেন এবং লোকদের সময় দিলেন যেন তারা তাদের আসল চরিত্র প্রকাশ করে। ঈশ্বরের সন্তানেরা অবশ্য তাদের লক্ষ্য থেকে তাদের নিবৃত্ত করতে চাইল, কিন্তু লোকেরা ঈশ্বরকে তুচ্ছ করার সিদ্ধান্তে একত্রিত হলো। যদি তাদের বাধা দেয়া না হত তবে তারা সমস্ত পৃথিবীকে এর শিশুকালেই নৈতিকতা-বর্জণে পরিণত করত। যদি এই মিত্র-সঙঘকে অনুমতি দেয়া হ'ত, তবে এক প্রচন্ড ক্ষমতা ধার্মিকতাকে বিতাড়িত করতে সক্ষম হ'ত আর এর সাথে শান্তি, সুখ ও নিরাপত্তা পৃথিবী হ'তে নির্বাসিত হ'ত। PPBeng 74.1

যারা ঈশ্বরকে ভয় করত তারা তার কাছে আর্জি পেশ করল যেন তিনি বাধা দেন। "পরে মনুষ্য-সন্তানেরা যে নগর ও উচ্চগৃহ নির্মাণ করিতেছিল, তাহা দেখিতে সদাপ্রভু নামিয়া আসিলেন।" পৃথিবীর প্রতি তার দয়ার জন্যই তিনি চূড়া নির্মাণকারীদের উদ্দেশ্য ব্যর্থ করে

দিলেন। তার অনুগ্রহের জন্যই তিনি তাদের ভাষায় তালগোল পাকিয়ে দিলেন, এবং তাদের বিদ্রোহে বাধার সৃষ্টি করলেন। ঈশ্বর দীর্ঘকাল যাবৎ মানুষের দুষ্কর্মের প্রতি ধৈর্যশীল থাকেন এবং তাদের অনুশোচনা করার সুযোগ দেন। মাঝে মাঝে অদৃশ্য হাত বাড়িয়ে দেয়া হয় যেন তাদের অন্যায় কাজে বাধার সৃষ্টি হয়। বিশ্বের স্রষ্টাই যে স্বর্গ ও পৃথিবীর রাজা তার অকাট্য প্রমাণ দেয়া হয়। কেউ বিনা দ্বন্দ্বে তাঁর ক্ষমতার অবাধ্য হতে পারে না। PPBeng 74.2

আমাদের সময়েও চূড়া নির্মাতারা রয়েছেন। অবিশ্বাসীরা মনে হয় যেন ঈশ্বরের নৈতিক শাসন ব্যবস্থার উপর দন্ডাজ্ঞা নির্ধারণ করে থাকে। তারা তার ব্যবস্থাকে ঘৃণা করে এবং মানুষের জ্ঞানের সম্মান করে। তখন, "দুষ্কর্মের দন্ডাজ্ঞা ত্বরায় সিদ্ধ হয় না, এই কারণ মনুষ্যসন্তানদের অন্তঃকরণ দুষ্কর্ম করিতে সম্পূর্ণরূপে রত হয়।" উপদেশক ৮:১১। PPBeng 74.3

আজকের বাবিলের চূড়া

PPBeng 74

অনেকেই বাইবেলের সরল শিক্ষা পরিত্যাগ করে মানবিক চিন্তা ভাবনার এবং আমোদ দায়ক নীতিমালা ভিত্তিক ধর্মীয় মতবাদ গড়ে তুলেন। তারা তাদের "চূড়াকে" স্বর্গে উঠার পথরূপে নির্দেশিত করেন। বাগ্মীতাপূর্ণ কণ্ঠে শিক্ষা দেয়া হয় যে অবাধ্যরা মৃত্যুদন্ড ভোগ করবে না, আর ঈশ্বরের ব্যবস্থা রক্ষা করা ছাড়াই মুক্তি পাওয়া সম্ভব। যারা খ্রীষ্টের অনুগামী বলে স্বীকার করেন তারা যদি ঈশ্বরের পরিমাপের প্রতি বাধ্যতা প্রদর্শন করেন, তাহলে তাদের মধ্যে একতা আসবে, কিন্তু যতক্ষণ মানুষের জ্ঞানকে তাঁর পবিত্র বাক্যের ঊর্ধ্বে উন্নত করা হবে ততক্ষণ বিভেদ ও বিবাদ থাকবে। বর্তমান কালের পরস্পর বিরোধী ধর্মীয় মতবাদ ও ধর্মীয় দলকে "বাবিল" শব্দ দ্বারা সঠিক ভাবেই বর্ণনা করা হচ্ছে যেগুলি, একজন ভাববাদীর ভবিষ্যদ্বাণী অনুসারে হ'ল পৃথিবীর মোহে আসক্ত মন্ডলী সমূহ। প্রকাশিত বাক্য ১৪৪৮ ও ১৮:২ দেখুন! PPBeng 74.4

ঈশ্বরের অনুসন্ধানের সময় নিকটবর্তী। তার সার্বভৌম ক্ষমতা প্রকাশ হবেই; মানুষের গর্বের কাজ সমূহের কোন মূল্যই তখন থাকবে না। PPBeng 75.1

অধ্যায় ১১—অব্রাহাম, সকল বিশ্বাসীদের পিতা আব

PPBeng 76

বাবিলের পরে প্রতিমা পূজা প্রায় সার্বজনীন রূপ ধারণ করল, আর সদাপ্রভু তখন পরিপক্ক দুষ্টদের তাদের দুষ্কর্মের মধ্যে ছেড়ে দিলেন, এবং শেমের বংশ হতে অব্রাহামকে বেছে নিলেন ভবিষ্যৎ বংশধরদের জন্য ব্যবস্থা পালনকারীরূপে। ঈশ্বর তার ইচ্ছার অমূল্য প্রকাশিত ইচ্ছা রক্ষা করার জন্য সর্বদাই একটি দল অবশিষ্ট রেখেছেন। তেরহের পুত্র এই পবিত্র ব্যবস্থার উত্তরাধিকারী হলেন । চতুর্দিকে বিদ্যমান ভ্রষ্টতা দ্বারা নষ্ট না হয়ে, তিনি ঈশ্বরের আরাধনাতে নিযুক্ত থাকলেন। সদাপ্রভু তার ইচ্ছা অব্রাহামকে জানালেন এবং তাকে তার ব্যবস্থা ও খ্রীষ্টের মাধ্যমে পরিত্রাণের বিষয়ে জ্ঞান দান করলেন। PPBeng 76.1

আব্রাহামকে এই প্রতিজ্ঞা করা হলো, “আমি তোমা হইতে এক মহাজাতি উৎপন্ন করিব, এবং তোমাকে আশীর্বাদ করিয়া তোমার নাম মহৎ করিব, তাহাতে তুমি আশীর্বাদের আকর হইবে।” আর এরই সাথে এই নিশ্চয়তাও দেয়া হল যে তার বংশেই পৃথিবীর মুক্তিদাতা আবির্ভূত হবেন এবং “তোমার মাধ্যমে পৃথিবীর যাবতীয় গোষ্ঠী আশীর্বাদ লাভ করিবে।” তথাপি এই প্রতিজ্ঞা পূরণের প্রথম শর্ত হিসাবে এক পরীক্ষা হবে; একটি বলিদান দাবী করা হল। PPBeng 76.2

অব্রাহামের কাছে ঈশ্বরের বাণী আসল “তুমি আপন দেশ, জ্ঞাতিকুটুম্ব ও পৈতৃক বাটী পরিত্যাগ করিয়া, আমি যে দেশ তোমাকে দেখাই, সেই দেশে চল।” অব্রাহামকে আপন আত্মীয় ও বন্ধু-বান্ধবের প্রভাব হতে মুক্ত হতে হবে। তার চরিত্র ভিন্ন ধরণের হতে হবে, পৃথিবী থেকে অন্য ধরণের হতে হবে। তিনি তার বন্ধু-বান্ধবের হৃদয়ঙ্গম করার মত তার কাজের ব্যাখ্যা পর্যন্ত করতে পারলেন না। তার উদ্দেশ্য তার পৌত্তলিক আত্মীয় স্বজনেরা বুঝতে সক্ষম হলেন না। PPBeng 76.3

সমস্ত বাইবেলের মধ্যে অব্রাহামের নির্বিকার বাধ্যতা বিশ্বাসের এক লক্ষণীয় সাক্ষ্য । ইব্রীয় ১১৪৮ দেখুন। ঈশ্বরের প্রতিজ্ঞার উপর ভিত্তি করে তিনি বাড়ী, আত্মীয় স্বজন ও স্বদেশ পরিত্যাগ করলেন, এবং ঈশ্বর যে দিকে পরিচালনা করে নিয়ে যাবেন সেদিকেই চললেন। “বিশ্বাসে তিনি বিদেশের ন্যায় প্রতিজ্ঞাত দেশে প্রবাসী হইলেন, তিনি সেই প্রতিজ্ঞার সত্ত্বাধিকারী ইস্হাক ও যাকোবের সহিত তাম্বুতেই বাস করিতেন।” ইব্রীয় ১১:৯ । PPBeng 77.1

তাকে তার নিজ দেশ, তার জাতি, তার ঘরের সহিত আঁকড়িয়ে ফেলার জন্য শক্তিশালী বন্ধন ছিল। কিন্তু তিনি ঈশ্বরের আহবানে সাড়া দিতে অবহেলা করলেন না। প্রতিজ্ঞাত দেশ সম্বন্ধে তার কোন প্রশ্ন ছিল না... ভূমি কি উর্বর হবে, আবহাওয়া কি স্বাস্থ্যকর হবে, এ

সম্পর্কিত কোন প্রশ্নই ছিল না। পৃথিবীতে সবচেয়ে আনন্দদায়ক স্থান হবে সেটি যেখানে ঈশ্বর তাকে নিয়ে যাবেন । PPBeng 77.2

আজও অনেকেই অব্রাহামের মত পরীক্ষিত হয়ে থাকেন। তারাও সরাসরি স্বর্গ হতে ঈশ্বরের স্বর শুনতে পান না, কিন্তু তিনি তাদের তার বাক্যের শিক্ষার মাধ্যমে ও সমসাময়িক ঘটনার মাধ্যমে তাদের সহিত কথা বলেন । তাদের হয়ত কোন অর্থকারী ও সম্মানিত কার্য জীবন ত্যাগ করতে হয়, আত্মীয় স্বজন থেকে বিচ্যুত হয়ে সামনে হয় এক আত্মত্যাগ ও আত্মবলির পথ বেছে নিতে হয়। ঈশ্বর তাদের জন্য বিশেষ কাজ রেখেছেন; বন্ধু--বান্ধব ও আত্মীয় স্বজনের প্রভাব এর পথে বাধা হয়ে দাঁড়াবে। কে ঈশ্বরের আহবানে সাড়া দিয়ে তার কাঙ্খিত পরিকল্পনা পরিত্যাগ করে নূতন কর্তব্য পালনের জন্য, অপরীক্ষিত ক্ষেত্রে প্রবেশ করতে প্রস্তুত? যে এটা করার জন্য প্রস্তুত তার অব্রাহামের মত বিশ্বাস রয়েছে এবং তার সাথে “অনুপমরূপে...অনন্তকালস্থায়ী বিরাট প্রতাপের” অংশীদার হবে। ২ করিন্থীয় ৪:১৭ ও রোমীয় ৮:১৮ দেখুন । PPBeng 77.3

আব্রাহামের কাছে “কলদীয় দেশের ঊর” নামক স্থানে প্রথমে ঈশ্বরের ডাক আসে এবং তিনি সম্পূর্ণ বাধ্যতা দেখিয়ে হারণ নগরে গেলেন। এই পর্যন্ত তার পরিবার তার সাথে থাকলেন। তেরহের মৃত্যু পর্যন্ত অব্রাহাম এই স্থানে থাকলেন । PPBeng 77.4

অপরিচিত দেশে

PPBeng 78

পিতার কবর হতে ঈশ্বরের স্বর তাকে এগিয়ে যাবার জন্য নির্দেশ দিল। অব্রাহামের স্ত্রী সারা ব্যতিত একমাত্র লোট তার গোষ্ঠির মুরুব্বীর যাত্রার জীবনের সাথী হল । অব্রাহামের প্রচুর পশু ও অনেক চাকর-বাকর ছিল। যেহেতু তিনি আর কখনই ফিরবেন না, তাই তার যা কিছু ছিল সবই সঙ্গে নিলেন, “হারণে তাহারা যে ধন উপার্জন ও যে প্রাণীগণকে লাভ করিয়াছিলেন” সমস্তই সঙ্গে নিলেন । অব্রাহাম ও স্ত্রী সারা উভয়েই হারণে কিছু লোককে সত্য ঈশ্বরের আরাধনা করতে পরিচালিত করেছিলেন। এরাও তার সাথে সেই প্রতিজ্ঞাত দেশের দিকে চললেন, “কনানীয়রা সেই দেশে বাস করিত।” PPBeng 78.1

যে স্থানে তারা প্রথম উপস্থিত হলেন এর নাম ছিল শিখিম। একটি প্রশস্ত, তৃণময়, জলপাই গাছ ও উচ্ছসিত জলের উনুই পূর্ণ উপত্যকায় অব্রাহাম তার তাম্বু স্থাপন করলেন। এটি একটি সুন্দর ও উর্বর দেশ ছিল, “সেই দেশে উপত্যকা ও পর্ব্বত হইতে নির্গত জলস্রোত, উনুই...গোধূম, যব, দ্রাক্ষালতা, ডুমুর গাছ ও দাড়িম্ব এবং তৈলদায়ক জিতবৃক্ষ ও মধু উৎপন্ন হয়।” দ্বিতীয় বিবরণ ৮:৭, ৮। কিন্তু এর বৃক্ষময় পর্বত ও ফলপূর্ণ সমভূমিতে একটি গভীর কালো ছায়া ছিল। কুঞ্জে কুঞ্জে মিথ্যা দেব-দেবীর বেদী ছিল, এবং নিকটস্থ উঁচু জায়গাতে নরবলি দেয়া হত। “পরে সদাপ্রভু অব্রাহামকে দর্শন দিয়া বলিলেন, “আমি তোমার বংশকে এই দেশ দিব।” এই নিশ্চয়তা পাওয়ায় তার বিশ্বাস আরো শক্তিশালী হলো । “আর সেই

জায়গায় অব্রাহাম সদাপ্রভুর উদ্দেশে একটি যজ্ঞবেদী নির্মাণ করিলেন, যিনি তাঁহাকে দর্শন দিয়াছিলেন।” তখনও একজন ভ্রমণকারী, তিনি আবার বৈথেলের নিকটবর্তী আর একটি স্থানে সরে গেলেন এবং আবার একটি যজ্ঞবেদী প্রস্তুত করে সদাপ্রভুর আরাধনা করলেন। PPBeng 78.2

অব্রাহাম আমাদের জন্য একটি উপযুক্ত দৃষ্টান্ত স্থাপন করেছেন। তার জীবন ছিল একটি প্রার্থনাশীল জীবন। যেখানেই তিনি তাম্বু স্থাপন করতেন তার নিকটবর্তী স্থানে একটি যজ্ঞবেদী তৈরী করতেন। আর তার তাম্বুর অভ্যন্তরে প্রত্যেককে সকাল ও সন্ধ্যার যজ্ঞতে অংশ গ্রহণের জন্য আমন্ত্রণ জানাতেন । তার তাম্বু স্থানান্তরিত হত, কিন্তু যজ্ঞবেদী থেকে যেত। ভ্রাম্যমান কনানবাসীরা আব্রাহামের নিকট হতে উপদেশ পেতেন, আর তাদের মধ্যের কেউই যদি ঐ যজ্ঞবেদীর কাছে আসত তখন সেখানে সে জীবন্ত ঈশ্বরের আরাধনা করত । PPBeng 78.3

ঈশ্বর অব্রাহামকে দুর্ভিক্ষে কষ্ট পেতে দিলেন কেন ?

PPBeng 79

অব্রাহাম অনবরত দক্ষিণ দিকে ভ্রমণ করতে থাকলেন, এবং আবারও তার বিশ্বাসের পরীক্ষা হল। স্বর্গ থেকে বৃষ্টি আসা বন্ধ হয়ে গেল, এবং তার মেষ ও অন্যান্য পশু কোন চরাণীর ভূমি পেল না। সমস্ত তাম্বুবাসী অনাহারের ভয়ে ভীত হয়ে পড়ল। একের পর এক বিপদের উপস্থিতিতে অব্রাহাম কি করেন, সকলেই তা দেখার জন্য উদগ্রীব ছিল। যতক্ষণ তার বিশ্বাস দৃঢ় ছিল, তারা অনুভব করত যে তারা নিরাপদ রয়েছে; তারা নিশ্চিত ছিল যে ঈশ্বর তার (ব্রাহামের) বন্ধু এবং তিনি এখনও তাকে পরিচালনা দিচ্ছেন। PPBeng 79.1

অব্রাহাম ঈশ্বরের এই প্রতিজ্ঞাকে দৃঢ় ভাবে ধরে থাকলেন, “আমি তোমাকে আশীর্বাদ করিয়া তোমার নাম মহৎ করিব, তাহাতে তুমি আশীর্বাদের আকর হইবে।” জীবনের কোন পরিস্থিতিতে ঈশ্বরের উপর তার বিশ্বাসকে দুর্বল করতে দিবেন না । দুর্ভিক্ষ এড়ানোর জন্য তিনি মিসরে গেলেন। প্রচন্ড অভাবের সময়ও তিনি যে দেশ ছেড়ে এসেছিলেন, সেই কলদীয়দের দেশে আর ফিরে গেলেন না, বরং প্রতিজ্ঞাত দেশের যত নিকটে সম্ভব তত নিকটে একটি সাময়িক আশ্রয় খুঁজে নিলেন । PPBeng 79.2

পরবর্তী কালে যাদের কষ্ট ভোগ করতে আহবান করা হবে তাদের শিক্ষার জন্য সদাপ্রভু তার পূর্ব পরিকল্পিত নির্ধারিত পরিকল্পনা অনুসারেই আব্রাহামকে শিক্ষা দেবার জন্য তার উপর এই পরীক্ষা আসতে দিলেন। যারা তার উপর তাদের বিশ্বাস ন্যাস্ত করে ঈশ্বর তাদের ভুলে যান না বা পরিত্যাগ করেন না। যে সমস্ত পরীক্ষা আমাদের বিশ্বাসের উপর কঠিন চাপ সৃষ্টি করে এবং আমাদের মনে এ রকম অনুভূতি সৃষ্টি করে যে, ঈশ্বর বুঝি আমাদের পরিত্যাগ করেছেন, সেগুলি আমাদের খ্রীষ্টের আরো নিকটবর্তী করে। আমরা আমাদের

সমস্ত বোঝা তার কাছে নিয়ে আসতে পারি এবং বিনিময়ে তিনি যে শান্তি দান করেন তা উপভোগ করতে পারি। PPBeng 79.3

অগ্নি কুন্ডের প্রচন্ড তাপের দ্বারা খ্রীষ্টীয় বিশ্বাসীদের চরিত্রের খাদ গলায়ে ফেলে খাঁটি সোনা বের করা হয়। ঈশ্বর তার সন্তানদের কঠিন পরীক্ষার মাধ্যমে শাসন করে থাকেন। তিনি দেখতে পান যে কারো কারো ক্ষমতা রয়েছে যা তার কাজ এগিয়ে যেতে ব্যবহার করা যাবে। তিনি তাদের এমন অবস্থানে নিয়ে আসেন যেখানে তাদের চরিত্রের পরীক্ষা হয় এবং তাদের নিজেদের নিকট অজানা তাদের দুর্বলতা প্রকাশ করে তার উপর তাদের নির্ভরশীলতা বৃদ্ধি করা হয়। এভাবে তাদের শিক্ষা দেয়া হয়, প্রশিক্ষণ দেয়া হয়, এবং শাসন করা হয়, এবং যে মহান লক্ষ্যে তাদের ক্ষমতা দেয়া হয়েছে সেই লক্ষ্য পূর্ণ করা হয়। তখন পৃথিবীতে কাজ করার জন্য তাদের সাথে স্বর্গীয় দূতগণ যোগদান করেন। PPBeng 79.4

অব্রাহামের দুঃখজনক ভুল

PPBeng 80

মিসরে অব্রাহাম প্রমাণ করলেন যে তিনি মানবিক দুর্বলতা হতে মুক্ত ছিলেন না। স্ত্রী সারা “দেখতে সুন্দরী” ছিলেন এবং তিনি সন্দেহ করলেন যে মিসরীয়রা এই সুন্দরী আগন্তুককে কামনা করবে এবং তার স্বামীকে হত্যা করবে। তিনি চিন্তা করলেন যে তিনি সারাকে তার বোন বললে কোন মিথ্যা বলা হবে না, কেননা সারাও তার বাপের সন্তান কিন্তু মায়ের নয়। PPBeng 80.1

কিন্তু এটিও একটি প্রতারণা ছিল। অব্রাহামের বিশ্বাসের দুর্বলতার জন্য স্ত্রী সারাকে মহা বিপদে পড়তে হয়েছিল। মিসরের রাজা তাকে তার স্ত্রী করে নেবার জন্য নিজ প্রাসাদে নিয়ে গেলেন। কিন্তু সদাপ্রভু তাঁর মহা দয়াতে স্ত্রী সারাকে রক্ষা করার জন্য রাজ পরিবারের উপর বিচার উপস্থিত করলেন। এর মাধ্যমে রাজা জানতে পারলেন যে তাকে কি প্রতারণা করা হয়েছে। তিনি অব্রাহামকে এই বলে তিরস্কার করিলেন? “আপনি আমার সহিত এ কি ব্যবহার করিলেন? উনি আপনার স্ত্রী, এ কথা আমাকে কেন বলেন নাই? উহাকে আপনার ভগিনী কেন বলিলেন? আমি ত উহাকে বিবাহ করিতে লইয়াছিলাম। এখন আপনার স্ত্রীকে লইয়া চলিয়া যাউন।” PPBeng 80.2

ফরৌণের অব্রাহামকে ছেড়ে দেয়া বেশ উদার মনোভাবের পরিচয়, কিন্তু তিনি তাকে মিসর ছেড়ে চলে যেতে বললেন। তিনিও অজ্ঞাত ভাবে নিজের উপর এক মহা ক্ষতি ডেকে এনেছিলেন, কিন্তু ঈশ্বর রাজাকে এ ধরণের এক প্রচন্ড পাপ থেকে রক্ষা করলেন। এই আগন্তুকের মধ্যে ফরৌণ এমন একজনকে দেখতে পেলেন যাকে ঈশ্বর সম্মান করেন। যদি অব্রাহাম মিসরে থেকে যান তবে তার ধন-সম্পদ বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা ছিল যার ফলে মিসরীয়রা তাকে হিংসা করতে পারে ও তার ক্ষতি করতে পারে, তাতে রাজ পরিবারের উপর আবার শাস্তি নেমে আসতে পারে। PPBeng 80.3

বিষয়টি গোপন থাকল না, আর দেখা গেল যে অব্রাহাম যে ঈশ্বরের উপাসনা করেন তিনি তাঁর সন্তানকে রক্ষা করবেন এবং তার কোন ক্ষতি করা হলে ঈশ্বর তার প্রতিশোধ নেবেন। স্বর্গীয় রাজার কোন সন্তানের ক্ষতি সাধন করা একটি ভয়ানক ব্যাপার। গীতসংহিতায় বলা হয়েছে যে ঈশ্বর “বরং তাহাদের জন্য রাজগণকে অনুযোগ করিতেন; আমার অভিষিক্ত ব্যক্তিদিগকে স্পর্শ করিও না, আমার ভাববাদীগণের অপকার করিও না।” গীতসংহিতা ১০৫:১৪, ১৫। PPBeng 81.1

অধ্যায় ১২—অব্রাহাম, কনানে একজন উত্তম প্রতিবেশী

PPBeng 82

অব্রাহাম “পশুধনে ও স্বর্ণ রৌপ্যে অতিশয় ধনবান” হয়ে কনানে ফিরলেন। লোট তার সাথে ছিলেন এবং বৈথেলে এসে তারা তাদের তাম্বু স্থাপন করলেন। দুঃখ কষ্টের মধ্যে তারা ঐক্য ভাব রক্ষা করে একত্রে বসবাস করছিলেন, কিন্তু তাদের উন্নতির মুহূর্তে তাদের মধ্যে বিবাদ সৃষ্টির সম্ভাবনা দেখা দিল। উভয়ের মেষ ও পশুপালের জন্য যথেষ্ট চরাণী-ভূমি ছিল না। এটা প্রতীয়মান হল যে তাদের পৃথক হওয়া বাঞ্ছনীয়। PPBeng 82.1

অব্রাহাম প্রথমেই শান্তি রক্ষা পরিকল্পনার প্রস্তাব করলেন। যদিও ঈশ্বর নিজেই এই সব জায়গা তাকেই দিয়েছিলেন, তিনি অত্যন্ত ভদ্র ভাবে তার অধিকার ত্যাগ করলেন। তিনি বললেন, “বিনয় করি, তোমাতে এবং আমাতে এবং তোমার পশুপালকগণে ও আমার পশুপালকগণে বিবাদ না হউক; কেননা আমরা পরস্পর জ্ঞাতী। তোমার সম্মুখে কি সমস্ত দেশ নাই? বিনয় করি, আমা হইতে পৃথক হও; হয়, তুমি বামে যাও, আমি দক্ষিণে যাই; নয়, তুমি দক্ষিণে যাও, আমি বামে যাই।” PPBeng 82.2

একই ধরণের অবস্থাতে কতজন তাদের ব্যক্তিগত অধিকার ও পছন্দে আঁকড়ে ধরে থাকেন! সত্যকে দুষ্টলোকদের নিকট একটি তুচ্ছ ও ঘৃণ্য বিষয়ে পরিণত করে কত পরিবার, আর কত মন্ডলী বিভক্ত হয়ে গেল। বিশ্বব্যাপী ঈশ্বরের সন্তানরা একই পরিবারভুক্ত, এবং প্রেম ও সমঝোতার আত্মা তাদের জীবনকে পরিচালিত করা উচিত। “ভ্রাতৃপ্রেমে পরস্পর স্নেহশীল হও; সমাদরে এক জন অন্যকে শ্রেষ্ঠ জ্ঞান কর।” রোমীয় ১২ : ১০। যে ব্যবহার আমরা অন্যদের কাছ থেকে প্রত্যাশা করি, সেই একই ব্যবহার যদি আমরা অন্যদের প্রতি করার ইচ্ছা রাখি তবে জীবনের অর্ধেক দ্বন্দ্বেরই অবসান ঘটবে। যে হৃদয়ে খ্রীষ্টের প্রেম রয়েছে, সেই হৃদয়ে সেই উদারতা থাকবে যা “নিজের বিষয়ে নয়, কিন্তু পরের বিষয়েও লক্ষ্য রাখ।” ফিলিপীয় ২:৪। PPBeng 82.3

লোট তার উপকারীর প্রতি কোন কৃতজ্ঞতাই দেখালেন না। বরং তিনি স্বার্থপরতার সহিত সুযোগ গ্রহণ করতে চেষ্টা করলেন। তিনি “চুক্ষ তুলিয়া দেখিলেন, যদনের সমস্ত অঞ্চল সোয়র পর্য্যন্ত সর্বত্র সজল, সদাপ্রভুর উদ্যানের ন্যায়, মিসর দেশের ন্যায়।” এক জন দর্শকের নিকট পলেষ্টীয় সমস্ত অঞ্চলের মধ্যে যদনের উপত্যকা ছিল অত্যন্ত উর্বর, যা হারানো স্বর্গ ও পেছনে ফেলে আসা নীল নদী দ্বারা সমৃদ্ধ সমভূমিকে স্মরণ করিয়ে দিত। ওখানে ছিল সুন্দর সুন্দর সম্পদ ও সমৃদ্ধ শহর যা লাভজনক ব্যবসায়ের আকর্ষণস্বরূপ ছিল। পৃথিবীর লাভের আকাঙ্খায় আকৃষ্ট হয়ে লোট ঐ স্থানের নৈতিক অবক্ষয়ের বিষয়কে অবহেলা করলেন। তিনি “নিজের জন্য যদ্দন নদীর সমস্ত অঞ্চল ঠিক করিয়া পূর্বদিকে

রওয়ানা করিলেন” এবং “সদোমের নিকট পর্য্যন্ত তাঁবু স্থাপন করিতে লাগিলেন।” ঐ স্বার্থপর পছন্দের ভয়াবহ ফলাফল সম্বন্ধে তিনি কোন কিছুই জানতে পারলেন না। PPBeng 83.1

এর পরেই অব্রাহাম হিব্রোনে বসতি স্থাপন করলেন। লোটের নিকট সদোমের ধ্বংসাত্মক আরাম আয়েস ছেড়ে দিয়ে ঐ উচ্চ ভূমির মুক্ত বাতাসে তিনি বসবাস করতে লাগলেন, যেখানে ছিল জলপাই ও আঙ্গুরের বাগান, ছিল শস্য ভূমি, ছিল পর্বত বেষ্টিত বিস্তীর্ণ চারণ-ভূমি। PPBeng 83.2

অব্রাহাম তার প্রতিবেশীদের আপন প্রভাব থেকে দূরে রাখলেন না। পুতুল-পূজকদের বিপরিতে, তার জীবনচরিৎ সত্যিকার মানুষের পক্ষে প্রভাব বিস্তার করত। ঈশ্বরের প্রতি তার আনুগত্য ছিল অত্যন্ত দৃঢ়, আর তার অমায়িকতা ও পরোপকারীতা, বিশ্বাস ও বন্ধুত্বের অনুপ্রেরণা যোগাত। PPBeng 83.3

হৃদয়ের মধ্যে মশীহ্ বাস করলে, তার উপস্থিতির আলো ঢেকে রাখা অসম্ভব। আর সূর্যের আলোতে যখন হৃদয়ের স্বার্থপরতা ও পাপের কুয়াশা কেটে যেতে থাকবে, তখন সেই আলো উজ্জ্বলতর হয়ে ফুটে উঠবে। PPBeng 83.4

নৈতিক অবক্ষয় ও অন্ধকারের মধ্যে ঈশ্বরের লোকেরা হলেন আলোস্বরূপ। শহরে, বন্দরে ও গ্রামে ছড়িয়ে থাকা অবস্থায় তারা হলেন ঈশ্বরের সেই মাধ্যম যার মাধ্যমে তিনি অবিশ্বাসী পৃথিবীতে তার আশ্চর্য প্রেমের জ্ঞান প্রকাশ করবেন। যারা পরিত্রাণে অংশ গ্রহণকারী, তার পরিকল্পনাতে তারা নিজ চরিত্রের মহিমান্বিত আলো ছড়াবেন, যা মানুষের স্বাভাবিক হৃদয়ের স্বার্থপরতার অন্ধকারকে প্রকাশ করবে। PPBeng 83.5

অব্রাহাম কূটনীতিতে ছিলেন জ্ঞানী এবং যুদ্ধে ছিলেন অকুতভয় ও দক্ষ। যেহেতু দেশ দৌরাত্ম ও অত্যাচারে পূর্ণ ছিল, তাই অমরীয়দের যে সমভূমিতে তিনি বাস করতেন তথাকার শাসনকর্তা তিন রাজকীয় ভাই তার সঙ্গে বন্ধুত্ব স্থাপন করার জন্য তাকে এক চুক্তিতে আবদ্ধ হতে নিমন্ত্রণ দিলেন যেন তারা সকলে আরো অধিক নিরাপত্তা ভোগ করতে সক্ষম হন। শীঘ্রই এক ঘটনা ঘটল যাতে তিনি ঐ চুক্তি থেকে ফায়দা গ্রহণ করতে সক্ষম হলেন। PPBeng 83.6

অব্রাহাম লোটকে উদ্ধার করেন

PPBeng 84

অনেক বৎসর পূর্বে এলমের রাজা কদর্লায়োমর কনান আক্রমণ করে এটাকে তার অধীনস্থ একটি উপ-রাজ্যে পরিণত করেন। কয়েকজন যুবরাজ সম্মিলিত ভাবে এখন বিদ্রোহ করলেন, ফলে এলমের রাজা তাদের বশ্যতা স্বীকার করানোর জন্য ঐ দেশে অভিযান চালালেন। কনানের পাঁচজন রাজা একত্রে আক্রমণকারীর মোকাবেলা করলেন, কিন্তু তারা সম্পূর্ণ ভাবে পরাস্ত হলেন। বিজয়ী সমভূমির শহরগুলোতে লুটতরাজ চালালেন

এবং অনেক মূল্যবান সম্পদ হরণ করে ও বন্দী করে নিয়ে ফিরে চললেন, আর বন্দীদের মধ্যে লোট ও তার পরিজনেরাও ছিলেন। PPBeng 84.1

পলাতকদের একজনের কাছ থেকে অব্রাহাম তার ভাতিজার বিপদের কাহিনী শুনলেন। তার জন্য তার যত স্নেহ ভালবাসা ছিল তা জেগে উঠল ও তিনি সিদ্ধান্ত নিলেন যে তাকে উদ্ধার করতে হবে। স্বর্গীয় পরামর্শ গ্রহণের পর অব্রাহাম যুদ্ধের জন্য প্রস্তুত হলেন। তার নিজ তাম্বুগুলি হতে তিনি তিনশত আঠারজন প্রশিক্ষণপ্রাপ্ত চাকরকে আহবান করলেন, এরা ঈশ্বরকে ভয় করার ব্যাপারে, তাদের মনিবের উপকার করার ব্যাপারে এবং অস্ত্র ব্যবহারের বিষয়ে শিক্ষালাভ করেছিল। তার সঙ্গে তার মিত্র মাম্রি, ইস্কোল, ও আনের যোগ দিলেন। আর একত্রে তারা আক্রমণকারীদের অনুসন্ধানে চললেন। ইলোমীয়েরা কনানের উত্তরে দানে এসে তাঁবু স্থাপন করেছিল। বিজয়ের উচ্ছ্বাসে তারা আনন্দে মাতোয়ারা হয়ে গিয়েছিল। কুলপতি রাতে এসে তাদের আক্রমণ করলেন। তার আক্রমণ ছিল আকস্মিক ও দুর্বার, আর তার ফল হল দ্রুত বিজয়লাভ। এলমের রাজা নিহত হলেন এবং তার ভীত-সন্ত্রস্ত সৈন্যবাহিনী সম্পূর্ণ পরাজিত হল। লোট ও তার পরিজন, তৎসঙ্গে সমস্ত বন্দী ও ধন সম্পদ উদ্ধার করা হল, এবং বিজয়িরা অনেক লুণ্ঠিত জিনিষ লাভ করলেন। PPBeng 84.2

আব্রাহাম শুধুমাত্র দেশের এক মহা উপকার সাধন করলেন তা নয়, কিন্তু তৎসঙ্গে নিজেকে এক বিক্রমশালী ব্যক্তিরূপে প্রমাণ করলেন। এটা সকলেই দেখতে পেল যে অব্রাহামের ধর্ম তাকে ন্যায়ের পক্ষে দাঁড়াতে ও অত্যাচারীদের রক্ষা করতে সাহস দান করেছে। তার প্রত্যাবর্তনের পর সদোমের রাজা তার সহিত সাক্ষাৎ করে তাকে সম্মান প্রদর্শন করলেন ও বন্ধীদের মুক্তি দিতে অনুরোধ জানালেন। লুণ্ঠিত দ্রব্য সকলও বিজয়ীরই প্রাপ্য; কিন্তু অব্রাহাম দুর্ভাগাদের নিকট হতে কোন সুযোগ গ্রহণ করতে অস্বীকার করলেন, শুধুমাত্র তার মিত্রেরা যেন তাদের যথার্থ ভাগ পায় তা নিশ্চিত করলেন। PPBeng 84.3

যদি এ ধরণের পরীক্ষার সম্মুখীন হতেন তবে অধিকাংশই এরূপ লুণ্ঠিত সম্পদের লোভ সম্বরণ করতে অক্ষম হতেন। তার দৃষ্টান্ত স্বার্থান্বেষীদের প্রতি তিরস্কারস্বরূপ। তিনি বললেন, "আমি স্বর্গমর্ত্যের অধিকারী পরাৎপর ঈশ্বর সদাপ্রভুর উদ্দেশে হস্ত উঠাইয়া কহিতেছি, আমি আপনার কিছুই লইব না, এক গাছি সূতা কি পাদুকার বন্ধনীও লইব না; পাছে আপনি বলেন, আমি অব্রাহামকে ধনবান করিয়াছি।" ঈশ্বর অব্রাহামকে আশীর্বাদ দেবার প্রতিজ্ঞা করেছেন, এবং শুধুমাত্র তারই গৌরব হওয়া উচিত। PPBeng 85.1

আর একজন যিনি বিজয়ী অব্রাহামকে স্বাগত জানাতে এসেছিলেন, তিনি ছিলেন সালমের রাজা মল্কীষেদক। "ঈশ্বরের পুরোহিত" হিসাবে, তিনি অব্রাহামের উপর আশীর্বাদ কামনা করলেন ও ঈশ্বরকে ধন্যবাদ জানালেন যে সদাপ্রভু তার সন্তানদের মাধ্যমে মুক্তি

দান করেছেন তার জন্য ধন্যবাদ করলেন এবং অব্রাহাম সমস্ত দ্রব্যের "দশমাংশ তাহাকে দিলেন।" PPBeng 85.2

অব্রাহাম ভয় পান

PPBeng 85

অব্রাহাম যতদূর সম্ভব দ্বন্দ্ব পরিত্যাগ, শান্তিপূর্ণ মানুষ হিসাবে বাস করতেন। যে ভয়ঙ্কর হত্যা যজ্ঞ তিনি দেখেছিলেন তা ভীতি সহকারে তার স্মরণে আসল। যে জাতির সৈন্যবাহিনীকে তিনি পরাজিত করেছিলেন তারা নিঃসন্দেহে আবার আক্রমণ করবে এবং তাকে তাদের প্রতিশোধের মুখ্য লক্ষ্যরূপে ধরে নেবে। অধিকন্তু, তিনি কনানের অধিকার তখনও পান নি এবং এখন আর তিনি তার উত্তরাধিকারীর প্রত্যাশা করতে পারেন না যে উত্তরাধিকারীর মাধ্যমে ঈশ্বরের প্রতিজ্ঞা পূর্ণ হতে পারে। PPBeng 85.3

রাত্রিকালীন এক স্বপ্নে আবার স্বর্গীয় বাণী শুনা গেল। "আব্রাম (পিতৃদত্ত নাম), ভয় করিও না, আমিই তোমার ঢাল ও তোমার মহা পুরস্কার।" কিন্তু কি ভাবে চুক্তির প্রতিজ্ঞা পূরণ করা হবে যখন কোন পুত্র-সন্তান দান থেকে তাকে বঞ্চিত করা হল? তিনি বললেন, "তুমি আমাকে কি দিবে? আমি ত নিঃসন্তান হইয়া প্রয়াণ করিতেছি, আমার গৃহজাত... একজন আমার উত্তরাধিকারী হইবে।" তার বিশ্বস্ত দাস ইলীয়েষরকে দত্তক-পুত্ররূপে গ্রহণ করে তার উত্তরাধিকারী নিয়োগের জন্য তিনি প্রস্তাব দিলেন। কিন্তু তাকে আশ্বস্ত করা। হল যে তার আপন পুত্রই তার উত্তরাধিকারী হবে। পরে তাকে তারকাজ্জ্বল আকাশের দিকে চক্ষু তুলে তাকাতে বলা হল, এবং এই বাক্য বলা হল, "এইরূপে তোমার বংশ হইবে।" "অব্রাহাম ঈশ্বরের উপর বিশ্বাস করিলেন, এবং তাহা তাহার পক্ষে ধার্মিকতা বলিয়া গণিত হইল।" রোমীয় ৪:৩। PPBeng 85.4

সদাপ্রভু সবিনয়ে তাঁর সন্তানদের সহিত চুক্তিতে আবদ্ধ হতে রাজী হলেন। কনান দেশ স্থাপিত হওয়ার পূর্বে তার পরবর্ত্তী বংশধরদের কষ্ট ভোগের প্রতি ইঙ্গিত করে এবং প্রতিজ্ঞাত দেশের অধিকার শীঘ্র পাওয়ার প্রত্যাশা না করার জন্য আদেশ দান করে ঈশ্বরের বাণী শোনা গেল। যীশু খ্রীষ্টের মৃত্যু, যা হল বৃহত্তম ত্যাগ ও তার গৌরবময় পুনরাগমনের মাধ্যমে যে পরিত্রাণের পরিকল্পনা রয়েছে তা তার (অব্রাহামের) কাছে তুলে ধরা হল। প্রতিজ্ঞার পরিপূর্ণতাস্বরূপ পৃথিবী যে আবার আপন বাগানের মত সৌন্দর্য্যে পুনঃ প্রতিষ্ঠিত করা হবে এবং তা একটি চিরন্তন অধিকার হিসাবে দান করা হবে, তাও অব্রাহাম দেখতে পেলেন। PPBeng 86.1

অব্রাহাম কনানে প্রায় পঁচিশ বৎসর যাপন করার পর সদাপ্রভু তার সামনে উপস্থিত হলেন এবং বললেন, "আমিই তোমার সহিত আপন নিয়ম স্থির করিতেছি, তুমি বহুজাতির আদিপিতা হইবে।" আর এই চুক্তির পরিপূর্ণতার চিহ্ন-স্বরূপ তার নাম অব্রামের পরিবর্তে অব্রাহাম, "বহু লোকের পিতা" করা হল। সারীর (স্ত্রী সারী আসল নাম) নাম পরিবর্তন করে

সারা "রাণী" করা হল কারণ "সে জাতিগণের (আদি মাতা) হইবে, তাহা হইতে লোকবৃন্দের রাজগণ উৎপন্ন হইবে।" PPBeng 86.2

ঈশ্বর যে তাদের তার নিজস্ব সম্পদে পরিণত করেছেন এবং তারা যে পৌত্তলিকদের থেকে পৃথক তার চিহ্ন-স্বরূপ এই সময় আব্রাহামকে ত্বকছেদের নিয়ম দেয়া হল। তারা যেন পৌত্তলিক জাতির সহিত কোন বিয়ের চুক্তিতে আবদ্ধ না হয়, কেননা তা করা হলে তারা অন্যান্য জাতির পাপপূর্ণ জীবন যাপন পদ্ধতি গ্রহণ করতে পারে এবং প্রলোভনের মাধ্যমে নিজেরাও পৌত্তলিক জাতিতে পরিণত হতে পারে। PPBeng 86.3

অব্রাহাম না জেনে দূতগণের আতিথ্য করেন

PPBeng 86

অব্রাহামকে ঈশ্বর অনেক সম্মান দান করেছিলেন। দূতগণ তার সাথে চলাফেরা করতেন ও কথা বলতেন। যখন সদোমের উপর বিচার নেমে আসছিল, তখন সেই সত্য তার নিকট থেকে লুকানো হয়নি, এবং তিনি পাপীদের পক্ষে ঈশ্বরের নিকট সুপারিশ করতে সুযোগ পেয়েছিলেন। PPBeng 86.4

গ্রীষ্মকালের উত্তপ্ত এক দুপুরে পিতৃকুলপতি আব্রাহাম আপন তাঁবুর দরজায় বসেছিলেন যখন দূরে তিনি তিন জন অতিথি দেখতে পেলেন। তাঁবু পর্য্যন্ত পৌঁছার আগে, আগন্তুকরা থেমে গেলেন। তাকে তাদের অনুরোধ জানানোর অপেক্ষা না করে, অব্রাহাম অত্যন্ত ভদ্রতা সহকারে তাদের অনুরোধ জানালেন যে তারা যেন একটু পানাহারের জন্য বিশ্রাম নিয়ে তাকে সম্মানিত করেন। তিনি নিজ হাতে তাদের জল এনে দিলেন যেন তারা ভ্রমণজনিত তাদের পায়ের ধূলা ধূয়ে ফেলতে পারেন। তিনি তাদের জন্য খাবার এনে দিলেন, এবং যখন তারা শীতল ছায়ায় বিশ্রাম নিচ্ছিলেন এবং তার আতিথেয়তা গ্রহণ করছিলেন, তখন তিনি সসম্মানে তাদের কাছে দাঁড়িয়ে রইলেন। অনেক বৎসর পরে তার এই কাজকে একজন প্রেরিত এভাবে বর্ণনা করেছেন, "তোমরা অতিথি সেবা ভুলিয়া যাইও না; কেননা তদ্দ্বারা কেহ কেহ না জানিয়া দূতগণেরও আতিথ্য করিয়াছেন।" ইব্রীয় ১৩:২। PPBeng 87.1

অব্রাহাম তার অতিথিদের মধ্যে মাত্র তিন জন ক্লান্ত পথচারীকেই দেখতে পেয়েছিলেন, তিনি কখনো ভাবতে পারেন নি যে এই তিন জনের মধ্যে সেই একজনও ছিলেন, তিনি নিষ্পাপ হিসাবে যার ভজনা করতে পারেন। কিন্তু এরপর এই তিনজন স্বর্গীয় বাণী বাহকের চরিত্র প্রকাশ পেল। তারা প্রচন্ড ক্রোধ বহন করে চলছিলেন, যদিও অব্রাহামের উপর তারা ঈশ্বরের অনুগ্রহ দেখিয়েছিলেন। প্রতিশোধ গ্রহণে ঈশ্বর কোন আনন্দ পান না। PPBeng 87.2

অব্রাহাম ঈশ্বরকে সম্মান দেখিয়েছিলেন এবং সদাপ্রভু তার আগমনের উদ্দেশ্য ব্যক্ত করে অব্রাহামকে সম্মান দেখালেন। "আমি যাহা করিব, তাহা কি অব্রাহাম হইতে লুকাইব?"

সদাপ্রভু বললেন, "সদোম ও ঘমোরার ক্রন্দন আত্যন্তিক, এবং তাহাদের পাপ অতিশয় ভারী; আমি নীচে গিয়া দেখিব, আমার নিকটে আগত ক্রন্দনানুসারে তাহারা সর্বতোভাবে করিয়াছে কি না; যদি না করিয়া থাকে, তাহা জানিব।" ঈশ্বর সদোমের পাপ সম্বন্ধে জানতেন, কিন্তু তিনি মানুষের মত করে বললেন যেন তাঁর ন্যায় বিচার বুঝা সম্ভব হয়। তিনি অনুসন্ধান পরিচালনার ব্যবস্থার জন্য নিজে যাবেন। যদি তারা স্বর্গীয় অনুগ্রহের সীমার বাইরে না গিয়ে থাকে, তিনি তাদের অনুশোচনা করার সুযোগ দিবেন। PPBeng 87.3

স্বর্গীয় বার্তাবাহকদের দু'জন চলে গেলেন আর অব্রাহাম তার সাথে একা রয়ে গেলেন যাকে এখন তিনি ঈশ্বরের পুত্ররূপে জানলেন। বিশ্বাসপূর্ণ অব্রাহাম সদোমের অধিবাসীদের জন্য অনুরোধ জানালেন। এক সময় তিনি তাদের তলোয়ারের জোরে বাঁচিয়েছিলেন। এখন তিনি তাদের প্রার্থনার মাধ্যমে বাঁচাতে চাইলেন। লোট ও তার পরিজন তখনো সেখানকার বাসিন্দা ছিলেন, এই অব্রাহাম তাদের স্বর্গীয় বিচারের ঝড় হতে বাঁচাতে চেষ্টা করলেন। PPBeng 87.4

অনেক বিনম্র ভাবে তিনি তার অনুরোধ পেশ করলেনঃ "ধূলি ভস্মমাত্র যে আমি, আমি প্রভুর সঙ্গে কথা কহিতে সাহসী হইয়াছি।" নিজ বাধ্যতার কারণে অথবা যত বলি দিয়েছেন সেগুলির কারণে তিনি অনুগ্রহ দাবী করলেন না। নিজেকে একজন পাপী মনে করে, পাপীদের জন্য তিনি অনুরোধ জানালেন। এতদ্‌সত্বেও অব্রাহামের এক ছেলে যেমন পিতার কাছে আবদার করে সেই ধরণের আত্ম-বিশ্বাস প্রদর্শন করলেন। যদিও লোট সদোমের অধিবাসী ছিলেন, তথাপি তিনি ঐ স্থানের অন্যান্য অধিবাসীদের সহিত অন্যায়- অপরাধে অংশ নেন নি। অব্রাহাম ভেবেছিলেন যে এত জনবহুল একটি শহরে নিশ্চয়ই সত্য ঈশ্বরের আরাধনাকারী অন্যান্য লোকও আছেন। তিনি অনুরোধ জানালেন, "দুষ্টের সহিত ধার্মিককেও বিনাস করা, এই প্রকার কর্ম আপনা হইতে দূরে থাকুক; সমস্ত পৃথিবীর বিচারকর্তা কি ন্যায় বিচার করিবেন না?" যখন তার অনুরোধ রক্ষা করা হল তখন তিনি নিশ্চিত হলেন যে যদি ওখানে দশজন ধার্মিকও পাওয়া যায়, তবে ঐ শহরটি রক্ষা করা হবে । PPBeng 88.1

সদোমের জন্য অব্রাহামের প্রার্থনা আমাদের এই শিক্ষা দেয় যে, আমরা পাপের প্রতি ঘৃণা পোষণ করব, কিন্তু পাপীদের প্রতি অনুকম্পা ও প্রেম পোষণ করব। আমাদের চতুর্দিকে অনেক আত্মা ধ্বংসের অতল গহবরে ডুবে যাচ্ছে। প্রতি ঘন্টায় কিছু কিছু লোক অনুগ্রহের আওতার বাইরে চলে যাচ্ছে। কোথায় সেই অনুরোধের আওয়াজ যা পাপীদের ভয়ঙ্কর ধ্বংস হতে পালাতে বলবে? কোথায় সেই সকল লোক যারা তার জন্য ঈশ্বরের নিকটে অনুরোধ জানাচ্ছেন? PPBeng 88.2

আজ "সদোমের" জন্য কে প্রার্থনা করে?

PPBeng 88

আব্রাহামের আত্মা ছিল যীশু খ্রীষ্টের আত্মা, যিনি নিজে পাপীদের প্রতি সেই প্রেম দেখিয়েছেন যা একমাত্র অসীম অনুগ্রহের ভান্ডারের পক্ষেই সম্ভব। পৃথিবীর পাপের ভারী বোঝায় ক্লান্ত হয়ে, ক্রুশের প্রচন্ড ব্যথার মধ্যে তিনি তার হত্যাকারীদের জন্য প্রার্থনা করলেন, "পিতঃ, ইহাদিগকে ক্ষমা কর, কেননা ইহারা কি করিতেছে, তাহা জানে না।" লূক ২৩:৩৪ । PPBeng 88.3

অব্রাহাম সম্বন্ধে ঈশ্বরের সাক্ষ্য হল, "অব্রাহাম আমার কথা শুনেছে, আমার ভার বহন করেছে, আমার আদেশ, আমার আইন, আমার ব্যবস্থা মেনেছে।" "আমি তাহাকে জানিয়াছি, যেন সে আপন ভাবী সন্তানদিগকে ও ' পরিবারদিগকে আদেশ করে, যেন তাহারা দয়ালু ও ন্যায্য আচরণ করিতে করিতে সদাপ্রভুর পথে চলে, এইরূপে সদাপ্রভু যেন অব্রাহামের বিষয়ে কথিত আপনার বাক্য সফল করেন।" একটি মহা সম্মানের কাজে অব্রাহামকে আহবান করা হয়েছিল, তা ছিল সেই জাতির পিতা হওয়া যারা সমস্ত পৃথিবীর জন্য ঈশ্বরের সত্যের অভিভাবক হবে যাদের মাধ্যমে মশীহ্ আসবেন এবং সমস্ত মানব জাতির জন্য আশীর্বাদস্বরূপ হবেন। অব্রাহাম ঈশ্বরের আদেশ মানবেন এবং ন্যায় ও ধার্মিক আচরণ করবেন। এবং শুধু তিনি নিজেই ঈশ্বরকে ভয় করবেন তা নয়, কিন্তু আপন পরিজনকে ধার্মিকতার পথে চলার উপদেশ দেবেন। PPBeng 88.4

অব্রাহামের পরিজনের সংখ্যা প্রায় এক হাজারের বেশী ছিল। স্কুলের মতই তারা ঐ সমস্ত উপদেশ পেতেন যা তাদের খাঁটি বিশ্বাসের প্রতিনিধি করতে প্রস্তুত করবে । তিনি পরিবার প্রধানদের শিক্ষা দিতেন, এবং তার শাসন পদ্ধতি তারা নিজ নিজ আওতাধীন পরিবারের সদস্যদের মধ্যে চালু করবেন। PPBeng 89.1

পরিবারের সকল সদস্যদের একতার বন্ধনে বাঁধার প্রয়োজন ছিল, যেন যে পৌত্তলিকতা অনবরত প্রসারিত হচ্ছিল তার বিরুদ্ধে বাধা সৃষ্টি করা সম্ভব হয়। পৌত্তলিকদের সঙ্গে মেলামেশা করা ও তাদের পৌত্তলিক জীবন যাত্রায় আকর্ষিত হওয়া থেকে রক্ষা করার জন্য অব্রাহাম তার তাম্বুর আওতাধীন সকলকে প্রহরায় রাখতেন। মহিমান্বিত ও গৌরবান্বিত সত্য ঈশ্বরই যে একমাত্র আরাধনার যোগ্য তা মনের মধ্যে গভীর ভাবে গেঁথে দেয়ার জন্য যথেষ্ট যত্ন নেয়া হত। PPBeng 89.2

ঈশ্বর স্বয়ং অব্রাহামকে তার পৌত্তলিক গোত্র হতে পৃথক করেছিলেন যেন গোত্রপতি তার পরিজনকে মেসোপটেমিয়ার ক্ষতিকারক প্রভাব হতে মুক্ত রেখে শিক্ষাদান করতে পারেন, এবং যেন তার বংশধরেরা সততা ও খাঁটি বিশ্বাস রক্ষা করতে পারে । PPBeng 89.3

দৈনন্দিন জীবনের প্রভাব

PPBeng 89

অব্রাহামের সন্তান ও পরিজনরা এই শিক্ষা পেয়েছিল যে তারা স্বর্গীয় ঈশ্বরের আদেশের অধীন। পিতা-মাতারা সন্তানদের অত্যাচার করতে পারবে না এবং সন্তানরা পিতামাতার অবাধ্য হতে পারবে না। তার দৈনন্দিন জীবনের নীরব প্রভাব সকলের জন্য শিক্ষার বিষয় ছিল। তার জীবনে একটি সুন্দর ঘ্রাণ ছিল, তার চরিত্র ছিল মহান, যা সকলের নিকট প্রকাশ করত যে তিনি স্বর্গের সঙ্গে সংযুক্ত। তিনি নিম্নতম চাকরকেও অবহেলা করতেন না। তার গৃহে প্রভুদের জন্য এক নিয়ম আর চাকর-বাকরদের জন্য অন্য নিয়ম ছিল না। তার সঙ্গে জীবনের আশীর্বাদের উত্তরাধিকারী হিসাবে প্রত্যেকেই ন্যায় বিচার ও সহানুভূতি লাভ করত। PPBeng 89.4

আমাদের কালে কত অল্প লোকই এই দৃষ্টান্ত অনুকরণ করেন! অনেক পিতামাতারই একটি অন্ধ আবেগ, অনাহুত ভালবাসা রয়েছে যা সন্তানদের তাদের নিজস্ব ইচ্ছার নিয়ন্ত্রণে ছেড়ে দেয়। এটা যুবক যুবতীর প্রতি নিষ্ঠুরতা এবং পৃথিবীর প্রতি একটি মহা অন্যায়। পিতা-মাতার প্রশ্রয়দান ছোট ছোট সন্তানদের স্বর্গীয় আদেশের নিকট আত্মসমর্পণ না করে তাদের ইচ্ছা ও কামনা অনুসারে চলতে উৎসাহিত করে। এভাবে তারা তাদের মন্দ ও অবাধ্য আত্মা দ্বারা তাদের সন্তানদের প্রজন্মদেরও সংক্রমিত করে। ঈশ্বরের আদেশের প্রতি বাধ্যতা প্রদর্শনের প্রথম পদক্ষেপ হিসাবে পিতা-মাতার প্রতি বাধ্যতা শিক্ষা দেয়া হোক। PPBeng 90.1

স্বর্গীয় আদেশ আর প্রযোজ্য নয় বলে যে শিক্ষা প্রসার লাভ করেছে তা লোকদের নৈতিকতার উপর পৌত্তলিকতার সমতুল্য প্রভাব বিস্তার করে। পিতা মাতারা সন্তানদের ঈশ্বরের পথে চলতে শিক্ষা দিচ্ছেন না। আর সন্তানেরা যখন তাদের সংসার শুরু করে তখন যা তারা শিক্ষা পায়নি তা তাদের সন্তানদের শিক্ষা দেবার কোনরূপ বাধ্যবাধকতা অনুভব করে না। এজন্যই এত মন্দ পরিবার, আর বঞ্চনা এত প্রসার লাভ করছে। PPBeng 90.2

একটি গভীর ও প্রসারিত সংস্কার প্রয়োজন । পিতামাতা ও বিশ্বাসীদের সংস্কার প্রয়োজন; তাদের সংসারে ঈশ্বরের প্রয়োজন। তারা তাদের পরিবারে তার বাক্য শিক্ষা দেবে, এবং তাদের সন্তানদের ঈশ্বরকে কি ভাবে সুখী করতে হয় তা অবিরত ভালবাসার মাধ্যমে শিক্ষা দেবে। ঐ সমস্ত পরিবারের সন্তানদের এমন শক্ত ভিত্তি হবে যা অন্তর্গামী অবিশ্বাস ভাসিয়ে নিতে পারবে না। PPBeng 90.3

সূর্য্যালোক ও বৃষ্টির এবং দূতগণের তত্ত্বাবধানের জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানানোর জন্য অনেক সংসারের পিতা মাতারা কয়েকটি মুহূর্ত সময়ও ব্যয় করতে পারেন না বলে মনে করেন। তাদের প্রার্থনা ধ্যানের জন্য কোন সময় নাই। তারা গরু বা ঘোড়ার মত খাটতে কাজে বেরিয়ে যান। ঈশ্বর সম্বন্ধে কোন চিন্তাই তাদের মনে উদয় হয় না। তাদের রক্ষার জন্য ঈশ্বরের পুত্র নিজ প্রাণ দিলেন, কিন্তু যেরূপ একটি পশু ঈশ্বরকে ধন্যবাদ ছাড়া মরে যায় ঠিক তদ্রূপ তাদেরও ঈশ্বরের প্রতি কোন কৃতজ্ঞতা নাই। PPBeng 90.4

প্রতিটি গৃহই একটি প্রার্থনার গৃহ হবার প্রয়োজন যদি কখনও হয়ে থাকে তা এখন। পিতা একজন পুরোহিতরূপে প্রতি সকালে ও সন্ধ্যায় ঈশ্বরের বেদীতে উপস্থিত হবেন এবং মা ও সন্তানেরা প্রার্থনা ও ধ্যানের মাধ্যমে প্রসংশা করার জন্য একত্রিত হোক। ঐ ধরণের একটি গৃহে যীশু খ্রীষ্ট সর্বদা থাকতে ভালবাসেন। PPBeng 91.1

প্রত্যেক গৃহ হতে প্রেম ও দয়া সুচিন্তিত ভাবে নম্র ও স্বার্থহীন সৌজন্যতার সহিত প্রবাহিত হোক। কোন কোন গৃহ আছে যেখানে ঈশ্বরের ধন্যবাদ হয় ও সত্যিকার প্রেমে সে গৃহে পরিপূর্ণ। সেই গৃহের অধিবাসীদের উপর তার অনুগ্রহ ও করুণা প্রাতঃকালীন শিশিরের মত ঝরতে থাকে। PPBeng 91.2

একটি সুশৃঙ্খলিত গৃহ খ্রীষ্ট বিশ্বাসীদের পক্ষে একটি অখন্ডনীয় যুক্তি। পারিবারিক প্রভাব সন্তানদের জীবনে কাজ করে এবং তাদের জীবন প্রভাবিত করে। অব্রাহামের ঈশ্বর সর্বদা তাদের সঙ্গী। প্রত্যেক বিশ্বাসী পিতা-মাতার প্রতি ঈশ্বরের আদেশ হল, “আমি তাঁহাকে জানিয়াছি, যেন সে আপন ভাবী সন্তানদিগকে ও পরিবারদিগকে আদেশ করে, যেন তাহারা নম্র ও ন্যায্য আচরণ করিতে করিতে সদাপ্রভুর পথে চলে।” PPBeng 91.3

অধ্যায় ১৩—ইস্‌হাককে বলিদান করা : বিশ্বাসের পরীক্ষা

PPBeng 92

অব্রাহাম এক পুত্রের বিষয়ে ঈশ্বরের প্রতিজ্ঞা গ্রহণ করলেন কিন্তু ঈশ্বর নিজ সময় অনুসারে যে তাঁর প্রতিজ্ঞা পূরণ করবেন তার জন্য তিনি অপেক্ষা করতে পারলেন না। তার বিশ্বাসের পরীক্ষা করার জন্য একটু বিলম্ব ঘটতে দেয়া হল, কিন্তু তিনি পরীক্ষায় উত্তীর্ণ হতে পারলেন না। PPBeng 92.1

তার বৃদ্ধ বয়সে স্ত্রী সারা পরামর্শ দিলেন যে, স্বর্গীয় উদ্দেশ্য পূর্ণ করার পরিকল্পনাস্বরূপ অব্রাহাম তার পরিচারিকাদের একজনকে দ্বিতীয় স্ত্রীরূপে গ্রহণ করতে পারেন। বহু বিবাহ ত পাপ ছিল না কিন্তু তাতে ঈশ্বরের আইন অমান্য করা হত এবং পরিবারের শান্তির জন্য খুবই বিপজ্জনক ছিল। স্ত্রী হাগারকে অব্রাহামের বিয়ে করা শুধু যে তার ঘরে বিপদ ডেকে এনেছিল তা নয়, কিন্তু ভবিষ্যতের প্রজন্মের জন্যও বিপদ ডেকে এনেছিল। PPBeng 92.2

অব্রাহামের স্ত্রী হিসেবে তার নূতন অবস্থানের আনন্দে, এবং তার (আব্রাহাম) থেকে এক বৃহৎ জাতির মা হবার প্রত্যাশায়, হাগার গর্বিত হয়ে উঠলেন। পরস্পরের প্রতি হিংসা এককালের সুখী গৃহের শান্তি বিনষ্টের কারণ হয়ে পড়ল। উভয়ের অভিযোগ শুনতে বাধ্য হওয়া সত্ত্বেও অব্রাহাম গৃহে শান্তি স্থাপন করতে অক্ষম হলেন। যদিও স্ত্রী সারার অনুরোধে তিনি হাগারকে বিবাহ করেছিলেন, কিন্তু এখন তিনি তাকেই এই বিয়ের জন্য দায়ী করতে থাকলেন। তিনি চাইলেন যে তার প্রতিদ্বন্দ্বীকে নির্বাসন দেয়া হোক। কিন্তু অব্রাহাম তা করতে অসম্মত ছিলেন কেননা হাগার সন্তান সম্ভবা ছিলেন, এবং তিনি খুব আশা করেছিলেন যে এই সন্তান হবে প্রতিজ্ঞাত ছেলে। যেহেতু তিনি সারার দাসী ছিলেন তাই অব্রাহাম তাকে তার প্রভুর নিয়ন্ত্রণেই রাখলেন। তাহাতে সারী (সারার আসল নাম) হাগারকে দুঃখ দিলেন আর সে তাঁহার নিকট থেকে পলায়ন করলেন। PPBeng 92.3

তিনি মরুভূমিতে পালিয়ে গেলেন এবং একাকী এবং বন্ধুবান্ধব বিহীন অবস্থায় যখন একটি ঝর্ণার কাছে বিশ্রাম করছিলেন তখন একজন দূত তার কাছে উপস্থিত হলেন। “সারীর দাসী হাগার” রূপে আহবান করার পর দূত তাকে আদেশ দিলেন, “তুমি আপন কর্ত্রীর নিকটে ফিরিয়া গিয়া নম্র ভাবে তাহার হস্তের বশীভূতা হও।” এই ভর্ৎসনার সাথে আনন্দের বাণীও মিশ্রিত ছিল: “সদাপ্রভু তোমার দুঃখ শ্রবণ করিলেন।” “আমি তোমার বংশের এমন বৃদ্ধি করিব যে, বাহুল্য প্রযুক্ত অগণ্য হইবে।” তাকে বলা হল যে তিনি তার ছেলের নাম রাখবেন, ইশ্মায়েল। “ঈশ্বর শুনেন।” PPBeng 92.4

যখন অব্রাহামের বয়স প্রায় একশ বৎসর হল, একটি ছেলের প্রতিজ্ঞা পুনরাবৃত্তি করা হল। “তোমার স্ত্রী সারা অবশ্য তোমার নিমিত্ত পুত্র প্রসব করিবে, এবং তুমি তাহার নাম ইস্‌হাক (হাস্য) রাখিবে, আর আমি তাহার সহিত আমার নিয়ম স্থাপন করিব।” ঈশ্বর আরও

বললেন, "আর ইশ্মায়েলের বিষয়েও আমি তোমার প্রার্থনা শুনিলাম; দেখ, আমি তাহাকে আশীর্বাদ করিলাম,...ও আমি তাহাকে বড় জাতি করিব।" PPBeng 93.1

বহু-বিবাহ দুঃখের সৃষ্টি করে

PPBeng 93

ইস্‌হাকের জন্ম অব্রাহামের ও সারার তাঁবু আনন্দে পূর্ণ করল, কিন্তু হাগারের নিকট এই ঘটনার অর্থ ছিল তার বহু কাঙ্খিত উচ্চাকাঙ্খার অবসান। সবাই জানত যে ইশ্মায়েল হলেন অব্রাহামের সকল সম্পত্তির উত্তরাধিকারী এবং তার বংশকে প্রতিজ্ঞা করা সকল আশীর্বাদের অধিকারী। এখন সহসা তাকে এক পাশে সরিয়ে দেয়া হচ্ছে। মা ও ছেলে তাই সারার সন্তানকে ঘৃণা করতে লাগলেন। PPBeng 93.2

স্বাভাবিক আনন্দ তাদের হিংসা বৃদ্ধি করতে লাগল, এমনকি পরিশেষে ইশ্মায়েল ঈশ্বরের প্রতিজ্ঞার উত্তরাধিকারীকে খোলাখুলি ঠাট্টা-বিদ্রূপ করতে লাগলেন। ইশ্মায়েলের অশান্ত প্রকৃতির মধ্যে সারা ভবিষ্যৎ দ্বন্দ্বের উৎস দেখতে পেলেন এবং তিনি অব্রাহামকে অনুরোধ জানালেন যেন হাগার ও ইশ্মায়েলকে দূরে পাঠিয়ে দেওয়া হয়। PPBeng 93.3

গোত্রপতি এক মহা বিপদে পড়লেন। কি করে তিনি তার ছেলে যাকে তিনি এখনো খুবই ভালবাসেন সেই ইশ্মায়েলকে, বিতাড়িত করতে পারেন? হতবুদ্ধি হয়ে তিনি ঈশ্বরীয় পরিচালনা কামনা করলেন। এক পবিত্র দূতের মাধ্যমে ঈশ্বর তাকে সারার আকঙ্খা পূর্ণ করতে বললেন; শুধু এই উপয়েই তিনি নিজ পরিবারে ঐক্য ও শান্তি পুনঃ স্থাপিত করতে পারেন। দূত তাকে এই প্রতিশ্রুতি দিলেন যে ঈশ্বর ইশায়েলকে ছেড়ে যাবেন না এবং তিনি এক মহা জাতির পিতা হবেন। অব্রাহাম আদেশ মানলেন, কিন্তু অনেক মনোকষ্ট ব্যতিরেকে নয়। যখন পিতা তার ছেলে ও হাগারকে দূরে পাঠিয়ে দিলেন তখন তার হৃদয় দুঃখ ভারাক্রান্ত ছিল। PPBeng 93.4

বিবাহিত সম্পর্কের পবিত্রতা সকল যুগের জন্য এক বিশেষ শিক্ষাতে পরিণত হল। মহা ত্যাগের মাধ্যমেও এই সম্পর্কের অধিকার ও সুখ বজায় রাখতে হবে। সারাই অব্রাহামের আসল স্ত্রী ছিলেন। অন্য কেউ তার অধিকারে অংশ গ্রহণ করতে পারত না। তিনি অনিচ্ছুক ছিলেন যে অব্রাহামের স্নেহ অন্য কাউকে দান করা হোক, এবং তার প্রতিদ্বন্দ্বীকে বিতাড়িত করার জন্য ঈশ্বর তাকে তিরস্কার করলেন না। PPBeng 94.1

সকল প্রজন্মের জন্য একটি দৃষ্টান্ত

PPBeng 94

অব্রাহামের পরবর্ত্তী প্রজন্মের নিকট বিশ্বাসের একটি উজ্জ্বল দৃষ্টান্ত হতে যাচ্ছিলেন। কিন্তু তার বিশ্বাসের সম্পূর্ণ ভাবে পরিপূর্ণ ছিল না। হাগারকে বিবাহ করার মাধ্যমে তিনি

ঈশ্বরের প্রতি অবিশ্বাস দেখালেন। যেন তিনি সর্ব্বোচ্চ মানে পৌঁছান তার জন্য ঈশ্বর তাকে আরেকটি পরীক্ষায় ফেললেন, যা কোন মানুষকে আর কখনো ফেলা হয় নি, এমন এক পরীক্ষায় তাকে ফেলা হল। রাতের স্বপ্নের মধ্যে তাকে নির্দেশ দেয়া হলো যে তিনি যেন তার পুত্রকে যে পাহাড় পরে দেখানো হবে এমন একটি নির্দিষ্ট পাহাড়ে নিয়ে গিয়ে হোম বলিরূপে উৎসর্গ করেন । PPBeng 94.2

অব্রাহামের বয়স একশ বিশ বৎসর হয়ে গিয়েছিল। যৌবনের উত্তেজনা বিদায় নিয়েছে । যৌবনের উদ্দীপনায় হয়তো কেউ এমন কষ্ট ও দুঃখ সহ্য করে নিতে পারে যা পরবর্তীকালে তার হৃদয়ের স্পন্দনকে থামিয়ে দেবে। কিন্তু ঈশ্বর অব্রাহামের জন্য সবচেয়ে যাতনাদায়ক পরীক্ষা সেই সময়ের জন্য রেখে দিয়েছিলেন। যখন বয়সের ভার তার কাছে অত্যধিক মনে হচ্ছিল এবং তিনি বিশ্রাম চাচ্ছিলেন। PPBeng 94.3

গোত্রপতি অনেক ধনী ছিলেন এবং স্থানীয় শাসনকর্তাগণ তাকে এক শক্তিশালী রাজপুত্ররূপে গণ্য করতেন। আত্মত্যাগ ও ধৈর্য্যশীল এই জীবনকে ঈশ্বর যেন অনেক আশীর্বাদযুক্ত করেছিলেন। PPBeng 94.4

ইস্‌হাককে বলি দেবার জন্য অব্রাহামের প্রতি আদেশ

PPBeng 94

বিশ্বাসে বিশ্বস্ত থেকে অব্রাহামের নিজ দেশ ত্যাগ করে যে দেশের উত্তরাধিকার পাবেন সেই দেশে এসে এক পথিকের মত ঘুরে বেড়ালেন । প্রতিজ্ঞাত উত্তরাধিকারীর জন্মের জন্য তিনি অনেক দিন অপেক্ষা করেছিলেন। ঈশ্বরের আদেশে তিনি ইশ্মায়েলকে দূরে পাঠিয়ে দিয়েছিলেন। এই মুহূর্ত্তে, যখন মনে হচ্ছিল যে তার প্রত্যাশা বুঝি ফলে রূপান্তরিত হতে চলছে, সমস্ত পরীক্ষার চেয়ে বড় পরীক্ষা তার সামনে উপস্থিত । PPBeng 94.5

আদেশটি নিশ্চয়ই পিতার হৃদয়কে ব্যথায় খন্ডবিখন্ড করে ফেলেছিল; "তুমি আপন পুত্রকে, তোমার অদ্বিতীয় পুত্রকে, যাহাকে তুমি ভালবাস, সেই ইস্‌হাককে লইয়া...যাও....তাহার উপরে তাহাকে, হোমার্থে বলিদান কর।" ইস্‌হাক ছিলেন তার ঘরের আলো, তার বৃদ্ধ বয়সের সন্তান, প্রতিজ্ঞাত আশীর্বাদের উত্তরাধিকারী; কিন্তু তাকে আদেশ করা হল যে নিজ হাতে সেই ছেলেকে হত্যা করতে হবে। এটা একটি ভীতিকর অসম্ভব আদেশ বলে মনে হচ্ছিল । PPBeng 95.1

শয়তান অতি কাছে থেকে তাকে মন্ত্রণা দিল যে তিনি প্রতারিত হচ্ছেন কেননা ঈশ্বরের আদেশ হলো, "হত্যা করিও না"। ঈশ্বর যেটা নিষেধ করেছেন তা হয়ত তিনি আবার করতে বলবেন না। তাঁবুর বাইরে গিয়ে অব্রাহাম সেই আদেশ স্মরণ করলেন যে তার বংশধরেরা আকাশের তারাগণের মত অগণিত হবে। যদি এই আদেশ ইস্‌হাকের মাধ্যমে পূর্ণ হতে হয়, তবে তাকে কি ভাবে হত্যা করা যাবে? অব্রাহাম মাটিতে হাঁটু পেতে দিয়ে, যে ভাবে কোন

দিন প্রার্থনা করেন নি সেই ভাবে, প্রার্থনার মাধ্যমে ঐ ভয়ঙ্কর কর্ত্তব্য আসলেই পালন করতে হবে কিনা তার নিশ্চয়তা চাইলেন। তার মনে পড়ল যে, যে দূত সদোম ধ্বংস করতে এসেছিলেন বলে তার কাছে প্রকাশ করেছিলেন তারা তার কাছে তার ছেলে ইস্‌হাকের জন্মের প্রতিজ্ঞাও নিয়ে এসেছিলেন। তিনি সেই একই জায়গায় গিয়ে দাঁড়ালেন যেখানে তিনি সেই স্বর্গীয় দূতদের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন কিন্তু আর কোন নির্দেশ আসল না। ঈশ্বরের আদেশ তার কাণে বাজতে লাগল, "তুমি আপন পুত্রকে, তোমার অদ্বিতীয় পুত্রকে, যাহাকে তুমি ভালবাস, সেই ইস্‌হাককে...লইয়া যাও।" ঐ আদেশ পালন করতে হবে। দিন শুরু হতে যাচ্ছে, এবং তাকে তার যাত্রা শুরু করতে হবে। PPBeng 95.2

ইস্‌হাক যৌবনের নির্মল ঘুমে অচেতন ছিলেন। মুহূর্তের জন্য পিতা ছেলের স্নেহময় মুখের দিকে তাকালেন, আর তৎক্ষণাৎ কম্পিত ভাবে দৃষ্টি সরিয়ে ফেললেন। তিনি সারার কাছে গেলেন এবং দেখলেন তিনিও ঘুমাচ্ছেন। তাকে কি জাগাবেন? তার ইচ্ছে হ'ল যে তিনি তার কাছে তার হৃদয়ের কথা খুলে বলেন ও তার ভয়ঙ্কর দায়িত্বের বোঝা তার সঙ্গে সহভাগ করেন; কিন্তু নিজেকে দমালেন। ইস্‌হাক ছিল তার আনন্দ ও গৌরব; মার ভালবাসা হয়ত বলির পথে বাধা হয়ে দাঁড়াবে। PPBeng 95.3

তিনটি দুঃখময় দিন

PPBeng 96

পরিশেষে অব্রাহাম তার ছেলেকে ডাকলেন এবং দূরের একটি পাহাড়ে বলিদান দেবার আদেশ সম্বন্ধে বললেন। ইস্‌হাক প্রায়ই তার পিতার সঙ্গে প্রার্থনা করতে যেতেন, তাই এতে তিনি বিস্মিত হলেন না। কাষ্ঠ প্রস্তুত হল ও গাধার উপরে রাখা হল, এবং দুজন দাসসহ তারা যাত্রা করলেন। PPBeng 96.1

পিতা ও সন্তান নীরবে যাত্রা করতে থাকলেন, কূলপতি তার হৃদয়ের বোঝা নিয়ে চিন্তা করতে থাকলেন। তার চিন্তা গর্বিত, স্নেহময়ী মাতার দিকে ধাবিত হল, বিশেষ করে সেই দিনের দিকে যেদিন তিনি তার কাছে একা ফিরে আসবেন। তিনি জানতেন যে যখন ছুরি তার ছেলের জীবন নেবে তখন সেটি তার হৃদয়কেও ভেদ করবে। PPBeng 96.2

ঐ দিন অব্রাহামের জীবনের অভিজ্ঞতার দীর্ঘতম দিন ধীরে ধীরে অবসান হল। তিনি ধ্যানের মাধ্যমে রাত্রি কাটালেন, এই প্রত্যাশা নিয়ে যে হয়ত কোন স্বর্গীয় বার্তাবাহক খবর দেবে যে যুবকটী অক্ষত ভাবে তার মার কাছে ফিরে যেতে পারে। কিন্তু তার নিপীড়িত হৃদয়ের জন্য কোন সান্ত্বনাই আসল না। PPBeng 96.3

আর একটি দীর্ঘ দিন। অবমাননা ও প্রার্থনার আর একটি রাত্রি। যে আদেশ তাকে সন্তানহীন করবে তা তার কাণে বাজতে থাকল। শয়তান নিকটে থেকে কাণে কাণে সন্দেহ ও অবিশ্বাস সৃষ্টির চেষ্টা করল, কিন্তু অব্রাহাম তার পরামর্শ প্রতিরোধ করলেন। PPBeng 96.4

তৃতীয় দিনে যখন তারা যাত্রা শুরু করার জন্য প্রস্তুত, গোত্রপতি প্রতিজ্ঞাত চিহ্ন দেখতে পেলেন, একখন্ড উজ্জ্বল মেঘ মোরিয়া পর্বতের উপর বিচরণ করছিল। তিনি নিশ্চিত হলেন যে, যে ধ্বনি তার কাছে এসেছিল তা ঈশ্বরেরই ধ্বনি। PPBeng 96.5

এখনও তিনি ঈশ্বরের বিরুদ্ধে কোন অভিযোগ জানালেন না। এই সন্তানকে অপ্রত্যাশিত ভাবে দান করা হয়েছে; যিনি এই মূল্যবান দান দিয়েছেন, তিনি কি তার দান ফিরিয়ে নিতে পারেন না? “ইস্‌হাকের মধ্য দিয়া তোমার বংশধরদের ডাকা হইবে” সমুদ্র কূলের ধূলিকণার মত অসংখ্য বংশধর! ইস্‌হাকও এক অলৌকিক ঘটনার সন্তান, আর যে শক্তি তাকে জীবন দিয়েছে সেই শক্তি কি তা পুনরায় দান করতে পারে না? অব্রাহাম স্বর্গীয় বাক্যের মর্ম বুঝতে পারলেন, ঈশ্বর মৃতদের মধ্যে হতেও উত্থাপন করতে সমর্থ। ইব্রীয় ১১:১৯। PPBeng 96.6

তথাপি ঈশ্বর ছাড়া কেউ বুঝতে পারে না যে নিজ পুত্রকে হত্যা করা পিতার জন্য কত বড় বলিদান। অব্রাহাম কামনা করলেন যে ঈশ্বর ছাড়া কেউ যেন এই শেষ বিদায়ের দৃশ্য না দেখে। তিনি দাসকে এই বলে পেছনে রেখে এলেন, “আমি ও যুবক আমরা ঐ স্থানে গিয়ে ঈশ্বরের প্রণিপাত করি।” PPBeng 97.1

ইস্‌হাকের কাঁধে কাঠের বোঝা রাখা হল, পিতা খড়্গগ ও আগুন নিলেন, এবং একত্রে তারা পাহাড়ের চূড়ার দিকে চললেন। অবশেষে যুবক প্রশ্ন করল, “হে আমার পিতঃ...এই দেখুন অগ্নি ও কাষ্ঠ, কিন্তু হোমের নিমিত্ত মেষশাবক কোথায়?” PPBeng 97.2

এটা কত কঠিন পরীক্ষা! কি মমতা-ভরা ডাক, “হে আমার পিতঃ”। এই সম্বোধন অব্রাহামের হৃদয় ভেদ করল। কিন্তু এখনো নয়, এখনো তাকে বলা চলবে না। তিনি বললেন, “বৎস, ঈশ্বর আপনি হোমের জন্য মেষশাবক যোগাইবেন ।” PPBeng 97.3

নির্দিষ্ট স্থানে তারা যজ্ঞবেদী তৈরী করলেন, এবং এর উপরে কাষ্ঠ রাখলেন। তারপর কম্পিত স্বরে অব্রাহাম স্বর্গীয় আদেশ তুলে ধরলেন। PPBeng 97.4

বাধ্য হবার জন্য শিক্ষালাভ

PPBeng 97

ভীত ও হতবাক ইস্‌হাক তার নিয়তি জানতে পারলেন, কিন্তু বাধা দিলেন না। তিনি ইচ্ছা করলেই পালিয়ে যেতে পারতেন। ভয়ঙ্কর তিন দিনের প্রদত্ত পরিশ্রমের ক্লান্ত বৃদ্ধ একজন শক্তিশালী যুবকের ইচ্ছার বিরুদ্ধে কিছুই করতে পারতেন না। কিন্তু ইস্‌হাক ছোট বেলা থেকে দ্রুত বাধ্যতা প্রকাশ করতে শিক্ষা লাভ করেছেন, আর যখন ঈশ্বরের লক্ষ্য তার কাছে তুলে ধরা হল, তখন তিনি স্বেচ্ছায় আত্মসমর্পণ করলেন। তিনি অব্রাহামের বিশ্বাসের সহভাগী ছিলেন, আর ঈশ্বরের নিকটে নিজের জীবন বলিরূপে উৎসর্গ করতে পেরে নিজকে সম্মানিত জ্ঞান করলেন । PPBeng 97.5

এখন ভালবাসা ও স্নেহের শেষ কথা বলা হল, শেষ চোখের জল ঝরানো হলো, আর শেষ আলিঙ্গন করা হলো । পিতা খড়গ উঠালেন। সহসা স্বর্গ হতে এক দূত আহবান করলেন, “অব্রাহাম, অব্রাহাম!” তিনি দ্রুত উত্তর করলেন, “দেখুন, এই আমি।” আবার স্বর শুনা গেল, “যুবকের প্রতি তোমার হস্ত বিস্তার করিও না, উহার প্রতি কিছুই করিও না, কেননা এখন আমি বুঝিলাম, তুমি ঈশ্বরকে ভয় কর, আমাকে আপনার অদ্বিতীয় পুত্র দিতেও অসম্মত নও।” PPBeng 97.6

তখন অব্রাহাম দেখলেন যে “তাঁহার পশ্চা দিকে একটি মেষ, তাহার শৃঙ্গ ঝোপে বদ্ধ,” এবং তিনি দ্রুত “নিজ পুত্রের পরিবর্ত্তে” ওটিকে বলি দিলেন। আনন্দ এবং কৃতজ্ঞতায় অব্রাহাম এই জায়গার নাম দিলেন “যিহোবা- যিরি,” “সদাপ্রভু যোগাইবেন ।” PPBeng 98.1

অব্রাহামের নিকট প্রতিজ্ঞা পুনরুক্তি

PPBeng 98

মোরিয়া পাহাড়ে ঈশ্বর অব্রাহাম ও তার বংশধরদের প্রতি তাঁর অনুগ্রহের আশীর্বাদ গম্ভীর প্রতিজ্ঞা সহকারে পুনরুক্তি করলেনঃ “তুমি এই কার্য্য করিলে, আমাকে আপনার অদ্বিতীয় পুত্র দিতে অসম্মত হইলে না....আমি অবশ্য তোমাকে আশীর্বাদ করিব, এবং আকাশের তারাগণের ও সমুদ্র তীরস্থ বালুকার ন্যায় তোমার অতিশয় বংশ বৃদ্ধি করিব,...তোমার বংশে পৃথিবীর সকল জাতি আশীর্বাদ প্রাপ্ত হইবে; কারণ তুমি আমার বাক্যে অবধান করিয়াছ।” PPBeng 98.2

পরবর্ত্তী কালের ঈশ্বরের সন্তানদের পথ আলোকিত করে অব্রাহামের মহৎ বিশ্বাসের কাজ একটি আলোর স্তম্ভের ন্যায় দন্ডায়মান। ঐ তিন দিনের ভ্রমণ কালে অব্রাহামের যথেষ্ট সময় ছিল ঈশ্বরকে সন্দেহ করার ও তাঁর সাথে তর্ক করার। তিনি তর্ক করতে পারতেন যে নিজ পুত্রকে হত্যা করলে তাকে একজন হত্যাকারী বলা হবে, দ্বিতীয় কয়িন বলে ডাকা হবে; এতে তার শিক্ষাকে ঘৃণা করা হবে ও অস্বীকার করা হবে, আর এই ভাবে তার সহ- মানবের উপকার করা হতে তিনি বঞ্চিত হবেন। তিনি যুক্তি দেখাতে পারতেন যে এই বৃদ্ধ বয়সে এ ধরণের বাধ্যতা থেকে তাকে মুক্তি দেয়া হোক। কিন্তু কূলপতি অযুহাতের আশ্রয় গ্রহণ করলেন না। অব্রাহাম মানুষ ছিলেন; তার অনুভূতি ও স্নেহ আমাদের মতই ছিল; কিন্তু তিনি দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে যুক্তি তর্ক করার জন্য পেছনে থেকে গেলেন না। তিনি জানতেন যে ঈশ্বর তার সমস্ত নীতিতে ন্যায্য ও ধার্মিক। PPBeng 98.3

“অব্রাহাম ঈশ্বরে বিশ্বাস করিলেন, এবং তাহা তাঁহার পক্ষে ধার্মিকতা বলিয়া গণিত হইল, আর তিনি “ঈশ্বরের বন্ধু’ এই নাম পাইলেন।” যাকোব ২:২৩। পৌল বলেন, “যাহারা বিশ্বাসাবলম্বী, তাহারাই অব্রাহামের সন্তান।” গালাতীয় ৩:৭। কিন্তু অব্রাহামের বিশ্বাস তার কাজের মাধ্যমে প্রকাশ পেয়েছিল। “আমাদের পিতা অব্রাহাম কর্মহেতু, অর্থা যজ্ঞবেদির উপরে আপন পুত্র ইস্‌হাককে উসর্গ করণ হেতু, কি ধার্মিক গণিত হইলেন না? তুমি

দেখিতেছ, তাঁহার ক্রিয়ার সহকারী ছিল, এবং কর্মহেতু বিশ্বাস সিদ্ধ হইল।” যাকোব ২:২১, ২২ পদ। PPBeng 98.4

অনেকেই বিশ্বাস ও কার্য্যের সম্পর্ক বুঝতে অক্ষম হন। তারা বলেন, “শুধু যীশু খ্রীষ্টের উপর বিশ্বাস রাখ, তবেই তুমি নিরাপদ। তোমাকে ঈশ্বরের আদেশ সম্বন্ধে কোন কিছুই করা লাগবে না। কিন্তু প্রকৃত বিশ্বাস বাধ্যতার মধ্যে প্রকাশ পাবে। বিশ্বাসীদের পিতা সম্বন্ধে সদাপ্রভু বলেন, “কারণ অব্রাহাম আমার বাক্য মানিয়া আমার আদেশ, আমার আজ্ঞা, আমার বিধি ও আমার ব্যবস্থা সকল পালন করিয়াছে।” আদিপুস্তক ২৬:৫। যাকোব বলেন, “তদ্রূপ বিশ্বাসও কর্মবিহীন হইলে আপনি একা বলিয়া তাহা মৃত।” যাকোব ২:১৭। এবং যোহন, যিনি প্রেম সম্বন্ধে অনেক বিস্তারিত আলোচনা করেছেন, তিনি বলেন, “কেননা ঈশ্বরের প্রতি প্রেম এই, যেন আমরা তাঁহার আজ্ঞা সকল পালন করি। ১ যোহন ৫:৩। ঈশ্বর “অব্রাহামের কাছে আগেই সুসমাচার প্রচার করিয়াছিলেন।” গালাতীয় ৩:৮। খ্রীষ্ট বলেছেন, “তোমাদের পিতৃপুরুষ অব্রাহাম আমার দিন দেখিবার আশায় উল্লাসিত হইয়াছিলেন, এবং তিনি তাহা দেখিলেন ও আনন্দ করিলেন।” যোহন ৮:৫৬। ইস্‌হাকের পরিবর্ত্তে যে মেষশাবক বলি দেয়া হয়েছিল তা ঈশ্বরের পুত্রের নিদর্শন যিনি আমাদের পরিবর্তে বলিকৃত হয়েছিলেন। ঈশ্বর তাঁর পুত্রের প্রতি দৃষ্টি রেখে পাপীদের বলেন, ” চিরজীবি হও, আমি একটি মুক্তিপণ পেয়েছি।” PPBeng 99.1

অব্রাহাম সেই দুর্যোগময় তিন দিন যে মনোবেদনা ভোগ করেছিলেন, তা এজন্য যে ঈশ্বর মানুষের মুক্তির জন্য যে বলিদান দিয়েছেন তার মাহাত্ম যেন তিনি কিছুটা উপলব্ধি করেন। তার পুত্রকে বলি দিতে অব্রাহামের হৃদয়ে যে যাতনা হয়েছিল অন্য কোন পরীক্ষাই তা দিতে পারত না। ঈশ্বর তাঁর সন্ত ানকে যাতনাময় ও অসম্মানজনক মৃত্যুভোগ করতে দিয়েছেন। ইস্‌হাকের মতই কোন দূতকে তার মধ্যস্থ হতে দেয়া হয়নি। কোন শব্দই বলে উঠেনি “যথেষ্ট হয়েছে।” পতিত মানবকে বাঁচানোর জন্য গৌরবের রাজা আপন প্রাণ দিয়ে দিলেন। PPBeng 99.2

“যিনি নিজ পুত্রের প্রতি মমতা করিলেন না, কিন্তু আমাদের সকলের নিমিত্ত তাঁহাকে সমর্পণ করিলেন, তিনি কি তাঁহার সহিত সমস্তই আমাদিগকে অনুগ্রহপূর্বক দান করিবেন না?” রোমীয় ৮: ৩২। PPBeng 99.3

বিশ্বের জন্য পাঠ্য পুস্তক

PPBeng 100

যে বলি অব্রাহামের নিকট দাবী করা হয়েছিল, তা শুধু তার অথবা পরবর্ত্তী বংশধরদের ভালর জন্য নয়; এটা স্বর্গ ও অন্যান্য বিশ্বের ধার্মিক ও বুদ্ধিমানদের জন্য ও একটি শিক্ষার বিষয় ছিল। যে ক্ষেত্রে পরিত্রাণ পরিকল্পনা কার্য্যকর করা হয় তা সমস্ত সৃষ্টির জন্যই একটি শিক্ষণীয় বিষয়। যেহেতু অব্রাহাম বিশ্বাসের দুর্বলতা প্রকাশ করেছিলেন, তাই শয়তান তাকে

দূতগণের সামনেও ঈশ্বরের নিকট অভিযুক্ত করেছিল। ঈশ্বর সমস্ত স্বর্গীয় বাহিনীদের সামনে তাঁর পুত্রের বিশ্বস্ততা প্রমাণ করতে চেয়েছিলেন যেন এটা দেখানো যায় যা পূর্ণ বাধ্যতা ব্যতিরেকে অন্য কিছুই গ্রহণীয় নয়, এবং তাদের নিকট পরিত্রাণ পরিকল্পনা আরো পূর্ণরূপে প্রকাশ করতে চেয়েছিলেন। PPBeng 100.1

আদমকে পরীক্ষা দেয়া হয়েছিল তাতে কোন কষ্টভোগ ছিল না; কিন্তু অব্রাহামকে যে আদেশ করা হল তাতে প্রচন্ড কষ্ট ভোগের মাধ্যমে বলিদান করতে হয়েছিল। সমস্ত স্বর্গীয় বাহিনী অবাক নেত্রে অব্রাহামের অটল বাধ্যতা লক্ষ্য করেছিল। অকম্পিত বাধ্যতা দেখছিল। শয়তানের অভিযোগ যে মিথ্যা ছিল তা প্রমাণ করা হল । ঈশ্বরের ব্যবস্থা সাক্ষ্য দিল যে বাধ্যতা পুরস্কৃত হবে। PPBeng 100.2

যখন অব্রাহামকে তার সন্তানকে বলি দেবার আদেশ করা হল, তখন সমস্ত স্বর্গীয় বাহিনী এই আদেশ কার্য্যকারীর প্রত্যেকটি পদক্ষেপ অত্যন্ত আগ্রহ সহকারে লক্ষ্য করছিলেন। পরিত্রাণের গূঢ় তত্ত্বের উপর আলো দান করা হয়েছিল, আর ঈশ্বর মানুষের পরিত্রাণের জন্য যে বিস্ময়কর পরিকল্পনা করেছিলেন, দূতগণও তা আরো স্বচ্ছভাবে বুঝতে পারলেন। ১ পিতর ১:১২ দেখুন । PPBeng 100.3

অধ্যায় ১৪—সদোম ও ঘমোরার পাপ

PPBeng 101

যদন উপত্যকার শহরগুলির মধ্যে সদোম উর্বরতা ও সৌন্দর্য্যের দিক থেকে ছিল “সদাপ্রভুর উদ্যানের ন্যায়” (আদিপুস্তক ১৩:১০)। মাঠে মাঠে ছিল প্রচুর শস্য, এবং বেষ্টনকারী পাহাড়সমূহ মেষ ও পশুপাল দ্বারা পরিপূর্ণ ছিল। শিল্প ও বানিজ্য গর্বিত শহরকে ধনরাজিতে পূর্ণ রেখেছিল। প্রাচ্যের সম্পদে প্রাসাদ সমূহ শোভিত ছিল, আর উটের বহর মূল্যবান বস্তু এর ব্যবসা কেন্দ্রের জন্য বয়ে আনত। প্রায় বিনা পরিশ্রমে জীবনের সব চাহিদা মেটানো যেত। PPBeng 101.1

অলসতা এবং ধন-সম্পদ সেই সকল হৃদয়কে কঠিন করে তোলে যা কখনো অভাবের যাতনা ভোগ করেনি অথবা দুঃখে ভারাক্রান্ত হয়নি। লোকেরা ইন্দ্রিয় আতিশয্যে গা ভাসিয়ে দিল। “দেখ, তোমার ভগিনী সদোমের এই অপরাধ ছিল; তাহার ও তাহার কন্যাদিগের দর্প, ভক্ষ্যের পূর্ণতা এবং নিশ্চিন্ততাযুক্ত শান্তি ছিল; আর সে দুঃখী ও দরিদ্রদের হস্ত সবল করিত না। তাহারা অহংকারিণী ছিল, ও আমার সাক্ষাতে ঘৃণার্হ ক্রিয়া করিত, অতএব আমি তাহা দেখিয়া তাহাদিগকে দূর করিলাম।” যিহিষ্কেল ১৬:৪৯, ৫০। যখন শয়তান মানুষের নিকট তাদের অলস মুহূর্তে আসে তখনই সে সবচেয়ে বেশী কৃতকার্য্য হয়। PPBeng 101.2

সদোমে ছিল উল্লাস, পান, ভোজনোৎসব, উচ্ছ্বসিত উপভোগ এবং মদ্যপান। নিম্নতম কামোত্তেজনাও বাধাপ্রাপ্ত হতো না। লোকেরা খোলাখুলী ঈশ্বর ও তাঁর ব্যবস্থার অবমাননা করত এবং অত্যাচার ও নিপীড়নে আনন্দ পেত। যদিও তাদের কাছে প্রাক-মহাপ্লাবনের দৃষ্টান্ত ছিল এবং ধ্বংস সম্বন্ধে অবগত ছিল, তথাপি তারাও দুষ্টতার সেই একই পথ গ্রহণ করেছিল। PPBeng 101.3

যখন লোট সদোমে বাস করতে যান, দুর্নীতি তখনও সার্বজনীনরূপ লাভ করে নি, এবং ঈশ্বর এই নৈতিক অন্ধকারের মধ্যেও তাঁর দূরদর্শিতার আলো ছিটকে আসতে দিতেন। সদোমের লোকদের নিকট অব্রাহাম কোন নূতন আগন্তুক ছিলেন না, এবং উন্নত সৈন্যের উপর তার বিজয় বিস্ময়ও প্রশংসা লাভ করেছিল। কেউই এই বিশ্বাস থেকে বিরত ছিল না যে স্বর্গীয় ক্ষমতা তাকে বিজয় দান করেছে। সদোমের অধিবাসীদের নিকট যা সম্পূর্ণ অপরিচিত তার সেই মহ ও স্বার্থহীন চারিত্রিক বৈশিষ্ট্য তিনি যে ধর্ম পালন করেন তার উকর্ষতার আর একটি সাক্ষী ছিল। তাঁর সদয় তত্ত্বাবধানের মাধ্যম ঈশ্বর ঐ জনগোষ্ঠির তাঁর বাণী প্রেরণ করেছিলেন, কিন্তু যে ভাবে আগে করা হয়েছিল সেই একই ভাবে ঈশ্বরের দূরদর্শিতার শেষ আলোক রশ্মিটুকুকেও অস্বীকার করা হল। PPBeng 101.4

এখন সদোমের শেষ রাত উপস্থিত হচ্ছিল। কিন্তু লোকেরা তা দেখতে পারল না। যখন দূতগণ তাদের ধ্বংসের অভিযানে এগিয়ে আসছিল, লোকেরা তখন আর্থিক উন্নতি ও ভোগ-

বিলাসের স্বপ্নে বিভোর ছিল। অন্যান্য দিন সমূহ যে ভাবে শুরু ও শেষ হয়, শেষ দিনটি ঠিক সে ভাবেই শুরু ও শেষ হচ্ছিল। পরন্তু সূর্য্যের রক্তিম আলো এক অবর্ণনীয় সৌন্দর্য্যের সৃষ্টি করেছিল। আমোদ-প্রমোদের অনুসন্ধানীরা এদিক ওদিক ঘুরাফেরা করে এই মুহূর্তে আমোদ উপভোগ করায় মনোযোগী ছিল। PPBeng 102.1

গোধূলীলগ্নে দু'জন অতিথি এসে উপস্থিত হলেন। কেউই এই অথিতিদ্বয়ের মধ্যে স্বর্গীয় বিচারের উপস্থিতি টের পেল না। অমনোযোগী জনতা স্বপ্নেও ভাবতে পারল না যে এই স্বর্গীয় বাণী বাহকদের প্রতি তাদের ব্যবহারই তাদের অপরাধের চরমতম মুহূর্ত যা তাদের শহরের ধ্বংস ডেকে আনবে। PPBeng 102.2

লোট না জেনে দূতগণের আতিথ্য করেন

PPBeng 102

কিন্তু একজন ব্যক্তি এই অতিথিদের প্রতি সদয় মনোযোগ দেন এবং তাদের তার ঘরে নিমন্ত্রণ জানান। লোট তাদের চরিত্র সম্বন্ধে জানতেন না, কিন্তু নম্রতা ও আতিথেয়তা তার চরিত্রের বৈশিষ্ট্য ছিল। এই শিক্ষা তিনি অব্রাহামের নিকট হতে পেয়েছিলেন। যদি তিনি শিষ্টাচারের এই অভ্যাস গড়ে না তুলতেন, তাহলে তিনিও হয়ত সদোমের সহিত ধ্বংস হয়ে যেতেন। অনেক গৃহই অতিথিদের প্রতি ঘরের দরজা বন্ধ করার মাধ্যমে ঈশ্বরের বার্তা-বাহকদেরও ঘরের বাইরে রেখে দিয়েছেন, যে বাণী বাহকরা তাদের জন্য ঈশ্বরের আশীর্বাদ নিয়ে আসতে পারতেন। নিত্যকার আত্মত্যাগ যা ইচ্ছাকৃত ভাবে ও আনন্দ সহকারে করা হয় তা ঈশ্বরের সমর্থন লাভ করে। PPBeng 102.3

সদোমে অতিথিদের প্রতি যে অপব্যবহার করা হয় তা দেখে তাদের নিজ গৃহে নিমন্ত্রণ জানিয়ে তাদের রক্ষা করা লোট নিজের একটি কর্তব্য কাজ বলে মনে করতেন। যখন পথচারীরা শহরের নিকটবর্ত্তী হচ্ছিলেন, তখন তিনি শহরের সদর দরজার কাছে বসেছিলেন, তিনি তার জায়গা হতে উঠে গিয়ে তাদের সঙ্গে সাক্ষাৎ করলেন, এবং নম্রভাবে মাথা নত করে বললেন, "হে আমার প্রভুরা, দেখুন, বিনয় করি, আপনাদের এই দাসের গৃহে পদার্পণ করিয়া রাত্রি বাস করুন।" মনে হল তারা যেন অস্বীকার করলেন, "না, আমরা চকেই রাত্রি যাপন করিব।" এই উত্তর দানে তাদের দুটি উদ্দেশ্য ছিল, লোটের আন্তরিকতার পরীক্ষা করা এবং সদোমের লোকের চরিত্র সম্বন্ধে অজ্ঞতার প্রকাশ করা যেন এরূপ মনে হয় যে তারা রাত্রে রাস্তায় রাত্রি যাপন নিরাপদ বলে মনে করেন। যতক্ষণ না তারা রাজী হয় তার সহিত তার ঘরে গেলেন ততক্ষণ পর্য্যন্ত লোট তার নিমন্ত্রণ গ্রহণের জন্য তাদের চাপ দিতে থাকলেন। PPBeng 103.1

তাদের ইতঃস্তত ভাব ও তার সনির্বন্ধ অনুরোধের ফলে তারা লোকদের দৃষ্টি আকর্ষণ করলেন, আর তারা রাত্রে ঘুমাতে যাবার আগেই গৃহের চতুর্দিকে একটি অরাজক জনতা জমা হলো, একটি বিশাল জনতা, নিম্নতম কামোচ্ছাসে পূর্ণ যুবক ও বৃদ্ধ। তখনই এই

লোকদের তাদের নিকট আসার দাবী জানিয়ে উশৃঙ্খল জনতার চিৎকার ও বিদ্রুপের শব্দ শোনা গেল। PPBeng 103.2

লোট বাইরে গিয়ে তাদের নিবৃত্ত করতে চেষ্টা করলেন। তিনি বলেন, "ভাই সকল, বিনয় করি, এমন কুব্যবহার করিও না," প্রতিবেশী অর্থে "ভাই সকল" শব্দটি ব্যবহারের মাধ্যমে তিনি তাদের সহিত সমঝোতা সৃষ্টির চেষ্টা করলেন। কিন্তু তাদের ক্রোধ ভয়াবহ ঝড়ের শব্দের আকার ধারণ করল। তাকে বিদ্রূপ করল ও ভয় দেখাল যে তারা তার অতিথিদের প্রতি যা করতে যাচ্ছিল তার প্রতি এর চেয়েও খারাপ ব্যবহার করবে। ঈশ্বরের দূতগণ তাকে রক্ষা না করলে তারা তাকে টুক্রা টুক্রা করে ছিঁড়ে ফেলত। স্বর্গীয় বাণী বাহকরা "হস্ত বাড়াইয়া লোটকে গৃহের মধ্যে আপনাদের নিকট টানিয়া লইয়া কবাট বন্ধ করিলেন; এবং গৃহ দ্বারের নিকটবর্ত্তী ক্ষুদ্র ও মহান সকল লোককে অন্ধতায় আহত করিলেন; তাহাতে তাহারা দ্বার খুঁজিতে খুঁজিতে পরিশ্রান্ত হইল।" হৃদয়ের কঠিনতা জনিত অন্ধতাসহ দ্বিগুণ অন্ধত্ব দ্বারা যদি তারা অন্ধ হয়ে না যেত, তাহলে তাদের উপর ঈশ্বরের এই আঘাতই তাদের কু কাজ হতে বিরত রাখত। ঐ রাত্রির পাপ অন্যান্য রাত্রির পাপ হতে কোন ভাবেই অধিক ছিল না; কিন্তু অনুগ্রহ আর অবহেলিত হতে পারে না; তাই আবেদন জানানো বন্ধ করল। ঈশ্বরের প্রতিশোধের অগ্নি প্রজ্জ্বলিত হবার সময় উপস্থিত। PPBeng 103.3

দূতগণ লোটের নিকট তাদের আগমনের উদ্দেশ্য প্রকাশ করলেন; "আমরা এই স্থান উচ্ছিন্ন করিব; কারণ সদাপ্রভুর সাক্ষাতে এই লোকদের বিপরীতে মহা ক্রন্দন উঠিয়াছে, তাই সদাপ্রভু ইহা উচ্ছিন্ন করিতে আমাদিগকে পাঠাইয়াছেন।" যে অথিতিদের রক্ষা করার জন্য লোট চেষ্টা করেছিলেন, এখন তাকে এবং তার পরিবারের সকল সদস্যকে বাঁচাবার প্রতিজ্ঞা করলেন যারা সকলে এই ভ্রষ্ট নগর হতে তার সঙ্গে পালিয়ে যেতে হবে। জনতা ক্লান্ত হয়ে চলে গিয়েছিল, এবং লোট বাইরে গিয়ে তার সন্তানদের সতর্ক করলেন, "উঠ, এ স্থান হইতে বাহির হও, কেননা সদাপ্রভু এই নগর উচ্ছিন্ন করিবেন।" কিন্তু সেটাকে তারা তার কুসংস্কার জনিত ভয় বল্‌ল, তার প্রতি তারা ঠাট্টা বিদ্রূপ করল। তার মেয়েরা তাদের স্বামীদের দ্বারা প্রভাবিত হয়েছিল। তারা বিপদের কোন প্রমাণ দেখতে পেল না। তাদের প্রচুর সম্পদ ছিল এবং বিশ্বাস করতে পারল না যে সুন্দর সদোম ধ্বংস হয়ে যাওয়া সম্ভব। PPBeng 104.1

লোট তার জীবন ছাড়া সবই হারান

PPBeng 104

লোট দুঃখিত হৃদয়ে ঘরে ফিরে তার অকৃতকার্য্যতার কাহিনী বললেন। তখন দূতেরা তাকে তার স্ত্রী ও এখনো ঘরে যে দু'টি মেয়ে রয়েছে তাদেরসহ চলে যেতে বললেন। কিন্তু লোট দেরী করতে লাগলেন। তার প্রকৃত কোন ধারণা ছিল না জঘন্য শহরে কি ধরণের অবমাননাকর অন্যায় আচরণ করা হত। পাপকে থামানোর জন্য ঈশ্বরের বিচারের যে প্রচন্ড প্রয়োজনীয়তা দেখা দিয়েছিল তা তিনি হৃদয়ঙ্গম করতে পারলেন না। তার কোন

কোন সন্তান সদোমে পড়ে আছে, আর যাদের তিনি এত ভালবাসেন তাদের ফেলে চলে যাওয়া তার জন্য অসহনীয় মনে হল। তার জীবনের সমস্ত সঞ্চয় ও বিলাসবহুল ঘর ছেড়ে একজন কপর্দকহীন ভ্রমণকারীরূপে বেরিয়ে পড়া তার জন্য খুবই কঠিন লাগছিল। দুঃখে বুদ্ধিহীন হয়ে তিনি দীর্ঘসূত্রিতা করতে থাকলেন। শুধুমাত্র দূতগণ না থাকলে তার সকলই নির্মূল হয়ে যেত। দূতেরা তাকে এবং তার স্ত্রীকে ও তার দুই মেয়েকে হাত ধরে শহরের বাইরে নিয়ে গেলেন। সমভূমির সমস্ত শহরগুলির কোনটাতে দশজন ধার্মিকও পাওয়া যায়নি। কিন্তু কূলপতির প্রার্থনার উত্তরে যে ঈশ্বরকে ভয় করত তাকে ধ্বংস হতে উদ্ধার করা হল। বিস্ময়কর প্রচন্ডতার সাথে আদেশ দেয়া হলো, "প্রাণ রক্ষার্থে পলায়ন কর, পশ্চাৎ দিকে দৃষ্টি করিও না; এই সমস্ত অঞ্চলের মধ্যেও দাঁড়াইয়া থাকিও না; পর্বতে পলায়ন কর, পাছে বিনষ্ট হও।" শহরের উপর একবার দৃষ্টিপাত, সুন্দর ঘর ছেড়ে যাওয়ার দুঃখে এক মুহূর্ত্ত দাঁড়ানো, তাদের সকলের জীবন ধ্বংসের কারণ হবে। এই অসহায় পলাতকেরা যেন রক্ষা পায় এইজন্য ঈশ্বরের বিচারের ঝড় থেমে রইল। PPBeng 104.2

হতবাক্ ও ভীত লোট অনুরোধ জানালেন যে তাকে যা করতে বলা হচ্ছে তা তিনি করতে পারবেন না। ভ্রষ্ট শহরে বাস করার ফলে তার বিশ্বাস দুর্বল হয়ে পড়েছিল। স্বর্গের রাজা তার নিকটে দন্ডায়মান ছিলেন, তথাপি তিনি তার নিজের জীবন রক্ষার জন্য আবেদন জানাচ্ছিলেন যেন যে ঈশ্বর তার জন্য এত প্রেম দেখাচ্ছিল, তিনি তাকে রক্ষা করবেন না। তিনি নিজেকে সম্পূর্ণ ভাবে স্বর্গীয় বাণী বাহকের হাতে সমর্পণ করা উচিত ছিল। "দেখুন, পলায়ন জন্য ঐ নগর নিকটবর্ত্তী, উহা ক্ষুদ্র; ওখানে পালাইবার অনুমতি দিউন, তাহা হইলে আমার প্রাণ বাঁচিবে; উহা কি ক্ষুদ্র নয় ?" সোয়র সদোম হতে মাত্র কয়েক মাইল দূরে অবস্থিত ছিল, এবং সদোমের মতই উহা ভ্রষ্ট ছিল ও ধ্বংসের জন্য নির্ধারিত ছিল। কিন্তু লোট অনুরোধ করলেন যে উহা যেন রক্ষা পায় এবং বললেন যে তার এই অনুরোধটি ত খুবই ক্ষুদ্র অনুরোধ। তার অনুরোধ রক্ষা করা হল। সদাপ্রভু তাকে সান্ত্বনা দিলেন, "ভাল, আমি এ বিষয়েও তোমার প্রতি অনুগ্রহ করিয়া, ঐ যে নগরের কথা কহিলে, উহা উৎপাটন করিব না। PPBeng 105.1

আবারও তাড়াহুড়া করার আদেশ দেয়া হল, কেননা অগ্নির ঝড় আর মাত্র অল্পকাল দেরী করানো যাবে। কিন্তু পলাতকদের একজন অভিশপ্ত শহরের দিকে একটি বার মাত্র পেছন ফিরে তাকিয়েছিল আর সে ঈশ্বরের বিচারের স্মৃতি স্তম্ভতে পরিণত হল। যদি লোট সমস্ত অন্তঃকরণে, একটুও বাদানুবাদ না করে প্রাণপণে পাহাড়ের দিকে পালাতেন, তবে তার স্ত্রীও রক্ষা পেতে পারতেন। তার দৃষ্টান্ত তার স্ত্রীকে তার সেই পাপ হতে রক্ষা করতে পারত যে পাপ তার ধ্বংসকে নিশ্চিত করেছিল। কিন্তু তার ইতঃস্তত ভাব তার স্ত্রীকে ঈশ্বরের সতর্কবাণীকে সহজ ভাবে গ্রহণ করতে উদ্বুদ্ধ করেছিল। যদিও তার দেহ সমভূমিতে ছিল, তার হৃদয় সদোমে পড়েছিল, ফলে সে সদোমের সহিত ধ্বংস হলো। সে ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল কেননা তাঁর বিচার তার সমস্ত সম্পত্তি ও তার সন্তানদের ধ্বংসের কারণ

ছিল। তার মনে হচ্ছিল যে তার সহিত অতিরিক্ত কঠোর ব্যবহার করা হচ্ছে কেননা যে সম্পদ জোগাড় করতে তার অনেক বসর লেগেছিল, তা এখন ধ্বংসপ্রাপ্ত হবে। কৃতজ্ঞচিত্তে মুক্তি গ্রহণ করার পরিবর্তে, সে অসঙ্গত ভাবে পেছনে তাকিয়ে, যারা ঈশ্বরের সতর্কবাণী অবহেলা করেছিল তাদের জীবন কামনা করল। PPBeng 105.2

খ্রীষ্টীয় বিশ্বাসীদের কেউ কেউ বলেন, "আমি রক্ষা পেতে চাই না, যদি আমার সাথী ও বাচ্চারা রক্ষা না পায়।" তারা মনে করেন তাদের প্রিয়জনেরা সাথে না থাকলে স্বর্গ হবে না। কিন্তু যারা এ ধরণের ধারণা পোষণ করেন তারা কি ভুলে গেছেন যে তারা তাদের স্রষ্টা ও মুক্তিদাতার সহিত প্রেম ও ব্যধ্যতার শক্ততম রশিতে আবদ্ধ? আর যেহেতু আমাদের বন্ধুরা মুক্তিদাতার প্রেমকে অস্বীকার করে, আমরাও কি তা অস্বীকার করব? আমাদের মুক্তির জন্য খ্রীষ্ট এক মহামূল্য দান করেছেন, আর যে কেহ এই মূল্য অনুধাবন করতে সক্ষম, শুধু অন্যেরা ঈশ্বরকে অবজ্ঞা করেছেন বলে, তারা কখনো তা করবেন না। যেহেতু অন্যেরা তাঁর দাবীর প্রতি অবজ্ঞা দেখায়, তাই আমাদের এ বিষয়ে আরো অধিক পরিশ্রমী হওয়া প্রয়োজন, যেন আমরা ঈশ্বরকে সম্মান দেখাতে পারি এবং যাদের সম্ভব তাদের তাঁর প্রেম গ্রহণ করতে সহায়তা দিতে পারি। PPBeng 106.1

সদোম ধ্বংসপ্রাপ্ত

PPBeng 106

"দেশের উপর সূর্য্য উদিত হইলে লোট সোয়রে প্রবেশ করিলেন।" ভোরের আলোকরশ্মী সমভূমি সমূহের শান্তি ও প্রগতির কথাই যেন ঘোষণা করছিল। রাস্তায় রাস্তায় জীবন জেগে উঠল; ব্যবসা অথবা প্রমোদের সন্ধানে মানুষ বিভিন্ন পথে ইতঃস্তত ছুটে চলছিল। লোটের জামাতা দুর্বলমনা বৃদ্ধের ভয় ও সতর্কতার বিষয় স্মরণ করে ঠাট্টা বিদ্রুপ করছিল। PPBeng 106.2

সহসা ও অপ্রত্যাশিতভাবে মেঘহীন স্বর্গ হতে বজ্রের মত প্রচন্ড ঝড় শুরু হল। সমতলের শহরগুলিতে সদাপ্রভু গন্ধক ও আগুন বর্ষাইলেন। প্রাসাদ ও মন্দির, সুনির্মিত বাসভূমি, উদ্যান, আঙ্গুরক্ষেত, প্রমোদ সন্ধানী জনতা যারা শুধু গতরাত্রে স্বর্গীয় বাণী বাহকদের অপমান করেছিল সমস্তই ধ্বংস হলো। বৃহ চুল্লির চীর মধ্য দিয়ে নির্গত ধূয়ার মতো ধুঁয়া উপরে উঠতে থাকল। সিদ্দিমের মনোরম সমভূমি এমন একটি স্থানে পরিণত হল যে স্থান আর কোন দিন নির্মিত হবে না, আর কোন মানুষ ওখানে বাস করবে না।...আর তা হলো সমস্ত ভবিষ্য প্রজন্মের কাছে একটি সাক্ষ্য যে, সকল অবাধ্যতার উপরই ঈশ্বরের বিচার নেমে আসবে। PPBeng 106.3

সদোম ও ঘমোরা যে পাপের কারণে ধ্বংস হয়েছিল তার থেকে আরো বড় বড় পাপ বর্ত্তমান কালে ঘটছে। যারা সুসমাচারের নিমন্ত্রণ শোনার পর অগ্রাহ্য করে তারা সিদ্দিমের উপত্যকাবাসীদের চেয়ে বড় পাপ করছেন। যারা বড় বড় পাপের কাজে লিপ্ত শুধু মাত্র

তাদের জন্য নয় কিন্তু যারা ঈশ্বর প্রেরিত আলো ও সুযোগের অবহেলা করেন তাদের জন্যও সদোমের ভাগ্য একটি গম্ভীর তিরস্কার। PPBeng 107.1

পৃথিবীর পিতামাতা যে আকুল সহানুভূতি নিয়ে অপেক্ষা করেন, পালনকর্তা তাঁর প্রেম ও ক্ষমার প্রতি উত্তরের জন্য তার চেয়ে অধিক সহানুভূতি নিয়ে অপেক্ষা করেন। "আমার কাছে ফিরিয়া আইস, আমিও তোমাদের কাছে ফিরিয়া আসিব।" মালাখি ৩:৭ । কিন্তু কেউ যদি অনবরত ঐ কোমল ভালবাসা অস্বীকার করে, তাকে পরিশেষে অন্ধকারেই ছেড়ে দেয়া হবে। যে হৃদয় ঈশ্বরের আশীর্বাদকে অবিরাম অবহেলা করে, সেই হৃদয় পাপ দ্বারা একটি কঠিন হৃদয়ে পরিণত হয়, যা ঈশ্বরের আশীর্বাদের প্রভাবের সাড়া প্রদানে অক্ষম হয়। শেষ বিচার দিনে সমভূমির সেই শহরগুলিকে যত সহ্য করা সম্ভব হবে তত সহ্য করা সম্ভব হবে না তাদের যারা খ্রীষ্টের প্রেম সম্বন্ধে অবগত হওয়ার পর পাপের আনন্দদায়ক পথে বেঁচে নিয়েছেন। স্বর্গের খাতায় জাতীয়, পারিবারিক, ও ব্যক্তিগত পাপের হিসাব রাখা হচ্ছে। অনুতাপ করার আহ্বান ও মন পরিবর্তনের আহ্বান এখনো দেয়া হচ্ছে; কিন্তু এক সময় আসবে যখন হিসাবের খাতা পূর্ণ হয়ে যাবে। আত্মার সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে যাবে। তার নিজের সিদ্ধান্তেই, মানুষের অন্তিম নির্দ্ধারিত হবে। তার পর শেষ বিচারের রায় দেবার সংকেত দেয়া হবে । PPBeng 107.2

আর একটি সদোম

PPBeng 108

ধর্মীয় জগতে ঈশ্বরের অনুগ্রহকে হেয় করা হচ্ছে। অনেকেই ব্যবস্থাকে অপ্রয়োজনীয় বলে মনে করেন, "মানুষের আদেশ ধর্মসূত্র বলিয়া শিক্ষা দেয়।" মথি ১৫:৯। অনেক মন্দিরে অবিশ্বস্ততা বিরাজমান, ব্যাপক অর্থে অবিশ্বস্ততা নয় যা হল পবিত্র বাইবেলকে অস্বীকার করা...কিন্তু পবিত্র বাইবেল যে ঈশ্বরের বাক্য সে বিষয়ে সন্দেহ সৃষ্টি করা- জাতীয় অবিশ্বস্ততা। প্রাণবন্ত ধার্মিকতা ফাঁকা আচার অনুষ্ঠানে রূপান্তরিত হয়েছে। খ্রীষ্ট ঘোষণা করেছেন, "সেইরূপ লোটের সময়ে যেমন হইয়াছিল...মনুষ্য পুত্র যে দিন প্রকাশিত হইবেন, সে দিনেও সেইরূপ হইবে।" লূক ১৭:২৮, ৩০। পৃথিবী ধ্বংসের জন্য দ্রুত প্রস্তুত হচ্ছে। PPBeng 108.1

আমাদের ত্রাণকর্তা বলেছেন, "কিন্তু আপনাদের বিষয়ে সাবধান থাকিও, পাছে ভোগপীড়ায় ও মত্ততায় এবং জীবিকার চিন্তায় তোমাদের হৃদয় ভারগ্রস্ত হয়, আর সেই দিন হঠাৎ ফাঁদের ন্যায় তোমাদের উপরে আসিয়া পড়ে; কেননা সেই দিন সমস্ত ভূতল- নিবাসী সকলের উপরে উপস্থিত হইবে" -সেই সকলের উপর যাদের আগ্রহ পৃথিবীতে কেন্দ্রীভূত। "কিন্তু তোমরা সর্বসময়ে জাগিয়া থাকিও এবং প্রার্থনা করিও, যেন এই যে সকল ঘটনা হইবে, তাহা এড়াইতে, এবং মনুষ্যপুত্রের সম্মুখে দাঁড়াইতে, শক্তিমান্ হও।" লূক ২১:৩৪- ৩৬। PPBeng 108.2

সদোম ধ্বংস করার আগে ঈশ্বর লোটের কাছে একটি বাণী প্রেরণ করেছিলেন, "প্রাণ বাঁচাইবার জন্য পলায়ন কর।" যিরূশালেম ধ্বংসের আগেও সেই সতর্ককারী ধ্বনি শোনা গিয়েছিল, "আর যখন তোমরা যিরূশালেমকে সৈন্যসামন্ত দ্বারা বেষ্টিত দেখিবে, তখন জানিবে যে, তাহার ধ্বংস সন্নিকট। তখন যাহারা যিহুদিয়ায় থাকে, তাহারা পাহাড় অঞ্চলে পলায়ন করুক।" লূক ২১:২০, ২১। তারা দেরী করবে না কিন্তু দ্রুত পলায়ন করবে। PPBeng 108.3

বেরিয়ে আসা দুষ্টদের নিকট হতে একটি নিশ্চিত পৃথক হওয়া, জীবনের জন্য পলায়ন করা, এই জাতীয় একটা ব্যাপার ছিল। নোহের সময় এরূপ ছিল; লোটের সময় এরূপ ছিল; যিরূশালেম ধ্বংসের আগে খ্রীষ্টের শিষ্যদের সময় এরূপ হয়েছে; আর পৃথিবীর শেষ মুহূর্তেও এরূপই হবে। তাঁর লোকদের প্রচলিত পাপ ও ভ্রষ্টতা হতে পৃথক হবার জন্য ঈশ্বর আবারও সতর্কবাণী প্রেরণ করেছেন। শেষ কালের ও মন্দতার একটি চিত্র ভাববাদী যোহনের নিকট বাবিল সম্পর্কিত দর্শনের মাধ্যমে পাঠানো হয়েছিল, "ঐ মহানগরী, যা পৃথিবীর রাজাগণের উপরে রাজত্ব করিতেছে।" প্রকাশিত বাক্য ১৭:১৮। ধ্বংসের আগে স্বর্গ হতে আহবান জানানো হবে, "হে আমার প্রজাগণ, উহা হইতে বাহিরে আইস, যেন উহার পাপ সকলের সহভাগী না হও, এবং উহার আঘাত সকল যেন প্রাপ্ত না হও।" প্রকাশিত বাক্য ১৮:৪ । নোহ ও লোটের সময় যেরূপ হয়েছিল, সেরূপ ঈশ্বর ও পৃথিবীর মধ্যে কোন আপোস নাই, পৃথিবীর ধনদৌলতের নিরাপত্তার মধ্যে ফিরে যাওয়া চলবে না । মথি ৬:২৪ দেখুন। PPBeng 108.4

লোকেরা প্রগতি ও শান্তির স্বপ্ন দেখছে। জনতা চিকার করছে, "শান্তি ও নিরাপত্তা", আর ঈশ্বর ঘোষণা করছেন যে অবাধ্যদের উপর দ্রুত ও প্রচন্ড ধ্বংস নেমে আসার সময় উপস্থিত। ধ্বংসের আগের রাতে সমভূমির শহরবাসীরা প্রমোদে মত্ত ছিল এবং ঈশ্বরের বাণী বাহকের সতর্ক বাণীর প্রতি ঠাট্টা বিদ্রূপ করেছিল । আর সেই রাত্রেই সদোমের অসতর্ক অধিবাসীদের নিকট অনুগ্রহের দরজা চিরকালের জন্য বন্ধ হয়ে গিয়েছিল। ঈশ্বরকে সর্বদা বিদ্রূপ করা যাবে না। PPBeng 109.1

পৃথিবীর অধিকাংশ লোকই ঈশ্বরের প্রেম অবহেলা করবে এবং দ্রুত ও অপূরণীয় ধ্বংসের মধ্যে পতিত হবে। কিন্তু যারা সতর্ক বাণীর প্রতি কর্ণপাত করে সে, "পরাপরের অন্তরালে থাকে,"এবং "সে সর্বশক্তিমানের ছায়াতে বসতি করে।" গীতসংহিতা ৯১:১ । PPBeng 109.2

ঈশ্বর যে ভাবে প্রস্তাব করেছিলেন ঠিক সেইভাবে অল্প কিছুদিনের মধ্যে সোয়র শহর ধ্বংস প্রাপ্ত হয় । লোট পর্বতে চলে যান এবং একটি গুহায় বসবাস আরম্ভ করেন। PPBeng 109.3

কিন্তু সদোমের অভিশাপ ঐখানেও তার কাছে পৌঁছায়। তার মেয়েদের পাপপূর্ণ ব্যবহার ঐ ভ্রষ্ট জায়গার সহিত সম্পর্কিত হওয়ারই ফলাফল। লোট সদোমকে আনন্দ ও

লাভের জন্য বেছে নিয়েছিলেন, তথাপি তার হৃদয়ে ঈশ্বর ভয় বিরাজমান ছিল। পরিশেষে তাকে এভাবে রক্ষা করা হয় যেন "একটি অর্ধদগ্ধ কাঠ আগুন হতে উঠানো হল", তিনি সমস্ত সম্পদ হারালেন, স্ত্রী ও কন্যাদের হারালেন, পর্বতের গুহায় বাস করলেন, ও বৃদ্ধ বয়সে অসম্মানিত হলেন। তিনি পৃথিবীকে দু'টি ধার্মিক জাতি উপহার দেয়ার পরিবর্তে দু'টি পৌত্তলিক জাতি উপহার দিলেন, যারা ঈশ্বরের লোকের সহিত ততক্ষণ যুদ্ধে লিপ্ত ছিল যতক্ষণ না তাদের পাপের পেয়ালা পূর্ণ হল, আর পরিশেষে সম্পূর্ণরূপে ধ্বংস প্রাপ্ত হল। একটি ভুল পদক্ষেপের ফলাফল কতই না ভয়ঙ্কর হতে পারে! PPBeng 109.4

"ধন সঞ্চয় করিতে অত্যন্ত যত্ন করিও না, তোমার নিজ বুদ্ধি হইতে ক্ষান্ত হও।" "ধন লোভী আপন পরিজনের কন্টক।" "কিন্তু যাহারা ধনী হইতে বাসনা করে, তাহারা পরীক্ষাতে ও ফাঁদে এবং নানাবিধ মূঢ় ও হানিকর অভিলাষে পতিত হয়, সে সকল মনুষ্যদিগকে সংহারে ও বিনাসে মগ্ন করে।" হিতোপদেশ ২৩:৪; ১৫:২৭; ১ তীমথিয় ৬:৯। PPBeng 110.1

যখন লোট সদোমে প্রবেশ করেন, তিনি নিজেকে পাপ হতে সম্পূর্ণ মুক্ত রাখতে এবং তার পরিজনকে তাকে অনুসরণ করতে আদেশ করতে বাসনা করেছিলেন। কিন্তু তিনি বিফল হলেন। এর ফলাফল আমাদের সামনে রয়েছে। PPBeng 110.2

লোটের মত অনেকেই তাদের সন্তানদের ধ্বংস হয়ে যেতে দেখেন, এবং অনেকেই নিজের আত্মা কোন রকমে রক্ষা করেন। তাদের জীবনে সমস্ত কাজ হারিয়ে যায়; তাদের জীবন নিষ্ফল হয়। যদি তারা সত্যিকার সন্তানের ব্যবহার করতেন, তাদের সন্তানদের হয়ত পৃথিবীর প্রগতি কিছু কম হোত, কিন্তু তারা অনন্ত সম্পত্তির উত্তরাধিকারী হতেন। PPBeng 110.3

ঈশ্বর যে সম্পত্তির প্রতিজ্ঞা করেছেন তা এ পৃথিবীর জিনিস নয়। অব্রাহাম সম্বন্ধে বলা হচ্ছে, "বিশ্বাসে তিনি বিদেশের ন্যায় প্রতিজ্ঞাত দেশে প্রবাসী হইলেন, তিনি সেই প্রতিজ্ঞার সহাধিকারী ইস্‌হাক ও যাকোবের সহিত তাম্বুতেই বাস করিতেন; কারণ তিনি ভিত্তিমূলবিশিষ্ট সেই নগরের অপেক্ষা করিতেছিলেন, যাহার স্থাপনকর্তা ও নির্মাতা ঈশ্বর।" যদি আমরা "আরও উত্তম দেশের, অর্থাৎ স্বর্গীয় দেশের" অধিকারী হতে চাই তবে এই পৃথিবীতে আমাদের অতিথী ও ক্ষণিকের অতিথিরূপেই বাস করা উচিত। ইব্রীয় ১১:৯, ১০, ১৬। PPBeng 110.4

অধ্যায় ১৫—ইস্‌হাকের বিয়ে বাইবেলের সবচেয়েআনন্দদায়ক ঘটনা

PPBeng 111

অব্রাহাম অনেক বৃদ্ধ হয়েছিলেন; তথাপি তার একটা কাজ বাকী রয়ে যায়। ঈশ্বরের ব্যবস্থা রক্ষার জন্য ও মনোনীত জাতির পিতা হিসেবে তার স্থলাভিষিক্ত হওয়ার জন্য ইস্‌হাক স্বর্গীয় ভাবে নিযুক্ত; কিন্তু তিনি এখনো অবিবাহিত। PPBeng 111.1

কনানের লোকেরা পৌত্তলিক ছিল, এবং ঈশ্বর তাঁর লোকদের সঙ্গে ওদের বিয়ে নিষেধ করে দিয়েছিলেন, কেননা তিনি জানতেন যে ঐ ধরণের বিবাহ পৌত্তলিকতা সৃষ্টি করবে। ইস্‌হাক স্বভাবে নম্র ও আত্ম সমর্পণকারী ছিলেন। যে ঈশ্বরকে ভয় করে না এরকম কারো সহিত যদি তিনি বিবাহে আবদ্ধ হন, তবে ঐক্যের জন্য নীতি ত্যাগ করার তার ভয় ছিল। অব্রাহামের চিন্তায় তার ছেলের জন্য স্ত্রী মনোনয়ন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়; তার বিয়ে এমন একজনের সাথে দেয়ার জন্য তিনি উদ্বিগ্ন ছিলেন যে তাকে ঈশ্বরের নৈকট্যে নিয়ে যাবে। PPBeng 111.2

পুরাকালে সাধারণতঃ পিতামাতা বিয়ের বন্দোবস্ত করতেন, এবং যারা ঈশ্বর উপাসনা করতেন তাদের মধ্যেও ঐ একই নিয়ম প্রচলিত ছিল। যাকে ভালবাসা সম্ভব নয় এমন কাউকে বিয়ে করতে যদিও বাধ্য করা হত না, কিন্তু যুবক যুবতিরা তাদের ঈশ্বরের প্রতি ভয়শীল পিতামাতা দ্বারা পরিচালিত হত। এর বিপরীতে চলা পিতামাতার প্রতি অবমাননাকর ছিল, এমন কি তা অপরাধ বলে গণ্য করা হত। PPBeng 111.3

আপন পিতাকে বিশ্বাস করে ইস্‌হাক ঐ বিষয়টি তার উপর ন্যাস্ত করেই সন্তুষ্ট ছিলেন, আর তিনি এও বিশ্বাস রাখতেন যে ঈশ্বর এই মনোনয়নে পরিচালনা দেবেন। কুলপতির চিন্তা মেসোপটেমিয়াতে তার পিতার আত্মীয় স্বজনদের প্রতি ধাবিত হল। যদিও তারা পৌত্তলিকতা মুক্ত নয়, তথাপি তারা সত্য ঈশ্বর বিষয়ক জ্ঞান ভালবাসে। ইস্‌হাক কোন অবস্থাতেই তাদের মধ্যে ফিরে যাবে না, কিন্তু তাদের মধ্যে এমন কাউকে পাওয়া যেতে পারে যে তার ঘর ছেড়ে এখানে এসে ইসহাকের সাথে মিলিত হয়ে জীবিত ঈশ্বরের খাঁটি উপাসনা করবে। PPBeng 111.4

অব্রাহাম এই গুরুত্বপূর্ণ বিষয় তার "বাড়ীর পুরাতন ভৃত্যকে" দিলেন, যিনি একজন অভিজ্ঞ ও স্থির বুদ্ধি সম্পন্ন ব্যক্তি এবং যে দীর্ঘকাল যাবৎ বিশ্বস্ত ভাবে তার কাজ করেছে। তিনি এই ভৃত্যের কাছ থেকে এই প্রতিজ্ঞা চাইলেন যে তিনি কোন অবস্থাতেই কনানীয়দের মধ্য হতে ইসহাকের জন্য কোন স্ত্রী গ্রহণ করবে না, কিন্তু মেসোপটেমিয়ার নাহোরের পরিবার হতে একজন কুমারী মনোনীত করবেন। যদি এমন কোন কুমারী না পাওয়া যায় যে

নিজ গৃহ ত্যাগ করতে রাজী হবে ঐ ভৃত্য আপন প্রতিজ্ঞা হতে মুক্ত হবেন। কুলপতি তাকে এই বলে উৎসাহিত করলেন যে ঈশ্বর তার অভিযানকে কৃতকার্য্যতা দেবেন। তিনি বললেন, "স্বর্গের ঈশ্বর, যিনি আমাকে পূর্বপুরুষদের বাড়ী ও জন্মভূমির মধ্য হইতে আনিয়াছেন,...তিনিই তোমার অগ্রে অগ্রে আপন দূত পাঠাইবেন।" PPBeng 112.1

দেরী না করে বার্তাবাহক যাত্রা শুরু করলেন। নিজের সঙ্গীরূপে সম্ভাব্য কণের দলবল যারা আসতে চাইতে পারে তাদের জন্য দশটি উঠ, এবং ভাবী বধু ও তার আত্মীয় স্বজনদের জন্য উপহার সংগে নিয়ে তিনি দম্মেশক পার হয়ে পূর্বদেশের বৃহৎ নদী তীরের সমভূমির উদ্দেশে রওয়ানা দিলেন। PPBeng 112.2

"নাহোরের নগর" হারনে পৌঁছে তিনি স্ত্রীলোকেরা সন্ধ্যায় যে কূপ হতে জল নেয় তার কাছে, নগরের দেয়ালের বাইরে, অপেক্ষা করলেন। এই সময় তার জন্য ছিল উদ্বিগ্নতায় পূর্ণ। যে মনোনয়ন তিনি করবেন তার কিন্তু গুরুত্বপূর্ণ ফল যে শুধু তার প্রভুর গৃহের উপরে প্রভাব ফেলবে তা নয়, ভবিষ্যৎ বংশধরদের উপরও এর প্রভাব বিস্তার হবার সম্ভাবনা রয়েছে। ঈশ্বর যে তাঁর দূত তার সাথে পাঠাবেন তা স্মরণ করে তিনি সঠিক পরিচালনার জন্য প্রার্থনা করলেন । তিনি তার প্রভুর দয়া ও আতিথেয়তা উপভোগ করতেন, আর তিনি এখন ঈশ্বরের কাছে চাইলেন যে ঐ সৌজন্যই হবে ঈশ্বর যে কুমারীকে মনোনীত করেছেন তার ইঙ্গিত বাহক । PPBeng 112.3

প্রার্থনা শেষ হতে না হতেই উত্তর পাওয়া গেল। কূপের নিকট মহিলাদের একজনের সৌজন্যমূলক আচরণ তার দৃষ্টি আকর্ষণ করল। মেয়েটি যখন কূপ হতে ফিরে যেতে আরম্ভ করল, তখন পথিক তার নিকটে গেল এবং তার কাঁধের কলস হতে কিছু জল পান করতে চাইল। উঠের জন্য জল তুলে দেয়ার প্রস্তাবসহ অনুরোধের দয়ার্দ্র উত্তর পাওয়া গেল । PPBeng 112.4

এই ভাবে কাঙ্খিত সংকেত দেয়া হল। "সেই কন্যা দেখিতে বড়ই সুন্দরী" ছিলেন, এবং তাৎক্ষণিক সৌজন্যমূলক আচরণ একটি দয়ালু হৃদয় ও কর্মঠ ও শক্তিশালী চরিত্রের লক্ষণ ছিল। এ পর্যন্ত স্বর্গীয় হস্ত তার সাথে সাথে ছিল। বাণীবাহক মেয়েটির পিতা-মাতার পরিচয় জানতে চাইল, এবং সে আব্রাহামের ভাতিজা বয়েলের মেয়ে জানতে পেরে "সে ব্যক্তি মস্তক নমন করিয়া সদাপ্রভুর উদ্দেশে প্রণিপাত করিল ।" PPBeng 113.1

লোকটি অব্রাহামের সঙ্গে তার সম্পর্ক প্রকাশ করল। কুমারী ঘরে ফিরে যা কিছু ঘটে ছিল তা বর্ণনা করল, আর তার ভাই লাবন দ্রুত সেই আগন্তুককে তাদের আতিথেয়তা গ্রহণ করার জন্য আনতে গেল। PPBeng 113.2

যতক্ষণ ইলিয়েষর তার আগমনের উদ্দেশ্য কূয়ার নিকটে তার প্রার্থনা, আর অন্যান্য আনুষাঙ্গিক ঘটনা বলা শেষ না করলেন ততক্ষণ কোন খাবার গ্রহণ করলেন না । তারপর তিনি বললেন, "অতএব আপনারা যদি এখন আমার কর্তার সহিত দয়া ও সত্য ব্যবহার

করিতে সম্মত হন, তাহা বলুন; আর যদি না হন, তাহাও বলুন; তাহাতে আমি দক্ষিণে কিম্বা বামে ফিরিতে পারিব।” উত্তর হল, “সদাপ্রভু হইতে এই ঘটনা হইল, আমরা ভাল মন্দ কিছুই বলিতে পারি না। ঐ দেখুন, রিবিকা আপনার সম্মুখে আছে; উহাকে লইয়া প্রস্থান করুন; এ আপনার কর্তার পুত্রের ভার্য্যা হউক, যেমন সদাপ্রভু বলিয়াছেন।” PPBeng 113.3

রিবিকা বিশ্বাস করেন যে ঈশ্বর কথা বলেছেন

PPBeng 113

রিবিকার সহিত আলোচনা করা হল যে তিনি কি তার পিতার গৃহ ছেড়ে অব্রাহামের পুত্রকে বিয়ে করার জন্য এত দূর যাবেন। তিনি বিশ্বাস করলেন যে ঈশ্বর তাকে ইসহাকের স্ত্রী হওয়ার জন্য মনোনীত করেছেন, তাই তিনি বললেন, “যাইব”। PPBeng 113.4

ভৃত্যটি তার কর্তার আনন্দের কথা স্মরণ করে ফিরে যাবার জন্য অধৈর্য্য হয়ে উঠিলেন এবং ভোর হওয়ার সঙ্গে সঙ্গেই তারা বাড়ীর দিকে যাত্রা করলেন। অব্রাহাম বেরসেবাতে বাস করতেন, এবং ইস্‌হাক যিনি কাছেই মেষ চরাচ্ছিলেন, তার পিতার তাঁবুতে ফিরে এসে হারোণ হতে বাণী বাহকের প্রত্যাবর্তনের অপেক্ষা করছিলেন। “ইস্‌হাক সন্ধ্যাকালে ধ্যান করিতে ক্ষেত্রে গিয়াছিলেন, পরে চক্ষু তুলিয়া চাহিলেন, আর দেখ, উষ্ট্র আসিতেছে। আর রিবিকা চক্ষু তুলিয়া যখন ইস্‌হাককে দেখিলেন, তখন উষ্ট্র হইতে নামিয়া তিনি দাসকে জিজ্ঞাসা করিলেন, আমাদের সংগে সাক্ষাৎ করিতে ক্ষেত্রের মধ্য দিয়া আসিতেছেন, ঐ পুরুষ কে? দাস বলিলেন, উনি আমার কর্তা। তখন রিবিকা আবরক লইয়া আপনাকে আচ্ছাদন করিলেন। পরে সেই দাস ইস্‌হাককে আপনার কৃত সমস্ত কার্ম্মের বিবরণ কহিলেন। তখন ইস্‌হাক রিবিকাকে গ্রহণ করিয়া সারা মাতার তাঁবুতে লইয়া গিয়া তাঁহাকে বিবাহ করিলেন, এবং তাঁহাকে প্রেম করিলেন। তাহাতে ইস্‌হাক মাতৃ-বিয়োগের শোক হইতে সান্ত্বনা পাইলেন।” PPBeng 113.5

যারা ঈশ্বরকে ভয় করে এবং যারা তাঁকে ভয় করে না তাদের মধ্যে মিস্র-বিয়ের ফল কয়িনের সময় হতে তার সমসাময়িক কাল পর্য্যন্ত অব্রাহাম লক্ষ্য করেছেন। হাগারের সহিত তার বিয়ে এবং ইশ্মায়েলের ও লোটের বৈবাহিক সম্পর্ক সমূহ তার সামনে ছিল। ইশ্মায়েলের মার পৌত্তলিক আত্মীয় স্বজন ও তার পৌত্তলিক স্ত্রীদের সহিত তার সম্পর্কের প্রভাব তার উপর তার পিতার প্রভাবকে ব্যর্থ করেছিল। হাগারের ও হাগারের দ্বারা মনোনীত ইশ্মায়েলের স্ত্রীদের ঈর্ষা তার পরিবারকে এমন এক বেষ্টনীতে আবদ্ধ করেছিল যা অব্রাহাম ভাঙ্গার জন্য বৃথাই চেষ্টা চালাচ্ছিলেন। PPBeng 114.1

অব্রাহামের প্রাথমিক শিক্ষা ইশ্মায়েলের উপর নিষ্ফল হয় নি, কিন্তু তার স্ত্রীদের প্রভাবের ফলে তার পরিবারে পৌত্তলিকতা শুরু হয়। পিতা থেকে দূরে থাকা, আর ঈশ্বরের প্রতি প্রেম ও ভয়হীন ঘরের বিবাদ ও হিংসা ইশ্মায়েলকে মরুভূমির-সর্দারের বন্য ও লুণ্ঠনকারী জীবন বেছে নিতে বাধ্য করে। “তাহার হস্ত সকলের বিরুদ্ধ ও সকলের হস্ত তাহার

বিরুদ্ধ হইবে।” আদিপুস্তক ১৬:১২। জীবনের প্রান্তে এসে তিনি অনুতাপ করে তার পিতার ঈশ্বরের কাছে ফিরে এসেছিলেন, কিন্তু তার বংশধরদের যে চরিত্র সৃষ্টি করা হয়েছিল, তা তাদের মধ্যে রয়ে গেল। যে শক্তিশালী জাতি তার মাধ্যমে সৃষ্টি হয়েছিল তারা ছিল এক অশান্ত পৌত্তলিক জাতি। PPBeng 114.2

লোটের স্ত্রী ছিলেন একজন স্বার্থপর, অধার্মিক মহিলা যার প্রভাবের ফলেই তার স্বামী অব্রাহামের নিকট হতে পৃথক হয়েছিলেন। তার জন্য না হলে লোট সদোমে বাস করতেন না। বাল্যকালে বিশ্বস্তভাবে অব্রাহামের নিকট হতে প্রাপ্ত শিক্ষা ব্যতিরেকে, তার স্ত্রীও ঐ ভ্রষ্ট শহরের প্রভাব লোটকে ঈশ্বরের প্রতি বিশ্বাস হারাতে পরিচালিত করতে পারত। PPBeng 114.3

যে ঈশ্বরকে ভয় করে সে, যে ঈশ্বরকে ভয় করে না তার সাথে সম্পর্ক স্থাপন করলে অবশ্যই বিপদের সম্ভাবনা রয়েছে। “এক পরামর্শ না হইলে দুই ব্যক্তি কি এক সঙ্গে চলে ?” আমোষ ৩:৩। বিবাহের আনন্দ ও উন্নতি দুই পক্ষের ঐক্যের মধ্যে নিহীত; কিন্তু বিশ্বাসীর ও অবিশ্বাসী জাতির মধ্যে সৌন্দর্য্য বোধ, ঝোঁক ও লক্ষ্যের প্রচন্ড পার্থক্য রয়েছে। একজন যত খাঁটি ও সত্য নীতির অনুসারীই হোক না কেন, একজন অবিশ্বাসী সাথীর প্রভাব তাকে ঈশ্বরের নিকট হতে দূরে সরিয়ে নেয়ার প্রবণতা রাখবে। PPBeng 115.1

ধর্মান্তরিত হওয়ার আগে যে বিয়ে করেছে ধর্মান্তরিত হওয়ার পর তার দায়িত্ব আরো অধিক হয় যেন সে স্ত্রীর প্রতি বিশ্বস্ত থাকে, তাদের ধর্মীয় বিশ্বাস যত ভিন্নই হোক না কেন। তথাপি পৃথিবীর সকল সম্পর্কের ঊর্ধ্বে হল ঈশ্বরের দাবী যদিও এর ফলে কষ্ট ও অত্যাচারের মোকাবেলা করতে হয়। প্রেম ও বিশ্বস্ততার আত্মা অবিশ্বাসী সাথীকে জয় করে নিতে পারে। কিন্তু অবিশ্বাসীদের সহিত বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া বাইবেলে নিষেধ করা হয়েছে। “তোমরা অবিশ্বাসীদের সহিত অসমভাবে যোঁয়ালীতে বদ্ধ হইও না।” ২ করিন্থীয় ৬:১৪। PPBeng 115.2

বিয়ে করার পূর্বে

PPBeng 115

যে প্রতিজ্ঞার মাধ্যমে সমস্ত পৃথিবী অনুগ্রহ যুক্ত হত, ইস্‌হাক সেই প্রতিজ্ঞার উত্তরাধিকারী ছিলেন; তথাপি চল্লিশ বৎসর বয়সেও স্ত্রী মনোনয়নের ব্যাপারে তিনি তার পিতার নিকট আত্ম সমর্পণ করেন। আর ঐ বিয়ের ফল ছিল গৃহে আনন্দ ও শান্তির এক সুন্দর দৃষ্টান্ত; “ইস্‌হাক রিবিকাকে গ্রহণ করিয়া সারা মাতার তাঁবুতে লইয়া গিয়া তাঁহাকে বিবাহ করিলেন, এবং তাঁহাকে প্রেম করিলেন। তাহাতে ইস্‌হাক মাতৃ বিয়োগের শোক হইতে সান্ত্বনা পাইলেন।” PPBeng 115.3

যুবক যুবতীরা মনে করেন যে সত্যিকারে প্রেমের সিদ্ধান্ত শুধু নিজে একাই নিতে হয়। তার পিতামাতার সহায়তা ছাড়া তারা তাদের মনোয়ন করিতে সক্ষম বলে মনে করে থাকেন। কয়েক বৎসর বিবাহিত জীবন যাপনের পরই তারা তাদের ভুল দেখতে পান; কিন্তু তখন অনেক দেরী হয়ে যায়। বিজ্ঞতা ও আত্ম-নিয়ন্ত্রণের অভাব যা দ্রুত সিদ্ধান্ত গ্রহণে প্ররোচিত করে, সেই অভাবই অমঙ্গলকে আরো গভীর করে তোলে, আর তখন বিয়ে একটি কয়েদীর যোয়ালীতে পরিণত হয়। এই ভাবে অনেকে এই জীবনের সুখ ধ্বংস করেন এবং পরবর্ত্তী জীবনের আশা বিনাশ করেন। PPBeng 115.4

যদি কোন বিশেষ সময়ে বাইবেলের উপদেশ প্রয়োজন হয়, যদি কখনো প্রার্থনার মাধ্যমে স্বর্গীয় পরিচালনা চাওয়ার প্রয়োজন হয়, তবে তা হল দুই ব্যক্তি সারা জীবনের জন্য যখন বিয়ের বন্ধনে আবদ্ধ হতে যাচ্ছেন সেই সময়ে। PPBeng 116.1

সন্তানদের ভবিষ্যৎ সুখের বিষয়ে পিতামাতা নিজ দায়িত্ব যেন কখনো অবহেলা না করেন। যদিও অব্রাহাম তার সন্তানদের কাছে থেকে পিতা মাতার অধিকারের প্রতি সম্মান প্রদর্শন দাবী করতেন, তথাপি তার দৈনন্দিন জীবন- যাপন প্রমাণ করত যে এই দাবী স্বার্থপর বা এক তরফা নয়, কিন্তু এটা প্রেমের উপর প্রতিষ্ঠিত এবং সন্তানদের মঙ্গল ও সুখই ছিল এর আসল লক্ষ্য। PPBeng 116.2

পিতামাতা সন্তানদের এমন ভাবে পরিচালনা করবেন যেন উপযুক্ত সাথীর সহিত তাদের প্রেমের সম্পর্ক স্থাপিত হয়। সন্তানদের চরিত্র এমন ভাবে গড়ে তুলুন যেন তারা বাল্যকাল হতেই খাঁটি ও মহৎ চরিত্রের অধিকারী হয় এবং যা মঙ্গলজনক ও যা সত্য শুধু তার প্রতিই আকৃষ্ট হয়। হৃদয়ের মধ্যে সত্য, পবিত্রতা, এবং মঙ্গলের প্রতি ভালবাসার বীজ বপন করুন, আর তাতে যুবক-যুবতীরা তাদের প্রতি আকৃষ্ট হবে যাদের মধ্যে ঐ সব রয়েছে। PPBeng 116.3

পিতামাতার দৃষ্টান্ত দ্বারা স্বর্গীয় পিতার প্রতি তাদের প্রেমের পরিচয় দিন। গৃহ যেন আনন্দের সূর্য্যালোকে আলোকিত থাকে । আর ঐশ্বর্য্য কি, ভূমির চেয়ে তাই হবে আপনাদের সন্তানদের নিকট অধিক মূল্যবান। তাদের হৃদয়ে গৃহের ছবি যেন জীবন্ত থাকে যার ফলে তারা স্বর্গের পরই তাদের বাল্যকালের গৃহকে শান্তি ও আনন্দের স্থানরূপে মনে রাখবে। PPBeng 116.4

সত্যিকার প্রেম একটি উঁচু ও পবিত্র নীতি যা ঐ ক্ষণিকের প্রেম থেকে সম্পূর্ণ ভিন্ন যা কঠোর পরীক্ষার মুহূর্ত্তে মৃত্যুবরণ করে। পিতামাতার গৃহে সন্তানরা তাদের নিজ গৃহ স্থাপনের প্রস্তুতি নেবে। এখানে যেন তারা আত্ম ত্যাগ, দয়া, সৌজন্য, এবং খ্রীষ্টীয় সহানুভূতি শিক্ষা করে। PPBeng 116.5

যে ব্যক্তি ঐ ধরণের গৃহ হতে বেরিয়ে আসে সে জানে, যখন সে নিজ গৃহের প্রধানরূপে ভূমিকা গ্রহণ করে, তখন কি ভাবে তার সুখ বৃদ্ধি করবে যাকে সে জীবন সঙ্গিনীরূপে বেছে নিয়েছে। বিবাহ তখন প্রেমে শেষ পরিণতি না হয়ে তা প্রেমের আরম্ভ হবে। PPBeng 116.6

অধ্যায় ১৬—যাকোব এবং এষৌ

PPBeng 117

ইস্‌হাকের যমজ সন্তান যাকোব এবং এষৌর চরিত্রে ও জীবন যাপনে একটি অদ্‌ভুত পার্থক্য বর্তমান। তাদের জন্মের আগেই ঈশ্বরের দূতগণ এই পার্থক্যের ঘোষণা করেছিলেন। রিবিকার যাতনাময় প্রার্থনার উত্তরে তিনি ঘোষণা করেছিলেন যে তাকে দুটি ছেলে দেয়া হবে। তারা যে দু'টি মহান জাতির প্রধান হবে, আর একজন যে অন্য জনের চেয়ে মহৎ হবে, এবং ছোট ভাই যে প্রাধান্য পাবে, এ সমস্ত কিছুর ইতিহাসই দূত তার নিকট তুলে ধরেছিলেন। PPBeng 117.1

এষৌ বর্তমানের উপর তার সমস্ত মনোযোগ কেন্দ্রীভূত করেছিলেন এবং আত্ম-তৃপ্তিকে প্রাধান্য দিতে শিখেছিলেন । আত্ম-নিয়ন্ত্রণে অধৈর্য্য, তিনি শিকারীর জীবন ও শিকার তাড়না করা ভালবাসতেন। তথাপি তিনি পিতার প্রিয়পাত্র ছিলেন। তার জ্যেষ্ঠ পুত্র পর্বত ও মরুভূমিতে অকুতভয়ে ও অবাধে ঘুরে বেড়াতেন, আর অনেক শিকার ও ভয়ঙ্কর জীবনের অনেক কাহিনী নিয়ে ঘরে ফিরতেন। PPBeng 117.2

যাকোব ছিলেন চিন্তাশীল, পরিশ্রমী, বর্তমানের চেয়ে ভবিষ্যৎ সম্পর্কে অধিক সদা-সতর্ক, এবং মেষ-চরানো ও কৃষিকাজ নিয়ে গৃহে বসবাস করতে ভাল বাসতেন। তার ধৈর্য-সহকারে কঠোর পরিশ্রম, সঞ্চয়ী মনোভাব, দূরদৃষ্টি তার মার কাছে খুবই মূল্যবান ছিল । এষৌর আধিক্য ও অনিয়মিত দয়া দাক্ষিণ্যের চেয়ে যাকোবের শান্ত মনোযোগীভাব অধিক আনন্দের কারণ ছিল। PPBeng 117.3

এষৌ ও যাকোব উভয়কেই অধিকার অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে বিবেচনা করতে শিক্ষা দেয়া হয়েছিল, কেননা এটা শুধু পার্থিব সম্পত্তির উত্তরাধিকারী সম্পর্কিত ছিল না, কিন্তু ইহার আত্মিক গুরুত্ব আরো অধিক ছিল। যিনি এটা পেতেন তিনি পরিবারের পুরোহিতের দায়িত্ব পেতেন, এবং পৃথিবীর পরিত্রাণদাতা তারই বংশে আগমন করার কথা ছিল। PPBeng 117.4

পক্ষান্তরে, জ্যেষ্ঠাধিকার প্রাপ্তের উপর বিশেষ দায়িত্ব অর্পিত হত। যে এই আশীর্বাদ পেত, তার সারা জীবন ঈশ্বরের কাজে কাটাতে হত। বিয়ের বিষয়ে, পারিবারিক সম্পর্ক স্থাপন, ও সামাজিক জীবনের সমস্ত বিষয়, তাকে ঈশ্বরের ইচ্ছা জানতে হত । PPBeng 118.1

ইস্‌হাক এই সমস্ত অধিকার ও সন্তু তার দু ছেলেকেই ভাল করে বুঝিয়ে বলেছিলেন, এবং এও বলেছিলেন যে বড় ছেলে হিসাবে এষৌ জ্যেষ্ঠাধিকার পাবে। কিন্তু এষৌর প্রার্থনা ও ধর্মের প্রতি কোন স্পৃহা ছিল না। আত্মিক জ্যেষ্ঠাধিকারের সহিত যে দায়িত্ব অর্পিত ছিল তা তার কাছে একটি অশুভ, এমন কি ঘৃণার্হ, বাঁধা ছিল। ঈশ্বরের ব্যবস্থা, অব্রাহামের সাথে

ঈশ্বরের চুক্তির শর্তাবলী, এষৌ'র নিকট এক দাসত্বের জোয়ালী বলে মনে হয়েছিল। আত্ম-সংযমে আগ্রহী এষৌ যা ইচ্ছা তাই করার স্বাধীনতাই অনেক বেশী কাম্য ছিল। তার কাছে সুখের অর্থ ছিল ক্ষমতা এবং ঐশর্য্য, ভোজন ও অপরিমিত মধ্যপান। সে তার বাধাহীন বন্য ও যাযাবর জীবনকে গুরুত্ব দিত । PPBeng 118.2

রিবিকা দূতের কথা মনে রেখেছিলেন এবং তার ছেলেদের চরিত্র তিনি স্বামীর চেয়ে বেশী বুঝতে পারতেন। তিনি নিশ্চিত বিশ্বাস করতেন যে স্বর্গীয় ঐতিহ্যের প্রতিজ্ঞা ইস্হাকের জন্য নির্দ্ধারিত, এবং ইস্হাককে দূতের সব ভবিষদ্বাণী তিনি বলেছিলেন। কিন্তু পিতার স্নেহ বড় ছেলের উপরই কেন্দ্রীভূত ছিল এবং তিনি নিজ সিদ্ধান্তে অনড় ছিলেন। PPBeng 118.3

যাকোব মার নিকট হতে জানতে পেরেছিলেন যে জ্যেষ্ঠাধিকার তার উপরেই আসবে, তাই তিনি এই অধিকার ও দায়িত্ব লাভের জন্য উৎসুক ছিলেন। তিনি ত পিতার ধনসম্পদের কামনা করছিলেন না; আত্মিক জ্যেষ্ঠাধিকার তার কাম্য ছিল। অব্রাহামের মত ঈশ্বরের সহিত যোগাযোগ স্থাপন, করা, প্রায়শ্চিত্তমূলক বলিদান করা, প্রতিজ্ঞাকৃত খ্রীষ্টীয় মনোনীত জাতির পিতৃত্ব লাভ করা এ সকল অধিকার ও সম্মান তার হৃদয়ে লাভের আকাঙ্ক্ষাকে প্রজ্জ্বলিত করেছিল । PPBeng 118.4

আত্মিক জ্যেষ্ঠাধিকার অধিকার সম্বন্ধে তার পিতা যা কিছু বলেছিলেন তা তিনি অত্যন্ত মনোযোগ সহকারে শুনতেন; তার মার নিকট হতে যা কিছু শুনেছিলেন তাও তিনি অত্যন্ত মূল্যবান হিসাবে সযত্নে লালন পালন করতেন। বিষয়টি তার জীবনের তীব্র মনোযোগ আকর্ষণ করেছিল। কিন্তু যে ঈশ্বরকে যাকোব সম্মান করতেন তাঁর সম্বন্ধে তার নিজস্ব অভিজ্ঞতালব্ধ জ্ঞান ছিল না। স্বর্গীয় অনুগ্রহে তার হৃদয় নূতনত্ব লাভ করে নি। সে সর্বদাই নানা কৌশল উদ্ভাবনের চেষ্টা করত যাতে, তার ভাই যা অত্যন্ত তুচ্ছ মনে করত কিন্তু তার কাছে তা অত্যন্ত মূল্যবান ছিল, তা সে লাভ করতে সক্ষম হত। PPBeng 118.5

ঐষৌ তার বহুমূল্য ধন বিক্রয় করেন

PPBeng 119

একদিন এষৌ শিকার হতে অনেক ক্লান্ত হয়ে ঘরে ফিরে, যাকোব যে খাবার তৈরী করছিলেন তা খেতে চাইলেন। শেষের জন তার সুযোগ গ্রহণ করলেন এবং জ্যেষ্ঠাধিকারের বদলে তার ভাইয়ের ক্ষুধা দূর করতে রাজী...। “দেখ, আমি মৃত প্রায়,” অসংযত বিবেচনাহীন, শিকারী চিৎকার করে উঠলেন, জ্যেষ্ঠাধিকারে আমার কি লাভ? এক, পেয়ালা ডালের জন্য তিনি তার জ্যেষ্ঠাধিকার ত্যাগ করলেন এবং এই লেনদেন শপথ গ্রহণের মাধ্যমে পাকাপোক্ত করলেন। ঈশ্বর তার পিতৃপুরুষদের যে গৌরবময় ঐতিহ্যের প্রতিজ্ঞা করেছিলেন তা তিনি মুহূর্ত্তের প্রয়োজনের তাগিদে বিনিময় করে ফেললেন। তার সমস্ত চিন্তা ভাবনা শুধু বর্তমান

নিয়েই ছিল। তিনি পার্থিব বিষয়ের জন্য স্বর্গীয় বিষয় ক্ষণিকের তৃপ্তির জন্য ভবিষ্যতের সুখ-স্বাচ্ছন্দ্য, বিনিময় করতে প্রস্তুত ছিলেন। PPBeng 119.1

"এইরূপে এষৌ আপন জ্যেষ্ঠাধিকার তুচ্ছ করিলেন।" তিনি এটা হতে মুক্ত হতে পেরে স্বস্তির নিঃশ্বাস ফেললেন। এখন তিনি যা ইচ্ছা তাই করতে পারবেন। অনেকেই আজ উদ্যম আনন্দ ও ভ্রান্ত স্বাধীনতার জন্য স্বর্গের তাদের অনন্তকালীন অধিকারকে বিক্রিয় করে ফেলেছেন। PPBeng 119.2

এষৌ হিত্তীয় দুই মেয়েকে বিয়ে করেছিলেন। ওরা ছিল মিথ্যা দেবতার পূজক, আর তাদের পৌত্তলিকতা ইস্‌হাক ও রিবিকার মনে গভীর ব্যথার কারণ ছিল। ঈশ্বরের সহিত চুক্তির একটি শর্ত এষৌ লঙ্ঘন করেছিলেন, ঐ শর্ত্ত অনুসারে মনোনীত জাতি ও পৌত্তলিকদের মধ্যে মিশ্র বিবাহ নিষিদ্ধ ছিল; তথাপি ইস্‌হাক তার উপর জ্যেষ্ঠাধিকার দান করতে দৃঢ় প্রতিজ্ঞ ছিলেন । PPBeng 119.3

অনেক বৎসর অতিবাহিত হল। ইস্‌হাক, অন্ধ ও বৃদ্ধ, শীঘ্রই মৃত্যুবরণ করতে হবে মনে করে বড় ছেলের উপর জ্যেষ্ঠাধিকার দান করতে আর দেরী না করার সিদ্ধান্ত নিলেন। কিন্তু রিবিকা ও যাকোবের বিরোধীতার কথা চিন্তা করে তিনি এই পবিত্র অনুষ্ঠান গোপনে পূর্ণ করতে চাইলেন। কুলপতি এষৌকে আদেশ করলেন, "... প্রান্তরে যাও, আমার জন্য হরিণ শিকার করিয়া আন। আর আমি যেরূপ ভালবাসি, তদ্রূপ সুস্বাদু খাদ্য প্রস্তুত করিয়া আমার নিকটে আন....যেন মৃত্যুর পূর্বে আমার প্রাণ তোমাকে আশীর্বাদ করে।' PPBeng 119.4

কি ঘটনা ঘটেছে রিবিকা তা যাকোবকে জানালেন ও এষৌর উপর যেন জ্যেষ্ঠাধিকারের আশীর্বাদ পতিত না হয় তার জন্য পদক্ষেপ নিতে তাকে উৎসাহিত করলেন। তিনি তাকে নিশ্চিত করলেন যে যদি সে তার নির্দ্দেশ অনুসারে কাজ করেন তবে হয়ত ঈশ্বরের প্রতিজ্ঞাত জ্যেষ্ঠাধিকার লাভ করতে পারে। যাকোব সহজে রাজী হলেন না, পিতার সহিত প্রতারণা করার চিন্তা তাকে ব্যথিত করল। এ ধরণের একটি পাপ আশীর্বাদের পরিবর্তে অভিশাপ নিয়ে আসতে পারে । PPBeng 120.1

কিন্তু তার বিবেক পরাজিত হল ও সে তার মার পরামর্শ অনুসারে কাজ করতে উদ্যত হল। তার ইচ্ছা ছিল না যে সে প্রত্যক্ষ ভাবে কোন মিথ্যা কথা বলে। কিন্তু পিতার সামনে উপস্থিত হওয়ার পর সে বুঝতে পারল যে সে ত অনেক দূর এগিয়ে গিয়েছে, আর তখন সে ছলনার মাধ্যমেই কাঙ্খিত আশীর্বাদ লাভ করল। PPBeng 120.2

যাকোব ও রিবিকা তাদের লক্ষ্যে কৃতকার্য্য হলেন, কিন্তু প্রতারণার ফলে শুধুমাত্র কষ্ট ও দুঃখই লাভ করলেন। ঈশ্বর ঘোষণা করেছিলেন যে যাকোব জ্যেষ্ঠাধিকার লাভ করবেন, এবং তাঁর প্রতিজ্ঞাই পূর্ণ হত যদি তারা ধৈর্য্য সহকারে তাঁর কাজ করার জন্য অপেক্ষা করতেন। তার ছেলেকে যে ভুল পরামর্শ দিয়েছিলেন রিবিকা সে জন্য তিক্ত অনুতাপ

করলেন। যাকোব আত্ম- ধিক্কারে অভিভূত হয়ে পড়েছিলেন। তিনিও পিতার, ভাইয়ের, নিজের আত্মার, এবং ঈশ্বরের বিরুদ্ধে পাপ করেছিলেন। এক ঘন্টার কাজের জন্য সারা জীবন অনুতাপ ভোগ করার শাস্তি নিজের উপর ডেকে এনেছিলেন। পরবর্ত্তীকালে তার ছেলেদের মন্দ কাজসমূহ সর্বদাই তাকে ঐ ঘটনা তার স্মরণে নিয়ে আসত। PPBeng 120.3

যাকোব তার পিতার তাঁবু হতে বের হওয়ার অব্যবহিত পরেই এষৌ তাঁবুতে প্রবেশ করলেন। যদিও তিনি জ্যেষ্ঠাধিকার বিক্রি করে ফেলেছিলেন তথাপি এখন তিনি এর আশীর্বাদ লাভ করতে চাইলেন। আত্মিয়ের সাথে যুক্ত ছিল পার্থিব জ্যেষ্ঠাধিকার যা তাকে পরিবারের প্রধানে পরিণত করত ও তাতে তিনি তার পিতার ধন-সম্পত্তির দ্বিগুণ ভাগ পেতেন। তিনি বললেন, "হে আমার পিতা আপনি উঠিয়া পুত্রের আনীত মৃগমাংস ভোজন করুন, যেন আপনার প্রাণ আমাকে আশীর্বাদ করে।" PPBeng 120.4

বিস্ময়ে ও দুঃখে অভিভূত হয়ে অন্ধ ও বৃদ্ধ পিতা তার সহিত যে ছলনা করা হয়েছে, তা জানতে পারলেন। তার বড় ছেলের উপর কি নৈরাশ্য নেমে এসেছে তা' তিনি অনুভব করতে পারলেন। তবু তার মনে এই বিশ্বাস উদয় হল যে যা তিনি প্রতিহত করতে চেয়েছিলেন, ঈশ্বরের ইচ্ছা তাই সাধন করেছে। দূত রিবিকাকে যে কথাগুলো বলেছিলেন তা তিনি স্মরণ করলেন, এবং তিনি দেখতে পেলেন যে ঈশ্বরের উদ্দেশ্য সাধনের জন্য যাকোবই অধিক উপযুক্ত। যখন তিনি আশীর্বাদের বাক্য উচ্চারণ করছিলেন তখন তিনি অনুভব করছিলেন যে প্রেরণার আত্মা তার উপর আছে; এবং এখন যাকোবের উপর যে শেষ আশীর্বাদ উচ্চারণ করেছিলেন, তা অনুসমর্থন করলেন, "তাহাকে আশীর্বাদ করিয়াছি, আর সেই আশীর্বাদযুক্ত থাকিবে।" PPBeng 120.5

এষৌ অনুতাপ করতে অক্ষম হলেন

PPBeng 121

ঐ অনুগ্রহ যখন তার আওতাধীন ছিল তখন এষৌ তা অবহেলা করেছেন, আর যখন তা তার কাছ থেকে চলে গিয়েছে, তখন তার দুঃখ ও ক্রোধ ভয়ঙ্কর হল, "হে পিতা, আমাকে, আমাকেও আশীর্বাদ করুন।" "আপনি কি আমার জন্য কিছুই আশীর্বাদ রাখেন নাই?" কিন্তু যে জ্যেষ্ঠাধিকার সে অযত্নে বিনিময় করেছিল তা আর ফিরে পাবে না। "এক মুঠো ডালের জন্য", যে ক্ষুধাকে কখনো বাঁধা দান করা হয় নাই, সে ক্ষুধা মিটানোর জন্য, এষৌ তার উত্তরাধিকার বিক্রয় করে দিলেন। PPBeng 121.1

কিন্তু যখন তিনি তার ভুল বুঝতে পারলেন, তখন ওটা ফেরত পাবার সব সম্ভাবনাই বন্ধ হয়ে গিয়েছে। "তখন সজল নয়নে সযত্নে তাহার চেষ্টা করিলেও অগ্রাহ্য হইল, কারণ সে মন পরিবর্তনের স্থান পাইল না।" ইব্রীয় ১২ঃ১৭। পরিবর্তনের মাধ্যমে ঈশ্বরের অনুগ্রহ লাভ করা হতে এষৌকে বাধা দেয়া হয় নাই, কিন্তু জ্যেষ্ঠাধিকার পুনঃ লাভ করার কোন উপায়ই তার কাছে ছিল না। তার দুঃখ আপন পাপের অনুভূতির ফলে সৃষ্ট হয় নি; সে ঈশ্বরের সহিত

পুনর্মিলিত হতে কোন ইচ্ছা প্রকাশ করে নি। সে পাপের ফলের জন্য দুঃখিত হয়েছিল, কিন্তু পাপের জন্য দুঃখিত হয় নি। PPBeng 121.2

শাস্ত্রে এষৌকে “ব্যভিচারী ও ধর্মবিরূপক” বলা হয়েছে। ইব্রীয় ১২ঃ১৬ পদ। সে হল তাদের প্রতিনিধি যারা, খ্রীষ্ট তাদের জন্য যে মুক্তি ক্রয় করেছেন তার কোন মূল্য দেয় না এবং পৃথিবীর ধ্বংসপ্রাপ্ত জিনিসের জন্য তারা তাদের স্বর্গের উত্তরাধিকার ত্যাগ করতে প্রস্তুত রয়েছে। অসংখ্য লোকেরা ভবিষ্য সম্বন্ধে চিন্তা বা চেষ্টা না করে জীবন যাপন করে। এষৌর মত তারাও বলে, “আইস, আমরা ভোজন পান করি, কেননা কল্য মরিব।” ১ করিন্থীয় ১৫ঃ৩২। জৈব ক্ষুধা তাদের উপর জয়লাভ করে, এবং ঈশ্বর ও স্বর্গকে তারা প্রকৃতপক্ষে PPBeng 121.3

ঘৃণা করে। মাংসের ও আত্মার সমস্ত মন্দতা হতে মুক্ত হয়ে ঈশ্বরের ভয়ে ভীত থেকে পরিপূর্ণ পবিত্র জীবন গঠনের কর্তব্য তাদের নিকট যখন উপস্থাপন করা হয়, তখন তারা অসন্তুষ্ট হন। PPBeng 122.1

অসংখ্য লোক যৌন আতিশয্যের বিনিময়ে তাদের (স্বর্গের) উত্তরাধিকার বিক্রয় করে দিচ্ছেন। স্বাস্থ্য বলি দেয়া হচ্ছে, মানসিক বৃত্তিসমূহকে দুর্বল করা হচ্ছে। এবং স্বর্গ পরিত্যাগ করা হচ্ছে, আর এই সমস্তই করা হচ্ছে সাময়িক আমোদ-স্ফুর্ত্তির জন্য, আর এগুলো চরিত্রকে দুর্বল ও হীন করে ফেলেছে। এষৌ অনেক দেরীতে তার ক্ষতিপূরণ করতে চেয়েছিলেন। আর যারা আত্ম তৃপ্তির সাথে স্বর্গের উত্তরাধিকার বিনিময় করেছেন, ঈশ্বর শেষ দিনে তাদের জন্য একই ধরণের ঘটনা ঘটাবেন। PPBeng 122.2

অধ্যায় ১৭—যাকোবের পলায়ন ও নির্বাসন

PPBeng 123

এষৌ দ্বারা নিহত হবার ভয়ে ভীত যাকোব তার পিতার বাড়ী হতে পলায়ন করলেন বটে, তবে পিতার আশীর্বাদ নিয়েই পলায়ন করলেন । ইস্‌হাক তার নিকট চুক্তির প্রতিজ্ঞা পুনরাবৃত্তি করেছিলেন এবং তাকে আদেশ করেছিলেন যে সেও যেন মেশোপটেমিয়ার তার মায়ের বংশের যে কোন মেয়েকে স্ত্রী রূপে গ্রহণ করে। PPBeng 123.1

তথাপি গভীর নৈরাশ্যজনক হৃদয় নিয়ে যাকোব তার নিঃসঙ্গ যাত্রা শুরু করেন। শুধু মাত্র হাতের লাঠি নিয়ে তাকে ধন্য, যাযাবর, জাতি দ্বারা অধ্যুসিত দেশের শত শত মাইল ভ্রমণ করতে হবে। যেন তার ক্রুদ্ধ ভাই তার খোঁজ না পায় তাই তিনি অনুতপ্ত ও ভীত হৃদয়ে মানুষের সাক্ষাৎ হতে দূরে থাকতে চাইলেন। তিনি এই ভেবে ভয় পেলেন যে হয়ত ঈশ্বর যে আশীর্বাদ তাকে দিতে চেয়েছেন, তা তিনি চিরকালের মত হারিয়ে ফেলেছেন, আর শয়তান তার খুব নিকটে থেকে এ বিষয়ে তাকে প্রলোভিত করছিল। PPBeng 123.2

দ্বিতীয় দিনের সন্ধ্যা তাকে তার পিতার তাঁবু হতে অনেক দূরে দেখতে পেল । তিনি জানতেন যে তিনি একজন সমাজ হতে বিতাড়িত ব্যক্তি, আর তিনি এও বুঝতে পারলেন যে তার নিজের ভুল কাজের ফলেই তিনি বর্তমান সমস্যায় পতিত হয়েছেন। নৈরাশ্য তার আত্মায় চেপে বসল, এবং তিনি প্রার্থনা করতেও ভয় পেলেন। কিন্তু তিনি এমন একাকী ছিলেন যে তিনি জীবনে কখনও যত গভীর ভাবে অনুভব করেন নি, তত গভীর ভাবে তিনি ঈশ্বরের সংরক্ষণের প্রয়োজন অনুভব করলেন। তিনি কেঁদে নিজের পাপ স্বীকার করলেন, এবং তিনি যে সম্পূর্ণ পরিত্যক্ত হননি তার যে কোন একটি প্রমাণের জন্য আকুল অনুরোধ জানালেন। তিনি নিজের উপর আত্ম-বিশ্বাস সম্পূর্ণরূপে হারিয়ে ফেলেছিলেন, এবং তিনি ভয় পেয়েছিলেন যে ঈশ্বর তাকে চিরকালের তখনও তার বিপথগামী, মত পরিত্যাগ করেছেন। কিন্তু ঈশ্বরের অনুগ্রহ PPBeng 123.3

অবিশ্বস্ত সন্তানের প্রতি ন্যাস্ত ছিল। সদাপ্রভু মহা অনুকম্পায় যাকোবের যা প্রয়োজন ছিল তাই প্রকাশ করলেন একজন মুক্তিদাতা। তিনি পাপ করেছিলেন, কিন্তু তিনি দেখলেন যে একটি পথ প্রকাশিত হল যা দিয়ে তিনি ঈশ্বরের অনুগ্রহের সীমার নীচে পুনঃস্থাপিত হতে পারতেন। PPBeng 123.4

ক্লান্ত পরিব্রাজক ভূমিতে শুয়ে পড়লেন, এবং একটি পাথর তার বালিশ হল । আর ঘুমন্ত অবস্থায় তিনি একটি সিঁড়ি দেখতে পেলেন যার ভিত্তি ছিল পৃথিবীতে ও মাথা ছিল স্বর্গে। আর এই সিঁড়ি দিয়ে দূতগণ উঠানামা করছিলেন। আর এর উপরে ছিলেন মহিমাময় ঈশ্বর এবং স্বর্গ হতে তার ধ্বনি শুনা গেল, “আমি সদাপ্রভু, তোমার পিতা অব্রাহামের ঈশ্বর ও ইস্‌হাকের ঈশ্বর” “তোমাতে ও তোমার বংশে পৃথিবীর যাবতীয় গোষ্ঠী আশীর্বাদ প্রাপ্ত

হইবে।” এই প্রতিজ্ঞা অব্রাহাম ও ইস্‌হাককে দেয়া হয়েছিল, আর এখন ইহা যাকোবের নিকট নূতন করে করা হল। তখন উৎসাহ ও শান্তির বাণী উচ্চারণ করা হল,” আর দেখ আমি তোমার সহবর্তী, যে যে স্থানে তুমি যাইবে, সেই সেই স্থানে তোমাকে রক্ষা করিব, ও পুনর্বার এই দেশে আনিব; কেননা আমি তোমাকে যাহা যাহা বলিলাম, তাহা যে পর্য্যন্ত সফল না করি, সেই পর্য্যন্ত তোমাকে ত্যাগ করিব না।” সদাপ্রভু তাঁর করুণায় অনুতপ্ত পলাতকের নিকট ভবিষ্যৎ তুলে ধরলেন, যেন সে যখন পৌত্তলিক ও কুচক্রী লোকদের মধ্যে একা বাস করে তখন যেন সে প্রলোভনে না পড়ে। তার মাধ্যমে যে ঈশ্বরের লক্ষ্য পূর্ণ হচ্ছে এই জ্ঞান তাকে বিশ্বস্ত ও বিশ্বাসী থাকতে উৎসাহিত করবে। PPBeng 124.1

এই স্বপ্নে ইস্‌হাককে পরিত্রাণের সেই সকল অংশ দেখানো হয়েছিল, যা ঐ সময় তার জন্য অত্যন্ত প্রয়োজনীয় ছিল। এই রহস্যপূর্ণ সিঁড়ি ছিল সেই সিঁড়ি যীশু খ্রীষ্ট যার কথা নথনেলের সহিত আলোচনা কালে উল্লেখ করেছিলেন, “তোমরা দেখিবে, স্বর্গ খুলিয়া গিয়াছে, এবং ঈশ্বরের দূতগণ মনুষ্য পুত্রের উপর দিয়া উঠিতেছেন ও নামিতেছেন।” আদম ও হবার পাপ পৃথিবীকে স্বর্গ হতে পৃথক করেছিল, যেন মানুষ তার স্রষ্টার সাথে যোগাযোগ স্থাপন করতে না পারে। তথাপি পৃথিবীকে নৈরাশ্যের মধ্যে ফেলে রাখা হয়নি। সিঁড়িটি যীশু খ্রীষ্টের প্রতিনিধিরূপে প্রকাশিত হয়েছিল, কেননা যীশুই ছিলেন যোগাযোগ স্থাপনের মাধ্যম। নিজ দুর্বলতা ও অসহায়তার মধ্যে মানুষকে খ্রীষ্ট অসীম ক্ষমতার সাথে সংযুক্ত করেন। PPBeng 124.2

এই সমস্তই যাকোবকে তার স্বপ্নের মধ্যে প্রকাশ করা হয়েছিল। যদিও তার মন ঐ স্বপ্নের মাত্র কিছু অংশই তাৎক্ষণিক ভাবে বুঝতে সক্ষম হয়েছিল, এর মহান ও রহস্যপূর্ণ সত্য তার সমস্ত জীবনের অধ্যয়নের বিষয় ছিল এবং এর জ্ঞান তিনি ধীরে ধীরে হৃদয়ে গ্রহণ করতে পেরেছিলেন। PPBeng 124.3

যাকোব রাতের গভীর স্তব্ধতার মধ্যে জেগে উঠলেন। স্বপ্ন অদৃশ্য হলো। নির্জীব পাহাড়ের রূপরেখা ও আকাশের উজ্জ্বল তারা তার দৃষ্টিতে পড়ল কিন্তু তার মনে এক গভীর ভাব এল যে ঈশ্বর তার সাথে আছেন। তিনি বললেন, “অবশ্য সদাপ্রভু এই স্থানে আছেন, আর আমি তাহা জ্ঞাত ছিলাম না।...এ নিতান্তই ঈশ্বরের গৃহ, এ স্বর্গের দরজা।” PPBeng 125.1

“পরে যাকোব প্রত্যুষে উঠিয়া বালিশের নিমিত্তে যে প্রস্তর রাখিয়াছিলেন, তাহা লইয়া স্তম্ভরূপে স্থাপন করিয়া তাহার উপর তৈল ঢালিলেন।” আর তিনি ঐ স্থানের নাম রাখলেন বৈথেল, অথবা, “ঈশ্বরের গৃহ”। আর তখন তিনি এই মহ প্রতিজ্ঞা করলেন, “যদি ঈশ্বর আমার সহবর্তী হন, আমার এই গন্তব্য পথে আমাকে রক্ষা করেন, এবং আহারার্থে খাদ্য ও পরিধানার্থে বস্ত্র দেন, আর আমি যদি কুশলে পিত্রালয়ে ফিরিয়া আসিতে পাই, তবে সদাপ্রভু আমার ঈশ্বর হইবেন এবং এই যে প্রস্তর আমি স্তম্ভরূপে স্থাপন করিয়াছি, ইহা ঈশ্বরের গৃহ

হইবে; আর তুমি আমাকে যে কিছু দিবে, তাহার দশমাংশ আমি তোমাকে অবশ্য দিব।" PPBeng 125.2

যাকোবও ঈশ্বরের সহিত কোন চুক্তি স্থাপন করছিলেন না। ঈশ্বরও তাকে উন্নতির প্রতিজ্ঞা করেছিলেন, আর এই প্রতিজ্ঞা ছিল ঈশ্বরের অনুগ্রহের নিশ্চয়তার জন্য কৃতজ্ঞ অন্তঃকরণের বহিঃপ্রকাশ। যাকোব অনুভব করেছিলেন যে ঈশ্বরের অনুগ্রহের বিশেষ দয়ার জন্য একটা কিছু দান করা উচিত। PPBeng 125.3

যেহেতু যখন তার নিকট সকল কিছুই অন্ধকার ও প্রতিকূল মনে হচ্ছিল, তখন ঈশ্বর তার কাছে নূতন দ্বার খুলে দিয়েছিলেন, যখন সে অজ্ঞান হয়ে পড়ে যাচ্ছিল তখন ঈশ্বর তাকে নূতন জীবন দান করেছিলেন, তাই প্রত্যেক বিশ্বাসীর উচিত কৃতজ্ঞতার সহিত সেই সকল মহামূল্য মুক্তি প্রায়ই স্মরণ করা। অসংখ্য আশীর্বাদের জন্য তার প্রশ্ন করা উচিত, "আমি সদাপ্রভু হইতে যে সকল মঙ্গল পাইয়াছি, তাহার পরিবর্তে তাঁহাকে কি ফিরাইয়া দিব?" গীতসংহিতা ১১৬ঃ১২। PPBeng 125.4

দশমাংশ পবিত্র কেন?

PPBeng 125

যখনই আমাদের কোন বিশেষ বিপদ হতে মুক্ত করা হয়, অথবা কোন নূতন ও অনাকাঙ্খিত অনুগ্রহ আমাদের দেখানো হয় আমরা ঈশ্বরের কাছে বিশেষ দান রেখে তার করুণার প্রতি আমাদের কৃতজ্ঞতা স্বীকার করা উচিত। আর যেহেতু আমারা অনবরতই ঈশ্বরের অনুগ্রহ পাচ্ছি। তাই সর্বদাই আমাদের দান করতে থাকা উচিত। PPBeng 125.5

যাকোব বলেছেন, "তুমি আমাকে যাহা কিছু দিবে, তাহার দশমাংশ আমি তোমাকে অবশ্য দিব।" আমরা যারা সুসমাচারের পূর্ণ আলোকে থাকি তারা কি তাদের থেকে কম দেব যারা আগের দিনের শাস্ত্রের বিধানের ভিতরে বাস করতেন? আমাদের দায়িত্ব কি তুলনামূলক ভাবে বেড়ে যায় নি? কিন্তু যে প্রেম এত অপরিমেয় আর যে দান এত অকল্পনীয় তার সহিত অঙ্ক করে সময়, টাকা-পয়সা, ও প্রেম বিনিময় করা কি একটি ব্যর্থ প্রয়াস নয়? খ্রীষ্টের জন্য দশমাংশ যার মূল্য এত অধিক তার জন্য কি পরিমিত অনুতাপ ও কি লজ্জাষ্কর দান! কালভেরীর ক্রুশে থেকে খ্রীষ্ট আহবান জানাচ্ছেন যে আমরা যেন আমাদের সম্পূর্ণ একনিষ্ঠতা ও আমাদের যা কিছু আছে এবং আমরা যা কিছু তার সমস্তই তাঁর উদ্দেশে নিবেদন করি PPBeng 126.1

নূতন বিশ্বাস ও স্বর্গীয় দূতগণের উপস্থিতির নূতন নিশ্চয়তা পেয়ে যাকোব "পূর্বদিকস্থ বংশীয়দের দেশের" দিকে যাত্রা শুরু করলেন। কিন্তু প্রায় একশ বছর আগে আব্রাহামের দাসগণের আগমনের থেকে যাকোবের আগমন কতই না ভিন্ন ধরণের! দাস এসেছিল উটের পিঠে একদল পরিচারক সহকারে, প্রচুর সোনা ও রূপার উপহার সহকারে; বংশধর এল

নিঃসঙ্গ, পায়ে-ফোস্কা পড়া ক্লান্ত পথিক, হাতের লাঠি ছাড়া আর কোন কিছুই তার সঙ্গে ছিল না। অব্রাহামের দাসের মত, যাকোব ও একটি কুয়ার নিকট বিশ্রাম নিচ্ছিল, এবং ঐখানেই তিনি লাবনের ছোট মেয়ে রাহেলের সাক্ষা পেয়েছিলেন। তার আত্মীয়তার পরিচয় দেবার পর তাকে তার মামা লাবনের বাড়ীতে নিমন্ত্রণ জানানো হোল। কয়েক সপ্তাহের মধ্যেই তার পরিশ্রম ও দক্ষতার পরিচয় পাওয়ার পর তাকে ঐখানে থাকার জন্য অনুরোধ জানানো হল। বন্দোবস্ত করা হল যে তিনি সাত বসর পরিশ্রম করলে রাহেলকে বিয়ে করতে পারবেন। PPBeng 126.2

রাহেলের জন্য যাকোবের ভালবাসা

PPBeng 126

পুরাকালে, নিয়ম ছিল যে বিয়ের বন্দোবস্তের আগে বরকে, তার অবস্থা অনুসারে কণের পিতাকে কিছু টাকা-পয়সা অথবা সম্পত্তি দিতে হত। এটা বিয়েতে একটি নিরাপত্তা হিসাবে গণ্য করা হত। যে যুবক পরিবারের ভরণ- পোষণের কোন বন্দোবস্ত করেনি তার সাথে মেয়ের ভবিষ্য সুখ বেঁধে দিতে পিতারা রাজী হতেন না। যদি কেউ যথেষ্ট সঞ্চয়ী না হয় ও যথেষ্ট পরিশ্রম করে ব্যবসা পরিচালনা এবং পশু ও ভূমি সংগ্রহ না করতে পারে, তবে তার জীবন মূল্যহীন বলে বিবেচনা করা হত। কিন্তু যাদের স্ত্রীর মূল্য দেবার মত কিছুই থাকত না তাদের পরীক্ষা করার পদ্ধতি নির্দ্ধারিত ছিল। তারা যার মেয়েকে ভালবাসে তার জন্য পরিশ্রম করতে পারত, আর এই পরিশ্রমের কাল দেয় যৌতুকের মূল্য অনুসারে নিরূপিত হত। যখন প্রেমিককে বিশ্বস্ত মনে করা হত এবং তাকে যোগ্য মনে করা হত, তখন সে মেয়েটিকে স্ত্রী হিসাবে লাভ করতে পারত। PPBeng 126.3

সাধারণতঃ যে যৌতুক পিতা গ্রহণ করত তা বিয়ের সময় মেয়েকে দিয়ে দেয়া হত। কিন্তু রাহেল ও লেয়া উভয়ের ব্যাপারেই লাবন যে যৌতুক তাদের দেবার কথা ছিল তা নিজেই রেখে দিলেন। তারা এই বিষয়ের প্রতি তখন ইঙ্গিত করেছিল যখন মেসোপটেমিয়া ত্যাগের পূর্বে তারা বলেছিল; “তিনিও আমাদিগকে বিক্রয় করিয়াছেন এবং আমাদের রৌপ্যও ভোগ করিয়াছেন।” PPBeng 127.1

প্রেমিককে তার স্ত্রীকে লাভ করার জন্য এভাবে শ্রম দিতে হত বলে দ্রুত ও নির্বিবেচনায় বিয়ে করা বন্ধ হত। বরের কণের প্রতি প্রেম ও তার পরিবারের ভরণ-পোষণ করার ক্ষমতা পরীক্ষা করার সুযোগ থাকত। আমাদের সময়ে এটা প্রায়ই ঘটছে যে ছেলে মেয়েরা পরস্পরকে জানবার এবং পরস্পরের মনোভাব ও ব্যবহারিক জীবনের সঙ্গে পরিচিত হবার কোন সুযোগ পায় না। যখন তারা বিবাহ বন্ধনে একত্রিত হয় ও স্বার্থের সংমিশ্রন ঘটায় তখন তারা প্রকৃত পক্ষে পরস্পরের নিকট অপরিচিত। অনেকেই, অনেক দেরীতেই, দেখতে পান যে তারা পরস্পরের সহিত খাপ খাচ্ছেন না, এবং বাকী জীবন দুর্ভোগের মধ্যে কাটাতে হয়। প্রায়ই স্ত্রী ও ছেলেমেয়েরা স্বামী ও পিতার অলসতা ও দুশ্চারিত্রিক অভ্যাসের জন্য অনেক

কষ্ট ভোগ করে। যদি আদি কালীন পদ্ধতি অনুসারে প্রেমিকের চরিত্র পরীক্ষা করে নেয়া হত, তবে অনেক দুঃখ-কষ্ট হতে রক্ষা পাওয়া যেত। PPBeng 127.2

রাহেলের জন্য যাকোব সাত বসর শ্রম দিলেন, এবং ঐ পরিশ্রমের বসরগুলি "রাহেলের প্রতি তাহার অনুরাগ প্রযুক্ত এক এক বসর তাঁহার কাছে এক এক দিন মনে হইল।" কিন্তু স্বার্থপর লাবন একটি নিষ্ঠুর চালাকীর মাধ্যমে রাহেলের পরিবর্তে লেয়াকে যাকোবের সহিত বিয়ে দিলেন। যেহেতু ঐ চালাকী লেয়া অংশ গ্রহণ করেছিল, তাই যাকোবের মনে হল তিনি লেয়াকে ভালবাসতে পারবেন না। লাবনকে কঠোর ভাষায় তিরস্কারের ফলে লাবন আরো সাত বসর পরিশ্রমের পর রাহেলকে বিয়ে দিতে রাজী হলেন। কিন্তু পিতা দাবী জানালেন যে লেয়াকে পরিত্যাগ করা চলবে না। এই ভাবে যাকোবকে একটি কঠিন পরীক্ষায় ফেলা হল, পরে তিনি সিদ্ধান্ত নিলেন যে লেয়াও থাকবে এবং তিনি রাহেলকেও বিয়ে করবেন। রাহেল অবশ্যই যাকোবের নিকট হতে সবচেয়ে বেশী ভালবাসা পেতেন, কি দুই বোন স্ত্রীদের প্রতিযোগীতায় তার জীবন তিক্ততর হয়ে উঠল। PPBeng 127.3

বিশ বসর পর্য্যন্ত যাকোব মেসোপটেমিয়ায় লাবনের চাকরীতে নিযুক্ত থাকলেন, যে তার আত্মীয়তার সকল সুযোগই গ্রহণ করতে বদ্ধ পরিকর ছিল। তার দুই মেয়ের জন্য সে চৌদ্দ বসরের পরিশ্রম দাবী করল; আর এই চৌদ্দ বসরে যাকোবের পারিশ্রমিক দশ বার পরিবর্তন করা হল। PPBeng 128.1

তথাপি যাকোব বিশ্বস্ততার সহিত কঠোর পরিশ্রম করতেন। বসরের কোন কোন সময় যাকোবকে মেষদের সহিত সর্বদা ব্যক্তিগত ভাবে বাইরে থাকতে হত যেন শুকনা মৌসুমে ওরা তৃষ্ণার্ত হয়ে মারা না যায় ও প্রচন্ড শীতের সময় যেন রাতের প্রচুর তুষার পাতে ওগুলি জমে না যায়। যাকোব ছিলেন প্রধান মেষপালক ও তার অধীনে ছিল অন্যান্য মেষপালক। যদি কোন মেষ হারিয়ে যেত তবে প্রধান মেষপালককে এর ক্ষতিপূরণ বহন করতে হত, আর যদি মেষগুলিকে তাজা অবস্থায় না দেখা যেত তবে তিনি অন্যান্য মেষপালককে দায়ী করতেন। PPBeng 128.2

আমাদের একজন বিশ্বস্ত মেষপালক আছেন

PPBeng 128

অসহায় জীবনের যত্ন নেয়া ও তাদের ভালবাসার মেষপালকের যে জীবন, তা খোস খবরের মূল্যবান সত্যের কিছু দৃষ্টান্ত বহন করে থাকে। খ্রীষ্টকে মেষপালকের সহিত তুলনা করা হয়েছে। তিনি দেখেছিলেন যে তার মেষপাল পাপের অন্ধ-গলিতে ধ্বংস প্রাপ্ত হতে যাচ্ছে। এই পথভ্রষ্টদের বাঁচানোর জন্য তিনি তার পিতার বাড়ীর সম্মান ও মহত্ত্ব ত্যাগ করলেন। তিনি বলেন, "আমি হারাণ মেষের অন্বেষণ করিব, দূরীকৃতকে ফিরাইয়া আনিব, ভগ্নাঙ্গের ক্ষত বাঁধিব, ও পীড়িতকে সবল করিব" "আমি আপন মেষপালকে রক্ষা করিব, তাহারা আর লুটদ্রব্য হইবে না।" "বন্যপশুগণ তাহাদিগকে আর গ্রাস করিবে না।" যিহিষ্কেল

৩৪:১৬, ২২, ২৮। তাদের খোয়াড়ে ফিরে যাবার জন্য তার আহবানের শব্দ শোনা যাচ্ছে, “দিনমানে গ্রীষ্মনিবারক ছায়া দিবার জন্য, এবং ঝড় ও বৃষ্টির সময়ে আশ্রয় ও আচ্ছাদন স্থান হইবার জন্য” যে একটি তাঁবু আছে, সে তাঁবুতে যেন তারা ফিরে। যিশাইয় ৪:৬। তিনি দুর্বলকে শক্তিশালী করেন, দুঃখ ভোগকারীদের দুঃখ দূর করেন, মেষশাবকদের তার কোলে স্থান দেন, এবং বুকে করে তাদের বয়ে নিয়ে যান। তার মেষপাল তাকে ভালবাসে। “তাহারা কোন মতে অপর লোকের পশ্চা যাইবে না, বরং তাহার নিকট হইতে পলায়ন করিবে। যোহন ১০:১-১৫ পদ দেখুন। PPBeng 128.3

খ্রীষ্টের মন্ডলীকে তার রক্ত দ্বারা ক্রয় করা হয়েছে, এবং প্রত্যেক পুরোহিত (পালক) যে তার আত্মা দ্বারা অনুপ্রাণিত ও চালিত, তার আত্ম- ত্যাগের দৃষ্টান্ত অনুকরণ করিবে, সে তার অধীনস্থদের মঙ্গলের জন্য অনবরত পরিশ্রম করিবে, এবং মেষপাল তার যত্নের কারণে উন্নতি লাভ করিবে। ভাববাদী বলেছেন যে, “তাহাতে প্রধান পালক প্রকাশিত হইলে তোমরা অম্লান প্রতাপমুকুট পাইবে।” ১ পিতর ৫:৪। PPBeng 129.1

লাবনের জন্য পরিশ্রম করতে করতে ক্লান্ত যাকোব কনানে ফিরে যাবার প্রস্তাব উঠালেন। তিনি তার শ্বশুরকে বললেন, “আমাকে বিদায় করুন, আমি স্ব-স্থানে, নিজ দেশে, প্রস্থান করি; আমি যাহাদের জন্য আপনার দাস্যকর্ম করিয়াছি, আমার সেই স্ত্রীদিগকে ও সন্তানগণকে আমার হস্তে সমর্পণ করিয়া আমাকে যাইতে দিউন, কেননা আমি যেরূপ পরিশ্রমে আপনার দাস্যকর্ম করিয়াছি, তাহা আপনি জ্ঞাত আছেন।” কিন্তু লাবন তাকে এই বলে থাকার জন্য অনুরোধ করলেন, “আমি অনুভবে জানিলাম, তোমার অনুরোধে সদাপ্রভু আমাকে আশীর্বাদ করিলেন।” PPBeng 129.2

যাকোব বললেন, “আমার আসিবার পূর্বে আপনার অল্প সম্পত্তি ছিল, এখন বৃদ্ধি পাইয়া প্রচুর হইয়াছে।” কিন্তু যখন সময় কাটতে থাকল তখন লাবন যাকোবের “অতি বর্দ্ধিষ্ণু” হওয়ায় তার প্রতি ঈর্ষান্বিত হলেন। লাবনের ছেলেরাও তাদের পিতার ঈর্ষান্বিত হওয়ায় অংশ গ্রহণ করল এবং তাদের হিংসাত্মক আলোচনা লাবনের কাণে আসল। “যাকোব আমাদের পিতার সর্বস্ব হরণ করিয়াছে, আমাদের পিতার ধন হইতে তাহার এই সমস্ত ঐশ্বর্য্য হইয়াছে। আর যাকোব লাবনের মুখ দেখিলেন, আর দেখ, উহা আর তাঁহার প্রতি পূর্বকার মত নয়।” PPBeng 129.3

যদি না এষৌর সম্মুখাসম্মুখি হওয়ার ভয় থাকত তবে যাকোব অনেক আগেই তার এই ধূর্ত আত্মীয়ের নিকট হতে চলে যেতেন। এখন তিনি লাবনের ছেলেদের নিকট হতে বিপদের ভয় পেলেন, তারা তার ধন-সম্পদকে তাদের বলে মনে করছিল, এবং শক্তি প্রয়োগ করে তা দখল করার চেষ্টা করত পারে। তিনি অনেকটা হতবম্ভ ও দুঃখজনক অবস্থায় পড়লেন। কিন্তু বেথেলের প্রতিজ্ঞার কথা স্মরণ করে তিনি তার অবস্থা ঈশ্বরের নিকট তুলে ধরলেন। একটি

স্বপ্নের মাধ্যমে তার প্রার্থনার উত্তর পেলেনঃ "তুমি আপন পৈতৃক দেশে জ্ঞাতীদের নিকটে ফিরিয়া যাও, আমি তোমার সহবর্তী হইব।" PPBeng 129.4

মেষপাল ও পশুপাল দ্রুত একত্রিত করা হল ও আগে পাঠিয়ে দেয়া হল, এবং যাকোব তার স্ত্রীদের, সন্তানদের ও দাসদের সঙ্গে নিয়ে ইউফ্রেটিস নদী পার হয়ে কনানের সীমান্তবর্তী গিলিয়দে পৌছালেন । তিন দিন পরে লাবন তাদের অনুসন্ধানে চললেন, আর তাদের যাত্রার সপ্তমদিনে তাদের ধরে ফেললেন। তিনি ক্রোধে অন্ধ হয়ে গিয়েছিলেন এবং তাদের ফিরাতে বাধ্য করতে প্রতিজ্ঞাবদ্ধ ছিলেন। পলাতকরা আসলেই প্রচন্ড বিপদে পড়েছিলেন। PPBeng 129.5

ঈশ্বর নিজে তাঁর সন্তানের রক্ষার জন্য হস্তক্ষেপ করলেন। লাবন বললেন, "তোমাদের হিংসা করিতে আমার হস্ত সমর্থ; কিন্তু গত রাত্রিতে তোমাদের পৈতৃক ঈশ্বর আমাকে বলিলেন, "সাবধান, যাকোবকে ভাল মন্দ কিছুই বলিও না।" অর্থা সে যেন তাকে ফিরতে বাধ্য না করে অথবা নানা প্রলোভন দেখায়ে ও তোষামোদ করেও যেন তাকে না ফিরায় । PPBeng 130.1

লাবন তার মেয়েদের বিয়ের যৌতুক নিজের কাছে রেখে দিয়েছে এবং যাকোবের সাথে নানারূপ ছলচাতুরী করেছে ও কঠোর ব্যবহার করেছে, কিন্তু এখন সে গোপনে চলে আসার জন্য এবং পিতা হিসাবে একটি বড় ভোজের বন্দোবস্ত করার এমনকি তার মেয়েদেরে বিদায় জানানোর সুযোগ থেকে বঞ্চিত করার জন্য যাকোবকে দোষারোপ করল । PPBeng 130.2

উত্তরে যাকোব লাবনের স্বার্থপরতা ও সব কেড়ে নেয়ার নীতি তার সামনে তুলে ধরল এবং তার নিজ কাজের জন্য সাক্ষী হতে অনুরোধ জানাল । "আমার পৈতৃক ঈশ্বর, অব্রাহামের ঈশ্বর ও ইস্হাকের ভয়স্থান যদি আমার পক্ষে না হইতেন," যাকোব বলেন "তবে অবশ্য এখন তুমি আমাকে রিক্ত হস্তে বিদায় করিতে। ঈশ্বর আমার দুঃখ ও হস্তের পরিশ্রম দেখিয়াছেন, এই জন্য গত রাত্রিতে তোমাকে ধমকাইলেন । PPBeng 130.3

লাবন সত্য অস্বীকার করতে পারলেন না এবং এমন এক শান্তির চুক্তির প্রস্তাব আনলেন । যাকোব সম্মত হলেন এবং কতকগুলি পাথর নিয়ে একটি স্তম্ভ স্থাপন পূর্বক এই চুক্তির একটি প্রতীক স্থাপন করলেন। লাবন এই স্তম্ভের নাম দিলেন মিস্পা, "প্রহরি স্থান," এবং বললেন, "আমরা পরস্পর অদৃশ্য হইলে সদাপ্রভু আমার ও তোমার প্রহরী থাকিবেন।...আব্রাহামের ঈশ্বর, নাহোরের ঈশ্বর ও তাঁহাদের পিতার ঈশ্বর আমাদের মধ্যে বিচার করিবেন। তখন যাকোব আপনপিতা ইস্হাকের ভয়স্থানের দিব্য করিলেন।" PPBeng 130.4

এই চুক্তি দৃঢ় ভাবে প্রতিপন্ন করার জন্য উভয় দল একটি ভোজের আয়োজন করল। রাত বন্ধুত্বপূর্ণ আলাপ-আলোচনায় কেটে গেল; এবং ভোর বেলা লাবন ও তার দলবল চলে

গেলেন । এই বিদায়ই অব্রাহামের সন্তানদের ও মেসোপটেমিয়ার অধিবাসীদের মধ্যের সকল যোগাযোগের পরিসমাপ্তি । PPBeng 130.5

অধ্যায় ১৮—ভয়ঙ্কর রাত্রিতে যাকোবের মল্লযুদ্ধ

PPBeng 131

বিশ বৎসর আগে পলাতক হিসাবে যে রাস্তা দিয়ে যেতে হয়েছিল যাকোব অনেক চিন্তা ভাবনা মনে নিয়ে সেই রাস্তায়ই পুনরায় যাত্রা করলেন। তার পিতাকে প্রতারণা করার পাপ সব সময়ই তার মনে ছিল। তিনি জানতেন যে তার দীর্ঘ নির্বাসন ঐ পাপেরই প্রত্যক্ষ ফল। তিনি দিন রাত এই নিয়ে চিন্তাযুক্ত থাকতেন এবং তার অভিযোগকারী বিবেক তার যাত্রা অত্যন্ত দুঃখ ভারাক্রান্ত করে তুলল। যখন দূরে তার জন্মভূমির পর্বতমালা দেখা দিল। সমস্ত অতীত তার সামনে উজ্জ্বল হয়ে জেগে উঠল। পাপের স্মৃতির সাথে সাথে স্বর্গীয় সাহায্য ও নির্দেশনার প্রতিশ্রুতিও স্মরণে আসল। PPBeng 131.1

এষৌর চিন্তা দুশ্চিন্তা ও ভীতির সঞ্চার করল। এষৌ শুধুমাত্র যে প্রতিশোধের জন্যই হিংস্র হয়ে উঠবে তা নয়, কিন্তু যে সমস্ত ধন-সম্পদ সে এতকাল তার একার মনে করেছে, তার নির্ঝঞ্ঝাট অধিকার বহাল রাখার জন্যও সে তা করতে পারে। PPBeng 131.2

আবার সদাপ্রভু যাকোবকে স্বর্গীয় বাণী রক্ষার একটি চিহ্ন দিলেন; স্বর্গীয় দূতগণের দুটি বাহিনী তার দলের সাথে সাথে চলল, যেন তাদের রক্ষার জন্যই তারা এসেছে বলে মনে হল। অনেক বছর পূর্বের বেথেলের স্বপ্ন যাকোবের মনে পড়ল, এবং তার ভারাক্রান্ত মন কিছুটা লঘু হল। কনান হতে পালানোর সময় যে স্বর্গীয় বাণী বাহকরা তার কাছে আশার বাণী নিয়ে এসেছিলেন, তারাই তার ফেরৎ কালীন যাত্রার অভিভাবকত্ব করবেন। তিনি বললেন, “এ ঈশ্বরের সৈন্যদল।” PPBeng 131.3

তথাপি যাকোবের মনে হল যে নিজ নিরাপত্তার জন্য কিছু করা প্রয়োজন। সুতরাং তিনি মিলনাত্মক প্রণাম দিয়ে এষৌর নিকট দূত পাঠালেন। দাসদের “আমার মনিব এষৌর” কাছে পাঠানো হল। তারা তাদের প্রভুকে “আপনার দাস যাকোব” রূপে বর্ণনা করবো। আর তিনি যে তার উত্তরাধিকার দাবী করতে আসছেন না, এই ভয় দূর করার জন্য তিনি সতর্কতার সাথে তার বার্তায় উল্লেখ করলেন, “আমার গরু, গর্দভ, মেষপাল ও দাসদাসী আছে।” PPBeng 131.4

কিন্তু এই বন্ধুত্বপূর্ণ বর্তার কোনই উত্তর আসল না। এটা নিশ্চিত মনে হল যে এষৌ প্রতিশোধ নিতেই আসছেন। তাঁবুতে সকলেই ভীত হয়ে পড়ল। “তখন যাকোব অতিশয় ভীত ও উদ্বিগ্ন হইলেন।” তার দল ছিল অস্ত্রহীন ও অরক্ষিত, আর কোন আক্রমণাত্মক মোকাবেলার জন্য মোটেও প্রস্তুত ছিল না। তিনি বন্ধু ভাবাপন্ন সংবাদসহ এষৌর কাছে তার অসংখ্য পশুপাল হতে উদার দান পাঠালেন। তিনি তার ভাই'র প্রতি যে অন্যায় করেছিলেন তা সংশোধনের জন্য তার ক্ষমতায় যা কিছু করা সম্ভব সবই করলেন যেন এই ভীতিকর বিপদ কাটিয়ে উঠা সম্ভব হয়। তারপর তিনি স্বর্গীয় সাহায্য রক্ষার জন্য অনুরোধ জানালেন:

"তুমি এই দাসের প্রতি যে সমস্ত দয়া ও যে সমস্ত সত্যাচরণ করিয়াছ, আমি তাহার কিছুরই যোগ্য নই।...অনুরোধ করি, আমার ভাইয়ের হাত হইতে, এষৌর হাত হইতে আমাকে রক্ষা কর, কেননা আমি তাহাকে ভয় করি, পাছে সে আসিয়া আমাকে ছেলেদের সহিত মাতাকে হত্যা করে।" PPBeng 132.1

যাকোব সারা রাত একাকী ঈশ্বরের সাথে প্রার্থনায় কাটিয়ে দিতে সিদ্ধান্ত করলেন। ঈশ্বর এষৌর মন নরম করতে পারেন। তার উপরই কূলপতির একমাত্র ভরসা ছিল । PPBeng 132.2

একজন দূত যাকোবের সঙ্গে মল্লযুদ্ধ করেন

PPBeng 132

এটি ছিল একটি নির্জন পার্বত্য অঞ্চল, যেখানে বন্য প্রাণী, দস্যু ও হত্যাকারীরা শিকার করত। অরক্ষিত অবস্থায়, গভীর হতাশায় যাকোব ভূমিতে নতজানু করলেন। তখন মধ্য রাত্রি। যা কিছু তার জীবনে প্রিয় ছিল সমস্তই বিপদ ও মৃত্যুর মুখামুখী। তার নিজের পাপের জন্যই যে নির্দোষদের উপর এই বিপদ এসেছে এই চিন্তা খুবই তিক্ত ছিল। PPBeng 132.3

সহসা তার উপর একটি শক্তিশালী হাতের স্পর্শ পড়ল । তিনি ভাবলেন যে কোন শত্রু তার প্রাণ নিতে এসেছে। অন্ধকারের মধ্যে উভয়ে একে ওপরের উপর জয়লাভ করার জন্য প্রচেষ্টা চালালেন। কোন বাক্যই উচ্চারণ করা হল না, কিন্তু যাকোব তার সমস্ত শক্তি নিয়োগ করলেন এবং এক মুহূর্তের জন্যও তার প্রচেষ্টার শিথিল করলেন না। যখন জীবন রক্ষার জন্য সংগ্রাম করছিলেন, তার পাপ তার আত্মার উপর ভারী চাপ সৃষ্টি করল; তার পাপ তাকে ঈশ্বরের নিকট হতে পৃথক করতে উদ্যত হলো । PPBeng 132.4

কিন্তু তার এই চরম দুর্দশার মুহূর্তে তিনি ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি স্মরণ করলেন । দ্বন্দ্ব দিন শুরুর মুহূর্ত পর্যন্ত চলতে থাকল, আর তখন আগন্তুক তার আঙ্গুল যাকোবের উরুতে স্থাপন করলেন, তৎক্ষণাৎ তিনি খোড়াতে পরিণত হলেন । তখন গোত্রপতি বুঝতে পারলেন যে তিনি একজন স্বর্গীয় দূতের সহিত যুদ্ধ করছিলেন। এই জন্যই তার প্রায় অতিমানবিক প্রচেষ্টা তাকে বিজয় দান করেনি। ইনি ছিলেন খ্রীষ্ট, "চুক্তির দূত"। যাকোব এখন বিকলাঙ্গ হয়ে গিয়েছেন এবং প্রচন্ড ব্যথা অনুভব করছেন, কিন্তু তিনি তার আলিঙ্গন শিথিল করলেন না। অনুতপ্ত ও ভগ্ন হৃদয়ে, তিনি দূতকে জড়িয়ে ধরে রইলেন: "তিনি কাঁদলেন ও অনুরোধ জানালেন," এবং আশীর্বাদের জন্য অনুরোধ করলেন। তাকে নিশ্চিন্ত হতে হবে যে তার পাপ ক্ষমা করা হয়েছে। দূত অনুনয় করলেন, "আমাকে ছাড়, কেননা প্রভাত হইল"; কিন্তু যাকোব বললেন, "আপনি আমাকে আশীর্বাদ না করিলে আপনাকে ছাড়িব না।" তার নিশ্চয়তা ছিল এমন একজনের নিশ্চয়তা যে তার অযোগ্যতা স্বীকার করে এবং চুক্তিরক্ষাকারী ঈশ্বরের বিশ্বস্ততায় বিশ্বাস রাখে। PPBeng 133.1

যাকোব "দূতের সহিত যুদ্ধ করিয়া বিজয়ী হইয়াছিল।" হোশেয় ১২ঃ৪। এই পাপী, ভ্রান্তকারী মনুষ্য স্বর্গীয় মহিমার উপর জয়লাভ করেছিল। সে তার কম্পিত হাতে ঈশ্বরের প্রতিজ্ঞা জড়িয়ে ধরেছিল, এবং অসীম প্রেমময়ের হৃদয় পাপের আবেদনকে অবহেলা করতে পারে নি। PPBeng 133.2

যাকোবের নাম "ইস্রায়েল" দেয়া হয়

PPBeng 133

প্রতারণার মাধ্যমে জ্যেষ্ঠাধিকার দখল করায় যে পাপ যাকোব করেছিলেন তা এখন তার সামনে পরিষ্কার ভাবে তুলে ধরা হল। তিনি ঈশ্বরের প্রতিজ্ঞায় বিশ্বাস না রেখে নিজের চেষ্টায় তা লাভ করতে চেয়েছেন যা ঈশ্বর তার নিজ সময় ও উপায়ে বাস্তবায়িত করতেন। তার পাপ যে ক্ষমা করা হয়েছে তার সাক্ষীরূপে তার নাম এমন কিছু দেয়া হল যা তার বিজয়কে স্মরণ করায়। দূত বললেন, "তুমি যাকোব নামে আর আখ্যাত হইবে না, কিন্তু ইস্রায়েল (ঈশ্বরের সহিত যুদ্ধকারী) নামে আখ্যাত হইবে; কেননা তুমি ঈশ্বরের ও মনুষ্যদের সহিত যুদ্ধ করিয়া জয়ী হইয়াছ।" PPBeng 133.3

তার জীবনের সঙ্কটকাল অতীত হয়ে গেছে। সন্দেহ, হতবম্ভতা, এবং অনুতাপ তার জীবনকে তিক্ত করে তুলেছিল, কিন্তু এখন সমস্ত কিছুই বদলে গেল। ঈশ্বরের সাথে আপোষ করায় যে অত্যন্ত মধুর। যাকোব এখন তার ভাই এর সাথে সাক্ষা করতে ভীত নয়। ঈশ্বর এষৌর হৃদয় নরম করতে পারবেন এবং এষৌ তার অনুতাপ ও অবনতি গ্রহণ করতেও পারে। PPBeng 133.4

যখন যাকোব দূতের সহিত কুস্তি করছিলেন, আর একজন স্বর্গীয় দূত এষৌর নিকট প্রেরণ করা হয়েছিল। বিশ বৎসর যাবৎ নির্বাসিত তার ভাইকে সে স্বপ্নে দেখতে পেল; সে দেখতে পেল মায়ের মৃত্যুতে ভাই'র দুঃখ; সে দেখতে পেল তার ভাই ঈশ্বরের সৈন্য দ্বারা বেষ্টিত। তার পিতার ঈশ্বর তার সাথে ছিলেন। PPBeng 134.1

দুই দল পরস্পরের দিকে এগিয়ে এল, মরুভূমির সর্দার তার সৈন্য সামন্ত নিয়ে, আর যাকোব তার স্ত্রীদের ও সন্তানদেরসহ, আর তার পেছনে মেষপাল ও পশুর লম্বা লাইনসহ। অধুনা যে দ্বন্দ্ব হয়েছিল তার জন্য বিমর্ষ ও খোঁড়া গোত্রপতি লাঠির উপর ভর করে সামনে এগুলেন। তিনি কষ্টে ধীরে ধীরে হাটছিলেন, কিন্তু তার চেহারা ছিল আনন্দ ও শান্তিতে উজ্জ্বল। PPBeng 134.2

কষ্টে পতিত খোঁড়াকে দেখে, "এষৌ তাঁহার সহিত দেখা করিতে দৌড়াইয়া আসিয়া তাহার গলা ধরিয়া সাক্ষাৎ ও চুম্বন করিলেন, এবং উভয়েই রোদন করিলেন।" এমনকি এষৌর কঠিন সৈন্যদের মনও গলে গিয়েছিল। তারা তাদের দলপতির উপর যে পরিবর্তন এসেছিল তার কারণ বুঝতে পারল না। PPBeng 134.3

মানসিক যাতনার রাতে যাকোবকে শিক্ষা দেয়া হল যে মানুষের সাহায্য কতই বৃথা আর মানুষের শক্তির উপর আস্থা রাখা কতই না ভিত্তিহীন । সহায়হীন ও অযোগ্য, তিনি পাপের প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞার অনুগ্রহের অনুরোধ জানালেন। ঐ প্রতিজ্ঞাই ছিল তার নিশ্চয়তা যে ঈশ্বর তাকে ক্ষমা করবেন ও গ্রহণ করবেন। PPBeng 134.4

"যাকোবের কষ্টের সময়ের" পরবর্তী কাল

PPBeng 134

যীশু খ্রীষ্টের আগমনের পূর্বে ঈশ্বরের লোকেরা যে পরীক্ষার মধ্য দিয়ে যাবে যাকোবের কুস্তি ও যাতনার রাতের অভিজ্ঞতা তারই দৃষ্টান্ত । PPBeng 134.5

"আমরা ভয়ের, কম্পনের শব্দ শুনিয়াছি, শান্তির নয় ।...হায়! সেই দিন মহৎ, তাহার তুল্য দিন আর নাই; এ যাকোবের সঙ্কটকাল, কিন্তু ইহা হইতে সে নিস্তার পাইবে।" যিরমিয় ৩০ঃ৫-৭। PPBeng 134.6

যখন খ্রীষ্ট মানুষের পক্ষে তার মধ্যস্থতার কাজ শেষ করবেন, তখন এই সঙ্কটের সময় শুরু হবে। তখন প্রত্যেক আত্মার মামলার রায় প্রদান করা হয়ে যাবে, এবং পাপ হতে পরিষ্কার করার জন্য আর কোন প্রায়শ্চিত্তের রক্ত অবশিষ্ট থাকবে না । গম্ভীর স্বরে ঘোষিত হবে, "যে অধর্মাচারী, সে ইহার পরেও অধর্মাচরণ করুক; এবং যে কলুষিত, সে ইহার পরেও কলুষিত হউক; এবং যে ধার্মিক, সে ইহার পরেও ধর্মাচরণ করুক; এবং যে পবিত্র, সে ইহার পরেও পবিত্রীকৃত হউক।" প্রকাশিত বাক্য ২২:১১। যে ভাবে যাকোবের ক্রুদ্ধ ভ্রাতা তাকে হত্যা করার ভয় দেখিয়েছিল, সেই ভাবে দুষ্ট লোকেরা ঈশ্বরের লোকদিগকে বিপদে ফেলবে। ধার্মিকগণ মুক্তির জন্য দিবারাত্র ঈশ্বরের কাছে রোদন করবে । PPBeng 135.1

শয়তান ঈশ্বরের দূতগণের সামনে যাকোবকে অভিযুক্ত করেছিল, এবং তার পাপের জন্য তাকে ধ্বংস করার অধিকার দাবী করছিল; সে চেষ্টা করছিল যেন যাকোবের মনের উপর পাপের অনুভূতির বোঝা চাপিয়ে তাকে নিরুৎসাহিত করে এবং ঈশ্বরের উপর তার নির্ভরশীলতাকে নষ্ট করে দেয়। যখন যাকোব চোখের জলে তার অনুরোধ পেশ করছিলেন, তখন তার বিশ্বাসের পরীক্ষার জন্য, স্বর্গীয় মহান দূত তাকে তার পাপের কথা স্মরণ করিয়ে দিচ্ছিলেন, এবং তার কাছ থেকে সরে যেতে চাচ্ছিলেন। কিন্তু যাকোব শিক্ষা করেছিলেন যে ঈশ্বর দয়ালু। যখন তিনি তার জীবন পর্যালোচনা করছিলেন, তিনি প্রায় নিরাশ হয়ে পড়ছিলেন, কিন্তু তিনি দূতকে জড়িয়ে ধরে ছিলেন, এবং খুব আন্তরিকতা ও যাতনা সহকারে তার অনুরোধ পেশ করে চলছিলেন যতক্ষণ পর্য্যন্ত না তিনি বিজয় লাভ করলেন । PPBeng 135.2

অন্তিম লড়াই

PPBeng 135

মন্দ ক্ষমতার সহিত যুদ্ধে ঈশ্বরের লোকদের অভিজ্ঞতা একই হবে। ঈশ্বর তাদের বিশ্বাস, তাদের একাগ্রতা, তার ক্ষমতার উপর তাদের আস্থার পরীক্ষা করবেন। শয়তান চেষ্টা করবে তাদের এই মনে করিয়ে ভয় দেখাতে যে তাদের পাপ এত প্রচন্ড ও প্রচুর যে ক্ষমা পাওয়া সম্ভব নয়। তারা যখন তাদের জীবন পর্যালোচনা করবে তখন তাদের মনে ভরসা রাখা সম্ভব হবে না। কিন্তু ঈশ্বরের আশীর্বাদ ও তাদের অনুতাপের ঐকান্তিকতা স্মরণ করে, তারা তার প্রতিজ্ঞা পূরণের অনুরোধ জানাবে। তাদের প্রার্থনার তাৎক্ষণিক উত্তর না পেলেও তাদের বিশ্বাস নষ্ট হবে না। তাদের আত্মার ভাষা হবে, "আপনি আমাকে আশীর্বাদ না করিলে আপনাকে ছাড়িব না।" PPBeng 135.3

যদি যাকোব প্রতারণার মাধ্যমে জ্যেষ্ঠাধিকার নিয়ে নেয়ার জন্য আগে থেকে অনুতাপ না করতেন, ঈশ্বর তা হলে তার অনুগ্রহের মাধ্যমে তার জীবন রক্ষা করতে পারতেন না। তদ্রূপ উৎপীড়নের সময়, যদি ঈশ্বরের লোকদের কোন গোপন ও অস্বীকৃত পাপ থাকে যা ভয় ও যাতনায় ক্লিষ্ট হওয়ার মুহূর্তে তাদের মনে ভেসে উঠে, তা হলে তাদের মনের নৈরাশ্য তাদের বিশ্বাস নষ্ট করে দেবে এবং ফলে তাদের আত্ম-বিকাশের অভাবে তারা তাদের মুক্তির জন্য ঈশ্বরের নিকট অনুরোধ জানাতে পারবে না। কিন্তু যদি তাদের মধ্যে কোন গোপন অন্যায় প্রকাশিত হওয়ার অপেক্ষায় না থাকে, তাদের পাপ খ্রীষ্টের প্রায়শ্চিত্তের রক্তে ধূয়ে পরিষ্কার হয়ে যাবে এবং আর তারা তা স্মরণে আনতে পারবে না। যারা তাদের পাপ নানা অযুহাতে গোপন রাখে আর স্বর্গের খাতায় তা স্বীকারবিহীন ও ক্ষমাবিহীন রেখে দেয়, শয়তান তাদের উপর জয়লাভ করবে। যাদের পেশা যত উচ্চ ও যাদের পদ যত সম্মানিত মহাশত্রু তাদের উপর জয়লাভ করার সম্ভাবনা তত বেশী। PPBeng 136.1

যাকোবের ইতিহাস নিশ্চিত ভাবে প্রমাণ করে যে যারা প্রতারণার মাধ্যমে পাপে পতিত হয়েছে, কিন্তু সত্যিকার অনুতাপ সহকারে ঈশ্বরের নিকট ফিরে এসেছে, ঈশ্বর তাদের দূরে ঠেলে দেবেন না। ঈশ্বর তার সন্তানকে শিক্ষা দিয়েছিলেন যে শুধুমাত্র স্বর্গীয় অনুগ্রহ তাকে সেই আশীর্বাদ দিতে পারে যা তিনি কামনা করছেন। শেষকালে যারা বাস করবেন তাদের বেলায়ও একই জিনিস হবে। আমাদের সকল অসহায় অযোগ্যতায় আমরা ক্রুশে নিহত ও পুনরায় জীবনপ্রাপ্ত মুক্তিদাতার উপর বিশ্বাস ন্যাস্ত করব। যারা এটা করবে তারা কেউই ধ্বংস প্রাপ্ত হবে না। PPBeng 136.2

যাকোবের অভিজ্ঞতা কাকূতি মিনতিপূর্ণ প্রার্থনার ক্ষমতার সাক্ষী বহন করে। এখনই আমাদের দৃঢ় বিশ্বাস সম্বন্ধে শিক্ষা গ্রহণ প্রয়োজন। মহা-বিজয় সেগুলি নয় যেগুলি প্রতিভা, শিক্ষা, ঐশ্বর্য্য অথবা মানুষের অনুগ্রহ লাভ করা হয় তখন যখন ঈশ্বর অকৃত্রিম ও যাতনাক্লিষ্ট বিশ্বাস ঈশ্বরের দরবারের ক্ষমতার হাতকে আঁকড়ে ধরে। যারা যাকোবের মত ঈশ্বরের প্রতিজ্ঞাকে আঁকড়ে ধরে, এবং যারা তার মত আন্তরিক ও অধ্যবসায়ী, তারাই যাকোবের মত কৃতকার্য্য হবে। PPBeng 136.3

অধ্যায় ১৯—যাকোব গৃহে প্রত্যাবর্তন করেন

PPBeng 137

যাকোব যর্দ্দন নদী পার হয়ে, “নিরাপদে কনান দেশের শিখিমের নগরে উপস্থিত হইয়া,...তাঁবু স্থাপন করিলেন।” এখানে “শিখিমের পিতা যে হমোর, তাহার সন্তানদিগকে একশত কসীতা (মুদ্রা) দিয়া তিনি আপন তাঁবু স্থাপনের জন্য ভূমি খন্ড ক্রয় করিলেন; এবং সেখানে একটি বেদী তৈয়ার” করিলেন। এখানেই তিনি সেই কূপ খনন করেন, যেখানে সতের শত বৎসর পরে যাকোবের সন্তান ও ত্রাণকর্তা এসেছিলেন, এবং এই কূপের পারেই দুপুরের উত্তাপ হতে বিশ্রাম নেবার সময় তিনি ভ্রমণরত শ্রোতাদের এমন এক জলের উনুইয়ের কথা বলেছিলেন যে “জলের উনুই...অনন্ত জীবন পর্য্যন্ত উথলিয়া উঠিবে।” যোহন ৪:১৪ । PPBeng 137.1

যাকোব ও তার ছেলেদের শিখিমে বাস করা এক রক্তপাতের মাধ্যমে শেষ হয়। ঘরের একটি মেয়ের সম্মান নষ্ট হওয়ার পর সে দুঃখে পতিত হয়; দুই ভাই হত্যার দোষে দোষী হয়; একটি বেপরোয়া যুবকের বেআইনী কাজের প্রতিশোধ নেবার জন্য একটি শহরকে ধ্বংস করা হয় ও অগণিত লোককে হত্যা করা হয়। যে কাজের জন্য এ ধরণের ভয়ঙ্কর পরিণতি সাধিত হয় তা ছিল যাকোবের মেয়ের পৌত্তলিকদের সহিত বন্ধুত্ব স্থাপনের প্রয়াসের ফল । যারা ঈশ্বরকে ভয় করে না তাদের মধ্যে যারা আনন্দের অনুসন্ধান করে তারা প্রলোভনকে আহবান করে থাকেন । PPBeng 137.2

শিখিমীয়দের প্রতি শিমিয়োন ও লেবির বিশ্বাসঘাতকতাপূর্ণ নিষ্ঠুর আচরণ একটি গুরুতর অপরাধ ছিল। তাদের প্রতিশোধ গ্রহণের সংবাদ যাকোবকে অত্যন্ত ভীত করে তুলল। ছেলেদের প্রতারণা ও নিষ্ঠুরতায় পতিত হয়ে তিনি তাদের বললেন, “তোমরা এই দেশ নিবাসী কনানীয় ও পরিষীয়দের নিকটে আমাকে দুর্গন্ধস্বরূপ করিয়া ব্যাকুল করিলে; আমার লোক অল্প, তাহারা আমার বিরুদ্ধে একত্র হইয়া আমাকে আঘাত করিবে; আর আমি সপরিবারে বিনষ্ট হইব ।” PPBeng 137.3

যাকোব অনুভব করলেন যে গভীরভাবে অপমানিত হওয়ার কারণ রয়েছে। নিষ্ঠুরতা ও মিথ্যা তার ছেলেদের চরিত্রে রয়েছে। মিথ্যা দেবতা ও পৌত্তলিকতা অনেকাংশেই তার ঘরে স্থান করেছে। PPBeng 138.1

যখন যাকোব এই ভাবে দুঃখ ভরাক্রান্ত হয়ে পড়েছিলেন, ঈশ্বর তখন তাকে দক্ষিণ দিকে যাত্রা করে বেথেলে যেতে নির্দেশ দিলেন। ঐ স্থানের চিন্তা গোত্রপতিকে যে শুধু দূতগণ দর্শন ও ঈশ্বরের প্রতিজ্ঞার কথা স্মরণ করিয়ে দিল তা নয় । কিন্তু তিনি যে শপথ করেছিলেন যে ঈশ্বরই তার সদাপ্রভু হবেন তাও স্মরণ করিয়ে দিল। ঐ স্থানে যাবার পূর্বে যেন তার গৃহ পৌত্তলিকতার প্রভাব মুক্ত হয় সে সম্বন্ধে দৃঢ় সিদ্ধান্ত নেয়ার পর, তিনি

সকলকে নির্দেশ দিলেন, "তোমাদের কাছে যে সকল ইতর দেবতা আছে, তাহাদিগকে দূর কর, এবং পবিত্র হও, ও অন্য পোষাক পর। আর আইস, আমরা উঠিয়া বেথেলে যাই; যে ঈশ্বর আমার সঙ্কটের দিনে আমাকে প্রার্থনার উত্তর দিয়াছিলেন, এবং আমার যাত্রাপথে সহবর্তী ছিলেন, তাঁহার উদ্দেশে আমি সেই স্থানে এক যজ্ঞবেদী নির্মাণ করিব । PPBeng 138.2

যাকোব তার পূর্বের বেথেলের অভিজ্ঞতা বর্ণনা করেন

PPBeng 138

বেথেলে তার প্রথম আগমন ও কি ভাবে রাতে স্বপ্নের মধ্যে ঈশ্বর তার কাছে উপস্থিত হয়েছিলেন, সে সব কাহিনী গভীর আবেগের সহিত যাকোব পুনরাবৃত্তি করলেন। তার নিজের হৃদয় নরম হয়ে আসল; তার সন্তানেরাও এক পরাভুতকারী শক্তির স্পর্শ অনুভব করল। বেথেলে উপস্থিত হয়ে ঈশ্বরের প্রার্থনায় যোগ দেবার জন্য একটি কার্য্যকর পদ্ধতি ব্যবহারের মাধ্যমে তিনি তাদের প্রস্তুত করলেন। "তাহাতে তাহারা নিজেদের হস্তগত ইতর দেবতা ও কর্ণকুন্ডল সকল যাকোবকে দিল, এবং তিনি ঐ সকল শিখিমের নিকটবর্তী এলা বৃক্ষের তলে পুঁতিয়া রাখিলেন।" PPBeng 138.3

ঈশ্বর ঐ দেশের অধিবাসীদের মনে এক ভয় ঢুকিয়ে দিলেন, তাতে তারা শিখিমের হত্যার কোন প্রতিশোধই নেবার চেষ্টা নিল না। ভ্রমণকারীরা অক্ষত অবস্থায় বেথেল পৌঁছালেন। আবার এখানে ঈশ্বর যাকোবের সামনে উপস্থিত হয়ে তার সহিত তার চুক্তিকৃত প্রতিজ্ঞা নবায়ন করলেন। PPBeng 138.4

বেথেল হতে হিব্রোনের দূরত্ব ছিল মাত্র দু'দিনের পথ, কিন্তু রাহেলের মৃত্যুতে যাকোব অত্যন্ত দুঃখ পেলেন। তার জন্য তাকে দু'বার সাত বসর করে চৌদ্দ বসর শ্রম দিতে হয়েছিল । ঐ প্রেম অনেক গভীর ও স্থায়ী ছিল। PPBeng 138.5

মৃত্যুর পূর্বে রাহেল তার দ্বিতীয় ছেলের জন্ম দিয়েছিল। তার শেষ নিঃশ্বাস ত্যাগ করার সময় সে ছেলেটির নাম রেখেছিল বিনোনী, "আমার কষ্টের পুত্র" । কিন্তু তার পিতা তার নাম দিলেন বিন্যামীন, "দক্ষিণ হস্তের পুত্র" অথবা "আমার শক্তি" । PPBeng 139.1

অবশেষে যাকোব তার যাত্রা শেষ করলেন। "হিব্রোনের নিকটবর্তী মমি নামক যে স্থানে...ইস্‌হাক প্রবাস করিয়াছিলেন, সেই স্থানে যাকোব আপন পিতা ইস্‌হাকের নিকটে পৌঁছিলেন।" এখানে তিনি পিতার শেষ দিনগুলিতে তার সাথে থাকলেন। তার দীর্ঘ দিন অনুপস্থিত ছেলের যত্ন ও মনোযোগ অচল ও অন্ধ ইস্‌হাকের একাকীত্ব ও বিরহকে কিছুটা লাঘব করল । PPBeng 139.2

তাদের পিতার মৃত্যু শয্যায় যাকোব ও এষৌ পরস্পর সাক্ষাৎ করলেন। বড় ভাইয়ের মনোভাব অনেক পরিবর্তীত হয়ে গিয়েছিল। যাকোব জ্যেষ্ঠাধিকারের স্বর্গীয় আশীর্বাদেই

তৃপ্ত ছিলেন, এবং এষৌ একমাত্র যে উত্তরাধিকারকে চাইত ও মূল্য দিত তাদের পিতার সমস্ত সম্পত্তি, ইস্‌হাক বড় ভাইকে দিয়ে দিলেন। আর শত্রু নয়, দুই ভাই একে অন্যের কাছ থেকে বিদায় নিলেন, এবং এষৌ সেয়ীর পর্বতে চলে গেলেন। যাকোব যে সমস্ত উত্তম জিনিস চেয়েছিলেন ঈশ্বর যিনি অনুগ্রহের আঁকর তাকে তা দিলেন এবং উপরন্তু পৃথিবীর ঐশ্বর্য্যও দিয়েছিলেন। ইস্‌হাকের প্রতি ঈশ্বরের যে লক্ষ্য ছিল সেই লক্ষ্য অনুসারেই দুই ভাই পৃথক হয়ে গেলেন। যেহেতু দুই ভাই ধর্মীয় বিশ্বাসে অনেক পার্থক্য রাখতেন, এই জন্য তাদের পৃথক পৃথক বাস করাই ঠিক ছিল। PPBeng 139.3

এষৌ ও যাকোব উভয়ই ঈশ্বরের আদেশ মেনে চলতে ও তার অনুগ্রহ লাভ করতে পারতেন। কিন্তু দুই ভাই দুই পথে চলেছিলেন এবং তাদের পথ আরো অধিক ভিন্ন মুখী হতে থাকবে। PPBeng 139.4

ঈশ্বর এমন কোন স্বেচ্ছাচারী মনোনয়ন করেন নি যাতে করে এষৌকে পরিত্রাণের আশীর্বাদ হতে দূরে রাখা হয়েছিল। নিজস্ব মনোনয়ন ছাড়া অন্য কোন মনোনয়ন দ্বারা কেউ ধ্বংস হতে যাচ্ছে না। ঈশ্বর তার বাক্যে সেই সকল শর্ত নিরুপণ করে দিয়েছেন যা দ্বারা প্রত্যেক আত্মা সর্বসময়ের জন্য অনন্ত জীবন মনোনীত করতে পারে....আর সে শর্ত হল খ্রীষ্টে বিশ্বাসের মাধ্যমে তার আজ্ঞাসমূহের প্রতি বাধ্য থাকা। ঈশ্বর তার আজ্ঞার সহিত মিল রেখে একটি চরিত্র মনোনীত করেছেন, আর যে কেহ তার চাহিদার মান পর্য্যন্ত পৌছায় সে সেই মহিমাময় রাজ্যে প্রবেশ করতে পারে। মানুষের শেষ পরিত্রাণ সম্বন্ধেও বলা চলে যে ঈশ্বরের বাক্যের মাধ্যমে ঐটিই হলো একমাত্র মনোনয়ন পদ্ধতি। PPBeng 139.5

প্রত্যেক আত্মাকেই মনোনীত করা হয়েছে যেন সে ধর্ম পরিধান করে বিশ্বাসের যুদ্ধ করবে এবং ভয় ও কম্পনের মাধ্যমে নিজ পরিত্রাণ পাবার জন্য কাজ করবে। তাকে মনোনীত করা হয়েছে যেন সে প্রার্থনা ও ধ্যানে সতর্ক থাকে, ঈশ্বরের বাক্য অনুসন্ধান করে, প্রলোভন হতে দূরে থাকে, সর্বদা বিশ্বাসে স্থির রাখে, এবং সম্পূর্ণ ভাবে ঈশ্বরের মুখনিসৃত বাক্যের প্রতি বাধ্য থাকে। পরিত্রাণের বন্দোবস্ত সকলেই বিনামূল্যে গ্রহণ করতে পারে; কিন্তু এর ফল তারাই ভোগ করবে যারা এর শর্ত মেনে চলেছে। PPBeng 140.1

এষৌ চুক্তির মাধ্যমে প্রাপ্ত অনুগ্রহকে ঘৃণা করেছে। তার নিজস্ব স্বাধীন ইচ্ছায়ই সে ঈশ্বরের লোক থেকে পৃথক হয়ে পড়ে। যাকোব বিশ্বাসের মাধ্যমে প্রাপ্ত উত্তরাধিকার মনোনীত করেন। তিনি কৌশল, বিশ্বাস ঘাতকতা ও মিথ্যার আশ্রয় নিয়েও এটা লাভ করতে চেয়েছেন; কিন্তু ঈশ্বর তার পাপ নিজে থেকে সংশোধনের সুযোগ দিয়েছেন। যাকোব কখনো তার লক্ষ্য ভ্রষ্ট হন নি অথবা তার মনোনয়ন পরিত্যাগ করেন নি। সেই রাতের কুস্তির পরে যাকোব একজন ভিন্ন ব্যক্তিতে পরিণত হন। আত্ম-বিশ্বাস উপড়ে ফেলা হয়েছিল। তখন হতে তার জীবন চাতুর্য্য ও ছলনার পরিবর্তে সরলতা ও সত্যবাদীতা দ্বারা পরিচালিত ছিল। চরিত্রের নীচ বৃত্তিসমূহ অগ্নি দ্বারা ভস্মীভূত হয়ে ধ্বংস হয়ে যায়; খাঁটি সোনাকে

ততক্ষণ পরিষ্কার করা হতে থাকে যতক্ষণ অব্রাহাম ও ইস্‌হাকের বিশ্বাস যাকোবের মধ্যেও পূর্ণরূপে উজ্জ্বল হয়ে উঠে। PPBeng 140.2

যাকোবের পাপ এবং এর পরবর্তী ঘটনা চক্রের তিক্ত ফল তার ছেলেদের চরিত্রে প্রকাশ পায়। সন্তানদের মধ্যে প্রচুর ত্রুটি দেখা দেয়। বহু বিবাহের ফল গৃহে বিদ্যমান ছিল । এই ভয়ংকর মন্দ জিনিসটি প্রেমের উনুইকে শুষ্ক করে ফেলে, আর এর প্রভাব সবচেয়ে পবিত্র বন্ধনকে দুর্বল করে দেয়। মায়েদের পারস্পরিক হিংসা পারিবারিক সম্পর্কের মধ্যে তিক্ততার সৃষ্টি করেছিল; আর সন্তানেরা কলহপ্রিয় ও আত্ম-নিয়ন্ত্রণে অধৈর্য্য হয়ে উঠেছিল। আর পিতার জীবন দুশ্চিন্তা ও দুঃখ দ্বারা অন্ধকারাচ্ছন্ন ছিল। PPBeng 140.3

কিন্তু সন্তানদের মধ্যে একজন ছিল যার চরিত্র অন্য সকলের চরিত্র থেকে সম্পূর্ণ ভিন্ন, সে ছিল রাহেলের বড় ছেলে, যোষেফ, যার ব্যক্তিত্বের সৌন্দর্য্য তার অভ্যন্তরীণ মনের ও দিনের সৌন্দর্য্যের প্রতিফলন ছিল। পবিত্র, কর্মঠ, এবং আনন্দিত ছেলেটি নৈতিক একাগ্রতা ও দৃঢ়তার প্রমাণ দিত। সে তার পিতার উপদেশ শুনত এবং ঈশ্বরের বাধ্য থাকতে ভালবাসত । পরবর্তীকালে মিসরে যে সকল চারিত্রিক গুণ তাকে সম্মানিত করেছিল- নম্রতা, বাধ্যতা ও সত্যবাদীতা- তার সবই প্রথম থেকেই তার চরিত্রে প্রকাশ পাচ্ছিল। যেহেতু তার মা মারা গিয়েছিলেন তাই তার আকর্ষণ তার পিতার প্রতি অত্যধিক ছিল । তার বৃদ্ধ বয়সের এই সন্তানের প্রতি যাকোবের ভালবাসা প্রবল ছিল। তিনি "সকল পুত্র অপেক্ষা তাহাকে অধিক ভালবাসিতেন। PPBeng 140.4

কিন্তু তার স্নেহ সমস্যা ও দুঃখের কারণ হল। যাকোব নির্বোধের মত যোষেফের প্রতি অধিক স্নেহ প্রকাশ করতেন, ফলে অন্যান্য ছেলেদের মনে ঈর্ষা সৃষ্টি হল। যোষেফ খুব শান্ত ভাবে তাদের সহিত প্রতিবাদ করতে চেষ্টা করতেন কিন্তু তাতে তাদের ঘৃণা ও মনোকষ্ট আরও প্রবল হত। তিনি ঈশ্বরের বিরুদ্ধে তাদের পাপের কাজ সহ্য করতে পারতেন না, তাই তার পিতার নিকট তুলে ধরতেন। PPBeng 141.1

গভীর আবেগের সহিত যাকোব তাদের অনুযোগ করতেন যেন তারা তার দুর্ণামের কারণ না হয়, আর সর্বোপরি ঈশ্বরের ব্যবস্থার অবমাননা করে তার প্রতি অসম্মান প্রদর্শন না করে। তাদের দুষ্টামী ধরা পড়ায় তারা অপমানিত বোধ করত আর মনে হত যেন যুবকেরা অনুতপ্ত হয়েছে, কিন্তু আসলে তারা তাদের অনুভূতি গোপন করত যা ধরা পড়ার ফলে আরো তিক্ত হয়ে উঠত PPBeng 141.2

যোষেফকে দেয়া তার পিতার একটি খুব দামী কোট, যা সাধারণতঃ সম্মানিত ব্যক্তিরা পরতেন, তাদের মনে সন্দেহ জাগাল যে তিনি তাদের বড় সন্তানদের বাদ দিয়ে রাহেলের ছেলে যোষেফকেই জ্যেষ্ঠাধিকার দান করবেন। PPBeng 141.3

একদিন ছেলেটি তাদের সে যে একটি স্বপ্ন দেখেছিল তার বর্ণনা দিল। "দেখ, আমরা ক্ষেত্রে আঁটি বাঁধিতেছিলাম, আর দেখ, আমার আঁটি উঠিয়া দাঁড়াইয়া রহিল, এবং দেখ, তোমাদের আঁটি সকল আমার আঁটিকে চারিদিকে ঘেরিয়া তাহার কাছে প্রণিপাত করিল।" PPBeng 141.4

তার ভাইয়েরা চিৎকার করে বলল, "তুই কি বাস্তবিক আমাদের রাজা হইবি? আমাদের উপরে বাস্তবিক কর্তৃত্ব করিবি?" PPBeng 141.5

তার অল্প পরেই সে আর একটি স্বপ্ন দেখল এবং তাও তাদের বলল: "দেখ, সূর্য্য, চন্দ্র ও একাদশ নক্ষত্র আমাকে প্রণিপাত করিল। তার পিতা তখন উপস্থিত ছিলেন এবং তিনি তিরস্কারের সুরে বললেন, "আমি, তোমার মাতা ও তোমার ভ্রাতৃগণ, আমরা কি বাস্তবিক তোমার কাছে ভূমিতে প্রণিপাত করিতে আসিব?" যদিও আপাত ভাবে তিনি কঠোর স্বরে কথা বললেন, তথাপি যাকোব বিশ্বাস করলেন যে সদাপ্রভু যোষেফকে ভবিষ্য দেখাচ্ছেন। PPBeng 142.1

ছেলেটি যখন তার ভাইদের সামনে দাঁড়িয়েছিল, তখন তার চেহারা প্রেরণার আত্মার ন্যায় উজ্জ্বল হয়ে উঠেছিল। তারা তার প্রশংসা না করে থাকতে পারল না, কিন্তু তার যে পবিত্রতা তাদের পাপকে তিরস্কার করত, তারা তা ঘৃণা করত। PPBeng 142.2

পশুপালের চরাণী ভূমির জন্য ভাইদের এক স্থান হতে অন্য স্থানে যেতে হত। যে ঘটনা বর্ণনা করা হল তার অব্যবহিত পরেই তারা শিখিমে গেল বেশ কিছুদিন পর্য্যন্ত কোন সংবাদ না পেয়ে পিতা তাদের নিরাপত্তার বিষয়ে দুশ্চিন্তাগ্রস্থ হলেন কেননা তারা অতীতে শিখিমীয়দের প্রতি নিষ্ঠুর ব্যবহার করেছিল। সুতরাং তাদের খোঁজার জন্য তিনি যোষেফকে পাঠাইলেন। যদি যাকোব যোষেফের প্রতি তার অন্যান্য ছেলেদের মনোভাব সম্বন্ধে অবহিত থাকতেন তবে তিনি তাকে একাকী তাদের কাছে পাঠাতেন না। PPBeng 142.3

আনন্দিত চিত্তে যোষেফ পিতার নিকট হতে বিদায় নিলেন, কিন্তু তাদের পুনরায় সাক্ষাৎ হওয়ার পূর্বে কি ঘটবে তা বৃদ্ধ অথবা যুবক কেহই স্বপ্নেও ভাবতে পারলেন না। যখন যোষেফ শিখিমে পৌঁছালেন তখন তার ভাইয়েরা বা তাদের পশুপাল কিছুই সেখানে ছিল না। তাদের বিষয়ে অনুসন্ধান করার ফলে তাকে দোথনে যাওয়ার নির্দেশ মিল। পিতার দুশ্চিন্তা দূর করার জন্য নিজের ক্লান্তি ভুলে গিয়ে সে যে ভাইদের ভালবাসত তাদের সন্ধানে দ্রুত চলল। PPBeng 142.4

তার ভাইয়েরা তাকে আসতে দেখল; কিন্তু কত দীর্ঘ পথ অতিক্রম করে সে তাদের সহিত দেখা করতে এসেছে, বা তার ক্লান্তি ও ক্ষুধা অথবা তাদের আতিথ্য ও ভ্রাতৃপ্রেমের প্রতি তার দাবী এর কোন কিছুই তার প্রতি তাদের তিক্ততার অবসান করতে সক্ষম হল না। তার প্রতি তাদের পিতার স্নেহের প্রতীক কোর্টটি দেখে তারা ক্রোধে জ্বলে উঠল। "ঐ দেখ, স্বপ্নদর্শক মহাশয় আসিতেছেন।" প্রতিহিংসা ও প্রতিশোধ স্পৃহা তখন তাদের নিয়ন্ত্রণ

করছিল। তারা বলাবলি করল, "এখন আইস আমরা উহাকে বধ করিয়া একটা গর্তে ফেলিয়া দিই; পরে বলিব, কোন হিংস্র জন্তু তাহাকে খাইয়া ফেলিয়াছে; তাহাতে দেখিব, উহার স্বপ্নের কি হয়।" PPBeng 142.5

কিন্তু রূবেণ আপন ভাইকে হত্যা করা হতে বিরত থাকতে চাইল এবং প্রস্তাব করল যে যোষেফকে জীবন্ত একটি গর্তে ফেলে দেয়া হোক যাতে সেখানে মরে যায়; এই ভাবে সে মনে করেছিল যে গোপনে তাকে উদ্ধার করে তাদের পিতার কাছে পাঠিয়ে দেবে। সকলকে তার পরিকল্পনার সহিত মতৈক্যে পৌছাতে রাজী করানোর পর রূবেণ এই ভেবে স্থান ত্যাগ করল যে হয়ত তার আসল উদ্দেশ্য ওরা আবিষ্কার করে ফেলবে। PPBeng 143.1

বিপদের কোন সম্ভাবনার কোন সন্দেহ না করে যোষেফ আসলেন। কিন্তু স্বাভাবিক শুভেচ্ছা বিনিময়ের পরিবর্তে যখন সে ক্রুদ্ধ ও প্রতিশোধমূলক আচরণ লক্ষ্য করল তখন সে ভীত হয়ে পড়ল। তাকে ধরে তার কোট খুলে ফেলা হল, ভীতি প্রদর্শন ও বিদ্রূপাত্মক কথা বার্তায় একটি মারাত্মক উদ্দেশ্য প্রকাশিত হয়ে পড়ল। তার আকুল অনুরোধ উপেক্ষিত হল। ঐ ক্রোধান্ধ ব্যক্তিরা তাকে টেনে-হিচড়ে একটি গর্তের কাছে নিয়ে এল এবং ঐখানে মৃত্যুবরণ করার জন্য তাকে ঐ গর্তে ফেলে দিল । PPBeng 143.2

ক্রীতদাসরূপে যোষেফকে বিক্রি করা হয়

PPBeng 143

শীঘ্রই দেখা গেল একদল পর্যটক আসছে, এরা ছিল একদল ইশ্মায়েলীয় ব্যবসায়ী পন্য নিয়ে মিসরে যাচ্ছিল। যিহূদা এখন তাদের ভাইকে মরতে দেয়ার পরিবর্তে বিক্রি করার প্রস্তাব আনল । তাহলে যেমন তারা তাদের পথ থেকে তাকে চিরতরে সরিয়ে দেবে, তেমনি তার রক্তের দায় হতেও তারা রক্ষা পাবে; সে অনুরোধ জানাল, "কেননা সে আমাদের ভ্রাতা, আমাদের মাংস।" সকলেই রাজী হল, এবং যোষেফকে তখন গর্ত হতে টেনে উঠানো হল । PPBeng 143.3

যখন সে বণিকদের দেখল, তখন নিষ্ঠুর সত্যটি তার মনে উদয় হল । মৃত্যুবরণ করার চেয়ে দাসত্ব করা অনেক বেশী ভয়ঙ্কর। ভয়ের প্রবল যন্ত্রণায় সে এক ভাইয়ের পর আর এক ভাইয়ের নিকট কাকুতি মিনতি করতে লাগল, কিন্তু সকলেই চিন্তা করল যে তারা অনেক দূর এগিয়ে গেছে, আর পিছানো সম্ভব নয়। যোষেফও তাদের পিতার কাছে সমস্ত কিছুই বলে দেবে। তার কাকুতি-মিনতিতে তাদের হৃদয় আরো কঠিন হলো, এবং তাকে তারা পৌত্তলিক ব্যবসায়ীদের হাতে তুলে দিল। উটের বহর এগিয়ে গেল আর শীঘ্রই দৃষ্টির অগোচর হল । PPBeng 143.4

রূবেণ গর্তের কাছে ফিরে এসে দেখল যে ওখানে যোষেফ নাই। তার ভাগ্যে কি ঘটেছে তা জানার পর সে তাদের সাথে একত্রে নিজেদের দোষ গোপন করার চেষ্টা করতে সম্মত

হল। একটি মেষ-শাবককে হত্যা করে ঐ রক্ত ওরা যোষেফের কোটে লাগাল, এবং তা তাদের পিতার কাছে নিয়ে গিয়ে বলল যে ওরা ওটা মাঠের মধ্যে পেয়েছে। বলল, "নিরীক্ষণ করিয়া দেখ, ইহা তোমার পুত্রের বস্ত্র কি না?" কিন্তু যে হৃদয়-বিদারক বেদনা, দুঃখের যে চরম হা-হুতাশ তারা অবলোকন করতে বাধ্য হল, তার জন্য তারা মোটেও প্রস্তুত ছিল না। যাকোব বললেন, "এ তো আমার পুত্রেরই বস্ত্র; কোন হিংস্র জন্তু তাহাকে খাইয়া ফেলিয়াছে, যোষেফ অবশ্য খন্ড খন্ড হইয়াছে।" তার ছেলে মেয়েরা তাকে সান্ত্বনা দেবার বৃথাই প্রয়াস করল। তিনি "আপন বস্ত্র চিরিয়া কটি দেশে চট পরিধান করিয়া পুত্রের জন্য অনেক দিন পর্যন্ত শোক করিলেন।" তার নৈরাশ্যজনক কান্নার কথা ছিল, "আমি শোক করিতে করিতে পুত্রের নিকটে পাতালে নামিব ।" PPBeng 144.1

তারা যা করেছিল তাতে যুবকেরা অত্যন্ত ভীত হয়েছিল, কিন্তু তাদের পিতার তিরস্কারের ভয়ে তারা তাদের অন্যায়ের কথা তাদের হৃদয়ের ভিতরই গোপন রাখল, যে অন্যায় তারা করেছে তা তখন তাদের কাছে খুবই গুরুতর মনে হল। PPBeng 144.2

অধ্যায় ২০—যোষেফের আশ্চর্য্য কাহিনী

PPBeng 145

ইতিমধ্যে যোষেফ তার বন্দীকারীদের সহিত মিসরের পথে চললেন। দূরের পর্বতরাজি দেখে ছেলেটি চিনতে পারল যে ঐখানেই তার পিতার তাঁবু রয়েছে। একাকীত্ব ও প্রেমে সে তার প্রিয় পিতার কথা স্মরণ করে প্রচুর ক্রন্দন করল। দোথনে তার কাকুতি-মিনতির উত্তরে যে তীব্র ও অপমানজনক কথা শুনেছিল তা তার কানে বাজতে লাগল। কম্পিত হৃদয়ে সে ভবিষ্যতের দিকে দৃষ্টি দিতে চেষ্টা করল। বন্ধু-বান্ধবহীন একা সেই অচেনা দেশে তার ভাগ্যে কি হবে? কিছুকালের জন্য যোষেফ অপরিসীম দুঃখ ও ভয়ে অভিভূক্ত হয়ে থাকল। PPBeng 145.1

কিন্তু এই অভিজ্ঞতাও তার নিকট একটি অনুগ্রহে পরিণত হয়েছিল। বহু বৎসরেও যা শিক্ষা সম্ভব হত না তা তিনি কয়েক ঘন্টায় শিক্ষালাভ করলেন। তার পিতা তার পক্ষপাতিত্ব ও আধিক্য দ্বারা তার ক্ষতি করেছিলেন। এর ফলে তার ভাইদের মধ্যে ক্রোধ সৃষ্টি হয়েছিল যার ফলে তারা তার প্রতি এই নিষ্ঠুর আচরণ করল এবং তাকে বাড়ী হতে দূর করল। তার চরিত্রে ক্রুটি সৃষ্টিতে উৎসাহ দেয়া হয়েছিল। সে অনুভব করল যে, দাসত্বের তিক্ত অযত্নশীল জীবনের কঠিন কষ্টকর অবস্থার সাথে খাপ খাওয়াবার জন্য সে মোটেও প্রস্তুত ছিল না। PPBeng 145.2

তখন তার চিন্তা তার পিতার ঈশ্বরের প্রতি ধাবিত হল। বাড়ী হতে নির্বাসনে পালিয়ে যাওয়ার সময় যাকোব যে স্বপ্ন দেখেছিলেন সেই স্বপ্নের কাহিনী সে প্রায়ই শুনত। যাকোবের নিকট ঈশ্বর যে যে প্রতিজ্ঞা করেছিলেন, এবং কি ভাবে প্রয়োজনের মুহূর্ত্তে দূতগণ উপদেশ ও আশ্বাস দিতেন ও বিপদে রক্ষা করতেন, এই সমস্তই তাকে বলা হয়েছিল। মুক্তিদাতার বন্দোবস্ত করার মধ্যে ঈশ্বরের যে প্রেমের প্রকাশ পায় তা তাকে শিক্ষা দেয়া হয়েছিল। এখন এই সমস্ত মূল্যবান শিক্ষাই হুবহু তার সম্মুখে উপস্থিত হল। যোষেফ বিশ্বাস করতেন যে তার পিতার ঈশ্বর তারও ঈশ্বর হবেন। সেই মুহূর্ত্তেই সে নিজকে সম্পূর্ণভাবে ঈশ্বরের নিকট সঁপে দিলেন এবং প্রার্থনা করলেন যেন ইস্রায়েলের রক্ষক এই নির্বাসনে তার সঙ্গে সঙ্গে থাকেন। PPBeng 145.3

ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকার মহান প্রতিজ্ঞা ও স্বর্গের রজার একজন উপযুক্ত প্রজার ভূমিকা পালন করার ইচ্ছায় তার হৃদয় উদ্বেলিত হয়ে উঠল। সে তার ভাগ্যের পরীক্ষা সাহসের সহিত মোকাবেলা করবে এবং প্রত্যেক কাজ বিশ্বস্ততার সহিত সম্পাদন করবে। একদিনের ভয়ঙ্কর বিপদ তাকে এক আদরের সন্তান থেকে একজন চিন্তাশীল, সাহসী ও আত্ম-সচেতন ব্যক্তিতে রূপান্তরিত করেছে। PPBeng 146.1

মিসরে আগমনের পর, যোষেফকে রাজার রক্ষক-সেনাপতি, পোটিফরের নিকট বিক্রি করা হল। দশ বৎসর যাবত এখানে তিনি রাজকীয় জাকজমক, ঐশ্বর্য্য ও কৃষ্টি দ্বারা পরিবেষ্টিত পৌত্তলিকতা দ্বারা প্রলোভিত হলেন, তথাপি যোষেফ ঈশ্বরের প্রতি তার বিশ্বস্ততা রক্ষা করলেন। তার চতুর্দিকে ছিল পাপের দৃশ্য ও শব্দ, কিন্তু তিনি এমন ভাবে থাকতেন যেন এর কোনটাই তিনি দেখেন না বা শুনেন না। নিষিদ্ধ বিষয়ের উপর তিনি তার চিন্তাকে বেশীক্ষণ নিবদ্ধ থাকতে দিতেন না। মিসরীয়দের অনুগ্রহ লাভের আকাঙ্ক্ষায় কখনো তিনি তার নীতি গোপন করেন নি। তিনি যে ঈশ্বরের উপাসনাকারী, কখনো তা গোপন করার প্রচেষ্টা তিনি করেন নি PPBeng 146.2

"আর সদাপ্রভু যোষেফের সহবর্ত্তী ছিলেন, এবং তিনি সফলকর্ম্মা হইলেন, এবং তিনি যাহা কিছু করেন সদাপ্রভু তাঁহার হস্তে তাহা সফল করিতেছেন, ইহা তাঁহার মনিব দেখিলেন।" যোষেফের উপর পোটিফরের বিশ্বাস দৈনিক বৃদ্ধি পেতে লাগল, পরিশেষে তিনি তার সমস্ত কিছু তার হস্তে সমর্পণ করলেন এবং তাকে তার বাড়ীর তত্ত্বাবধায়কের পদে উন্নিত করলেন। "অতএব তিনি যোষেফের হস্তে আপনার সর্ব্বস্বের ভার দিলেন, আপনি নিজ আহারীয় দ্রব্য ব্যতীত আর কিছুরই তত্ত্ব লইতেন না।" PPBeng 146.3

যোষেফের পরিশ্রম, যত্ন ও শক্তি ঈশ্বরের অনুগ্রহ লাভ করল; এমন কি তার পৌত্তলিক প্রভুও এটাই তার উন্নতির গোপন সত্য বলে গ্রহণ করলেন। ঈশ্বর তার সন্তানদের বিশ্বস্ততার মাধ্যমে গৌরবান্বিত হলেন। তাঁর লক্ষ্য এটাই ছিল যে ঈশ্বরের উপর বিশ্বাস স্থাপনকারীরা মূর্তিপূজকদের হতে সম্পূর্ণ বিপরীত বলে প্রতীয়মান হবেন। আর এই ভাবে পৌত্তলিকতার মধ্যে স্বর্গীয় অনুগ্রহের আলো উজ্জ্বল হয়ে জ্বলবে। PPBeng 146.4

প্রধান সেনাপতি যোশেফকে দাসত্বের পরিবর্তে তার ছেলের মত মনে করতে লাগলেন। যুবককে তখন উচ্চ পদস্থ ও উচ্চ শিক্ষিত ব্যক্তিবর্গের সংস্পর্শে আনা হল, এবং সে বিজ্ঞান, ভাষা, ও রাজনীতি বিষয়ে জ্ঞান লাভ করল। মিশরের ভাবি প্রধান মন্ত্রির জন্য এই শিক্ষার প্রয়োজন ছিল। PPBeng 147.1

প্রায় পরাভূতকারী প্রলোভন

PPBeng 147

কিন্তু যোষেফের প্রভু-পত্নী যুবককে ঈশ্বরের ব্যবস্থা লঙঘন করতে প্ররোচিত করার চেষ্টা চালাল। ঐ পৌত্তলিক দেশের অজস্র দুর্নীতির মধ্যেও তিনি অকলুষিত ছিলেন; কিন্তু এই প্রলোভন, এত আকস্মিক, এত প্রবল, এত কামোদ্দীপক কি ভাবে এটা প্রতিরোধ করা যাবে? PPBeng 147.2

বাধা প্রদানের ফলাফল সম্বন্ধে যোষেফ সম্পূর্ণ অবগত ছিলেন; অন্য দিকে ছিল অবিশ্বাস, বন্ধীত্ব, এবং হয়ত মৃত্যু। তার সমস্ত ভবিষ্যতই এক মুহূর্তের সিদ্ধান্তের উপর

ঝুলছিল। যোষেফ কি ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকবেন? অবর্ণনীয় উকণ্ঠা সহকারে দূতগণ এই দৃশ্যের প্রতি দৃষ্টি নিবদ্ধ রেখেছিলেন। PPBeng 147.3

যোষেফের উত্তর ধর্মীয় নীতির শক্তি প্রকাশ করে। তিনি পৃথিবীর প্রভুর বিশ্বাসের ঘাতক হবেন না, এবং এর প্রতিফল যাই হোক, তিনি স্বর্গীয় প্রভুর প্রতি বিশ্বস্ত থাকবেন। যোষেফের প্রথম চিন্তা ছিল ঈশ্বর সম্বন্ধে। তিনি বললেন, "অতএব আমি কিরূপে এই মহা দুষ্কর্ম করিতে ও ঈশ্বরের বিরুদ্ধে পাপ করিতে পারি?" PPBeng 147.4

যুবক-যুবতীরা স্মরণে রাখুক যে, তারা যেখানেই থাকুক আর যা-ই করুক, তারা সর্বদাই ঈশ্বরের সম্মুখে উপস্থিত। আমাদের ব্যবহারের কোন কিছুই অদৃশ্য থাকে না। সর্বশক্তিমানের কাছ থেকে আমরা কোন কিছুই গোপন করতে পারি না। প্রত্যেক কাজেরই একজন অদৃশ্য সাক্ষী রয়েছেন। প্রত্যেক কাজ, প্রত্যেক শব্দ, প্রত্যেক চিন্তা এমন সযত্নে লিখিত হচ্ছে যে সমস্ত পৃথিবীতে শুধু একজন ব্যক্তিই আছেন। PPBeng 147.5

তার সততার জন্য যোষেফ দুঃখ ভোগ করলেন। তার প্রলোভনকারিণী আপন প্রতিহিংসা চরিতার্থ করার জন্য তাকে বন্ধীত্বে প্রেরণ করল। যদি পোটিফর আসলেই যোষেফের বিরুদ্ধে তার স্ত্রীর অভিযোগ বিশ্বাস করতেন, তবে যিহূদী যুবক আপন জীবন হারাতেন; কিন্তু যে বিনয় ও সততা তার চারিত্রিক বৈশিষ্ট্য ছিল, সেগুলিই তার নির্দোষীতার প্রমান ছিল। তথাপি প্রভূর গৃহের সুনাম রক্ষার জন্য তাকে অবিশ্বাস ও বন্ধীত্তে নিক্ষেপ করা হল। PPBeng 147.6

কারারক্ষকরা প্রথমে যোষেফের সহিত অত্যন্ত কাঠোর ব্যবহার করত। গীতরচক বলেছেন, "লোকে বেড়ী দ্বারা তাঁহার চরণকে ক্লেশ দিল; তাঁহার প্রাণ লৌহে বদ্ধ হইল। যাব তাঁহার বচন সফল না হইল, তাব সদাপ্রভুর বাক্য তাঁহাকে পরীক্ষা করিল।" গীতসংহিতা ১০৫:১৮, ১৯। PPBeng 148.1

কারাগারে যোষেফ

PPBeng 148

কিন্তু যোষেফের চরিত্র অন্ধকার গহবরেও উজ্জ্বল হয়ে ফুটে উঠল। বহু বৎসরের বিশ্বস্ততা সহকারে কাজের প্রতিফলরূপে সে পেল নিষ্ঠুর ব্যবহার, তবুও তা তাকে তিক্ত বা অবিশ্বস্ত ব্যক্তিতে পরিণত করতে পারে নি। তার মনে শান্তি ছিল এবং সে তার বর্তমান অবস্থা ঈশ্বরের হাতে ছেড়ে দিল। সে তার নিজের প্রতি অন্যায় আচরণের বিষয়ে বেশী চিন্তা না করে অন্যের কষ্ট লাঘব করতে চেষ্টা করতে লাগল। কারাগারেও সে কোন না কোন কাজ পেত। একটি বৃহত্তর দায়িত্বের জন্য ঈশ্বর তাকে যাতনার স্কুলে শিক্ষা দিচ্ছিলেন, এবং সে সেই প্রয়োজনীয় শিক্ষার প্রতি অবহেলা প্রদর্শন করল না। তিনি ন্যায় বিচার, সহানুভূতি, এবং

দয়া সম্পর্কিত শিক্ষালাভ করলেন যা তাকে বিজ্ঞতা ও সহানুভূতির সহিত ক্ষমতার ব্যবহার করার জন্য প্রস্তুত করল। PPBeng 148.2

ধীরে ধীরে যোষেফ কারারক্ষীর আস্থা অর্জন করলেন এবং পরিশেষে সমস্ত কয়েদীদের দেখা শোনার দায়িত্ব পেলেন। কারাগারে যে ভূমিকায় তিনি কাজ করলেন কষ্ট ও সমস্যা জর্জরিত লোকদের প্রতি সহানুভূতি দেখানো ও ন্যায় বিচার করা তা তার কাছে ভবিষ্য উন্নতি ও সম্মানের পথ খুলে দিল। দুঃখীদের প্রতি প্রতিটি সহানুভূতিশীল শব্দ, অত্যাচারীতদের প্রতি তাদের মুক্তির জন্য প্রতিটি কাজ, অভাবগ্রস্তদের প্রতিটি দয়ার দান, যদি উপযুক্ত ভাবে করা হয়, তবে দাতার প্রতি অনেক আশীর্বাদ বর্ষিত হবে। PPBeng 148.3

রাজার প্রধান রুটি প্রস্তুতকারী ও প্রধান মোদক অন্যায় কাজের জন্য কারাগারে প্রেরিত হল এবং তারা যোষেফের অধীনে ন্যস্ত হল। একদিন প্রাতে তাদের উভয়কেই বিমর্ষ দেখতে পেয়ে, তিনি সহানুভূতির সহিত কারণ জানতে চাইলে তাকে বলা হল যে উভয়েই এক অদ্ভুত স্বপ্ন দেখেছে, এবং এই স্বপ্নের অর্থ তারা জানতে চায়। যোষেফ বললেন যে, "অর্থ করিবার শক্তি কি ঈশ্বর হইতে হয় না? বিনয় করি, স্বপ্ন-বৃত্তান্ত আমাকে বলুন।" PPBeng 148.4

উভয়ে তাদের স্বপ্ন বললে যোষেফ তার অর্থ বলে দিলেন । তিন দিনের মধ্যে পানপাত্রবাহক তার পুরানো পদে বহাল হবেন এবং পূর্বের মতই ফরৌণকে পান-পেয়ালা দান করবেন, কিন্তু প্রধান মোদক রাজার আদেশে প্রাণ হারাবে। উভয় ঘটনাই যে ভাবে বলা হয়েছিল ঠিক সেই ভাবেই ঘটল। রাজার পানপাত্রবাহক তার স্বপ্নের আনন্দবাহী অর্থ দান ও অন্যান্য দয়ার্দ্র কাজের জন্য যোষেফের প্রতি অত্যন্ত কৃতজ্ঞতা প্রকাশ করল। বিনিময়ে যোষেফ তার প্রতি যে অবিচার করা হয়েছে, তার কথা যেন রাজার কাছে উঠানো হয়। তিনি বললেন, "আমাকে স্মরণে রাখিবেন, এবং আমার প্রতি দয়া করিয়া ফরৌণের কাছে আমার কথা বলিয়া আমাকে এই গৃহ হইতে উদ্ধার করিবেন। কেননা ইব্রীয়দের দেশ হইতে আমাকে নিতান্তই চুরি করিয়া আনা হইয়াছে; আর এ স্থানেও আমি কিছুই করি নাই, যাহার জন্য এই কারাকূপে বন্ধী হই"। PPBeng 149.1

প্রধান পানপাত্রবাহকের স্বপ্ন হুবহু পূর্ণ হল; কিন্তু রাজকীয় অনুগ্রহ লাভ করার পর সে তার উপকারীর কথা সম্পূর্ণ ভুলে গেল । পরবর্ত্তী দু'বছর যোষেফ কয়েদীর জীবন যাপন করলেন। যে প্রত্যাশা তার হৃদয়ে জ্বলে উঠেছিল, তা ধীরে ধীরে নিবে গেল, এবং অন্যান্য সমস্ত কষ্ট ও পরীক্ষার সাথে যুক্ত হলো অকৃতজ্ঞতার তিক্ত জ্বালা। PPBeng 149.2

কিন্তু একটি স্বর্গীয় হস্ত কারাগারের দরজা উন্মুক্ত করতে উদ্যত হল । মিসরের রাজা একই রাতে দুটি স্বপ্ন দেখলেন, তার মনে হচ্ছিল যে দু'টি স্বপ্নই কোন একটি মহাবিপদের পূর্বাভাস দিচ্ছিল। যাদুকর ও জ্ঞানীরা এর কোন ব্যাখ্যা দিতে সক্ষম হলেন না। রাজার উৎকণ্ঠা ও বিহবলতা বৃদ্ধি পেল, এবং সম্পূর্ণ রাজ প্রাসাদে ভিতি ছড়িয়ে পড়ল। এই

উত্তেজনার মধ্যে পানপাত্রবাহকের মনে পড়ল তার নিজ স্বপ্নের কথা; আর এরই সঙ্গে যোষেফের কথাও তার বিস্মৃতি ও অকৃতজ্ঞাতার কথাও তার স্মরণ হল। সে তৎক্ষণাৎ তার নিজের ও প্রধান মোদকের স্বপ্নে যা একজন যিহূদী কয়েদী ব্যাখ্যা করেছিল এবং যা হুবহু বাস্তবায়িত হয়েছে তা রাজাকে জানাল। রাজার জন্য একজন ভৃত্যের সহিত পরামর্শ করা অবমাননাকর ছিল, কিন্তু উকণ্ঠিত মনের সান্ত্বনার জন্য তিনি তা করতে প্রস্তুত ছিলেন। অতএব, যোষেফের জন্য তক্ষণা লোক পাঠান হল, তিনি কয়েদীর পোশাক পরিবর্তন করলেন এবং রাজার সম্মুখে উপস্থিত হলেন। PPBeng 149.3

“তখন ফরৌণ যোষেফকে বলিলেন, “আমি একটি স্বপ্ন দেখিয়াছি, তাহার অর্থ করিতে পারে, এমন কেহই নাই। কিন্তু তোমার বিষয়ে আমি শুনিয়াছি যে, তুমি স্বপ্ন শুনিলে অর্থ করিতে পার।” যোষেফ ফরৌণকে উত্তর করিলেন, “তাহা আমার অসাধ্য, ঈশ্বরই ফরৌণকে মংগলযুক্ত উত্তর দিবেন।” যোষেফ বিনম্রতার সহিত তিনি যে কোন উন্নত জ্ঞানের অধিকারী তা অস্বীকার করলেন। শুধু ঈশ্বরই এই সমস্ত গুপ্ত রহস্য ব্যাখ্যা করতে পারেন। PPBeng 150.1

ফরৌণ তার স্বপ্ন বলতে আরম্ভ করলেন; “আর দেখ, নদী হইতে সাতটা হৃষ্টপুষ্ট সুন্দর গাভী উঠিল, ও খাগড়া বনে চরিতে লাগিল। সেগুলির পরে, দেখ, আর সাতটা কৃশ ও বিশ্রী সাতটা গাভী নদী হইতে উঠিল; আমি সমস্ত মিসর দেশে সে রকম বিশ্রী গাভী কখনও দেখি নাই। আর এই কৃশ ও বিশ্রী গাভীরা সেই পূর্বের হৃষ্টপুষ্ট সাতটা গাভীকে খাইয়া ফেলিল। কিন্তু তাহারা উহাদের উদরস্থ হইলে পর, উদরস্থ যে হইয়াছে এমন বোধ হইল না, কেননা ইহারা পূর্বেকার ন্যায় বিশ্রীই রহিল। তখন আমার নিদ্রা ভঙ্গ হইল। পরে আমি আর একটি স্বপ্ন দেখিলাম; আর দেখ, একটি বোঁটায় স্থূলাকার উত্তম সাতটি শীষ উঠিল। আর দেখ, সেগুলির পরে ম্লান, ক্ষীণ ও পূর্বীয় বায়ুতে শোষিত অন্য সাতটি শীষ উঠিল। আর এই ক্ষীণ শীষগুলি সেই উত্তম সাতটি শীষকে গ্রাস করিল।” এই স্বপ্ন আমি যাদুকরদিগকে বলিলাম, কিন্তু কেহই এর অর্থ আমাকে বলিতে পারিল না। PPBeng 150.2

ফরৌণের স্বপ্নের ব্যাখ্যা

PPBeng 150

যোষেফ বললেন, “ঈশ্বর যাহা করিতে উদ্যত হইয়াছেন, তাহাই ফরৌণকে জ্ঞাত করিয়াছেন।” সাত বৎসর দেশে প্রচুর ফসল ফলিবে। মাঠে ও বাগানে যে কোন সময়ের চেয়ে অনেক বেশী ফসল উৎপন্ন হবে। আর এই সময়ের পরে আসবে সাত বৎসর দুর্ভিক্ষ। “মিসর দেশে সমস্ত শস্য প্রাচুর্য্যের কথা ভুলিয়া যাইবে, এবং সেই দুর্ভিক্ষে দেশ নষ্ট হইবে।” “অতএব এখন, ‘ তিনি বলতে থাকলেন, “ফরৌণ একজন বিচক্ষণ ও জ্ঞানী লোকের খোঁজ করিয়া তাঁহাকে মিসর দেশের উপরে নিযুক্ত করুন আর ফরৌণ এই কাজ করুন, দেশে কর্মকর্তা নিযুক্ত করিয়া যে সাত বৎসর শস্য বাহুল্য হইবে, সেই সময়ে মিসর দেশ হতে

শস্যের পাঁচ ভাগের এক ভাগ গ্রহণ করুন। তাঁহারা সেই আগামী শুভ বসরের সমূহের জন্য খাদ্য সংগ্রহ করুন, ও ফরৌনের অধিনে নগরে নগরে খাদ্যের জন্য শস্য জমা করুন, ও রক্ষা করুন। এইরূপে মিশর দেশে যে দুর্ভিক্ষ হইবে, সেই দুর্ভিক্ষের সাত বসরের জন্য সেই খাদ্য দেশের জন্য মজুদ থাকিবে, তাহাতে দুর্ভিক্ষে দেশ উচ্ছিন্ন হইবে না।" PPBeng 150.3

ব্যাখ্যাটি যুক্তিপূর্ণ ও সংহতিপূর্ণ ছিল। যে নীতির পরামর্শ উপস্থাপন করা হল তা যথার্থ ও নির্ভর যোগ্য। কিন্তু কাকে এই পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব দেয়া হবে? এই মনোনয়নের বিজ্ঞতার উপর জাতির জীবন রক্ষা পাওয়া নির্ভর করছে। কিছু দিনের জন্য এই নিযুক্তির বিষয় বিবেচনাধীন রাখা হল। কারাগর ব্যবস্থাপনায় যোষেফ যে দূরদর্শিতা ও বিচক্ষণতা দেখিয়েছেন তার কথা রাজা পানপাত্রবাহকের মাধ্যমে জানতে পারলেন। এটা প্রতীয়মান হল যে তিনি দক্ষ ব্যবস্থাপনার যথেষ্ট যোগ্যতা রাখেন। সমস্ত রাজ্যের মধ্যে যোষেফই সেই জ্ঞানের অধিকারী ছিলেন যার মাধ্যমে রাজ্যে যে বিপদ এগিয়ে আসছে সে সম্বন্ধে ইঙ্গিত দিতে পেরেছেন এবং এর মোকাবেলায় কি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ প্রয়োজন তারও পরামর্শ দিতে পেরেছেন। রাজার কর্মকর্তাদের মধ্যে এই দুর্যোগের সময় জাতীয় পরিচালনা দেয়ার মত উপযুক্ত কেউই ছিলেন না। রাজা তার পরিষদবর্গকে জিজ্ঞাসা করলেন, "ইঁহার তুল্য পুরুষ, যাঁহার অন্তরে ঈশ্বরের আত্মা আছেন, এমন আর কাহাকে পাইব?" PPBeng 151.1

কয়েদী হতে প্রধান মন্ত্রী

PPBeng 151

যোষেফের নিকট বিস্ময়কর ঘোষণা করা হল, "ঈশ্বর তোমাকে এই সকল জ্ঞাত করিয়াছেন, অতএব তোমার তুল্য সুবুদ্ধি ও জ্ঞানবান্ কেহই না ! তুমিই আমার বাটীর অধ্যক্ষ হও ; আমার সমস্ত প্রজা তোমার বাক্য শিরোধার্য্য করিবে, কেবল সিংহাসনে আমি তোমা হইতে বড় থাকিব।" "পরে ফরৌণ হস্ত হইতে নিজ অঙ্গুরীয় খুলিয়া যোষেফের হস্তে দিলেন, তাঁহাকে কার্পাসের শুভ্র বসন পরিধান করাইলেন, এবং তাঁহার কণ্ঠদেশে সুবর্ণহার দিলেন। আর তাঁহাকে আপনার দ্বিতীয় রথে আরোহণ করাইলেন, এবং লোকেরা তাঁহার অগ্রে অগ্রে হাঁটু পাত, হাঁটু পাত, বলিয়া ঘোষণা করিল।" PPBeng 151.2

অন্ধকার গর্ত হতে যোষেফকে সারা মিসর দেশের শাসনকর্তার পদে উন্নীত করা হল, অত্যন্ত উচ্চ-সম্মানিত একটি পদ, তথাপি অনেক বিপদ পূর্ণ। কেউই বিপদবিহীন ভাবে উচ্চ স্থানে দাঁড়াতে পারে না। প্রচন্ড ঝড় যখন আসে তখন উপত্যকার নীচু ফুলগাছসমূহ ক্ষতিগ্রস্থ হয় না, কিন্তু পাহাড়ের উপরের বিশাল গাছ সমূলে উৎপাটিত হয়। সুতরাং যারা সাধারণনত জীবনে তাদের সততা বজায় রাখতে পেরেছেন, তারা হয়ত সেই প্রলোভন যা পার্থিত কৃতকার্য্যতা ও সম্মান লাভের জন্য মোহ সৃষ্টি করে তা দ্বারা আকর্ষিত হতে পারেন। কিন্তু যোষেফের চরিত্র দুঃখের মধ্যে এবং প্রাচুর্য্যের মধ্যে পরীক্ষা দ্বারা প্রমাণিত হয়েছে।

এক পৌত্তলিক দেশে তিনি আত্মীয় স্বজনহীন পথিক ছিলেন, কিন্তু তিনি পূর্ণরূপে বিশ্বাস রেখেছিলেন যে স্বর্গীয় হাত তাকে পরিচালনা করছে। ঈশ্বরের উপর পূর্ণ নির্ভরশীলতা রেখে তিনি তার পদের দায়িত্ব বিশ্বস্ত ভাবে সম্পাদন করেছেন। মিসরের রাজা ও উচ্চপদস্থ ব্যক্তিবর্গের মনোযোগ ঈশ্বরের প্রতি নিবিষ্ট হয়েছিল, এবং ঈশ্বরের আরাধনাকারী দ্বারা প্রচারিত নীতি সমূহের প্রতি তার সম্মান দেখাতে শিখলেন। PPBeng 152.1

শৈশবে যোষেফ তার ভোগের অনুসরণ না করে কর্তব্যের প্রতি অনুরাগ দেখিয়েছেন; এবং এই সততা, সরল বিশ্বাস, এবং যৌবনের উৎকৃষ্ট চরিত্র, প্রাপ্তবয়স্ক ব্যক্তির কাজে ফল ধারণ করল। PPBeng 152.2

দৈনন্দিনের যে বিভিন্ন অবস্থায় আমাদের মোকাবিলা করতে হয় সে সবই আমাদের বিশ্বস্ততার পরীক্ষা করার জন্য এবং আরো অধিক দায়িত্ব বহনে আমাদের প্রস্তুতত করার জন্য। নীতি অনুসারে চলার মাধ্যমে আমাদের মন আনন্দ ও ভোগ পরিত্যাগ করে কর্তব্য সম্পাদনে অভ্যস্ত হয়ে উঠে। এভাবে প্রস্তুতকৃত মন ন্যায় ও অন্যায়ের মধ্যে বায়ু তাড়িত খাগড়ার মত দুলে না। ছোট বিষয়ে বিশ্বস্ত থেকে তারা বড় বিষয়ে বিশ্বস্ত হবার শক্তি সঞ্চয় করে। PPBeng 152.3

একটি উন্নত চরিত্র ওফীরের সোনার থেকেও অধিক মূল্যবান। এটি ছাড়া কেউই সম্মানের উচ্চ শিখরে চড়তে পারে না। একটি মহান চরিত্র সৃষ্টি একটি পূর্ণ জীবনের কার্য্য ফল। ঈশ্বর সুযোগ সৃষ্টি করেন; এগুলির উপযুক্ত ব্যবহারের উপরই কৃতকার্য্যতা নির্ভর করে। PPBeng 152.4

অধ্যায় ২১—যোষেফ ও তার ভ্রাতৃগণ

PPBeng 153

যোষেফের নির্দেশক্রমে প্রত্যাশিত শস্যের উদ্বৃত্ত সংগ্রহ ও সংরক্ষণের জন্য সমস্ত মিসর দেশে অসংখ্য গোলাঘর তৈরী করা হয়। সাত বৎসর অধিক ফসলের সময় যত শস্য সংগ্রহ করা হয় তার হিসাব করা সম্ভব ছিল না। PPBeng 153.1

আর এখন যোষেফের ভবিষ্যদ্বাণী অনুসারে অভাবের সাত বৎসর আরম্ভ হল। "সকল দেশে দুর্ভিক্ষ হইল, কিন্তু সমস্ত মিসর দেশে ভক্ষ ছিল। পরে সমস্ত মিসর দেশে দুর্ভিক্ষ হইলে প্রজারা ফরৌণের নিকটে ভক্ষ্যের জন্য ক্রন্দন করিল তাহাতে ফরৌণ মিস্রীয়দের সকলকে কহিলেন, তোমরা যোষেফের নিকটে যাও; তিনি তোমাদিগকে যাহা বলেন, তাহাই কর। তখন সমস্ত দেশেই দুর্ভিক্ষ হইয়াছিল। আর যোষেফ সকল স্থানের গোলা খুলিয়া মিস্রীয়দের কাছে শস্য বিক্রয় করিতে লাগিলেন।" PPBeng 153.2

যাকোব যে দেশে বাস করতেন সেখানেও প্রবল দুর্ভিক্ষ অনুভূত হল । মিসরের রাজা যে প্রচুর শস্য সংগ্রহ করেছেন তা জানতে পেরে যাকোবের দশ ছেলে শস্য ক্রয়ের উদ্দেশে ঐখানে যাত্রা করলেন। তাদের রাজার প্রতিনিধির নিকট যাবার জন্য নির্দেশ দেয়া হল এবং তারা দেশের শাসকের কাছে উপস্থিত হলেন এবং "তাঁহার কাছে গিয়া ভূমিতে মুখ দিয়া প্রণিপাত করিলেন । " "যোষেফ আপন ভ্রাতাদিগকে দেখিয়া চিনিলেন, কিন্তু তাঁহারা তাঁহাকে চিনিতে পারিলেন না" । তার যিহূদী নাম পরিবর্তন করা হয়েছিল, এবং মিসরের প্রধান মন্ত্রীর সহিত ওরা ইশ্মায়েলীয়দের কাছে বিক্রি করেছিল সেই তরুণের বিশেষ কোন সাদৃশ্যই ছিল না। যখন যোষেফ ভাইদের ভূমিতে মাথা দিয়ে প্রণিপাত করতে দেখলেন, তখন তার স্বপ্ন ও অতীতের অন্যান্য সকল ঘটনা মনে পড়ল । তার তীক্ষ্ণ দৃষ্টি দেখতে পেল যে তাদের মধ্যে বেন্যামীন নেই । সেও কি তাদের বিশ্বাসঘাতকতা ও নিষ্ঠুরতার শিকার হয়েছে? তিনি সত্য উদ্ঘাটন করতে দৃঢ় সংকল্প হলেন । তিনি বললেন, "তোমরা চর, দেশের ছিদ্র দেখিতে আসিয়াছ।" PPBeng 153.3

তারা উত্তর দিল, "না প্রভু, আপনার এই দাসেরা খাদ্য দ্রব্য কিনিতে আসিয়াছে ....আমরা সৎলোক, আপনার এই দাসেরা চর নহে।" তার ইচ্ছা করল যে তাদের কাছ থেকে বাড়ীর খবরাখবর সংগ্রহ করেন; কিন্তু তিনি জানতেন যে তাদের কথাবার্তা কতই না প্রতারণামূলক হতে পারে। তিনি তার অভিযোগের পুনরাবৃত্তি করলেন, এবং তারা উত্তর দিল, "আপনার এই দাসেরা বারো ভাই, কনান দেশনিবাসী একজনের পুত্র; দেখুন, আমাদের ছোট ভাই অদ্য আমাদের পিতার কাছে আছে, এবং একজন নাই।" PPBeng 154.1

তাদের কাহিনী সন্দেহ করছেন বলে স্বীকার করে প্রশাসক জানালেন যে তাদের সকলকেই মিসরে থাকতে হবে যতক্ষণ না তাদের একজন বাড়ী গিয়ে তাদের ছোট ভাইকেও

নিয়ে আসে। আর যদি তারা তা করতে স্বীকার না হয় তবে তাদের গুপ্তচর বলে ধরে নেয়া হবে। কিন্তু যাকোবের সন্তানেরা এই ধরণের প্রস্তাবে রাজী হতে পারে না, কেননা যাতায়াতে যে সময় লাগবে তাতে খাদ্যের অভাবে তাদের পরিবার কষ্ট পাবে, আর তাদের মধ্যে কে ভাইদের জেলে রেখে একা যাত্রা করবে? মনে হচ্ছিল যে তাদের হত্যা করা হবে, অথবা ক্রীতদাসে পরিণত করা হবে, আর যদি বিন্যামীনকে আনা হয়, তবে তার দশাও একই হবে। তারা সিদ্ধান্ত নিল যে তারা থেকে কষ্ট ভোগই করবে কিন্তু তাদের পিতার একমাত্র সন্তানকে নিয়ে এসে তাকে অতিরিক্ত দুঃখে ফেলা যাবে না। তাই তাদের জেলে বন্ধী করা হল। PPBeng 154.2

দৃষ্ট লোকেরা অনুতাপ করতে শিখে

PPBeng 154

যাকোবের ছেলেদের চরিত্র পরিবর্তীত হয়ে গিয়েছিল। তারা ছিল, হিংসা পরায়ণ, প্রতারক, নিষ্ঠুর ও প্রতিশোধ পরায়ন; কিন্তু সংকটময় মুহূর্তে, তারা ছিল স্বার্থপরতাহীন, একে অন্যের প্রতি সদাচারী, পিতার প্রতি বাধ্য, এবং মধ্যবয়সী লোক হিসাবেও পিতার কর্তৃত্বের অধীন। PPBeng 154.3

মিসরীয় জেলের তিন দিন তাদের জন্য ছিল কঠিন দুঃখের সময় কেননা তখন তারা তাদের অতীত পাপ সম্বন্ধে চিন্তা করছিল। বিন্যামীনকে না আনলে তারা যে গুপ্তচর হিসাবে অভিযুক্ত হবে তা ছিল অনিবার্য্য। PPBeng 154.4

তৃতীয় দিন যোষেফ ভাইদের তার নিকট উপস্থিত করালেন। তিনি আর তাদের আটকাতে চাইলেন না। হয়ত ইতিমধ্যেই পরিবারসহ তার পিতা অনাহারে কষ্ট পাচ্ছেন। তাদের তিনি বললেন, "এই কর্ম কর, তাহাতে বাঁচিবে; আমি ঈশ্বরকে ভয় করি। তোমরা যদি সৎলোক হও, তবে তোমাদের এক ভাই তোমাদের এই কারাগারে বদ্ধ থাকুক; তোমরা আপন গৃহের দুর্ভিক্ষের জন্য শস্য লইয়া যাও; পরে তোমাদের ছোট ভাইকে আমার নিকট আনিও; এইরূপে তোমাদের কথা সপ্রমাণ হইলে তোমরা মারা যাইবে না।" PPBeng 154.5

যোষেফ একজন দ্বি-ভাষীর মাধ্যমে তাদের সহিত কথা বলেছিলেন। এটা বুঝতে না পারে যে প্রশাসক তাদের ভাষা জানেন, তারা তার উপস্থিতিতেই পরস্পরের সহিত আলোচনা করতে লাগল। "নিশ্চয়ই আমরা আমাদের ভাইয়ের বিষয়ে অপরাধী, কেননা সে আমাদের কাছে বিনতি করিলে আমরা তাহার প্রাণের কষ্ট দেখিয়াও তাহা শুনি নাই; এইজন্য আমাদের উপরে এই সঙ্কট উপস্থিত হইয়াছে।" তখন রূবেণ, যে দোথনে যোষেফকে বাঁচাবার পরিকল্পনা করেছিল, বলল, "আমি না তোমাদিগকে বলিয়াছিলাম, বালকটার বিরুদ্ধে পাপ করিও না? কিন্তু তোমরা তাহা শুন নাই; দেখ, এখন তাহার রক্তেরও নিকাশ দিতে হইতেছে।' PPBeng 155.1

এ আলোচনা শুনার পর যোষেফ নিজের অনুভূতি নিয়ন্ত্রণ করতে না পেরে বাইরে গেলেন এবং কাঁদলেন। ফিরে এসে তিনি আদেশ দিলেন যে শিমিয়োনকে তাদের সামনেই বেঁধে আবার কারাগারে নিক্ষেপ করা হোক। তাদের ভাইয়ের প্রতি নিষ্ঠুর আচরণে শিমিয়োন ছিলেন প্রধান উত্তেজনা সৃষ্টিকারী ও মুখ্য অভিনেতা। PPBeng 155.2

তাদের ভাইদের বিদায়ের অনুমতি দেয়ার আগে যোষেফ আদেশ করলেন যে তাদের যেন শস্য দিয়ে দেয়া হয় এবং প্রত্যেক জনের অর্থ যেন গোপনে তার বস্তার মুখে রেখে দেয়া হয়। পথিমধ্যে একজন তার বস্তা খোলার পর বস্তার মুখে তার অর্থ পেয়ে আশ্চর্য্য হয়ে যায়। অন্যান্যরা ভয় পেলেন এবং বললেন, " ঈশ্বর আমাদের প্রতি এ কি করিলেন?" PPBeng 155.3

যাকোব তার ছেলেদের ফেরৎ আসার পথ চেয়ে অপেক্ষা করছিলেন আর তাদের আগমনে তাঁবুর সকলেই তাদের চতুর্দিকে ভীড় করে দাঁড়ালেন এবং তারা যা কিছু ঘটেছে তা তাদের পিতাকে বললেন। প্রত্যেকের হৃদয় ভয়ে কম্পিত হল। মিসরের প্রশাসকের অদ্‌ভুত অদ্‌ভুত আচরণ কোন মন্দাভাস দিচ্ছে বলে মনে হল, এবং তাদের ভয় যথার্থ বলেই প্রমাণ হল যখন তারা সকলে তাদের বস্তা খুলল এবং বস্তার মুখে নিজ নিজ অর্থ পেল। দুঃখে বৃদ্ধ পিতা চিৎকার করে বললেন, "তোমরা আমাকে পুত্রহীন করিয়াছ; যোষেফ নাই, শিমিয়োন নাই, আবার বিন্যমীনকেও লইয়া যাইতে চাহিতেছ; এই সকলই আমার প্রতিকূল।" PPBeng 155.4

কিন্তু অনা-বৃষ্টি বহাল থাকায় মিসর থেকে আনা শস্য প্রায় শেষ হয়ে গেল। দুর্ভিক্ষের আগমনের ছায়া দীর্ঘ হতে দীর্ঘতর হতে লাগল। তাঁবুর অভ্যন্ত রের সকলের মুখে উৎকণ্ঠার চিহ্ন। বৃদ্ধ তাদের অভাব অনুভব করতে পারলেন। পরিশেষে তিনি বললেন, "তোমরা আবার যাও, আমাদের জন্য কিছু খাদ্য কিনিয়া আন। PPBeng 155.5

যিহূদা উত্তর দিলেন, "সেই ব্যক্তি দৃঢ় প্রতিজ্ঞা করিয়া আমাদিগকে বলিয়াছেন, তোমাদের ভাই তোমাদের সঙ্গে না আসিলে তোমরা আমার মুখ দেখিতে পাইবে না। যদি তুমি আমাদের সঙ্গে আমাদের ভাইকে পাঠাও। তবে আমরা গিয়া তোমার জন্য খাদ্য কিনিয়া আনিব। কিন্তু যদি না পাঠাও, তবে যাইব না; কেননা সে ব্যক্তি আমাদিগকে বলিয়াছেন, "তোমাদের ভাই তোমাদের সঙ্গে না আসিলে তোমরা আমার মুখ দেখিতে পাইবে না।" তার পিতার সংলাপ নরম হচ্ছে দেখতে পেরে সে আরো বলল, "বালকটীকে আমার সঙ্গে পাঠাইয়া দেও; আমরা উঠিয়া প্রস্থান করি, তাহাতে তুমি ও আমাদের বালকেরা ও আমরা বাঁচিব।" সে নিজ ভ্রাতার জামিন হতে রাজী হল, আর যদি বিন্যামীনকে তার পিতার কাছে ফিরিয়ে দিতে না পারে, তা হলে চিরজীবনের জন্য দায়ী হতেও সম্মত হল। PPBeng 156.1

যাকোব তার অনুমোদন আর স্থগিত রাখতে পারলেন না। তিনি তার ছেলেদের প্রশাসকের জন্য দুর্ভিক্ষ পীড়িত দেশে যতটুকু সম্ভব ততটুকু উপহার নিয়ে যেতে আদেশ দিলেন - গুগ্‌গুলু, মধু, সুগন্ধি দ্রব্য, গন্ধরস, পেস্তা ও বাদাম," এবং দ্বিগুণ পরিমাণ অর্থ। তিনি আরো বললেন, "আর তোমাদের ভাইকে লও, উঠ, পুনরায় সেই ব্যক্তির নিকটে যাও।" আর যখন তার ছেলেরা সেই সন্দেহজনক যাত্রা শুরু করতে যাচ্ছিলেন, তখন বৃদ্ধ পিতা উঠে দাঁড়ালেন, এবং স্বর্গের দিকে হাত উঠিয়ে প্রার্থনা করলেন, "সর্বশক্তিমান ঈশ্বর তোমাদিগকে সেই ব্যক্তির কাছে করুণার পাত্র করুন, যেন তিনি তোমাদের অন্য ভাইকে ও বিন্যামীনকে ছাড়িয়া দেন।" PPBeng 156.2

আবার তারা মিসরে গেলেন এবং যোষেফের কাছে উপস্থিত হলেন। যখন তার চোখ নিজ মায়ের ছেলে বিন্যামীনের উপর পড়ল, তখন তিনি আবেগে অভিভূত হলেন। তিনি তার আবেগ সংবরণ করলেন এবং আদেশ করলেন যে তাদের সকলকে যেন তার ঘরে নিয়ে যাওয়া হয় কারণ তারা তার সাথে একত্রে খাবার খাবে। ভাইয়েরা এই ভেবে খুবই আতংকিত হল যে তাদের বস্তায় যে অর্থ পাওয়া গিয়েছিল তার ব্যাখ্যা তিনি চাইবেন। তারা ভাবল যে ঐ অর্থ হয়ত বস্তায় রাখা হয়েছিল যেন তাদের দাসত্বে আবদ্ধ করা সম্ভব হয়। তারা তাদের নির্দোষিতা প্রমাণের জন্য পরিচালককে জানালেন যে, যে অর্থ তারা তাদের বস্তায় পেয়েছিল তা তারা ফেরত এনেছেন এবং খাদ্য দ্রব্য কিবার জন্য আরো অতিরিক্ত টাকা এনেছেন, তারা আরো বললেন, "আমাদের সেই টাকা কে বস্তায় রাখিয়াছিল, তাহা আমরা জানি না।" ঐ লোক উত্তর "তোমাদের মঙ্গল হউক, ভয় করিও না; তোমাদের ঈশ্বর, তোমাদের পৈতৃক ঈশ্বর তোমাদের ছালায় তোমাদিগকে গুপ্তধন দিয়াছেন; আমি তোমাদের টাকা পাইয়াছি।" তাদের উকণ্ঠা দূর হল; এবং জেল থেকে মুক্ত হয়ে যখন শিমিয়োন তাদের সাথে যোগ দিল, তারা অনুভব করল যে আসলেই ঈশ্বর তাদের প্রতি অনুগ্রহ করেছেন। PPBeng 156.3

যোষেফের স্বপ্ন আবারও পূর্ণ হয়

PPBeng 157

যখন প্রশাসক তাদের সঙ্গে আবার সাক্ষা করলেন তখন তারা তাকে উপহার দিলেন এবং সসম্মানে "তাঁহার সাক্ষাতে প্রণিপাত করিলেন।" আবার তার মনে তার স্বপ্নের কথা উদয় হল, এবং তিনি জিজ্ঞাসা করলেন, "তোমাদের যে বৃদ্ধ পিতার কথা বলিয়াছিলে, তিনি ভাল আছেন তো? তিনি কি এখনও জীবিত আছেন?" উত্তর হল, "আপনার দাস, আমাদের পিতা কুশলে আছে," এবং তারা আবারও প্রণিপাত করলেন। তখন তার চোখ বিন্যামীনের উপর পড়ল, এবং তিনি জিজ্ঞাসা করলেন, "তোমাদের যে ছোট ভাইয়ের কথা আমাকে বলিয়াছিলে, সে কি এই?..."বস, ঈশ্বর তোমার প্রতি অনুগ্রহ করুন। " আর আবেগে আপ্‌লুত হয়ে তিনি আর কিছুই বলতে পারলেন না। "আর আপন কুঠরীতে প্রবেশ করিয়া সেখানে রোদন করিলেন।" PPBeng 157.1

নিজকে সম্বরণ করার পর, তিনি ফিরে এলেন। জাতীভেদ প্রথার নিয়ম অনুসারে মিস্ত্রীয়রা অন্য কোন কোন জাতীর সাথে একত্রে খেতে পারত না। অতএব, যাকোবের ছেলেরা পৃথক খেতে বসলেন, আর প্রশাসক তার উঁচু পদের জন্য একাকী পৃথক বসলেন। অন্যান্য মিস্ত্রীয়রা আর এক টেবিলে বসলেন। যখন সকলকে বসানো হলো তখন ভাইয়েরা অবাক্ হয়ে দেখলেন যে তাদের বয়স অনুসারে সঠিক ভাবে বসানো হয়েছে। যোষেফ "নিজের সম্মুখ হইতে খাদ্য তুলিয়া তাঁহাদিগকে পরিবেশন করাইলেন," কিন্তু বিন্যামীনকে তাদের চেয়ে পাঁচগুণ অধিক পরিবেশন করালেন। তার প্রতি যে ঈর্ষা ও ঘৃণা প্রকাশ করা হত তা বিন্যামীনের প্রতি করা হয় কিনা তা তিনি যাচাই করতে চাইলেন। তখনও মনে এ ধারণা রেখে যে যোষেফ তাদের ভাষা বুঝেন না, তারা নির্দ্বিধায় নিজেদের মধ্যে আলাপ আলোচনা করলেন; তাতে যোষেফের মনোভাব বোঝার সুযোগ হল। তবুও তিনি তাদের আরো পরীক্ষা করতে চাইলেন। তাদের বিদায় যাত্রা শুরু করার আগে তিনি আদেশ দিলেন যে তার রূপার পানপাত্রটি সবচেয়ে ছোট জনের বস্তায় গোপনে দিয়ে দেয়া হয়। PPBeng 157.2

তাদের অনুতাপের শেষ পরীক্ষা

PPBeng 158

আনন্দে তারা তাদের ফেরৎ যাত্রা শুরু করলেন। শিমিয়োন ও বিন্যামীন তাদের সাথে ছিলেন এবং তাদের পশুর উপর শস্যের বোঝা ছিল। আর সকলেরই মনে হল যে বিপদের ভয় তারা পরিবেষ্টিত ছিলেন তা কেটে গেছে। কিন্তু শহরের শেষ প্রান্তে পৌছাতে না পৌঁছাতেই প্রশাসকের পরিচালক তাদের ধরে ফেললেন এবং অভিযোগ করলেন, "তোমরা উপকারের পরিবর্তে কেন অপকার করিলে? আমার প্রভু যাহাতে পান করেন, ও যদ্দ্বারা গণনা করেন, এ কি সেই বাটি নয়? এই কর্ম করায় তোমরা দোষ করিয়াছ।" এই বাটি এমন ভাবে তৈরী ছিল যেন এতে কোন বিষাক্ত জিনিস রাখলে তা ধরা পড়ে। এই ধরণের বাটি অনেক মূল্যবান ছিল কারণ এটি বিষ প্রয়োগে হত্যা হতে নিরাপত্তা দিত। PPBeng 158.1

পরিচালকের অভিযোগের উত্তরে যাত্রাকারীরা উত্তর করলেন, "মহাশয়, কেন এমন কথা বলেন? আপনার দাসেরা যে এমন কর্ম্ম করিবে, তাহা দূরে থাকুক। দেখুন, আমরা আপন আপন ছালার মুখে যে টাকা পাইয়াছিলাম, তাহা কনান দেশ হইতে পুনর্বার আপনার কাছে আনিয়াছি; তবে আমরা কি কোন মতে আপনার প্রভুর গৃহ হইতে রৌপ্য বা স্বর্ণ চুরি করিব? আপনার দাসদের মধ্যে যাহার নিকটে তাহা পাওয়া যায়, যে মরুক, এবং আমরাও প্রভুর দাস হইব।" PPBeng 158.2

পরিচালক বললেন, "ভাল, এক্ষণে তোমাদের কথা অনুসারেই হউক; যাহার কাছে তাহা পাওয়া যাইবে, সে আমার দাস হইবে, কিন্তু আর সকলে নির্দ্দোষ হইবে।" PPBeng 158.3

শীঘ্রই অনুসন্ধান শুরু হলো। "তখন তাঁহারা শীঘ্র করিয়া আপনাদের ছালাগুলি ভূমিতে নামাইয়া প্রত্যেকে আপন আপন ছালা খুলিলেন।" রূবেণ হতে আরম্ভ করে পর্য্যায়ক্রমে

পরিচালক প্রত্যেকটি ছালা খুঁজে দেখতে লাগলেন। বিন্যামীনের ছালায় বাটীটি পাওয়া গেল। দারুণ দুঃখে তাদের কাপড় ছিঁড়ে ফেললেন এবং ধীরে ধীরে শহরে ফিরে গেলেন। তাদের প্রতিজ্ঞা অনুসারেই বিন্যামীন দাসত্বে পরিণত হবে। তারা পরিচালকের পেছনে পেছনে রাজ প্রাসাদে প্রবেশ করলেন, এবং প্রশাসককে ওখানে দেখতে পেয়ে তাকে প্রণিপাত করলেন। PPBeng 158.4

তিনি বললেন, "তোমরা এ কেমন কাজ করিলে? আমার মত পুরুষ অবশ্য গণণা করিতে পারে, ইহা কি তোমরা জান না?" যোষেফ তাদের পাপের স্বীকারোক্তি আদায় করিতে চাচ্ছিলেন। PPBeng 159.1

যিহূদা উত্তর দিলেন, "আমরা প্রভুর নিকট কি উত্তর দিব? কি কথা বলিব? ঈশ্বর নিজের দাসদের অপরাধ প্রকাশ করিয়াছেন, দেখুন আমরা ও যাহার কাছে বাটি পাওয়া গিয়াছে, সকলেই প্রভুর দাস হইলাম।" PPBeng 159.2

উত্তর হল, "এমন কাজ আমা হইতে দূরে থাকুক; যাহার কাছে বাটি পাওয়া গিয়াছে, সেই আমার দাস হইবে, কিন্তু তোমরা নিরাপদে পিতার নিকটে প্রস্থান কর।" PPBeng 159.3

যিহুদার আর্জি

PPBeng 159

পরম দুঃখে, যিহূদা প্রশাসকের নিকটবর্তী হলেন। অত্যন্ত বাগ্মিতা সহকারে তিনি যোষেফের হারিয়ে যাওয়া, তার পিতার শোক ও তার অত্যন্ত প্রিয়া স্ত্রী রাহেলের একমাত্র অবশিষ্ট সন্তান বিন্যামীনকে তাদের সাথে মিসরে আসতে দিতে তার অনিহার কথা বর্ণনা করলেন। তারপর তিনি বললেন, "অতএব আপনার দাস যে আমার পিতা, আমি তাঁহার কাছে উপস্থিত হইলে আমাদের সংগে যদি এই যুবক না থাকে, তবে এই যুবকের প্রাণে তাঁহার প্রাণ বাঁধা আছে বলিয়া, যুবকটী নাই দেখিলে তিনি মারা পড়িবেন; এইরূপে আপনার এই দাসেরা শোকে পাকা চুলে আপনার দাস আমাদের পিতাকে পাতালে নামাইয়া দিবে। আবার আপনার দাস আমি পিতার নিকটে এই যুবকটীর জামিন হইয়া বলিয়াছিলাম, আমি যদি তাহাকে তোমার নিকটে না আনি, তবে যাবজ্জীবন পিতার কাছে অপরাধী থাকিব। অতএব বিনয় করি, প্রভুর নিকটে এই যুবকটীর পরিবর্তে আপনার দাস আমি প্রভুর দাস হইয়া থাকি, কিন্তু এই যুবককে আপনি তাহার ভাইদের সংগে যাইতে দিউন। কেননা এই যুবকটী আমার সহিত না থাকিলে আমি কি প্রকারে পিতার নিকটে যাইতে পারি? পাছে পিতার যে আপদ ঘটিবে, তাহাই আমাকে দেখিতে হয়।" PPBeng 159.4

যোষেফ সন্তুষ্ট হলেন। তিনি তার ভাইদের মধ্যে প্রকৃত অনুতাপের ফল দেখেছেন। তিনি আদেশ করলেন যে এরা ছাড়া অন্য সকলে সরে যাবে। তখন, জোরে কাঁদতে কাঁদতে তিনি বলেন, "আমি যোষেফ, আমার পিতা কি এখনও জীবিত আছেন?" PPBeng 159.5

পুনর্মিলন

PPBeng 160

ভাইয়েরা ভয়ে এবং বিস্ময়ে স্থবির হয়ে দাঁড়িয়ে রইল। মিসরের শাসনকর্তা হলেন তাদের ভাই যোষেফ, যাকে তারা প্রচন্ড হিংসা করত এবং যাকে তারা হত্যা করতে চেয়েছিল, কিন্তু শেষে ক্রিতদাস হিসাবে বিক্রি করেছিল! তার সাথে যত খারাপ ব্যবহার করেছিল সবই তাদের মনের পর্দায় ভেসে উঠল। তাদের আরো মনে পড়ল যে তার স্বপ্নগুলিকে তারা কত ঘৃণা করত এবং এই স্বপ্ন বাস্তবায়ন যাতে না হয় তার জন্য কত প্রচেষ্টাই না তারা চালিয়েছিল। তথাপি তারা সেগুলি পূরণার্থেই তারা আপন আপন ভূমিকা রেখেছে। এখন যেহেতু ওরা সম্পূর্ণই তারই নিয়ন্ত্রণে ও নিশ্চয়ই ঐ অন্যায়ের প্রতিশোধ নেবে। PPBeng 160.1

তাদের বিহবলতা দেখে তিনি দয়ার স্বরে বললেন, "বিনয় করি, আমার নিকটে আইস", তারা কাছে এলে পর তিনি বলতে থাকলেন, "আমি যোষেফ, তোমাদের ভাই, যাহাকে তোমরা মিসরগামীদের কাছে বিক্রয় করিয়াছিলে। কিন্তু তোমরা আমাকে এই স্থানে বিক্রয় করিয়াছ বলিয়া এখন দুঃখিত কি বিরক্ত হইও না, কেননা প্রাণ রক্ষা করিবার জন্যই ঈশ্বর তেমাদের অগ্রে আমাকে পাঠাইয়াছেন।" তার প্রতি তাদের নিষ্ঠুরতার জন্য তারা যথেষ্ট কষ্ট পেয়েছে ভেবে, তিনি মহত্বের সাথে তাদের তিক্ততা ও আত্ম-অনুশোচনা দূর করতে চাইলেন । PPBeng 160.2

"আর ঈশ্বর পৃথিবীতে তোমাদের বংশ রক্ষা করিতে ও মহৎ উদ্ধারের দ্বারা তোমাদিগকে বাঁচাইতে তোমাদের অগ্রে আমাকে পাঠাইয়াছেন। অতএব তোমরাই আমাকে এই স্থানে পাঠাইয়াছ, তাহা নয়, ঈশ্বর পাঠাইয়াছেন, এবং আমাকে ফরৌণের পিতৃস্থানীয়, তাঁহার সমস্ত বাটীর প্রভু ও সমস্ত মিসর দেশের উপরে শাসনকর্তা করিয়াছেন । তোমরা শীঘ্র করিয়া আমার পিতার নিকটে যাও, তাঁহাকে বল, তোমার পুত্র যোষেফ এইরূপ বলিল, "ঈশ্বর আমাকে সমস্ত মিসর দেশের কর্তা করিয়াছেন; তুমি আমার নিকটে চলিয়া আইস, বিলম্ব করিও না। তুমি ... গোশন প্রদেশে বাস করিবে।...কেননা আর পাঁচ বৎসর দুর্ভিক্ষ থাকিবে; পাছে তোমার ও তোমার পরিজনের ও তোমার সকল লোকের দৈন্যদশা ঘটে।" "পরে যোষেফ আপন ভাই বিন্যামীনের গলা ধরিয়া রোদন করিলেন, এবং বিন্যামীনও তাঁহার গলা ধরিয়া রোদন করিলেন । আর যোষেফ অন্য সকল ভাইকেও চুম্বন করিলেন, ও তাঁহাদের গলা ধরিয়া রোদন করিলেন; তাহার পরে তাঁহার ভ্রাতারা তাঁহার সহিত আলাপ করিতে লাগিলেন।" তারা বিনীত ভাবে তাদের অপরাধ স্বীকার করল ও তার ক্ষমা ভিক্ষা করল। PPBeng 160.3

যা ঘটেছিল তার সংবাদ দ্রুত রাজার নিকট পৌঁছাল। তিনি প্রশাসকের আমন্ত্রণে এই বলে অনুমোদন করলেন যে, "সমস্ত মিসর দেশের উৎকৃষ্ট দ্রব্য তোমাদেরই।" PPBeng 161.1

আনন্দজনক সংবাদসহ যাকোবের ছেলেরা তাদের পিতার কাছে পৌঁছাল। "যোষেফ এখনও জীবিত আছে, আবার সমস্ত মিসর দেশের উপরে সেই শাসনকর্তা হইয়াছে।" প্রথমে বৃদ্ধ অভিভূত হয়ে পড়লেন; যা শুনলেন তা বিশ্বাস করতে পারছিলেন না; কিন্তু যখন তিনি মাল বোঝাই গাড়ী ও পশুর বহর দেখতে পেলেন, এবং যখন বিন্যামীন আবার তার সঙ্গে মিলিত হল, তখন তিনি বিশ্বাস করলেন। আনন্দের আতিশয্যে তিনি চিৎকার করে উঠলেন, "এই যথেষ্ট, আমার পুত্র যোষেফ এখনও জীবিত আছে; আমি গিয়া মরিবার পূর্বে তাহাকে দেখিব।" PPBeng 161.2

দশ ভাইয়ের জন্য আর একটি অবমাননাকর কাজ বাকী ছিল। এখন তারা তাদের পিতার নিকট সেই প্রতারণা ও নিষ্ঠুরতার কাহিনী স্বীকার করল যা এত কাল তার ও তাদের জীবনকে তিক্ত করে রেখেছিল। যাকোব অবশ্যই এত নীচু অপরাধ যে তাদের দ্বারা সম্ভব, তা সন্দেহ করেন নি, কিন্তু তিনি তা এখন তাদের বিরুদ্ধে ধরে রাখলেন না, এবং তিনি তার বিপথগামী ছেলেদের ক্ষমা করলেন ও আশীর্বাদ করলেন। PPBeng 161.3

শীঘ্রই পিতা ও ছেলেরা, তাদের পরিবার, তাদের মেষপাল, পশুপাল, তাদের দাস-দাসী, সমস্ত কিছু সহ মিসরের পথে যাত্রা করলেন। রাতের বেলায় স্বপ্নের মাধ্যমে ঈশ্বরের ধ্বনি আসল, "তুমি মিসরে যাইতে ভয় করিও না, কেননা আমি সে স্থানে তোমাকে বৃহ জাতি করি। আমিই তোমার সঙ্গে মিসরে যাইব, এবং আমিই তথা হইতে তোমাকে ফিরাইয়া আনিব।" PPBeng 161.4

অব্রাহামকে এমন এক বংশের প্রতিজ্ঞা করা হয়েছিল যাদের সংখ্যা আকাশের নক্ষত্রসমূহ হতেও অধিক; কিন্তু অদ্যাবধি এই মনোনীত জাতির সংখ্যা ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছিল। আর কনান দেশ শক্তিশালী পৌত্তলিকতার উপজাতিদের অধীন ছিল যাদের "চতুর্থ পুরুষ" পর্য্যন্ত বিতাড়িত করা সম্ভব হয়নি। যদি ইস্রায়েলের বংশধর এত অধিক হয় তবে হয় তারা দেশের অধিবাসীদের তাড়িয়ে দিতে হবে নতুবা নিজেরা সমস্ত জাতিদের মধ্যে ছড়িয়ে পড়তে হবে। যদি তারা কনানীয়দের সাথে মিশে তাহলে তারা পৌত্তলিকতার মধ্যে জড়িয়ে পড়তে পারে। মিসর ঈশ্বরের লক্ষ্য বাস্তবায়নের জন্য এক উপযুক্ত পরিবেশ প্রদান করেছিল। দেশের একটি অংশ, যা উপযুক্ত জলসিক্ত ও উর্বর ছিল, তাদের দেয়া হল, যেখানে তাদের দ্রুত বৃদ্ধি বাস্তবায়ন সম্ভব হয়ে উঠল। আর মিসরের পৌত্তলিকতার অংশ গ্রহণ থেকে দূরে থেকে, তারা একটি বিশেষ ও পৃথক জাতি হবে। PPBeng 161.5

মিসরে পৌছার পর দলটি সোজা গোপন প্রদেশের দিকে চলেন। রাজকীয় পরিষদবর্গ দ্বারা পরিবেষ্টিত হয়ে, আপন রাজকীয় যানে চড়ে যোষেফ ঐখানে তাদের সহিত সাক্ষাৎ করতে গেলেন। একটিই চিন্তা তার মনকে আচ্ছন্ন করেছিল, একটি আকাঙ্ক্ষা তার হৃদয় ছেয়ে উঠেছিল। যখন তিনি ভ্রমণকারীদের এগিয়ে আসতে দেখলেন তখন যে ভালবাসা অনেক বৎসর যাবৎ চাঁপা দিয়ে রেখেছিল, তা আর বাঁধ মানল না। তিনি নিজ যান হতে নেমে

তার পিতাকে স্বাগত জানাতে দ্রুত এগিয়ে গেলেন। “আর তাহাকে দেখা দিয়া তাঁহার গলা ধরিয়া অনেকক্ষণ রোদন করিলেন। তখন ইস্রায়েল যোষেফকে বলিলেন, এখন স্বাচ্ছন্দ্যে মরিব, কেননা তোমার মুখ দেখিতে পাইলাম, তুমি এখনও জীবিত আছ।” PPBeng 162.1

যোষেফ তার ভাইদের পৌত্তলিক রাজদরবারে প্রলোভন হতে রক্ষা করতে চাইলেন; সুতরাং তিনি তাদের পরামর্শ দিলেন যে তারা যেন সম্রাটকে তাদের সঠিক পেশা সম্বন্ধে বলে। যাকোবের সন্তানেরা তার পরামর্শ অনুসারে কাজ করলেন। আর তারা সযত্নে ব্যাখ্যা করলেন যে তারা এখানে চিরস্থায়ী ভাবে বাস করতে আসেন নি, কিন্তু মাত্র কিছু দিনের জন্য ভ্রমণকারীরূপে থাকবেন; আর এভাবে তারা ফিরে যাবার অধিকারও সংরক্ষণ করলেন। PPBeng 162.2

যাকোবের পড়ন্ত বেলা (শেষ জীবন)

PPBeng 162

তাদের আগমনের কিছু দিনের মধ্যেই যোষেফ তার পিতাকে রাজার সামনে উপস্থিত করল। গোত্রপতি রাজ দরবারে নিয়ম-কানুনে অনঅভিজ্ঞ ছিলেন; কিন্তু প্রকৃতির মনোরম পরিবেশে তিনি আরো অধিক শক্তিশালী সম্রাটের সহিত যোগাযোগ রাখতেন। সুতরাং এখন সচেতন শ্রেষ্ঠতার সহিত তিনি হাত উঠিয়ে ফরৌণকে আশীর্বাদ করলেন। PPBeng 162.3

যোষেফের সহিত প্রথম সাক্ষাতের সময় যাকোব এমন ভাবে কথা বলেছিলেন যে তার এই দীর্ঘ উৎকণ্ঠা ও দুঃখের আনন্দপূর্ণ অবসানের পরে তিনি মরতে প্রস্তুত। কিন্তু গোশনের শান্ত-স্নিগ্ধ পরিবেশে তাকে আরো সতেরটি অতিরিক্ত বসর দান করা হল। পূর্বের বৎসরগুলির তুলনায় এগুলি ছিল খুবই সুখকর। তিনি তার ছেলেদের মধ্যে সত্যিকার অনুতাপের চিহ্ন দেখতে পেলেন; একটি মহাজাতি উৎপন্ন করতে যে অবস্থা প্রয়োজন সেই সমস্ত অবস্থা দ্বারা তিনি তার পরিবারকে পরিবেষ্টিত দেখতে পেলেন; এবং কনানে স্থাপিত হওয়ার নিশ্চিত প্রতিজ্ঞাকে বিশ্বাসের মাধ্যমে তিনি বুঝতে সক্ষম হলেন। আর মিসরের প্রধান মন্ত্রীর প্রেমের যে চিহ্ন ও অনুগ্রহ প্রকাশ করা সম্ভব ছিল তা দিয়ে তিনি সর্বদা বেষ্টিত ছিলেন। PPBeng 162.4

যাকোব যোষেফের সন্তানগণকে পরিবারে গ্রহণ করেন

PPBeng 163

আর একটি বিষয়ের প্রতি মনোযোগ দেয়া প্রয়োজন ছিল যোষেফের সন্তানগণকে ইস্রায়েলের সন্তানগণের মধ্যে পরিণত করা। যোষেফ তার পিতার সাথে শেষ দেখার সময় তার দুই ছেলে, মনঃশি ও ইফ্রয়িমকে সাথে নিয়ে আসেন। এই দুই যুবক তাদের মায়ের মাধ্যমে মিসরীয় যাজকত্বের উচ্চতম পদের সহিত সম্পর্কিত ছিল; এবং তাদের পিতার অবস্থান তাদের অনেক ঐশ্বর্য্য ও মর্য্যাদাশালী করেছিল; সুতরাং ইচ্ছা করলেই তারা

মিসরীয়দের সাথে এক হয়ে যেতে পারত। কিন্তু যোষেফের ইচ্ছা ছিল যে, তারা যেন তাদের নিজের লোকদের সাথে এক হয়। তিনি প্রতিজ্ঞাকৃত চুক্তির প্রতি তার বিশ্বাস এই ভাবে প্রমাণ করলেন যে, তিনি তার ছেলেদের মিসরের সমস্ত সম্মান ও গৌরব ত্যাগ করে, তিনি তার ছেলেদের সেই ঘৃণিত, শেষপালক উপজাতির মধ্যে স্থান নিতে উৎসাহিত করলেন, যে উপজাতির নিকট ঈশ্বরের দৈববাণী গচ্ছিত ছিল। PPBeng 163.1

যাকোব বললেন, "আর মিসরে তোমার কাছে আমার আসিবার পূর্বে তোমার যে দুই পুত্র মিসর দেশে জন্মিয়াছে, তাহারা আমারই, রূবেণ ও শিমিয়োনের ন্যায় ইফ্রয়িম ও মনঃশি আমারই হইবে।" তারা তার নিজ বংশরূপে গৃহীত হবে এবং দুই পৃথক উপজাতির প্রধান হবে। তারা যখন নিকটে আসিল, তখন গোত্রপতি তাদের আলিঙ্গন করলেন ও তাদের মাথায় হাত রেখে তাদের শেষ আশীর্বাদ করলেন। তার আশীর্বাদ এরূপ ছিল, "সেই ঈশ্বর যাহার সাক্ষাতে আমার পূর্বপুরুষ অব্রাহাম ও ইস্হাক গমনাগমন করিতেন। সেই ঈশ্বর যিনি প্রথম হইতে আজ পর্য্যন্ত পালন করিয়া আসিতেছেন সেই দূত যিনি আমাকে সমস্ত আপদ হইতে মুক্ত করিয়াছেন। তিনিই এই বালক দুইটিকে আশীর্বাদ করুন। অতীতের দুঃখ ভরা দিনগুলির জন্য কোন অভিযোগ নাই। এর পরীক্ষা ও কষ্ট তাদের বিরুদ্ধে ছিল বলে গণ্য করা হল না। তার স্মরণে আসল সেই ঈশ্বরের প্রেম পূর্ণ দয়া ও আশীর্বাদের কথা যে ঈশ্বর গোত্রপতির সম্পূর্ণ যাত্রার সময় তার সঙ্গী ছিলেন। PPBeng 163.2

তার সকল সন্তানেরা তার মৃত্যু শয্যার চতুর্দিকে একত্রিত হল। এবং যাকোব তার ছেলেদের ডেকে বললেন, "তোমরা একত্র হও, উত্তরকালে তোমাদের প্রতি যাহা ঘটিবে, তাহা তোমাদিগকে বলিতেছি।" PPBeng 163.3

যাকোব তার ছেলেদের ভবিষ্যত বর্ণনা করেন

PPBeng 164

ভাববাদীর আত্মা তাহার উপর ভর করলেন, এবং তার সামনে তার আগামী বংশধরদের ভাবিষ্যত উন্মুক্ত হল। একের পর এক তার ছেলেদের নাম বলা হল, প্রত্যেকের চরিত্র বর্ণনা করা হল, এবং প্রত্যেক গোত্রের ভবিষ্যৎ ইতিহাস সংক্ষেপে বর্ণনা করা হল। PPBeng 164.1

রূবেণ, তুমি আমার প্রথমজাত,

আমার বল ও আমার শক্তির প্রথম ফল,

মহিমার প্রাধান্য ও পরাক্রমের প্রাধান্য। PPBeng 164.2

এদিকে রূবেণের প্রচন্ড পাপের জন্য সে জ্যেষ্ঠাধিকার ও আশীর্বাদের অযোগ্য বলে বিবেচিত হল। PPBeng 164.3

তুমি (তপ্ত) জলব চপল,

তোমার প্রাধান্য থাকিবে না। PPBeng 164.4

লেবিকে যাজকের কাজ দেয়া হল, যিহূদার কাছে খ্রীষ্ট রাজার প্রতিজ্ঞা করা হল, এবং যোষেফকে উত্তরাধীকারের দুই ভাগ দেয়া হল। ইস্রায়েলদের মধ্যে রূবেণের গোত্র কোন দিনই কোন প্রাধান্য পায় নি; যিহুদা, যোষেফ, অথবা দানের বংশধরদের মত এত সংখ্যাধিক্যও তাদের ছিল না, আর বন্দিত্বে ও নির্বাসনে যাবার প্রথম দল ওরা ছিল। PPBeng 164.5

এর পর শিমিয়োন ও লেবি তারা শিখিমিয়দের প্রতি নিষ্ঠুরতার জন্য একত্রিত হয়েছিল এবং যোষেফকে বিক্রির সময় তাদের অপরাধ সবচেয়ে বেশী ছিল। আমি তাহাদিগকে যাকোবের মধ্যে বিভাগ করিব, ইস্রায়েলের মধ্যে ছিন্নভিন্ন করিব। কনানে প্রবেশের আগে ইস্রায়েলকে আশীর্বাদ করিবার সময় মোশি শিমিয়োনের নাম উল্লেখ করেন নাই। কনানে বসতি স্থাপনের সময়, এই দল যিহূদার ভাগ হতে ছোট একটি অংশ পেয়েছিল, আর এই ধরণের পরিবার সমূহের মধ্যে যারা পরবর্তীকালে শক্তিশালী হয়ে উঠে তারা পবিত্র ভূমির বাইরে বিভিন্ন স্থানে বসতি স্থাপন করে। লেবিও আটচল্লিশটি শহর ছাড়া অন্য কোন উত্তরাধীকার পায় নি। কিন্তু যখন অন্য গোত্রগুলি পৌত্তলিক হয়ে যায় তখন তারা পবিত্র বাক্য থাকার জন্য ধর্মধামে যাজকত্বের ভার পেয়েছিল; এই ভাবে অভিশাপ আশীর্বাদে রূপান্তরিত করা হয়। PPBeng 164.6

যিহূদা, তোমার ভ্রাতৃগণ তোমারই

স্তব করিবে; তোমার হস্ত

তোমার শুক্রগণের ঘাড় ধরিবে,

তব পিতৃসন্তানেরা তোমার সম্মুখে প্রণিপাত করিবে।

যিহুদা হইতে রাজদন্ড যাইবে না,

তাহার চরণযুগলের মধ্য হইতে

বিচারদন্ড যাইবে না, যে পর্য্যন্ত

শীলো না আইসেন; জাতিগণ তাঁহারই

আজ্ঞাবহতা স্বীকার করিবে। PPBeng 164.7

যে জাতি হতে দায়ূদ, ও দায়ূদের সন্তান, শীলো, “যিনি যিহূদা বংশীয় সিংহ” যাকে সমস্ত ক্ষমতা প্রণিপাত করবে এবং সমস্ত জাতি যাঁর বশ্যতা স্বীকার করবে তিনি আসবেন, সেই জাতির উপযুক্ত প্রতীক হল সিংহ, বনের রাজা। PPBeng 165.1

যাকোব তার প্রায় প্রত্যেক ছেলের জন্য একটি প্রগতিশীল ভবিষ্যতের ঘোষণা দিলেন। এর পর যোষেফের নামের পালা আসল, এবং যখন "ভাইগণ হতে পৃথককৃতের মস্তকের" উপর আশীর্বাদের প্রার্থনা করলেন, তখন তার পিতার হৃদয় আবেগে আপ্লুত হল : PPBeng 165.2

যোষেফ ফলবান তরু-পল্লব

জলপ্রবাহের পার্শ্বস্থিত ফলবান্ তরু-পল্লব,

তাহার শাখা সকল প্রাচীর অতিক্রম করে।

ধনুর্দ্ধরেরা তাহাকে কঠোর ক্লেশ দিয়াছিল,

বার্ণাঘাতে তাহাকে উপীড়ন করিয়াছিল,

কিন্তু তাহার ধনুক দৃঢ় থাকিল,

তাহার হস্তের বাহুযুগল বলবান রহিল,

যাকোবের এক বীরের হস্ত দ্বারা,

যিনি ইস্রায়েলের পালক ও শৈল,

তাঁহার দ্বারা,

তোমার পিতার সেই ঈশ্বরের দ্বারা;

আমার পিতৃপরুষদের আশীর্বাদ অপেক্ষা

তোমার পিতার আশীর্বাদ উকৃষ্ট।

তাহা চিরন্তন গিরিমালার সীমা পর্যন্ত ব্যাপ্ত;

তাহা বর্তিবে যোষেফের মস্তকে,

ভ্রাতৃগণ হইতে পৃথককৃতের মস্তকের তালুতে। PPBeng 165.3

যাকোব একজন গভীর প্রেমিক ছিলেন, তার ছেলেদের জন্য তার প্রেম খুব শক্তিশালী ও কমনীয় ছিল। তিনি তাদের প্রত্যেককে ক্ষমা করে দিলেন, এবং শেষ পর্যন্ত তাদের প্রেমের মধ্যে রাখলেন। তার পিতৃসুলভ স্নেহ শুধু উসাহ ও আশারবাণী শোনাত; কিন্তু ঈশ্বরের ক্ষমতা তার উপর ভর করেছিল। উসাহের আত্মার প্রভাব তাকে সত্য বলতে বাধ্য করে, সে সত্য যতই অপ্রিয় হোক না কেন। PPBeng 165.4

যাকোবের শেষ দিনগুলি ছিল একটি ক্লান্ত ও শ্রান্ত দিনের শেষে একটি শান্ত ও মনোরম সন্ধ্যার মত। তাদের পথে মেঘের ঘনঘটা ছিল, তথাপি সূর্য্যাস্ত ছিল পরিষ্কার ও আকাশের রক্তিম আভা বিদায়ের মুহূর্ত্তকে রঙিয়ে দিল। শাস্ত্র লেখা আছে, "সন্ধ্যাকালে দীপ্তি হইবে।" সখরিয় ১৪:৭। "সিদ্ধকে অবধারণ কর, সরলকে নিরীক্ষণ কর; শান্তিপ্রিয় ব্যক্তির শেষ ফল আছে।" গীতসংহিতা ৩৭:৩৭ । PPBeng 166.1

যে সমস্ত ভাল ও সিদ্ধ লোক ঈশ্বরের অনুগ্রহ লাভ করে বিখ্যাত হয়েছেন, পরিত্রাণের বাক্য তাদের দোষ-ত্রুটি সম্বন্ধেও লিখেছে। এতে দুষ্টদের বাইবেলকে বিদ্রূপ করার সুযোগ হয়েছে। কিন্তু এটিই হল পবিত্র বাক্যের অভ্রান্তির শক্ত সাক্ষী যে এর প্রধান প্রধান চরিত্রের জীবনের ঘটনাকে চাপা দেয়া হয়নি এবং তাদের পাপকে ঢেকে রাখা হয়নি। যদি বাইবেল সাধারণ লোক দ্বারা লিখিত হত তবে সম্মানিত ব্যক্তিদের চরিত্র প্রধানত তোষামোদির ভাষায় লেখা হত । PPBeng 166.2

অন্যেরা কি ভাবে আমাদের মতই হতাশার সহিত লড়াই করেছেন, তারা কি ভাবে আমাদের মতই প্রলোভনের কাছে আত্ম সমর্পণ করেছেন, তথাপি তারা সাহস রেখেছেন এবং ঈশ্বরের অনুগ্রহে বিজয় লাভ করেছেন, এই সমস্ত ঘটনা আমাদের ধার্মিকতার পথ চলতে উসাহিত করে। যে ভাবে তারা মাঝে মাঝে পরাজিত হয়েছেন এবং ঈশ্বরের অনুগ্রহে আবার উঠে দাঁড়িয়েছেন ও এগিয়ে গিয়েছেন, সে ভাবে আমরাও খ্রীষ্টের ক্ষমতায় উঠে দাঁড়াতে পারি ও এগিয়ে চলতে পারি । পক্ষান্তরে তাদের জীবন আমাদের প্রতি এক সতর্কবাণীও হতে পারে। ঈশ্বর যখন তার প্রিয় সন্তানদের পাপ দেখতে পান তখন তিনি অধিকতর শক্ত ভাবে সেই পাপের সংশোধনের বন্দোবস্ত করেন। যত শক্ত ভাবে তাদের প্রতি করেন না যারা কম আলো পেয়েছেন ও যাদের দায়িত্বও কম । PPBeng 166.3

যাকোবের কবর দেবার পর যোষেফের ভাইদের হৃদয়ে আবারও ভয় ঢুকল। অপরাধের জ্ঞান তাদের যোষেফের প্রতি অবিশ্বাস ও সন্দেহ পূর্ণ করে তুলল যে এবার হয়ত যোষেফ তাদের অপরাধের জন্য স্থগিত শাস্তি তাদের দেবেন। তাই তারা তার সামনে উপস্থিত হতে ভয় পেল এবং একটি সংবাদ পাঠালো: "তোমার পিতা মৃত্যুর পূর্বে এই আদেশ দিয়াছিলেন, তোমরা যোষেফকে এই কথা বলিও, তোমার ভ্রাতৃগণ তোমার অপকার করিয়াছে, কিন্তু বিনয় করি, তুমি তাহাদের সেই অধর্ম ও পাপ ক্ষমা কর। অতএব এখন আমরা বিনয় করি, তোমার পিতার ঈশ্বরের এই দাসদের অধর্ম ক্ষমা কর।" PPBeng 166.4

এই সংবাদ পেয়ে যোষেফ কাঁদলেন, আর এতে উৎসাহিত হয়ে তাব ভাইয়েরা তার কাছে এসে মাটিতে প্রণিপাত করে বললেন, "দেখ, আমরা তোমার দাস।" যোষেফ মনে এই ভেবে ব্যথা পেলেন যে ওরা মনে করে তিনি প্রতিশোধের স্পৃহা লালন করছেন। তিনি তাদের বললেন, "ভয় করিও না, আমি কি ঈশ্বরের প্রতিনিধি? তোমরা আমার বিরুদ্ধে অনিষ্ট কল্পনা করিয়াছিলে বটে, কিন্তু ঈশ্বর তাহা মঙ্গলের কল্পনা করিলেন; অদ্য যেরূপ দেখিতেছ,

এইরূপে অনেক লোকের প্রাণ রক্ষা করাই তাহার অভিপ্রায় ছিল। তোমরা এখন ভীত হইও না, আমিই তোমাদিগকে ও তোমাদের বালক বালিকাগণকে প্রতিপালন করিব।” PPBeng 167.1

যোষেফের মধ্যে যীশু খ্রীষ্টের দেখা

PPBeng 167

যোষেফের জীবন খ্রীষ্টের জীবনেরই একটি প্রতিকৃতি। হিংসা দ্বারা পরিচালিত হয়ে যোষেফের ভাইয়েরা তাকে ক্রীতদাসরূপে বিক্রি করেছিলেন; তারা আশা করেছিলেন যে তাতে করে সে যেন তাদের থেকে উচ্চে না যায় তা তারা নিশ্চিত করবেন। তারা এই ভেবে আত্ম-সন্তুষ্টি লাভ করেছিল যে আর তারা তার স্বপ্ন দ্বারা কষ্ট পাবে না, তার স্বপ্ন বাস্তবায়নের সকল সম্ভাবনাকেই তারা দূর করেছে। কিন্তু তাদের কার্য্যকলাপকে ঈশ্বর প্রতিহত করলেন এবং এর মাধ্যমে তিনি তাই বাস্তবায়ন করলেন যা তারা নষ্ট করতে চেয়েছিল। একই ভাবে পুরহিতগণ ও প্রাচীনেরা খ্রীষ্টের প্রতি ঈর্ষা পোষণ করতেন। তারা তাঁকে মৃত্যুদন্ড দিলেন যেন তিনি রাজা হতে না পারেন, কিন্তু এই কাজের মাধ্যমেই তারা ঐ ফলই বাস্তবায়িত করলেন। PPBeng 167.2

মিসরে বন্দিত্বের মাধ্যমে যোষেফ তার পিতার পরিবারের রক্ষকে পরিণত হয়েছিলেন; কিন্তু তাতেও তার ভাইদের পাপের বোঝা কমেনি। সেইরূপ শত্রুদের দ্বারা ক্রুশে নিহত হওয়ার ফলে খ্রীষ্ট সমস্ত মানব জাতির মুক্তিদাতা, পতিত জাতির রক্ষাকারী ও সমস্ত পৃথিবীর উপর শাসনকর্ত্তাতে পরিণত হন। কিন্তু তাঁর হত্যাকারীর পাপ এতই নীচু মানের যে মনে হয় ঈশ্বর যেন সেই সময়ের ঘটনাকে নিয়ন্ত্রণ করেন নি PPBeng 167.3

যোষেফ তার সৎ কাজের জন্য অভিযুক্ত হয়েছিলেন ও কারাগারে নিক্ষিপ্ত হয়েছিলেন, যীশু খ্রীষ্ট ঘৃণিত ও অগ্রাহ্য হয়েছিলেন, কেননা তাঁর ধার্মিকতা ও আত্ম-ত্যাগী জীবন পাপের প্রতি তিরস্কারস্বরূপ ছিল; আর যদিও তার কোন অন্যায় ছিল না তথাপি মিথ্যাস্বাক্ষী দাঁড় করিয়ে তাঁকে মৃত্যুদন্ড দেয়া হয়। যোষেফের অন্যায় বিচারে ধৈর্য্য, তার সৎ ভাইদের সহজে ক্ষমা করা ও তাদের উপকার করা, ইত্যাদি মুক্তিদাতার দুষ্টলোকদের ঈর্ষা ও অত্যাচার মুখ বন্ধ করে সহ্য করার সমান এবং যারা তাঁর কাছে তাদের পাপ স্বীকার করে ক্ষমা চায় তাদের সকলকেই যে তিনি ক্ষমা করে দেন তারই উদাহরণ। PPBeng 167.4

যোষেফ তার লোকদের বৃদ্ধি ও ক্রমোন্নতি দেখতে পেয়েছিলেন এবং ঈশ্বর যে ইস্রায়েল জাতিকে প্রতিজ্ঞাত দেশে পুনঃস্থাপন করবেন সে বিষয়ে ঐ বৎসর গুলোতে তার বিশ্বাস অনড় ছিল। PPBeng 168.1

যখন তিনি দেখতে পেলেন যে তার শেষ সময় উপস্থিত, তখন তার শেষ কাজটি ছিল স্বীয় ভাগ্য ইস্রায়েল জাতির সহিত একত্রে গাঁথা। তার কথা ছিল, “ঈশ্বর অবশ্য তোমাদের

তত্ত্বাবধান করিবেন, এবং অব্রাহামের, ইস্‌হাকের, ও যাকোবের নিকটে যে দেশ দিতে দিব্য করিয়াছেন, তোমাদিগকে এই দেশ হইতে সেই দেশে লইয়া যাইবেন।” “যোষেফ একশত দশ বৎসর বয়সে মরিলেন; আর লোকেরা তাঁহার দেহে ক্ষয়-নিবারক দ্রব্য দিয়া তাহা মিসর দেশে একটি শবাধারের মধ্যে রাখিল।’ PPBeng 168.2

শতাব্দির পর শতাব্দি ধরে যে দাসত্বের জীবন তাদের কাটাতে হল, সেই সময় এই শবাধার ইস্রায়েল জাতিকে স্মরণ করিয়ে দিত যে তারা মিসরে পথিক মাত্র, আর তারা যেন তাদের আশা সেই প্রতিজ্ঞাত দেশের প্রতি নিবদ্ধ রাখে তারও উৎসাহ দান করত, কেননা মুক্তির মুহূর্ত নিশ্চয়ই উপস্থিত হবে। PPBeng 168.3

অধ্যায় ২২—ঈশ্বরের লোকদের নেতা, মোশি

PPBeng 169

মিস্ত্রীয় জাতিকে যোষেফ যে সেবা দিয়েছিলেন সেই কারণে যাকোবের সন্তানেরা সে দেশের একটি অংশ পেয়েছিল তা নয় কিন্তু তারা কর প্রদান থেকে মুক্ত ছিল ও দুর্ভিক্ষের সময় যথেষ্ট আহার্য্য দ্রব্য লাভ করত। রাজা জনসমক্ষেই স্বীকার করেছিলেন যে যোষেফের ঈশ্বরের জন্যই মিসরে তখনও প্রাচুর্য্য ভোগ করছে যখন অন্যান্য জাতিগণ দুর্ভিক্ষের কারণে মারা যাচ্ছে। তিনি এও দেখেছিলেন যে যোষেফের ব্যবস্থাপনা তার রাজত্বকে খুব ঐশ্বর্য্যশালী করেছে, আর তাই কৃতজ্ঞতায় তিনি যোষেফের পরিবারকে রাজকীয় অনুগ্রহ দ্বারা বেষ্টন করে রেখেছিলেন। PPBeng 169.1

কিন্তু সময় বয়ে যেতে থাকল, আর যে মহান ব্যক্তির কাছে মিসর এ স্থানে ঋণী তিনি কবরে শায়িত হলেন। এবং "পরে মিসরের উপরে এক নূতন রাজা আসিলেন, তিনি যোষেফকে জানিতেন না।" যোষেফ তার জাতিকে যে সেবা ও উপকার করেছেন এই নূতন রাজা তা জানতেন না তা নয়, তবে তা তিনি স্বীকার করতে চাইতেন না, এবং যতদূর সম্ভব তা বিস্মৃতির অতলে ঢেকে রাখতে চাইতেন। তিনি আপন প্রজাদিগকে বলেন, "দেখ, আমাদের অপেক্ষা ইস্রায়েলদের জাতি বহু সংখ্যক ও বলবান্; আইস আমরা তাহাদের সহিত বিবেচনাপূর্বক ব্যবহার করি, পাছে তাহারা বাড়িয়া উঠে, এবং যুদ্ধ উপস্থিত হইলে তাহারাও শত্রুপক্ষে যোগ দিয়া আমাদের সহিত যুদ্ধ করে, এবং এ দেশ হইতে প্রস্থান যায়।' PPBeng 169.2

কিন্তু ইতিমধ্যেই "আর ইস্রায়েল সন্তানেরা ফলবন্ত, অতি বর্দ্ধিষ্ণু ও বহু বংশ হইয়া উঠিল, ও অতিশয় প্রবল হইল এবং তাহাদের দ্বারা দেশ পরিপূর্ণ হইল।" কিন্তু তারা নিজেদের একটি স্বতন্ত্র জাতি হিসাবে রক্ষা করল, এবং মিসরীয়দের সাথে কৃষ্টি অথবা ধর্ম বিষয়ে কোনরূপ আদান-প্রদান করত না; এবং তাদের সংখ্যাধিক্যতা এখন রাজা ও তার লোকদের ভয়ের কারণ হল। তাদের মধ্যে অনেকেই দক্ষ ও জ্ঞানী কর্মী ছিল, এবং তারা জাতির সম্পদ প্রচুররূপে বৃদ্ধি করল। রাজার জাকজমকপূর্ণ প্রাসাদ ও মন্দির নির্মাণের জন্য ঐ রকম কর্মীরই প্রয়োজন ছিল। তাই তিনি তাদের সেই সব সাধারণ মিসরীয়দের স্তরে ফেললেন যারা তাদের সমস্ত সম্পত্তিসহ নিজেদের রাজ্যের নিকট বিক্রি করে ফেলেছিল। শীঘ্রই তাদের উপর কর্ম তত্ত্বাবধায়ক নিযুক্ত করা হল এবং তাদের দাসত্ব পূর্ণ হল। "আর মিস্ত্রীয়েরা নির্দয়তাপূর্বক ইস্রায়েল- সন্তানদিগকে দাস্যকর্ম করাইল; তাহারা কদম, ইষ্টক, ও ক্ষেত্রের সমস্ত কার্য্যে কঠিন দাস্যকর্ম দ্বারা উহাদের প্রাণ তিক্ত করিতে লাগিল।" "কিন্তু উহারা তাহাদের দ্বারা যত কষ্ট পাইল, ততই বৃদ্ধি পাইতে ও ব্যাপ্ত হইতে লাগিল।" PPBeng 169.3

রাজা এবং তার পরিষদরা আশা করেছিলেন যে কঠোর শ্রমের মাধ্যমে তারা ইস্রায়েলদের সংখ্যা কমিয়ে ফেলবেন এবং তাদের স্বাধীনচেতা মনোভাবকে ধ্বংস করে

দেবেন। এখন আজ্ঞাজারী হল সেই সমস্ত মহিলাদের উপর যাদের পেশা তাদের সুযোগ করে দেয় যে তারা যিহূদীদের পুরুষ- সন্তানকে জন্মের মুহূর্তে মেরে ফেলে। শয়তান জানত যে মুক্তিদাতা ইস্রায়েলদের মধ্যেই আসবেন তাই সে আশা করল যে রাজাকে তাদের সন্তান মেরে ফেলায় প্ররোচিত করে সে ঈশ্বরের লক্ষ্য নষ্ট করে দেবে। কিন্তু ঐ মহিলারা ঈশ্বরকে ভয় করত তাই তারা এই আদেশ কার্য্যকরী করতে সাহস পেল না। PPBeng 170.1

রাজা তার পরিকল্পনার অকৃতকার্য্যতায় ক্রুদ্ধ হয়ে তার আদেশকে আরো কঠোর ও আরো ব্যাপক করলেন। "পরে ফরৌণ নিজের সকল প্রজাকে এই আদেশ দিলেন, তোমরা (ইব্রীয়দের) নবজাত প্রত্যেক পুত্র সন্তানকে নদীতে নিক্ষেপ করিবে, কিন্তু প্রত্যেক কন্যাকে জীবিত রাখিবে।" PPBeng 170.2

অত্যন্ত কঠিন সময়ে মোশির জন্ম হয়

PPBeng 170

যখন ঐ আদেশ পরিপূর্ণ ভাবে বহাল ছিল, ইস্রায়েলদের লেবিয় বংশের অম্রম ও যোকেবদের এক পুত্র জন্ম গ্রহণ করে। যেহেতু পিতা-মাতা বিশ্বাস করতেন যে ইস্রায়েলের মুক্তির সময় এগিয়ে আসছে, এবং ঈশ্বর তার লোকদের মুক্তির জন্য একজন মুক্তিদাতার জন্ম দেবেন, তাই তারা সিদ্ধান্ত নিলেন যে তাদের সন্তানকে ত্যাগ করবেন না (নদীতে ফেলবেন না)। ঈশ্বর এর উপর তাদের বিশ্বাস তাদের হৃদয়কে শক্ত করল, "আর রাজার আজ্ঞাতে (তারা) ভীত হইলেন না।" ইব্রীয় ১১:২৩। PPBeng 170.3

মা সন্তানটিকে তিন মাস লুকিয়ে লুকিয়ে রাখলেন। পরে যখন দেখলেন যে তাকে আর নিরাপদে রাখা সম্ভব নয়, তিনি নল-খাগড়া দ্বারা একটি ছোট পেটরা তৈরী করেন, এবং যাতে এতে জল না ঢুকে তার জন্য মাটিয়া তেল ও আলকাতরা লেপে দেন, এরপর বালকটিকে এর মধ্যে শোয়ায়ে রেখে, তিনি নৌকাটিকে নদীর তীরে নলবনে রেখে দেন। তার বোন মরিয়ম ভাইয়ের কি হয় তা দেখার জন্য আশে পাশে থেকে গেল। PPBeng 170.4

ওখানে অন্যান্য প্রহরী ছিলেন। মা তার সন্তানকে ঈশ্বরের হাতে সঁপে দিয়েছিলেন; এবং অদৃশ্য দূতগণ সেই নীচু আশ্রয়-স্থানের উপরে ঘুরতে থাকলেন । দূতগণই ফরৌণের মেয়েকে পরিচালিত করে ঐখানে নিয়ে এলেন। এই ছোট পেটরা তার ঔৎসুক্য জাগাল, এবং তিনি এর মধ্যের ফুটফুটে শিশুকে দেখতে পেলেন, আর ছেলেটির চোখের জল তার সহানুভূতির উদ্রেক করল; সেই সহানুভূতি সেই অপরিচিত মায়ের কথা স্মরণ করাল যাকে নিজ সন্তান রক্ষার জন্য এই প্রক্রিয়া গ্রহণ করতে হয়। তিনি সিদ্ধান্ত নিলেন যে একে বাঁচাতে হবে; তিনি তাকে তার নিজের সন্তানরূপে গ্রহণ করবেন । PPBeng 171.1

মরিয়ম যখন দেখতে পেল যে শিশুটিকে স্নেহের চোখে দেখা হচ্ছে, তখন সে সাহস করে ফরৌণের মেয়ের নিকটবর্তী হল, এবং শেষে বলল, "আমি কি গিয়া আপনার নিমিত্তে

এই ছেলেকে দুদ দিবার জন্য স্তন্যদাত্রী একটি ইব্রীয় স্ত্রীলোককে আপনার নিকটে ডাকিয়া আনিব?” তাকে অনুমতি দেয়া হল। PPBeng 171.2

বোনটি তখন সুসংবাদ নিয়ে দৌড়ে তার মার কাছে গেল, এবং অল্পক্ষণের মধ্যেই তার মাকে নিয়ে ফরৌণের মেয়ের নিকট উপস্থিত হল। ফরৌণের কন্যা বললেন, “তুমি এই ছেলেটিকে লইয়া আমার জন্য দুগ্ধ পান করাও; আমি তোমাকে বেতন দিব। PPBeng 171.3

বারটী সংক্ষিপ্ত বৎসর

PPBeng 171

ঈশ্বর মায়ের প্রার্থনা শুনেছিলেন। গভীর কৃতজ্ঞতা সহকারে তিনি তার সন্তানকে ঈশ্বরের বিষয়ে শিক্ষা দেবার নিরাপদ ও আনন্দময় কর্তব্য কাজে প্রবেশ করলেন । তিনি জানতেন যে তাকে শীঘ্রই তার রাজ-মাতার হাতে তুলে দিতে হবে যেখানে সে এমন সব প্রভাবের ভিতর পড়বে যা তাকে ঈশ্বর হতে দূরে সরিয়ে নিতে পারে। তিনি তার মনে ঈশ্বরের প্রতি ভয় এবং সত্য ও ন্যায়ের প্রতি প্রেম দ্বারা পূর্ণ করতে সচেষ্ট হলেন। তিনি তাকে পৌত্তলিকতার পাপ ও মূর্খতা সম্বন্ধে শিক্ষা দিলেন, এবং ছোট বেলা হতে প্রণিপাতের মাধ্যমে সেই জীবন্ত ঈশ্বরের আরাধনা করতে শিক্ষা দিলেন যিনি তাকে শুনতে পারেন এবং সর্ব প্রকার বিপদে সাহায্য করতে পারবেন। PPBeng 171.4

প্রতি দিন সম্ভব তিনি ছেলেকে নিজের কাছে রাখলেন কিন্তু যখন সে প্রায় বার বৎসরের হল তখন তিনি তাকে ফিরিয়ে দিতে বাধ্য হলেন। তার ক্ষুদ্র ও দরিদ্র কুঠির হতে তাকে রাজ প্রাসাদে ফরৌণের মেয়ের কাছে নিয়ে যাওয়া হল, “তাহাতে সে তাহারই পুত্র হইল।” কিন্তু এখানে এসেও মার কাছ থেকে যে শিক্ষা সে পেয়েছিল তা ভুলে গেল না। রাজ দরবারে যে গর্ব, যে পৌত্তলিকতা, যে নষ্টামী অতি মাত্রায় বিরাজমান, সেগুলি হতে রক্ষা পাবার জন্য ঐ শিক্ষা ছিল এক ধর্মস্বরূপ । PPBeng 171.5

মোশির সমস্ত ভবিষ্যৎ জীবন, এবং ইস্রায়েলের মহান নেতা হিসাবে যে লক্ষ্য তিনি পূর্ণ করেছিলেন, মায়েদের কাজের গুরুত্ব সম্পর্কে উজ্জ্বল সাক্ষী আর কোন কাজই এর সমতুল্য হতে পারে না। মা মন চরিত্র উন্নয়ন সম্পর্কে কাজ করেন, শুধু এ পৃথিবীর জন্য নয় কিন্তু পরকালের জন্যও। তিনি বীজ বপন করছেন, যে বীজ থেকে ফল আসবে, হয় ভাল ফল নয়ত মন্দ ফল। তিনি কোন চিত্রপটের উপর সুন্দর একটি চিত্র আঁকছেন না অথবা মারবেল পাথরে কোন মূর্তি খোদাই করছেন না, কিন্তু একটি মনুষ্যের হৃদয়ে ঈশ্বরের ছবি আঁকছেন । মনের উন্নতি সাধনে যে সকল চিহ্ন অঙ্কিত হয় তা সমস্ত জীবন ভর থেকে যাবে। পৃথিবীর সিংহাসন অধিকার করে তাতে বসার জন্য আমাদের সন্ত ানসন্ততি দেয়া হয় না, কিন্তু তাদের আমাদের নিকটে দেয়া হয় ঈশ্বরের ভাববাদীরূপে অনন্তকাল রাজত্ব করার জন্য । PPBeng 172.1

অবশেষে হিসাব-নিকাসের দিনে দেখা যাবে যে যাদের দায়িত্ব ছিল শিশুর পদক্ষেপকে সঠিক ভাবে চালনা করা তাদের অজ্ঞতা ও অবহেলার জন্য অনেক অপরাধ সংঘটিত হয়েছে। তখন এও দেখা যাবে যে যারা পৃথিবীকে প্রতিভা ও সত্য ও পবিত্রতার আলোয় আলোকিত করেছেন তারা তাদের কৃতকার্য্যতার জন্য তাদের প্রার্থনাকারীণী মাদের কাছে ঋণী। PPBeng 172.2

ফরৌণের দরবারে মোশি সর্বোচ্চ রাজনীতি ও সমরনীতি শিক্ষা করেন। সম্রাট সংকল্প করেছিলেন যে তার সিংহাসনের উত্তরাধিকারী হবে তার এই দত্তক পৌত্র, সুতরাং যুবককে ঐ উচ্চ গন্তব্যের জন্য শিক্ষাদান করা হয়। “আর মোশি মিস্ত্রীয়দের সমস্ত বিদ্যায় শিক্ষিত হইলেন, এবং তিনি বাক্যে ও কার্য্যে পরাক্রমী ছিলেন।” প্রেরিত ৭:২২। সেনাপতি হিসাবে তার দক্ষতার জন্য তিনি মিসরের সেনা বাহিনীর নিকট অত্যন্ত প্রিয় ছিলেন, এবং সাধারণত: তাকে অত্যন্ত সৎ ও সাহসী চরিত্রের অধিকারীরূপে গণ্য করা হত। শয়তান তার লক্ষ্যে পরাজিত হয়েছিল। যিহূদীদের সন্তানদের মৃত্যুদন্ড দানের আদেশকেই ঈশ্বর নিয়ন্ত্রণ করলেন এবং তা তার লোকদের ভবিষ্যৎ নেতাকে প্রস্তুত করতে ব্যবহার করলেন। PPBeng 172.3

ইস্রায়েলদের প্রাচীনদের দূতগণ শিক্ষা দিয়েছিলেন যে তাদের মুক্তির সময় নিকটবর্তী এবং মোশি ছিলেন সেই লোক যাকে ঈশ্বর এই কাজে নিয়োগ করবেন। দূতগণ মোশিকে শিক্ষা দিয়েছিলেন যে ঈশ্বর তাকে তার লোকদের বন্ধনের জোয়ালী ভাঙ্গার জন্য মনোনীত করেছেন। এই স্বাধীনতা অস্ত্রের মাধ্যমে লাভ করতে হবে মনে করে তিনি মিস্ত্রীয় সৈন্যদের বিরুদ্ধে যুদ্ধে ইস্রায়েলদের পরিচালনা করার আশা পোষণ করছিলেন। PPBeng 173.1

যুবক মোশিকে কি ভাবে পরীক্ষা করা হয়

PPBeng 173

মিসরের আইন অনুসারে, যারা ফরৌণের সিংহাসনে বসবেন তাদের সকলকেই যাজকীয় গোত্রের অন্তর্ভুক্ত হতে হত। রাজত্বের উত্তরাধিকারী হিসাবে মোশিকেও জাতীয় ধর্মের গূঢ় রহস্যসমূহের মধ্যে দীক্ষা নেয়ার প্রয়োজন ছিল। কিন্তু তাকে দেব-দেবতার আরাধনা করতে বাধ্য করা যাচ্ছিল না। তাকে রাজত্ব হারাবার ভয় দেখানো হল এবং তাকে সতর্ক করে দেয়া হলো যে যদি তিনি যিহূদীদের ধর্ম অবলম্বন করেন তবে রাজার মেয়ে তাকে ত্যাজ্য করে দেবেন। কিন্তু স্বর্গ ও পৃথিবীর স্রষ্টা একমাত্র ঈশ্বর ছাড়া অন্য কাউকে তার আনুগত্য ও আরাধনা না দেয়ার ব্যাপারে তিনি দৃঢ়-সংকল্প ছিলেন। প্রাণহীন বস্তুর অন্ধকারাচ্ছন্য যাজকত্বে যে মূর্খতা ছিল তা নিয়ে তিনি ধর্মীয় যাজক ও আরাধনাকরীদের সহিত যুক্তি তর্ক করতেন। তার উচ্চ অবস্থানের জন্য এবং রাজা ও জনসাধারণ যে অনুগ্রহ ও সম্মান তাকে দিতেন তার জন্য মোশির এই দৃঢ় ভাবে প্রতিহত করাকে কিছু কালের জন্য সহ্য করা হয়। PPBeng 173.2

“বিশ্বাসে মোশি বয়ঃপ্রাপ্ত হইলে পর ফরৌণের কন্যার পুত্র বলিয়া আখ্যাত হইতে অস্বীকার করিলেন; তিনি পাপজাত ক্ষণিক সুখভোগ অপেক্ষা বরং ঈশ্বরের প্রজাবৃন্দের সঙ্গে দুঃখভোগ মনোনীত করিলেন, তিনি মিসরের সমস্ত ধন অপেক্ষা খ্রীষ্টের দুর্ণাম মহাধন জ্ঞান করিলেন, কেননা, তিনি পুরস্কারদানের প্রতি দৃষ্টি রাখিতেন।” ইব্রীয় ১১:২৪-২৬। মোশি পৃথিবীর সর্ব শ্রেষ্ঠ লোকদের অন্যতম হওয়ার জন্য পৃথিবীর সর্ব শ্রেষ্ঠ ও গৌরবময় রাজ্যকে আলোকিত করার জন্য, এবং ক্ষমতার দন্ড গ্রহণ করার জন্য সম্পূর্ণ যোগ্য ছিলেন। ঐতিহাসিক রূপে, কবি রূপে, দার্শনিক রূপে, সৈন্য বাহিনীর সেনাপতিরূপে, এবং আইনজ্ঞরূপে তিনি ছিলেন অনন্য। কিন্তু সমস্ত তার সম্মুখে থাকা সত্ত্বেও ঐশ্বর্য্য, মহত্ব, এবং গৌরব অস্বীকার করার মত তার নৈতিক শক্তি ছিল, আর তিনি “ঈশ্বরের প্রজাবৃন্দের সঙ্গে দুঃখভোগ মনোনীত করিলেন।” PPBeng 173.3

ফরৌণের মহিমান্বিত প্রাসাদ এবং মিসরের সিংহাসন মোশির সামনে প্রলোভনরূপে তুলে ধরা হয়েছিল; কিন্তু তিনি জানতেন যে পাপ পূর্ণ আমোদ- প্রমোদ ঈশ্বরকে ভুলিয়ে দেয় সেই সমস্তই ঐ রাজ্যে দরবারে ছিল । রাজ প্রাসাদ থেকে দূরে, রাজার মুকুট থেকে দূরে, পাপ হীন রাজত্বে সর্বশক্তিমানের যে সম্মানে ভূষিত করা হবে তিনি সেই সকলের দিকে তাকিয়ে ছিলেন । বিজয়ীর মস্তকে স্বর্গের রাজা যে অক্ষয় মুকুট পরিয়ে দেবেন, বিশ্বাসের চক্ষু দিয়ে তিনি তার দিকে তাকিয়ে ছিলেন। ঐ বিশ্বাস তাকে নম্র, দরিদ্র, ও ঘৃণিত সেই জাতির সাথে যুক্ত করল যে জাতি পাপের দাসত্ব থেকে ঈশ্বরকে মানতে সিদ্ধান্ত নিয়েছিল । PPBeng 174.1

চল্লিশ বৎসর বয়স পর্যন্ত মোশি রাজ-দরবারে থাকলেন। দাসত্বে আবদ্ধ তার ভাইদের তিনি সাক্ষাৎ করতেন এবং এই নিশ্চয়তা প্রদানের মাধ্যমে তিনি তাদের উৎসাহিত করতেন যে ঈশ্বর তাদের মুক্তির বন্দোবস্ত করবেন। একদিন একজন মিস্ত্রীয় একজন ইস্রায়েলকে মারছে দেখতে পেয়ে, তিনি ঘুসী মেরে মিস্ত্রীয়কে মেরে ফেলেন। ইস্রায়েলীয়রা ছাড়া এ বিষয়ে আর কোন সাক্ষী ছিল না, তাই মোশি মৃত দেহটি বালিতে কবর দিলেন। তিনি এখন নিজ লোকদের জন্য যুদ্ধ করতে রাজী তার প্রমাণ দিলেন এবং আশা করলেন যে ইস্রায়েলীয়রা বিদ্রোহ করবে এবং নিজেদের স্বাধীনতা ছিনিয়ে নেবে। “তিনি মনে করিতেছিলেন, তাহার ভাইয়েরা বুঝিয়াছে যে, তাহার হাত দ্বারা ঈশ্বর তাহাদিগকে উদ্ধার করিতেছেন; কিন্তু তাহারা বুঝিল না।” প্রেরিত ৭:২৬। তারা তখনও স্বাধীনতার জন্য প্রস্তুত ছিল না । PPBeng 174.2

এর পরের দিন মোশি দেখলেন যে দু'জন ইব্রীয় ঝগড়া করছে, আর একজন দেখা যাচ্ছে যে অন্যজনের সহিত অন্যায় ব্যবহার করছে। মোশি অন্যায়কারীকে ভর্ৎসনা করলেন, সে তৎক্ষণাৎ এর প্রতিউত্তরে জানাল যে মোশির তাদের ব্যাপারে জড়িয়ে পড়ার এবং তাকে নীচ অভিযোগ করার কোন অধিকার নাই: সে বলল, “তোমাকে অধ্যক্ষ ও

বিচারকর্তা করিয়া আমাদের উপরে কে নিযুক্ত করিয়াছে? তুমি যেমন সেই মিস্ত্রীয়কে বধ করিয়াছ, তদ্রূপ কি আমাকেও বধ করিতে চাহ?” PPBeng 174.3

সমস্ত বিষয়টি ফরৌণের কাণে গেল। রাজাকে বুঝানো হল যে এই ঘটনার অর্থ সুদূর প্রসারিত, তাকে বুঝানো হল যে মোশি তার লোকদের মিস্ত্রীয়দের বিরুদ্ধে পরিচালিত করার মাধ্যমে সরকারকে গদিচ্যূত করে নিজে সিংহাসনে বসতে চান। রাজা তৎক্ষণাৎ সিদ্ধান্ত নিলেন যে মোশিকে মরতে হবে, কিন্তু নিজের বিপদের কথা জানতে পেরে মোশি আরব দেশের দিকে পালিয়ে গেলেন। PPBeng 174.4

সদাপ্রভূ তার পরিচালক হলেন, এবং তিনি মিদিয়নীয় যাজক ও রাজপুত্র যিথ্রোর বাড়ীতে বাস করতে আরম্ভ করলেন। যিথ্রো ঈশ্বরের আরাধনাকারী ছিলেন। কিছু দিন পরে মোশি যিথ্রোর এক মেয়েকে বিয়ে করলেন; তার মেষদের পালকরূপে মোশি এখানে চল্লিশ বৎসর বাস করলেন। PPBeng 175.1

মোশি যে ভাবে চিন্তা করেছিলেন ঈশ্বর সে ভাবে যুদ্ধের মাধ্যমে তার লোকদের মুক্তি করতে চান নি, কিন্তু তিনি চেয়েছিলেন তার মহা ক্ষমতার মাধ্যমে তাদের মুক্তি করতে, যেন সমস্ত গৌরব শুধু তাঁকেই দেয়া হয় । মোশি ঐ মহান কাজের জন্য প্রস্তুত ছিলেন না। অব্রাহাম ও যাকোব যা শিক্ষা করেছিলেন...ঈশ্বরের প্রতিজ্ঞা পূর্ণ করার জন্য মানুষের শক্তি ও বুদ্ধির উপর নির্ভর না করে ঈশরের ক্ষমতার উপর নির্ভর করতে হবে। সেই বিশ্বাসের শিক্ষা মোশি তখনও পাননি। আত্ম-ত্যাগ ও কষ্টের বিদ্যালয়ে তাকে তার আবেগকে নিয়ন্ত্রণে রাখতে ও ধৈর্য্য ধরতে শিক্ষা করা প্রয়োজন ছিল। ইস্রায়েলদের তার ইচ্ছা জানতে শিক্ষা দেবার আগেও যারা তার সাহায্য কামনা করে তাদের প্রতি পিতৃতুল্য ব্যবহার করার আগে তার নিজের হৃদয় ঈশ্বরের সাথে ঐক্যতানে আসতে হবে। PPBeng 175.2

ভুল পদ্ধতিতে ঈশ্বরের কাজ করা

PPBeng 175

মোশি অনেক কিছু শিক্ষা করেছিলেন যা তার ভুলে যাওয়া প্রয়োজন ছিল। মিসরে যে প্রভাব তার চতুর্দিকে ছিল তা তার বর্ধনশীল মনের উপরে গভীর দাগ কেটেছিল এবং অনেকাংশে তার অভ্যাস ও তার চরিত্র গড়ে তুলেছিল । সময় এই দাগগুলো মুছে ফেলতে পারে। মোশির পক্ষে জীবন পণ সংগ্রাম প্রয়োজন ছিল যেন তিনি মিথ্যা ত্যাগ করে সত্য গ্রহণ করতে পারেন, কিন্তু যখন এই সংগ্রাম মানুষের সহ্যশক্তির বাইরে চলে যাবে তখন অবশ্যই ঈশ্বর তার সহায় হবেন। PPBeng 175.3

“যদি তোমাদের কাহারও জ্ঞানের অভাব হয়, তবে সে ঈশ্বরের কাছে যাচঞা করুক; তিনি সকলকে অকাতরে দিয়া থাকেন, তিরস্কার করে না; তাহাকে দত্ত হইবে ।” যাকোব ১:৫। কিন্তু ঈশ্বর মানুষকে ততক্ষণ কোন স্বর্গীয় আলো দেবেন না যতক্ষণ তারা অন্ধকারে

থাকতে চায়। ঈশ্বরের সাহায্য পাওয়ার জন্য মানুষকে তার দুর্বলতা ও অপর্যাপ্ততা অনুধাবন করতে হবে; যে মহা পরিবর্তন তার মধ্যে সাধিত হবে, তাতে তাকে মনোনিবেশ করতে হবে; একনিষ্ঠ ভাবে প্রার্থনা করতে হবে ও প্রচেষ্টা চালাতে হবে। পাহাড়ের প্রাচীর দ্বারা বেষ্টিত হয়ে, মোশি একাকী ঈশ্বরের সঙ্গে ছিলেন। চিরন্তন পাহাড়ের গুরু- গম্ভীর মহনীয়তায় তিনি সর্বশক্তিমানের মহিমা অবলোকন করতেন, আর এর বৈপরিত্যে অনুধাবন করতে পারতেন যে মিস্ত্রীয়দের দেব-দেবতা কতই তুচ্ছ ছিল। এখানে এসে তার গৌরব ও আত্ম-নির্ভরশীলতা বিলীন হয়ে গিয়েছিল । মিসরের বিলাসিতার ফল তিরোহিত হয়েছিল। মোশি ধৈর্য্যশীল, সম্মানীত, ও বিনম্র, ব্যক্তিত্বে পরিণত হন। “ভূমন্ডলস্থ মনুষ্যদের মধ্যে সকল অপেক্ষা মোশি লোকটী অতিশয় মৃদুশীল ছিলেন” (গণনা ১২:৩), তথাপি বিশ্বাসে ছিলেন অত্যন্ত শক্ত । PPBeng 175.4

বৎসরের পর বৎসর গত হতে থাকল আর ইস্রায়েল জাতির জন্য তার প্রার্থনা দিবা-রাত্র ঈশ্বরের নিকট উপস্থিত হতে লাগল। এইখানেই পবিত্র আত্মার উদ্দীপনায় তিনি আদিপুস্তকের বইখানি লিখেন। যে দীর্ঘ বৎসর সমূহ তিনি মরুভূমির মধ্যে একাকীত্বে কাটিয়েছিলেন সেগুলি পৃথিবীর জন্য চিরকালীন আশীর্বাদে পরিণত হল। PPBeng 176.1

মুক্তির সময় উপস্থিত হল

PPBeng 176

“অনেক দিন পরে মিসর রাজের মৃত্যু হইল, এবং ইস্রায়েল সন্তানগণ দাস্যকর্ম প্রযুক্ত কাতরোক্তি ও ক্রন্দন করিল, এবং দাস্যকর্মের জন্য তাহাদের আর্তনাদ ঈশ্বরের নিকটে উঠিল।...ফলত: ঈশ্বর ইস্রায়েল সন্তানদের প্রতি দৃষ্টিপাত করিলেন; আর ঈশ্বর তাহাদের তত্ত্ব লইলেন।” মুক্তির সময় উপস্থিত হল। PPBeng 176.2

ঈশ্বরের উদ্দেশ্য এমন ভাবে সাধন হতে যাচ্ছিল যাতে মানুষের গর্ব ধূলিস্মাত হয়। মুক্তিদাতা একটি লাঠি হাতে নিয়ে একজন অতি সাধারণ মেষ- পালকরূপে উপস্থিত হতে যাচ্ছিলেন, আর ঈশ্বর ঐ লাঠিকেই তার ক্ষমতা ও শক্তির প্রতীকে পরিণত করতে যাচ্ছিলেন। PPBeng 176.3

একদিন তার মেষপাল নিয়ে মোশি হোরেবে, “ঈশ্বরের পর্বতে”, উপস্থিত হলেন। তিনি দেখলেন একটি ঝোপে আগুন জ্বলছে, কিন্তু ঝোপ পুড়ছে না। তিনি ঝোপের আরো কাছে গেলেন, তখন ঝোপ হতে তার নাম ধরে একটি ধ্বনি হলো। কম্পিত স্বরে তিনি উত্তর করলেন, “দেখুন, এই আমি।” তাকে সতর্ক করা হল যে তিনি যেন অমর্যাদা ভরে সামনে না আগান: “তোমার পদ হইতে জুতা খুলিয়া ফেল; কেননা যে স্থানে তুমি দাঁড়াইয়া আছ, উহা পবিত্র ভূমি।...আমি তোমার পিতার ঈশ্বর, অব্রাহামের ঈশ্বর, ইস্‌হাকের ঈশ্বর ও যাকোবের ঈশ্বর। তখন মোশি আপন মুখ আচ্ছাদন করিলেন, কেননা তিনি ঈশ্বরের প্রতি দৃষ্টি করিতে ভীত হইয়াছিলেন।।” PPBeng 176.4

মোশি যখন সশ্রদ্ধ ভয়ে ঈশ্বরের সামনে দাঁড়িয়ে রইলেন, তখন ঈশ্বরের বাক্য বলতে থাকলেন, "সত্যই আমি মিসরস্থ বসবাসকারী নিজ সন্তানদের কষ্ট দেখিয়াছি, এবং কার্য্যশাসকদের সম্মুখে তাহাদের ক্রন্দনও শুনিয়াছি; ফলতঃ আমি তাহাদের দুঃখ জানি। আর মিস্ত্রীয়দের হস্ত হইতে তাহাদিগকে উদ্ধার করিবার জন্য, এবং সেই দেশ হইতে উঠাইয়া লইয়া উত্তম ও প্রশস্ত এক দেশে....সেই দুগ্ধমধুপ্রবাহী দেশে তাহাদিগকে আনিবার জন্য নামিয়া আসিয়াছি।...অতএব এখন আইস, আমি তোমাকে ফরৌণের নিকট প্রেরণ করি, তুমি মিসর হইতে আমার প্রজা ইস্রায়েলদিগকে বাহির করিও।" PPBeng 177.1

বিস্ময়ে হতবাক, মোশি ভয়ে আৎকে উঠলেন এবং বললেন, "আমি কে যে ফরৌণের নিকটে যাই, ও মিসর হইতে ইস্রায়েল সন্তানদিগকে বাহির করি?" PPBeng 177.2

মোশি তার লোকদের অন্ধত্ব, অজ্ঞতা, ও বিশ্বাসহীনতার কথা স্মরণ করলেন । অনেকেই ঈশ্বর সম্বন্ধে বিশেষ কিছুই জানত না। তাই তিনি বললেন, 'দেখ, আমি যখন ইস্রায়েল সন্তানদের নিকটে গিয়া বলিব, তোমাদের পিতৃপুরুষদের ঈশ্বর তোমাদের নিকটে আমাকে পাঠাইয়াছেন, তখন যদি তাহারা জিজ্ঞাসা করে, তাহার নাম কি? তবে তাহাদিগকে কি বলিব?" উত্তর হল, "আমি যে আছি সেই আছি;...'আছি' তোমাদের নিকটে আমাকে প্রেরণ করিয়াছেন।" PPBeng 177.3

মোশিকে আদেশ করা হল যে তিনি প্রথমে ইস্রায়েলের সেই সকল প্রাচীনদের একত্রিত করবেন যারা তাদের দাসত্বের জন্য দীর্ঘকাল যাবত দুঃখ করছিলেন, এবং ঈশ্বরের কাছ থেকে যে বাক্য এসেছে তা তাদের জানাবেন । তারপর তিনি রাজার দরবারে যাবেন এবং বলবেন: "সদাপ্রভু, ইব্রীয়দের ঈশ্বর আমাদিগকে দেখা দিয়াছেন; অতএব বিনয় করি, আমাদের ঈশ্বর সদাপ্রভুর উদ্দেশে যজ্ঞ করণার্থে আমাদিগকে তিন দিনের পথ প্রান্তরে যাইবার অনুমতি দিউন।" PPBeng 177.4

মোশিকে পূর্ব হতেই সতর্ক করে দেয়া হয় যে ফরৌণ তাদের অনুরোধ অগ্রাহ্য করবে। তথাপি ঈশ্বরের সন্তানদের সাহস যেন কোন ভাবেই কমে না যায়। ঈশ্বর তার ক্ষমতা প্রকাশ করবেন। "পরও আমি হস্ত বিস্তার করিব, এবং দেশের মধ্যে যে সমস্ত আশ্চর্য্য কার্য্য করিব, তদ্বারা মিসরকে আঘাত করিব, তৎপরে সে তোমাদিগকে যাইতে দিবে।" PPBeng 177.5

সদাপ্রভূ আরো ঘোষনা করলেন যে, "আর আমি মিস্ত্রিয়দের দৃষ্টিতে এই লোকদিগকে অনুগ্রহের পাত্র করিব; তাহাতে তোমরা যাত্রাকালে রিক্ত হস্তে যাইবে না; কিন্তু প্রত্যেক স্ত্রী আপন আপন প্রতিবাসিনী কিংবা গৃহে প্রবাসিনী স্ত্রীর কাছে রৌপ্যালঙ্কার, স্বর্ণালংকার, ও বস্ত্র চাহিবে।" মিস্ত্রিয়রা ইস্রায়েলীদের নিকট হতে অন্যায় শ্রম গ্রহণের মাধ্যমে সম্পদশালী হয়ে উঠেছিল, এবং এখন তাদের বৎসরের পর বৎসর শ্রমের জন্য কিছু পুরস্কার গ্রহণ করা ন্যায্য। ঈশ্বর মিস্ত্রীয়দের মনে ওদের প্রতি সদ্ভাবের সৃষ্টি করবেন। দাসদের অনুরোধ অনুমোদন করা হবে। PPBeng 178.1

মোশি তার লোকদের কি প্রমাণ দেবেন যে ঈশ্বর তাকে পাঠিয়েছেন? তিনি বললেন, “কিন্তু দেখুন, তাহারা আমাকে বিশ্বাস করিবে না, ও আমার রবে মনোযোগ করিবে না, কেননা তাহারা বলিবে, সদাপ্রভু তোমাকে দর্শন দেন নাই।” তাকে বলা হল যে তিনি যেন তার লাঠি মাটির উপর ফেলেন। যখন তিনি তা করলেন, “তাহা সর্প হইল; আর মোশি তাহার সম্মুখ হইতে পলায়ন করিলেন।” তাকে আদেশ করা হল যে তিনি যেন ওটিকে ধরেন, আর তার হাতের মধ্যে উহা লাঠিতে পরিণত হল। তাকে বলা হল তার হাত যেন তিনি বুকে রাখেন। তিনি তাই করলেন, এবং “পরে তাহা বাহির করিলে দেখ, তাহার হস্ত হিমের ন্যায় কুষ্ঠযুক্ত হইয়াছে।” তাকে হাত আবার বুকের উপর রাখতে বলার পর তিনি তা করলেন এবং হাত বের করার পর দেখতে পেলেন যে তা অন্য হাতের মত হয়ে গিয়েছে। এ সমস্ত চিহ্ন দ্বারা তার নিজের লোকেরা ও ফরৌণ বিশ্বাস করবেন যে মিসরের রাজার চেয়ে ক্ষমতাশালী একজন তাদের মধ্যে উপস্থিত হয়েছেন। PPBeng 178.2

মোশির অনিচ্ছা প্রকাশ

PPBeng 178

কিন্তু দুঃখ ও ভয়ে ঈশ্বরের সন্তান তার এখন তার কথা বলার অক্ষমতাকে বাধারূপে তুলে ধরলেন: “হায় প্রভু! আমি বাকপটু নহি।...কারণ আমি জড়মুখ ও জড়জিহবা।” তিনি মিসর থেকে এতকাল অনুপস্থিত যে তাদের ভাষাও তিনি আর আগের মত বলতে পারেন না। PPBeng 178.3

মোশি মিনতি করলেন যে তার থেকে যোগ্য কোন ব্যক্তিকে এই দায়িত্ব দেয়া হোক। কিন্তু যখন ঈশ্বর প্রতিজ্ঞা করলেন যে তার সকল অন্তরায় দূর করা হবে ও তাকে কৃতকার্য্য করা হবে, তার অযোগ্যতার আর কোন অভিযোগ ঈশ্বরের প্রতি অবিশ্বাস প্রকাশ করা হবে। এতে মনে হবে যে ঈশ্বর তাকে যোগ্য করে তুলতে অক্ষম, অথবা তিনি লোক মনোনয়নে ভুল করেছেন। PPBeng 178.4

তার বাড় ভাই, হারোণ মিস্ত্রীয়দের ভাষা দৈনন্দিন জীবনে ব্যবহারের মাধ্যমে তা যথেষ্ট ভাল ভাবে বলতে পারেন। তাকে বলা হল যে হারোণ তার সাথে দেখা করতে আসছেন। সদাপ্রভূর পরের কথা ছিল নির্ভুল আদেশ। PPBeng 179.1

“তুমি তাহাকে বলিবে, ও তাহার মুখে বাক্য দিবে।...তোমার পরিবর্তে সে লোকদের কাছে বক্তা হইবে; ফলতঃ সে তোমার মুখস্বরূপ হইবে, এবং তুমি তাহার ঈশ্বর স্বরূপ হইবে। আর তুমি এই যষ্টি হস্তে করিবে, ইহা দ্বারাই তোমাকে সেই সকল চিহ্ন-কার্য্য করিতে হইবে।” তার আর কোন আপত্তি করার উপায় ছিল না, কারণ সকল আপত্তির কারণ দূর করা হয়েছিল। PPBeng 179.2

কাজটি গ্রহণ করার পর, মোশি ঈশ্বরের উপর পূর্ণ আস্থা ন্যাস্ত করলেন এবং সমস্ত হৃদয় দিয়ে কাজ শুরু করলেন। ঈশ্বর তার বাধ্যতাকে আশীর্বাদযুক্ত করলেন এবং কোন মানুষকে আর কখনও যে মহান কাজ দেয়া হয়নি সেই মহান কাজে মোশি পূর্ণ দক্ষতা প্রদর্শনের জন্য বাগ্মীতা, ও আত্ম-নিয়ন্ত্রণ ক্ষমতা লাভ করলেন। PPBeng 179.3

যখন ঈশ্বর মানুষের উপর কোন দায়িত্ব অর্পণ করেন এবং যখন ঐ ব্যক্তি তা গ্রহণ করেন তখন তিনি প্রয়োজনীয় ক্ষমতা ও দক্ষতা লাভ করবেন। তার কাজ যতই ছোট হোক, অথবা তার ক্ষমতা যতই সীমিত হোক, যে ব্যক্তি তার কর্তব্য পূর্ণ বিশ্বস্ততার সাথে সম্পন্ন করে সে মহত্ব লাভ করবে। মানুষটি যখন নিজকে দুর্বল মনে করে তার অর্থ হলো যে সে তার কাজের গুরুত্ব অনুধাবন করছে; তাতে সে ঈশ্বরকে তার পরামর্শদাতা ও তার নির্ভরস্থলে পরিণত করে। PPBeng 179.4

চল্লিশ বৎসর আগে তার প্রতি ফরৌণের ও তার নিজের লোকদের যে ক্রোধ প্রজ্জ্বলিত হয়েছিল, তার গোপন ভয়ে মোশি মিসর দেশে ফিরে যেতে অনিচ্ছা প্রকাশ করেছিলেন; তিনি যখন ঈশ্বরের আদেশের বাধ্য থাকতে সিদ্ধান্ত নিলেন, তখন সদাপ্রভু তার কাছে প্রকাশ করলেন যে তার শত্রুরা সকলেই মৃত্যুবরণ করেছে। PPBeng 179.5

মিদিয়োনের পথে একজন কুরুদ্ধ দূত মোশির সামনে ভীতিকর ভাবে উপস্থিত হলেন, যেন তিনি তাকে ধ্বংস করে ফেলবেন। এর কোন কারণ দেয়া হয়নি; কিন্তু মোশির মনে পড়ল যে তিনি ঈশ্বর প্রদত্ত একটি আদেশ অমান্য করেছেন। তিনি তার ছোট ছেলের পদ্ধতিগত ভাবে ত্বকচ্ছেদ করানোর প্রতি অবহেলা প্রদর্শন করেছেন। ইস্রায়েলের মনোনীত নেতার এ ধরণের অবহেলা প্রদর্শন মানুষের প্রতি ঈশ্বরের সমস্ত আদেশেই দুর্বল হয়ে পড়বে। তার স্বামীকে হত্যা করা হবে এই ভয়ে ভীত হয়ে সিপ্পোরা এই প্রথা নিজেই আদায় করলেন PPBeng 179.6

এবং তখন দূত মোশিকে তার যাত্রা অব্যাহত রাখতে দিলেন। শুধু পবিত্র দূত দ্বারা নিরাপত্তা বিধানেই তার জীবন রক্ষা পেতে পারে। কিন্তু জানা কোন কর্তব্যে অবহেলা দেখালে তিনি নিরাপদ থাকতে পারবেন না, কেননা তখন ঈশ্বরের দূতগণ তাকে রক্ষা করবেন না। PPBeng 180.1

খ্রীষ্টের আগমনের অব্যাবহিত পূর্বের কষ্টের সময় পবিত্র দূতগণের পরিচর্যার মাধ্যমে রক্ষা পাবেন; কিন্তু ব্যবস্থা অমান্যকারীদের জন্য কোন নিরাপত্তাই থাকবে না। যারা ঈশ্বরের আদেশ অমান্য করে, দূতগণ তাদের রক্ষা করতে পারে না। PPBeng 180.2

অধ্যায় ২৩—মিসরের উপর দশটি আঘাত

PPBeng 181

দূতগণের দ্বারা নির্দেশিত হয়ে হারোণ হোরের নিকট, মরুভূমির নির্জনতায় নিজ ভাইয়ের সাথে সাক্ষাৎ করতে গেলেন। সেখানে মোশি "প্রেরণকর্তা সদাপ্রভুর সমস্ত বাক্য ও তাহার আজ্ঞাপিত সমস্ত চিহ্নের বিষয় হারোণকে জ্ঞাত করিলেন।" যাত্রাপুস্তক ৪:২৮। ইস্রায়েলদের প্রাচীনগণকে একত্র করার জন্য তারা একসাথে মিসরের দিকে যাত্রা শুরু করলেন। "তাহাতে লোকেরা বিশ্বাস করিল; এবং সদাপ্রভু ইস্রায়েলসন্তানদিগকে তত্ত্বাবধান করিয়াছেন, ও তাহাদের দুঃখ দেখিয়াছেন, ইহা শুনিয়া তাহারা মস্তক নমনপূর্বক প্রণিপাত করিল।" যাত্রাপুস্তক ৪:৩১। PPBeng 181.1

রাজাধিরাজের দূতরূপে দুই ভাই রাজার জন্য সংবাদ নিয়ে ফরৌণের রাজপ্রাসাদে প্রবেশ করলেনঃ "সদাপ্রভু ইস্রায়েলের ঈশ্বর, এই কথা কহেন, প্রান্তরে আমার উদ্দেশে উৎসব করণার্থে আমার প্রজাদিগকে ছাড়িয়া দেও।" PPBeng 181.2

রাজা উত্তর করিলেন, "সদাপ্রভু কে, যে আমি তাহার কথা শুনিয়া ইস্রায়েলকে ছাড়িয়া দিব? আমি সদাপ্রভুকে জানি না, ইস্রায়েলকেও ছাড়িয়া দিব না ।" PPBeng 181.3

ওদের উত্তর হল, "ইব্রীয়দের ঈশ্বর আমাদিগকে দর্শন দিয়াছেন; আমরা বিনয় করি, আমাদের ঈশ্বর সদাপ্রভুর উদ্দেশে যজ্ঞ করণার্থে আমাদিগকে তিন দিনের পথ প্রান্তরে যাইতে দিউন, পাছে তিনি মহামারী কি খড়গ দ্বারা আমাদিগকে আক্রমণ করেন।" PPBeng 181.4

রাজা ক্রুদ্ধ হলেন। তিনি বললেন, "ওহে মোশি ও হারোণ, তোমরা লোকদিগকে কেন তাহাদের কার্য্য হইতে নিবৃত্ত কর? যাও, তোমাদের ভার বহন কর গিয়া।" এই আগন্তুকদের হস্তক্ষেপের ফলে রাজত্বের ইতিমধ্যেই অনেক ক্ষতি হয়েছিল । আর এর চিন্তা করে তিনি আরো বলেন, "দেখ, দেশের লোক এখন অনেক, আর তোমরা তাহাদিগকে ভার বহন হইতে নিবৃত্ত করিতেছ।" PPBeng 181.5

তাদের দাসত্বে আবদ্ধ হওয়ার জন্য ইস্রায়েলরা ইতিমধ্যেই ঈশ্বরের ব্যবস্থার অনেকাংশই ভুলে গিয়েছিল, এবং শাব্বাথ সাধারণত অবহেলা করা হত। তাদের কর্ম-তত্ত্বধায়কদের দৌরাত্মে শাব্বাথ রক্ষা করা অসম্ভব করে তুলেছিল। কিন্তু মোশি তার লোকদের দেখালেন যে ঈশ্বরের ব্যবস্থার প্রতি বাধ্যতাই মুক্তিলাভের পূর্বশর্ত; এবং তাদের শাব্বাথ রক্ষা করার প্রচেষ্টা তাদের অত্যাচারীদের নজরে পড়েছিল । (সংযোজন, দ্রষ্টব্য নং ১ দেখুন)। PPBeng 182.1

রাজা খুবই বিক্ষুদ্ধ হলেন, এবং সন্দেহ করলেন যে ইস্রায়েলরা তার বিরুদ্ধে বিদ্রোহ করার পরিকল্পনা করছে। তিনি নিশ্চিত করবেন যে ভয়ঙ্কর ফন্দি আঁটার কোন সময় তাদের হাতে থাকবে না। আর তাদের দাসত্বের বন্ধনকে আরো শক্ত করতে ও তাদের স্বাধীন সত্ত্বাকে ধ্বংস করতে তিনি পদক্ষেপ গ্রহণ করলেন। দালান তৈরীর সবচেয়ে সাধারণ বস্তু ছিল রৌদ্রে শুকানো ইট; এবং ইট তৈরী কারকরা অনেক যিহূদী দাস ব্যবহার করত। ছোট ছোট করে কাটা অনেক খড়ের প্রয়োজন হত যা কাদার সাথে মিশান হত যেন তা আটালো হয় । এখন রাজা আদেশ করলেন যেন আর যে খড় জোগান দেয়া না হয়; এখন থেকে শ্রমিকদেরই খড় সংগ্রহ করতে হবে, এবং সমান সংখ্যক ইটও তৈরী করতে হবে। মিস্রীয় কর্ম-তত্ত্বাবধায়করা কাজ তদারকির জন্য যিহূদী কর্মকর্তা নিযুক্ত করত। যখন রাজার আদেশ কার্য্যকরী করা হল তখন লোকেরা খড়ের পরিবর্তে নাড়া সংগ্রহ করতে চতুর্দিকে ছড়িয়ে পড়ল; কিন্তু তারা সমান-সংখ্যক ইট বানাতে সম্পূর্ণ অক্ষম হল। আর এই অকৃতকার্য্যতার জন্য যিহুদী কর্মকর্তাদেরকে নিষ্ঠুর ভাবে চাবুক মারা হল । PPBeng 182.2

কর্মকর্তারা তাদের অভিযোগ নিয়ে রাজার কাছে উপস্থিত হলেন। ফরৌণ তাদের অভিযোগে একটি বিদ্রূপাত্মক উত্তর দিলেন, "তোমরা অলস, তাই বলিতেছ, আমরা সদাপ্রভুর উদ্দেশে যজ্ঞ করিতে যাই।" আর তাদেরকে কাজে ফিরে যাওয়ার আদেশ করা হল; তাদেরকে কাজ কোন ভাবেই লাঘব করা হবে না। ফিরে এসে তারা মোশি ও হারোনের সঙ্গে সাক্ষা করল । এবং চিৎকার করে বল, "সদাপ্রভু তোমাদের প্রতি দৃষ্টি করিয়া বিচার করুন। কেননা তোমরা ফরৌণের দৃষ্টিতে ও তাঁহার দাসদের দৃষ্টিতে আমাদিগকে দুর্গন্ধস্বরূপ করিয়া আমাদের প্রাণনাশার্থে তাহাদের হাতে খড়গ দিয়াছ।" PPBeng 182.3

মোশি খুবই দুঃখ পেলেন। লোকদের কষ্ট আরো বৃদ্ধি পেয়েছে। সারা দেশের আবাল-বৃদ্ধ-বনিতার নিকট হতে নৈরাশ্যের এ আহাজারি উঠল। সকলেই একত্রে তাদের অবস্থার দুঃখজনক পরিবর্তনের জন্য তাকেই দায়ী করল । হৃদয়ের মধ্যে তিক্ততা নিয়ে তিনি ঈশ্বরের কাছে উপস্থিত হলেন। "হে প্রভু, তুমি এই লোকদের অমঙ্গল কেন করিলে? আমাকে কেন পাঠাইলে? যে অবধি আমি তোমার নামে কথা কহিতে ফরৌণের কাছে উপস্থিত হইয়াছি, সেই অবধি তিনি এই লোকদের অমঙ্গল করিতেছেন, আর তুমি আপন প্রজাদের উদ্ধার কিছুই কর নাই । " PPBeng 182.4

উত্তর হল, "আমি ফরৌণের প্রতি যাহা করিব, তাহা তুমি এখন দেখিবে, কেননা পরাক্রান্ত হস্ত দেখান হইলে সে লোকদিগকে ছাড়িয়া দিবে; এবং পরাক্রান্ত হস্ত দেখান হইলে আপন দেশ হইতে তাহাদিগকে দূর করিয়া দিবে।" PPBeng 183.1

ইস্রায়েলদের প্রাচীনেরা, ঈশ্বর তাদের পিতৃপুরুষদের যে প্রতিজ্ঞা করেছিলেন এবং যোষেফ মিসর হতে তাদের মুক্তির বিষয়ে যে ভাববাদীর বাক্য উচ্চারণ করেছিলেন সেই সমস্ত পুনরাবৃত্তির মাধ্যমে ইস্রায়েলদের প্রাচীনরা তাদের ক্রমদুর্বল বিশ্বাসকে ধরে রাখতে

চেষ্টা করলেন। কেউ কেউ এগুলি শুনে বিশ্বাস করত। অন্যরা কোন আশার আলোই দেখতে পেত না। তাদের দাসদের কি বলা হচ্ছে তা শুনতে পেরে মিস্ত্রীয়রা তাদের প্রত্যাশার প্রতি ঠাট্টা- বিদ্রূপ করতে শুরু করল, এবং ঘৃণাভরে তাদের ক্ষমতাকে অবমাননা করল। বিদ্রূপাত্মক ভাবে তারা বলতে লাগল, "যদি তোমাদের ঈশ্বর ন্যায়বান ও দয়ালু হন এবং মিস্ত্রীয় দেবতাগণের চেয়ে অধিক ক্ষমতাশালী হন, তবে তিনি তোমাদের স্বাধীন জাতিতে পরিণত করেন না কেন?" ওরা সেই সমস্ত দেব- দেবতার পূজা করত ইস্রায়েলরা যাদেরকে মিথ্যা দেবতা বলে আখ্যায়িত করত, তথাপি তারা সম্পদশালী ও শক্তিশালী জাতি ছিল। তাদের দেবতা তাদেরকে ধন-সম্পদে ঐশ্বর্য্যশালী করেছেন ও ইস্রায়েলদের তাদের দাস হিসাবে দিয়েছেন। ফরৌণ নিজেও গর্ব ভরে বললেন যে ইব্রীয়দের ঈশ্বর তাদের তার হাত হতে বাঁচাতে পারবেন না। PPBeng 183.2

এই ধরণের কথাবার্তা অনেক ইস্রায়েলদের আশা ধ্বংস করে দিয়েছিল। সত্যি, তারা ত দাস ছিল। তাদের সন্তানদের হত্যা করা হয়েছে ও তাদের জীবন বিষময় করে তোলা হয়েছে। তথাপি তারা স্বর্গের ঈশ্বরের আরাধনা করত। অবশ্যই তিনি তাদের পৌত্তলিকদের দাসত্বে আবদ্ধ রাখবেন না। কিন্তু যারা প্রকৃত পক্ষে ঈশ্বরের বাধ্য ছিল তারা জানত যে ইস্রায়েলদের তাঁর নিকট হতে দূরে সরে যাওয়ার জন্য, এবং পৌত্তলিক জাতির সহিত বিবাহের বন্ধনে আবদ্ধ হয়ে নিজেরাও পৌত্তলিকতা অবলম্বন করার জন্যই সদাপ্রভু তাদের দাস হতে দিয়েছেন। তারা পূর্ণ আস্থার সহিত তাদের ভাইদের নিশ্চিত করত যে শীঘ্রই অত্যাচারের যোয়ালী ভাঙ্গা হবে। PPBeng 183.3

কিন্তু ইব্রীয়রা তখনও মুক্তির জন্য প্রস্তুত ছিল না। তাদের ঈশ্বরের উপর কোন বিশ্বাস ছিল না। অপরিচিতি জায়গায় গিয়ে আনুসাঙ্গিক কষ্ট সহ্য করার চাইতে অনেকেই এই দাসত্বের বন্ধনে থাকাতেই সুখী ছিল; আর কারো কারো দৈনন্দিন জীবনের অভ্যাস এত বেশী মিস্ত্রীয়দের জীবন যাপনের মত ছিল যে তারা মিসরে বাস করতেই পছন্দ করত। সুতরাং মিসরীয় রাজার স্বৈরাচারী মনোভাবকে আরো অধিক প্রকাশ করার জন্য ও তাঁর লোকদের নিকট নিজকে আরো পূর্ণ ভাবে প্রকাশ করার জন্য সদাপ্রভু সমস্ত ঘটনার উপর পূর্ণ নিয়ন্ত্রণ স্থাপন করলেন। যদি অনেক ইস্রায়েলরা এত মন্দ হয়ে না পড়ত যে তারা মিসর ত্যাগ করতে অনিচ্ছুক ছিল, তাহলে মোশির কাজ আরো সহজ হত। পবিত্র বাক্যে বলা হয়েছে, "তাহারা মনের অধৈর্য্য ও কঠিন দাসত্বের জন্য কথায় মনোযোগ দিল না।" PPBeng 184.1

আবারও ঈশ্বরের বাক্য মোশির নিকট উপস্থিত হল," তুমি যাও, মিসর-রাজ ফরৌণকে বল, যেন সে আপন দেশ হইতে ইস্রায়েলসন্তানদিগকে ছাড়িয়া দেয়।" গভীর নৈরাশ্যের মধ্যে মোশি উত্তর করলেন, "দেখ, ইস্রায়েল সন্তানেরা আমার বাক্যে মনোযোগ করিল না; তবে ফরৌণ কি প্রকারে শুনিবেন?" তাকে আদেশ করা হল যে তিনি যেন হারোণকে সঙ্গে নিয়ে যান, এবং ফরৌণের সামনে গিয়ে যেন দাবী করেন, "যেন সে ইস্রায়েল সন্তানদিগকে আপন দেশ হইতে ছাড়িয়া দেয়।" PPBeng 184.2

ফরৌণ তখনও মিসরকে রক্ষা করতে পারতেন

PPBeng 184

তাকে বলা হল যে যতক্ষণ ঈশ্বর মিসরের বিচার না করেন এবং তার ক্ষমতার প্রবল প্রকাশের মাধ্যমে ইস্রায়েলদের বের করে না আনেন ততক্ষণ পর্য্যন্ত রাজা কোন মতেই রাজী হবেন না। প্রত্যেক আঘাতের আগে মোশি সেই আঘাতের প্রকৃতি ও ফলাফল বর্ণনা করবেন যেন রাজা ইচ্ছা করলেই নিজকে এটা হতে বাঁচাতে পারে। প্রত্যেক শাস্তি আগ্রহ্য করার ফল হবে, পরবর্ত্তী শাস্তি আরো কঠোর হবে, যতক্ষণ না তার হৃদয় নরম হয় এবং সে স্বর্গ ও পৃথিবীর স্রষ্টাকে সত্য ও জীবন্ত ঈশ্বররূপে স্বীকার করে। সদাপ্রভু মিসরের লোকদের তাদের পৌত্তলিকতার জন্য শাস্তি দেবেন এবং তাদের গর্ব খর্ব করবেন, যেন অন্যান্য জাতিসমূহ তাঁর প্রতাপশালী কাজ দেখে কম্পিত হয়, এবং যেন তাঁর লোকেরা পৌত্তলিকতা বর্জন করে এবং তাঁর প্রকৃত আরাধনা করে। PPBeng 184.3

আবার মোশি ও হারোণ মিসরের রাজার জাঁকাল কক্ষে প্রবেশ করলেন। সেখানে মূল্যবান চিত্র ও খোদাই করা পৌত্তলিক দেবতাদের মূর্তি দ্বারা উজ্জ্বল ভাবে অলংকৃত স্তম্ভসমূহের মধ্য খানে দাসত্বে আবদ্ধ জাতির দুই প্রতিনিধি দাঁড়ালেন। রাজা তাদের ঈশ্বর-দত্ত কর্তৃত্বের প্রমাণস্বরূপ অলৌকিক ঘটনা দেখতে চাইলেন। হারোণ তার হাতের লাঠি রাজার সামনে মাটিতে রাখলেন। এটা একটি সর্গে রূপান্তরিত হল। রাজাও নিজ "বিদ্বানদিগকে ও গুণিগণকে ডাকিলেন," এবং তারাও "প্রত্যেকে নিজ নিজ লাঠি নিক্ষেপ করিলে সে সকল সর্প হইল, কিন্তু হারোণের লাঠি তাহাদের সকল লাঠিকে গ্রাস করিল।" আগের থেকে আরো বেশী দৃঢ়-সংকল্প হয়ে রাজা ঘোষণা করলেন যে তার যাদুকরগণ মোশি ও হারোণের সমকক্ষ। তিনি ঈশ্বরের সন্তানদের ধোকাবাজরূপে অবিহিত করলেন, কিন্তু তাদের কোনরূপ ক্ষতি করা থেকে ঈশ্বর তাকে বিরত রাখলেন। PPBeng 184.4

শয়তানের ধোকাবাজী

PPBeng 185

যাদুকরেরা প্রকৃতপক্ষে তাদের লাঠিকে সর্পে পরিণত করে নি; কিন্তু মহাপ্রতারকের সাহায্যে তারা শুধু ঐ রকম ধাঁ ধাঁর সৃষ্টি করেছিল। যদিও একজন ভ্রষ্ট দূত সমস্ত জ্ঞান ও বুদ্ধির অধিকারী, তবুও মন্দের রাজা জীবন সৃষ্টি করতে বা দান করতে অক্ষম। এটা শুধু মাত্র ঈশ্বরের আওতাধীন। কিন্তু সে একটি নকল তৈরী করতে সক্ষম হয়েছিল। PPBeng 185.1

মানুষের দৃষ্টিতে মনে হয়েছিল লাঠিগুলি সর্পে পরিণত হয়েছে। ফরৌণ ও তার পরিষদরা তাই বিশ্বাস করেছিলেন। যদিও সদাপ্রভু আসল সর্প দিয়ে নকল সর্পগুলিকে

খাওয়াইয়া দিয়েছিলেন, কিন্তু এটাকে ঈশ্বরের ক্ষমতার কাজ মনে না করে এক উচ্চতর যাদুবিদ্যা বলে ধরে নিয়েছিল। PPBeng 185.2

ফরৌণ মোশির মাধ্যমে ঈশ্বর যে আলৌকিক ঘটনা ঘটিয়েছিলেন, ফরৌণ কোন না কোন ছুতার মাধ্যমে তা অবহেলা করতে চেয়েছিল। সে যা চাচ্ছিল শয়তান তাকে তাই দিল। মোশি ও হারোণকে সে শুধুমাত্র যাদুকর ও মায়াবীরূপে প্রতীয়মান হতে দিল, এবং তারা যে বাণী নিয়ে এসেছিল তাও যে কোন বিশিষ্ট উৎস হতে নয় বলে সে প্রতীয়মান হতে দিল। তাই শয়তানের ধোকাবাজী কোন বিশেষ বিশ্বাসের বিপরীতে ফরৌণের হৃদয়কে শক্ত করে তুলল। মোশি ও হারোণ এর বিশ্বাসকেও শয়তান দূর্বল করে দেয়ার আশা করেছিল। PPBeng 185.3

মন্দের রাজা ভালরূপেই জানত যে মোশি সেই খ্রীষ্ট-মানব পরিবারের উপর পাপের রাজত্বকে ধ্বংস করবেন। সে জানত যে, যখন তিনি আবির্ভূত হবেন, তখন অনেক ক্ষমতাশীল অলৌকিক কাজ পৃথিবীর কাছে প্রমাণ করবে যে ঈশ্বরই তাকে পাঠিয়েছেন। মোশির মাধ্যমে ঈশ্বরের কাজের নকল করে শয়তান যে শুধুমাত্র ইস্রায়েলের মুক্তির পথে বাধা দিচ্ছিল তা নং বরং তার প্রত্যাশা চিল যে, অনাগত ভবিষ্যতে খ্রীষ্টে সমস্ত অলৌকিক কাজকে একমাত্র মানুষের ক্ষমতার ব্যবহারের ফলরূপে প্রতীয়মান করতে সক্ষম হবে। PPBeng 185.4

মিসরের উপর আঘাত আসে PPBeng 186.1

মোশি ও হারোণকে পরদিন সকালে নদীর তীরে যেতে বলা হল। নীল নদের বন্যা সমস্ত মিসরের খাদ্য ও ঐশ্বর্য্য সরবরাহের উৎস ছিল বলে, ঐ নদীকে দেবতারূপে পূজা করা হত, এবং প্রতিদিন ভক্তি প্রকাশের জন্য রাজা ঐখানে আসতেন। দুই ভাই আবার তার নিকট তাদের বার্ত্তার পুনরাবৃত্তি করলেন এবং লাঠি প্রসারিত করে পানির উপর আঘাত করলেন। পবিত্র নদীর জল রক্ত হয়ে গেল, মাছ মরে গেল, আর নদীতে প্রচন্ড দুর্গন্ধ হল। ঘরের জল ও চৌবাচ্চার জলও একই ভাবে রক্ত হয়ে গেল। "আর মিসরের যাদুকরেরাও নিজেদের মায়াবলে সেইরূপ করিল," এবং "পরে ফরৌণ আপন গৃহে ফিরিয়া গেলেন, ইহাতেও মনোযোগ করিলেন না।" সাতদিন ঐ আঘাতের ফল বিদ্যমান থাকল, কিন্তু কোন ফল হল না। PPBeng 186.2

আবারও লাঠি প্রসারিত করা হল আর নদী হতে উঠে এল ব্যাঙ। তারা সমস্ত ঘরে, ঘুমাবার বিছানায়, এমন কি চুলা ও রুটি মাখানোর পাত্রেও ছড়িয়ে পড়ল। মিসরীয়রা ব্যাঙকে পবিত্র মনে করত তাই ওরা সেগুলিকে ধ্বংস করতে পারল না; কিন্তু এখন এই পিচ্ছিল ও আঠালো প্রাণী ফরৌণের রাজ প্রাসাদও পূর্ণ করে ফেলল, এবং রাজা এগুলিকে দূর করার জন্য অধৈর্য্য হয়ে উঠলেন। যাদুকরেরা ব্যাঙ তৈরী করতে সক্ষম হল, কিন্তু তারা এগুলো দূর করতে পারল না। PPBeng 186.3

এই অবস্থা দেখতে পেয়ে ফরৌণের হৃদয় কিছুটা নরম হল। মোশি ও হারোণকে খবর দিয়ে নিয়ে এসে বল্‌ল, "সদাপ্রভুর কাছে বিনতি কর, যেন তিনি আমা হইতে ও আমার প্রজাদিগের হইতে এই সকল ভেক দূর করিয়া দেন, তাহাতে আমি লোকদিগকে ছাড়িয়া দিব, যেন তাহারা সদাপ্রভুর উদ্দেশে যজ্ঞ করিতে পারে।" তারা তাকে অনুরোধ জানালেন যে তিনি যেন একটি সময় নির্দ্ধারণ করেন যখন তারা এই বিপদমুক্ত হওয়ার জন্য প্রার্থনা করবেন। তিনি পরের দিন নির্দ্ধারণ করলেন এবং গোপনে আশা করলেন যে হয়ত ইতিমধ্যে ব্যাঙগুলি নিজ হতে চলে যাবে এবং ইস্রায়েলের ঈশ্বরের নিকট আত্মসমর্পণ করা থেকে তাকে রক্ষা করবে। কিন্তু নির্দ্ধারিত সময় পর্যন্ত বিপদ বহাল থাকল, তারপর নির্দ্ধারিত সময় সমস্ত মিসর দেশের ব্যাঙ মারা পড়ল। কিন্তু সেগুলির পঁচা দেহ, যা রয়ে গিয়েছিল, আবহাওয়া দূষিত করল। PPBeng 186.4

ঈশ্বর ইচ্ছা করলে মুহূর্তের মধ্যেই সমস্ত ব্যাঙকে ধূলায় পরিণত করতে পারতেন, কিন্তু তিনি তা করলেন না, কারণ তা হলে রাজা ও তার লোকেরা এটাকে যাদুকরদের যাদুর মত একটি মায়াবী জিনিস মনে করত। সমস্ত ব্যাঙ মারা গেল এবং সেগুলিকে স্তূপে স্তূপে জড় করা হল, আর এগুলি ছিল প্রমাণ যে এটা কোন যাদু দ্বারা সংঘটিত হয় নি, কিন্তু স্বর্গীয় ঈশ্বরের বিচার দ্বারা সংঘটিত হয়েছিল। PPBeng 187.1

"কিন্তু ফরৌণ যখন দেখিলেন, নিবৃত্তি হইল, তখন আপন হৃদয় ভারী করিলেন।" আর ঈশ্বরের আদেশে হারোণ তার হস্ত প্রসারিত করলেন, আর সমগ্র মিসরের ধূলি উকুনে পরিণত হল। ফরৌণ যাদুকরদের ডেকে একই জিনিস করতে বললেন । কিন্তু তারা তা করতে পারল না। যাদুকরেরা স্বীকার করল যে, "এ ঈশ্বরের অঙ্গুলী।" কিন্তু রাজা অনঢ় থাকলেন । PPBeng 187.2

আর একটি বিচার আনা হল। দংশক এমন ভাবে সকল ঘরে ছেয়ে পড়ল যে, "দংশকের ঝাঁক হেতু দেশ উৎসন্ন হইল।" এই দংশকগুলি বড় বড় ও বিষাক্ত ছিল, এবং তাদের কামড় খুব বেদনাদায়ক ছিল। যেরূপ ভবিষ্যদ্বাণী করা হয়েছিল, এই বিপদ গোশনে ঘটল না । PPBeng 187.3

ফরৌণ তার হৃদয় কঠিন করেন

PPBeng 187

ফরৌণ ইস্রায়েলদের এখন মিসরে যজ্ঞ করিতে অনুমতি দিলেন।, কিন্তু তারা তা অস্বীকার করলেন। মোশি বললেন, "তাহা করা ঠিক নয়,... দেখুন, মিসরীয়দের সাক্ষাতে তাহাদের ঘৃণাজনক যজ্ঞ করিলে তাহারা কি আমাদিগকে পাথর মারিবে না?" যে সমস্ত পশু ইব্রীয়রা যজ্ঞ করবার কথা ছিল মিসরীয়রা সেগুলি পবিত্র বলে মনে করত। ঐ রকম একটি দুর্ঘটনা ক্রমেও হত্যা করলে তাকে মৃত্যুদন্ড দেয়া হত। PPBeng 187.4

মোশি আবারও মরুভূমিতে তিন দিনের পথ যাওয়ার অনুরোধ করলেন। রাজা সম্মত হলেন এবং ঈশ্বরের সন্তানদের কাতর মিনতি জানালেন যে তিনি যেন প্রার্থনা করেন যে বিপদটি যেন দূর হয়। তারা তা করতে প্রতিজ্ঞাবদ্ধ হলেন, কিন্তু তাদের সাথে ছলনা করা সম্পর্কে সতর্ক করলেন। বিপদ কেটে গেল, কিন্তু অনবরত বিদ্রোহের ফলে রাজার হৃদয় কঠিন হয়ে গিয়েছিল, এবং তিনি তখনও তাদের ছেড়ে দিতে সম্মত হলেন না। PPBeng 187.5

আরো ভয়ঙ্কর আঘাত আসল- মিস্ত্রীয় সমস্ত পশুদের উপর মহামারী পবিত্র পশু ও ভারবাহী পশু, গাভী ও ষাঁড় ও মেষ, ঘোড়া ও উট ও গর্দ্দর্ভ, সবই ধ্বংস হল। এটা পরিস্কারভাবে বলা হয়েছিল যে ইব্রীয়রা এর আওতায় পড়বে না; এবং ফরৌণ যিহূদীদের বাড়ীতে বাড়ীতে লোক প্রেরণ করে এর সত্যতা যাচাই করলেন। "আর দেখ, ইস্রায়েলের একটি পশুও মরে নাই।" তথাপি রাজা একগুয়ে হয়ে থাকলেন। PPBeng 188.1

মোশিকে আবার আদেশ করা হল যে তিনি যেন চুলা হতে ছাই নেন্ এবং "ফরৌণের সাক্ষাতে তাহা আকাশের দিকে ছড়াইয়া দেন।" ঐ ছাই সারা মিসরে ছড়িয়ে গেল এবং যেখানে যেখানে গেল সেখানে স্ফোটক হলো, "তাহাতে মনুষ্যদের ও পশুদের গাত্রে ক্ষতযুক্ত স্ফোটক হইল।" যাজক ও যাদুকরেরা রাজাকে একগুয়ে হতে উৎসাহিত করেছিল, এবং এখন তাদেরও বিচার হলো। ঘৃণ্য ও বেদনাদায়ক স্ফোটকের জন্য তারা আর ইস্রায়েলের ঈশ্বরের বিরোধীতা করতে পারল না। যাদুকরেরা তাদের নিজেদেরও রক্ষা করতে পারল না। PPBeng 188.2

তথাপি রাজার হৃদয় আরো কঠিন হল। আর এখন সদাপ্রভু তার নিকট একটি সংবাদ পাঠালেন, "এইবার আমি তোমার হৃদয়ের বিরুদ্ধে এবং তোমার দাসগণের ও প্রজাদের মধ্যে আমার সর্বপ্রকার আঘাত প্রেরণ করিব, যেন তুমি জানিতে পার, যে সমস্ত পৃথিবীতে আমার তুল্য কেহই নাই। ...বাস্তবিক আমি এই জন্যই তোমাকে স্থাপন করিয়াছি, যেন আমার প্রভাব তোমাকে দেখাই।" ঈশ্বর নিজ ক্ষমতায় সমস্ত ঘটনাকে নিয়ন্ত্রণ করেছিলেন যেন ইস্রায়েলের মুক্তির নির্ধারিত সময় তিনি সিংহাসনে উপবিষ্ট থাকেন। PPBeng 188.3

যদিও এই উদ্ধত অত্যাচারী রাজা ঈশ্বরের অনুগ্রহ পরিত্যাগ করেছিল, তথাপি তার জীবন রক্ষা করা হয়েছিল যেন তার একগুয়েমীর মাধ্যমে ঈশ্বর মিসরে তার অলৌকিক কাজসমূহ প্রকাশ করেন। ঈশ্বরের লোকদের মিস্ত্রীয়দের প্রচন্ড নিষ্ঠুরতার অভিজ্ঞতা সঞ্চয় করতে দেয়া হয়েছিল, যেন তারা পৌত্তলিকতার হীন প্রভাব দ্বারা কখনো প্রতারিত না হয়। ফরৌণের সহিত ব্যবহারে সদাপ্রভু পৌত্তলিকতার বিরুদ্ধে তাঁর ঘৃণা ও নিষ্ঠুরতা ও অত্যাচারের শাস্তি বিধানে তাঁর দৃঢ়তা প্রকাশ করেছিলেন। PPBeng 188.4

ফরৌণের ব্যাপারে ঈশ্বর সতর্ক করেছিলেন, "আমি তাহার হৃদয় কঠিন করিব, সে লোকদিগকে ছাড়িয়া দিবে না।" যাত্রাপুস্তক ৪:২১। কোন ঐহিক ক্ষমতা প্রয়োগে রাজার

হৃদয় কঠিন করা হয়নি, কিন্তু প্রথম অলৌকিক কাজ অস্বীকারের মাধ্যমে বিদ্রোহের যে বীজ বপন করা হয়েছিল, তা তার ফল ধারণ করেছিল। যখন সে একগুয়েমীর এক ধাপ থেকে আর এক ধাপে আরোহণ করতে লাগল, তার হৃদয় ততই কঠিন হতে কঠিনতর হতে থাকল, যতক্ষণ না তাকে প্রথম জন্মগ্রহণকারী মৃত সন্তানদের শীতল মুখের দিকে দৃষ্টি দিতে বলা হল। PPBeng 188.5

কিভাবে একগুয়েমী বৃদ্ধি পায়

PPBeng 189

ঈশ্বর তাঁর সন্তানদের মাধ্যমে পাপকে তিরষ্কার করেন ও মানুষের সাথে কথা বলেন। যদি সংশোধন হতে অস্বীকার করে তাহলে স্বর্গীয় ক্ষমতা তার নিজস্ব কাজকে প্রতিহত করার জন্য উপস্থিত হন না। সে পবিত্র আত্মার প্রভাবের বিপক্ষতা করে নিজের হৃদয়কে কঠিন করতে থাকে। PPBeng 189.1

যে প্রথমবার প্রলোভনে আত্ম-সমর্পণ করে, সে দ্বিতীয়বার আরো সহজেই আত্ম-সমর্পণ করবে। প্রতিবারের পুনরাবৃত্তি তার বাধা দানের ক্ষমতাকে দুর্বল করে, তার দৃষ্টিকে অন্ধ করে, এবং তার বিশ্বাসের গলা টিপে ধরে। "মানুষ যাহা কিছু বুনে তাহাই কাটিবে।" গালাতীয় ৬:৭। এইভাবে অগণিত লোক নির্বিকার অবহেলার মধ্যে সেই সত্য শুনে যা এককালে তাদের আত্মায় রোমঞ্চ সৃষ্টি করত। তারা সত্যের বিষয়ে অবহেলা ও বাধার বীজ বপন করেছিল, ফলে এই ফল তারা এখন ভোগ করে। PPBeng 189.2

যারা একটি অভিযোগকারী বিবেক শান্ত করতে চান তারা মনে করে থাকেন যে কিছু দিনের মধ্যে মহা বিদ্রোহীর (শয়তানের) প্রভাবের ভিতরে থাকার পর বিপদ ঘনিয়ে এলে তারা তাদের নেতা পরিবর্তন করবেন (অর্থাৎ শয়তানের পক্ষ ত্যাগ করে খ্রীষ্টের পক্ষে আসবেন)। কিন্তু এটা সহজে করা সম্ভব হয় না। পাপের আতিশয্যের মধ্যে জীবন কাটানোর ফলে যে চরিত্র সৃষ্টি হয়, সেই চরিত্রে খ্রীষ্টের চরিত্র প্রতিফলিত করতে পারে না। তাদের পথে যদি কোন আলোই না থাকত, তবে হয়ত ঈশ্বরের অনুগ্রহ সহায় হত; কিন্তু দীর্ঘদিন যাবৎ আলো ঘৃণা করার পর, পরিশেষে উঠিয়ে ফেলা হবে। PPBeng 189.3

শিলাবৃষ্টির আঘাত ছিল ফরৌণের পরবর্ত্তী বিপদ। "অতএব তুমি এখন লোক পাঠাইয়া ক্ষেত্রে তোমার পশু... ত্বরায় আনাও; যে মানুষ ও পশু গৃহ মধ্যে আনিত না হইয়া ক্ষেত্রে থাকিবে, তাহাদের উপরে শিলাবৃষ্টি হইবে, আর তাহারা মরিবে।" যে ধরণের শিলাবৃষ্টির ভবিষ্যদ্বাণী করা হল সেরূপ আর কখনও দেখা যায়নি। খবর দ্রুত ছড়িয়ে পড়ল, এবং যারা সদাপ্রভুর বাক্যে বিশ্বাস করল তারা নিজ নিজ পশু ঘরে আনল, আর যারা বিশ্বাস করল না তারা সেগুলিকে মাঠেই রেখে দিল। এই ভাবে বিচারের মধ্যেও ঈশ্বরের অনুগ্রহ বর্ষিত হল, আর কতজন ঈশ্বরকে ভয় করে তাও প্রমাণিত হল। PPBeng 189.4

বজ্র, শিলা ও আগুন মিশ্রিত ঝড় আসল। "এরূপ শিলাবৃষ্টি মিসর দেশে রাজ্য স্থাপনাবধি কখনও হয় নাই। তাহাতে সমস্ত মিসর দেশের ক্ষেত্রস্থ মনুষ্য ও পশু সকলই শিলা দ্বারা আহত হইল, ও ক্ষেত্রের সমস্ত ওষধি শিলাবৃষ্টি দ্বারা আহত হইল, আর ক্ষেত্রের সমস্ত বৃক্ষ ভগ্ন হইল।" ধ্বংস সাধনকারী দূতগণের পথ সর্বনাশে ও নিরানন্দে পরিপূর্ণ হল। শুধু গোশন প্রদেশে শিলাবৃষ্টি হইল না। PPBeng 190.1

অবশেষে ফরৌণ নতি স্বীকার করেন

PPBeng 190

ঈশ্বরের বিচারের সামনে সমস্ত মিসর কম্পিত হতে লাগল। ফরৌণ দ্রুত দুই ভাইকে সংবাদ দিলেন: "এই বার আমি পাপ করিয়াছি; সদাপ্রভু ধর্ম্মময়; কিন্তু আমি ও আমার প্রজারা দোষী। তোমরা সদাপ্রভুর কাছে বিনতি কর; মেঘগর্জ্জন ও শিলাবৃষ্টি যথেষ্ট হইয়াছে? আমি তোমাদিগকে ছাড়িয়া দিব, তোমাদের আর বিলম্ব হইবে না।" PPBeng 190.2

মোশি জানতেন যে প্রতিযোগীতা শেষ হয়নি। ফরৌণের স্বীকারোক্তি তার মনের কোন আকস্মিক পরিবর্তনের ফল ছিল না কিন্তু তা ভয় ও যাতনার মাধ্যমে আদায় করা হয়েছিল। যা হোক, মোশি তাকে আর কোন একগুয়েমীর সুযোগ না দিয়ে তার অনুরোধ রক্ষা করতে প্রতিজ্ঞাবদ্ধ হলেন। ঝড়-ঝঞ্ঝা অবহেলা করে ভাববাদী বেরিয়ে গেলেন, এবং ফরৌণ ও তার লোকেরা নিজ ভাববাদীকে রক্ষা করায় ঈশ্বরের ক্ষমতা দেখতে পেল। মোশি সদাপ্রভুর দিকে হাত উঠাইলেন, তাহাতে মেঘগর্জন ও শিলাপতন নিবৃত্ত হইল, এবং ভূমিতে আর জলধারা বর্ষিল না। কিন্তু রাজা যখনই ভয় মুক্ত হলেন, তখনই তার হৃদয় নিজ স্বেচ্ছাচারিতায় ফিরে গেল। PPBeng 190.3

ইস্রায়েল ও মিস্ত্রীয়দিগের মধ্যে যে পার্থক্য তিনি করেন ঈশ্বর এখন তার এক অভ্রান্ত প্রমাণ দেবেন এবং পৃথিবীর সমস্ত জাতিসমূহকে তিনি জানতে দেবেন যে যিহুদিরা স্বর্গীয় ঈশ্বরের রক্ষাকারী হাতের নীচে রয়েছে। মোশি রাজাকে সতর্ক করে দিলেন যে পঙ্গপালের একটি আঘাত আসবে, এবং এবার যা কিছু সবুজ অবশিষ্ট রয়েছে সে সমস্তই খেয়ে ফেলবে; রাজ প্রাসাদসহ সমস্ত ঘর এগুলি দ্বারা পূর্ণ হবে; তিনি বললেন, যে এ শাস্তি এমন ভয়ঙ্কর হবে যা "পৃথিবীতে তোমার পিতৃপুরুষদের ও তাহাদের পিতৃপুরুষদের জন্মাবধি অদ্য পর্যন্ত কখনও তদ্রূপ দেখা যায় নাই।" PPBeng 190.4

ফরৌণের পরিষদরা ভয়ে হতবাক হয়ে গেলেন। পশুপালের মৃত্যুতে জাতি অনেক ক্ষতির মোকাবেলা করছে। শিলা বৃষ্টিতে অনেক লোকের মৃত্যু হয়েছে। বন-জঙ্গল ছিন্ন-ভিন্ন হয়ে গিয়েছে এবং শষ্য বিনষ্ট হয়ে গিয়েছে। যিহূদীদের পরিশ্রমের ফলে তারা যা কিছু লাভ করেছিল সে সকলই তারা দ্রুত হারিয়ে ফেলেছে। পুরো দেশ দুর্ভিক্ষের মুখোমুখী। পরিষদবর্গ রাজার নিকটবর্তী হয়ে দাবী জানালেন, "এ ব্যক্তি কতকাল আমাদের ফাঁদ হইয়া

থাকিবে? এই লোকদের ঈশ্বর সদাপ্রভুর সেবা করণার্থে ইহাদিগকে ছাড়িয়া দিউন; আপনি কি এখনও বুঝিতেছেন না যে, মিসর দেশ ছারখার হইল?" PPBeng 191.1

আবার মোশি ও হারোণকে ডাকা হল, এবং রাজা তাদের বলেন, "যাও, তোমাদের ঈশ্বর সদাপ্রভুর সেবা কর গিয়া; কিন্তু কে কে যাইবে?" PPBeng 191.2

ফরৌণ আবারও তার হৃদয় কঠিন করেন

PPBeng 191

উত্তর হল, "আমরা আমাদের শিশু ও বৃদ্ধদিগকে, আমাদের পুত্রকন্যাগণকে এবং গোমেষাদির পালও সঙ্গে লইয়া যাইব, কেননা সদাপ্রভুর উদ্দেশে আমাদের উৎসব করিতে হইবে।" PPBeng 191.3

রাজা ক্রোধে অন্ধ হলেন। তিনি চিৎকার করে উঠলেন, "তাহা হইবে না; তোমাদের পুরুষেরা গিয়া সদাপ্রভুর সেবা করুক; কারণ তোমরা ত ইহাই চাহিতেছ। পরে তাঁহারা ফরৌণের সম্মুখ হইতে দূরীকৃত হইলেন।" ফরৌণ এমন ভাব করলেন যে, তাদের ছোট ছোট সন্তানদের ব্যাপারে তিনি অত্যন্ত যত্নশীল ও সতর্ক, কিন্তু তার আসল উদ্দেশ্য ছিল মহিলা ও শিশুদের জিম্মি হিসাবে আটকে রাখা । যেন ওরা ফিরে আসে। PPBeng 191.4

এখন মোশি তার লাঠি দেশের উপরে প্রসারিত করলেন, এবং পূর্ব্বীয় বাতাসে পঙ্গপাল এসে উপস্থিত হল। "তাহা অত্যন্ত ভয়ানক হইল; তদ্রূপ পঙ্গপাল পূর্বে কখনও হয় নাই, এবং পরেও কখনও হইবে না।" তারা সমস্ত আকাশ ছেয়ে ফেল্‌ল এবং পূরা দেশ অন্ধকার হয়ে গেল, এবং সবুজ যা কিছুই অবশিষ্ট ছিল, তারা তা খেয়ে ফেল । PPBeng 191.5

ফরৌণ দ্রুত ভাববাদীকে ডেকে পাঠালেন, এবং বলেন, "আমি তোমাদের সদাপ্রভু ঈশ্বরের বিরুদ্ধে ও তোমাদের বিরুদ্ধে পাপ করিয়াছি।... আমা হইতে এই কালস্বরূপকে দূর করিবার জন্য তোমাদের ঈশ্বর সদাপ্রভুর কাছে বিনতি কর।" তারা তাই করলেন, এবং এক প্রবল পশ্চিমা বায়ূ পঙ্গপালকে লোহিত সাগরের দিকে উড়ায়ে নিয়ে গেল। তথাপি রাজা তার একগুয়েমীতে বহাল থাকলেন । PPBeng 191.6

মিশরের লোকেরা নৈরাশ্য ও হতাশায় পড়েছিল, এবং ভবিষ্যতের ভয়ে ভীত হয়ে উঠেছিল। জাতি ফরৌণকে তাদের দেবতার প্রতিনিধিরূপে পূজা করত; কিন্তু অনেকেই বিশ্বাস করল যে তিনি এমন একজনকে অমান্য করছেন যিনি প্রকৃতির সকল শক্তিকে তাঁর ইচ্ছা পালনে বাধ্য করতে সক্ষম। যিহূদী দাসেরা তাদের মুক্তির বিষয়ে আরো আস্থাশীল হয়ে উঠছিল। সমস্ত মিসর দেশে এই গুপ্ত ভয় ছেয়ে গিয়েছিল যে দাসত্বে আবদ্ধ জাতি এবার বিদ্রোহ করবে ও তাদের প্রতি অন্যায়ের প্রতিশোধ নিবে। সকলের মুখে একটিই প্রশ্ন ছিল, এর পর কি হবে? PPBeng 192.1

সহসা দেশ অন্ধকারে ছেয়ে গেল, এমন ঘন অন্ধকার যে, "সমস্ত মিসর দেশে গাঢ় অন্ধকার হইল।" শ্বাস-প্রশ্বাস কষ্টকর হয়ে উঠল। "তিন দিন পর্যন্ত কেহ কাহারও মুখ দেখতে পাইল না, এবং কেহ নিজ জায়গা হইতে উঠিল না; কিন্তু ইস্রায়েল সন্তানদের জন্য তাহাদের বাসস্থানে আলো ছিল। মিস্ত্রীয়দের নিকট চন্দ্র ও সূর্য্য সেবার বস্তু ছিল। এই রহস্যজনক অন্ধকারে লোকজন ও তাদের দেবতারা একত্রে আঘাত পেলেন (সংযোজনের ২নং দ্রষ্টব্য দেখুন)। কিন্তু যদিও এটি ভয়ঙ্কর ছিল, তথাপি এই বিচার ঈশ্বরের সহানুভূতি ও ধ্বংস করতে অনীহার সাক্ষ্য। আঘাতগুলির মধ্যে শেষ ও ভয়ঙ্করতম আঘাত আনার আগে ঈশ্বর লোকদের চিন্তা করার ও অনুতাপ করার সুযোগ দিতে চেয়েছিলেন। PPBeng 192.2

গভীর অন্ধকারের তৃতীয় দিনে ফরৌণ মোশিকে ডেকে অনুমতি দিলেন যে যদি মেষ ও পশুপাল রেখে যাওয়া হয় তবে লোকরা যেতে পারে। কিন্তু দৃঢ় চিত্ত যিহুদী উত্তর দিলেন যে, "একটি খুরও অবশিষ্ট থাকিবে না।" রাজার ক্রোধ নিয়ন্ত্রণহীনভাবে জ্বলে উঠল। তিনি চিৎকার করে উঠলেন, "আমার সম্মুখ হইতে দূর হও; সাবধান, আমার মুখ আর কখনও দেখিও না; কেননা যে দিন আমার মুখ দেখিবে, সেই দিন মরিবে।" PPBeng 192.3

উত্তর হল, "ভালই বলিয়াছেন, আমি আপনার মুখ আর কখনও দেখিব না।" মোশি মিসর দেশে, ফরৌণের কর্মচারীদের নিকট, এবং লোকজনের নজরে এক মহৎ ব্যক্তি ছিলেন। রাজা তার কোন ক্ষতি করতে সাহস পেলেন না, কেননা লোকেরা জানত যে মহাবিপদ হতে রক্ষা করার ক্ষমতা একমাত্র তার কাছেই আছে। তারা ইচ্ছা করছিল যে ইস্রায়েলরা যেন মিসর ছেড়ে চলে যেতে পারে। শুধু রাজা ও ধর্মীয় যাজকেরা মোশির শেষ দাবী মানতে অস্বীকার করেন। PPBeng 192.4

অধ্যায় ২৪—প্রথম নিস্তার পর্ব

PPBeng 193

মিসরের রাজার নিকট যখন ইস্রায়েলদের মুক্তির দাবি উত্থাপন করা হয়, তখন ভয়ঙ্কর বিপদের সতর্কবাণী উচ্চারণ করা হয়। "সদাপ্রভু এই কথা কহেন, ইস্রায়েল আমার পুত্র, আমার প্রথমজাত। আর আমি তোমাকে বলিয়াছি, আমার সেবা করণার্থে আমার পুত্রকে ছাড়িয়া দেও; কিন্তু তুমি তাহাকে ছাড়িয়া দিতে অসম্মত হইলে; দেখ, আমি তোমার পুত্রকে, তোমার প্রথমজাতকে, বধ করিব।" যাত্রাপুস্তক ৪:২২, ২৩। PPBeng 193.1

তাঁর আকৃতিতে সৃষ্ট প্রাণীদের প্রতি ঈশ্বর গভীর যত্নশীল। যদি শষ্য এবং মেষ ও পশুপালের ক্ষতির পর মিস্ত্রীয়রা অনুতাপ করত, তবে তাদের সন্তানদের মারা হত না; কি জাতি ঈশ্বরের আদেশ অনবরত অমান্য করেই চলল। আর এখন শেষ আঘাত আনার সময় হল। PPBeng 193.2

মোশিকে মৃত্যুর ভয় দেখিয়ে ফরৌণের সম্মুখে আসতে নিষেধ করা হয়; কিন্তু আবারও মোশি একটি ভয়ঙ্কর ঘোষণা দিতে উপস্থিত "সদাপ্রভু এই কথা কহেন, আমি অর্দ্ধরাত্রে মিসরের মধ্য দিয়া গমন করিব। তাহাতে সিংহাসনে উপবিষ্ট ফরৌণের প্রথমজাত হইতে যাঁতা পেষণকারিণী দাসীর প্রথমজাত পর্যন্ত মিসর দেশস্থিত সকল প্রথমজাত মরিবে, এবং পশুদেরও সকল প্রথমজাত মরিবে।। আর যাদশ কখনও হয় নাই ও হহবে না, সমস্ত মিসর দেশে এমন মহাক্রন্দন হইবে। কিন্তু সমস্ত ইস্রায়েল সন্তানের মধ্যে মনুষ্যের কি পশুর বিরুদ্ধে একটা কুকুরও জিহবা দোলাইবে না, যেন আপনারা জানিতে পারেন যে, সদাপ্রভু মিস্ত্রীয়দিগেতে ও ইস্রায়েলে প্রভেদ করেন। PPBeng 193.3

এই দন্ড প্রদানের পূর্বে, সদাপ্রভু মোশির মাধ্যমে ইস্রায়েল সন্তানদের মিসর ছেড়ে যাবার ও আগামী দন্ড থেকে রক্ষা পাবার জন্য কিছু নির্দেশ দিলেন। প্রত্যেক পরিবার, একাকী অন্য পরিবারের সাথে মিলে, এক - একটি "নির্দোষ" ভেড়ার বাচ্চা বলিদান করিবে, এবং এক আটি এসোব দ্বারা এই রক্ত ঘরের "দরজার দুই বাজুতে ও কপলীতে লেপিয়া দিবে" যেন মধ্যরাতে সংহারক দূত ঐ ঘরে প্রবেশ না করেন। আর তারা তাড়ীশূন্য রুটী তিতা শাকের সহিত আগুনে পড়িয়ে ঐ রাতে ঐ মাংস খাবে। এবং মোশি তাদের বললেন যে, "আর তোমরা এইরূপে তাহা খাইবে; কটিবন্ধন করিবে, চরণে পাদুকা দিবে, হস্তে যষ্টি লইবে ও তরান্বিত হইয়া তাহা ভোজন করিবে; ইহা সদাপ্রভূর নিস্তারপর্ব।" PPBeng 193.4

সদাপ্রভু ঘোষণা করলেন যে, "সেই রাত্রিতে আমি মিসর দেশের মধ্য দিয়া যাইব, এবং মিসর দেশস্থ মনুষ্যের ও পশুর যাবতীয় প্রথমজাতকে আঘাত করিব; এবং মিসরের যাবতীয় দেবের বিচার করিয়া দন্ড দিব। অতএব তোমরা যে যে গৃহে থাক, তোমাদের পক্ষে ঐ রক্ত চিহ্নস্বরূপে সেই সেই গৃহের উপরে থাকিবে; তাহাতে আমি যখন মিসর দেশকে আঘাত

করিব, তখন সেই রক্ত দেখিলে তোমাদিগকে ছাড়িয়া অগ্রে যাইব, সংহারের আঘাত তোমাদের উপরে পড়িবে না” PPBeng 194.1

এই মহা মুক্তির স্মরণে, ইস্রায়েলদের সমস্ত ভবিষ্য বংশধরেরা বাসরিক নিস্তারপর্ব পালন করবে- “ইহা সদাপ্রভুর উদ্দেশে নিস্তার পর্বের বলি, মিস্ত্রীয়দিগকে আঘাত করিবার সময় তিনি মিসরে ইস্রায়েলদের গৃহ সকল ছাড়িয়া আগে গিয়াছিলেন, আমাদের গৃহ রক্ষা করিয়াছিলেন।” PPBeng 194.2

নিস্তারপর্ব যীশু খ্রীষ্টের প্রতি নির্দেশ করে

PPBeng 194

নিস্তারপর্ব হল একটি স্মারক ও একটি প্রতীক, ইহা শুধু অতীতকালে মিসর হতে মুক্তি লাভেরই স্মারক নয়, কিন্তু ভবিষ্যতে যীশু খ্রীষ্ট যে নিজ লোকদের পাপের বন্ধন হতে মুক্ত করবেন এরও একটি নিদর্শন। বলির মেষটি হল “ঈশ্বরের মেষশাবকেরই” প্রতীক যার উপর আমাদের পরিত্রাণের প্রত্যাশা নির্ভরশীল। প্রেরিত পৌল বলেন, “আমাদের নিস্তার পর্ব্বীয় মেষশাবক বলীকৃত হইয়াছেন, তিনি খ্রীষ্ট।” ১ করিন্থীয় ৫৪৭। নিস্তার পর্বের মেষশাবক বলীকৃতই যথেষ্ট ছিল না; এর রক্ত দরজার চৌকাঠে ছিটিয়ে দিতে হত; তাই খ্রীষ্টের রক্তের গুণাগুণ আমাদের আত্মার উপর প্রয়োগ করতে হবে। আমরা বিশ্বাস আনব যে, তিনি সমস্ত পৃথিবীর জন্য মরেছেন সত্য, কিন্তু তিনি আমাদের প্রত্যেকের জন্য মরেছেন। PPBeng 194.3

এসোব ছিল পবিত্র পরিষ্কার হওয়ার প্রতীক। “এসোব দ্বারা আমাকে মুক্তপাপ কর, তাহাতে আমি শুচি হইব; আমাকে ধৌত কর, তাহাতে আমি হিম অপেক্ষা শুরু হইব।” গীতসংহিতা ৫১:৭। PPBeng 195.1

কোন হাড় না ভেঙ্গে মেষশাবককে আস্ত কাবাব তৈরি করার কথা বলা হয়েছিল; তদ্রূপ ঈশ্বরের মেষশাবকেরও কোন হাড় ভাঙা হবে না, যিনি আমাদের জন্য মরবেন। যোহন ১৯:৩৬ দেখুন । PPBeng 195.2

মাংস খেতে হত। পাপের ক্ষমার জন্য খ্রীষ্টের উপর বিশ্বাস আনাই যথেষ্ট নয়; আমাদের বিশ্বাসে তাঁর পবিত্র বাক্যের মাধ্যমে অনবরত জীবন খাদ্য খেতে হবে। খ্রীষ্ট বলেছেন, “তোমরা যদি মনুষ্যপুত্রের মাংস ভোজন ও তাঁহার রক্ত পান না কর, তোমাদিগেতে জীবন নাই। যে আমার মাংস ভোজন ও আমার রক্ত পান করে, সে অনন্ত জীবন পাইয়াছে।” “আমি তোমাদিগকে যে সকল কথা বলিয়াছি, তাহা আত্মা ও জীবন।” যোহন ৬:৫৩, ৫৪, ৬৩। খ্রীষ্টের অনুসারীরা ঈশ্বরের বাক্য পাঠ করবে যেন এগুলি জীবন ও কাজের শক্তির উস হয়। খ্রীষ্টের ক্ষমতায় তারা তাঁর আকৃতি প্রাপ্ত হবে এবং ঈশ্বরের প্রতিমূর্ত্তির প্রতিফলন করবে। PPBeng 195.3

মেষশাবকের মাংস তিতা শাকের সহিত খেতে হত যা মিসরে বন্ধীত্বের তীক্তুতার প্রতি ইঙ্গিত করে। এইজন্য যখন আমরা খ্রীষ্টের বিষয়ে চিন্তা করি, আমাদের পাপের জন্য তখন আমাদের হৃদয় যেন মর্মপীড়া হয়। তাড়ীবিহীন রুটিরও গুরুত্ব রয়েছে। যারা খ্রীষ্টের জীবন ও খাদ্য গ্রহণ করবে তারা পাপের তাড়ী জীবন হতে দূর করে দেবে। তাই প্রেরিত পৌল করিন্থীয় মন্ডলীর লোকদের লিখছেন, “পুরাতন তাড়ী বাহির করিয়া দেও; যেন তোমরা নূতন তাল হইতে পার। - অতএব আইস, আমরা পুরাতন তাড়ী দিয়া নয়, হিংসা ও দুষ্টতার তাড়ী দিয়া নয়, কিন্তু সরলতা ও সত্যশীলতার তাড়ীশূন্য রুটি দিয়া পর্বটী পালন করি ।” ১ করিন্থীয় ৫:৭, ৮ PPBeng 195.4

স্বাধীনতা লাভের পূর্বে দাসদের মহা মুক্তির উপর বিশ্বাস রাখতে হবে, এবং তারা ও তাদের পরিবাররা মিস্ত্রীয়দের কাছ হতে আলাদা হয়ে আপন আপন ঘরের ভিতর থাকতে হবে। যারা ঈশ্বরের নির্দেশের অবমাননা করবে তারা ঘতকের হাতে আপন আপন প্রথমজাতককে হারাবে । PPBeng 196.1

কি ভাবে বিশ্বাস দেখতে হবে

PPBeng 196

বাধ্যতার মাধ্যমে লোকদের তাদের বিশ্বাসের প্রমাণ দিতে হত । সেই একই ভাবে খ্রীষ্টের রক্ত দ্বারা যারা মুক্তি পেতে চান তাদের অনুধাবন করতে হবে যে তাদের পরিত্রাণ পাবার বিষয়ে কিছু করণীয় রয়েছে। আমাদের পাপ পরিত্যাগ করে ঈশ্বরের ব্যবস্থার প্রতি বাধ্য হতে হবে। মানুষ বিশ্বাস দ্বারা রক্ষা পাবে, কাজ দ্বারা নয়; কিন্তু তার বিশ্বাস তার কাজের মধ্যে প্রকাশ পেতে হবে। ঈশ্বর যে সহায়তা দিয়েছেন মানুষ সেই সহায়তার জন্য কৃতজ্ঞ হবে ও তা মানতে হবে । PPBeng 196.2

মোশি যখন ইস্রায়েলদের তাদের মুক্তির শর্ত বললেন, “তখন লোকেরা মাথা নত করিয়া প্রণিপাত করিল।” অনেক মিস্ত্রীয়রা যিহূদীদের ঈশ্বরকে একমাত্র ঈশ্বর বলে স্বীকার করতে আরম্ভ করেছিল, এবং যখন সংহারক দূত মিসর দিয়ে যাবেন তখন এরা ইস্রায়েলীদের নিকট তাদের গৃহে একটু আশ্রয় প্রার্থনা করল । যখন তাদের স্বাগত জানানো হল তখন তারা প্রতিজ্ঞা করল যে তারা ঈশ্বরের ভজনা করবে এবং তার লোকদের সাথে মিসর পরিত্যাগ করবে। ঈশ্বর যে নির্দ্দেশ দিয়েছিলেন, মিস্ত্রীয়রা সেই নির্দেশের প্রতি বাধ্য হল। তাদের পরিবার সমূহকে একত্রিত করা হল, নিস্তার পর্ব্বীয় মেষ বলি দেয়া হল। মেষকে আগুনে পুড়িয়ে কাবাব তৈরি করা হল, তাড়ীশূন্য রুটি ও তিতা শাক প্রস্তুত করা হল। যাজক হিসেবে পিতা ঘরের দরজায় রক্ত ছিটিয়ে দিলেন। দ্রুত ও নীরবে নিস্তার পর্বের মেষকে খাওয়া হল । আর সেই রাতের যে ভয়ঙ্কর আঘাত আসছে তা স্মরণ করে পিতামাতা আপন আপন প্রথমজাতকে জড়িয়ে ধরে রাখলেন। তাদের দরজায় ছিল রক্তের চিহ্ন--মুক্তিদাতার প্রতিজ্ঞার চিহ্ন--এবং সংহারক দূত সেখানে প্রবেশ করলেন না । PPBeng 196.3

মধ্য রাতে মিশরে মহাক্রন্দন হইল; কেননা যে ঘরে কেহ মরে নাই, এমন গৃহই ছিল না। “সদাপ্রভূ সিংহাসনে উপবিষ্ট ফরৌণের প্রথমজাত সন্তান হইতে কারাকৃপস্থ বন্দির প্রথমজাত সন্তান পর্য্যন্ত, মিশর দেশের সমস্ত প্রথমজাত সন্তানকে ও পশুগুলির প্রথমজাত শাবকগণকে নিহনন করিলেন।” প্রত্যেক ঘরের গৌরবই ধূলিস্মা হয়েছিল। মহাক্রন্দন ও চিকার বাতাস পূর্ণ করেছিল। রাজা এবং পরিষদরা এই পরাভূতকারি ভীতির প্রতি হতবাক্ ও কম্পিত পদে দাঁড়িয়ে থাকলেন। তারা ঈশ্বরের সাথে প্রতিযোগীতাকারী গর্ব ধূলিস্মা হবার পর তখন রাত্রিকালেই ফরৌণ মোশি ও হারোণকে ডাকাইয়া বলিলেন, “তোমরা উঠ, ইস্রায়েল সন্তানদিগকে লইয়া আমার প্রজাদের মধ্য হইতে বাহির হও, তোমরা যাও, তোমাদের কথা অনুসারে সদাপ্রভুর সেবা কর গিয়া যাও, এবং আমাকেও আশীর্বাদ কর।” PPBeng 197.1

অধ্যায় ২৫—ইস্রায়েলরা মিসর পরিত্যাগ করে

PPBeng 198

ভোর হবার আগেই ইস্রায়েল সন্তানরা যাত্রা শুরু করল। বিপদ সমূহের সময় ইস্রায়েলরা ধীরে ধীরে গোশনে একত্রিত হয়েছিল। ভিন্ন ভিন্ন নেতাদের অধীনে ভিন্ন দলে বিভক্তির মাধ্যমে ইতিমধ্যেই প্রয়োজনীয় সংগঠন সৃষ্টি করে যাত্রাকারী দলের নিয়ন্ত্রণ করার বন্দোবস্ত করা হয়েছিল। PPBeng 198.1

আর তারা যাত্রা শুরু করল, "বালক ছাড়া কমবেশ ছয় লক্ষ পদাতিক পুরুষ ....এবং তাহাদের সহিত মিশ্রিত লোকদের মহা জনতা"--- তারাই নয় যারা যিহূদীদের ঈশ্বরের উপরে বিশ্বাস এনেছিল, কিন্তু যারা বিপদ হতে বাঁচতে চেয়েছিল তারাও ছিল। এই দল ইস্রায়েল-সন্তানদের জন্য সর্বদাই একটি বাধা ও প্রলোভনস্বরূপ ছিল। PPBeng 198.2

লোকেরা তাদের সাথে "ভেড়া ও গরু, বিস্তর পশু নিয়ে চলল।" মিসর ত্যাগ করার প্রাক্কালে লোকেরা তাদের অপরিশোধিত শ্রমের মূল্য দাবী করেছিল; এবং দাসেরা এখন তাদের মালপত্র নিয়ে যাত্রা শুরু করল। "এইরূপে সদাপ্রভু ... দলে দলে ইস্রায়েল-সন্তানদিগকে মিসর দেশ হইতে বাহির করিয়া আনিলেন।" ইস্রায়েলরা যোষেফের হাড়গুলি সঙ্গে নিয়ে এলেন, যে হাড়গুলিতে দাসত্বের অন্ধকারাচ্ছন্ন বৎসরগুলিতে ইস্রায়েলদের প্রতিজ্ঞাত মুক্তির প্রতীকস্বরূপ ছিল। PPBeng 198.3

পলেষ্টাইনের মধ্য দিয়ে কনানের দিকের সোজা পথ গ্রহণ না করে, সদাপ্রভু তাদের দক্ষিণ দিকের লোহিত সাগরের পথের দিকে নির্দেশ দিলেন। "কেননা ঈশ্বর বলিলেন, যুদ্ধ দেখিলে পাছে লোকেরা অনুতাপ করিয়া মিসরে ফিরিয়া যায়।" দাসগণ মনিবদের নিকট হইতে পালাচ্ছে মনে করে পলেষ্টীয়রা তাদের সাথে যুদ্ধে লিপ্ত হতে অন্যথা করত না। ইস্রায়েলদের ঈশ্বরের বিষয়ে খুব সীমিত স্থান ছিল এবং তাঁর উপর তাদের বিশ্বাসও খুব দুর্বল ছিল, এবং তারা ভীত হয়ে নিরুৎসাহিত হয়ে পড়তে পারত। তারা অস্ত্রহীন ছিল, এবং যুদ্ধের বিষয়ে অনভ্যস্ত ছিল, তারা মহিলা ও শিশু, ভেড়া ও পশু পাল দ্বারা বাধাগ্রস্ত ছিল। লোহিত সাগরের দিকে পরিচালনার মাধ্যমে সদাপ্রভু তাদের নিকট নিজেকে একজন প্রেমিক ঈশ্বররূপে প্রকাশ করলেন। PPBeng 198.4

মেঘের স্তম্ভ

PPBeng 199

"পরে তারা সুক্কোৎ হইতে রওয়ানা করিয়া মরুভূমির কিনারে এসে তাঁবু গাড়িল। আর সদাপ্রভূ দিনে পথ দেখাইবার জন্য মেঘস্তম্ভে থাকিয়া এবং রাত্রিতে আলো দিবার জন্য অগ্নিস্তম্ভে থাকিয়া তাহাদের অগ্রে অগ্রে যাইতেন। যেন তাহারা দিবারাত্র পথ চলিতে পারে।

লোকদের সম্মুখ হইতে দিনে মেঘস্তম্ভ ও রাত্রিতে অগ্নিস্তম্ভ সরিয়া যাইত না।” গীতসংহিতায় বলা হয়েছে, “তিনি চন্দ্রাতপের জন্য মেঘ বিস্তার করিলেন, তিনি রাত্রি আলোকময় করণার্থে জন্য অগ্নি দিলেন । গীতসংহিতা ১০৫:৩৯। ১করিন্থীয় ১০৪১, ২ দেখুন। ইহার ঠান্ডা বাষ্প, প্রচন্ড উত্তাপ হতে রক্ষা করত, এবং শুষ্ক তৃষ্ণার্ত মরুভূমিতে ইহা আকাঙ্ক্ষিত স্বস্তিদান করত। রাত্রে ইহা আগুনের স্তম্ভতে পরিণত হত এবং তাঁবু সমূহ আলোকিত করত, আর এ দ্বারা ঈশ্বরের নিয়ত উপস্থিতির নিশ্চয়তা প্রদান করা হত । PPBeng 199.1

একটি শুষ্ক, মরুভূমি তুল্য প্রান্তর দিয়ে তারা যাত্রা করছিলেন। রাস্তার ক্লান্তিতে তারা শ্রান্ত হয়ে পড়ছিলেন, আর কিছু লোক মিস্ত্রীয়দের পিছু আক্রমণের ভয়ে ভীত হতে আরম্ভ করল। কিন্তু মেঘ অগ্রে অগ্রে চল, এবং তারা তার অনুসরণ করলেন। আর এখন ঈশ্বর মোশিকে আদেশ দিলেন যেন তারা একটি প্রস্তরময় গিরিসঙ্কটে সমুদ্রের কাছে তাঁবু স্থাপন করেন। তার (মোশির) কাছে প্রকাশ করা হল যে ফরৌণ তাদের অনুসরণ করবে কিন্তু তাদের মুক্তিতে ঈশ্বর গৌরবান্বিত হবেন । PPBeng 199.2

ফরৌণের পরিষদরা রাজাকে জানালেন যে তাদের দাসগণ পালিয়েছে, এবং আর কখনও ওরা ফিরে আসবে না। তাদের ভয় দূর হওয়ার পর তাদের মহান ব্যক্তিরা প্রাকৃতিক কারণকে তাদের আঘাতের উৎস বলে ব্যাখ্যা করলেন। তারা চিৎকার করে বললেন, “আমরা একি করিলাম? আমাদের দাসত্ব হইতে ইস্রায়েলকে কেন ছাড়িয়া দিলাম?” PPBeng 199.3

ফরৌণ তার সৈন্যদের একত্র করলেন “মনোনীত ছয়শত রথ, এবং মিসরের সমস্ত রথ,” অশ্বারোহী, সেনাপতি ও পদাতিক। তার রাজ্যের মহান ব্যক্তিবর্গসহ রাজা স্বয়ং আক্রমণকারী সেনাবহিনীর নেতৃত্বভার গ্রহণ করলেন । মিস্ত্রীয়রা ভয় করল যে বলপূর্বক ঈশ্বরের নিকট তাদের হাস্যাস্পদ করে তুলবে। এখন যদি তারা তাদের প্রতাপ ও ক্ষমতা প্রদর্শন করে পলায়নরতদের বন্দি করে নিয়ে আসে, তবে তারা তাদের গৌরব পুনরুদ্ধার করবে ও তাদের দাসদের পুরাতন কাজে নিযুক্ত করতে সক্ষম হবে। যিহুদীরা সমুদ্র তীরে তাঁবু স্থাপন করে অপেক্ষামান ছিল, সামনে রয়েছে অনতিক্রম্য বাঁধা, আর দক্ষিণের কঠিন পাহাড় তাদের অগ্রযাত্রা প্রতিহত করে দাঁড়িয়ে ছিল। আকস্মিক তারা দূরের আগমনরত রথের উজ্জ্বল যুদ্ধাস্ত্র দেখতে পেল। ইস্রায়েলদের হৃদয় ভয়ে স্তম্ভিত হয়ে পড়ল । অধিকাংশই মোশির নিকট তাদের অভিযোগ নিয়ে উপস্থিত হল, “মিসরে কবর নাই বলিয়া তুমি কি আমাদিগকে লইয়া আসিলে, যেন আমরা প্রান্তরে মরিয়া যাই?.. ... প্রান্তরে মরণাপেক্ষা মিস্ত্রীয়দের দাস্যকর্ম করা আমাদের মঙ্গল।” PPBeng 199.4

সত্যি ঈশ্বর স্বয়ং যদি তাদের উদ্ধার না করেন তবে তার মুক্তির আর কোন সম্ভাবনা দেখা যাচ্ছিল না; কিন্তু ঈশ্বরের আদেশের প্রতি বাধ্য থেকে এ পর্যন্ত আসার পর মোশির মনে এর ফল সম্পর্কে কোন ভয়ই ছিল না। লোকদের নিকট তার ধীর ও উৎসাহজনক উত্তর ছিল, “ভয় করিও না, সকলে স্থির হইয়া দাঁড়াও। সদাপ্রভু অদ্য তোমাদের যে নিস্তার করেন,

তাহা দেখ; কেননা এই যে মিস্ত্রীয়দিগকে অদ্য দেখিতেছ, ইহাদিগকে আর কখনই দেখিবে না। সদাপ্রভু তোমাদের পক্ষ হইয়া যুদ্ধ করিবেন, তোমরা নীরব থাকিবে।” PPBeng 200.1

শৃঙ্খলা ও আত্ম -নিয়ন্ত্রণহীন ইস্রায়েলীয় জনতা হিংস্র ও অযৌক্তিক হয়ে উঠল। তাদের বিলাপ ও ক্রন্দন প্রবল উচ্চ প্রাণে পৌঁছাল। বিস্ময়কর মেঘস্তম্ভকে এগিয়ে যাওয়ার জন্য ঈশ্বরের সংকেতরূপে গন্য করা হত; কিন্তু এখন কি ইহা তাদের পর্বতের ভুল প্রান্তে পরিচালিত করে একটি অনতিক্রম্য স্থানে নিয়ে আসেনি? ঈশ্বরের দূতকে তাদের প্রবঞ্চিত মনের নিকট ধ্বংসের অগ্রদূত বলে প্রতীয়মান হয়েছে। PPBeng 200.2

মিস্ত্রীয় সৈন্য বাহিনী যখন তাদের নিকটবর্তী হতে আরম্ভ করল, তখন মেঘস্তম্ভ মহিমান্বিতভাবে আকাশে উঠে ইস্রায়েলদের উপর দিয়ে পার হয়ে গিয়ে তাদের ও মিস্ত্রীয় সৈন্যদের মধ্যখানে অবস্থান নিল। তখন মিস্ত্রীয়রা যিহূদী তাঁবুসমূহ আর চিহ্নিত করতে পারল না এবং তাদের অগ্রগতি স্থগিত করতে বাধ্য হল। কিন্তু রাত্রিকালে মেঘের দেয়াল যিহূদীদের আলো দিল। PPBeng 200.3

তখন ইস্রায়েলদের হৃদয়ে আবার আশার সঞ্চার হল। “পরে সদাপ্রভু মোশিকে বলিলেন....ইস্রায়েল-সন্তানদিগকে অগ্রসর হইতে বল। আর তুমি আপন যষ্টি তুলিয়া সমুদ্রের উপরে হস্ত বিস্তার কর, সমুদ্রকে দুই ভাগ কর; তাহাতে ইস্রায়েল-সন্তানেরা শুষ্ক পথে সমুদ্র মধ্যে প্রবেশ করিবে।” PPBeng 200.4

যখন মোশি তার যষ্টি বিস্তার করলেন, তখন জল দু'ভাগ হয়ে গেল. আর ইস্রায়েলরা সমুদ্রের মধ্যে শুকনা মাটিতে প্রবেশ করল, এবং দু'পাশের জল দেওয়ালের মত দাঁড়িয়ে রহিল। ঈশ্বরের স্তম্ভ হতে আলো রাস্তার উপর পড়ল আর ঐ পথকে মনে হল জলের মধ্যে গভীর একটি প্রাচীর। PPBeng 200.5

ফরৌণের সৈন্যদের সমাপ্তি

PPBeng 201

“পরে মিস্ত্রীয়রা, ফরৌণের সকল অশ্ব ও রথ এবং অশ্বারূঢ়গণ ধারবান হইয়া তাহাদের পশ্চাৎ পশ্চাৎ সমুদ্রে প্রবেশ করিল। কিন্তু রাত্রির শেষ প্রহরে সদাপ্রভু অগ্নি ও মেঘস্তম্ভে থাকিয়া মিস্ত্রীয়দের সৈন্যের উপরে দৃষ্টিপাত করিলেন, ও মিস্ত্রীয়দের সৈন্যকে উদ্বিগ্ন করিলেন।” PPBeng 201.1

বজ্র গর্জন করল ও বিদ্যুৎ চমকাল। মিস্ত্রীয়েরা ভয়ে হতভম্ভ হয়ে পড়ল। তারা ফিরে যেতে চেষ্টা করল, কিন্তু মোশি তার যষ্টি প্রসারিত করলেন এবং বিভক্ত জল দ্রুত একত্রিভূত হয়ে মিস্ত্রীয় সৈন্যদের অতল অন্ধকার গহ্বরে গ্রাস করে নিল। যখন ভোর হল, তখন ইস্রায়েলরা তাদের শক্তিশালী শত্রুদের অবশেষ দেখতে পেল সমুদ্র উপকূলে বর্মাবৃত মৃত দেহ। ঈশ্বর ভয়ঙ্কর বিপদ হতে তাদের পূর্ণ মুক্তি সাধন করলেন, এবং কৃতজ্ঞতায় ও পূর্ণ

বিশ্বাসে তাদের হৃদয় তাঁর নিকট অবনত হল। ঈশ্বরের আত্মা মোশির উপর ভর করল, আর তিনি লোকদের প্রশংসা গীত গাওয়ায় পরিচালনা দিলেন, এই গীত ছিল মানুষের সর্ব প্রথম মহিমান্বিত গীত। PPBeng 201.2

পরে ইস্রায়েলীয় মহিলারা মোশির বোন মরিয়মের নেতৃত্বে খঞ্জনিসহ ও নৃত্যসহ এর ধূয়া গাইলেন। মরুভূমি ও সমুদ্রজুড়ে এই আনন্দকর ধূয়ার সুর ছড়িয়ে পড়ল, এবং পর্বতমালা ইহার প্রতিধ্বনি করল, "তোমরা সদাপ্রভুর উদ্দেশে গান কর, কেননা তিনি মহামহিমান্বিত হইলেন।" PPBeng 201.3

এই গীত শুধু যিহুদী জাতির একার নয়। ইহা ধার্মিকতার সকল শত্রুদের বিনাশের ও ঈশ্বরের উপর বিশ্বাসীদের অন্তিম বিজয়ের প্রতি ইঙ্গিত করে। পটম দ্বীপে ভাববাদী দেখতে পেয়েছিলেন সাদা পোষাক পরিহিত অগণিত জনতা যাহারা PPBeng 201.4

বিজয়ী হইয়াছে", তারা "অগ্নি মিশ্রিত কাচময় সমুদ্রের " তীরে দাঁড়িয়ে ছিলেন, তাহাদের হস্তেছিল "ঈশ্বরের বীণা" আর তাহারা ঈশ্বরের দাস মোশির সঙ্গীত ও মেষশাবকের গীত গায়।" প্রকাশিত বাক্য ১৫৪২, ৩। PPBeng 201.5

আমাদের পাপের বন্ধন হতে মুক্তি করতে গিয়ে ঈশ্বর যিহূদীদের লোহিত সাগর পার করার থেকে বড় এক মুক্তি সাধন করেছন। তাই যিহূদীদের মতই আমাদেরও সর্বান্তকরণে ঈশ্বরের গুণ গান করা উচিত এবং "যীশু খ্রীষ্টের জন্য তাঁহার আশ্চর্য্য কর্মের" বর্ণনা করা উচিত। আমাদের তাঁর সহিত সংযুক্ত করে তার জন্য এক বিশেষ সম্পদে পরিণত করতে গিয়ে ঈশ্বর কি সহানুভূতি, কি অতুলনীয় প্রেমই না প্রদর্শন করলেন। আমরা যেন ঈশ্বরের সন্তানরূপে পরিগণিত হতে পারি তার জন্যে কি বলিদানই না আমাদের মুক্তিদাতাকে দিতে হল! PPBeng 201.6

মুক্তি প্রাপ্তগণ গীত গাবে

PPBeng 202

দায়ূদ বলেন, "যে ব্যক্তি স্তবের বলি উৎসর্গ করে, সেই আমার গৌরব করে।" গীতসংহিতা ৫০:২৩। সমস্ত স্বর্গনিবাসীরা ঈশ্বরের গুণকীর্তন করতে একত্রিত হয়। আসুন, আমরা এখনই দূতদের গান শিখি যেন যখন আমরা তাদের উজ্জ্বল দলে যুক্ত হই তখন সেই গান গেতে পারি। PPBeng 202.1

ঈশ্বর যিহূদীদের সমুদ্রের সম্মুখের পর্বতের নিভৃত অংশে নিয়ে এসেছিলেন যেন তিনি তাঁর ক্ষমতা প্রয়োগ করতে পারেন এবং তাদের অত্যাচারীদের গর্ব ধূলিস্মাৎ করতে পারেন। তিনি তাদের বিশ্বাসের পরীক্ষার জন্য এবং তাঁর উপর তাদের নির্ভরশীলতা বৃদ্ধির জন্য এ উপায় অবলম্বন করেছিলেন। মো।শি যখন তাদের এগিয়ে যেতে আদেশ করেছিলেন, তখন যদি লোকেরা এগিয়ে না যেত, তবে ঈশ্বর কখনও তাদের জন্য পথ খুলতেন না। "বিশ্বাসে

লোকেরা শুষ্ক ভূমির ন্যায় লোহিত সমুদ্রের মধ্য দিয়া গমন করিল।” ইব্রীয় ১১:২৯। জলের মধ্যে যাত্রা শুরু করার মাধ্যমে তারা প্রমাণ দিয়েছিলেন যে তারা মোশির মাধ্যমে ব্যক্ত ঈশ্বরের বাক্যের উপর বিশ্বাস এনেছিলেন। তখন ইস্রায়েলের ক্ষমতাশালী ঈশ্বর সমুদ্র বিভক্ত করে তাদের জন্য পথ খুলে দিয়েছিলেন। PPBeng 202.2

জীবন প্রায়ই বিপদ দ্বারা পূর্ণ হয়, এবং মনে হয় যে কর্তব্য সম্পাদন সম্ভব হবে না। কল্পনাতে তখন আগামী ধ্বংসের ছবিই ভেসে উঠে। তথাপি ঈশ্বরের ধ্বনি পরিস্কার আদেশ করে, “সম্মুখের দিকে চল।” যদি আমাদের চোখ অন্ধকার ভেদ করতে সক্ষম না হয় ও আমাদের পা বরফ ঠান্ডা জলে জমে যেতে থাকে, তথাপি আমাদের এই আদেশ পালন করতে হবে। যারা সমস্ত অনিশ্চয়তা ও সমস্ত ঝুকি দূর না হওয়া পর্য্যন্ত অপেক্ষা করতে থাকেন, তারা কখনও আদেশ পালন করবেন না; কিন্তু সাহসিকতার সহিত এগিয়ে যাওয়ার জন্য বিশ্বাস সনির্বন্ধ অনুরোধ জানায়। যে পথে ঈশ্বর পরিচালিত করেন তা মরুভূমি বা সমুদ্রের মধ্য দিয়ে হতে পারে, কিন্তু এটিই নিরাপদ পথ। PPBeng 202.3

অধ্যায় ২৬—ইস্রায়েলীয়রা সমস্যার সম্মুখীন হয়

PPBeng 203

মেঘস্তম্ভের পরিচালনায় ইস্রায়েলরা লোহিত সাগরের তীর হতে আবার যাত্রা শুরু করল। তারা মুক্তির আনন্দে উল্লাসিত ছিলেন এবং অসন্তুষ্টির সকল চিন্তা দূর হয়েছিল PPBeng 203.1

কিন্তু তিন দিন পর্য্যন্ত যাত্রা করার সময় তারা কোন জল পেলেন না । সঙ্গে তাদের যে জল ছিল তা নিঃশেষ হয়ে গেল। আর সূর্য্যদগ্ধ সমতল ভূমির উপর দিয়ে অবসন্ন দেহ টেনে টেনে চলার সময় তারা তাদের প্রচন্ড পিপাসা নিবারণের কোন উপায়ই পেলেন না। মোশি যিনি এই অঞ্চলের সহিত পরিচিত ছিলেন তিনি যা জানতেন তা অন্যরা জানত না--মারাতে জলের প্রস্রবন আছে ঠিকই, কিন্তু ঐ জল পানের অনুপযুক্ত। হতাস হৃদয়ে লোকদের মধ্য হতে জল, জল" রবে আনন্দ ধ্বনি শুনতে পেলেন। পুরুষ, মহিলা, ও ছেলেমেয়েরা আনন্দে দৌড়িয়া প্রস্রবনের চতুর্দিকে ভীড় করল, আর তখন হতাশার ক্রন্দন শোনা গেল জল তিক্ত ছিল । PPBeng 203.2

রহস্যাবৃত মেঘস্তম্ভে ঈশ্বরের উপস্থিতি যে তাকে ও তাদের পরিচালনা করছে, তা ভুলে গিয়ে তারা মোশিকে কটু কথা বলতে আরম্ভ করল। লোকেরা যা ভুলে গিয়েছিল মোশি তাই করলেন; তিনি সদাপ্রভুর উদ্দেশে ক্রন্দন করলেন । "আর সদাপ্রভু তাঁকে একটা গাছ দেখাইলেন; তিনি তাহা লইয়া জলে নিক্ষেপ করিলে জল মিষ্ট হইল।" এখানে ইস্রায়েলদের নিকট প্রতিজ্ঞা করা হল, "তুমি যদি আপন ঈশ্বর সদাপ্রভুর রবে মনোযোগ কর, তাঁহার দৃষ্টিতে যাহা ন্যায্য তাহাই কর, তাহার আজ্ঞাতে কর্ণ দেও, ও তাঁহার বিধি সকল পালন কর, তবে আমি মিস্ত্রীয়দিগকে যে সকল রোগে আক্রান্ত করিলাম, সেই সকলেতে তোমাকে আক্রমণ করিতে দিব না; কেননা আমি সদাপ্রভু তোমার আরোগ্যকারী।" PPBeng 203.3

মারা হতে লোকেরা এলীমে পৌছালো, যেখানে তারা "জলের বারোটি উনুই পেল । এখানে তারা কয়েক দিন বিশ্রাম নিল । যখন তারা মিসর হতে এক মাস কাল অনুপস্থিত থাকল, তাদের খাদ্য দ্রব্যের ভান্ডার শূন্য হতে আরম্ভ করল। কি ভাবে এই অগনিত জনতার খাবারের বন্দোবস্ত করা যেতে পারে? এমন কি শাসকবর্গ ও প্রাচীনেরাও ঈশ্বরের নিযুক্ত নেতাদের বিরুদ্ধে আভিযোগ করতে আরম্ভ করল: "হায়, হায়, আমরা মিসর দেশে সদাপ্রভূর হস্তে কেন মরি নাই? তখন মাংসের হাড়ীর কাছে বসিতাম, তৃপ্তি পর্য্যন্ত রুটী ভোজন করিতাম; তোমরা ত এই সমস্ত সমাজকে ক্ষুদায় মারিয়া ফেলিতে আমাদিগকে বাহির করিয়া এই প্রান্তরে আনিয়াছ ।" PPBeng 203.4

তারা তখনও অনাহারে থাকে নাই; কিন্তু তারা ভবিষ্যতের জন্য ভীত হল। কল্পনাতে তারা দেখল যে তাদের সন্তানাদি অনাহার ক্লিষ্ট। সদাপ্রভু তাদের বিপদ দ্বারা পরিবেষ্টিত হতে

এবং তাদের খাদ্যের ভান্ডার কমে আসতে দিলেন যেন তাদের হৃদয় তাঁর দিকে ফিরে, কেননা তিনিই তাদের মুক্তিদাতা। যদি অভাবের কারণেও তারা তাঁকে ডাকে তবুও তিনি তাদের তাঁর প্রেম ও যত্নের প্রমাণ দিবেন। তারা অথবা তাদের সন্তানেরা অনাহারে মরে যাবে এই চিন্তা তাদের জন্য পাপ ছিল। PPBeng 204.1

অভাব ও বিপদ সহ্য করা তাদের প্রয়োজন ছিল। ঈশ্বর তাদের একটি অপমানজনক অবস্থা হতে উদ্ধার করে বিভিন্ন জাতি সমূহের মধ্যে একটি সম্মানিত স্থানে নিয়ে আসছিলেন এবং তাদের নিকট একটি পবিত্র আমানত ন্যস্ত করতে যাচ্ছিলেন। তিনি তাদের জন্য যে সকল কাজ করেছিলেন তার ভিত্তিতে যদি তারা ঈশ্বরের উপর পূর্ণ বিশ্বাস আনৃত, তা হলে যে কোন অসুবিধা, অভাব, এমন কি সত্যিকার দুঃখভোগও তারা হাসিমুখে বরণ করত। কিন্তু দাসত্বের কঠিন বন্ধন হতে মুক্ত করার মধ্যে ঈশ্বর যে প্রেম ও ক্ষমতা প্রদর্শন করেছিলেন, তা তারা ভুলে গিয়েছিল। তারা ভুলে গিয়েছিল যে যখন মিস্ত্রীয়দের প্রথমজাত সন্তানদের হত্যা করা হয়েছিল, তখন কি ভাবে তাদের সন্তানদের রক্ষা করা হয়েছিল। তারা ভুলে গিয়েছিল লোহিত সাগরে ঈশ্বরের ক্ষমতার নিদর্শন। তারা ভুলে গিয়েছিল যে তাদের অনুসরণ করে আগমনরত তাদের শত্রুদের কিভাবে সাগরের জলে গিলে ফেলেছিল। PPBeng 204.2

এই কথা বলার পরিবর্তে যে, "ঈশ্বর আমাদের জন্য অনেক মহা কাজ করেছেন, তিনি আমাদের একটি মহান জাতিতে পরিণত করেছেন, তারা পথের দুঃখ কষ্ট সম্বন্ধে অভিযোগ করছিল এবং শুধু এই চিন্তায় মগ্ন ছিল যে কখন তাদের যাত্রার কষ্টের সমাপ্তি হবে।' PPBeng 204.3

বর্তমান কালেও ঈশ্বর চান যে তাঁর লোকেরা প্রাচীন ইস্রায়েলকে যে পরীক্ষার মাধ্যমে যেতে হয়েছিল তার পুনরালোচনা করেন, যেন তারাও তাদের স্বর্গীয় কনানের জন্য প্রস্তুত হতে পারেন। অনেকেই ইস্রায়েলদের দিকে তাকিয়ে তাদের অবিশ্বাসের সমালোচনা করেন ও ভাবেন যে তারা কখনও এত অকৃতজ্ঞ হতেন না; কিন্তু যখন তাদের বিশ্বাসের ক্ষুদ্রতম পরীক্ষাও করা হয়, তখন তারা প্রাচীন ইস্রায়েলেদের চেয়ে কোন অংশে বেশী বিশ্বাস অথবা ধৈর্য্য দেখান না। যে প্রক্রিয়ার মাধ্যমে ঈশ্বর তাদের খাঁটি বিশ্বাসীতে পরিণত করতে চান, সেই প্রক্রিয়ার প্রতি তারা নানারূপ অভিযোগ উত্থাপন করে থাকেন। যদিও তাদের বর্তমান প্রয়োজন মিটানো হয়, তথাপি অনেকেই ভবিষ্যতের অভাবের তাদের সন্তানদের কষ্ট ভোগের বিষয়ে দুশ্চিন্তা করে থাকেন। বাধা বিপত্তি তাদের ঈশ্বরের সাহায্য কামনার দিকে পরিচালিত না করে বরং তাদের মধ্যে অস্থিরতা ও অসন্তোষের সৃষ্টি করে। PPBeng 204.4

আমরা কেন অকৃতজ্ঞ ও আস্থাহীন হব? খ্রীষ্ট, আমাদের বন্ধু; সমস্ত স্বর্গীয় বাহিনী আমাদের ভালর জন্য আকাঙ্ক্ষিত। দুশ্চিন্তা ও ভয় পবিত্র আত্মাকে ব্যথা দেয়। ঈশ্বরের ইচ্ছা এ নয় যে তাঁর লোকেরা দুশ্চিন্তায় ভারাক্রান্ত হয়। PPBeng 205.1

সদাপ্রভু আমাদের বলেন না যে আমাদের পথে কোন বিপদ আপদ থাকবে না, কিন্তু তিনি আমাদের নিশ্চিত আশ্রয় স্থলের সন্ধান দেন। তিনি দুশ্চিন্তাগ্রস্ত ও ভারাক্রান্তদের আহ্বান জানান, "হে পরিশ্রান্ত ও ভারাক্রান্ত লোক সকল, আমার নিকটে আইস, আমি তোমাদিগকে বিশ্রাম দিব।" তোমরা নিজেদের কাঁধের উপর যে দুশ্চিন্তার বোঝা চাপিয়েছ, তা নামাও, এবং "আমার যোয়ালি আপনদের উপর তুলিয়া লও, এবং আমার কাছে শিক্ষা কর, কেননা আমি মৃদুশীল ও নম্রচিত্ত; তাহাতে তোমরা আপন আপন প্রাণের জন্য বিশ্রাম পাইবে।" মথি ১১:২৮, ২৯। গুণ গুণ করে অভিযোগ করার পরিবর্তে আমাদের হৃদয়ের কথা হওয়া উচিত, "হে আমার প্রাণ, সদাপ্রভুর ধন্যবাদ, _তাঁহার সকল উপকার ভুলিয়া যাইও না।" গীতসংহিতা ১০৩:২। PPBeng 205.2

ইস্রায়েলদের চাহিদা সম্বন্ধে ঈশ্বর অবগত ছিলেন। তিনি তাদের নেতাকে বললেন, "দেখ, আমি তোমাদের জন্য স্বর্গ হইতে খাদ্র দ্রব্য পাঠাইব।" তাদের নিদ্দেশ দেয়া হয়েছিল যে তারা যেন শুধু প্রতিদিনের প্রয়োজনীয় খাবার কুঁড়ায় ও ষষ্ঠ দিনে দ্বিগুণ খাবার কুঁড়ায়, যেন বিশ্রামদিনের পবিত্রতা রক্ষা করা সম্ভব হয়। PPBeng 205.3

মোশি লোকদের নিশ্চিত করলেন যে তাদের অভাব পূরণ করা হবে। "সদাপ্রভু সন্ধ্যা বেলায় খাওয়ার জন্য মাংস দিবেন, ও সকালে পেট ভরিয়া খাবার দিবেন।" আর তিনি বললেন যে, আমরা কে? তোমরা যে অসন্তোষ প্রকাশ করিতেছ, উহা আমাদের বিরুদ্ধে নয়, সদাপ্রভুরই বিরুদ্ধে করা হইতেছে।" তাদের শিক্ষা দেয়া প্রয়োজন যে তাদের নেতা মোশি নয়, কিন্তু তাদের আসল নেতা সর্বশক্তিমান ঈশ্বর। PPBeng 205.4

রাত্রির আগমন মুহূর্তে ভারুই পাখি এসে সমস্ত তাঁবুর চতুর্দিকে ছেয়ে ফেল্স, সমস্ত লোকের জন্যই যথেষ্ট মাংস হল। সকালে " নীহারের ন্যায় সরু বীজাকার সূক্ষ্ম বস্তুবিশেষ" মাঠের মধ্যে পড়ে থাকতে দেখা গেল। লোকেরা এর নাম দিল "মান্না"। মোশি বললেন, "উহা সেই অন্ন, যাহা সদাপ্রভু তোমাদিগকে আহারার্থে দিয়াছেন।" লোকেরা দেখল যে সকলের জন্য যথেষ্ট জোগান রয়েছে। তারা "যাঁতায় পিষিয়া কিংবা উখ্‌লিতে চূর্ণ করিয়া বহুগুণাতে সিদ্ধ করিত, ও তদ্বারা পিষ্টক প্রস্তুত করিত।" "এবং তাহার স্বাদ মধুমিশ্রিত পিষ্টকের ন্যায় ছিল।" গণনা ১১:৮; ১৬:৩১। PPBeng 206.1

তাদের নির্দ্দেশ দেয়া হয়েছিল যে প্রত্যেক ব্যক্তির জন্য এক ওমর পরিমাণ সংগ্রহ করবে এবং ভোর পর্যন্ত উহা রাখবে না। প্রতিদিনের প্রয়োজন অনুসারে ভোরবেলা তা সংগ্রহ করতে হবে, কেননা যা কিছু মাঠে থাকত তা সূর্য্য কিরণে গলে যেত। "যে অধিক সংগ্রহ করিয়াছিল, তাহার অতিরিক্ত হইল না, এবং যে অল্প সংগ্রহ করিয়াছিল, তাহার অভাব হইল না।" PPBeng 206.2

কি ভাবে শাব্বাথদিনকে সম্মানিত করা হয়েছে

PPBeng 206

ষষ্ঠ দিনে লোকেরা জন প্রতি দুই ওমর খাদ্য সংগ্রহ করল। যা করা হয়েছে সে বিষয়ে শাসনকর্তারা মোশিকে জানালেন। তিনি উত্তর দিলেন, “সদাপ্রভু তাহাই বলিয়াছিলেন; কল্য বিশ্রাম পর্ব, সদাপ্রভুর উদ্দেশে পবিত্র বিশ্রামবার তোমাদের যাহা ভাজিবার ভাজ, ও যাহা পবিত্র করিবার পবিত্র কর; এবং যাহা অতিরিক্ত, তাহা প্রাতঃকালের জন্য তুলিয়া রাখ।” তারা তাই করলেন, এবং দেখতে পেলেন যে তা অপরিবর্তনীয় থাকল। মোশি বললেন যে, “অদ্য তোমরা ইহা ভোজন কর, কেননা অদ্য সদাপ্রভুর বিশ্রামবার; অদ্য মাঠে ইহা পাইবে না। তোমরা ছয় দিন তাহা কুড়াইবে, কিন্তু সপ্তম দিন বিশ্রামবার, সে দিন তাহা মিলিবে না।” PPBeng 206.3

ঈশ্বর চান যে ইস্রায়েলদের সময়ের মত বর্তমান সময়েও তাঁর পবিত্র- দিন পবিত্র ভাবে যাপন করা হয়। বিশ্রামদিনের আগের দিনকে প্রস্তুতির দিনরূপে গন্য করা উচিত, যেন পবিত্র মুহূর্তের জন্য সব রকম প্রস্তুতি করা সম্ভব হয়। কোন ভাবেই আমাদের ব্যক্তিগত কাজ পবিত্র সময় যাপনে যেন বাধার সৃষ্টি না করে । ঈশ্বর নির্দেশ দিয়েছেন যে রুগীদের সেবা করতে হবে; তাদের শুশ্রূষার জন্য যে পরিশ্রম করা হয় তা হল আশীর্বাদের কাজ এবং তাতে বিশ্রামদিনের লঙঘন করা হয় না। কিন্তু সব রকম অপ্রয়োজনীয় কাজ হতে বিরত থাকা উচিত। যে সকল কাজ অবহেলার মাধ্যমে শাব্বাথ দিন আরম্ভ হায়ে যায় সে সকল কাজ পরবর্তী দিনের জন্য রেখে দেয়া উচিত। PPBeng 206.4

শাব্বাথের পবিত্রতা তাদের মনের উপরে গভীর ভাবে গেথে দেয়ার জন্য তিন ধরণের ইস্রায়েলরা অলৌকিক কাজ দেখতে পেতেন: ষষ্ঠ দিনে দিগুণ মান্না বর্ষণ করা হত, এবং শাব্বাথের জন্য প্রয়োজনীয় অংশ মিষ্টি ও পচঁনহীন থাকত । PPBeng 207.1

সিনয়ের পূর্বে শাব্বাথ

PPBeng 207

মান্না দানের মাধ্যমে আমরা নির্ভুলরূপে জানতে পারি যে সিনয় পর্বতে ব্যবস্থা দেবার আগেই শাব্বাথ পালন করা তাদের অবশ্য করণীয় ছিল। শুক্রবারে দ্বিগুণ পরিমাণ মান্না সংগ্রহের মাধ্যমে তাদের নিকট অনবরত শাব্বাথের পবিত্রতা তুলে ধরা হত। আর যখন শাব্বাথ দিনে কোন কোন লোক মান্না সংগ্রহ করতে বেরিয়ে আসত, তখন ঈশ্বর জিজ্ঞাসা করতেন, “কতদিন পর্য্যন্ত তোমরা আমার ব্যবস্থা ও আমার বিধি অমান্য করবে?” PPBeng 207.2

ইস্রায়েলরা চল্লিস বৎসর...সেই মান্না আহার করিল; কনান দেশের সীমান্তে উপস্থিত না হওয়া পর্যন্ত তাহারা মান্না খাইত। চল্লিশ বসর পর্য্যন্ত প্রতিদিন তাদের ঈশ্বরের অপরিবর্তনীয় যত্ন ও গভীর প্রেমের কথা স্মরণ করানো হয়েছিল । ঈশ্বর “তাহাদিগকে স্বর্গের শস্য দিলেন।

মনুষ্য পরাক্রমীদের খাদ্য ভোজন করিল” (গীতসংহিতা ৭৮:২৪, ২৫) অর্থাৎ সেই খাবার যা দূতগণ তাদের দিতেন। তাদের প্রতিদিন শিক্ষা দেয়া হত যে কনানের প্রচুর শস্যে আচ্ছাদিত মাঠ দ্বারা পরিবেষ্টিত হলে যে নিরাপত্তা - বোধ আসে তারা অভাব হতে সেরূপই নিরাপদ ছিল। PPBeng 207.3

মান্না ছিল তাঁরই প্রতীক যিনি পৃথিবীকে জীবন দেবার জন্য ঈশ্বরের নিকট হতে এসেছিলেন। যীশু বলেছেন, আমিই জীবনখাদ্য। তোমাদের পূর্বপুরুষেরা প্রান্তরে মান্না খাইয়াছিল, আর তাহারা মরিয়া গিয়াছে। এ সেই খাদ্য, যাহা স্বর্গ হইতে নামিয়া আইসে, ...কেহ যদি এই খাদ্য খায়, তবে সে অনন্তকাল জীবিত থাকিবে, আর আমি যে খাদ্য দিব, সে আমার মাংস, জগতের জীবনের জন্য।” যোহন ১৬:৪৮- ৫১। PPBeng 207.4

সীন প্রান্তর পার হওয়ার পর ইস্রায়েলরা রফীদীমে তাঁবু স্থাপন করলেন। এখানে জল ছিল না, আর তারা আবার ঈশ্বরের জোগান দেবার ক্ষমতাতে বিশ্বাস রাখতে পারলেন না। লোকেরা মোশির নিকট দাবী সহকারে উপস্থিত ছিলেন। ক্রোধে চিকার করে তারা বললেন, “আমাদিগকে জল এবং আমাদের সন্তানদিগকে ও পশুগুলিকে তৃষ্ণা দ্বারা বধ করিতে মিসর হইতে কেন আনিলে?” যখন তাদের প্রচুর খাদ্য দ্রব্য দেয়া হয় তখন তারা তাদের অবিশ্বাস স্মরণ করে লজ্জিত হয়েছিল এবং প্রতিজ্ঞা করেছিল যে ভবিষ্যতে সর্বদাই ঈশ্বরের উপর বিশ্বাস রাখবে ; কিন্তু বিশ্বাসের প্রথম পরীক্ষাতেই তারা অকৃতকার্য্য হল। যে মেঘস্তম্ভ তাদের পরিচালনা করছিল, তাকে এক ভয়ঙ্কর রহস্য বলে প্রতীয়মান হল । এবং মোশি আসলে লোকটা কে ? কি উদ্দেশে সে তাদের মিসর হতে বের করে নিয়ে এল? সন্দেহ ও অনাস্থা তাদের হৃদয় পরিপূর্ণ করল, এবং বিক্ষুব্ধ ক্রোধে তারা তাকে পাথর মেরে মেরে ফেলতে প্রস্তুত হল। PPBeng 207.5

পাথর হতে জল

PPBeng 208

হতাশার মধ্যে মোশি ঈশ্বরের কাছে কাঁদলেন, “আমি এই লোকদের জন্য কি করিব?” তাকে নির্দ্দেশ দেয়া হল যে তিনি যেন ইস্রায়েলদের প্রাচীনদের ও যার দ্বারা মিসরে অনেক আশ্চর্য্য কাজ করেছিলেন তার সেই যষ্টি হাতে নিয়ে লোকদের সামনে গিয়ে উপস্থিত হন। আর সদাপ্রভু তাকে বললেন “দেখ, আমি হোরেবে সেই শৈলের উপরে তোমার সম্মুখে দাঁড়াইব; তুমি শৈলে আঘাত করিবে, তাহা হইতে জল নির্গত হইবে, আর লোকেরা পান করিবে।” তিনি সে ভাবেই আদেশ পালন করলেন, আর এক জীবন্ত উনুইয়ের সৃষ্টি করে জল বেরিয়ে এল। তাতে সমস্ত তাঁবুর অধিবাসীদের জন্য পর্যাপ্ত জলের বন্দোবস্ত হল । সদাপ্রভু তাঁর দয়াতে যষ্টিকে তাঁর পরিত্রাণের হাতিয়ারে পরিণত করলেন। PPBeng 208.1

মেঘেরস্তম্ভ আবৃত হয়ে ঈশ্বরের পুত্র মোশির সামনে দাঁড়িয়েছিলেন এবং জীবনদায়ী জলের উনুই সৃষ্টি করেছিলেন। সমস্ত জনতা ঈশ্বরের মহিমা দেখতে পেল; কিন্তু যদি মেঘ

সরে যেত, তাহলে যিনি ঐ মেঘের আড়ালে ছিলেন তাঁর প্রখর ঔজ্জ্বল্যে সকলেই মারা পড়ত। PPBeng 208.2

যে অবিশ্বাস করা হয়েছিল তা প্রচন্ড অপরাধমূলক ছিল এবং মোশি ভয় পেয়েছিলেন যে হয়ত এবার তাদের উপর ঈশ্বরের বিচার নেমে আসবে। তাদের পাপের স্মারক হিসেবে তিনি ঐ জায়গার নাম দিলেন মঃসা, “পরীক্ষা” ও মীরবা “বিবাদ”। PPBeng 208.3

অমালেকের সাথে যুদ্ধ

PPBeng 209

এখন এক নতুন বিপদ তাদের উপর উপস্থিত হল। তাঁর বিরুদ্ধে অভিযোগ করার জন্য সদাপ্রভু তাদের শত্রু দ্বারা আক্রান্ত হতে দিলেন। যারা ক্লান্তিতে অবসন্ন হয়ে পিছিয়ে পড়েছিল, অমালেকরা এসে তাদের আক্রমণ করল। মোশি যিহোশূয়কে আদেশ দিলেন যে তিনি যেন বিভিন্ন গোত্র হতে কিছু সৈন্য বেছে নিয়ে শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা করেন এবং তিনি ঈশ্বরের সেই যষ্টি হাতে নিয়ে নিকটবর্তী উঁচু স্থানে দাঁড়াবেন। সেই মতে পরদিন যিহোশূয় ও তার দল শত্রুদের আক্রমণ করলেন, আর মোশি, হারোণ, ও হূর যুদ্ধক্ষেত্র দেখা যায় এমন একটি পাহাড়ে চড়ে দাঁড়ালেন। একহাত স্বর্গের দিকে উঠায়ে এবং ডান হাতের যষ্টি যুদ্ধক্ষেত্রের দিকে প্রসারিত করে মোশি ইস্রায়েলদের বিজয়ের জন্য ঈশ্বরের নিকট প্রার্থনা করলেন। আর দেখা গেল যে মোশি হাত যতক্ষণ উঁচু রাখতেন, ততক্ষণ ইস্রায়েলরা বিজয় লাভ করতে থাকত; আর যখন তার হাত তিনি নীচু করে ফেলতেন তখন শত্রুরা বিজয়ী হতে থাকত। তাই যখন মোশি ক্লান্ত হয়ে পড়লেন, তখন হারোণ ও হূর তাঁর হাত উঁচু করে রাখলেন যতক্ষণ না সূর্য্য অস্তমিত হল আর শত্রুরা পালিয়ে গেল। PPBeng 209.1

ঈশ্বর যে তাদের ভাগ্য তাঁর হাতের মধ্যে ধরে রেখেছেন তার প্রমাণের জন্য মোশির কাজটি বিশেষ গুরুত্বপূর্ণ ছিল; যদি তারা তাঁকে তাদের আশ্রয়স্থল বানায়, তবে তিনি তাদের পক্ষে যুদ্ধ করবেন ও তাদের শত্রুদের পরাভূত করবেন। কিন্তু যখনই তারা তাঁর উপর নির্ভরশীলতা ত্যাগ করে নিজ ক্ষমতায় উপর নির্ভর করবে, তখন তারা দুর্বল হয়ে পড়বে এবং তাদের শত্রুরা তাদের উপর বিজয়ী হবে। PPBeng 209.2

স্বর্গীয় শক্তি মানবিক প্রচেষ্টার সহিত সংযুক্ত হতে হবে। মোশি বিশ্বাস করতেন না যে ইস্রায়েলরা নির্বিকার ভাবে দাঁড়িয়ে থাকলে ঈশ্বর তাদের শত্রুদের পরাজিত করবেন। যখন মহান নেতা সদাপ্রভুর নিকট সনিবন্ধ অনুরোধ করছিলেন, তখন যিহোশূয় এবং তার নির্ভীক অনুগামীরা ইস্রায়েল ও ঈশ্বরে শত্রুদের পরাভূত করতে তাদের যথাসাধ্য চেষ্টা চালাচ্ছিলেন। PPBeng 209.3

মৃত্যুর প্রক্কালে মোশি তার লোকদের এই মহান দায়িত্ব অর্পন করেন: “স্মরণে রাখিও, মিসর হইতে তোমরা যখন বাহির হইয়া আসিয়াছিলে, তখন পথে তোমাদের প্রতি অমালেক

কি করিল; তোমার শ্রান্তি ও ক্লান্তির সময়ে সে কি প্রকারে তোমার সহিত পথে মিলিয়া তোমার পশ্চাদ্বর্তী দুর্বল লোক সকলকে আক্রমণ করিল; আর সে ঈশ্বরকে ভয় করিল না।... তুমি আকাশ মন্ডলের নীচে হইতে অমালেকের স্মৃতি লোপ করিবে; ইহা ভুলিয়া যাইও না।" দ্বিতীয় বিবরণ ২৫:১৭-১৯। এই দুষ্ট লোকদের সম্বন্ধে সদাপ্রভু ঘোষণা করিয়াছিলেন, "সদাপ্রভুর সিংহাসনের উপরে হস্ত (উত্তোলিত হইয়াছে); পুরুষানুক্রমে অমালেকের সহিত সদাপ্রভুর যুদ্ধ হইবে।" যাত্রাপুস্তক ১৭:১৬। PPBeng 209.4

অমালেকেরা ঈশ্বরের চরিত্র ও তার আধিপত্য সম্বন্ধে অজ্ঞ ছিল না; কিন্তু তারা তাঁর ক্ষমতার মোকাবেলা করতে চেয়েছিল । মোশি মিস্ত্রীয়দের নিকট যে সকল আশ্চর্য্য ঘটনা ঘটিয়েছিলেন, সেগুলিকে তারা ঠাট্টা- তামসার বস্তুতে পরিণত করেছিল। তারা তাদের দেবতাদের নিকট প্রতিজ্ঞাবদ্ধ হয়েছিল যে তারা যিহূদীদের ধ্বংস করবে এবং গর্ব করত যে ইস্রায়েলদের ঈশ্বর তাদের ঠেকানোর মত কোন ক্ষমতাই রাখেন না। ইস্রায়েলরা তাদের জন্য কোন ভীতির কারণ ছিল না। তারা বিনা প্ররোচনায় আক্রমণ করেছিল। ঈশ্বরের বিপক্ষতা করতে গিয়ে তারা তাঁর লোকদের ধ্বংস করতে চেয়েছিল। দীর্ঘ দিন পর্য্যন্ত অমালেকীয়রা অত্যাচারী ও পাপে মগ্ন ছিল, ঈশ্বরের দয়াতে তাদের অনুতাপ করার জন্য আহবান জানিয়েছে; কিন্তু যখন তারা ক্লান্ত ও নিরস্ত্র ইস্রায়েলদের আক্রমণ করল, তারা তাদের শপথ ধ্বংস নিশ্চিত করল। যারা তাঁকে প্রেম ও ভয় করে, ঈশ্বরের হাত তাদের উপর এক রক্ষাকারী বর্মের মত প্রসারিত থাকে; সেই হাতকে আঘাত করা হতে সাবধান হোক; কেননা তা ন্যায় বিচারের তরবারী দ্বারা আঘাত করবে। PPBeng 210.1

মোশির শ্বশুর যিথ্রো, মোশির স্ত্রী ও দুই সন্তানকে তার নিকট পৌঁছে দেবার জন্য যাত্রা করলেন। মহান নেতা মোশি অত্যন্ত আনন্দিত হয়ে তাদের সহিত দেখা করে তাদের তাঁর তাঁবুতে নিয়ে আসতে এগিয়ে গেলেন। PPBeng 210.2

যিথ্রোর উপদেশ

PPBeng 210

যিথ্রো যখন তাঁবুতে ছিলেন, তখন তিনি দেখতে পেলেন যে মোশির উপর কি গুরুভার পড়েছে। শুধুমাত্র লোকদের সাধারণ কাজকর্ম ও দেখাশুনার কর্তব্য নয়, কিন্তু তাদের মধ্যের বিবাদসমূহও মোশির নিকট বিচারের জন্য নিয়ে আসা হত। তিনি বললেন, আমি "ঈশ্বরের নিয়ম ও ব্যবস্থা সকল তাহাদিগকে জানাই।" কিন্তু যিথ্রো তিরস্কার করে বললেন, "এ কাজ তোমার ক্ষমতা হইতে গুরুতর; ইহা একাকী সম্পন্ন করা তোমার অসাধ্য।" "ইহাতে তুমি এবং তোমার সাথী এই লোকেরা দুর্বল হইবে।" তিনি মোশিকে পরামর্শ দিলেন যেন উপযুক্ত লোকদের হাজার জনের উপর, এক শত জনের উপর ও দশ জনের উপর প্রশাসক নিযুক্ত করা হয়। এরা সাধারণ বিষয়গুলির বিচার করবে, আর অত্যন্ত কঠিন ও গুরুত্বপূর্ণ

বিষয় মোশির নিকট আনা হবে। এই পরামর্শ গ্রহণ করা হল, ফলে ইহা যে শুধু মোশির কাজ লাঘব করল তা নয়, কিন্তু লোকদের মধ্যে পূর্ণ শৃঙ্খলা আনয়ন করল। PPBeng 210.3

অন্যদের উপদেশ ও পরিচালনা দেবার জন্য তাকে নিযুক্ত করা হয়েছে বলে মোশির নিজের কোন উপদেশ প্রয়োজন ছিল না তা নয়। ইস্রায়েলদের মনোনীত নেতা মিদিয়নীয়দের ঈশ্বর ভক্ত পুরোহিতদের পরামর্শ আনন্দ সহকারে শ্রবণ ও গ্রহণ করলেন। PPBeng 211.1

মেঘস্তম্ভ অনুসরণ করে লোকেরা রফীদীম হতে আবার যাত্রা শুরু করলেন। তাদের রাস্তা ছিল শস্যহীন প্রান্তর দিয়ে, খাড়া পাহাড় বেয়ে, প্রস্তরময় উপত্যকা দিয়ে। এখন তাদের সামনে মহিমান্বিত সীনয় পর্বত দন্ডায়মান। মেঘস্তম্ভ এর চুড়ায় এসে দাঁড়িয়ে পড়ল, আর লোকেরা এর পদভূমিতে তাঁবু স্থাপন করল। এই স্থান প্রায় বসর কালের জন্য তাদের বাসস্থানে পরিণত হতে যাচ্ছিল। রাত্রে অগ্নিস্তম্ভ তাদের ঈশ্বরের উপস্থিতি ও নিরাপত্তার নিশ্চয়তা দান করত, আর যখন তারা গভীর নিদ্রায় মগ্ন থাকত, তখন স্বর্গীয় খাদ্য তাদের তাঁবুগুলির চতুর্দিকে পড়ত। PPBeng 211.2

এখানেই মানুষের নিকট ঈশ্বরের প্রকাশিত বাক্য সমূহের মধ্যে আশ্চর্য্যতম বাক্য ইস্রায়েল জাতির নিকট উপস্থিত করা হয়েছিল। ব্যবস্থার পবিত্র করণীয় সমূহ তাঁর নিজ কন্ঠে ঘোষণা করে যেন লোকদের মনে গেথে দিতে পারেন, এই জন্য সদাপ্রভু এখানেই তাঁর লোকদের জড় করেছিলেন। তাদের মধ্যে আমুল পরিবর্তন সাধন করা প্রয়োজন ছিল; কেননা দাসত্ব ও পৌত্তলিকতার প্রভাব তাদের চরিত্রের ও অভ্যাসের উপর গভীর দাগ ফেলেছিল। তাঁর নিজের সম্বন্ধে জ্ঞান দানের মাধ্যমে ঈশ্বর তাদের নৈতিকতার এক উন্নত অবস্থানে পৌছিয়ে দেবার কাজ আরম্ভ করেছিলেন। PPBeng 211.3

অধ্যায় ২৭—সীনয় পর্বতে ঈশ্বর তাঁর ব্যবস্থা দান করেন

PPBeng 212

সীনয়ের তাঁবু স্থাপনের অব্যবহিত পরেই মোশিকে ঈশ্বরের পর্বতে উপস্থিত হওয়ার জন্য আহ্বান করা হল। ইস্রায়েলকে এখন সর্বশক্তিমানের সহিত এক ঘনিষ্ট ও বিশেষ সম্পর্কে প্রবেশ করতে হবে- ঈশ্বরের শাসনের অধীনে একটি মন্ডলী ও জাতিরূপে সংঘবদ্ধ হতে হবে। “আমি মিস্রীয়দের প্রতি যাহা করিয়াছি, এবং যেমন ঈগল পক্ষী পক্ষ দ্বারা, তেমনি তোমাদিগকে বহিয়া আপনার নিকটে আনিয়াছি, তাহা তোমরা দেখিয়াছ। এখন যদি তোমরা আমার রবে অবধান ও আমার নিয়ম পালন কর, তবে তোমরা সকল জাতি অপেক্ষা আমার নিজস্ব অধিকার হইবে, কেননা সমস্ত পৃথিবী আমার; আর আমার নিমিত্তে তোমরাই যাজকদের এক রাজ্য ও পবিত্র এক জাতি হইবে।” PPBeng 212.1

মোশি তাঁবুতে ফিরে এসে ইস্রায়েলদের প্রাচীনদের নিকট স্বর্গীয় বাণী পুনরাবৃত্তি করলেন । তাদের উত্তর ছিল, “সদাপ্রভু যাহা কিছু বলিয়াছেন, আমরা সমস্তই করিব।” এই ভাবে তাঁকে তাদের শাসকরূপে গ্রহণ করতে প্রতিজ্ঞাবদ্ধ হয়ে, তারা ঈশ্বরের সহিত এক পবিত্র চুক্তিতে আবদ্ধ হলেন, আর এর দ্বারা, এক বিশেষ অর্থে তারা তাঁর অধীনস্থ প্রজাতে পরিণত হলেন। PPBeng 212.2

ঈশ্বর তাঁর ব্যবস্থা প্রকাশের ক্ষণকে একটি গম্ভীর মাহাত্মপূর্ণ দৃশ্য দ্বারা পরিবেষ্টিত করতে সিদ্ধান্ত নিলেন। যা কিছুই ঈশ্বরের সেবার সহিত সংযুক্ত সেগুলিকে সর্বাধিক সম্মান দেখাতে হবে। সদাপ্রভু মোশিকে বললেন, “তুমি লোকদের নিকটে গিয়া অদ্য ও কল্য তাহাদিগকে পবিত্র কর, এবং তাহারা আপন আপন বস্ত্র ধৌত করুক, ...কেননা তৃতীয় দিনে সদাপ্রভু সকল লোকের সাক্ষাতে সীনয় পর্বতের উপরে নামিয়া আসিবেন।” সকলে ঈশ্বরের সম্মুখে উপস্থিত হওয়ার জন্য পবিত্র-প্রস্তুতিতে সময় কাটাতে হবে। তারা নিজেরা, তাদের বস্ত্রাদি অপবিত্র হতে পবিত্র হতে হবে। তারা নম্রতা, উপবাস, ও প্রার্থনাতে নিযুক্ত থাকবেন যেন তাদের হৃদয় পাপ হতে মুক্ত হয়। PPBeng 212.3

তৃতীয় দিনের ভোরবেলা, সীনয়ের শৃঙ্গ, মেঘে ঢেকে গেল, ঘন এবং কাল মেঘ, যে মেঘ উপর হতে নীচের দিকে বিস্তৃত হয়ে সমস্ত পর্বতকে অন্ধকারে ও এক গভীর রহস্যে ঢেকে ফেল্‌ল। তখন ঈশ্বরের সাথে সাক্ষাৎ করার জন্য লোকদের আহবান করে এক তুরীর ধ্বনি শোনা গেল । তখন গভীর অন্ধকারের মধ্যে বিদ্যুৎ চমকাল, আর চতুর্দিকের চূড়া হতে বজ্র প্রতিধ্বনিত হল। “তখন সমস্ত সীনয় পর্বত ধোয়ায় ঢাকা ছিল;...এবং সমস্ত পর্বত ভীষণভাবে কাঁপিতে লাগিল।” ইস্রায়েল জনতা ভয়ে কাঁপতে লাগল এবং সদাপ্রভুর সামনে প্রাণপাত করল । এমন কি মোশিও বললেন, “আমি খুবই ভয় পাইতেছি ও কাঁপিতেছি।” PPBeng 213.1

বজ্রধ্বনি থেমে গেল; তুরীধ্বনি আর শোনা যাচ্ছিল না; পৃথিবী শান্ত হল। কিছু সময় এক মহা নীরবতা বজায় থাকল; তারপর ঈশ্বরের আওয়াজ শুনা গেল। দূত দ্বারা পরিবেষ্টিত হয়ে পর্বত শৃঙ্গে দাঁড়িয়ে থেকে সদাপ্রভু কথা বলেন ও তার ব্যবস্থা প্রকাশ করলেন। PPBeng 213.2

"আমি তোমার ঈশ্বর, যিনি মিসর দেশ হইতে, দাসগৃহ হইতে, তোমাকে বাহির করিয়া আনিয়াছি।" যিনি সমুদ্রের মধ্যে পথ তৈরি করে, এবং ফরৌণ ও তার বাহিনীকে ধ্বংস করে, তাদের মিসর হতে বের করে নিয়ে এসেছিলেন তিনিই এখন তার ব্যবস্থা দিচ্ছিলেন। PPBeng 213.3

ঈশ্বর তার ব্যবস্থার অভিভাবক ও রক্ষকরূপে যিহূদীদের সম্মানিত করলেন, কিন্তু ইহা সমস্ত পৃথিবীর জন্য একটি পবিত্র আমানতরূপে রক্ষা করতে হবে। দশ আজ্ঞায় যে নিয়ম দেয়া হয়েছিল তা সমস্ত মানব জাতির উপর প্রযোজ্য ছিল, এগুলি সকলের জন্য উপদেশ ও পথ-নিদেশকরূপে প্রত্যেকের প্রতি প্রযোজ্য ছিল। দশটি আদেশ, সংক্ষিপ্ত, ব্যাপক, এবং কর্তৃত্বব্যঞ্জক, ঈশ্বরের প্রতি মানুষের কর্তব্য ও মানুষের প্রতি কর্তব্য সকল বর্ণনা করে এবং সবগুলিই প্রেমের মুখ্য নীতির উপর স্থাপিত। "তুমি তোমার সমস্ত অন্তঃকরণ, তোমার সমস্ত প্রাণ, তোমার সমস্ত শক্তি ও তোমার সমস্ত চিত্ত দিয়া তোমার ঈশ্বর প্রভুকে প্রেম করিবে, এবং তোমার প্রতিবাসীকে নিজের মত প্রেম করিবে।" লুক ১০:২৭। দশ আজ্ঞার মধ্যে এই নীতিগুলো মানুষের জন্য প্রযোজ্য করা হল। PPBeng 213.4

"আমার সাক্ষাতে তোমার অন্য দেবতা না থাকুক।" আমরা যা কিছুকে এত অধিক পছন্দ করি যে তা ঈশ্বরের প্রতি আমাদের প্রেমকে কমিয়ে আনে অথবা তাঁর সাহায্যে বাধার সৃষ্টি করে, তাই আমাদের নিকট আর একটি দেবতাতে পরিণত হয়। PPBeng 213.5

"তুমি আপনার নিমিত্তে খোদিত প্রতিমা নির্মান করিও না; উপরিস্থ স্বর্গে,নীচস্থ পৃথিবীতে ও পৃথিবীর নীচস্থ জলমধ্যে যাহা যাহা আছে, তাহাদের কোন মূর্তি নির্মাণ করিও না।" PPBeng 214.1

ঈশ্বর সম্বন্ধে ধারণা মানুষের ব্যবহারের পরিবর্তন ঘটায়

PPBeng 214

অনেক পৌত্তলিক জাতি দাবি করে যে তাদের মূর্তিগুলি প্রতীকস্বরূপ যার মাধ্যমে তারা আসল ঈশ্বরের আরাধনা করে। কিন্তু ঐ ধরণের আরাধনাকে ঈশ্বর পাপরূপে আখ্যায়িত করেছেন। অনন্ত ও অসীমকে বস্তুতে পরিণত করলে ঈশ্বর সম্পর্কে মানুষের ধারণা নীচু স্তরে চলে যায়। তখন মন স্রষ্টার প্রতি ধাবিত না হয়ে সৃষ্টির প্রতি ধাবিত হয়। আর যখন ঈশ্বর সম্পর্কে ধারণা নিম্ন পর্যায়ের হয় তখন মানুষ নিজেও নিম্ন পর্যায়ে পৌঁছে যায়। PPBeng 214.2

“কেননা তোমার ঈশ্বর সদাপ্রভু আমি স্বগৌরব রক্ষণে উদ্‌যোগী ঈশ্বর।” ঈশ্বরের সহিত মানুষের গভীর সম্পর্কের প্রতীক হল বিবাহ। আর পৌত্তলিকতা হল আত্মিক ব্যভিচার যা ঈশ্বর ঘৃণা করেন । PPBeng 214.3

“আমি পিতৃগণের অপরাধের প্রতিফল সন্তানদিগের উপরে বর্তাই, যাহারা আমাকে দ্বেষ করে, তাহাদের তৃতীয় চতুর্থ পুরুষ পর্য্যন্ত বর্তাই।” মাতা পিতার পাপের জন্য সন্তানদের শাস্তি দেয়া হয় না, কিন্তু যখন তারা মাতা পিতার পাপের অংশ হয় তখন শাস্তি দেয়া হয় । কিন্তু সাধারণতঃ দেখা যায় যে উত্তরাধীকার ও দৃষ্টান্ত দ্বারা ছেলে পিতার পাপের অংশীদার হয়ে যায়! অন্যায় প্রবণতা, বিকৃত স্পৃহা, অবক্ষয় প্রাপ্ত নৈতিকতা, এবং দৈহ্যিক রোগ ও অধঃপতন পিতা হতে ছেলে উত্তরাধীকারসূত্রে লাভ করে থাকে; তৃতীয় ও চুতর্থ বংশধর পর্যন্ত ইহা বিস্তারিত হয়। PPBeng 214.4

“কিন্তু যাহারা আমাকে প্রেম করে ও আমার আজ্ঞা সকল পালন করে, আমি তাহাদের সহস্র পুরুষ পর্য্যন্ত দয়া করি।” যারা তাঁর সেবায় বিশ্বস্ত থাকে, তাদের প্রতি দয়া প্রতিজ্ঞা করা হচ্ছে, যারা তাকে ঘৃণা করে, তাদের মত তৃতীয় বা চতুর্থ বংশধর পর্য্যন্ত নয়, কিন্তু হাজার হাজার পুরুষ পর্য্যন্ত। PPBeng 214.5

“তোমার ঈশ্বর সদাপ্রভুর নাম অনর্থক লইও না, কেননা যে কেহ তাঁহার নাম অনর্থক লয়, সদাপ্রভু তাহাকে নির্দোষ করিবেন না।” এই আজ্ঞা আমাদের ঈশ্বরের নাম অযথা বা ইচ্ছাখুসিভাবে মুখে আনতে মানা করেছে। সাধারণ আলোচনায় ইচ্ছাখুসিভাবে ঈশ্বরের নাম উচ্চারণ করে, অথবা বিনা চিন্তায় ঘন ঘন তাঁর নাম মুখে এনে, আমরা তাঁর অবমাননা করে থাকি । “তাহার নাম পবিত্র ও ভয়াবহ।” গীতসংহিতা ১১১:৯। এই নাম সশ্রদ্ধা ও গুরুত্বের সহিত উচ্চারণ করতে হবে। PPBeng 214.6

“তুমি বিশ্রামদিন স্মরণ করিয়া পবিত্র করিও। ছয় দিন শ্রম করিও, আপনার সমস্ত কাজ করিও; কিন্ত সপ্তম দিন তোমার ঈশ্বর সদাপ্রভুর উদ্দেশ্যে বিশ্রামদিন; সে দিন তুমি কি তোমার পুত্র কি কন্যা, কি তোমার দাস দাসী, কি তোমার পশু, কি তোমার পুরদ্বারের মধ্যবর্তী বিদেশী, কেহ কোন কার্য্য করিও না; কেননা সদাপ্রভু আকাশমন্ডল ও পৃথিবী, সমুদ্র ও সেই সকলের মধ্যবর্তী সমস্ত বস্তু ছয় দিনে নির্মাণ করিয়া সপ্তম দিনে বিশ্রাম করিলেন, ও পবিত্র করিলেন।” একটি নূতন প্রতিষ্ঠানরূপে শাব্বাথকে স্থাপন করা হচ্ছে না বরং সৃষ্টির মুহূর্ত হতেই এর উৎপত্তি। ঈশ্বরকে স্বর্গ ও ভূ-মন্ডলের স্রষ্টারূপে নির্দ্দেশপূর্বক, এটি মিথ্যা দেবতা হতে সত্য ঈশ্বরের পার্থক্য প্রদর্শন করে। এরূপে বিশ্রামদিন ঈশ্বরের প্রতি মানুষের বিশ্বস্ততার নিদর্শন। চতুর্থ আজ্ঞাটি হল দশটি আজ্ঞাসমূহের একটি যেখানে আজ্ঞাদাতার নাম ও উপাধি উভয়ই পাওয়া যায়। ইহাই একমাত্র আজ্ঞা যেখানে যে আদেশ দেয়া হচ্ছে তার কর্তৃত্বের উৎসের সন্ধান পাওয়া যায়। এইভাবে এটি ঈশ্বরের সীলমোহর বহন করে। PPBeng 215.1

ঈশ্বর মানুষকে কাজের জন্য ছয় দিন দিয়েছেন এবং তিনি চান যে ঐ ছয় দিনের তার নিজের কাজ করা হয়। অত্যন্ত প্রয়োজনীয় কাজ ও দয়ার কাজ বিশ্রামদিনে করা যাবে। রোগী ও কষ্ট ভোগরত ব্যক্তিদের সব সময় যত্ন নেয়া প্রয়োজন; কিন্তু অপ্রোয়জনীয় কাজ সর্বদাই বন্ধ রাখতে হবে। বিশ্রামদিনকে পবিত্র রাখার জন্য আমরা আমাদের মনকেও পৃথিবীর চিন্তা হতে দূরে রাখব। আর এই আজ্ঞায় যারা আমাদের "দরজার" ভিতর তাদের সকলকেই ধরা হয় । পবিত্র মুহূর্তে গৃহবাসী সকলেই তাদের কাজকর্ম বন্ধ করবে। তাঁর পবিত্র দিনের প্রতি বিশ্বস্ত থেকে সকলকেই তাঁর সেবার জন্য একত্রিত হতে হবে। PPBeng 215.2

তোমার পিতাকে ও তোমার মাতাকে সমাদর করিও, যেন তোমার ঈশ্বর সদাপ্রভু তোমাকে যে দেশ দিবেন, সেই দেশে তোমার দীর্ঘ পরমায়ু হয়।" PPBeng 215.3

পিতামাতা এমন এক সম্মান ও প্রেমের ভাগী যা অন্য কেউই পেতে পারে না। যে আপন মাতাপিতার কর্তৃত্ব অস্বীকার করে সে ঈশ্বরের কর্তৃত্বকে অস্বীকার করছে । পঞ্চম আজ্ঞা সন্তানদের নিকট হতে মাতাপিতার প্রতি শুধু সম্মান, নতি স্বীকার ও বাধ্যতাই কামনা করে না, বরং পিতামাতাকে প্রেম ও যত্ন করতে, তাদের দুর্ভাবনা লাঘব করতে, তাদের সম্মান রক্ষা করতে, আরও বৃদ্ধ বয়সে তাদের দেখাশুনা ও যত্ন করতে নির্দ্দেশ দেয় । আর ইহা নেতৃবৃন্দের ও অন্যান্য প্রাচীনদের সম্মান প্রদর্শন করতে নির্দ্দেশ দেয় । PPBeng 215.4

(৬) "নরহত্যা করিও না।"

PPBeng 215

সমস্ত অন্যায় ও অবিচার যা জীবনের আয়ু হ্রাস করে; ঘৃনা ও প্রতিশোধের স্পৃহা, এমন কোন আসক্তিতে লিপ্ত হওয়া যা অন্যের প্রতি ক্ষতিকারক হয়। এমন কি কারো ক্ষতি কামনা করা, কারণ "যে কেহ নিজের ভাইকে ঘৃণা করে সে হত্যাকারী"; অভাবগ্রস্থদের প্রতি অবহেলা দেখানো; আত্মা বিলাসিতা অথবা অতিরিক্ত পরিশ্রম যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এই সমস্ত কিছুই, অল্প - বিস্তর, চতুর্থ আজ্ঞা লঙঘন করার তুল্য। PPBeng 216.1

(৭) "ব্যভিচার করিও না।"

PPBeng 216

শুধুমাত্র বাহ্যিক জীবনে পবিত্রতা কামনা করা হচ্ছে তা নয়, কিন্তু হৃদয়ের গোপন ইচ্ছা ও মনোভাবের মধ্যেও পবিত্রতা কামনা করা হচ্ছে। খ্রীষ্ট, যিনি আজ্ঞার প্রতি গভীর ও সুদূর প্রসারী বাধ্যতার বিষয়ে শিক্ষা দিয়েছেন, বলেছেন যে মন্দ চিন্তা ও মন্দ দৃষ্টিও সমান পাপের কাজ। PPBeng 216.2

(৮)" চুরি করিও না।"

PPBeng 216

এই আজ্ঞা ক্রীতদাসত্ব, মানুষ বিক্রী, দেশ দখলের জন্য যুদ্ধ, চুরি ও ডাকাতি সবই মানা করছে। জীবনের সূক্ষ্মতম বিষয়েও ইহা সততার দাবী করে। ইহা ব্যবসায়ে অতিরিক্ত মুনাফা লাভ করা নিষেধ করে এবং ঋণ ও বেতনের বিষয়ে যথার্থতা দাবী করে। অন্যের অজ্ঞতা, দুর্বলতা, অথবা দুর্ভাগ্যের সুযোগ নিয়ে নিজের লাভ আদায় করা ঈশ্বরের পুস্তকে প্রতারণারূপে লেখা হয় । PPBeng 216.3

(৯) “তোমার প্রতিবাসীর বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দিও না।”

PPBeng 216

প্রতারণা করার ইচ্ছাই মিথ্যা সাক্ষ্য বলে গন্য করা হয়। ঠিক মুখের কথায় যে ভাবে মিথ্যা বলা হয়, ঠিক তদ্রূপই চোখের অথবা হাতের ঈশারায় এবং মুখের চেহারা পরিবর্তনের মাধ্যমে মিথ্যা সাক্ষ্য দেয়া সম্ভব। এমন কি এমন ভাবে বক্তব্য পেশ করা যার বিভিন্ন ব্যাখ্যা সম্ভব তাও মিথ্যা কথা। বক্তব্য বিকৃত করে প্রতিবাসীর সুনামের হানি করার সকল প্রচেষ্টা, দুর্ণাম করা বা মিথ্যা রটানো, ইচ্ছা করে সত্য চেপে যাওয়া যাতে অন্যের ক্ষতি হয়, এই সকলই নবম আজ্ঞা লঙঘন করা । PPBeng 216.4

(১০) “তোমরা প্রতিবাসীর গৃহে লোভ করিও না ।”

PPBeng 216

প্রতিবাসীর স্ত্রীতে, কিংবা তাহার দাসে কি দাসীতে, কিংবা তাহার গরুতে বা গাধাতে, প্রতিবাসীর কোন বস্তুতেই লোভ করিও না। যা হতে সমস্ত পাপের উৎপত্তি হয় সেই স্বার্থের চিন্তা করা নিষেধ করে। দশম আজ্ঞাসকল পাপের মূলে আঘাত করে। যে ব্যক্তি অন্যের দ্রব্যের প্রতি কোনরূপ লোভ করে না, সে তার সহমানবের প্রতি সকল প্রকার অন্যায় কাজ হতে বিরত থাকবে। যেন তাঁর লোকেরা কখনও ঐ দৃশ্য ভুলে না যায়, এই জন্য ঈশ্বর তাঁর গৌরব ও শক্তি দেখানোর মাধ্যমে তাঁর আজ্ঞায় সতর্ক করেন। তিনি সমস্ত মানবজাতিকে তার আজ্ঞার পবিত্রতা ও স্থায়ীত্ব প্রদর্শন করলেন। PPBeng 216.5

ঈশ্বরের আজ্ঞা ও প্রেমের আজ্ঞা

PPBeng 217

যখন ন্যায় আচরণ সম্পর্কে ঈশ্বরের মহান নীতি তাদের নিকট উপস্থিত করা হল, লোকেরা তখন পাপের ধ্বংসাত্মক প্রকৃতি ও পবিত্র ঈশ্বরের সামনে তাদের অপরাধ সম্বন্ধে সম্যক ধারণা পেলেন। লোকেরা মোশির নিকট চিৎকার করে বলেন, “তুমিই আমাদের সহিত কথা বল, আমরা শুনিব; কিন্তু ঈশ্বর আমাদের সাথে কথা না বলুন, পাছে আমরা মারা পড়ি।” তাদের নেতা উত্তর করলেন, “ভয় করিও না; কেননা তোমাদের পরীক্ষা করিবার

জন্য, এবং তোমরা যেন পাপ না কর, এই জন্যে নিজ ভীষণতা তোমাদের দেখাইবার জন্য ঈশ্বর আসিয়াছেন।" PPBeng 217.1

দাসত্ব ও পৌত্তলিকতায় অন্ধ এবং সংকীর্ণমনা হয়ে যাওয়ার ফলে লোকেরা ঈশ্বরের দশটি অনুশাসনের সুদূরপ্রসারী নীতি পূর্ণরূপে অনুধাবন করার জন্য প্রস্ত্তত ছিল না। দশম আজ্ঞার দৃষ্টান্তস্বরূপ ও ব্যবহারের পদ্ধতির জন্য আরো অতিরিক্ত নীতি দেয়া হল। এগুলিকে "বিচার" রূপে অভিহিত করা হয় কেননা বিচারকরা ঐগুলির ভিত্তিতে বিচার করতেন। দশম আজ্ঞার অনুরূপ না করে, এগুলি মোশিকে একাকী দেয়া হয়! PPBeng 217.2

এগুলির প্রথমটি ছিল দাসত্ব সম্পর্কিত। একজন যিহুদীকে সারা জীবনের জন্য দাসরূপে বিক্রি করা চলবে না। তাকে ছয় বৎসর পর্য্যন্ত কাজ করানো যেত; আর সপ্তম বৎসর তাকে মুক্তি দিতে হত। অ-ইস্রায়েলীদের দাসরূপে রাখার অনুমতি ছিল, তবে তাদের প্রাণ ও দেহ বিশেষ ভাবে রক্ষা করতে হত। একজন দাসকে যে হত্যা করত তাকে শাস্তি প্রদান করতে হত; যদি তার প্রভু তার কোন দৈহ্যিক ক্ষতি সাধন করতেন, আর তা যদি শুধু মাত্র একটি দাঁত ভেঙ্গে ফেলার মত নগন্যও হত, তাহলে সেই দাস মুক্তি লাভ করার অধিকার পেত। PPBeng 217.3

তাদের মিস্ত্রীয় মনিবদের দ্বারা তারা যে ভাবে নিগৃহীত হত সেই ধরণের নিষ্ঠুর আচরণ করা থেকে ইস্রায়েলদের সতর্ক থাকতে বলা হয়েছিল। তাদের তিক্ত দাসত্বের অভিজ্ঞতা তাদের দাসত্বের জীবন সম্বন্ধে ধারণা রাখতে ও তাদের প্রতি দয়া ও সহানুভূতি দেখাতে সক্ষম করে তোলা উচিত। PPBeng 217.4

বিধবা ও এতিমদের অধিকার বিশেষভাবে সংরক্ষণ করা হয়েছিল। সদাপ্রভু ঘোষণা করলেন যে, "তাহাদিগকে কোন মতে দুঃখ দিলে যদি তাহারা আমার নিকট ক্রন্দন করে, তবে আমি অবশ্য তাহাদের ক্রন্দন শুনিব; আর আমার ক্রোধ প্রজ্বলিত হইবে, এবং আমি তোমাদিগকে খড়্গগ দ্বারা হত্যা করিব, তাহাতে তোমাদের স্ত্রীরা বিধবা ও তোমার সন্তানেরা এতিম হইবে। "যে সকল বহিরাগতরা ইস্রায়েলদের সহিত যুক্ত হোত তাদের অন্যায় অত্যাচার হতে রক্ষা করতে হত।" আর তুমি বিদেশীদের প্রতি অত্যাচার করিও না; তোমরাও বিদেশীর মন জান, কেননা তোমরা মিসর দেশে বিদেশী ছিলে।" PPBeng 217.5

দরিদ্রদের কাছ হতে সুদ গ্রহণ নিষিদ্ধ ছিল। একজন দরিদ্রের কোন কাপড় বা কম্বল বন্ধকরূপে নিয়ে থাকলে রাত্রে তা তাকে ফেরৎ দিতে হত। বিচারকদের অন্যায় বিচার না করতে, মিথ্যা কারণের সমর্থন না দিতে, অথবা ঘুষ গ্রহণ না করতে সতর্ক করে দেয়া হয়েছিল। মিথ্যা কলঙ্ক রটানো নিষেধ করা হয়েছিল, এবং শত্রুদের প্রতি দয়া দেখাতে নির্দেশ দেয়া হয়েছিল। লোকদের বিশ্রামদিনের পবিত্র করণীয় সম্বন্ধে স্মরণ করিয়ে দেয়া হয়েছিল। বাৎসরিক ভোজ নির্দ্ধারণ করে দেয়া হয়েছিল যখন জাতির সমস্ত লোকেরা

তাদের ধন্যবাদের দান ও ক্ষেতের ফসলের প্রথম ফসল নিয়ে সদাপ্রভুর সম্মুখে উপস্থিত হতে হত । এই সমস্ত কিছুরই লক্ষ্য ছিল : ইস্রায়েল জাতির উন্নতি ও মঙ্গল। সদাপ্রভু বলেছিলেন, "আর তোমরা আমার উদ্দেশে পবিত্র লোক হইবে।" PPBeng 218.1

ইস্রায়েল জাতির নিকট ঈশ্বরের প্রতিজ্ঞা পূরণ করার শর্ত হিসেবে এই আজ্ঞাসমূহ, দশ আজ্ঞাসহ, মোশিকে দশ আজ্ঞাসহ এই আজ্ঞাসমূহ সতর্কভাবে লিখতে নির্দ্দেশ দেয়া হয় এবং এগুলি জাতীয় আইনের ভিত্তিরূপে সংরক্ষণ করতে বলা হয় । PPBeng 218.2

আর বাণী দেয়া হল "দেখ, আমি পথে তোমাকে রক্ষা করিতে, এবং আমি যে স্থান প্রস্তুত করিয়াছি, সেই স্থানে তোমাকে লইয়া যাইতে তোমার অগ্রে অগ্রে এক দূত প্রেরণ করিতেছি। তাঁহা হইতে সাবধান থাকিও, এবং তাঁহার রবে অবধান করিও, উহার অসন্তোষ জন্মাইও না।" মেঘের ও আগুনের স্তম্ভে যীশু খ্রীষ্টই তাদের নেতা ছিলেন। যদিও বিভিন্ন প্রতীকের মাধ্যমে মুক্তিদাতার আগমনকে নির্দ্দেশ করা হত, কিন্তু একজন মুক্তিদাতা তাদের সংগে উপস্থিত ছিলেন যিনি মোশির মাধ্যমে লোকদের আদেশ দিতেন, এবং যিনি তাদের জন্য আশীর্বাদ ও দয়ার একমাত্র মাধ্যম ছিলেন। PPBeng 218.3

"পুরাতন চুক্তি" কি ভাবে স্থাপিত হয়েছিল

PPBeng 219

পর্বত হতে অবতরণ করার পর মোশি লোকদিগকে সদাপ্রভুর সকল কথা ও সকল আজ্ঞা বলিলেন, "তাহাতে সমস্ত লোক মিলিত কণ্ঠে উত্তর দিল, সদাপ্রভু যে কথা বলিলেন, আমরা সমস্তই পালন করিব।" PPBeng 219.1

তারপর চুক্তি অনুসমর্থন করা হল। পাহাড়ের পাদদেশে একটি যজ্ঞবেদি তৈরি করা হল এবং "ইস্রায়েলের বারো বংশানুসারে" ও তাদের চুক্তি অনুসমর্থন করার স্মারক হিসাবে যজ্ঞবেদির পাশে বারোটি স্তম্ভ স্থাপন করা হল। মোশি "নিয়মের পুস্তকখানা লইয়া লোকদের কর্ণগোচরে পাঠ করিলেন।" এই সকলই তারা পালন করবে কি না এ বিষয়ে সিদ্ধান্ত নেবার পূর্ণ স্বাধীনতা প্রত্যেকেরই ছিল। তারা ঈশ্বরের আজ্ঞার ঘোষণা শুনতে পেলেন, এবং এর নীতিসমূহ বিষদ ভাবে ব্যাখ্যা করা হয়েছিল যেন সকলেই জানতে পারে যে প্রতিটি চুক্তি নামায় কতটুকু দাবী করা হচ্ছে। আবারও সমবেত কণ্ঠে উত্তর করলেন, "সদাপ্রভু যাহা যাহা বলিলেন, আমরা সমস্তই পালন করিব ও আজ্ঞাবহ হইব।" "কারণ লোকদের কাছে মোশি দ্বারা আজ্ঞা সকল পালনের প্রস্তাব শেষ হইলে পর তিনি ...রক্ত লইয়া পুস্তকখানিতে ও সমস্ত লোকদের গাত্রে ছিটাইয়া দিলেন, বলিলেন, 'এ সেই নিয়মের রক্ত, যে নিয়ম ঈশ্বর তোমাদের উদ্দেশে করিলেন।' ইব্রীয় ৯:১৯, ২০। মোশি আদেশ পেলেন, "তুমি ও হারোণ, নাদব ও অবীহূ এবং ইস্রায়েলের প্রাচীনগণের সত্তর জন তোমরা সদাপ্রভুর নিকট উঠিয়া আস।" সত্তরজন প্রাচীন ইস্রায়েলদের মধ্যে প্রশাসন পরিচালনার কাজে মোশিকে সাহায্য করতেন, এবং ঈশ্বর তাঁর আত্মাকে তাদের উপর আসতে দিলেন।" "আর তাঁহারা ইস্রায়েলের ঈশ্বরকে

দর্শন করিলেন; তাঁহার চরণতলের স্থান নীলকান্তমনি নির্মিত শিলাস্তরের কার্য্যবং, এবং নির্মলতায় সাক্ষাৎ আকাশের তুল্য ছিল।" তারাতো ঈশ্বরকে দেখেন নাই কিন্তু তারা শুধু তাঁর উপস্থিতির জ্যোতি দেখতে পেলেন। তাঁর নিকটবর্তী হওয়ার পূর্ব পর্য্যন্ত তারা তাঁর জ্যোতি, পবিত্রতা, ও দয়ার বিষয়ে ধ্যান করতেন। PPBeng 219.2

এখন মোশি ও "তাঁহার সাহায্যকারী যিহোশূয়কে ঈশ্বরের সহিত সাক্ষৎ করতে আদেশ দেয়া হল। তখন নেতা হারোণ ও হূরকেও তাদের সহায়ক হিসেবে প্রাচীনদের, নিজের স্থলাভিষিক্ত করলেন। সর্বশক্তিমানের সন্নিকটবর্তী হওয়ার জন্য মোশি আদেশের অপেক্ষা করলেন। যদিও তার ধৈর্য্য ও বাধ্যতার পরীক্ষা করা হয়েছিল, তথাপি তিনি তার স্থান পরিত্যাগ করলেন না। তিনি নিজের হৃদয়ের অনুসন্ধান করার জন্য ছয়দিন পর্য্যন্ত ধ্যানে ও প্রার্থনাতে মগ্ন থাকলেন। PPBeng 219.3

সপ্তম দিনে, যেটা বিশ্রামদিন ছিল, মোশিকে মেঘের মধ্যে ডেকে নিয়ে যাওয়া হল। "আর মোশি মেঘের মধ্যে প্রবেশ করিয়া পর্বতে উঠিলেন। মোশি চল্লিশ দিবারাত্র সেই পর্বতে অবস্থিতি করিলেন।" এই চল্লিশ দিনই তিনি উপবাস থাকলেন। PPBeng 220.1

ঈশ্বর ক্রীতদাসদের জাতিকে উন্নত করেন

PPBeng 220

পর্বতে অবস্থান কালে মোশি যেখানে বিশেষভাবে ঈশ্বরের উপস্থিতি থাকবে সেই আরাধনার স্থান তৈরি করার জন্য বিভিন্ন নির্দ্দেশ লাভ করলেন। ঈশ্বরের আদেশ ছিল, "আর তাহারা আমার জন্য একটি ধর্ম্মধাম নির্মাণ করুক, তাহাতে আমি তাহাদের মধ্যে বাস করিব।" তৃতীয়বারের মত বিশ্রামদিন পালন করার আদেশ দেয়া হল; "আমার ও ইস্রায়েলসন্তানদিগের মধ্যে ইহা চিরস্থায়ী নিয়ম," ঈশ্বর ঘোষণা করলেন, "যেন তোমরা জানিতে পার যে, আমিই তোমাদের পবিত্রকারী সদাপ্রভু। অতএব, তোমরা বিশ্রামদিন পালন করিবে, কেননা তোমাদের জন্য সেই দিন পবিত্র; ... যে কেহ ঐ দিনে কাজ করিবে, সে আপন লোকদের মধ্য হইতে উচ্ছিন্ন হইবে।" যাত্রাপুস্তক ৩১:১৭, ১৩, ১৪ PPBeng 220.2

এখন থেকে লোকেরা রাজার ন্যায় তাঁহার উপস্থিতিতে সম্মান লাভ করবে। "আমি ইস্রায়েল সন্তানদিগের মধ্যে বাস করিব, ও তাহাদের ঈশ্বর হইব।" "এবং আমার প্রতাপে তাঁবু পবিত্রীকৃত হইবে।" যাত্রাপুস্তক ২৯:৪৫, ৪৩। PPBeng 220.3

দাসদের জাতি হতে সকল জাতির উপরে উন্নীত হয়ে ইস্রায়েলরা এখন রাজার জন্য এক অতি মূল্যবান সম্পদে পরিণত হল। ঈশ্বর তাদের পৃথিবী হতে পৃথক করলেন, তিনি তাদের তাঁর আজ্ঞা ও ব্যবস্থার রক্ষণকারীতে পরিণত করলেন, আর তাদের মাধ্যমে মানবজাতীর মধ্যে তাঁর নাম জানাতে লক্ষ্য স্থির করলেন। এই ভাবে স্বর্গের আলো পৃথিবীকে আলোকিত করতে থাকবে। একটি ধ্বনি শোনা যাবে যে ধ্বনি সমস্ত জাতিকে পৌত্তলিকতা

পরিত্যাগ করে এক জীবন্ত ঈশ্বরের আরাধনা করতে নির্দ্দেশ দেবে। যদি ইস্রায়েলরা তাদের বিশ্বাসে স্থির থাকে · ঈশ্বর তাদের রক্ষক হবেন, এবং তিনি তাদের অন্যান্য জাতির উপরে উন্নত করবেন। PPBeng 220.4

অধ্যায় ২৮—ইস্রায়েলরা একটি স্বর্ণময় গো-বৎসের পূজা করে

PPBeng 221

যখন মোশি অনুপস্থিত ছিলেন, তখন ইস্রায়েলদের অপেক্ষা আরো উদ্বিগ্নতা বৃদ্ধি পেতে থাকে। লোকেরা অত্যন্ত আগ্রহের সাথে তার প্রত্যাবর্ত্তন আশা করছিল । মিসরের মূর্তি পূজায় অভ্যস্ত হবার পর, একজন অদৃশ্য ঈশ্বরে বিশ্বাস আনা তাদের জন্য কষ্টকর ছিল। তাদের বিশ্বাস রক্ষার জন্য তারা মোশির উপর নির্ভরশীল হতে শিখে। এখন তাকেও তাদের নিকট হতে নিয়ে নেওয়া হল। সপ্তাহের পর সপ্তাহ কেটে গেল কিন্তু তিনি ফিরে এলেন না। তাঁবুর অনেকের নিকটই মনে হল যে তাদের নেতা হয়ত তাদের ত্যাগ করে চলে গেছেন নয়ত তিনি জ্বলন্ত আগুনে ধ্বংস হয়েছেন। PPBeng 221.1

এই অপেক্ষার সময় ঈশ্বরের যে আজ্ঞা তারা শুনেছে তা নিয়ে ধ্যান করতে পারত ও ঈশ্বরের নিকট হতে আরো অধিক প্রত্যাদেশ পাবার জন্য তাদের হৃদয় প্রস্তুত করতে পারত। যদি তারা তাদের মনকে তাঁর নিকট নত করে ঈশ্বরের নীতির স্বচ্ছ ব্যাখ্যর অনুসন্ধান করত, তবে তারা প্রলোভন হতে রক্ষা পেত। কিন্তু তারা শীঘ্রই বিশেষত “মিশ্রিত লোকেরা,” শীঘ্রই অমনোযোগী, অসতর্ক এবং অসংযত হয়ে পড়ল। তারা দুগ্ধমধু প্রবাহি দেশের দিকে যাত্রা করার জন্য অধৈর্য্য হয়ে উঠল। শুধু বাধ্যতার ভিত্তিতেই ঐ সুন্দর দেশ তাদের নিকট প্রতিজ্ঞা করা হয়েছিল; কিন্তু তারা তা ভুলে গেল। কেউ কেউ মিসরে ফিরে যাবার জন্য পরামর্শ দিল; কিন্তু সামনে কনানের দিকে হোক অথবা পেছনে মিসরের দিকে হোক, জনতা আর মোশির জন্য অপেক্ষা না করতে দৃঢ়- প্রতিজ্ঞ হল । PPBeng 221.2

“মিশ্রিত লোকদের মহাজনতাই” অভিযোগ করায় ও অধৈর্য্যতা প্রদর্শনে প্রথম ছিল এবং বিশ্বাস পরিত্যাগে নেতৃত্ব দিচ্ছিল। মিস্রীয়রা যে সমস্ত জিনিষের পূজা করত তার মধ্যে ষাঁড় বা বাছুরের মূর্ত্তিও ছিল । যারা মিসরে মূর্ত্তি পূজা করত তাদের পরামর্শে এখন একটি গো-বৎস তৈরী করে ইহার পূজা করা হল। লোকেরা ঈশ্বরের প্রতিনিধিত্বকারী একটি মূর্তি চাইল যা মোশির স্থলে তাদের আগে আগে থাকবে। মিসরে ও লোহিত সাগরের স্থাপনের উদ্দেশ্য ছিল। ইস্রায়েলদের সাহায্যকারী অদৃশ্য ও সর্ব-ক্ষমতাশালী ঈশ্বরের উপর বিশ্বাস স্থাপন করতে ইস্রায়েলদের উদ্বুদ্ধ করা। আর তাঁর উপস্থিতির দৃশ্য প্রকাশের আকাঙ্ক্ষাকে পূরণ করার জন্য মেঘের ও আগুনের স্তম্ভ দেয়া হয়েছিল, এবং সীনয় পর্বতে তাঁর গৌরব দেখা গিয়েছিল। কিন্তু তাদের সামনে মেঘের স্ত ম্ভ থাকা সত্ত্বেও তারা হৃদয়ের ভিতরে মিসরের পৌত্তলিকতার প্রতি ফিরে গেল । PPBeng 221.3

হারোণের উপর বিচার করার দায়িত্ব প্রদান করা হয়েছিল, এবং তার তাঁবুর চতুর্দিকে এক মহা জনতা জড় হল । তারা বল যে মেঘ তো এখন স্থায়ী ভাবে পর্বতের উপর দাঁড়িয়ে রয়েছে, আর এখন তা তাদের যাত্রায় পরিচালনা দেবে না। এর স্থলে তাদের একটি মূর্ত্তি

প্রয়োজন; আর পরামর্শ অনুযায়ী যদি তারা মিসরেই ফিরে যায় তাহলে এই মূর্ত্তিকে তাদের দেবতারূপে সামনে রাখার জন্য তারা মিস্ত্রীয়দের অনুগ্রহই লাভ করবে। (সংযোজনের ৩ নং নোট দ্রষ্টব্য)। PPBeng 222.1

নেতৃত্ব দানের পরিবর্তে, হারোণ অনুসরণ করেন

PPBeng 222

হারোণ খুব ক্ষীণ স্বরে লোকদের নিকট প্রতিবাদ জানালেন, কিন্তু এই সন্ধিক্ষণে তার অনিশ্চয়তা ও ভীরুতা তাদেরকে আরো সাহসী করে তুলল। একটি অন্ধ, অযৌক্তিক আবেগ সমস্ত জনতাকে যেন অভিভূত করে ফেলল । কিছু লোক ঈশ্বরের সহিত তাদেরকে চুক্তির প্রতি বাধ্য থাকলেন; কিন্তু অধিকাংশরাই বিশ্বাস পরিত্যাগ করায় অংশ গ্রহণ করল। যে অল্প কয়েকজন এই মূর্ত্তি তৈরিকে পৌত্তলিকতা বলে ধিক্কার দিতে সাহস করলেন, তাদেরকে আক্রমণ করা হল ও ফলে তারা জীবন হারালেন। PPBeng 222.2

হারোণ তার নিজের নিরাপত্তার জন্য ভীত হলেন, এবং ঈশ্বরের সম্মান রক্ষার্থে সাহস সহকারে প্রতিবাদ না করে তিনি জনতার দাবী মানতে সম্মত হলেন। লোকেরা আগ্রহ সহকারে তাদের সোনা দানা তাকে দিল এবং তিনি মিস্ত্রীয় দেবতার অনুকরণে তাদের জন্য স্বর্ণময় গো-বৎস তৈরী করলেন। PPBeng 222.3

লোকেরা ঘোষণা করল, "হে ইস্রায়েল, এই তোমার দেবতা, যিনি মিসর দেশ হইতে তোমাকে বাহির করিয়া আনিয়াছেন।" আর হারোণ হীনতার সহিত ঈশ্বরের এই অবমাননা ঘটতে দিলেন। তা ছাড়া তিনি আরো কিছু করলেন। এই সোনার তৈরী দেবতাকে কত সন্তুষ্টির সহিত গ্রহণ করা হয়েছে তা দেখতে পেয়ে তিনি এর জন্য একটি বেদি নির্মাণ করলেন এবং ঘোষণা করলেন, "কল্য সদাপ্রভুর উদ্দেশে উৎসব হইবে। আর লোকেরা পরদিন প্রত্যূষে উঠিয়া হোমবলি উৎসর্গ করিল, এবং মঙ্গলার্থক নৈবেদ্য আনিল; আর লোকেরা ভোজন পান করিত বসিল, পরে ক্রীড়া করিতে উঠিল।" তারা রাক্ষসীপানা ও কামোদ্দীপক আনন্দে মেতে উঠল PPBeng 222.4

যে ধর্ম মানুষকে স্বার্থসিদ্ধি ও কামবাসনা চরিতার্থ করতে অনুমতি-দান করে, সেই ধর্ম ইস্রায়েলদের সময়ের মতই আজ লোকদের মধ্যে আমাদৃত । আজও মন্ডলীর মধ্যে হারোণের মত দুর্বল ও নমনীয় পুরোহিত রয়েছেন যারা অনিবেদিত-প্রাণ লোকদের ইচ্ছা পূরণ করতে রাজী হন এবং তাদ্দারা তাদের পাপের পথে চলতে উৎসাহিত করেন । PPBeng 223.1

ইস্রায়েল তাদের পবিত্র অঙ্গীকার ভঙ্গ করে

PPBeng 223

মাত্র কয়েক দিন আগেই যিহূদীরা পর্বতের সামনে কম্পিত পায়ে দাঁড়িয়ে ঈশ্বরের বাণী শুনেছিল, " আমার সাক্ষাতে তোমার অন্য দেবতা না থাকুক।" ঈশ্বরের গৌরব এখনো সীনয় পর্বতের উপর রয়েছে যা লোকেরা দেখতে পাচ্ছে; তথাপি, "তাহারা হোরেবে এক গোবৎস নির্মাণ করিল, ছাঁচে ঢালা প্রতিমার কাছে প্রণিপাত করিল। এইরূপে তৃণভোজী গোরুর প্রতিমার সহিত তাহারা আপনাদের গৌরব পরিবর্তন করিল।" গীতিসংহিতা ১০৬:১৯, ২০। PPBeng 223.2

তাঁবুতে ধর্মহীনতা সম্পর্কে মোশিকে সতর্ক করে দেয়া হল। ঈশ্বরের বাণী আসল, "তুমি নামিয়া যাও, কেননা তোমার যে লোকদিগকে তুমি মিসর হইতে বাহির করিয়া আনিয়াছ, তাহারা ভ্রষ্ট হইয়াছে। আমি তাহাদিগকে যে পথে চলিবার আজ্ঞা দিয়াছি, তাহারা শীঘ্রই সেই পথ হইতে ফিরিয়াছে।" PPBeng 223.3

তাঁর লোকদের সহিত ঈশ্বরের চুক্তি বাতিল হয়ে গিয়েছে, এবং তিনি মোশিকে বললেন, "এখন তুমি ক্ষান্ত হও, তাহাদের বিরুদ্ধে আমার ক্রোধ প্রজ্বলিত হউক, আমি তাহাদিগকে সংহার করি, আর তোমা হইতে এক বড় জাতি উৎপন্ন করি।" ইস্রায়েলরা, বিশেষতঃ "মিশ্রিত লোকদের মহাজনতা," সর্বদাই ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করবে, তাদের নেতার বিরুদ্ধে অভিযোগ তুলবে, এবং তাদের অবিশ্বস্ততা ও একগুয়েমী দ্বারা ঈশ্বরকে অবমাননা করবে। তাদের পাপ ইতিমধ্যেই তাদের ঈশ্বরের অনুগ্রহ হতে দূরে সরিয়ে নিয়েছে। PPBeng 223.4

যদি ঈশ্বরই ইস্রায়েলদের ধ্বংস করার সিদ্ধান্ত নিয়ে থাকেন, কে তাদের জন্য অনুরোধ জানাতে পারবে? কিন্তু যেখানে শুধু নিরুৎসাহ ও ক্রোধ ছিল, সেখানেই মোশি আশার আলো দেখতে পেলেন। "এখন তুমি ক্ষান্ত হও, ঈশ্বরের এই বাণীতে মোশি নিষেধের পরিবর্তে ঈশ্বরের কাছে মিনতি জানাবার উসাহ দানই দেখতে পেলেন; যদি মিনতি বা অনুরোধ জানানো হয়, তাহলে ঈশ্বর তাঁর লোকদের ক্ষমা করবেন। PPBeng 223.5

ঈশ্বর বুঝালেন যে তিনি তাঁর লোকদের উপর নিজ অধিকার ত্যাগ করেছেন। তিনি তাদের সম্বন্ধে মোশিকে বলেছিলেন যে, "তোমার যে লোকদিগকে তুমি মিসর হইতে বাহির করিয়া আনিয়াছ।" কিন্তু মোশি ইস্রায়েলদের উপর নিজ নেতৃত্ব অস্বীকার করলেন। তারা তার লোক নয়, কিন্তু ঈশ্বরের লোক "তোমার যে প্রজাদিগকে তুমি মহা-পরাক্রমে ও বলবান্ হস্ত দ্বারা...বাহির করিয়াছ।" মোশি অনুরোধ জানালেন, "মিস্ত্রীয়রা কেন বলিবে, অনিষ্টের নিমিত্তে, পর্ব্বতময় অঞ্চলে তাহাদিগকে নষ্ট করিতে --- তিনি তাহাদিগকে বাহির করিয়া আনিয়াছেন?" PPBeng 224.1

ইস্রায়েল মিসর পরিত্যাগ করার কয়েক মাসের মধ্যে তাদের আশ্চর্য্য মুক্তির কাহিনী চতুষ্পার্শ্বস্থ জাতিসমূহের মধ্যে ছড়িয়ে পড়ে। পৌত্তলিকদের মতে এতে প্রচন্ড ভয়ের সৃষ্টি হয়। তারা সকলেই লক্ষ্য রাখছিল যে ইস্রায়েলের ঈশ্বর তাঁর লোকদের জন্য কি করেন। যদি এখন তাদের ধ্বংস করা হয় তবে তাদের শত্রুদেরই জয় হবে। মিস্ত্রীয়রা দাবী করবে যে,

তাদের অভিযোগই সত্য ছিল। তাঁর লোকদের বলিদান দেবার জন্য মরুভূমিতে পরিচালিত করা হয়নি, বরং তিনি তাদেরই বলি দিয়েছেন। তাঁর যে লোকদের তিনি সম্মান দেখিয়েছেন, এখন তাদের ধ্বংস করা তাঁর নামের অগৌরব হবে। যাদের ঈশ্বর অত্যন্ত সম্মান দান করেছেন, তাঁর নামের সম্মান রক্ষা করার জন্য তাদের উপর কি গুরু দায়িত্বই না অর্পিত হয়েছে। PPBeng 224.2

যখন মোশি ইস্রায়েলদের জন্য মধ্যস্থতা করলেন, ঈশ্বর তখন তার অনুরোধ শুনলেন এবং তার নিঃস্বার্থ অনুরোধ রক্ষা করলেন। ঐ অকৃতজ্ঞ জাতির জন্য নিজ প্রেমের প্রমাণ ঈশ্বর দিয়েছিলেন এবং মোশিকে সেই পরীক্ষা সহ্য করতে শক্তি দিয়েছিলেন। একটি শক্তিশালী জাতির পিতা হওয়ার চেয়ে ঈশ্বরের লোকদের উন্নতিই তার নিকট অধিক কাম্য ছিল । ঈশ্বর তার বিশ্বস্ততা ও সততায় খুশী হয়েছিলেন এবং ইস্রায়েলদের প্রতিজ্ঞাত দেশে পরিচালনা করে নিয়ে যাওয়ার দায়িত্ব তার উপরই দিয়েছিলেন । PPBeng 224.3

যখন মোশি ও যিহোশূয় পর্বত হতে নীচে এসে তাঁবুর নিকটবর্তী হলেন তারা দেখলেন যে, লোকেরা মূর্তির চতুর্দিকে নৃত্য করছে ও চিৎকার করছে। পৌত্তলিকদের উচ্ছৃঙ্খল আনন্দ উৎসব, মিসরের পৌত্তলিকদের ভোজ-উৎসবের অনুকরণ । ঈশ্বরের শ্রদ্ধাপূর্ণ ও গম্ভীর আরাধনার সম্পূর্ণ বিপরীত। তিনি এইমাত্র ঈশ্বরের গৌরবের নিকট হতে এসেছিলেন এবং ইস্রায়েলদের এই অবনতি দেখার জন্য তিনি মোটেই প্রস্তুত ছিলেন না। তাদের অপরাধের প্রতি ঘৃনা প্রদর্শনের জন্য তিনি তার হাতের পাথরের ফলক দুটি ছুড়ে মারলেন এবং সকলের চোখের সামনে তা ভেঙ্গে টুক্রা টুক্রা হয়ে গেল, যাতে এটাই বুঝা গেল যে যেহেতু তারা ঈশ্বরের সহিত তাদের চুক্তি ভঙ্গ করেছে, সুতরাং ঈশ্বরও তাদের সহিত তাঁর চুক্তি ভঙ্গ করলেন। PPBeng 224.4

মোশি অন্যায়কারীদের শাস্তি দেন

PPBeng 225

মূর্তিটিকে ধরে মোশি আগুনের মধ্যে ফেলে দিলেন। পরে তিনি এটাকে গুড়া গুড়া করে পর্বত হতে আগত নদীতে ফেলে দেন । এই ভাবে তারা যে দেবতার আরাধনা করছিল তার মূল্যহীনতা প্রমাণ করা হয় । PPBeng 225.1

মহান নেতা অপরাধী ভাইকে ডেকে পাঠালেন। লোকদের দাবীর কথা উত্থাপন করে হারোণ নিজকে রক্ষা করার চেষ্টা করলেন, ও বললেন যে "যদি তিনি লোকদের দাবী না মানতেন তবে তারা তাকে মেরে ফেলত । "তাহারা আমাকে বলিল, আমাদের আগে আগে যাইবার জন্য আমাদের দেবতা তৈয়ার করুন, কেননা যে মোশি আমাদিগকে মিসর দেশ হইতে বাহির করিয়া আনিয়াছে, সেই ব্যক্তির কি হইল তাহা আমরা জানি না। তখন আমি বলিলাম, "তোমাদের মধ্যে যাহার যে স্বর্ণ থাকে, সে তাহা খুলিয়া দিউক; তাহারা আমাকে দিল; পরে আমি তাহা অগ্নিতে নিক্ষেপ করিলে ঐ গো-বৎসটি নির্গত হইল।" তিনি মোশিকে

বিশ্বাস করাতে চাচ্ছিলেন যে একটি অলৌকিক ঘটনা ঘটেছিল, এবং স্বর্ণ অলৌকিক ক্ষমতায়ই গো-বসে পরিণত হয়েছিল। কিন্তু তার অজুহাতে কোন কাজ হইল না। তাকে ন্যায্য দন্ড দেয়া হল। PPBeng 225.2

“সদাপ্রভুর পবিত্র লোক” (গীতসংহিতা ১০৬:১৬) হারোণই মূর্তি তৈয়ার করেছিলেন ভোজের ঘোষণা দিয়েছিলেন। তিনি পৌত্তলিকদের তাদের ঈশ্বরের প্রতি বিরোধীতামূলক লক্ষ্যে বাধা দিতে ব্যর্থ হন। স্বর্ণের মূর্তির সম্মুখে যখন ঘোষণা করা হল, “হে ইস্রায়েল, এই তোমার দেবতা, যিনি মিসর দেশ হইতে তোমাকে বাহির করিয়া আনিয়াছেন।” তখন তিনি নির্লিপ্তভাবে তা শুনেছিলেন। তিনিই ঈশ্বরের গৌরবকে একটি ষাঁড়ের মূর্তিতে পরিণত করেন। মোশির অনুপস্থিতিতে ঈশ্বর যার উপর লোকদের শাসন করার দায়িত্ব অর্পণ করেছিলেন, তিনিই ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহের অনুমতি দিয়েছিলেন।” “সদাপ্রভু হারোণকে বিনষ্ট করণার্থে তাঁহার উপর অতিশয় ক্রুদ্ধ হইয়াছিলেন।” দ্বিতীয় বিবরণ ৯:২০। মোশির মধ্যস্থতার ফলে তার জীবন রক্ষা পেয়েছিল; আর তার মহা পাপের জন্য অনুতাপ করার ফলে তাকে আবার ঈশ্বরের অনুগ্রহের পাত্র করা হয়। PPBeng 225.3

হারোণ কিভাবে বিদ্রোহে উসাহ প্রদান করেছিলেন

PPBeng 226

যদি হারোণের ন্যায়ের পক্ষে দাঁড়ানোর সাহস থাকত তবে তিনি ধর্মদ্রোহীতা বন্ধ করতে পারতেন। যদি তিনি অনঢ়রূপে নিজে ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকতেন এবং লোকদের ঈশ্বরের সহিত তাদের পবিত্র চুক্তির কথা স্মরণ করাতেন, তবে এই দুষ্কর্ম ঘটত না। কিন্তু তার সম্মতি লোকদের মনের পাপকে আরো প্রবল ভাবে প্রকাশ করতে সাহসী করে তুলে। PPBeng 226.1

তার নিজেকে রক্ষা করতে গিয়ে, হারোণ তাদের দাবী মানার তার দুর্বলতার জন্য লোকদের দোষী করেছিলেন; কিন্তু এতদ্‌সত্ত্বেও তারা তার ভদ্রতা ও ধৈর্য্যের জন্য তাকে যথেষ্ট সম্মান ও প্রশংসা করত। কিন্তু হারোণের আত্ম-সমর্পণকারী আত্মা এবং অন্যদের সুখী করার ইচ্ছা যে অপরাধের অনুমোদন তিনি দিচ্ছিলেন তার প্রচন্ডতা সম্পর্কে তাকে অন্ধ করেছিল। তার কাজের ফলে হাজার হাজার লোকের জীবন ধ্বংস ও বিনষ্ট হয়। মোশির কাজ ছিল তার থেকে বিপরীত। বিশ্বস্তভাবে ঈশ্বরের বিচার প্রদান করার মধ্যে তিনি দেখিয়েছিলেন যে ইস্রায়েলের মঙ্গল তার নিকট ব্যক্তিগত উন্নতি, সম্মান, ও জীবনের চেয়েও অধিক মূল্যবান। PPBeng 226.2

যতই কষ্টকর হোক না কেন বিশ্বস্তভাবে অন্যায়ের বিরোধীতা করার দ্বারাই ঈশ্বর তাঁর সন্তানদের বিশ্বস্ততা পরীক্ষা করেন। যাদের স্বর্গীয় দায়িত্ব দেয়ার মাধ্যমে সম্মানিত করা হয়েছে তারা আত্ম-সম্মানের লক্ষ্য রাখতে পারবেন না অথবা অপ্রীতিকর দায়িত্ব এড়াতে

পারবেন না, কিন্তু ঈশ্বরের কাজ অনঢ়, বিশ্বস্ততার সহিত সম্পন্ন করতে হবে। PPBeng 226.3

হারোণ যে অবাধ্যতার অনুমোদন করেছিলেন, তা যদি দ্রুত নির্মূল না করা হয়, তা হলে তা দুষ্কর্মের আতিশয্য ঘটাবে এবং জাতির ধ্বংস ডেকে আনবে। ভয়ঙ্কর দৃঢ়তার সাথে মন্দকে মুছে ফেলতে হবে। মোশি আহ্বান জানালেন, "সদাপ্রভুর পক্ষে কে? সে আমার নিকট আসুক।" যারা ধর্মদ্রোহীতায় অংশ গ্রহণ করেনি তারা ডানে দাঁড়াল, কিন্তু যারা দোষী ছিল এবং অনুতাপ করেছিল তাদের বাঁ পাশে দাঁড়াতে হল। দেখা গেল যে লেবির বংশধরেরা মূর্তি পূজায় অংশ গ্রহণ করেনি। অন্যান গোত্রদের অনেকেই এখন অনুতাপ করেছে। কিন্তু একটি বড় দল, প্রধানতঃ "মিশ্রিত লোকদের মহাজনতা", তাদের অবাধ্যতা বহাল রাখল। মোশি এখন "সদাপ্রভু, ইস্রায়েলের ঈশ্বরের" নামে যারা পৌত্তলিকতা হতে মুক্ত ছিল তাদের আদেশ দিলেন যে তারা যেন তাদের খড়গ নিয়ে প্রস্তুত হয় এবং যারা বিদ্রোহী তাদের সকলকে হত্যা করে। "আর সেই দিন লোকদের মধ্যে ন্যূনধিক তিন হাজার কিন্তু লোক মারা পড়িল।" দুষ্কর্মের হোতাদের নেতারা সকলেই মারা পড়ল, যতজন অনুতাপ করল তাদের সকলকেই রক্ষা করা হল। PPBeng 226.4

মানুষ যেন সহ-মানুষের বিচার করা ও অভিযোগ করা হতে বিরত থাকে; কিন্তু যখন ঈশ্বর আদেশ দেন যে অন্যায় ও পৌত্তলিকতার বিরুদ্ধে তাঁর নির্দ্ধারিত শাস্তি বিধান করতে, তখন তাঁর আদেশ মানতে হবে। যারা এই বেদনাদায়ক কাজটি করলেন তারা ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ ও পৌত্তলিকতার প্রতি তাদের ঘৃণা প্রকাশ করলেন। ঈশ্বর তাদের বিশ্বস্ততাকে সম্মান দেখালেন এবং লেবির বংশকে তিনি বিশেষ সম্মানিত স্থান প্রদান করলেন। PPBeng 227.1

স্বর্গীয় প্রশাসন বহাল রাখার জন্য বিশ্বাসঘাতকদের শাস্তি দেয়া প্রয়োজন। কিন্তু এতেও ঈশ্বরের অনুগ্রহের প্রকাশ ঘটেছে, তিনি সকলকে সিদ্ধান্ত গ্রহণের স্বাধীনতা দিয়েছিলেন ও অনুতাপ করার সুযোগ দিয়েছিলেন। PPBeng 227.2

ইস্রায়েলদের পৌত্তলিকতার শাস্তি দেয়া কেন উচিত ছিল

PPBeng 227

ঈশ্বর যে পৌত্তলিকতা ঘৃণা করেন, চতুষ্পার্শ্বের জাতিসমূহকে এর দৃষ্টান্ত দেখানোর জন্যই এই পাপের শাস্তি দেয়া প্রয়োজন ছিল। এরপর যখন ইস্রায়েলরা পৌত্তলিকতার বিরুদ্ধাচরণ করত তখন তাদের শত্রুরা বলতে পারত যে, যে লোকেরা ঈশ্বরকে তাদের ঈশ্বর বলে তারা নিজেরাই হোরেবে একটি গো-বৎস বানিয়ে তার পূজা করছিল। এখন যদিও তাদের এই ঘৃণ্য সত্য স্বীকার করতে হবে তবে তার প্রমাণস্বরূপ এও দেখাতে পারবে যে তাদের পাপকেও ক্ষমা করা হয়নি। PPBeng 227.3

বিচারের চেয়ে প্রেমই এই শাস্তির দাবী জানিয়েছিল। যারা বিদ্রোহ করতে দৃঢ় প্রতিজ্ঞ ঈশ্বর তাদের হত্যা করলেন, যেন তারা অন্যদের ধ্বংসের পথে নিয়ে যেতে না পারে। পাপীকে শাস্তি প্রদান না করলে কি ফল হয়, কয়িনের জীবন রক্ষার মাধ্যমে ঈশ্বর তার প্রমাণ দেখিয়েছেন। PPBeng 227.4

তার জীবন ও শিক্ষার ফলে যে মন্দতার সৃষ্টি হয় তার ফলে সমস্ত পৃথিবীকে প্লাবন দ্বারা ধ্বংস করতে হয়েছিল। প্লাবনের পূর্বের লোকদের জীবন যাত্রার ইতিহাস প্রমাণ করে যে, ঈশ্বরের মহান ধৈর্য্য মন্দতার অবসান ঘটায় না । PPBeng 227.5

সীনয়ে এরূপ হয়েছিল। যদি দ্রুত শাস্তি প্রদান না করা হত তবে ঐ একই ফল আবারও দেখা যেত। পৃথিবী নোহের সময়ের মতই নষ্টামীতে পূর্ণ হয়ে যেত। কয়িনের জীবন রক্ষার ফলে যে নষ্টামী সৃষ্টি হয়েছিল তার চেয়েও বেশী নষ্টামী তখন সৃষ্টি হত। ঈশ্বরের অনুগ্রহের ফলেই কোটি কোটি লোককে ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্য কয়েক হাজার লোককে ধ্বংস করা হয়। অনেককে রক্ষার জন্য তাঁকে কয়েকজনকে শাস্তি দিতে হয় । PPBeng 228.1

তদুপরি, যেহেতু লোকেরা ঈশ্বরের রক্ষার অধিকার বর্জন করেছিল, সমস্ত জাতি এখন শত্রুর ক্ষমতার আওতায় চলে গিয়েছিল। তারা তাদের অসংখ্য ক্ষমতাশালী শত্রুর শিকারে পরিণত হত। ইস্রায়েলের মঙ্গলের জন্য ইহা প্রয়োজনীয় ছিল যে অপরাধের দ্রুত শাস্তি বিধান করা হয় । PPBeng 228.2

আর পাপীদের জন্য এটা কোন অংশেই কম অনুগ্রহের কাজ ছিল না যে তাদের মন্দ কাজকে শেষ করে দেয়া হয়। যদি তাদের জীবন রক্ষা পেত, তবে যে আত্মা তাদের ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ করতে পরিচালনা দিয়েছিল, তাই তাদের নিজেদের মধ্যে ঘৃণা ও দ্বন্দ্বের সৃষ্টি করত। আর পরিণামে তারা একজন অন্যজনকে ধ্বংস করে ফেলত। PPBeng 228.3

মোশির ইস্রায়েলের জন্য খ্রীষ্টের মত প্রেম

PPBeng 228

যখন লোকেরা তাদের পাপের গভীরতা বুঝতে পারল, তখন ভয় হয়েছিল যে হয়ত প্রত্যেক দোষী ব্যক্তি ধ্বংস প্রাপ্ত হবে। মোশি আরেকবার তাদের জন্য ঈশ্বরের কাছে মিনতি জানাতে প্রতিজ্ঞা করলেন। PPBeng 228.4

তিনি বলেন, "তোমরা মহাপাপ করিলে, এখন আমি সদাপ্রভুর নিকটে উঠিয়া যাইতেছি; যদি সম্ভব হয় তোমাদের পাপের প্রায়শ্চিত্ত করিব।" ঈশ্বরের কাছে অনুতাপ করার সময় তিনি বললেন। "হায় হায়, এই লোকেরা মহাপাপ করিয়াছে, আপনাদের জন্য স্বর্ণ দেবতা নির্মাণ করিয়াছে । আহা! এখন যদি ইহাদের পাপ ক্ষমা কর আর যদি না কর, তবে আমি বিনয় করিতেছি, তোমার লিখিত পুস্তক হইতে আমার নাম কাটিয়া ফেল।" PPBeng 228.5

মোশির প্রার্থনার সময় আমাদের মন সেই স্বর্গীয় হিসাবের খাতার প্রতি ধাবিত হয় যেখানে সকল লোকের নাম লেখা হয়েছে, আর তাদের ভাল ও মন্দের সকল হিসাব লেখা রয়েছে। জীবনের পুস্তকে তাদের নাম লিখিত আছে যারা ঈশ্বরের দয়ার কাজে লিপ্ত আছেন। এদের মধ্যে কেউই যদি পাপের মধ্যে সর্বদা লিপ্ত থাকেন তবে তারা পবিত্র আত্মার বিরুদ্ধে নিজের হৃদয়কে শক্ত করে ফেলবে, আর বিচার দিনে তাদের নাম জীবন পুস্তক হতে মুছে ফেলা হবে। PPBeng 228.6

সদাপ্রভু যদি ইস্রায়েলদের অস্বীকার করে ফেলেন, তবে মোশি ইচ্ছা করলেন যেন তাদের সাথে তার নামও মুছে ফেলা হয়; যাদের তিনি এত অনুগ্রহ করে মুক্ত করে আনলেন, এখন তাদের উপর তাঁর বিচারের দন্ড তিনি সহ্য করতে পারছিলেন না। ইস্রায়েলদের পক্ষে মোশির মধ্যস্থতা পাপীর জন্য খ্রীষ্টের মধ্যস্থতার এক উজ্জ্বল দৃষ্টান্ত। কিন্তু খ্রীষ্টকে সদাপ্রভু যা করতে অনুমতি দিয়েছিলেন, তদ্রূপ পাপীর পাপে বোঝার ভার বইতে মোশিকে ঈশ্বর অনুমতি দিলেন না। তিনি বলেছিলেন, "যে ব্যক্তি আমার বিরুদ্ধে পাপ করিয়াছে, তাহারই নাম আমি নিজ পুস্তক হইতে কাটিয়া ফেলিব।" PPBeng 229.1

গভীর বেদনার মধ্যে লোকেরা মৃতদের কবর দিল। তিন হাজার লোক খড়গ দ্বারা নিহত হয়েছিল; শীঘ্রই তাঁবুর মধ্যে এক মারাত্মক রোগ দেখা দিল; আর এখন বাণী আসল যে তাদের যাত্রার সময় আর ঈশ্বর উপস্থিত থাকবেন না; "কিন্তু আমি তোমার মধ্যবর্তী হইয়া যাইব না, কেননা তুমি শক্রগ্রীব জাতি; পাছে পথের মধ্যে তোমাকে সংহার করি।" আর আদেশ দেয়া হল, "তোমরা এখন আপন আপন গাত্র হইতে আভরণ দূর কর, তাহাতে জানিতে পারিব, তোমাদের বিষয়ে আমার কি করা কর্ত্তব্য"। এই অপমানের মধ্যে অনুতাপ করার পর, "ইস্রায়েল-সন্তানগণ হোরেব পর্বত হইতে যাত্রা-পথে নিজ নিজ আভরণ দূর করিল।" PPBeng 229.2

যে তাঁবু সাময়িক আরাধনার জন্য ব্যবহৃত হত, ঈশ্বরের আদেশ পাবার পর তা "শিবির হইতে দূরে" স্থাপন করা হল। এটাতে আরো প্রমাণিত হল যে ঈশ্বর তাদের মধ্য হতে অনুপস্থিত রয়েছেন। এই তিরস্কার খুবই গায়ে লাগল, আর বিবেকাহত জনতার নিকট মনে হল যে এ সকলই আরো কোন ভয়ঙ্কর বিপদের পূর্বাভাস মাত্র। PPBeng 229.3

কিন্তু তাদের একেবারে নিরাশ করে ছেড়ে দেয়া হল না। তাঁবুটি শিবিরের বাইরেই স্থাপন করা হল, আর মোশি এর নাম দিলেন "সমাগম তাম্বু।" যারা সত্যিকার ভাবে অনুতাপ করে সদাপ্রভুর নিকট ফিরতে আগ্রহী ছিল তাদের ঐখানে গিয়ে তাদের পাপের জন্য অনুতাপ করে তার অনুগ্রহ ভিক্ষা করতে নির্দেশ দেয়া হল। যখন তারা নিজ নিজ তাঁবুতে ফিরে গেল তখন মোশি সমাগম তাম্বুতে প্রবেশ করলেন। তার মধ্যস্থতা যে গৃহিত হয়েছে তার চিহ্নস্বরূপ লোকেরা কোন প্রতীকের আশা করছিল। আর যখন মেঘের স্তম্ভ নেমে এসে সমাগম তাম্বুর

দ্বারে স্থির হল, তখন লোকেরা আনন্দে কেঁদে ফেলল, এবং “সমস্ত লোক উঠিয়া প্রত্যেকে আপন আপন তাম্বুর দ্বারে থাকিয়া প্রণিপাত করিত।” PPBeng 229.4

ঈশ্বরের নিকট হতে সাহায্যর নিতান্তই প্রয়োজন

PPBeng 230

মোশি জানতেন যে লোকদের উপর জয়লাভের জন্য তার ঈশ্বরের সাহায্যের প্রয়োজন। তিনি ঈশ্বরের উপস্থিতির নিশ্চয়তার জন্য মিনতি করলেন: “ভাল, আমি যদি তোমার দৃষ্টিতে অনুগ্রহ প্রাপ্ত হইয়া থাকি, তবে বিনয় করি, আমি যেন তোমাকে জানিয়া তোমার দৃষ্টিতে অনুগ্রহ পাই, এই জন্য আমাকে তোমার পথ সকল জ্ঞাত কর; এবং এই জাতি যে তোমার প্রজা, ইহা বিবেচনা কর।” PPBeng 230.1

উত্তর হল, “শ্রীমুখ তোমার সহিত গমন করিবেন, এবং আমি তোমাকে বিশ্রাম দিব।” মোশি কিন্তু তখনও সন্তুষ্ট হলেন না। তিনি প্রার্থনা করলেন যেন ঈশ্বরের অনুগ্রহ তাঁর লোকদের মধ্যে স্থাপন করা হয় এবং তাঁর উপস্থিতির চিহ্ন যেন তাদের যাত্রার পরিচালনা করেন; “তোমার শ্রীমুখ যদি সঙ্গে না যান, তবে এখান হইতে আমাদিগকে লইয়া যাইও না। কেননা আমি ও তোমার এই প্রজাগণ যে তোমার দৃষ্টিতে অনুগ্রহ প্রাপ্ত হইয়াছি, ইহা কিসে জানা যাইবে? আমাদের সহিত তোমার গমন দ্বারা কি নয়?” PPBeng 230.2

তখন সদাপ্রভু বললেন, “এই যে কথা তুমি আমাকে বলিলে, তাহাও আমি করিব, কেননা তুমি আমার দৃষ্টিতে অনুগ্রহ প্রাপ্ত হইয়াছি, এবং আমি নাম দ্বারা তোমাকে জানি।” ভাববাদী তথাপি মিনতি হতে ক্ষান্ত হলেন না। তিনি এখন এমন এক অনুরোধ জানালেন যা, কোন মানুষ এর পূর্বে কোন দিনই করে নি; “বিনয় করি, তুমি আমাকে তোমার প্রতাপ দেখিতে দাও।” PPBeng 230.3

মোশি ঈশ্বরের প্রতাপ দেখেন

PPBeng 230

অনুগ্রহপূর্ণ বাণী উচ্চারিত হল, “আমি তোমার সম্মুখ দিয়া আপনার সমস্ত উত্তমতা গমন করাইব।” মোশিকে পর্বতের চূড়ায় আসতে আহবান জানান হল; তখন যে হাত পৃথিবী সৃষ্টি করেছিল, যে হাত “পর্বতগুলিকে স্থানান্ত র করেন, তাহারা তাহা জানে না” (ইয়োব ৯:৫), সেই হাত ধূলার এই জীবকে ধরে নিয়ে পর্বতের ও তাঁর সকল উত্তমতার সামনে দিয়ে চলে গেলেন। PPBeng 230.4

মোশি তার এই নিশ্চয়তা ও অভিজ্ঞতাকে রাজনৈতিক অথবা সৈনিকদের নেতারূপে মিসরের সমস্ত শিক্ষার চেয়ে অসীম মূল্যবান বলে জ্ঞান করলেন। পৃথিবীর কোন ক্ষমতা

অথবা শিক্ষার দক্ষতা ঈশ্বরের চিরন্তন উপস্থিতির স্থান পূরণ করতে পারে না। PPBeng 230.5

মোশি একাকী অনন্ত জীবের সম্মুখে দাঁড়িয়ে রইলেন, কিন্তু তিনি ভীত ছিলেন না কেননা তার হৃদয় তার স্রষ্টার সহিত ঐক্যতানে ছিল। "যদি চিত্তে অধর্ম্মের প্রতি তাকাইতাম, তবে প্রভু শুনিতেন না।" গীতসংহিতা ৬৬:১৮। কিন্তু "সদাপ্রভুর গূঢ় যন্ত্রণা তাঁহার ভয়কারীদের অধিকার, তিনি তাহাদিগকে আপন নিয়ম জানাইবেন। গীতসংহিতা ২৫:১৪। PPBeng 231.1

সদাপ্রভু নিজেই ঘোষণা করলেন, "সদাপ্রভু, সদাপ্রভু, স্নেহশীল ও কৃপাবান ঈশ্বর, ক্রোধে ধীর এবং দয়াতে ও সত্যে মহান; সহস্র সহস্র { পুরুষ } পর্য্যন্ত দয়ারক্ষক, অপরাধের ও পাপের ক্ষমাকারী; তথাপি তিনি অবশ্য (পাপের) দন্ড দেন।" PPBeng 231.2

"তখন মোশি ত্বরা করিলেন, ভূমিতে নত মস্তক করিলেন।" সদাপ্রভু অনুগ্রহযুক্ত হয়ে ইস্রায়েলদের প্রতি তাঁর দয়া নূতন করতে প্রতিজ্ঞা করলেন এবং এমন সব অলৌকিক কাজ করতে প্রতিজ্ঞা করলেন যা "সমস্ত পৃথিবীতে ও যাবতীয় জাতির মধ্যে" আর কখনও করা হয়নি। প্রথম থেকে যেমন করা হয়েছিল, এই সমস্ত সময় একই ভাবে মোশিকে আশ্চর্য্যভাবে রক্ষা করা হয়েছিল। ঈশ্বরের আদেশে তিনি পাথরের দু'টি ফলক তৈরী করেছিলেন এবং তা তিনি তার সাথে করে পাহাড়ের চূড়ায় নিয়ে গিয়েছিলেন; আর আবারও অর্থা দশটি আজ্ঞা সদাপ্রভু "সেই দুইটি পাথরে ব্যবস্থার বাক্যগুলি লিখিলেন।" PPBeng 231.3

(সংযোজনের নোট নং ৪ দ্রষ্টব্য)।

PPBeng 231

যখন মোশি পর্বত হতে অবতরণ করলেন তখন তার মুখ ঈশ্বরের আলোয় উদ্ভাসিত ছিল। হারোণ ও অন্যান্য লোকেরা "তাঁহার নিকটে আসিতে ভীত হইল।" তাদের ভীতি অনুভব করতে পেরে তিনি তাদের নিকট তাঁর সহিত মিলিত হওয়ার ঈশ্বরের যে প্রতিজ্ঞা তা তুলে ধরলেন। তারা তার ধ্বনির মধ্যে প্রেম ও স্নেহশীলতা ছাড়া আর কিছুই অনুভব করলেন না। পরিশেষে একজন তার নিকটবর্ত্তী হতে সাহস করল। তার সাথে কথা বলতে ভীত হয়ে সে শুধু মোশির মুখের দিকে ও স্বর্গের দিকে ইশারা করল। মহান নেতা এর অর্থ বুঝলেন। তাদের বিবেকে পাপ থাকার জন্য তারা অস্বর্গীয় আলো সহ্য করতে পারছিল না, কিন্তু যদি তারা ঈশ্বরের মধ্যে থাকত তবে তারা এ দৃশ্যে অত্যন্ত আনন্দিত হত। PPBeng 231.4

মোশি তার মুখের উপর একখানি আবরণ দলেন, এবং ঈশ্বরের সহিত যোগাযোগের পর তাঁবুতে ফেরার পর তিনি সর্বদাই এই আবরণ মুখের উপর রাখতেন। PPBeng 232.1

এই ঔজ্জ্বল্যের দ্বারা ঈশ্বর তাঁর ব্যবস্থার উচ্চমান ও খ্রীষ্টের মাধ্যমে উপস্থিতকৃত সুসংবাদের গৌরব ইস্রায়েলদের মনে গেঁথে দিতে চেয়েছিলেন। মোশি যখন পর্বতে ছিলেন, তখন ঈশ্বর তার নিকট শুধু দশটি আজ্ঞাই দান করেন নি কিন্তু পরিত্রাণের পরিকল্পনাও তার নিকট উপস্থিত করেছিলেন। তিনি দেখতে পেয়েছিলেন যে যিহূদীদের সময়ের সমস্ত চিহ্ন ও প্রতীক খ্রীষ্টের বলির পূর্বসূত্র ছিল; আর ঈশ্বরের ব্যবস্থার গৌরবের সহিত মিলিত হয়ে কালভেরী হতে নির্গত ঈশ্বরের জ্যোতিই মোশির মুখকে এত ঔজ্জল্য প্রদান করেছিল। PPBeng 232.2

যে গৌরব মোশির মুখে প্রতিফলিত হয়েছিল তা প্রমাণ করে যে ঈশ্বরের সহিত আমাদের যোগাযোগ যত গভীর হবে এবং তাঁর নীতির সম্বন্ধে আমাদের জ্ঞান ততই স্পষ্ট হবে, আমরা ততই তাঁর স্বর্গীয় দূরত্বের প্রতিফলন ঘটাতে পারব। PPBeng 232.3

যে ভাবে ইস্রায়েলদের মধ্যস্থতাকারী তার চেহারা ঢেকেছিলেন, ঠিক সেই ভাবে খ্রীষ্ট যখন পৃথিবীতে এলেন তখন তিনি তাঁর ঈশ্বরত্বকে মানবতা দ্বারা ঢেকে রেখেছিলেন। যদি তিনি তার স্বর্গীয় জ্যোতি পরিধান করে পৃথিবীতে আসতেন পাপী মানুষ তখন তাঁর উপস্থিতির গৌরবকে সহ্য করতে পারত না। সুতরাং তিনি নিজকে নত করলেন ও “পাপময় মাংসের সাদৃশ্যে” (রোমীয় ৮:৩) সৃষ্ট হলেন, যেন তিনি পতিত খ্রীষ্টকে উচ্চে তুলে ধরতে পারেন। PPBeng 232.4

অধ্যায় ২৯—ঈশ্বরের ব্যবস্থার প্রতি শয়তানের ঘৃণা

PPBeng 233

ঈশ্বরের ব্যবস্থা নিশ্চিহ্ন করার শয়তানের প্রথম প্রচেষ্টা স্বর্গের ধার্মিক অধিবাসীদের মধ্যে আরম্ভ করে। মনে হচ্ছিল যে কৃতকার্য্যতার মুকুট পরিধান করতে পারবে। দূতগণের এক বৃহৎ দলকে সে বিপথগামী করতে সক্ষম হয় । কিন্তু শয়তানের প্রাথমিক বিজয় পরে পরাজয়, চুড়ান্ত ক্ষতি, ঈশ্বরের নিকট হতে বিচ্ছিন্নতা, ও স্বর্গ হতে নির্বাসন, ইত্যাদিতে পর্যবসিত হয়। PPBeng 233.1

যখন পৃথিবীতে আবার বিবাদ নূতন ভাবে শুরু হলো, আবারও শয়তান দৃশ্যতঃ এক সুবিধা লাভ করে নিল। অবাধ্যতার মাধ্যমে মানুষ তার বন্দিত্ব বরণ করল। স্বাধীন রাজ্য স্থাপনের মাধ্যমে ঈশ্বর ও তার পুত্রের কর্তৃত্বকে মোকাবেলা করার এক সুযোগ যে শয়তানের নিকট খুলে গেল । কিন্তু পরিত্রানের পরিকল্পনা মানুষকে ঈশ্বরের সহিত মিলিত হবার পথ খুলে দিল । PPBeng 233.2

আবারও শয়তান পরাজিত হল, এবং আবারও পরাজয়কে বিজয়ে রূপান্তরিত করার জন্য সে প্রতারণার আশ্রয় গ্রহণ করল। এখন সে ঈশ্বরকে অন্যায়কারীরূপে প্রতীয়মান করতে চাইল কেননা (তার মতে) তিনি মানুষকে তার ব্যবস্থা লঙঘন করার অনুমতি দিয়েছিলেন। প্রলোভনকারী বলল, “যখন তিনি জানতেন যে এর ফল কি হবে, তখন কেন তিনি মানুষকে এই পরীক্ষায় ফেলে তার উপর দুঃখ ও মৃত্যু আনতে দিলেন?” আদম-সন্তানগণ সেই প্রলোভনকারীর কথায় কাণ দিল এবং তারা তার বিরুদ্ধে অভিযোগ উত্থাপন করল একমাত্র যিনি শয়তানের ধ্বংসকারী শক্তি হতে তাদের রক্ষা করতে পারেন । PPBeng 233.3

সহস্র সহস্র লোক আজ ঈশ্বরের বিরুদ্ধে একই বিদ্রোহী ধ্বনি উঠায়ে থাকেন। তারা দেখতে পান না যে যদি মানুষের কাছ থেকে তার সিদ্ধান্ত গ্রহণের স্বাধীনতা হরণ করা হয় তবে সে একটি মেশিনে পরিণত হয় । অন্যান্য পৃথিবীর অধিবাসীদের মত তাকে বাধ্যতার পরীক্ষা দিতে হবে; কিন্তু কখনও তাকে এই অবস্থায় ফেলা হয় না যেখানে মন্দের নিকট আত্মসমর্পণ করা তার প্রয়োজনীয় হয়ে পড়ে। এমন কোন প্রলোভন বা এমন কোন পরীক্ষার অনুমতি দেয়া হয় না যা প্রতিহত করতে সে অক্ষম হয়। PPBeng 233.4

মানুষের সংখ্যা যখন বাড়তে লাগল, তখন প্রায় সারা পৃথিবীই বিদ্রোহ করে বসল। আর একবার মনে হল যে শয়তান বুঝি জয়ী হয়ে গেল, কিন্তু প্লাবন দ্বারা পৃথিবীর নৈতিক অবক্ষয় ধূয়ে ফেলা হল । PPBeng 234.1

ঈশ্বর কেন ইস্রায়েলকে মনোনীত করলেন

PPBeng 234

ভাববাদী বলেন, "দুষ্ট লোক কৃপা পাইলেও ধার্মিকতা শিখে না;... সদাপ্রভুর মহিমা দেখে না।" যিশাইয় ২৬:১০। প্লাবনের পরে সেরূপই হল। পৃথিবীর অধিবাসীরা আবার সদাপ্রভুর বিরুদ্ধে বিদ্রোহ করল। দু'বার পৃথিবীর লোক ঈশ্বরের চুক্তির অবমাননা করল। প্লাবনের আগের লোকেরা এবং নোহের বংশধরেরা উভয় দলই ঈশ্বরের কর্তৃত্ব অস্বীকার করল। তখন ঈশ্বর অব্রাহামের সাথে চুক্তিতে আবদ্ধ হলেন এবং নিজের জন্য এমন একদল লোক গ্রহণ করলেন যারা তার ব্যবস্থা পালনকারী হবে। PPBeng 234.2

এই লোকদের বিপথগামী করে তাদেরও ধ্বংস করার জন্য শয়তান দ্রুত তপর হয়ে তার ফাঁদ বিস্তার করল। যাকোবের বংশধরেরা পৌত্তলিকদের সহিত বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে তাদের মূর্তির পূজা করায় প্রলোভিত হল। কিন্তু যোষেফের বিশ্বাস ও বাধ্যতা সত্য বিশ্বাসের স্বপক্ষে একটি শক্তিশালী সাক্ষ্য। এই আলোক নিভিয়ে ফেলার জন্য শয়তান যোষেফের ভাইদের মাধ্যমে কাজ শুরু করল ও তাকে দাস হিসাবে বিক্রি করল। কিন্তু ঈশ্বর হস্তক্ষেপ করলেন। পোটিফরের ঘরে ও জেলে যোষেফ এমন এক শিক্ষালাভ করলেন যা, ঈশ্বরের প্রতি ভয় সহকারে, তাকে জাতির প্রধান মন্ত্রীর পদের জন্য প্রস্তুত করল। তার প্রভাব সারা দেশে অনুভূত হল, এবং ঈশ্বর সম্পর্কিত জ্ঞান কাছে এবং দূরে ছড়িয়ে পড়ল। পৌত্তলিক যাজকরা প্রচন্ড ভয় পেল। স্বর্গীয় ঈশ্বরের বিরুদ্ধে শয়তানের শত্রুতার প্রভাবে তারাও প্রভাবিত হল, এবং আলোটি নিভায়ে দিতে সচেষ্ট হল। PPBeng 234.3

মিসর হতে মোশির পলায়নের পর মনে হল পৌত্তলিকতা জয়লাভ করছে। বসরের পর বসর ইস্রায়েলদের আশা ক্ষীণ হতে ক্ষীণতর হতে থাকল। রাজা এবং লোকেরা দু'দলেই ইস্রায়েলদের ঈশ্বরের বিদ্রূপ করতে লাগল। এই আত্মার বৃদ্ধি পেতে পেতে সেই ফরৌণের মধ্যে পূর্ণতা লাভ করল যাকে মোশি মোকাবেলা করেছিলেন। যখন যিহূদীদের নেতা ফরৌণের নিকট "সদাপ্রভু ইস্রায়েলের ঈশ্বর" বাণী নিয়ে গেলেন, তখন সত্য ঈশ্বর সম্বন্ধে অজ্ঞানতার জন্য নয়, বরং তার ক্ষমতার অবহেলা করে এই উত্তর দেয়া হয়েছিল, "সদাপ্রভুকে, যে আমি তাঁহার কথা" শুনিব? " আমি সদাপ্রভুকে জানি...না।" প্রথম থেকে শেষ পর্য্যন্ত ফরৌণের বাধার কারণ ছিল ঘৃণা ও বিরোধীতা। PPBeng 234.4

যোষেফের সময় মিসর ছিল ইস্রায়েলদের জন্য একটি আশ্রয়স্থল। তার লোকদের যে দয়া প্রদর্শন করা হয়েছিল, তাতে ঈশ্বরের গৌরব হয়েছিল; আর এখন অনুগ্রহপূর্ণ ও ধৈর্য্যশীল ঈশ্বর তার প্রত্যেক দন্ড বিধানকে কার্য্যকরী হওয়ার জন্য যথেষ্ট সময় দিলেন। মিস্ত্রীয়রা ঈশ্বরের ক্ষমতার প্রমাণ পাচ্ছিল এবং যারাই ইচ্ছা করত তারা ঈশ্বরের নিকট আত্মসমর্পণ করে তার শাস্তি হতে রক্ষা পেতে পারত। রাজার একগুয়েমীর ফলে ঈশ্বর সম্পর্কিত জ্ঞান ছড়িয়ে পড়ে এবং তাতে অনেক মিস্ত্রীয়রা ঈশ্বরের নিকট এসে তার সাহাযে সমর্পিত হল। PPBeng 235.1

মিস্রীয়দের জাজ্বল্যমান পৌত্তলিকতা এবং যিহূদীদের বসতি স্থাপনের সময়ে তাদের প্রতি মিস্রীয়দের নিষ্ঠুরতা ইস্রায়েলদের মনে পৌত্তলিকতার প্রতি এক প্রচন্ড ঘৃণার উদ্রেক করা উচিত ছিল এবং তাদের পিতৃপুরুষদের ঈশ্বরের নিকট আশ্রয়ের জন্য পালিয়ে যেতে অনুপ্রাণিত করা উচিত ছিল। কিন্তু শয়তান তাদের মনকে অন্ধকারাচ্ছন্ন করে ফেলেছিল এবং তাদের পৌত্তলিক প্রভুদের রীতিনীতি অনুকরণ করতে পরিচালনা দিয়েছিল। PPBeng 235.2

যখন বিশ লক্ষের অধিক ইস্রায়েলদের মুক্তির সময় উপস্থিত হয়েছিল তখন শয়তান দৃঢ় সিদ্ধান্ত করেছিল যে এই মহান জাতি যেন অজ্ঞতা, কুসংস্কার, অন্ধকার ও দাসত্বে আবদ্ধ থাকে যাতে সে তাদের মন থেকে ঈশ্বরের স্মৃতি মুছে ফেলতে পারে। PPBeng 235.3

যখন রাজার সামনে অলৌকিক কাজ সাধন করা হচ্ছিল, তখন শয়তানও ঈশ্বরের কাজের নকল সৃষ্টি করছিল যেন সে তার ইচ্ছাকে প্রতিহত করতে পারে । তাতে তার একমাত্র ফল হয়েছিল যে ঈশ্বরের আরো ক্ষমতা ও আরো গৌরব প্রদর্শনের পথ তৈরী হয়েছিল। PPBeng 235.4

ঈশ্বর "আপন প্রজাদিগকে আনন্দসহ, নিজ মনোনীত লোকদিগকে সংগীতের সহিত বাহির করিয়া আনিলেন...যেন তাহারা তাঁহার বিধি সকল পালন করে, তাঁহার ব্যবস্থা রক্ষা করে।" গীতসংহিতা ১০৫:৪৩-৪৫ । এমন কি যখন ঈশ্বর তাঁর ব্যবস্থা ঘোষণা করেছিলেন,শয়তান তখন তাদের পাপে লিপ্ত হতে অণুপ্রাণিত করছিল। তাদের পৌত্তলিকতার মধ্যে লিপ্ত করে, সে সমস্ত প্রশংসার ক্ষমতাকে ধ্বংস করতে চেয়েছিল, কেননা যা তার নিজের হাতের তৈরী, কি করে তা প্রশংসার উচ্চ আসনে স্থাপন করে তার গৌরব করা সম্ভব হবে? যদি মানুষ এই ধরণের বিদ্রোহী ও জড় পদার্থের নিকট নতি স্বীকারের মাধ্যমে তাদের স্বর্গীয় সম্পর্ককে ভুলে যেতে পারে, তাহলে তাদের হৃদয়ের কু-কামনা আর কোন বাঁধ মানবে না, আর শয়তান তার পূর্ণ কর্তৃত্ব বিস্তার করবে । PPBeng 235.5

মিসরে দাসত্বের সময় ইস্রায়েলদের অনেকেই ঈশ্বরের ব্যবস্থার জ্ঞান অনেকাংশেই হারিয়ে ফেলেছিল এবং তারা ব্যবস্থায় শিক্ষার সহিত অনেক পৌত্তলিক নিয়মকানুন ও ঐতিহ্য মিশিয়ে ফেলেছিল। ঈশ্বর তাদের সীনয়ে নিয়ে আসেন, এবং সেখানে তিনি তাঁর নিজ কন্ঠে তাঁর ব্যবস্থার ঘোষণা করেন। PPBeng 236.1

সীনয়ের পাদদেশেই শয়তান ঈশ্বরের ব্যবস্থা ধ্বংস করার পরিকল্পনা শুরুর মাধ্যমে সে স্বর্গে যা আরম্ভ করেছিল তা বজায় রাখতে চাইল । যে চল্লিশ দিন মোশি পর্বতে ছিলেন শয়তান তখন সন্দেহ, ধর্মদ্রোহীতা, এবং বিদ্রোহ ছড়াচ্ছিল। যখন মোশি ঈশ্বরের গৌরবময় চুক্তি হতে যা তারা মানতে প্রতিজ্ঞা করেছে সেই ব্যবস্থাসহ ফিরে আসলেন, তখন তিনি

দেখতে পেলেন যে ঈশ্বরের সহিত প্রতিজ্ঞাবদ্ধ লোকেরা একটি স্বর্ণময় মূর্তির পূজা ও প্রণিপাত করছে। PPBeng 236.2

শয়তান তাদের ধ্বংসের পরিকল্পনা করেছিল। সে বিশ্বাস করেছিল যে যেহেতু লোকেরা এত নিম্ন স্তরে নেমে গিয়েছে তাই সদাপ্রভু তাদের তার কাছ থেকে তাড়িয়ে দেবেন। এই ভাবে যারা জীবন্ত ঈশ্বর সম্পর্কিত জ্ঞান রক্ষা করার কথা এবং যাদের মাধ্যমে শয়তানকে পরাস্তকারী সত্য বংশধর আসার কথা সেই অব্রাহামের বংশধরদের নির্মূল সাধন নিশ্চিত হবে। কিন্তু মহা- বিদ্রোহী আবারও পরাস্ত হল। যদিও যারা শয়তানের পক্ষ অবলম্বনে স্থির ছিল তাদের হত্যা করা হল, কিন্তু নম্র, অনুতপ্ত, ও অনুতাপকারী লোকদের অনুগ্রহ করা হল ও ক্ষমা করা হল। সমগ্র পৃথিবী সীনয়ের দৃশ্যের সাক্ষী হল; ঈশ্বরের রাজত্বের ও শয়তানের রাজত্বের পার্থক্য সকলেই অনুধাবন করতে সক্ষম হল । PPBeng 236.3

শাব্বাথ ঈশ্বরের প্রতি বাধ্যতার সঠিক প্রতীক

PPBeng 236

পৌত্তলিকদের দেবতার উপরে, ঈশ্বরের প্রতি সম্মান ও সেবার দাবীর ভিত্তি হল যে তিনিই স্রষ্টা। ভাববাদী যিরমিয় বলেন, “জীবন্ত ঈশ্বর...তিনি নিজ শক্তিতে পৃথিবী গঠন করিয়াছেন, নিজ জ্ঞানে জগ স্থাপন করিয়াছেন, নিজ বুদ্ধিতে আকাশমন্ডল বিস্তার করিয়াছেন।” “প্রত্যেক মনুষ্য পশুব হইয়াছে, সে জ্ঞানহীন; প্রত্যেক স্বর্ণকার আপন প্রতিমা দ্বারা লজ্জিত হয়। কারণ তাহারা ছাঁচে PPBeng 236.4

ঢালা বস্তু, মিথ্যামাত্র, তাহার মধ্যে শ্বাসবায়ু নাই। সে সকল অসার, মায়ার কর্ম মাত্র; তাহাদের প্রতিফল দানকালে তাহারা বিনষ্ট হইবে।” যিরমিয় ১০:১০- ১২, ১৪, ১৫। ঈশ্বরের সৃষ্টিকারী শক্তির স্মারক হিসাবে, শাব্বাথ স্বর্গ ও পৃথিবীর স্রষ্টারূপে ঈশ্বরের প্রতি ইঙ্গিত করে । এটি তার মহত্ব, জ্ঞান, ও প্রেমের চিরন্তন সাক্ষ্য। যদি চিরকাল শাব্বাথ পালন করা হত, তবে কোন নাস্তিক বা পৌত্তলিক থাকত না । PPBeng 237.1

এদন বাগানে আরম্ভ হওয়ার ফলে, ইহা পৃথিবীর বয়সের সমকালীন। সৃষ্টি হতে শুরু করে আজ পর্য্যন্ত সকল কুলপতিগণ ইহা পালন করেছেন। সীনয় পর্বতে যখন ব্যবস্থা দেয়া হয়, তখন চতুর্থ আজ্ঞার প্রথম শব্দগুলি ছিল, “তুমি বিশ্রামদিন (স্মরণ করিয়া) পবিত্ররূপে পালন করিও” আর এতে বুঝা যায় যে, শাব্বাথকে তখন স্থাপন করা হয়নি। সৃষ্টির সময় এর আরম্ভের প্রতি আমাদের নির্দ্দেশ করা হচ্ছে। এই মহান স্মারককে ধ্বংস করে ফেলা ছিল শয়তানের লক্ষ্য । যদি মানুষকে তাদের স্রষ্টাকে ভুলে যাওয়ার পথে পরিচালিত করা যায়, তবে সে আর মন্দের ক্ষমতাকে প্রতিহত করতে পারবে না, আর শয়তান তখন তার শিকার সহজেই ধরতে পারবে। PPBeng 237.2

ঈশ্বরের বিরুদ্ধে তার শত্রুতা শয়তানকে দশ আজ্ঞার প্রতিটি শিক্ষার বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত করেছে। মাতা-পিতার কর্তৃত্বের প্রতি ঘৃণা দ্রুত ঈশ্বরের কর্তৃত্বের প্রতি ঘৃণাতে পর্যবসিত হয়, তাই পঞ্চম আজ্ঞার প্রতি বাধ্যতার গুরুত্ব হ্রাস করতে শয়তান চেষ্টা চালায়। বার্দ্ধক্য হেতু মাতা পিতা যখন নিজের তত্ত্বাবধান করতে অপারগ হয় তখন তাদের পরিত্যাগ করা বা হত্যা করার প্রথা অনেক পৌত্তলিক জাতির মধ্যে প্রচলিত ছিল। মাকে অনেক সময় কোন বিশেষ সম্মান দেয়া হত না আর তার স্বামীর মৃত্যুর পর তাকে তার বড় ছেলের কর্তৃত্বাধীন হতে হত। মোশি মাতা পিতার প্রতি বাধ্যতা প্রদর্শনের আদেশ দিয়েছিলেন; কিন্তু যখন ইস্রায়েল জাতি ঈশ্বর হতে দূরে সরে গেল, অন্যান্য আজ্ঞার সহিত পঞ্চম আজ্ঞাও অবহেলিত হতে লাগল। শয়তান ছিল "আদি হইতেই নরঘাতক" (যোহন ৮:৪৪); আর যখন সে মানব জাতির উপর কর্তৃত্ব লাভ করল, তখন সে তাদের শুধু একে অপরকে ঘৃণা ও হত্যা করায় অনুপ্রাণিত করল, কিন্তু ষষ্ঠ আজ্ঞা অমান্য করা তাদের ধর্মের অঙ্গতে পরিণত করতে উসাহিত করল। PPBeng 237.3

পৌত্তলিক জাতি সমূহ বিশ্বাস করতে আরম্ভ করল যে তাদের দেবতাদের অনুগ্রহ লাভের জন্য তাদের নরবলির প্রয়োজন রয়েছে; আর বিভিন্ন পৌত্তলিক বিশ্বাসের জন্য অত্যন্ত ভয়ঙ্কর নিষ্ঠুরতা প্রচলন করা হয়েছিল। এর মধ্যের একটি প্রথা ছিল সন্তানদের আগুনের মধ্যে দিয়ে পার করান। যখন কোন শিশু অক্ষত বেরিয়ে আসত তখন লোকেরা মনে করত যে তাদের দানগুলি গৃহীত হয়েছে। যে অক্ষত বেরিয়ে আসত তার উপর দেবতাদের শুভ দৃষ্টি রয়েছে বলে মনে করা হত, তাকে অনেক কিছু দান করা হত আর পরবর্তীতে তাকে উচ্চ মর্য্যাদা দান করা হত। সে যত অন্যায়ই করুক না কেন তাকে শাস্তি দেয়া হত না। কিন্তু আগুনের মধ্যে দিয়া পার হবার সময় যদি কেউ পুড়ে যেত, তবে তার ভাগ্য নির্ধারিত হয়ে যেত; দেবতাদের ক্রোধ প্রশমিত করার জন্য তখন সেই হতভাগ্য শিশুর জীবন হরণ করা প্রয়োজন হত। মহা-ধর্মদ্রোহীতার সময় ইস্রায়েল জাতির মধ্যেও এই ঘৃণ্য প্রথা অনেকাংশে প্রচলিত ছিল। PPBeng 238.1

ধর্মের নামে সপ্তম আজ্ঞাও লঙঘন করার রীতি প্রচলিত ছিল। লাম্পট্যপূর্ণ ঘৃণ্য উপাসনা পদ্ধতি পৌত্তলিক আরাধনার অঙ্গে পরিণত হয়। দেবতারা নিজেরাই অপবিত্র ছিল ও তাদের উপাসনাকারীরা সর্বপ্রকার নীচু মনোবৃত্তি দ্বারা পরিচালিত হত। ধর্মীয় উসব সমূহের বিশেষত্ব ছিল সার্বজনীন ও উন্মুক্ত লাম্পট্য ও অপিবত্রতা। PPBeng 238.2

বহু বিবাহ প্রথা ছিল সেই সমস্ত পাপের একটি যেগুলির কারণে মহা- প্লাবনের পূর্বের লোকদের উপরে ঈশ্বরের অভিশাপ নেমে এসেছিল। তথাপি মহা-প্লাবনের পরে আবারও তা বহুল প্রসারিত হয়ে পড়ল। শয়তানের সুপরিকল্পিত প্রচেষ্টা ছিল বিবাহকে নষ্ট করা, এর অবশ্য করণীয়কে দুর্বল করা, এবং এর পবিত্রতাকে দুর্বল করা। মানুষের মধ্য হতে ঈশ্বরের দুরত্ব মুছে ফেলে দুঃখ ও মন্দতার দরজা খুলে দেবার এত নিশ্চিত উপায় আর একটিও ছিল না। PPBeng 238.3

ঈশ্বরই যুদ্ধে জয়লাভ করবেন

PPBeng 238

অনেক লোকেরাই শয়তানের প্রতারণায় কাণ দেয় এবং নিজেদের ঈশ্বরের বিপক্ষে পরিচালিত করে। কিন্তু এই সমস্ত মন্দ কাজের মধ্যেই ঈশ্বরের নির্দ্ধারিত লক্ষ্য সৃষ্ট জ্ঞানীদের নিকট তিনি তার ন্যায্য, সত্য ও আশীর্বাদের নিদর্শন রাখছেন। সমস্ত মানব জাতিই ঈশ্বরের ব্যবস্থা লঙঘনকারীতে পরিণত হয়েছে, কিন্তু তার পুত্রের বলির মাধ্যমে তারা আবার ঈশ্বরের নিকট ফিরতে পারে। খ্রীষ্টের অনুগ্রহের দ্বারা তারা আবার পিতার ব্যবস্থার বাধ্য হতে সক্ষম হবে। প্রত্যেক যুগেই ঈশ্বরের একটি দল সংগ্রহ করেন "যে লোকদের অন্তরে আমার ব্যবস্থা আছে।" যিশাইয় ৫১:৭। PPBeng 238.4

বিদ্রোহের সহিত ঈশ্বরের ব্যবহারের ফলে গোপনে যে সকল কাজ করা হয়েছিল, তার সকলই প্রকাশ হবে। ঈশ্বরের আজ্ঞাসমূহ অবমাননার ফল সমস্ত সৃষ্ট বুদ্ধি জীবিদের দৃষ্টির সামনে উন্মোচিত হবে। ঈশ্বরের ব্যবস্থাসমূহ সম্পূর্ণরূপে ন্যায্য বলে প্রমাণিত হবে। সমগ্র পৃথিবীতে দর্শকদের সামনে শয়তান নিজেই স্বীকার করবে যে ঈশ্বরের শাসন-ব্যবস্থা ন্যায্য ছিল এবং তার ব্যবস্থায় ধার্মিকতা ছিল। PPBeng 239.1

সীনয়ের ভয়ঙ্করতা লোকদের নিকট বিচারের দৃশ্যের একটি নমুনা-মাত্র ছিল। শৃঙ্গের ধ্বনি ইস্রায়েলদের ঈশ্বরের সহিত সাক্ষাৎ করবার জন্য আহবান করেছিল। প্রধান দূতগণের ধ্বনি ও ঈশ্বরের শৃঙ্গের ফুৎকার পৃথিবীর সকল মৃত ও জীবিতদের তাদের বিচারকের সামনে উপস্থিত হওয়ার জন্য আহবান জানাবে। ঐ মহা বিচারের দিন খ্রীষ্ট "আপন দূতগণের সহিত নিজ পিতার গৌরবে" আসবেন। তার সামনে সকল জাতি উপস্থিত হবে। PPBeng 239.2

যখন খ্রীষ্ট তার পবিত্র দূতগণসহ আসবেন তখন তাঁর মহা-গৌরবে সমস্ত পৃথিবী আলোকিত হয়ে উঠবে। "আমাদের ঈশ্বর আসিবেন, নীরব থাকিবেন না; তাঁহার অগ্রে অগ্নি গ্রাস করিবে, তাঁহার চারিদিকে অত্যন্ত ঝড় বহিবে। তিনি ঊর্ধ্বস্থিত স্বর্গকে ডাকিবেন, পৃথিবীকেও ডাকিবেন, স্বীয় প্রজাদের বিচারের জন্য।" গীতসংহিতা ৫০:৩, ৪। "প্রভু যীশু স্বর্গ হইতে আপনার পরাক্রমের দূতগণের সহিত জ্বলন্ত অগ্নিবেষ্টনে প্রকাশিত হইবেন, এবং যাহারা ঈশ্বরকে জানে না ও যাহারা আমাদের প্রভু যীশুর সুসমাচারের আজ্ঞাবহ হয় না, তাহাদিগকে সমুচিত দন্ড দিবেন।" থিষলনীকীয় ১৪২, ৮। PPBeng 239.3

অধ্যায় ৩০—অভয়ারণ্য এবং এর অনুষ্ঠান

মোজেস যখন ঈশ্বরের সাথে পর্বতে ছিলেন তখন তাকে এই আদেশটি জানানো হয়েছিল যে, "তাদেরকে আমার জন্য একটি পবিত্রস্থান তৈরি করতে দাও; যাতে আমি তাদের মধ্যে বাস করতে পারি;" এবং তাবেরনাকল তৈরি করার সম্পূর্ণ নির্দেশনা দেওয়া হয়েছিল। ইজরায়েলিরা তাদের ধর্মত্যাগের কারণে ঈশ্বরের আশীর্বাদ থেকে বঞ্চিত হয়েছিল, এবং কিছু সময়ের জন্য তাদের পক্ষে ঈশ্বরের জন্য একটি পবিত্রস্থান তৈরি করা অসম্ভব হয়ে পড়েছিল। কিন্তু তারা যখন আবার স্বর্গের প্রতি তাদের বিশ্বাস ফিরিয়ে আনে, তখন মহান নেতা ঈশ্বরের আদেশ পালন করতে এগিয়ে আসেন।

পবিত্র ভবন নির্মাণ করার জন্য নির্বাচিত পুরুষদের ঈশ্বর বিশেষভাবে দক্ষতা এবং জ্ঞান দিয়ে সমৃদ্ধ করেছিলেন। ঈশ্বর নিজে মোজেসকে সেই ভবনের নকশা দিয়েছিলেন, যেখানে ভবনের আকার এবং আকৃতি, ব্যবহৃত সামগ্রী, এবং প্রতিটি আসবাবপত্র কোথায় কোনটি থাকবে সে সম্পর্কে বিস্তারিত নির্দেশনা দেওয়া ছিল। হাতে তৈরি এই পবিত্রস্থানগুলি ছিল "সত্যের প্রতিকৃতি", "স্বর্গে থাকা জিনিসপত্রের প্রতিরূপ" (হিব্রু ৯:২৪, ২৩)— স্বর্গীয় মন্দিরের একটি ক্ষুদ্র সংস্করণ যেখানে আমাদের মহান মহাযাজক যীশু খ্রীষ্ট্র, বলিদান স্বরূপ নিজের জীবন উৎসর্গ করার পর, পাপীদের পক্ষ নিয়ে কাজ করেছিলেন। পর্বতে ঈশ্বর মোজেসের সামনে সেই স্বর্গীয় পবিত্রস্থানের একটি দৃশ্য তুলে ধরেন, এবং তাকে আদেশ দেন সেখানে দেখানো নকশা অনুযায়ী সমস্ত কিছু তৈরি করতে। মোজেস অতি যত্ন সহকারে এই সমস্ত নির্দেশনা লিপিবদ্ধ করেছিলেন, যেগুলো জনগণের নেতাদের কাছে জানানো হয়েছিল।

পবিত্রস্থানটি নির্মাণ করার জন্য সেরা এবং ব্যয়বহুল প্রস্তুতির প্রয়োজন ছিল; প্রচুর পরিমাণে সবচেয়ে মূল্যবান এবং দামী সামগ্রীর দরকার ছিল; যদিও প্রভু শুধুমাত্র স্বেচ্ছায় দেওয়া দানই গ্রহণ করেছিলেন। "যেসব মানুষ আন্তরিকতার সাথে নিজের ইচ্ছায় দান করবে, তাদের কাছ থেকেই আমার জন্য দান গ্রহণ করবে" এটি ছিল ঈশ্বরের আদেশ, যা মোজেস বারবার জনগণের সামনে উল্লেখ করেছিলেন। ঈশ্বরের প্রতি ভক্তি এবং ত্যাগের মনোভাব ছিল সর্বোচ্চ পরাক্রমশালী ঈশ্বরের জন্য পবিত্রস্থান তৈরি করার প্রাথমিক শর্ত।

****

পবিত্রস্থানটি নির্মাণ চলাকালীন মানুষেরা, বয়স্ক ও যুবক—পুরুষ, মহিলা এবং শিশুরা—ক্রমাগত তাদের দান নিয়ে আসছিল, যতক্ষণ না পর্যন্ত কাজের দায়িত্বে থাকা মানুষগুলো দেখেছিল যে তাদের যথেষ্ট সামগ্রী মজুত হয়ে গেছে, এমনকি প্রয়োজনের থেকে অনেক বেশী হয়ে গেছে। এবং মোজেস তখন সমগ্র শিবিরে ঘোষণা করেছিলেন যে, "পবিত্রস্থানের জন্য আর কোনো পুরুষ এবং মহিলা যেন আর দান সংগ্রহ না করে। তাই,

লোকেরা দান নিয়ে যাওয়া থেকে বিরত হয়েছিল।" ইজরায়েলীদের অভিযোগ এবং তাদের পাপের কারণে ঈশ্বরের বিচারের ঘটনাগুলো ভবিষ্যৎ প্রজন্মের জন্য লিখে রাখা হয়েছিল। এবং তাদের ভক্তি, উদ্দীপনা ও উদারতা হল অনুকরণ করার মত উদাহরণ। যারা ঈশ্বরের উপাসনা করতে ভালোবাসে এবং তাঁর পবিত্র উপস্থিতির আশীর্বাদকে অমূল্য মনে করে তারা একইরকম ভাবে ত্যাগের মনোভাবও প্রকাশ করবে একটি বাড়ি নির্মাণ করার জন্য যেখানে হয়ত ঈশ্বর তাদের সঙ্গে মিলিত হবেন। তারা তাদের সম্পদ থেকে সেরা অংশটা ঈশ্বরের জন্য দান করতে আগ্রহী হবেন। ঈশ্বরের জন্য তৈরি করা একটি বাড়ি ঋণগ্রস্ত হওয়া উচিত নয়, তাতে তাঁকে অসম্মান করা হয়। যথেষ্ট পরিমাণে দান করা উচিত যাতে কাজটি ভালোভাবে সম্পূর্ণ করা যায়, এবং কাজের দায়িত্বে থাকা লোকেরা তাবেরনাকল নির্মাতাদের মতন বলতে পারে, "আর কোনো দান আনবেন না।"

যখন মোশি পর্বতে ঈশ্বরের সম্মুখ হতে পাপকারী ইস্রায়েলদের নিকট উপস্থিত হয়েছিলেন, ইস্রায়েলরা তার গৌরবময় চেহারার আলোকে সহ্য করতে পারে নি। তাই যারা তার ব্যবস্থা অবমাননা করেছে ও তার বলি অস্বীকার করেছে তাদের বিচার করার জন্য যখন ঈশ্বরের পুত্র নিজ পিতার গৌরবময় কিংবা স্ত্রীলোক পবিত্র জায়গার জন্য আর উপহার প্রস্তুত না করুক। তাহাতে লোকেরা আনিতে নিবৃত্ত হইল।" ইস্রায়েলদের একাত্মতা, উসাহ ও উদারতার দৃষ্টান্ত একটি অনুকরণীয় বিষয়। যারা ঈশ্বরের আরাধনা করতে ভালবাসেন তারা সকলে যেখানে ঈশ্বর তাদের সহিত সাক্ষা করবেন, এমন একটি ঘর তৈরীর জন্য একই ধরণের ত্যাগের আত্মা প্রকাশ করবেন। কাজ সম্পূর্ণ করার জন্য প্রয়োজনীয় অর্থ স্বেচ্ছায় এমন ভাবে দিতে হবে যে, যে ভাবে সমাগম- তাঁবু তৈরীকারকরা বলেছিল সে ভাবেই কর্মীরা বলতে সক্ষম হয়, "আর কোন দান আনবেন না ।" PPBeng 239.4

সমাগম-তাঁবু ছোট ছিল, লম্বায় ৫৫ ফিটের বেশী নয়, এবং দৈর্ঘ্য ও উচ্চাতয় ১৮ ফিটের বেশী নয়। তথাপি এটি অত্যন্ত মোহনীয়। কাঠ ছিল শিটীম, সীনয়ের অন্যান্য কাঠের চেয়ে কম ক্ষয় প্রাপ্ত হত। এর দেয়াল ছিল রূপার কোটরে (সকেট) দন্ডায়মান একদম সোজা সোজা তক্তা যা স্তম্ভ ও সংযোগকারী লম্বা কাঠ দ্বারা দাঁড় করানো হত, যার সব কিছুই সোনা দ্বারা এমন ভাবে মোড়ানো ছিল যে সব কিছুই মনে হত খাঁটি সোনা । PPBeng 242.1

দু'টি কক্ষ দু'ধরণের সেবা কাজের প্রতীক

PPBeng 242

ঘরটি একটি সুন্দর পর্দা দ্বারা দু'টি কক্ষে বিভক্ত ছিল, এবং একই ধরণের পর্দা দ্বারা প্রথম কক্ষের প্রবেশ পথকে বন্ধ করা হত। এগুলি ছিল চমকার উজ্জ্বল রঙের-নীল, বেগুনী, লাল ও টকটকে লাল আর স্বর্গীয় দূতগণের প্রতীকরূপে সোনা ও রূপার সূতা দ্বারা দূতের ছবি এতে অঙ্কিত ছিল । PPBeng 242.2

পবিত্র-তাঁবুটি একটি খোলা প্রাঙ্গনে স্থাপন করা হত। প্রবেশ পথ থাকত পূর্ব দিকে, যা সুন্দর কাজ করা পর্দা দ্বারা বেষ্টিত থাকত, অবশ্য ধর্ম্মধামের পর্দার চেয়ে নীচু মানের ছিল। তাঁবুটিকে বাইরের লোকেরা সহজেই দেখতে পারত। প্রাঙ্গনে মধ্যে থাকত হোমবলির পিতলের তৈরী যজ্ঞবেদি। সদাপ্রভুর উদ্দেশে বলি দেয়া হত তা এই যজ্ঞবেদির উপর আগুন দ্বারা পুড়িয়ে দেয়া হত, আর এর শৃঙ্গের উপরে প্রায়শ্চিত্তের রক্ত ছিটিয়ে দেয়া হত। যজ্ঞবেদি ও সমাগম-তাঁবুর দরজার মধ্যখানে ছিল পিতলের প্রক্ষালন পাত্র, যা ইস্রায়েলী মহিলাদের স্বেচ্ছায় দানকৃত আয়না দ্বারা তৈরী হয়েছিল। পুরোহিতগণ যখনই সমাগম-তাঁবুতে প্রবেশ করতে যেতেন অথবা যজ্ঞবেদিতে সদাপ্রভুর হোম-বলি করতে যেতেন তার আগে ঐখানে তারা হাত ও পা ধৌত করতেন। PPBeng 242.3

প্রথম কক্ষে, অথবা পবিত্র স্থানে, ছিল দর্শন রুটির টেবিল, দীপবৃক্ষ এবং সুগন্ধধূপ পোড়াবার পাত্র। দর্শন রুটির টেবিল থাকত উত্তর দিকে; এটি খাঁটি সোনার দ্বারা মোড়ান ছিল । এই টেবিলের উপর যাজকগণ প্রতি বিশ্রামদিনে দুই তাকে বিভক্ত করে বারটি রুটি রাখতেন। দক্ষিন দিকে থাকত সাতটি ডালওয়ালা মোমবাতি, এর প্রতিটি ডাল সুন্দর কাজ করা ফুলে সাজানো থাকত, এর সমস্ত কিছুই একখন্ড খাঁটি সোনা দ্বারা নির্মিত ছিল। সমস্ত বাতিগুলি কিন্তু একত্রে কখনো নিভানো হত না, কিন্তু দিন ও রাত্রি এই প্রদীপ আলো দিতে থাকত । PPBeng 242.4

পবিত্র স্থান ও ঈশ্বরের উপস্থিতির মহা পবিত্র স্থান পৃথক করার পর্দার সামনেই থাকত স্বর্ণময় ধূপবেদি। পুরোহিতদের এই পাত্রে সকাল ও সন্ধ্যায় সুগন্ধি পোড়াতে হত, এর চূড়ায় প্রায়শ্চিত্তের দিনের বলির রুক্ত ছিটানো হত । যজ্ঞবেদির আগুন ঈশ্বর নিজেই জ্বালিয়েছিলেন। দিবারাত্র পবিত্র কক্ষের ভিতরে ও সমাগম-তাঁবুর চতুর্দিকে সুগন্ধি পোড়ানোর ঘ্রাণ ছড়িয়ে থাকত । PPBeng 243.1

ভিতরের পর্দার অন্য পাশে ছিল মহাপবিত্র স্থান, যেখানে প্রায়শ্চিত্তকারী মধ্যস্থাকারীর প্রতীকি অনুষ্ঠান পরিচালিত হত, যা ছিল স্বর্গ ও পৃথিবীর মধ্যের সংযোগ পদ্ধতি। এই কক্ষে ছিল ভিতরে ও বাইরে সোনা দ্বারা মোড়ান সিন্দুক, যা ছিল দশ আজ্ঞা লিখিত পস্তর ফলকের ধারক। এটাকে বলা হত ঈশ্বরের নিয়ম-সিন্দুক, চুক্তির-সিন্দুক, কেননা ঈশ্বর ও ইস্রায়েলদের মধ্যের চুক্তির ভিত্তি ছিল ঐ দশ আজ্ঞা। PPBeng 243.2

সিন্দুকের ঢাকনার নাম ছিল অনুগ্রহের আসন। এটি এক খন্ড খাঁটি সোনা হতে তৈরী করা হয়েছিল, যার উভয় পার্শ্বে আরোহিত ছিল সোনার তৈরী করব। একে অন্যের দিকে মুখ রেখে সম্মান সহকারে সিন্দুকের দিকে দৃষ্টিরত চেরুবিম দ্বয়ের অবস্থান স্বর্গীয় দূতগণ কি দৃষ্টিতে ঈশ্বরের ব্যবস্থাকে দেখেন ও পরিত্রাণ পরিকল্পনায় তাদের আগ্রহেরই প্রতীক স্বরূপ ছিল । PPBeng 243.3

অনুগ্রহের আসনের উপর ছিল ঈশ্বরের উপস্থিতির চিহ্ন, শেকায়না রহস্যময় জ্যোতি। মহা-যাজকের নিকট কোন কোন সময় মেঘের ভিতর হতে আওয়াজের মাধ্যমে ঈশ্বরের বাক্য আসত। PPBeng 243.4

সিন্দুকের ভিতরে ঈশ্বরের ব্যবস্থা ধার্মিকতা ও ন্যায় বিচারের প্রধান নীতি ছিল। ব্যবস্থা লঙঘনকারীর জন্য মৃত্যুদন্ড কার্য্যকর করা হত; কিন্তু ব্যবস্থার উপরে ছিল অনুগ্রহের আসন। প্রায়শ্চিত্তকারীর মাধ্যমে অনুতপ্ত পাপীর পাপ ক্ষমা করা হত। "দয়া ও সত্য পরস্পর মিলিল, ধার্মিকতা ও শান্তি পরস্পর চুম্বন করিল।" গীতসংহিতা ৮৫:১০। PPBeng 243.5

স্বর্গীয় গৌরবের ক্ষীণ প্রতিফলন

PPBeng 244

সমাগম- তাঁবুর ভিতরের গৌরবের বর্ণনা কোন ভাষা দ্বারাই সম্ভব নয়। সোনায় মোড়ানো দেয়াল সমূহ সোনার তৈরী ধূপদানী হতে আলো প্রতিফলিত করত; স্বর্ণজ্জ্বোলি টেবিল, সুগন্ধি পোড়ানোর সৌরব; দ্বিতীয় পর্দার ওপারে পবিত্র সিন্দুক, তার উপর পবিত্র শেখায়নাহ্ ঈশ্বরের উপস্থিতির প্রতীক, সমস্ত কিছুই মানুষের পরিত্রাণের কেন্দ্রস্থল স্বর্গে ঈশ্বরের সমাগম-তাঁবুর গীরবের ক্ষীণ একটি প্রতিফলন ছিল। PPBeng 244.1

এই সমাগম তাঁবু তৈরী করতে প্রায় ছয় মাস সময় লেগেছিল। যখন এটি তৈরী করা সম্পূর্ণ হল, তখন মোশি কারিগরদের সমস্ত কাজ পরীক্ষা করে দেখলেন। "আর দেখ, তাহারা করিয়াছে; সদাপ্রভুর আজ্ঞানুসারেই করিয়াছে; আর মোশি তাহাদিগকে আশীর্বাদ করিলেন।" অগণিত ইস্রায়েলরা ভীড় করে পবিত্র প্রতিষ্ঠানটি দেখতে থাকল। মেঘ-স্তম্ভ ধর্মধামের উপরে এসে উপস্থিত হল, এবং ঈশ্বরের গৌবর আবাস পরিপূর্ণ করিল।" ঈশ্বরের গৌবর প্রকাশিত হল, আর কিছু দিনের জন্য মোশিও ভিতরে প্রবেশ করতে পারলেন না। গভীর আবেগের সহিত লোকেরা তাদের হাতের কাজ গৃহীত হওয়ার চিহ্ন দেখতে পেল। সকলের মধ্যে এক সশ্রদ্ধ সম্ভ্রম জেগে উঠল। তাদের হৃদয়ের খুশী আনন্দাশ্রুতে পরিণত হল। ঈশ্বর তাদের সহিত উপস্থিত থাকতে সম্মত হয়েছেন। PPBeng 244.2

অব্রাহামের সময় পৌরহিত্য বড় জ্যেষ্ঠপুত্র উত্তরাধীকার ছিল। এখন, প্রথম জাতের পরিবর্তে ঈশ্বর লেবীয়দের গোত্রকে ধর্মধামের কাজে বহাল করলেন। কিন্তু শুধু হারোণ ও তার ছেলেরা ঈশ্বরের সামনে উপস্থিত হয়ে দয়ার-কাজ করতে পারবে। গোত্রের বাকী লোকদের দায়িত্ব ছিল সমাগম-তাঁবু ও তার আসবাব-পত্র রক্ষণাবেক্ষণ করা। PPBeng 244.3

পুরোহিতদের জন্য এক বিশেষ পোশাক নির্ধারণ করা হল। সাধারণ পুরোহিতের পোশাক ছিল সাদা, একখন্ডে বুনন করা, যা কোমরের সাথে একটি সাদা কাপড়ের কটি-বন্ধন দ্বারা বেঁধে রাখা হত, যে বন্ধনে নীল, বেগুনী ও লাল বর্ণের সূতার কাজ থাকত। মাত্র একটি কাপড়ে পাগড়ী তার বাহ্যিক পোশাকের পূর্ণতা প্রদান করত। ধর্মধামে প্রবেশের

আগে পুরোহিতরা তাদের পায়ের জুতা বাইরের প্রাঙ্গনে খুলে রাখতে হত, আর সমাগম-তাঁবুতে দেখাশোনার কাজ শুরু করার আগে তাদের প্রক্ষালন করতে হত। এ ভাবেই শিক্ষা দেয়া হত যে, যে কেহ ঈশ্বরের সম্মুখে উপস্থিত হবে, সে সব রকম অপবিত্রতা হতে মুক্ত হয়ে তা করবে। PPBeng 244.4

মহা-যাজকের পোশাক ছিল অত্যন্ত দামী কাপড়ের মধ্যে খুব সুন্দর কারু-কার্য্য করা পোশাক। সাধারণ যাজকের মত সাদা পোশাক পরার পর তাকে এক খন্ডে বুনানো একটি নীল রঙের পোশাক পরতে হত। এর প্রান্তে থাকত সোনার ঘন্টাসমূহ, ও নীল, বেগুনী ও রক্ত বর্ণের দাড়িম্ব ফল। একটি এফোদ, বা খাটো পোশাক, একই কাপড়ের কটি-বন্ধ দ্বারা পরা হত। এফোদটি ছিল হাতা-বিহীন, আর এর কাঁধের উপর ছিল দু'টি সোনালী পাথর যাতে ইস্রায়েল জাতির বার বংশের নাম লেখা ছিল। তার PPBeng 245.1

লিজ্যা খাল এফোদের উপরে ছিল একটি বর্গাকৃতি বুকপাটা যা বেগুনী রংয়ের সূতা দ্বারা কাঁধ হতে ঝুলানো থাকত। এক প্রান্তে বিভিন্ন দামী পাথরগুলি ঝুলান ছিল, ঈশ্বরের নগরের বারটি স্তম্ভে যে সকল পাথর ছিল, ঐ পাথরগুলো ছিল সেই জাতীয় পাথর। সদাপ্রভুর নির্দ্দেশ ছিল, "যে সময়ে হারোণ পবিত্র স্থানে প্রবেশ করিবে, তকালে সদাপ্রভুর সম্মুখে নিয়ত স্মরণ করাইবার জন্য সে বিচারার্থক বুকপাটাতে ইস্রায়েলের পুত্রদের নাম আপন হৃদয়ের উপরে বহন করিবে।" যাত্রাপুস্তক ২৮:২৯। এই ভাবে মহা-যাজক, খ্রীষ্ট, পাপীদের পক্ষে নিজ বলির মাধ্যমে প্রায়শ্চিত্ত করিবার সময় তাঁর হৃদয়ে অনুতপ্ত ও বিশ্বাসী পাপীর নাম থাকবে। বুকপাটার ডান ও বাঁ পাশে উরীম ও তুম্মীম নামের দু'টি বড় পাথর ছিল। আর যখন সদাপ্রভুর সম্মুখে কোন প্রশ্ন আনা হত তখন যদি ডান পাশের পাথরের চতুর্দিকে একটি আলোর বলয় তৈরী হত, তখন তা সদাপ্রভুর অনুমতি বুঝাত, আর যদি বাঁ পাশের পাথরের উপর একটি মেঘের ছায়া পড়ত তা হলে সদাপ্রভুর অস্বীকৃতি বুঝা যেত। PPBeng 245.2

পুরোহিতদের পোশাক ও আচরণের সহিত সম্পর্কিত প্রত্যেকটি জিনিষের লক্ষ্য ছিল যে দর্শক যেন বুঝতে পারে যে ঈশ্বর কত পবিত্র এবং যে কেহ ঈশ্বরের সম্মুখে উপস্থিত হবে তাকে অবশ্যই পবিত্র হতে হবে। PPBeng 245.3

ধর্মধামের যাজকত্ব কাজ স্বর্গীয় জিনিষেয় ছায়া মাত্র

PPBeng 245

শুধুমাত্র ধর্মধাম নয়, কিন্তু পুরোহিতদের যাজকত্ব কাজেও "তাহারা স্বর্গীয় বিষয়ের দৃষ্টান্ত ও ছায়া লইয়া আরাধনা করে।" ইব্রীয় ৮:৫। যাজকত্ব কাজ দু'ভাগে বিভক্ত ছিল, দৈনিক যাজকত্ব কাজ ও বাৎসরিক যাজকত্ব কাজ। দৈনিক যাজকত্ব কাজ হোম বলির যজ্ঞবেদির উপর সমাগম তাঁবুর প্রাঙ্গনে পবিত্র কক্ষে পরিচালনা করা হত, আর বাসরিক কাজটি মহা-পবিত্র স্থানে পরিচালিত হত। PPBeng 245.4

মহা-যাজক ছাড়া আর কোন মরণশীল মানুষের চক্ষু ধর্মধামের ভিতরের অংশ দেখতে পারত না। মহাযাজক শুধু বসরে একবার ওখানে প্রবেশ করতে পারতেন। ঈশ্বরের আশীর্বাদের জন্য তাদের হৃদয় প্রার্থনাতে মগ্ন রেখে লোকেরা অত্যন্ত সশ্রদ্ধ নীরবতায় বাইরে দাঁড়িয়ে তার ফিরে আসার অপেক্ষায় থাকতেন । অনুগ্রহের আসনের সামনে মহা-যাজক ইস্রায়েলদের জন্য প্রায়শ্চিত্ত দিতেন, এবং প্রতাপের মেঘের মধ্যে থেকে ঈশ্বর তার সহিত সাক্ষা করতেন। নির্দ্ধারিত সময়ের অধিক সময় তিনি ভিতরে থেকে গেলে তাদের হৃদয়ে এই ভেবে ভীতির সঞ্চার হত যে, কি জানি তাদের পাপ অথবা তার নিজের পাপের জন্য সদাপ্রভুর গৌরব তাকে হত্যা করেছেন কি না। PPBeng 246.1

প্রতিদিনের সবাকার্য

PPBeng 246

জাতির দৈনিক আত্ম-সমর্পণের প্রতীকরূপে এবং খ্রীষ্টের প্রায়শ্চিত্তের বলির উপর তাদের নিয়ত নির্ভরশীলতার চিহ্নরূপে প্রত্যেক সকাল ও সন্ধ্যায় যজ্ঞবেদির উপর এক বসরের একটি মেষ পোড়ান হত। শুধু একটি "নির্দোষ ও নিষ্কলঙ্ক মেষশাবকই" তাঁর পরিপূর্ণ পবিত্রতার প্রতীক হতে পারত যিনি নিজকে "নির্দোষ ও নিষ্কলঙ্ক মেষশাবকস্বরূপ" বলি দিতে যাচ্ছিলেন। ১ পিতর ১:১৯। পৌল বলেন, "অতএব, হে ভ্রাতৃগণ, ঈশ্বরের নানা করুণার অনুরোধে আমি তোমাদিগকে বিনতি করিতেছি, তোমরা আপন আপন দেহকে জীবিত, পবিত্র...ইহাই তোমাদের চিত্ত-সঙ্গত আরাধনা।" রোমীয় ১২৪১। যারা তাঁকে তাদের সমস্ত হৃদয় দ্বারা প্রেম করে, তারা তাদের অস্তিত্বের সমস্ত ক্ষমতা PPBeng 246.2

তাঁর ইচ্ছার সাথে সংহতিতে এনে তাদের সর্বোত্তম সাহায্য তাঁকে দিতে চাইবে। দৈনিক যাজকত্ব কাজের অন্যান্য সমস্ত কিছুর চেয়ে ধূপদানীতে ধূপ জ্বালানোই যাজককে ঈশ্বরের সম্মুখে প্রত্যক্ষভাবে উপস্থিত হতে সাহায্য করত। অনুগ্রহের আসনের উপরে ঈশ্বরের গৌবরকে পবিত্র স্থান হতে আংশিক দেখা যেত । যখন যাজক ঈশ্বরের সামনে ধূপ ছড়াতেন, তিনি সিন্দুকের দিকে তাকাতেন, এবং যখন ঈশ্বরের গৌবর অনুগ্রহের আসনের উপর নেমে আসতেন এবং মহা-পবিত্র স্থানকে পরিপূর্ণ করতেন, তখন প্রায়ই যাজক সমাগম-তাঁবুর দরজার নিকট সরে আসতে বাধ্য হতেন। যে ভাবে যাজক অনুগ্রহের আসন তিনি দেখতে পেতেন না তার দিকে যাজকের চোখে তাকাতেন, সে ভাবেই ঈশ্বরের লোকেরা তাদের প্রার্থনা তাদের মহাযাজক খ্রীষ্টের প্রতি নির্দ্দেশ করবে, তিনি তাদের পক্ষে স্বর্গের ধর্মধামে অনুরোধ জানাচ্ছেন। সুগন্ধি খ্রীষ্টের মধ্যস্থতার প্রতীক। তার পরিপূর্ণ ধার্মিকতা যা বিশ্বাসে তাঁর লোকদের উপর দেয়া হয়, শুধু তাই পাপীদের প্রার্থনা ঈশ্বরের নিকট গ্রহণযোগ্য করে তুলে। ঈশ্বরের সম্মুখে উপস্থিত হওয়ার জন্য রক্ত ও সুগন্ধি দু'টিই লাগত, এগুলি ছিল প্রতীক যা মহা- প্রায়শ্চিত্তকারীর প্রতি নির্দ্দেশ করত, যার মাধ্যমে অনুতপ্ত আত্মা অনুগ্রহ ও মুক্তি পেতে পারে। PPBeng 246.3

সকাল ও সন্ধ্যায় যখনই যাজকগণ পবিত্র স্থানে প্রবেশ করতেন, প্রাঙ্গনের যজ্ঞবেদির উপরে দৈনন্দিনের বলি প্রস্তুত থাকত। ঐ সময়টি ছিল গভীর আগ্রহের সময়; সমাগম-তাঁবুর সামনের প্রার্থনাকারীরা ঐ সময় তাদের হৃদয়ের অনুসন্ধান ও পাপ স্বীকার করতেন। ধূপের ধোঁয়ার সাথে তাদের দরখাস্ত স্বর্গের দিকে যেত, আর প্রায়শ্চিত্তের বলি যে ত্রাণকর্তার প্রতি ঈঙ্গিত করত, তাদের বিশ্বাস সেই প্রতিজ্ঞাত মুক্তিদাতার হাত ধরে থাকত। পরবর্ত্তী কালে যখন যিহূদীরা বন্দিত্বে বিভিন্ন দেশে ছড়িয়ে পড়েছিল, তখনও নির্দ্ধারিত সময়ে তাদের মুখ যিরূশালেমের দিকে করে তাদের প্রার্থনা ইস্রায়েলদের ঈশ্বরের নিকট জ্ঞাত করত। এই নিয়ম থেকেই যীশু খ্রীষ্টে বিশ্বাসীরা সকাল ও সন্ধ্যায় প্রার্থনা করে থাকে। যারা তাদের পাপের জন্য সকাল ও সন্ধ্যায় এই ভাবে প্রণিপাত করে ক্ষমা চায় ও ঈশ্বরের আশীর্বাদ কামনা করে ঈশ্বর তাদের উপর খুবই সন্তুষ্ট হন। PPBeng 247.1

দর্শন-রুটি ছিল একটি চিরন্তন দান, দৈনন্দিন বলির একটি অংশ। শুধু খ্রীষ্টের মধ্যস্থতার মাধ্যমে প্রাপ্ত মানুষের দৈহিক ও আত্মার খাদ্যের জন্য ঈশ্বরের উপর নির্ভরশীলতার স্বীকৃতি হিসাবে ইহা সর্বদাই ঈশ্বরের সামনে থাকত (যাত্রাপুস্তক ২৫:৩০)। ঈশ্বর ইস্রায়েলকে স্বর্গ থেকে রুটি খাইয়েছিলেন, আর এখনও দৈহিক খাবার ও আত্মার আশীর্বাদের জন্য তারা তাঁর উপরই নির্ভরশীল ছিল। মান্না ও দর্শন-রুটি উভয়ই জীবন্ত রুটি খ্রীষ্টের প্রতি ইশারা করত। তিনি নিজেই বলেছেন, "আমিই সেই জীবন খাদ্য। যাহা স্বর্গ হইতে নামিয়া আসিয়াছে।" যোহন ৬:৪৮-৫১। প্রত্যেক শাব্বাথ দিন রুটি সরিয়ে নিয়ে নুতন রুটি দেয়া হত। PPBeng 247.2

দৈনিক যাজকত্ব কাজের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ ছিল এক এক জন ব্যক্তির পক্ষে যাজকত্ব। অনুতপ্ত পাপী তার বলি সমাগম-তাবুর দরজায় নিয়ে আসত, এবং বলির পশুর মাথায় হাত রেখে সে তার পাপসমূহ স্বীকার করত। আর ইহা প্রতীকস্বরূপ সে তার পাপ ঐ নির্দোষ পশুর উপর স্থানান্তরিত করত। তারপর সে নিজ হাতে পশুটিকে বলি দিত, আর এর রক্ত যাজক পবিত্র স্থানের পর্দার সামনে ছিটিয়ে দিতেন, ঐ পর্দার ওপারে সিন্দুকের ভিতরে ব্যবস্থা যে ব্যবস্থা পাপী ব্যক্তি লঙঘন করেছিল। ঐ অনুষ্ঠানের মাধ্যমে রক্তের সাথে, প্রতীকস্বরূপ, পাপ ধর্মধামে স্থানান্তরিত হত। কোন কোন ক্ষেত্রে রক্ত পবিত্র স্থানে নেয়া হত না (সংযোজনের ৫নং নোট দ্রষ্টব্য)। কিন্তু যাজক ঐ মাংস খেতেন, যেহেতু মোশি নির্দেশ দিয়েছিলেন," মন্ডলীর অপরাধ বহন করতঃ সদাপ্রভুর সম্মুখে প্রায়শ্চিত্ত করনার্থে তাহা তিনি তোমাদিগকে দিয়াছেন।" লেবীয় ১০:১৭। উভয় অনুষ্ঠানই অনুতপ্ত পাপী হতে পাপ ধর্মধামে স্থানান্তরিত হওয়াকে নির্দ্দেশ করত। PPBeng 247.3

এই ভাবে সারা বৎসর প্রতিদিন এই কাজ চলত। ইস্রায়েলদের পাপ পবিত্র স্থানে স্থানান্তরিত হওয়াতে পবিত্র স্থান অপবিত্র হয়ে যেত। আর ঐ পাপ পরিষ্কার করার জন্য একটি বিশেষ কাজ করা প্রয়োজন হত। ঈশ্বর আদেশ দিয়েছিলেন যে প্রত্যেক পবিত্র

স্থানের জন্য একটি করে প্রায়শ্চিত্ত দেয়া হোক, আর যজ্ঞবেদিকে "শুচি করিবে, ও ইস্রায়েল-সন্তানগণের অশৌচ হইতে তাহা পবিত্র করিবে।" লেবীয় ১৬:১৯। PPBeng 248.1

বসরে একবার, মহা প্রায়শ্চিত্তের দিনে, ধর্মধাম পরিষ্কার করবার জন্য মহা-যাজক মহা-পবিত্র স্থানে প্রবেশ করতেন। দু'টি ছাগ-বস সমাগম-তাঁবুর দরজায় এনে তাদের ভাগ্য নির্ধারণের জন্য গুলিবাট করা হত, "একটি সদাপ্রভুর জন্যে, আর অন্যটি শয়তানের জন্য" । যে ছাগ বসের উপর প্রথম গুলি পড়ত, সেটা লোকদের পাপের প্রায়শ্চিত্তরূপে বলিদান করা হত। এর রক্ত নিয়ে মহা-যাজক মহা-পবিত্র স্থানে প্রবেশ করতেন এবং ঐ রক্ত অনুগ্রহের আসনের উপর ছিটিয়ে দিতেন। "আর ইস্রায়েল-সন্তানদিগের নানাবিধ অপবিত্র ও অধর্ম, অর্থা সর্ববিধ পাপের কারণে সে পবিত্র জায়গার জন্য প্রায়শ্চিত্ত দিবে, এবং যে সমাগম-তাম্বু তাহাদের সহিত, নানাবিধ মন্দের মধ্যে বসতি করে, তাহার জন্য সে সেইরূপ করিবে।" PPBeng 248.2

"পরে হারোণ সেই জীবিত ছাগের মাথায় নিজের দুই হাত রাখিবে, এবং ইস্রয়েল-সন্তানদিগের সমস্ত অপরাধ ও তাহাদের সমস্ত অধর্ম অর্থা তাহাদের সর্ববিধ পাপ তাহার উপরে স্বীকার করিয়া সে সমস্ত ঐ ছাগের মাথায় অর্পণ করিবে; পরে যে প্রস্তুত হইয়াছে এমন লোকের হাত দ্বারা তাহাকে মরুভূমিতে পাঠাইয়া দিবে। আর ঐ ছাগ নিজের উপরে তাহাদের সমস্ত অপরাধ জনশূন্য ভূমিতে বহিয়া লইয়া যাইবে"। যতক্ষণ না ছাগকে ঐ ভাবে নিয়ে যাওয়া হত, ততক্ষণ লোকেরা তাদের পাপের বোঝা হতে মুক্ত হয়েছে বলে গন্য করত না। যখন পাপের প্রায়শ্চিত্ত দেয়ার কাজ চলতে থাকত, তখন প্রত্যেক ব্যক্তি তার আত্মাকে শাস্তি দিতে থাকত । সমস্ত কাজকর্ম বন্ধ করা হত, এবং ইস্রায়েল জাতির সমস্ত মন্ডলী প্রার্থনা, উপবাস, ও হৃদয়ের অনুসন্ধান করে ঈশ্বরের সামনে সমস্ত দিন গম্ভীর বিনম্রতার মধ্যে কাটাত । PPBeng 248.3

প্রায়শ্চিত্তের দিনে যে সত্য শিক্ষা দেয়া হত

PPBeng 249

ঐ বাৎসরিক অনুষ্ঠানের মাধ্যমে প্রায়শ্চিত্ত সম্বন্ধে খুব গুরুত্বপূর্ণ সত্য শিক্ষা দেয়া হত। সারা বৎসর পাপের বলির মাধ্যমে, পাপীদের স্থলে একটি প্রতিকল্প গ্রহন করা হত, কিন্ত বলির রক্ত পাপের জন্য পূর্ণ প্রায়শ্চিত্ত দিতে পারত না। এটা ধর্মধামে পাপকে স্থানান্তরের একটি উপায় ছিল মাত্র। রক্ত দানের মাধ্যমে পাপী তার অবাধ্যতার দোষ স্বীকার করত এবং যিনি পৃথিবীর সমস্ত পাপ বহন করে নিয়ে যাবেন তাঁর উপর সে তার বিশ্বাস প্রকাশ করত। কিন্তু সে ব্যবস্থার শাস্তি হতে সম্পূর্ণ মুক্ত হত না। মন্ডলীর নিকট হতে বলি গ্রহণ করার পর, প্রায়শ্চিত্তের দিনে মহা-যাজক রক্ত নিয়ে মহাপবিত্র স্থানে প্রবেশ করতেন এবং ঐ রক্ত ব্যবস্থার ফলকের উপরে অনুগ্রহের আসনের উপরে ছিটিয়ে দিতেন। PPBeng 249.1

এ ভাবে পাপীর জীবনের উপরে ব্যবস্থার যে দাবী তা পূরণ করা হত। মধ্যস্থকারীর ভূমিকায় যাজক পাপের বোঝা নিজের উপরে নিয়ে নিতেন, এবং ধর্মধাম ত্যাগের সময় সমস্ত ইস্রায়েলদের পাপ বহন করে বেরিয়ে আসতেন। তিনি শয়তানের জন্য যে ছাগ বস তার উপর হাত রেখে "ইস্রায়েল সন্ত নিদিগের সমস্ত অপরাধ ও তাহাদের সমস্ত অধর্ম অর্থা তাহাদের সর্ববিধ পাপ তাহার উপরে স্বীকার করিয়া সে সমস্ত ঐ ছাগের মাথায় অর্পণ" করতেন। তখন ঐ সকল পাপ লোকদের মধ্য হতে চিরদিনের জন্য দূর হয়ে গেল বলে ধরে নেয়া হত। এইরূপে "স্বর্গীয় বিষয়ের দৃষ্টান্ত ও ছায়া লইয়া" ঐ সকল দয়ার কাজ পরিচালিত হত। ইব্রীয় ৮:৫। PPBeng 249.2

প্রকৃত স্বর্গীয় ধর্মধাম

PPBeng 249

এই পৃথিবীর ধর্মধাম ছিল "এই উপস্থিত সময়ের নিমিত্ত দৃষ্টান্ত; সেই দৃষ্টান্ত অনুসারে...উপহার ও যজ্ঞ উৎসর্গ করা" হয়; এর দুই পবিত্র স্থান "স্বর্গস্থ বিষয়ের দৃষ্টান্ত" ছিল। আমাদের মহা-যাজক খ্রীষ্ট "যে তাঁবু মনুষ্য কর্তৃক নয়। কিন্তু প্রভু কর্তৃক স্থাপিত হইয়াছে, সেই প্রকৃত তাঁবুর সেবক।" ইব্রীয় ৯:৯,২৩, ৮:২। PPBeng 249.3

প্রেরিত যোহনকে স্বর্গে ঈশ্বরের ধর্মধামের দৃশ্য দেখানো হয়েছিল। তিনি সেখানে দেখতে পেয়েছিলেন "অগ্নিময় সপ্ত প্রদীপ জ্বলিতেছে"। আর তিনি একজন দূতকে দেখতে পেয়েছিলেন "তাঁহার হস্তে স্বর্ণ ধূপদানী ছিল; এবং তাঁহাকে প্রচুর ধূপ দত্ত হইল, যেন তিনি তাহা সিংহাসনের সম্মুখস্থ স্বর্ণবেদির উপরে সকল পবিত্র লোকের প্রার্থনায় যোগ করেন।" প্রকাশিত বাক্য ৪:৫; ৮:৩। এখানে ভাববাদীকে স্বর্গীয় ধর্মধামের প্রথম কক্ষ দেখতে দেয়া হয়েছিল। আবার, "ঈশ্বরের স্বর্গস্থ মন্দিরের দ্বার মুক্ত হইল," এবং তিনি পর্দার ও পাশের মহা-পবিত্র স্থানের দিকে দৃষ্টি দিলেন।এখানে তিনি দেখলেন " নিয়ম সিন্দুক" (প্রকাশিত বাক্য ১১:১৯) যার অনুকরণে ঈশ্বর ব্যবস্থা রাখার জন্য মোশিকে সিন্দুক তৈয়ার করিয়েছিলেন। PPBeng 249.4

পৌল ঘোষণা করেছিলেন যে, "সাক্ষ্যের তাঁবু ও সেবাকার্য্যের সমস্ত সামগ্রী" যখন সমাপ্ত করা হল, তখন "যাহা স্বর্গস্থ বিষয়ের দৃষ্টান্ত" সেগুলি সে রকমই হল। প্রেরিত ৭:৪৪; ইব্রীয় ৯:২১, ২৩। এবং যোহন বলেন যে তিনি স্বর্গীয় ধর্মধাম দেখেছেন। যে ধর্মধামে খ্রীষ্ট আমাদের পক্ষে যাজকের কাজ করেন, সেটাই হল আসল। যে ধর্মধাম মোশি স্থাপন করেছিলেন, তা ছিল এর অনুকরণ। PPBeng 250.1

পার্থিব ধর্মধাম ও এর যাজকের কাজের মাধ্যমে স্বর্গীয় ধর্মধাম ও এর মধ্যে মানুষের পরিত্রাণের জন্য যে যাজক কাজ চালু রয়েছে তার গুরুত্বপূর্ণ সত্যসমূহ শিক্ষা দেয়া হত। PPBeng 250.2

স্বর্গে আরোহনের পর আমাদের মুক্তিদাতা আমাদের মহা-যাজক হিসাবে তাঁর কাজ শুরু করার কথা। "কেননা খ্রীষ্ট হস্ত নির্মিত পবিত্র স্থানে প্রবেশ করেন নাই, এ ত প্রকৃত বিষয়গুলির প্রতিরূপমাত্র, কিন্তু স্বর্গেই প্রবেশ করিয়াছেন। যেন তিনি এখন আমাদের জন্য ঈশ্বরের সাক্ষাতে প্রকাশমান হন।" ইব্রীয় ৯:২৪। খ্রীষ্টের কাজ দু'ভাগে বিভক্ত হবার কথা, প্রত্যেকটিই স্বর্গীয় ধর্মধামের একটি বিশেষ অংশে কিছু কাল যাবত চালু থাকবে। এই ভাবেই প্রতীকস্বরূপ যে যাজকীয় কাজ তাও দু'ভাগে বিভক্ত ছিল, দৈনিক ও বাৎসরিক যাজকীয় কাজ, এবং প্রত্যেকটির জন্যই সমাগম-তাঁবুর বিশেষ এক একটি কক্ষ নির্দ্ধারিত ছিল। PPBeng 250.3

স্বর্গে আরোহনের পর অনুতপ্ত পাপীদের পক্ষে তাঁর রক্ত, দ্বারা মধ্যস্থতা করার জন্য খ্রীষ্ট ঈশ্বরের সাক্ষাতে উপস্থিত হন। একই ভাবে যাজক তার দৈনন্দিন যাজকীয় কাজে পাপীদের পক্ষে পবিত্র স্থানে রক্ত ছিটাতেন। PPBeng 250.4

যদিও খ্রীষ্টের রক্ত অনুতপ্ত পাপীকে ব্যবস্থার শাস্তি হতে মুক্ত করত, কিন্তু ইহা পাপকে গোপন করত না; পাপ ধর্মধামের হিসাবে ততদিন লিখিত থাকবে যতদিন না প্রায়শ্চিত্ত দেয়া হয়। সেই একই ভাবে প্রতিক সেবা কাজের রক্ত দ্বারা পাপীদের পাপ তাদের নিকট হতে দূর করে ধর্মধামের প্রায়শ্চিত্তের দিন পর্য্যন্ত জমা রাখা হত। PPBeng 250.5

শেষ বিচারের মহাদিনে "মৃতেরা পুস্তকসমূহে লিখিত প্রমাণে 'আপন আপন কার্য্য অনুসারে' বিচারিত" হবে। প্রকাশিত বাক্য ২০:১২। তখন সত্যিকার অনুতাপকারীদের পাপের হিসাব স্বর্গের খাতা হতে মুছে ফেলা হবে। এই ভাবে ধর্মধামের পাপের হিসাব সমূহ পরিষ্কার করা হবে। প্রতিক সেবা কাজে পাপ মুছে ফেলা হবে। এই ভাবে ধর্মধামের পাপের হিসাব-সমূহ পরিষ্কার করা হবে। প্রতিক সেবা কাজে পাপ মুছে ফেলার মহান কাজ প্রায়শ্চিত্তের দিনের সেবা কাজে প্রতিফলিত হত, যে পাপ দ্বারা পৃথিবীর ধর্মধাম কলুষিত হত, সেই পাপ দূর করে ধর্মধামকে পবিত্র করা হত। PPBeng 251.1

শেষ প্রায়শ্চিত্তের সময় অনুতাপকৃতদের পাপ স্বর্গীয় হিসাবের খাতা হতে চিরকালের জন্য মুছে ফেলা হবে এবং তা আর কখনও স্মরণ করা হবে না। সেই একই ভাবে প্রতিক সেবা কাজে পাপকে মরুভূমিতে পাঠিয়ে দেয়া হত এবং মন্ডলীকে পাপ মুক্ত করা হত। PPBeng 251.2

যেহেতু যে পাপের জন্য ঈশ্বরের পুত্রকে মৃত্যুর অধীন হতে হল সেই সকল পাপের উদ্যোক্তা শয়তান, তাই ন্যায় বিচার অনুসারে শয়তানকেই এর শেষ শাস্তি ভোগ করতে হবে। মানুষের মুক্তি ও পৃথিবীকে পবিত্র করার খ্রীষ্টের যে কাজ তা শেষ হবে শয়তানের উপর সমস্ত পাপের বোঝা চাপানোর পর, আর শয়তানই এর শেষ ফল ভোগ করবে। সেই একই ভাবে প্রতিক সেবা কাজে, বাৎসরিক প্রায়শ্চিত্ত কাজ শেষ হত ধর্মধাম পবিত্র করার মাধ্যমে

ও শয়তানের জন্য নির্দ্ধারিত ছাগ বৎসের উপর সমস্ত পাপ স্বীকারের মাধ্যমে। PPBeng 251.3

এই ভাবে ধর্মধামে যাজকীয় কাজের মাধ্যমে লোকদের খ্রীষ্টের মৃত্যু ও যাজকীয় কাজের সত্যসমূহ শিক্ষা দেয়া হত; এবং বৎসরে একবার খ্রীষ্ট ও শয়তানের মধ্যের মহা-দ্বন্দ্বের শেষ ঘটনাবলীর প্রতি, যখন পৃথিবী পাপ ও পাপীদের হতে মুক্ত হবে, তার প্রতি, লোকদের মন নিবেশিত হত। PPBeng 251.4

অধ্যায় ৩১—নাদব ও অবীহূর পাপ

PPBeng 252

সমাগম-তাঁবু ঈশ্বরের উদ্দেশে উৎসর্গ করার পর, যাজকদের তাদের পবিত্র সেবা কাজে উসর্গ করা হল। এই সকল কাজে সাত দিন সময় কেটে গেল; অষ্টম দিনে হারোণকে ঈশ্বর যে যজ্ঞ করতে আদেশ দিয়েছিলেন সেই যজ্ঞ করলেন। সমস্ত কিছুই যে ভাবে ঈশ্বর আদেশ করেছিলেন ঠিক তদ্রূপই করা হল, এবং তিনি তাঁর গৌবর এক বিস্ময়কর প্রক্রিয়ায় প্রকাশ করলেন। স্বর্গ হতে আগুন এসে যজ্ঞকৃত বলি গ্রাস করে ফেলল। লোকেরা এক বিশ্বজনীন ধন্যবাদ ও গৌরবের ধ্বনি করল ও ঈশ্বরকে প্রণিপাত করল। PPBeng 252.1

এর অব্যবহিত পরেই মহা-যাজকের পরিবারে এক বিপদ নেমে এল। হারোণের ছেলেদের মধ্যে দু'জন তাদের ধূপদানী হাতে নিল ও সদাপ্রভুর উদ্দেশে ধূপ জ্বালাল। কিন্তু তারা "অপবিত্র" আগুন ব্যবহারের মাধ্যমে ঈশ্বরের আদেশের অবাধ্য হল। তারা ঈশ্বর নিজে যে পবিত্র আগুন জ্বালিয়েছিলেন তা হতে আগুন না নিয়ে সাধারণ আগুন ব্যবহার করল। এই পাপের জন্য সদাপ্রভুর নিকট হতে আগুন নেমে এসে লোকদের চোখের সামনে তাদের পোড়ায়ে ছাই করে ফেলল। PPBeng 252.2

মোশি ও হারোণের পরই নাদব ও অবীহূ ইস্রায়েল জাতির মধ্যে উচ্চ আসনে অধিষ্ঠিত ছিল। সত্তর জন প্রাচীনদের সহিত পর্বতে গিয়ে ঈশ্বরের গৌবর দেখার মাধ্যমে তারা তাঁর দ্বারা সম্মানিত হয়েছিলেন। এই সমস্ত কারণেই তাদের পাপ আরো ভয়ঙ্কর বলে পরিগণিত হল। যেহেতু কোন কোন লোক মহা-আলোয় আলোকিত হয়েছেন, যেহেতু ইস্রায়েলদের রাজপুত্রদের মত তারাও পর্বত আরোহণ করেছেন এবং তারা গৌরবের মধ্যে থেকে ঈশ্বরের সহিত যোগাযোগ করতে পেরেছেন, তারা যেন কখনও মনে না করেন যে তারা পাপ করলে শাস্তি বিধান করা হবে না, কখনও যেন মনে না করেন যে ঈশ্বর তাদের অন্যায়ের জন্য কঠিন শাস্তি দেবেন না। অধিক সুযোগ প্রদত্ত আলোর সহিত সংহতি রেখে উপযুক্ত পবিত্রতা ও চারিত্রিক গুণ দাবী করে। অধিক আশীর্বাদ কখনও পাপ করার জন্য অনুমতি দেয় না। PPBeng 252.3

নাদব ও অবীহূকে আত্ম-নিয়ন্ত্রণের অভ্যাস শিক্ষা দেয়া হয়নি। পিতার আত্ম-সমর্পণের স্বভাব তার ছেলেদের শৃঙ্খলা শিক্ষা দেয়ার ব্যাপারে অবহেলা করতে পরিচালিত করেছিল। তার ছেলেদের তাদের ইচ্ছানুসারে চলতে দেয়া হত। আত্ম-প্রশ্রয় ও অসংযত আচরণ তাদের জীবনের উপর এত প্রভাব বিস্তার করেছিল যে সর্বোচ্চ পবিত্র কাজও তাদের সেই অভ্যাস ভাংতে সক্ষম হয়নি। ঈশ্বরের আদেশের হুবহু বাধ্যতার প্রয়োজনীয়তা অবধান করতে তারা অক্ষম হয়। ছেলেদের প্রতি হারোণের ভ্রান্ত আতিশয্য তাদের ঈশ্বরের শাস্তি ভোগ করার দিকে ঠেলে দেয়েছিল। PPBeng 253.1

অর্ধেক বাধ্যতা গ্রহণীয় নয়

PPBeng 253

ঈশ্বর অর্ধেক বাধ্যতা গ্রহণ করেন না। তাঁর প্রার্থনার সময় তিনি যে যে নির্দ্দেশ দিয়েছিলেন তার সবকটিই যে প্রায় পালন করা হয়েছিল, তাই যথেষ্ট ছিল না। কেউ নিজেকে এ বলে প্রতারিত না করে যে ঈশ্বরের আদেশের কোন অংশ ততটা প্রয়োজনীয় নয়, অথবা তিনি যা চান তার পরিবর্তে অন্য কোন কিছুও তিনি গ্রহণ করবেন। ঈশ্বর তাঁর পুস্তকে এমন কোন আদেশ দেন নি যা মানুষ ইচ্ছানুসারে মানলে বা অমান্য করলে তার উপযুক্ত ফল ভোগ করবে না। PPBeng 253.2

'পরে মোশি হারোণকে ও তাঁহার দুই পুত্র ঈথামর ও ইলীয়াসকে বলিলেন, তোমরা যেন মারা না পড়, এই জন্য, তোমরা নিজ নিজ মাথার চুল খুলিয়া নীচের দিকে পড়িতে দিও না, ও নিজ নিজ বস্ত্র চিরিও না, কেননা তোমাদের গায়ে সদাপ্রভুর অভিষিক্ত তেল আছে।" মহান নেতা তাঁর ভাইকে ঈশ্বরের আদেশ স্মরণ করালেন, "সকল লোকের সম্মুখে আমি গৌরবান্বিত হইব।" হারোণ নীরব থাকলেন। এই ভয়ঙ্কর পাপের মধ্যে তার ছেলেদের মৃত্যু। পাপ তার কর্তব্য অবহেলা করার জন্যই সংঘটিত হল বলে তিনি এখন বুঝতে পারলেন। তার হৃদয়কে দুঃখে অবশ করে ফেলল। কিন্তু দুঃখ প্রকাশের মাধ্যমে তিনি পাপের প্রতি সমবেদনা জ্ঞাপন করতে পারবেন না। মন্ডলী যেন কোন ভাবে ঈশ্বরের বিরুদ্ধে অভিযোগ না আনে। ঈশ্বর তাঁর লোকদের তাঁর ন্যায় বিচারমূলক সংশোধন স্বীকার করে নিতে শিক্ষা দেন যেন অন্যেরা তাকে ভয় পায়। স্বর্গীয় তিরস্কার পাপকারীর সেই মিথ্যা সহানুভূতির উপর নেমে আসে যা তার পাপের প্রচন্ডতাকে ক্ষমা করতে চেষ্টা করে। অন্যায়কারী তার অবাধ্যতার প্রসার অনুধামন করতে অক্ষম, এবং পবিত্র আত্মার অভিযোগকারী শক্তির সহায়তা ছাড়া সে তার পাপের প্রতি আংশিক অন্ধ থাকে। অন্যায়কারীদের তাদের বিপদ সম্বন্ধে সতর্ক করে দেয়া খ্রীষ্টের দাসদের দায়িত্ব। মিথ্যা ও ভ্রান্ত সহানুভূতির জন্য অনেকেই অতল অন্ধকারে ডুবে গিয়েছেন। PPBeng 253.3

নাদব ও অবীহূ কোন মতেই এই ভয়ঙ্কর পাপ করত না যদি না তারা আগে থেকে স্বাধীন ভাবে মদ্যপানে আংশিক মাতালে পরিণত না হত। PPBeng 254.1

অমিতাচারের কারণে তারা তাদের পবিত্র দায়িত্ব পালনে অযোগ্য প্রমাণিত হল। তাদের মন হতবস্তু হয়ে পড়েছিল এবং তাদের দৃষ্টি ক্ষীণ হয়ে পড়েছিল যার ফলে তারা পবিত্র ও অপবিত্রের পার্থক্য নির্ণয় করতে অক্ষম হল। হারোণও তার ছেলেদের সতর্ক করে দিয়ে এই বলা হয়েছিল, "তোমরা যেন মারা না পড়, এই জন্য যে সময়ে সমাগম-তাঁবুতে প্রবেশ করিবে সে সময় আঙ্গুরের রস কি মদ্যপান করিও না।" উত্তেজনাকর মাদক দ্রব্য সেবনকারী পবিত্র জিনিসের পবিত্রতা অনুধাবন করতে অথবা ঈশ্বরের নিয়মের বাধ্য থাকতে অক্ষম হয়। যারা

দায়িত্বপূর্ণ কাজে বহাল হন তারা কঠোর মিতাচারী লোক হবেন যেন ন্যায় অন্যায়ের পার্থক্য নিরূপণ করার সময় তাদের মন সতেজ থাকে। PPBeng 254.2

খ্রীষ্টের অনুগামীদের প্রত্যেকের উপর একই দায়িত্ব অর্পিত হয়েছে। ‘তোমরা মনোনীত বংশ, রাজকীয় যাজকবর্গ, পবিত্র জাতি, (ঈশ্বরের) নিজস্ব প্রজা।” ১ পিতর ২:৯। যখন নেশাকারক দ্রব্য ব্যবহার করা হয় তখন ইস্রায়েলদের যাজকগণ যে ফল পেয়েছিল, সেই একই ফল পেতে হবে। বিবেক পাপের প্রতি অনুভূতিহীন হয়ে পড়বে আর পবিত্র অপবিত্রের গুরুত্বও নির্ণয় করা সম্ভব হবে না। “অতএব তোমরা ভোজন, কি পান, কি যাহা কিছু কর, সকলই ঈশ্বরের গৌরবার্থে কর।” ১ করিন্থীয় ১০:৩১। সকল যুগের খ্রীষ্টের মন্ডলীর প্রতি এই গম্ভীর ও ভয়ঙ্কর সতর্কবাণী উচ্চারিত হয়েছে, “যদি কেহ ঈশ্বরের মন্দির নষ্ট করে, তবে ঈশ্বর তাহাকে নষ্ট করিবেন, কেননা ঈশ্বরের মন্দির পবিত্র, আর সেই মন্দির তোমরাই।” ১ করিন্থীয় ৩:১৭। PPBeng 254.3

অধ্যায় ৩২—খ্রীষ্টের অনুগ্রহ ও নূতন আজ্ঞা

PPBeng 255

সৃষ্টির মুহূর্ত্তে আদম ও হবার ঈশ্বরের ব্যবস্থা সম্পর্কে জ্ঞান ছিল; তারা এর দাবী সম্পর্কে ওয়াকিবহাল ছিলেন; এর শিক্ষামালা তাদের হৃদয়ে অঙ্কিত ছিল। অবাধ্যতার জন্য মানুষের পতনের পর ব্যবস্থা পরিবর্তন করা হয়নি, কিন্তু একজন মুক্তিদাতার প্রতিজ্ঞা করা হয়েছিল। বলির মাধ্যমে পাপের প্রায়শ্চিত্ত হিসাবে খ্রীষ্টের মৃত্যুর প্রতি ইঙ্গিত করা হত। PPBeng 255.1

বংশ পরম্পরায় পিতা হতে পুত্রের নিকট ঈশ্বরের ব্যবস্থা পৌঁছে দেয়া হত। কিন্তু অতি অল্প লোকই এর প্রতি বাধ্যতা প্রদর্শন করত। পৃথিবী এত অপবিত্র হয়ে পড়েছিল যে বন্যা দ্বারা ইহাকে মন্দ হতে পরিষ্কার করা প্রয়োজন হয়ে পড়ে। নোহ তার বংশধরদের দশ আজ্ঞা শিক্ষা দেন। যখন মানুষ আবারও ঈশ্বরের নিকট হতে দূরে সরে গেল, তখন প্রভু অব্রাহামকে মনোনীত করলেন, যার সম্বন্ধে তিনি ঘোষণা করলেন, “কারণ অব্রাহাম আমার বাক্য মানিয়া আমার আদেশ, আমার আজ্ঞা, আমার বিধি ও আমার ব্যবস্থা সকল পালন করিয়াছে।” আদিপুস্তক ২৬৪৫। তাকে ত্বকচ্ছেদ অনুষ্ঠান দান করা হয়েছিল, ইহা ছিল পৌত্তলিকতা থেকে পৃথক থাকার ও ঈশ্বরের ব্যবস্থা মানার একটি প্রতিজ্ঞা। আব্রাহামের বংশধররা তাদের প্রতিজ্ঞা রক্ষা করতে ব্যর্থ হবার জন্যই তারা মিসরে PPBeng 255.2

দাসত্ব বরণ করেছিলেন। পৌত্তলিকদের সাথে সংমিশ্রণের ও মিস্ত্রীয়দের অধীনতা স্বীকার করার ফলে স্বর্গীয় শিক্ষা পৌত্তলিক শিক্ষা দ্বারা আরো বেশী প্রভাবিত হয়। তাই সদাপ্রভু সীনয় পর্বতে নেমে এসেছিলেন এবং সকলের শ্রুতিতে গম্ভীর কন্ঠে তাঁর ব্যবস্থা তিনি উচ্চারণ করেছিলেন। PPBeng 255.3

তার পরও তিনি তাঁর শিক্ষামালা সহজে ভুলে যায় এমন লোকদের স্মরণে ক্ষমতার উপর ছেড়ে দেন নি, কিন্তু পাথরের ফলকে লিখে দিয়েছিলেন। আর তিনি শুধু দশ আজ্ঞা দিয়েই ক্ষান্ত হন নি। মোশিকে আদেশ করা হয়েছিল যেন তিনি প্রত্যেক খুটিনাটি বিষয়ের জন্যও নিয়ম-কানুন ও বিচার ব্যবস্থা লিখে রাখেন। এই সকল নির্দ্দেশ দশ আজ্ঞার পবিত্রতা রক্ষার জন্য বিশেষ বিশেষ অতিরিক্ত নীতিমালা ছিল। ত্বকচ্ছেদ যে নিয়মের চিহ্ন ছিল, অব্রাহামের বংশধরেরা যদি সেই নিয়ম মেনে চলতেন তবে সীনয় পর্বতে ঈশ্বরের ব্যবস্থা দেবার ও প্রস্তর ফলকে সেগুলি লিখে রাখার প্রয়োজন হত না। PPBeng 255.4

বলিদান প্রথাও সংমিশ্রণ দ্বারা দূষিত হয়ে পড়েছিল। পৌত্তলিকদের সহিত দীর্ঘকাল ধরে আদান প্রদানের ফলে ইস্রায়েলরা তাদের প্রার্থনা পদ্ধতিতে বিজাতীয় রীতিনীতি মিশ্রিত করে ফেলে। সুতরাং বলিদানের মাধ্যমে প্রার্থনার বিষয়ে সদাপ্রভু সুনির্দিষ্ট উপদেশ দান করেছিলেন। মোশিকে প্রার্থনা পদ্ধতির নিয়মাবলী দেয়া হয়েছিল, এবং তিনি সেগুলি একটি

বইতে লিখে রাখেন। কিন্তু দশ আজ্ঞা ঈশ্বর নিজেই একটি প্রস্তর ফলকে লিখে দেন এবং তা সিন্দুকে সংরক্ষণ করা হয় । PPBeng 256.1

দুই ব্যবস্থা: নৈতিক ব্যবস্থা ও বাহ্যিক ব্যবস্থা সম্পর্কিত

PPBeng 256

অনেকেই এই দু'টি ব্যবস্থাকে একত্রিত করতে প্রয়াস চালান, আর আচার-অনুষ্ঠান সম্পর্কিত ব্যবস্থার অধ্যায় দ্বারা প্রমাণ করতে চান যে নৈতিক ব্যবস্থা বিলীন করা হয়েছে। কিন্তু এভাবে বাক্যের ভুল ব্যাখ্যা দান করা হয়। আচার-অনুষ্ঠান সম্পর্কিত ব্যবস্থার মধ্যে নানা প্রতীক ছিল যা খ্রীষ্টের প্রতি, তাঁর বলির প্রতি ও তার যাজকত্বের প্রতি ইঙ্গিত করত। এই আচার-অনুষ্ঠান সম্পর্কিত ব্যবস্থা যিহুদীদের ততদিন মানতে হত যতদিন না খ্রীষ্টের মৃত্যুতে প্রতীক বাস্তবে রূপায়িত হয়। তারপর এই বলিদান বন্ধ করতে হত। এই ব্যবস্থাকেই খ্রীষ্ট "প্রেক দিয়া ক্রুশে লটকাইয়া দূর করিয়াছেন।" কলসীয় ২:১৪ । PPBeng 256.2

কিন্তু দশ আজ্ঞা সম্পর্কে গীতসংহিতায় বলা হয়েছে, "অনন্তকালের নিমিত্তে, হে সদাপ্রভু, তোমার বাক্য স্বর্গে সংস্থাপিত।" গীতসংহিতা ১১৯:৮৯ এবং খ্রীষ্ট নিজেই বলেছেন "মনে করিও না যে, আমি ব্যবস্থা...লোপ করিতে আসিয়াছি;...কেননা আমি তোমাদিগকে সত্য কহিতেছি, যে পর্যন্ত আকাশ ও পৃথিবী লুপ্ত না হইবে, সে পর্য্যন্ত ব্যবস্থার এক মাত্রা কি এক বিন্দুও লুপ্ত হইবে না, সমস্তই সফল হইবে।" মথি ৫:১৭, ১৮। এখানে তিনি শিক্ষা দিচ্ছেন যে, যে পর্যন্ত আকাশ ও পৃথিবী টিকে রয়েছে সেই পর্য্যন্ত ঈশ্বরের ব্যবস্থাও টিকে থাকবে PPBeng 256.3

সীনয় পর্বত হতে যে ব্যবস্থার ঘোষণা দেয়া হয়েছিল সে সম্পর্কে নহিমিয় ভাববাদী বলেছেন, "তুমি সীনয় পর্বতের উপরে নামিয়া আসিলে, স্বর্গ হইতে তাহাদের সহিত কথা বলিলে, আর যথার্থ শাসন, সত্য ব্যবস্থা, বিধি ও আজ্ঞা তাহাদিগকে দিলে।" নহিমিয় ৯:১৩। এবং অ-যিহূদীদের নিকট প্রেরিত পৌল বলেছেন, "অতএব ব্যবস্থা পবিত্র এবং আজ্ঞা পবিত্র, ন্যায্য ও উত্তম । রোমীয় ৭:১২। PPBeng 257.1

যদিও মুক্তিদাতার মৃত্যু প্রতীক ও ছায়া সম্পর্কিত ব্যবস্থার অবসান ঘটিয়েছে, কিন্তু নৈতিক ব্যবস্থার প্রতি বাধ্যতা হতে এটি মুক্তি দান করেনি। যেহেতু ব্যবস্থার প্রতি অবাধ্যতার প্রায়শ্চিত্ত পরিশোধ করতে খ্রীষ্টকে মৃত্যুবরণ করতে হল, সুতরাং এটি প্রমাণিত হল যে ইহা অপরিবর্তনীয় । PPBeng 257.2

খ্রীষ্ট নূতন আজ্ঞার মধ্যস্থকারী

PPBeng 257

যারা দাবী করেন যে খ্রীষ্ট পুরাতন নিয়ম বাতিল করতে এসেছিলেন তারা মনে করেন যে যিহূদীদের ধর্ম শুধুমাত্র নানা ধরণের বাহ্যিক আচার- অনুষ্ঠানের মধ্যেই সীমিত । কিন্তু

এটা ভুল। পাপে পতনের পর হতে যুগে যুগে "ঈশ্বর খ্রীষ্টে আপনার সহিত জগতের সম্মিলন করাইয়া দিতেছিলেন।" ২ কনিন্থীয় ৫:১৯। বলিদান প্রথার ভিত্তি ও কেন্দ্র ছিলেন খ্রীষ্ট। আমাদের আদি পিতার প্রথম পাপের মুহূর্তে হতে স্বর্গীয় পিতা পৃথিবীকে খ্রীষ্টের হস্তে ন্যাস্ত করেছেন যে তাঁর মধ্যস্থতাকারী কাজের মাধ্যমে তিনি মানুষের পরিত্রাণ দান করতে পারেন এবং ঈশ্বর ব্যবস্থার দাবী মিটাতে পারেন। স্বর্গ ও পতিত জাতির মধ্যের সর্বপ্রকার সংযোগ শুধু খ্রীষ্টের মাধ্যমেই সাধিত হয়। ঈশ্বরের পুত্রই আমাদের প্রথম পিতা-মাতাকে পরিত্রাণের প্রতিজ্ঞা প্রদান করেন। আদম, নোহ, আব্রাহাম, ইস্‌হাক, যাকোব ও মোশি সুখবর বা নূতন নিয়ম বুঝতে পেরেছিলেন। এই সকল ঈশ্বর যে পরিত্রাণদাতা মানবরূপে পৃথিবীতে আবির্ভূত হবেন তাঁর সহিত যোগাযোগ করতেন। PPBeng 257.3

প্রান্তরে খ্রীষ্টই ছিলেন যিহুদীদের নেতা, তিনি ছিলেন সেই দূত যিনি মেঘ স্তম্ভের আড়ালে থেকে বিশাল জনতার আগে আগে চলতেন। তিনিই ইস্রায়েলদের ব্যবস্থা দিয়েছিলেন। (সংযোজনের ৬নং টিকা লক্ষ্য করুন)। সীনয় পর্বতে গৌরবের মধ্যে খ্রীষ্টই স্বর্গীয় পিতার দশটি আজ্ঞা দিয়েছিলেন। তিনিই মোশিকে প্রস্তর ফলকে লিখিত ব্যবস্থা প্রদান করেছিলেন। PPBeng 258.1

খ্রীষ্ট ভাববাদীদের মাধ্যমে তাঁর লোকদের সহিত কথা বলেছিলেন। প্রেরিত পিতর বলেন, "যে ভাববাদীরা তোমাদের জন্য নিরূপিত অনুগ্রহের বিষয়ে ভাববাণী বলিতেন। তাঁহারা এই বিষয় অনুসন্ধান করিতেন, খ্রীষ্টের আত্মা, যিনি তাহাদের অন্তরে ছিলেন, তিনি যখন খ্রীষ্টের জন্য নিরূপিত বিবিধ দুঃখ-ভোগ ও তদনুবর্তী গৌরবের বিষয়ে সাক্ষ্য দিতেছিলেন।" ১ পিতর ১৪১০, ১১। পুরাতন নিয়মের মধ্যে খ্রীষ্টের ধ্বনিই কথা বলে। "কেননা যীশুর যে সাক্ষ্য, তাহাই ভাববাণীর আত্মা।" প্রকাশিত বাক্য ১৯:১০। PPBeng 258.2

যখন যীশু ব্যক্তিগত ভাবে লোকদের মধ্যে ছিলেন, তখন তিনি লোকদের মনকে পুরাতন নিয়মের দিকে চালিত করতেন। "তোমরা মনে করিয়া থাক যে, তাহাতেই তোমাদের অনন্ত জীবন রহিয়াছে; আর তাহাই আমার বিষয়ে সাক্ষ্য দেয়।" যোহন ৫:৩৯। ঐ সময়ে বাইবেল বলতে শুধু মাত্র পুরাতন নিয়মের বই সমূহকেই বুঝাত। PPBeng 258.3

আচার-অনুষ্ঠান সম্পর্কিত ব্যবস্থা খ্রীষ্ট দিয়েছিলেন। এমন কি যখন আর এগুলি পালন করিবার প্রয়োজন ছিল না তখনও সাধু পৌল বলেছিলেন যে PPBeng 258.4

ব্যবস্থাসমূহ গৌরবময়, যিনি এগুলি দিয়েছিলেন, সে স্বর্গীয় স্রষ্টারই উপযুক্ত। যিহূদীদের প্রার্থনার সহিত ঘূর্ণয়মান সুগন্ধি ধুঁয়া খ্রীষ্টের ধার্মিকতারই প্রতীক যার মাধ্যমে পাপীর প্রার্থনা ঈশ্বরের নিকট গ্রহণীয় হয়ে উঠে। আর যজ্ঞবেদির উপরে রক্তাক্ত বলিদান মুক্তিদাতার আগমনের সাক্ষী। এই ভাবে পৌত্তলিকতা অন্ধকারের মধ্যে প্রতিজ্ঞাত খ্রীষ্টের আগমন পর্য্যন্ত লোকের হৃদয়ে বিশ্বাসকে জাগরিত রাখা হয়েছিল। PPBeng 258.5

মানবরূপে পৃথিবীতে আগমনের পূর্ব পর্য্যন্ত খ্রীষ্ট ছিলেন পৃথিবীর আলো। অন্ধকার-ভেদ-কারী প্রথম আলোক রশ্মি শিখা খ্রীষ্টের নিকট হতে আসত । পৃথিবীর মানুষের উপর যে কোন স্বগীয় আলো পড়ে তা তাঁর (খ্রীষ্টের) নিকট হতে আসে। PPBeng 258.6

মুক্তিদাতা তাঁর রক্ত নিপাত করে “আমাদের জন্য ঈশ্বরের সম্মুখে প্রকাশমান হওয়ার” (ইব্রীয় ৯:২৪) জন্য স্বর্গে যাবার পর হতে কালভেরী ও স্বর্গীয় ধর্মধাম হতে অনবরত আলোক বিচ্ছুরিত হচ্ছে। খ্রীষ্টের সুখবর আচার- অনুষ্ঠান সম্পর্কিত ব্যবস্থাকে গুরুত্ব প্রদান করে থাকে। যখন সত্য প্রকাশিত হয় তখন ঈশ্বরের চরিত্র ও তাঁর উদ্দেশ্য প্রকাশ হয়। আলোর প্রত্যেকটি অতিরিক্ত রশ্মিই পরিত্রাণ পরিকল্পনাকে আরো স্বচ্চতর করে তুলে। তাঁর দ্বারা অনুপ্রাণিত বাক্যে আমরা নূতন নূতন সৌন্দর্য্য আবিষ্কার করে থাকি এবং এর পৃষ্ঠাসমূহ আরো অধিক মনোযোগ সহকারে অধ্যয়ন করি । PPBeng 259.1

ঈশ্বর এরকম কোন পরিকল্পনা করেন নি যে ইস্রায়েল তাদের ও অন্যান্য লোকের মধ্যে এক বিভক্তকারী দেয়াল তৈরী করবে। তাঁর প্রেম ও অনুগ্রহের ভাগী হওয়ার জন্য অসীম প্রেমকারী পৃথিবীর সকল মানুষের প্রতি হাত বাড়িয়ে দিচ্ছিলেন। মনোনীত লোকদের তিনি তাঁর অনুগ্রহ প্রদান করেছিলেন যেন তারা অন্যান্য জাতিকে আশীর্বাদ করতে পারে। PPBeng 259.2

অব্রাহাম নিজকে তার চতুর্দিকের লোকদের নিকট হতে পৃথক করেন নি। তিনি চতুস্পার্শ্বের জাতিসমূহের রাজাদের সহিত বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রেখেছিলেন এবং স্বর্গীয় ঈশ্বর তাঁর প্রতিনিধির মাধ্যমে প্রকাশিত হয়েছিলেন। মিসরের লোকদের নিকট ঈশ্বর নিজকে যোষেফের মাধ্যমে প্রকাশ করেছিলেন। কেন ঈশ্বর যোষেফকে মিস্ত্রীয়দের মধ্যে এত উচ্চ সম্মানে উন্নীত করেছিলেন? তিনি তাকে রাজ-সিংহাসনে বসাতে ইচ্ছে করেছিলেন যেন স্বর্গীয় আলো দূর দূরান্তে ছড়িয়ে পড়তে পারে। যোষেফ খ্রীষ্টের একজন প্রতিনিধি ছিলেন। তাদের স্রষ্টার ও মুক্তিদাতার প্রেম অনুভব করতে পারবে। মোশির মাধ্যমেও ঈশ্বর পৃথিবীর শ্রেষ্ঠতম রাজকীয় সিংহাসনের পাশে একটি আলো স্থাপন করেছিলেন যেন সকলে চির সত্য ও অনন্তজীবি ঈশ্বর সম্বন্ধে জানতে পারে । মিসর হতে ইস্রায়েলদের মুক্তির মাধ্যমে ঈশ্বরের ক্ষমতা দূর দূরান্তে ছড়িয়ে পড়েছিল। ইস্রায়েলদের কয়েক শতাব্দি পরও পলেষ্টীয় যাজকগণ তাদের লোকদের স্বরণ করাতেন যে ইস্রায়েলের ঈশ্বরের অবাধ্য হলে মিসরের সবতটি আঘাত তাদের উপরও আসতে পারে । PPBeng 259.3

ঈশ্বর কেন ইস্রায়েলদের সাথে কাজ করলেন

PPBeng 260

ঈশ্বর ইস্রায়েলকে এজন্য ডেকেছিলেন যেন তিনি তাদের মাধ্যমে পৃথিবীর সকল লোকদের নিকট নিজকে প্রকাশ করতে পারেন। এই লক্ষ্যে তিনি তাদের আদেশ

করেছিলেন যে তারা যেন তাদের চতুষ্পার্শ্বের পৌত্তলিক জাতি হতে স্বতন্ত্র রাখে। PPBeng 260.1

যেরূপ তখন ছিল তদ্রূপ এখনও ঈশ্বরের লোকদের থাকা উচিত, "সংসার হইতে নিজকে নিষ্কলঙ্করূপে রক্ষা করা।" কিন্তু ঈশ্বরও চাননি যে তাঁর লোকেরা পৃথিবী হতে দূরে নির্জনে বাস করবে যেন তারা পৃথিবীকে কোন ভাবে প্রভাবিত না করে। তাদের বিশ্বাসহীন মন্দ হৃদয়ই অন্যান্য লোকদের আলোকিত না করে তাদের আলো গোপন করতো ও নিজদের গর্বভরে আলাদা করতে তাদের এইভাবে পরিচালিত করেছে যাতে মনে হয়েছে যে ঈশ্বরের প্রেম ও ভালবাসা যেন শুধুমাত্র তাদেরই জন্য। PPBeng 260.2

প্রথমে এদন বাগানে মানুষের সাথে অনুগ্রহের চুক্তি সম্পাদিত হয়। মানুষের পতনের পর ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে নারীর গর্ভের সন্তানই সর্পের মস্তক চূর্ণ করবে। সকল মানুষকেই খ্রীষ্টের উপর বিশ্বাসের মাধ্যমে ভবিষ্যতে পাপ ক্ষমার প্রতিজ্ঞা এই চুক্তিতে ছিল। আর ঈশ্বরের ব্যবস্থার প্রতি বাধ্যতার সত্ত্বে ইহা তাদের অনন্ত জীবনের প্রতিজ্ঞা দান করে। এই ভাবে অতীতে আমাদের প্রাচীনেরা মুক্তির প্রত্যাশা লাভ করেছিলেন। PPBeng 260.3

যখন অব্রাহামকে বলা হয় যে, "আর তোমার বংশে পৃথিবীর সকল জাতি আশীর্বাদ প্রাপ্ত হইবে"। (আদিপুস্তক ২২:১৮) তখন এই একই চুক্তি নবায়ন করা হয়। পাপ ক্ষমার জন্য অব্রাহাম খ্রীষ্টের উপর বিশ্বাস করতেন। এই বিশ্বাসকেই তার জন্য ধার্মিকতা বলে গন্য করা হয়েছিল। অব্রাহামের সহিত চুক্তির ভিতর ঈশ্বরের ব্যবস্থার কর্তৃত্ব কার্য্যকর ছিল। ঈশ্বর সাক্ষ্য দিয়েছেন, "অব্রাহাম আমার বাক্য মানিয়া আমার আদেশ, আমার আজ্ঞা, আমার বিধি ও আমার ব্যবস্থা সকল পালন করিয়াছে।" আদিপুস্তক ২৬:৫। যদিও আদমের এই চুক্তি করা হয়েছিল, এবং অব্রাহামের প্রতি এটি নবায়ন করা হয়েছিল তবুও এই চক্তি খ্রীষ্টের মৃত্যুর আগে কার্য্যকর করা সম্ভব ছিল না। ঈশ্বরের প্রতিজ্ঞার PPBeng 260.4

মাধ্যমে এটি স্থাপিত হয়; বিশ্বাসের মাধ্যমে এটি গৃহীত হয়; তথাপি যখন খ্রীষ্ট এটিকে অনুমোদন করেন তখন এর নাম হল নূতন চুক্তি বা নূতন নিয়ম। এই চুক্তির ভিত্তি হল ঈশ্বরের ব্যবস্থা মানার জন্য সহায়তা দানের মাধ্যমে ঈশ্বরের ইচ্ছার সহিত ঐক্যে ফিরিয়ে আনার একটি বন্দোবস্ত মাত্র। PPBeng 261.1

আর একটি চুক্তি যাকে পুস্তকে "পুরাতন" চুক্তি বলা হয়েছে সীন পর্বতে ঈশ্বর ও ইস্রায়েলদের মধ্যে সম্পাদিত হয়েছিল যা একটি বলির রক্ত দ্বারা অনুমোদিত হয়েছিল। অব্রাহামের সহিত চুক্তি যা খ্রীষ্টের রক্ত দ্বারা অনুমোদিত হয়, তা হল "দ্বিতীয়", বা "নূতন" চুক্তি, কেননা যে রক্ত দ্বারা এটিকে মোহরাঙ্কিত করা হয় সেই রক্ত প্রথম রক্তের পরে ঝরাণো হয়েছিল। PPBeng 261.2

কিন্তু যদি অব্রাহামের সহিত চুক্তিতে পরিত্রাণের প্রতিজ্ঞা থেকে থাকে। তবে সীনয় পর্বতে আর একটি চুক্তি কেন সম্পাদিত হল? দাসত্বের সময় লোকেরা অব্রাহামের সহিত

চুক্তির নীতিমালার জ্ঞান অনেকাংশেই হারিয়ে ফেলেছিল। মিসর হতে তাদের মুক্তিদানের মাধ্যমে ঈশ্বর তাঁর ক্ষমতা ও অনুগ্রহ প্রকাশ করতে চাইলেন যেন তারা তাঁকে প্রেম করে ও বিশ্বাস করে। পৃথিবীর দাসত্ব থেকে তাদের রক্ষাকারীরূপে তিনি তাদের তাঁর সহিত আবদ্ধ করলেন। PPBeng 261.3

ঈশ্বরের পবিত্রতা সম্পর্কে, তাদের হৃদয়ের গভীর পাপ সমূহ সম্বন্ধে, নিজে থেকে ঈশ্বরের ব্যবস্থা রক্ষা করায় তাদের সম্পূর্ণ অক্ষমতা সম্বন্ধে এবং একজন মুক্তিদাতার প্রয়োজন সম্পর্কে তাদের কোন প্রকৃত ধারণা ছিল না। PPBeng 261.4

ঈশ্বর ব্যবস্থা দিয়েছিলেন এর প্রতি বাধ্যতায় মহা আশীর্বাদের প্রতিজ্ঞা সহকারে; "এখন যদি তোমরা আমার রবে অবধান কর ও আমার নিয়ম পালন কর....আমার নিমিত্তে তোমরাই যাজকদের এক রাজ্য ও পবিত্র এক জাতি হইবে।" যাত্রাপুস্তক ১৯:৫, ৬। লোকেরা তাদের হৃদয়ের পাপ ও খ্রীষ্টের সহায়তা ছাড়া তাদের জন্য ব্যবস্থা পালন করা সম্ভব নয় তা হৃদয়ঙ্গম করতে অক্ষম ছিল। নিজেরাই ধার্মিকতায় পরিণত হতে পারবে মনে করে তারা ঘোষণা করল, "সদাপ্রভু যাহা কহিলেন, আমরা সমস্তই পালন করিব ও আজ্ঞাবহ হইব।" যাত্রাপুস্তক ২৪:৭। তারা সহজেই ঈশ্বরের সহিত চুক্তিবদ্ধ হল। তথাপি PPBeng 261.5

মাত্র কয়েক সপ্তাহের মধ্যেই তারা চুক্তি ভঙ্গ করল ও একটি নির্মিত মূর্ত্তির পূজা করল। এখন, তারা তাদের পাপ প্রবণতা অনুধাবন করল এবং অব্রাহামের সহিত চুক্তির মধ্যে বলির পদ্ধতিতে প্রকাশিত মুক্তিদাতার প্রয়োজন অনুভব করল। এখন তারা নূতন চুক্তির মধ্যে নিহীত আশীর্বাদের প্রতি কৃতজ্ঞ হল। PPBeng 262.1

নূতন নিয়ম ও বিশ্বাসের মাধ্যমে নির্দোষীতা/মুক্তি

PPBeng 262

পুরাতন চুক্তির শর্ত ছিল, বাধ্য হও ও জীবন লাভ কর: "যাহা পালন করিলে তদ্বারা মনুষ্য বাচে।" যিহিস্কেল ২০:১১। কিন্তু "যে কেহ এই ব্যবস্থার কথা সকল পালন করিবার জন্য সেই সকল অটল না রাখে, সে শাপগ্রস্ত।" দ্বিতীয় বিবরণ ২৭:২৬। নূতন চুক্তি আরো উত্তম প্রতিজ্ঞার উপর স্থাপিত হয়েছিল, ঈশ্বরের ক্ষমা করার প্রতিজ্ঞা এবং ঈশ্বরের ব্যবস্থার সহিত ঐক্যতানে আনার জন্য হৃদয়কে নূতন করার জন্য ঈশ্বরের অনুগ্রহ। "কিন্তু সেই সকল দিনের পর আমি ইস্রায়েল-কুলের সহিত এই চুক্তি স্থির করিব, ইহা সদাপ্রভু কহেন, আমি তাহাদের অন্তরে আমার ব্যবস্থা দিব, ও তাহাদের হৃদয়ে তাহা লিখিব;...আমি তাহাদের অপরাধ ক্ষমা করিব, এবং তাহাদের পাপ আর স্মরণে আনিব না। যিরমিয় ৩১:৩৩, ৩৪। PPBeng 262.2

যে আজ্ঞা প্রস্তর ফলকে লেখা হয়েছিল সেই একই আজ্ঞা পবিত্র আত্মা হৃদয়ের উপর লিখেন। আমরা খ্রীষ্টের ধার্মিকতা গ্রহণ করি। তাঁর রক্ত আমাদের পাপের প্রায়শ্চিত্ত প্রদান

করে। তাঁর বাধ্যতা আমাদের বাধ্যতা-স্বরূপ গন্য হয়। তার পর খ্রীষ্টের অনুগ্রহে আমরা তাঁর পদাঙ্ক অনুসরণ করব। ভাববাদীর মাধ্যমে তিনি তাঁর নিজের সম্পর্কে এই ঘোষণা দেন, “হে আমার ঈশ্বর, তোমার অভীষ্ট সাধনে আমি প্রীত, আর তোমার ব্যবস্থা আমার অন্তরে আছে। গীতসংহিতা ৪০:৮। PPBeng 262.3

নূতন চুক্তির আওতায় বিশ্বাস ও ব্যবস্থার মধ্যে সম্পর্কটি পৌল পরিস্কার ভাবে ব্যাখ্যা করেনঃ “অতএব বিশ্বাস হেতু ধার্মিক গণিত হওয়াতে আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা আমবা ঈশ্বরের উদ্দেশে সন্ধি লাভ করিয়াছি।’ PPBeng 263.1

“তবে আমরা কি বিশ্বাস দ্বারা ব্যবস্থা নিষ্ফল করিতেছি? তাহা দূরে থাকুক; বরং ব্যবস্থা সংস্থাপন করিতেছি।” “কারণ ব্যবস্থা মাংস দ্বারা দুর্বল হওয়াতে যাহা করিতে পারে নাই” ইহা ব্যবস্থা পালন করিতে পারে নাই “ঈশ্বর তাহা করিয়াছেন, নিজ পুত্রকে পাপময় মাংসের সাদৃশ্যে এবং পাপার্থক বলিরূপে পাঠাইয়া দিয়া মাংসে পাপের দন্ডাজ্ঞা করিয়াছেন, যেন আমরা যাহারা মাংসের বশে নয়, কিন্তু আত্মার বশে চলিতেছি, ব্যবস্থার ধর্মবিধি সেই আমাদিগতে সিদ্ধ হয়।” রোমীয় ৫:১; ৩:৩১; ৮:৩, ৪। PPBeng 263.2

প্রথম সুখবরের প্রতিজ্ঞার মাধ্যমে আরম্ভ হয় ঈশ্বর ও যিহূদীদের মাধ্যমে বর্তমান কাল পর্য্যন্ত আগত পরিত্রাণের পরিকল্পনাতে ঈশ্বরের যে উদ্দেশসমূহ তা ধীরে ধীরে উন্মোচিত হয়েছে। মেঘ দূর হয়েছে, কুয়াশা কেটে গেছে, এবং পৃথিবীর মুক্তিদাতা যীশু প্রকাশিত হয়েছেন। যিনি সীনয় পর্বতে উচ্চারণ করেছিলেন । ব্যবস্থা দান করেছিলেন তিনিই পর্বতে দত্ত উপদেশ সমূহ মোশির মাধ্যমে ঈশ্বর যা প্রদান করেছিলেন তারই পুনরুক্তি ছিল প্রেমের এই মহান নীতি সমূহ । উভয় শিক্ষাদানের শিক্ষক একই। PPBeng 263.3

অধ্যায় ৩৩—ঈশ্বরের লোকদের ভয়ঙ্কর প্রতিবাদ

PPBeng 264

ইস্রায়েলের সরকার খুব সুসংহতিপূর্ণ একটি সংগঠন ছিল, পূর্ণতায় ও সরলতায় এটি ছিল বিস্ময়কর। ঈশ্বর ছিলেন এই সরকারের কেন্দ্রিক নেতা, ইস্রায়েলদের রাজাধিরাজ। নেতা হিসাবে মোশি তাঁর (ঈশ্বরের) নামেই ব্যবস্থার বিধান দিতেন। জাতির সাধারণ দৈনন্দিন কার্য্যে সহায়তার জন্য পরবর্তী কালে ৭০ জনের একটি পরিষদ গঠিত হয়। এর পর হলেন পুরোহিতরা, যারা ধর্মধামে সদাপ্রভুর নিকট পরামর্শ চাইতেন। দলপতিরা অথবা রাজকুমাররা নিজ নিজ গোত্রের প্রশাসন চালনা করতেন। এদের অধীনে ছিলেন "সহস্রপতি, শতপতি, পঞ্চাশপতি, দশপতি ও কর্মচারী।" দ্বিতীয় বিবরণ ১:১৫। PPBeng 264.1

যিহূদী শিবির তিনটি বৃহৎ অংশে বিভক্ত ছিল। কেন্দ স্থলে ছিল সমাগম-তাম্বু অদৃশ্য রাজার আবাস স্থল। এর চতুর্দিকে ছিলেন যাজকগণ ও লেবীয়রা। এর পর অন্যান্য গোত্র তাম্বু স্থাপন করতেন । PPBeng 264.2

প্রত্যেক গোত্রের অবস্থান নির্দ্দিষ্ট করা ছিল। যে ভাবে সদাপ্রভু আদেশ করেছিলেন, প্রত্যেক গোত্র নিজ নিজ পতাকার নিকট তাঁবু স্থাপন করতেন। গণনা ২৪২, ১৭। যে সকল মিশ্রিত জনতা যারা মিসর হতে ইস্রায়েলের সহিত বেরিয়ে এসেছিল তারা তাঁবুর বাইরে অবস্থান করত, এবং দ্বিতীয় বংশধর পর্য্যন্ত যিহূদী সমাজের অন্তর্ভূক্ত হতে পারত না। দ্বিতীয় বিবরণ ২৩:৭,৮। এত অগণিত জনতার মধ্যে স্বাস্থ্য সুরক্ষার জন্য কঠিন শৃঙ্খলা ও শৌচ বিষয়ে বিশেষ কঠোর নিয়মানুবর্তিতা রক্ষা করা হত। এটা আরো প্রয়োজন ছিল যে পরিপূর্ণ শৃঙ্খলা ও পবিত্রতা রক্ষা করা হয়। ঈশ্বর ঘোষণা করলেন; "কেননা তোমাকে রক্ষা করিতে ও তোমার শত্রুদিগকে তোমার সম্মুখে সমর্পণ করিতে তোমার ঈশ্বর সদাপ্রভু তোমার শিবিরের মধ্যে গমনাগমন করেন; অতএব তোমার শিবির পবিত্র হইক।" দ্বিতীয় বিবরণ ২৩:১৪ । PPBeng 264.3

ইস্রায়েলের যাত্রাকালে, "সদাপ্রভুর ব্যবস্থা সিন্দুক তাহাদের জন্য বিশ্রাম স্থান অন্বেষনের জন্য...তাহাদের অগ্রগামী হইল।" রূপার তুরী বহনকারী পুরোহিতগণ এর নিকটে অবস্থান করতেন। এই সকল পুরোহিতরা মোশির নিকট হতে নির্দ্দেশ লাভ করতেন যা শৃঙ্গ বাঁজিয়ে তারা লোকদের জানিয়ে দিতেন। আর তুরীর বাজনা দ্বারা যে যে নির্দেশ দেয়া হত তা লোকদের জানানোর দায়িত্ব ছিল শিবিরের নেতাদের উপর। PPBeng 264.4

ঈশ্বর শৃঙ্খলা বিধানকারী। স্বর্গের সহিত সম্পর্কিত সকল কিছুই শৃঙ্খলাপূর্ণ। স্বর্গীয় দূতদের মধ্যে পরিপূর্ণ শৃঙ্খলা বিরাজমান। ইস্রায়েলদের সময়ের ন্যায় বর্তমানকালেও শৃঙ্খলা ও ঐক্যবদ্ধতা কৃতকার্য্যতার বাহক। PPBeng 265.1

ঈশ্বর নিজে ইস্রায়েলদের যাত্রার পরিচালক ছিলেন। মেঘস্তম্ভ নীচে নেমে এসে তাদের শিবির স্থাপনের স্থান নির্দ্দেশ করত; আর যতক্ষণ তাদের শিবিরে অবস্থান করার কথা ততক্ষণই মেঘস্তম্ভ সমাগম তাঁবুর উপর অবস্থান করত। আর তাদের যাত্রা শুরু করার সময় ইহা পবিত্র তাঁবুর অনেক উপরে উঠে যেত । PPBeng 265.2

কনানের সীমায় অবস্থিত কাদেশ ও সীনয়ের মধ্যে মাত্র এগার দিনের যাত্রা বাকী ছিল। মেঘস্তম্ভ নির্দ্দেশ দেয়ার পর ঐ স্থানে প্রবেশের প্রত্যাশায় ইস্রায়েলবাহিনী তাদের যাত্রা শুরু করলেন। সর্বশক্তিমানের মনোনীত লোকরূপে স্বীকৃত হওয়ার পর কোন আশীর্বাদের প্রত্যাশা তারা করতে না পারতেন? PPBeng 265.3

অনেকেই অনিচ্ছা সহকারে তাদের শিবির স্থান পরিত্যাগ করে যাত্রা শুরু করলেন। এই স্থানটি ঈশ্বর ও পবিত্র দূতদের উপস্থিতির সহিত এত জড়িত যে. স্থানটি অতি পবিত্র মনে হচ্ছিল ও ইহা নিশ্চিন্ত ও আনন্দ সহকারে পরিত্যাগ করা সম্ভব ছিল না। কিন্তু তুরীধ্বনির সাথে সাথেই কোন্ পথে যেতে হবে তা দেখার জন্য প্রত্যেকের চক্ষু মেঘস্তম্ভের উপর পড়ল। যখন ইহা পূর্ব দিকে যাত্রা করল, যে দিকে কালো ও নির্জন পর্বত শ্রেণী বিরাজমান ছিল, তখন অনেকের হৃদয়ে হতাশা ও সন্দেহ উদয় হল । PPBeng 265.4

তারা যতই অগ্রসর হতে থাকলেন, রাস্তা ততই কঠিন হতে লাগল। তাদের পথ ছিল প্রস্তরময়, গিরিখাত ও বৃক্ষহীন মরুপথ, “মরুভূমি ও গর্তময় ভূমি,” “জলবিহীনতার ও মৃত্যুচ্ছায়ার ভূমি”, “পথিকবিহীন ও নিবাসী বর্জ্জিত ভূমি”। যিরমিয় ২৪৬। তাদের অগ্রগতি ছিল ধীর ও কষ্ট সাধ্য, এবং জনতা পথের বিপদ ও কষ্ট সহ্য করতে প্রস্তুত ছিল না । PPBeng 265.5

লোকেরা মাংস ভক্ষনের দাবী জানায়

PPBeng 265

তিন দিন যাত্রার পর খোলাখুলী অভিযোগ উপস্থিত হতে লাগল। এটি মিশ্রিত জনতা হতে আরম্ভ হয়েছিল, যাদের অনেকেই মোশির পরিচালনা পদ্ধতিতে নানা প্রকার ভ্রান্তি খুঁজে পেত। অসন্তুষ্টি সংক্রামক এবং শীঘ্রই ইহা সারা শিবিরে ছড়িয়ে পড়ল। PPBeng 265.6

আবারও তারা মাংস আহারের জন্য দাবী তুল্ল। মিস্ত্রীয়দের অনেকেই বিলাসপূর্ণ খাবারে অভ্যস্ত ছিল এবং তারাই প্রথম দাবী তুলল। ঈশ্বর যত সহজে মান্না দিয়েছিলেন ততোধিক সহজেই মাংস দিতে পারতেন, কিন্তু তাঁর লক্ষ্য ছিল তাদের জন্য অধিক উপযুক্ত আহারের বন্দোবস্ত করা। এদন বাগানে যে ফল-ফলাদি ঈশ্বর আদম ও হবাকে দিয়েছিলেন সেই ধরণের খাদ্য তাদের বিপদগামী জিহ্বাকে একটি স্বাস্থ্যকর আহার গ্রহণে অভ্যস্ত করা প্রয়োজনীয় ছিল। এই জন্যই ইস্রায়েলদের মাংস আহার করা হতে অধিকাংশ সময় বিরত করা হয়েছিল । PPBeng 266.1

এই অবস্থাকে অন্যায় ও নিষ্ঠুর ভাবার জন্য শয়তান তাদের প্ররোচিত করল। সে দেখতে পেল যে বাধাহীন অসংযম ইন্দ্রীয়পরায়ণতা সৃষ্টি করবে আর এতে করে সে সহজেই লোকদের তার নিয়ন্ত্রণে নিয়ে আসবে। হবাকে নিষিদ্ধ ফল খাওয়ানোর মুহূর্তে অধিকাংশ সময় সে লোকদের ক্ষুধা-তৃষ্ণা ও কামনা বাসনার মাধ্যমে পাপে লিপ্ত হতে পরিচালিত করেছে। খাদ্য ও পানীয় বিষয়ে অমিতাচার অন্যান্য নৈতিক বাধা ধ্বংস করার প্রধান উপায় । PPBeng 266.2

ইস্রায়েলদের একটি পবিত্র ও সুখী জাতিরূপে প্রতিষ্ঠা করার উদ্দেশেই ঈশ্বর তাদের মিসর হতে বের করে কনান দেশে নিয়ে এসেছিলেন। যদি তারা অমিতাচার ও অসংযম পরিত্যাগ করতে রাজী হতেন তবে স্বাস্থ্যহীনতা ও রোগ তাদের নিকট অপরিচিত থাকত। তাদের বংশধরেরা দৈহিক ও কর্তব্য সম্বন্ধে পরিষ্কার ধারণা রাখত ও পার্থক্য নিরূপণ ও ন্যায় বিচারের দক্ষতা অর্জন করত। PPBeng 266.3

গীতসংহিতায় বলা হয়েছে, "তাহারা মনে মনে ঈশ্বরের পরীক্ষা করিল, আপনাদের অভিলাষ পূরণার্থে ভক্ষ্য চাহিল। আর তাহারা ঈশ্বরের বিরুদ্ধে কথা কহিল, বলিল, ঈশ্বর কি প্রান্তরে মেজ সাজাইয়া দিতে পারেন?...আপন প্রজাদের জন্য কি মাংস যোগাইবেন? অতএব সদাপ্রভু তাহা শুনিয়া ক্রোধান্বিত হইলেন।" গীতসংহিতা ৭৮:১৮-২১। তারা ছিলেন ঈশ্বরের সাক্ষী, শক্তি ও অনুগ্রহের সাক্ষী; সুতরাং তাদের অবিশ্বাস ও অসন্তুষ্টি অধিকতর পাপের কারণ হল। তারা চুক্তিবদ্ধ হয়েছিলেন যে তাঁর কর্তৃত্ব মেনে চলবেন। তাই তাদের অভিযোগ বিদ্রোহরূপে গন্য হল, এবং ইস্রায়েলকে বিশৃঙ্খলা ও ধ্বংস হতে রক্ষার জন্য এর দ্রুত শাস্তি বিধান প্রয়োজন হল। "তাহাতে তাহাদের মধ্যে সদাপ্রভুর অগ্নি জ্বলিয়া উঠিয়া শিবিরের প্রান্তভাগ বিনষ্ট করিতে লাগিল।" অভিযোগকারীদের মধ্যের অধিক দোষীরা মেঘস্তম্ভ হতে নির্গত বস্ত্রপাত দ্বারা নিহত হল । PPBeng 266.4

তাদের দাবী বিদ্রোহে পরিণত হয়

PPBeng 267

ভীত লোকেরা ঈশ্বরের নিকট মিনতির জন্য মোশিকে নিয়ে আসল । তিনি অনুরোধ করলেন ও অগ্নি নির্বাপিত হল। রক্ষাপ্রাপ্তদের বিনম্র ও অনুশোচনাকারীতে রূপান্তরিত করার পরিবর্তে এই ভয়ঙ্কর শাস্তি যেন তাদের অধিকতর অভিযোগে পরিণত করল। চতুর্দিকের তাঁবু সমূহের দ্বার প্রান্তে শোকার্ত ও ক্রন্দনরত লোকদের দেখা গেল। "আর তাহাদের মধ্যবর্তী মিশ্রিত লোকেরা লোভী হইয়া উঠিল; আর ইস্রায়েলগণও পুনর্বার রোদন করিয়া বলিল, "কে আমাদিগকে ভক্ষণার্থে মাংস দিবে? আমরা মিসর দেশে বিনামূল্যে যে যে মাছ খাইতাম, তাহা এবং সশা, খরবুজ, পরু, পলাণ্ডু ও লশুন মনে পড়িতেছে। এখন আমাদের প্রাণ শুষ্ক হইল; কিছুই নাই; আমাদের সম্মুখে এই মান্না ব্যতীত কিছু নাই।" — এরূপ কষ্টের মধ্যে থাকা সত্ত্বেও তাদের গোত্রগুলিতে কেউই দুর্বল ছিল না। PPBeng 267.1

মোশির হৃদয় হতাশায় পূর্ণ হল। তাদের প্রতি গভীর প্রেমের জন্য তিনি চেয়েছিলেন যে তাদের ধ্বংসপ্রাপ্ত হওয়ার চেয়ে তার নামই যেন জীবন পুস্তক হতে মুছে ফেলা হয়। এমনই হল তাদের প্রতি উত্তর। তাদের সমস্ত কঠিন অবস্থা, এমনকি তাদের কল্পিত কষ্টভোগও তারা মোশির উপর চাঁপিয়ে দিল । এই দুঃখের মুহূর্তে তারা ঈশ্বরকে অবিশ্বাস করার মত অবস্থা হয়েছিল। তার প্রার্থনা প্রায় একটি অভিযোগ ছিল: "তুমি কি নিমিত্ত আপন দাসকে এত ক্লেশ দিয়াছ? তুমি এই সকল লোকের ভার (কেন) আমার উপরে দিতেছ?...ইহারা ত আমার কাছে রোদন করিয়া বলিতেছে, আমাদিগকে মাংস দেও, আমরা খাইব। এত লোকের ভার সহ্য করা একাকী আমার অসাধ্য; কেননা তাহা আমার শক্তির অতিরিক্ত। PPBeng 267.2

সদাপ্রভু তার প্রার্থনা শুনলেন এবং তাকে নির্দ্দেশ দিলেন যেন তিনি পরিপক্ক, বুদ্ধিমান ও অভিজ্ঞ সত্তর জনকে একত্রিত করেন যারা তার সহিত দায়িত্ব বহন করবে। বিদ্রোহ দমনে তাদের প্রভাব সহায়ক হবে, কিন্তু তাদের পদোন্নতির জন্যও পরিশেষে কঠিন বিপদ সৃষ্টি হবে। ঈশ্বরের শক্তি ও তাঁর মাহাত্বের যে প্রমাণ তিনি পেয়েছিলেন তার অনুপাতে যদি মোশি বিশ্বাস প্রদর্শন করতেন তবে ঐ সত্তর জনকে মনোনয়ন করা হত না। যদি তিনি পূর্ণরূপে ঈশ্বরের উপর নির্ভর করতেন, তবে সদাপ্রভু তাকে অনবরত পরিচালনা দিতেন এবং প্রত্যেক বিপদ মোকাবেলার শক্তি ও দক্ষতা দান করতেন। মোশি সত্তর জন প্রাচীনকে মনোনয়ন ঘোষণা করলেন। এই মনোনীত লোকদের উপর দায়িত্ব অর্পণের মুহূর্তে মহান নেতার ভাষা বর্তমানকালের বিচারক ও আইন প্রণয়নকারীদের ন্যায় বিচারের একটি দৃষ্টান্ত হতে পারে; "তোমরা তোমাদের ভ্রাতাদের কথা শুনিয়া বাদীর ও তাহার ও ভ্রাতার কি সহবাসী বিদেশীর মধ্যে ন্যায় বিচার করিও। তোমরা বিচারে কাহারও মুখাপেক্ষা করিবে না। সমভাবে ক্ষুদ্র ও মহান্ উভয়ের কথা শুনিবে; মনুষ্যের মুখ দেখিয়া ভয় করিবে না, কেননা বিচার ঈশ্বরের" দ্বিতীয় বিবরণ ১:১৬, ১৭। PPBeng 267.3

"আর সদাপ্রভু মেঘে নামিয়া তাঁহার উপরে ছিলেন, তাঁহার কিয়দাংশ লইয়া সেই সত্তর জন প্রাচীনের উপরে আশ্রয় করাইলেন; তাহাতে আত্মা তাঁহাদের উপরে আশ্রয় করিলে তাহারা ভাবোক্তি প্রচার করিলেন, কিন্তু তাহার পরে আর করিলেন না।" পঞ্চাশপ্তমীর দিন ঠিক শিষ্যরা যে ভাবে "ঊর্ধ্ব হইতে ক্ষমতা" পেয়েছিলেন, তারাও ঠিক সে ভাবের ক্ষমতা পেলেন। সমস্ত লোকের সাক্ষাতে এই প্রাচীনদের সম্মানিত করার জন্য সদাপ্রভু ইচ্ছা করেছিলেন, যেন তাদের উপর লোকদের আস্থা স্থাপিত হয় । PPBeng 268.1

সমুদ্র হতে এক প্রচন্ড বায়ু-প্রবাহ অনেক ভারুই পাখী নিয়ে এল "শিবিরের চারিদিকে এ পার্শ্বে একদিনের পথ, ওপার্শ্বে একদিনের পথ পর্য্যন্ত ফেলিল, সেগুলি ভূমির উপরে দুই হাত ঊর্ধ্ব হইয়া রহিল।" PPBeng 268.2

যে খাদ্য অলৌকিক ভাবে প্রদান করা হল লোকেরা তা সমস্ত দিন, সমস্ত রাত্রি ও তার পরের দিন পর্যন্ত সংগ্রহ করল। প্রচুর পরিমাণ খাদ্য সংগৃহিত হল। যা কিছু বর্তমানের

প্রয়োজনের অতিরিক্ত ছিল তা শুকিয়ে ভবিষ্যতের জন্য রক্ষিত হল, যেন যেরূপ প্রতিজ্ঞা করা হয়েছিল এই খাদ্য এক মাসের জন্য পর্যাপ্ত ছিল। যেহেতু তারা এর জন্য অনবরত আকাঙ্খা করেছিল, সদাপ্রভু লোকদের তাই দিলেন যা তাদের জন্য সর্বোত্তম ছিল না। তাই তাদের এর পরিমাণ ভোগের জন্য ছেড়ে দেয়া হল। তারা অসংযত ভাবে ভোজে মত্ত থাকল এবং তাদের আতিশয্যের শাস্তি তাদের উপর দ্রুত নেমে এল। "সদাপ্রভু লোকদিগকে ভারী মহামারী দ্বারা আঘাত করিলেন।" যে খাদ্যের জন্য তারা অতিরিক্ত আকাঙ্খা করেছিল তার জন্য যারা অধিক দোষী ছিল তাদের তাৎক্ষণিক ভাবে আঘাত করা হল। PPBeng 268.3

ভাবেরার পরবর্তী অবস্থান হৎসেরোতে মোশির জন্য আরো তিক্ত হতাশা অপেক্ষা করছিল। হারোণ ও মরিয়ম ইস্রায়েলদের নেতাদের মধ্যে অত্যন্ত সম্মানিত ব্যক্তিত্ব ছিলেন। যিহুদীদের মুক্তিদানকালে তারা উভয়েই মোশির সহিত জড়িত ছিলেন। গান ও বাদ্যে অত্যন্ত দক্ষতা সম্পন্ন হওয়ায় মরিয়ম লোহিত সাগরের তীরে ইস্রায়েলদের স্ত্রীলোকদের লোহিত সাগরের পারের নৃত্য-গীতে নেতৃত্ব দিয়েছিলেন। লোকদের ভালবাসা লাভে ও স্বর্গ থেকে সম্মান প্রাপ্তিতে তিনি মোশি ও হারোণের পরবর্তী স্থানে অবস্থান করছিলেন। PPBeng 268.4

কিন্তু সত্তরজন প্রাচীন মনোনয়ন করার সময় হারোণ ও মরিয়মের সাথে কোনরূপ পরামর্শ করা হয় নি। ফলে মোশির বিরুদ্ধে তাদের ঈর্ষা জাগরিত হয়ে উঠে। তারা মনে করলেন যে তাদের সম্মান ও অধিকারকে অবহেলা করা হয়েছে। তারা ভাবলেন যে মোশির সহিত তারা সমভাবে নেতৃত্বের ভার বহন করছেন এবং আরো ভাবলেন যে অতিরিক্ত সহকর্মী নিয়োগ নিষ্প্রয়োজন ছিল। PPBeng 269.1

হিংসার পাপ

PPBeng 269

মোশি তার আপন দুর্বলতা জানতেন এবং তাই ঈশ্বরকে তার পরামর্শদাতা করে নিয়েছিল। হারোণ নিজের সম্পর্কে উচ্চ ধারণা পোষণ করতেন ও ঈশ্বরের উপর তার নির্ভরশীলতা তুলনামূলক ভাবে কম ছিল। সীনয় পর্বতের পৌত্তলিকতার সময় তিনি অকৃতকার্য্য হয়েছিলেন। তথাপি মরিয়ম ও হারোণ ঈর্ষা ও উচ্চাকাঙ্খায় অন্ধ হয়ে পড়লেন আর বলতে লাগলেন, "সদাপ্রভু কি কেবল মোশির সহিত কথা বলিয়াছেন? আমাদের সহিত কি বলেন নাই?" PPBeng 269.2

যে বিষয় ঈশ্বর নিজে মিমাংসা করে দিয়েছিলেন, মরিয়ম সেই বিষয়েই অভিযোগ তোলার কারণ খুঁজে পেলেন। মোশির বিয়েতে তিনি অসন্তুষ্ট ছিলেন। তিনি যে যিহুদী জাতি হতে মেয়ে পছন্দ না করে অন্য জাতির মেয়েকে বিয়ে করেছিলেন, এটা মরিয়মের কাছে পারিবারিক ভাবে ও জাতিগত ভাবে অবিশ্বাসজনক মনে হয়েছিল। সীপ্পোরার সহিত প্রকাশ্যে ঘৃণ্য আচরণ করা হত। PPBeng 269.3

যদিও তাকে কুশ বংশোদ্ভূত বলা হত, তথাপি মোশির স্ত্রী ছিলেন মিদিয়নিয়া, সুতরাং অব্রাহামের বংশধর। তিনি কিছুটা কালো ছিলেন বলে যিহূদীদের থেকে একটু ভিন্ন ছিলেন। যদিও ইস্রায়েল ছিলেন না, তথাপি সীপ্পোরা সত্য ঈশ্বরের আরাধনা করতেন। তিনি ভীতু ও নীরব স্বভাবের ছিলেন, এবং দুঃখ-কষ্ট দেখলে অতিশয় হতাশ হয়ে পড়তেন। এই জন্য মোশি মিসরে যাবার সময় তাকে মিদিয়নে পাঠিয়ে দেন। PPBeng 269.4

যখন সীপ্পোরা প্রান্তরে এসে তার স্বামীর সাথে পুনর্মিলিত হলেন, তখন তিনি দেখতে পেলেন যে তার বোঝা তাকে নিঃশেষ করে ফেলছে। তিনি তার ভয় যিথ্রোকে জানালেন, যিনি তার বোঝা কমানোর জন্য কিছু পরামর্শ দিলেন । সীপ্পোরার প্রতি মরিয়মের ঈর্ষার কারণ এর মধ্যেই নিহিত ছিল। যদি হারোণ দৃঢ় ভাবে ন্যায়ের পক্ষাবলম্বন করতেন, তবে তিনি এই ক্ষতিকর অবস্থা রুখতে পারতেন; কিন্তু মরিয়মকে তার আচরণের মধ্যে যে পাপ রয়েছে, তা' দেখানোর পরিবর্তে, তিনি তার প্রতি সহানুভূতিপরায়ণ হলেন এবং তাতে করে তার ঈর্ষা পরায়নতায় অংশ গ্রহণ করলেন। তাদের অভিযোগ মোশি বিনা বাক্যে শ্রবণ করলেন। "ভূমন্ডলস্থ মনুষ্যদের মধ্যে সকল অপেক্ষা মোশি লোকটি অতিশয় মৃদুশীল ছিলেন।" আর এই জন্যই সকলের উপর তাকে স্বর্গীয় জ্ঞান ও পরিচালনা দান করা হয়েছিল । PPBeng 269.5

ঈশ্বর মোশিকে মনোনয়ন করেছিলেন। তাদের অভিযোগের মাধ্যমে মরিয়ম ও হারোণ শুধু যে মনোনীত নেতার প্রতি অবাধ্যতা প্রদর্শনের দোষ করেছিলেন তা নয়, বরং তারা ঈশ্বরের প্রতিও তা করেছিলেন। "তখন সদাপ্রভু মেঘস্তম্ভে নামিয়া তাম্বুর দরজায় দাঁড়াইলেন এবং হারোণ ও মরিয়মকে ডাকিলেন।" তাদের ভাব্বাণীর উপহারকে অস্বীকার করা হল না। কিন্তু মোশিকে নিকটতর যোগাযোগের অধিকার প্রদান করা হয়েছিল। তার সহিত ঈশ্বর সম্মুখাসম্মুখি কথা বলতেন। "অতএব আমার দাসের বিরুদ্ধে, মোশির বিরুদ্ধে, কথা বলিতে তোমরা কেন ভীত হইলে না? ফলে তাঁহাদের প্রতি সদাপ্রভুর ক্রোধ প্রজ্বলিত হইল; ও তিনি প্রস্থান করিলেন।" ঈশ্বর অসন্তুষ্টির চিহ্নস্বরূপ "মরিয়মের হিমব কুষ্ঠ হইয়াছে।" হারোণকে ক্ষমা করা হল কিন্তু মরিয়মের শাস্তি তার প্রতি একটি কঠোর তিরস্কারস্বরূপ হল । তাদের গর্ব ধূলায় মেসার পর, হারোণ তাদের পাপ স্বীকার করলেন এবং মিনতি করলেন যেন তার বোন এই ঘৃণ্য, মারাত্মক রোগে মারা না যায় । PPBeng 270.1

মোশির প্রার্থনার ফলে কুষ্ঠরোগ নিরাময় হল। কিন্তু মরিয়মকে সাত দিন তাঁবুর বাইরে অবস্থান করতে হল। তার পুনরাগমনের প্রতীক্ষায় সমস্ত ইস্রায়েল হসেরোতে অবস্থান করলেন । PPBeng 270.2

সদাপ্রভুর ক্রোধের প্রকাশ ইস্রয়েলদের ভিতর অবাধ্যতা ও অসন্তুষ্টির বৃদ্ধি থামানোর জন্য প্রয়োজন ছিল। ঈর্ষা হল শয়তানের চরিত্রের এক বিশেষ বৈশিষ্ট যা মানব হৃদয়েও থাকতে পারে। এই ঈর্ষাই স্বর্গে প্রথম বৈষম্যের সৃষ্টি করেছিল, এবং এর আতিশয্য মানুষের

মধ্যে অবর্ণনীয় দুঃখের কারণ হয়েছে। যাদের ঈশ্বর তাঁর প্রতিনিধিরূপে আহবান করেছেন তাদের বিরুদ্ধে সহজে অভিযোগ উত্থাপনের বিরুদ্ধে বাইবেলে সর্তকতা অবলম্বনের শিক্ষাদান করে থাকে। "দুই তিন জন সাক্ষী ব্যতিরেকে কোন প্রাচীনের বিরুদ্ধে অভিযোগ গ্রাহ্য করিও না।" ১ তীমথিয় ৫:১৯। যিনি তাঁর লোকদের জন্য নেতৃত্ব ও শিক্ষকতার ভার কোন কোন মানুষের উপর ন্যাস্ত করেন তিনি তাঁর সাহায্যকারীদের প্রতি কি ধরণের ব্যবহার করা হয় তার জন্য লোকদের দায়ী করবেন। যাদের উপর ঈশ্বর তাঁর কাজের ভার অর্পণ করেছেন তাদের প্রতি ঈর্ষাপরায়ণতার বিরুদ্ধে মরিয়মের প্রতি যে দন্ডাদেশ প্রদান করা হয়েছিল তা একটি তিরষ্কারস্বরূপ হওয়া উচিত। PPBeng 270.3

অধ্যায় ৩৪—বারজন গুপ্তচর কনান নিরীক্ষণ চালান

PPBeng 271

পারণ মরুভূমিতে কাদেশে এসে ইস্রায়েলসন্তানেরা শিবির স্থাপন করলেন, এই স্থান প্রতিজ্ঞাত দেশের প্রান্ত সীমায় ছিল। এখানে লোকেরা প্রস্তাব দিলেন যে দেশটি নিরীক্ষণ করার জন্য কয়েকজন গুপ্তচর প্রেরণ করা হোক। বিষয়টি মোশি ঈশ্বরের নিকট উপস্থাপন করলেন, এবং তার অনুমতি লাভ করলেন। কয়েক ব্যক্তিকে মনোনীত করা হল এবং মোশি তাদের অনুমতি দিলেন যেন তারা দেশ ও লোকদের দেখে আসে, ঐ লোকেরা কি দুর্বল না শক্তিশালী, অল্প না অনেক তা যেন দেখে আসে; তদুপরি তারা দেশের ভূমিও যেন পরীক্ষা করে এবং দেখে যে ইহা কি ভাল ফসল উৎপন্নকারী ও দেশের কিছু ফল যেন নিয়ে আসে। PPBeng 271.1

তারা গিয়ে সমস্ত দেশ নিরীক্ষণ করল ও চল্লিশ দিন পর ফিরে এল। গুপ্তচরদের ফিরে আসার সংবাদ আনন্দ সহকারে গৃহীত হল। লোকেরা ঐ দূতগণকে স্বাগতম জানাতে দ্রুত এগিয়ে গেল কেননা তারা তাদের বিপদজনক অভিযান হতে নির্বিঘ্নে ফিরে এসেছে। গুপ্তচরেরা দৃষ্টান্তস্বরূপ কিছু ফল নিয়ে এসেছিল যা ছিল ভূমির উর্বরতার প্রমাণ। তারা এমন বৃহ এক আঙ্গুর ফলের থোকা নিয়ে এসেছিল যা দুই জন লোকের মাঝখানে বহন করতে হয়েছিল। তা ছাড়া তারা কিছু ডুমুর ও দাড়িম্ব ফল নিয়ে এসেছিল যা ওখানে প্রচুর ফলত। PPBeng 271.2

মোশির নিকট যখন প্রতিবেদন পেশ করা হল তখন লোকেরা মনোযোগ সহকারে শুনতে লাগলেন। “আপনি আমাদিগকে যে দেশে প্রেরণ করিয়াছিলেন,” গুপ্তচরেরা তাদের প্রতিবেদনে বললেন, “আমরা তথায় গিয়াছিলাম; দেশটা দুগ্ধমধুপ্রবাহী বটে; আর এই দেখুন, তাহার ফল।” লোকেরা খুবই উসাহিত হলেন; তারা সদাপ্রভুর আদেশ উসাহ সহকারে শুনবেন এবং এক্ষণি গিয়ে দেশটি দখল করবেন। PPBeng 271.3

কিন্তু শুধুমাত্র দু'জন ব্যতিত অন্য সকল গুপ্তচরগণই শয়তানের প্ররোচনায় অবিশ্বাসী হৃদয়ের নিরুৎসাহজনক মনোভাবের প্রকাশ করলেন। তাদের অবিশ্বাস জনতার মধ্যে এক হতাশার ছায়া বিস্তার করল। মনোনীত জাতির পক্ষে ঈশ্বর যে প্রচন্ড ক্ষমতা প্রদর্শন করেছিলেন, তা ভুলে যাওয়া হল। সমুদ্রের মধ্যে রাস্তা তৈরী করে ফরৌণের সৈন্য-সামন্ত ধ্বংস করে ঈশ্বর কি আশ্চর্য্যজনক ভাবে তাদের অত্যাচারীর হাত থেকে মুক্ত করেছিলেন, তা লোকেরা স্মরণে আনলেন না। তারা ঈশ্বরকে এই বিষয় হতে দূরে রেখে দিলেন, যেন তারা শুধুমাত্র তাদের অস্ত্রের উপরই নির্ভর করবেন। PPBeng 271.4

তাদের অবিশ্বাসের মুহূর্তে তারা মোশি ও হারোণের বিরুদ্ধে অভিযোগ করার পুরাতন ভুলের পুনরাবৃত্তি করলেন। তারা বললেন, “এখানেই তাহলে আমাদের উচ্চাকাঙ্খার

পরিসমাপ্তি হল" তারা নেতাদের বিরুদ্ধে লোকদের সহিত প্রতারণা করার ও ইস্রায়েলকে বিপদে ফেলার অভিযোগ আনয়ন করল। PPBeng 272.1

নানা প্রকার মিশ্র অভিযোগের সহিত এক শোকের বচসা শুরু হল। সাহস ভরে ঈশ্বরের বাক্যের পক্ষে দন্ডায়মান হয়ে কালেব তার অবিশ্বস্ত সাথীদের মন্দ প্রভাবকে খর্ব করার জন্য আপ্রাণ চেষ্টা করলেন। যা বলা হয়েছিল তিনি তা খন্ডন করলেন না; প্রাচীরসমূহ উচ্চ ছিল ও কনানবাসীরা শক্তিশালী ছিল। কিন্তু ঈশ্বর ঐ দেশ ইস্রায়েলকে দেবার প্রতিজ্ঞা করেছিলেন। কালেব অনুরোধ করলেন, "আইস, আমারা একেবারে উঠিয়া গিয়া দেশ অধিকার করি, কেননা আমারা উহা জয় করিতে সমর্থ।" PPBeng 272.2

কিন্তু অন্য দশ জন তার বিরোধীতা করে বাধা-বিপত্তির ছবি তুলে ধরল। তারা বলল, "আমরা সেই লোকদের বিরুদ্ধে যাইতে সমর্থ নহি, কেননা আমাদের অপেক্ষা তাহারা বলবান্। ...তাহার মধ্যে আমরা যত লোককে দেখিয়াছি, তাহারা সকলে ভীমকায় ...আমরা আপনাদের দৃষ্টিতে ফড়িঙ্গের ন্যায়, এবং তাহাদের দৃষ্টিতেও তদ্রূপ হইলাম।" PPBeng 272.3

বিরোধীতা ও প্রকাশ্য বিদ্রোহ

PPBeng 272

ভ্রান্ত পথ গ্রহণের মাধ্যমে ঐ লোকরা কালেব ও যিহোশূয়ের বিরুদ্ধে, মোশি ও ঈশ্বরের বিরুদ্ধে শক্ত ভাবে দাঁড়াল। তাদের নীচ প্রভাব বিস্তার করার জন্য তারা সত্যকে মিথ্যাতে পরিণত করল। তারা বলল, "সে দেশ আপন অধিবাসীদিগকে গ্রাস করে।" এটা ছিল একটি মিথ্যা প্রতিবেদন। গুপ্তচরেরা বলেছিল যে দেশটি ছিল উর্বর ও এর অধিবাসীরা ভীমকায় দেহধারী; কিন্তু যদি ঐ দেশের আবহাওয়া এত অস্বাস্থ্যকর হয় যে "দেশ আপন অধিবাসীকে গ্রাস করে," তা হলে ঐ সমস্ত সম্ভব নয়। PPBeng 272.4

শীঘ্রই বিরোধীতা ও প্রকাশ্য বিদ্রোহ আরম্ভ হল। লোকেরা মনে হল বিচারশক্তিহীন। মেঘস্তম্ভে লুক্কায়িত থেকে যে একজন দূত তাদের ক্রোধের বিধ্বংসী অভিব্যক্তি অবলোকন করছিলেন তা ভুলে গিয়ে লোকেরা মোশি ও হারোণকে অভিশাপ দিতে লাগল। তারপর তাদের অনুভূতি ঈশ্বরের বিরুদ্ধে পরিচালিত হল। "সদাপ্রভু আমাদিগকে খড়গাধারে নিপাত করাইতে এ দেশে কেন আনিলেন? আমাদের স্ত্রী ও বালকগণ ত লুণ্ঠিত হইবে। ...পরে তাহারা পরস্পর বলাবলি করিল, আইস, আমরা একজনকে সেনাপতি করিয়া মিসরে ফিরিয়া যাই।" এমন একটি দেশের প্রতিজ্ঞা করা যে দেশ তারা অধিকার করতে সক্ষম নয়, এই প্রতারণার অভিযোগ তারা শুধু মোশিকে করলেন না, ঈশ্বরকেও করলেন। PPBeng 273.1

কালেব ও যিহোশূয় এই উত্থান থামাতে চেষ্টা করলেন। তারা লোকদের ভিড়ের অভ্যন্তরে গেলেন, এবং বিদ্রোহাত্মক শোক-ধ্বনির উপরে তাদের চিৎকার শুনা গেল

“সদাপ্রভু যদি আমাদিগেতে প্রীত হন, তবে তিনি আমাদিগকে সেই দেশে প্রবেশ করাইবেন, ও সেই দুগ্ধমধুপ্রবাহী দেশ আমাদিগকে দিবেন। কিন্তু তোমরা কোন মতে সদাপ্রভুর বিদ্রোহী হইও না, ও সে দেশের লোকদিগকে ভয় করিও না; কেননা তাহারা আমাদের ভক্ষ্যস্বরূপ, তাহাদের আশ্রয়-ছত্র তাহাদের উপর হইতে নীত হইল, সদাপ্রভু আমাদের সহবর্তী; তাহাদিগকে ভয় করিও না।” PPBeng 273.2

ঈশ্বরের চুক্তি অনুসারে ঐ দেশটি ইস্রায়েলকে নিশ্চিতরূপে দেয়া হয়েছিল। কিন্তু অবিশ্বস্ত গুপ্তচরদের প্রতিবেদন গৃহীত হল। সমস্ত জনগোষ্ঠি প্রতারিত হল। বিশ্বাসঘাতকেরা তাদের কাজ সম্পন্ন করল। যদি শুধু ঐ দু'জন মন্দ প্রতিবেদন পেশ করত আর অন্য দশজন ঈশ্বরের নামে দেশটি অধিকার করার জন্য উৎসাহিত করত, তাহলেও তাদের ভ্রষ্ট অবিশ্বাসের জন্য ঐ দশ জনের পরিবর্তে ঐ দু'জনের প্রতিবেদনই গ্রহণ করত। PPBeng 273.3

কালের ও যিহোশূয়কে পাথর মেরে মেরে ফেলার জন্য রব উঠল। বিভ্রান্ত জনতা ক্ষিপ্ত চিৎকারে তাদের দিকে ছুটে গেল, কিন্তু তখন সহসা তাদের হাত থেকে পাথর পড়ে গেল, আর তারা ভয়ে কাঁপতে লাগল। ঈশ্বর মধ্যবর্তী হলেন। তাঁর উপস্থিতির উজ্জ্বল আলোকে সমাগম-তাঁবু আলোকিত হয়ে উঠল। এখন কেউ আর বাধা প্রদান করতে সাহস পেল না। মন্দ প্রতিবেদন দানকারী গুপ্তচরেরা হামাগুড়ি দিয়ে নিজ নিজ তাঁবুর অনুসন্ধানে চলল। PPBeng 273.4

মোশি দাঁড়ালেন এবং সমাগম-তাঁবুতে প্রবেশ করলেন। ঈশ্বর তার নিকট এই ঘোষনা করলেন, “আমি মহামারী দ্বারা আঘাত করিব, ইহাদিগকে অধিকার বঞ্চিত করিব, এবং তোমাকেই ইহাদের অপেক্ষা বৃহৎ ও বলবান জাতি করিব।” কিন্তু আবারও মোশি তার লোকদের জন্য মিনতি জানালেন, “বিনয় করি, তোমার বাক্যানুসারে প্রভুর প্রভাব মহিমান্বিত হউক; তুমি ত বলিয়াছ, সদাপ্রভু ক্রোধে ধীর ও দয়াতে মহান। ...তোমার দয়ার মহত্বানুসারে, এবং মিসর দেশ হইতে এ পর্যন্ত এই লোকদিগকে যেমন ক্ষমা করিয়া আসিতেছ, সেই মোতবেক এই লোকদের অপরাধ ক্ষমা কর।” PPBeng 274.1

সদাপ্রভু প্রতিজ্ঞা করলেন যে এই লোকদের তাৎক্ষণিক ধ্বংস করা হতে বিরত হবেন; কিন্তু তাদের অবিশ্বাস ও কাপুরুষতার জন্য তিনি তাদের শত্রুদের পরাভূত করার নিমিত্ত তার ক্ষমতা প্রকাশ করতে পারবেন না। সুতরাং দয়াপরবশ হয়ে তিনি তাদের লোহিত সাগরের দিকে ঘুরে যেতে বললেন। PPBeng 274.2

বিদ্রোহের সময় লোকেরা চিৎকার করে বলেছিল, “এই প্রান্তরেই বা কেন মরি নাই।” এখন তাদের প্রার্থনা গ্রাহ্য করা হল: “আমার কর্ণগোচরে তোমরা যাহা বলিয়াছ, তাহাই আমি তোমাদের প্রতি করিব; এই প্রান্তরে তোমাদের শব পতিত হইবে; তোমাদের সম্পূর্ণ সংখ্যানুসারে বিংশতি বৎসর ও ততোধিক বয়স্ক। ...কিন্তু তোমরা নিজেদের যে বালকদের

বিষয়ে বলিয়াছিলে, ইহারা লুণ্ঠিত হইবে, তাহাদিগকে আমি তথায় প্রবেশ করাইব; ও তোমরা যে দেশ অগ্রাহ্য করিয়াছ, তাহারা তাহার পরিচয় পাইবে।” এবং কালেব সম্বন্ধে তিনি বললেন, “কিন্তু আমার দাস কালেবের অন্তরে অন্য আত্মা ছিল, এবং সে সম্পূর্ণরূপে আমার অনুগত হইয়া চলিয়াছে, এই নিমিত্তে সে যে দেশে গিয়াছিল, সেই দেশে আমি তাহাকে প্রবেশ করাইব, সেই ভাবে ইস্রায়েলদের বাহিনীও চল্লিশ বৎসর মরুপ্রান্তরে ইতঃস্তত যাত্রা করবে। PPBeng 274.3

মিথ্যা অনুশোচনার একটি দৃষ্টান্ত

PPBeng 274

মোশি যখন লোকদের স্বর্গীয় সিদ্ধান্ত জ্ঞাপন করলেন, তারা বুঝতে পারল যে তাদের যথার্থ শাস্তিই মিলেছে । অবিশ্বস্ত দশজন গুপ্তচর ইস্রায়েলদের চোখের সামনেই আঘাত প্রাপ্ত হয়ে ধ্বংস হল; আর তাদের ভাগ্য লিপিতে লোকেরা তাদের নিজদের ধ্বংসও পড়তে পারল । PPBeng 274.4

এখন মনে হলো যে তারা প্রকৃতই অনুশোচনা করছে; কিন্তু তাদের অনুতাপ তাদের অকৃতজ্ঞতা ও অবাধ্যতার জন্য ছিল না, বরং তা ছিল তাদের মন্দ কাজের ভয়ঙ্কর ফলাফলের জন্য। যখন তারা দেখতে পেল যে সদাপ্রভু নম্র, হচ্ছেন না তখন তাদের আত্ম-ইচ্ছা আবার জেগে উঠল ও তারা ঘোষণা করল যে তারা মরুপ্রান্তরে ফিরে যাব না। ঈশ্বর তাদের বাহ্যিক আত্ম-নিবেদনের পরীক্ষা করে দেখলেন যে ইহা যথার্থ ছিল না। তাদের হৃদয়ে কোন পরিবর্তন আসেনি এবং যে কোন ছুতাই তারা আগের মত বিদ্রোহী হয়ে উঠছিল। যখন তাদের পাপ তাদের নিকট পূর্ণরূপে প্রকাশ করা হয়েছিল তখন যদি তারা প্রকৃতই অনুতাপ ও ক্রন্দন করত তবে তাদের জন্য এই শাস্তির ঘোষণা করা হত না; কিন্তু তারা বিচারের ভয়ে ক্রন্দন করেছিল। তাদের অনুতাপ প্রকৃত অনুতাপ ছিল না, তাই এই দন্ডাদেশ প্রত্যাহার করা হল না । PPBeng 274.5

ঐ রাত্রিটিই বিলাপে কাটল, কিন্তু ভোরবেলা তারা তাদের কাপুরুষতা পরিহার করতে সিদ্ধান্ত নিল । যখন ঈশ্বর তাদের ঐ দেশ দখল করতে আদেশ দিলেন, তখন তারা তা করতে অস্বীকার করল; এবং এখন যখন তাদের পিছু হটতে বলা হল তখন তারা সমভাবে বিদ্রোহী হয়ে উঠল । PPBeng 275.1

ঈশ্বর এটা তাদের একটি সুযোগ ও কর্তব্যরূপে নিরূপণ করেছিলেন যে তারা তার দ্বারা নির্দ্ধারিত সময়ে ঐ দেশে প্রবেশ করবে, কিন্তু তাদের ইচ্ছাকৃত অবহেলার দরুণ ঐ অনুমতি বিলুপ্ত করা হল। স্বর্গীয় নিষেধ সত্ত্বেও শয়তান এখন তাদের সেই কাজ করতে প্ররোচিত করল যখন ঈশ্বর যা করতে বলার পর তারা তা করতে অস্বীকার করেছিল। যার ফলে সে তাদের দ্বিতীয়বার বিদ্রোহ করতে পরিচালিত করল। তারা চিৎকার করে বলল, “আমরা সদাপ্রভুর বিরুদ্ধে পাপ করিয়াছি; আমরা আমাদের ঈশ্বর সদাপ্রভুর সমস্ত আজ্ঞানুসারে

উঠিয়া গিয়া যুদ্ধ করিব।” দ্বিতীয়। ১:৪১। তারা কত ভয়ঙ্কর ভাবে অন্ধ হয়ে গিয়েছিল। সদাপ্রভু তাদের কখনও বলেন নি যে “উঠিয়া গিয়া যুদ্ধ কর।” তার উদ্দেশ্য এই ছিল না যে তারা যুদ্ধ দ্বারা দেশ জয় করবেন বরং তার উদ্দেশ ছিল যে তারা তার আদেশের প্রতি পূর্ণ বাধ্যতা দ্বারা তা জয় করবে। PPBeng 275.2

“আমরা...পাপ করিয়াছি,” এই বলে তারা স্বীকার করল যে দোষ রয়েছে তাদের ভিতর, যে ঈশ্বরকে আগে প্রতিজ্ঞা পূরণে ব্যর্থতার জন্য দায়ী করেছিল তার মধ্যে নয়। যদিও তাদের স্বীকারোক্তি প্রকৃত অনুতাপ হতে উদ্ভুত হয় নি, তথাপি এটি ঈশ্বরের ন্যায়পরায়ণতার সত্যতা প্রমাণ করল। PPBeng 275.3

বর্তমান কালেও সদাপ্রভু একই ভাবে তার ন্যায় বিচার স্বীকৃতির মাধ্যমে তার নামের মহিমা প্রকাশ করে থাকে। অন্ধকারের কাজ প্রকাশার্থে ঈশ্বর ভিন্ন ভিন্ন বিপরীত মুখী সংস্থাকে নিযুক্ত করে থাকেন। যদিও যে আত্মা মন্দ কাজে লিপ্ত হয়েছিল তা সম্পূর্ণরূপে পরিবর্তিত হয় না, তথাপি যে সকল স্বীকারোক্তি করা হয় তা দ্বারা ঈশ্বরের নামের গৌরব হয় এবং তার যে সকল বিশ্বস্ত সমর্থকদের বাধা দান করা হয়েছিল ও ভুল বুঝা হয়েছিল তাদের ন্যায্যতা প্রমাণিত হয়। পরিশেষে যখন ঈশ্বরের ক্রোধ প্রকাশিত হবে তখনও একইরূপ ঘটনা ঘটবে। তার দন্ডাদেশের ন্যায়পরায়ণতা প্রত্যেক পাপীই বুঝতে পারবে ও স্বীকার করবে। PPBeng 275.4

কিভাবে বিদ্রোহ তাদের অবস্থার অধিকতর অবনতি ঘটায়

PPBeng 276

স্বর্গীয় দন্ডাদেশের পরও ইস্রায়েলরা কনান দেশ অধিকার করার জন্য প্রস্তুত ছিল। ঈশ্বরের আদেশ ও তাদের নেতাদের নিষেধ সত্ত্বেও তারা শত্রু- সেনার বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করল। PPBeng 276.1

মোশি তাদের পেছনে পেছনে দৌড়ে গিয়ে এই সতর্কবাণী উচ্চারণ করলেন, “এখন সদাপ্রভুর আদেশ কেন লঙঘন করিতেছ? ইহা ত সফল হইবে না। তোমরা উঠিয়া যাইও না, কারণ সদাপ্রভু তোমাদের মধ্যে নাই, গেলে তোমরা শত্রুসম্মুখে পরাস্ত হইবে।” PPBeng 276.2

কনানীয়রা শুনতে পেয়েছিল যে এই লোকদের একটি রহস্যপূর্ণ শক্তি রক্ষা করে থাকে, তাই এখন তাদের বাধা দেবার জন্য একটি শক্তিশালী সৈন্যদল প্রস্তুত করল। আক্রমণকারী সৈন্যদের কোন নেতা ছিল না। ঈশ্বর যেন তাদের বিজয় দান করেন এই লক্ষ্যে কোন প্রার্থনাও করা হল না। যদিও সমর বিদ্যায় তারা প্রশিক্ষণপ্রাপ্ত ছিল না, তথাপি তারা আশা করল যে প্রচন্ড আক্রমণ দ্বারা তারা সমস্ত বাধার উপর জয়লাভ করবে। যে শত্রুরা তাদের

আক্রমণ করতে ভরসা পায় নি সেই শত্রুদের তারা হট্‌কারীতার সহিত সম্মুখ যুদ্ধে আহবান জানাল। PPBeng 276.3

কনানীয়রা একটি পাথুরে উঁচু স্থানে দলবদ্ধ হল যে স্থান কেবল মাত্র অত্যন্ত বিপদ সঙ্কুল খাড়া পথে পৌঁছানো সম্ভব ছিল। যিহুদীদের জনাধিক্যতা পরাজয়কে আরো ভয়ঙ্কর করে তুলল। বৃহ শিলা গড়িয়ে পড়তে থাকল ও তাদের পথ মৃতদের রক্তে রঞ্জিত করে তুলল। যারা পরিশেষে খাড়া পথের ক্লান্তি বহন করে উচ্চ ভূমিতে উঠল, তারা প্রচন্ড বাধার মোকাবেলা করল ও অনেক জীবন হারিয়ে পিছু হটতে বাধ্য হল। ইস্রায়েলদের সৈন্যদল সম্পূর্ণভাবে পরাভূত হল। PPBeng 276.4

যে শত্রুরা ভয়ে কম্পমান অবস্থায় ইস্রায়েলদের সৈন্য বাহিনীর আগমনের অপেক্ষায় ছিল, তারা এখন তাদের বাধা দান করতে আত্ম-বিশ্বাস দ্বারা অনুপ্রাণীত হল। ঈশ্বর তার লোকদের জন্য যে সকল আশ্চর্য্য কাজ করেছিলেন বলে তারা শুনেছিল, সে সকল এখন তারা মিথ্যা বলে জানল; তারা বুঝতে পারল যে ভয়ের কোন কারণই নাই। ইস্রায়েলদের এই প্রথম পরাজয়, কনানীয়দের সাহসী দৃঢ়চেতা করে তুলল, যার ফলে বিজয় লাভের সম্ভাবনাকে অধিকতর কঠিন করে তুলল। PPBeng 277.1

তাদের উপর জয়লাভকারী শত্রুদের নিকট হতে পালিয়ে মরুপ্রান্তরে যাওয়া ছাড়া ইস্রায়েলদের আর কোন গত্যান্তর থাকল না, আর তারা এখন নিশ্চিতরূপে জানল যে এই মরুপ্রান্তরেই তাদের প্রজন্মের কবরস্থান হবে। PPBeng 277.2

অধ্যায় ৩৫—কোরহ একটি বিদ্রোহে নেতৃত্ব দেয়

PPBeng 278

ইস্রায়েলদের উপর যে দন্ডাদেশ দেয়া হয় তাতে তারা কিছুকাল পর্যন্ত অভিযোগ করা ও অবাধ্য হওয়া থেকে বিরত থাকে। তথাপি তাদের মধ্যে বিদ্রোহী আত্মা তখনও বিরাজ করছিল। এখন ঈশ্বর দ্বারা মনোনীত নেতৃবর্গকে ক্ষমতাচ্যুত করার জন্য একটি গভীর ষড়যন্ত্র করা হল। PPBeng 278.1

এই আন্দলনের মূল নেতা কোরহ, যে মোশির কাকাত ভাই ছিল, এক ক্ষমতাশালী ও প্রতাপশালী ব্যক্তি ছিল। সে তার নিজের পদে সন্তুষ্ট ছিল না এবং যাজকত্ব পদের আকাঙ্খী হয়ে উঠল। যদিও সে খোলাখুলী বিদ্রোহ করতে সাহস পাচ্ছিল না, তথাপি বেশ কিছুদিন যাবত সে গোপনে মোশি ও হারোণের কর্তৃত্বের বিরোধীতা করে আসছিল। পরিশেষে সে রাষ্ট্রীয় ও ধর্মীয় কর্তৃত্ব কুক্ষিগত করার এক বিস্তারিত ষড়যন্ত্র প্রস্তুত করল। দাথন ও অবীরাম নামক দু'জনে রাজপুত্র ও তার উচ্চাভিলাসী ষড়যন্ত্রে সহজেই যোগ দিলেন এবং কোরহের সাথে যাজকত্বের মর্য্যাদা ভাগাভাগি করার সিদ্ধান্ত নিলেন। PPBeng 278.2

লোকদের তখনকার অনুভূতি কোরহের পক্ষে ছিল। হতাশা ও তিক্ততার মুহূর্তে পূর্বেকার সন্দেহ, ঈর্ষাপরায়ণতা, ও ঘৃণা তাদের মধ্যে আবার ফিরে এল, এবং আবার তাদের অভিযোগ তাদের ধৈর্য্যশীল নেতৃত্বের প্রতি নিক্ষিপ্ত হতে লাগল। তারা ভুলে গেল যে তারা স্বর্গীয় পরিচালনার অধীনে রয়েছে, ভুলে গেল যে মোশি তাঁর (খ্রীষ্টের) নিকট হতেই নির্দ্দেশ লাভ করে থাকেন। PPBeng 278.3

মরুপ্রান্তরে মৃত্যুবরণ করতে অনিচ্ছুক হওয়ায় তারা ভাবতে আরম্ভ করল যে ঈশ্বর নয় বরং মোশিই তাদের ধ্বংসের আদেশ দিয়েছেন। তাদের বিপথগামীতায় ঈশ্বরের অসন্তুষ্টির চিহ্ন যদিও তাদের সম্মুখে তখনও উপস্থিত ছিল, তবুও তারা এই শিক্ষা অন্তরে গ্রহণ করে নাই। PPBeng 278.4

যিনি অন্তরের সমস্ত গোপন কথা জানেন তিনি তার লোকদের যথেষ্ট শিক্ষা ও সতর্ক বাণী দিয়েছিলেন যা তাদের ষড়যন্ত্রকারী ঐ লোকদের প্রতারণা থেকে রক্ষা করতে পারত। মোশির বিরুদ্ধে হিংসা ও অভিযোগের যে শাস্তি ঈশ্বর মরিয়মকে দিয়েছিলেন তা তারা স্বচক্ষে দেখেছিল। সদাপ্রভু ঘোষনা করেছিলেন, “তাহার সহিত আমি সম্মুখাসম্মুখি হইয়া কথা কহি।” তিনি আরও বলেছিলেন, “অতএব আমার দাসের প্রতিকূলে, মোশির প্রতিকূলে, কথা কহিতে তোমরা কেন ভীত হইলে না।” গণনা ১২৪৮। এই শিক্ষা শুধু হারোণ ও মরিয়মের জন্য ছিল না, কিন্তু সমস্ত ইস্রায়েলদের জন্যই ছিল। PPBeng 278.5

কোরহ ও তার সঙ্গী-ষড়যন্ত্রকারীরা সেই সকল লোকদের অন্তর্গত ছিল যারা মোশির সঙ্গে পর্বতে আরোহণ করে ঈশ্বরের মহিমা দেখেছিল। কিন্তু যে প্রলোভন প্রথমে অতি

মাত্রায় নগণ্য ছিল মনের গভীরে লালন পালন করার জন্য তা এখন তাদের সমস্ত অন্ত্যসত্ত্বাকে শয়তানের সম্পূর্ণ আওতাধীনে নিয়ে গেল । প্রথমে তারা তাদের অসন্তুষ্টি কানাঘুষার মাধ্যমে পরস্পরের নিকট প্রকাশ করত, তারপর তা তারা ইস্রায়েলদের নেতৃস্থানীয়দের কাছে বলত। শেষে তারা বিশ্বাস করতে আরম্ভ করল যে তারা ঈশ্বরের অনুপ্রেরণায় অনুপ্রানিত হচ্ছে। PPBeng 279.1

তারা দু'শত পঞ্চাশ জন রাজপুত্রদের বিপথগামী করতে সক্ষম হল। এই প্রভাবশালী সমর্থকদের সমর্থনে তারা মোশি ও হারোণের প্রশাসন ব্যবস্থায় যথেষ্ট উন্নতি সাধন করতে পারবে বলে আস্থাবান হল। ঈর্ষা জন্ম দিল পরশ্রীকাতরতার, আর পরশ্রীকাতরতা জন্ম দিল বিদ্রোহের । এবং তারা নিজকে ও পরস্পরকে এই ভেবে প্রতারিত করল যে মোশি ও হারোণ নিজে নিজেই আসন দখল করেছেন, আরো চিন্তা করল যে এই নেতৃদ্বয় প্রশাসন ও যাজকত্ব গ্রহণের মাধ্যমে নিজেদিগকে গৌরবান্বিত করেছেন। তারা অন্যান্য লোকদের থেকে অধিকতর পবিত্র নন, আর তাদের ভাইদের সমপর্যায়ে হওয়া তাদের জন্য বাঞ্ছনীয়, কেননা ঐ সমস্ত ভাইয়েরাও ঈশ্বরের উপস্থিতি ও তার রক্ষার পাত্র । PPBeng 279.2

কোরহের পদ্ধতি : জনগণের প্রসংশা করা

PPBeng 279

কোরহ ও তার সাথীরা জনতার সমর্থন লাভ করতে সক্ষম হল। জনতার অভিযোগ যে ঈশ্বরের ক্রোধ সঞ্চার করেছিল এই দাবী ভ্রান্ত বলে ঘোষণা দেয়া হল। তারা বলল যে জনতার কোন দোষ ছিল না কেননা তারা তো শুধু নিজ নিজ অধিকারের বাইরে কোন দাবী উঠায় নি, কিন্তু মোশি একজন একনায়ক ছিলেন; তিনিই লোকদের পাপীরূপে ভর্ৎসনা করছেন, কিন্তু লোকেরা ত একটি পবিত্র জাতি। PPBeng 279.3

কোরহের শ্রোতারা চিন্তা করল যে তাদের বিপদ এড়ানো সম্ভব হত যদি মোশি একটি ভিন্ন কার্য্য পদ্ধতি অবলম্বন করতেন। তাদের কনান দেশের বাইরে থাকার একমাত্র কারণ হল মোশি ও হারোণের ভুল ব্যবস্থাপনা। যদি কোরহ তাদের নেতা হয় এবং তাদের পাপের জন্য তাদের শুধু তিরস্কার করার পরিবর্তে যদি তাদের ভাল কাজের জন্য উৎসাহ দেয়, তবে তারা খুব ভাল যাত্রা করতে পারবে; মরুপ্রান্তরে ইতঃস্তত ভ্রমণের পরিবর্তে তারা সোজা প্রতিজ্ঞাত দেশে উপস্থিত হতে পারবে । PPBeng 279.4

লোকদের সমর্থন লাভে কৃতকার্য্য হওয়ায় কোরহের আত্ম-বিশ্বাস বৃদ্ধি পেল। সে দাবী করল যে ঈশ্বর তাকে কর্তত্ব দিয়েছেন যেন অতিরিক্ত দেরী হওয়ার আগেই সে প্রশাসনে প্রয়োজনীয় পরিবর্তন সাধন করে। PPBeng 280.1

মোশির প্রতি অন্যায় আক্রমণ

PPBeng 280

কিন্তু অনেকেই মোশির বিরুদ্ধে কোরহের অভিযোগে সায় দিতে প্রস্তুত ছিলেন না। তার ধৈর্য্যপূর্ণ আত্মত্যাগী দয়ার কথা, তাদের স্মরণে আসল, এবং তাদের বিবেক বিচলিত হল। সুতরাং প্রয়োজন হল কিছু আত্ম-স্বার্থের অভিযোগ তোলা; তাই পুরাতন অভিযোগ তোলা হল যে তাদের মরুপ্রান্তরে পরিচালিত করে নিয়ে আসার উদ্দেশ্য হল যে তারা সকলে মারা যাবে এবং মোশি তাদের ধন-সম্পদ দখল করে নেবেন। PPBeng 280.2

আন্দোলন যখন যথেষ্ট শক্তি সঞ্চার করল যাতে প্রকাশ্যে অভিযোগ উঠানো সম্ভব হয় তখন কোরহ, মোশি ও হারোণকে জনসমক্ষে অভিযুক্ত করল। ষড়যন্ত্রকারীরা তাদের বলল, "তোমরা বড়ই অভিমানী; কেননা সমস্ত সমাজের প্রত্যেক জনই পবিত্র, এবং সদাপ্রভু তাহাদের মধ্যবর্তী; তবে তোমরা কেন সদাপ্রভুর সমাজের উপর নিজদিগকে উন্নত করিতেছ?" PPBeng 280.3

মোশি এই গভীর ষড়যন্ত্র টের পাননি, এবং তিনি ঈশ্বরের সম্মুখে বিচারের জন্য উঁবুড় হলেন। তারপর তিনি শান্ত ভাবে এবং শক্তি যুক্ত ভাবে উঠে দাঁড়ালেন। তিনি বললেন, "কে সদাপ্রভুর লোক, ও কে পবিত্র,... তাহা সদাপ্রভু প্রাতঃকালে জানাইবেন; তিনি যাহাকে মনোনীত করিবেন, তাহাকেই আপনার নিকটবর্তী করিবেন।" যারা যাজকত্বের আকাঙ্খা করে তারা সকলে এক একটি কয়লার চুলা নিয়ে আসবে এবং সমাগম-তাম্বুর সামনে তাতে ধূপ দেবে। তথাপি নাদব ও অবিহূ "ঈশ্বরের আদেশ অমান্য করে অন্যরকম আগুন নিবেদন করাতে" ধ্বংস প্রাপ্ত হয়েছিল। তথাপি মোশি অভিযোগকারীদের আহবান জানালেন যেন যদি তারা এই ধরণের ঝুকি নিতে প্রস্তুত হয়, তবে তা ঈশ্বরের নিকট উপস্থিত করা হোক। PPBeng 280.4

কোরহ ও তার সাথী লেবীয়দের উদ্দেশ্য করে মোশি বললেন, "ইহা কি তোমাদের কাছে ক্ষুদ্র বিষয় যে, ইস্রায়েলের ঈশ্বর তোমাদিগকে ইস্রায়েল মন্ডলী হইতে পৃথক করিয়া সদাপ্রভুর আবাসের সেবাকর্ম করনার্থে....আপনার নিকটবর্তী করিয়াছেন? আর তোমাকে ও তোমার সহিত তোমার সমস্ত ভ্রাতাকে অর্থাৎ লেবির সন্তানদিগকে আপনার নিকটবর্তী করিয়াছেন? আর তোমরা কি যাজকত্বেরও চেষ্টা করিতেছ? অতএব তুমি ও তোমার সমস্ত দল সদাপ্রভুরই প্রতিকূলে একত্র হইয়াছ; আর হারোণ কে যে তোমরা তাঁহার প্রতিকূলে বচসা কর?" PPBeng 281.1

দাথন ও অবীরাম কোরহের মত দৃঢ় অবস্থান গ্রহণ করেনি; তাই মোশি তাদের ডেকে পাঠালেন যেন তার বিরুদ্ধে তাদের কি অভিযোগ আছে তা তিনি শুনতে চান। কিন্তু তারা ঔদ্ধত্বের সহিত তার আদেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন করল: "ইহা কি ক্ষুদ্র বিষয় যে, তুমি আমাদিগকে মরুভূমিতে মারিবার জন্য দুগ্ধমধুপ্রবাহী দেশ হইতে আনিয়াছ? তুমি কি আমাদের উপরে সর্ব্বতোভাবে কর্তৃত্বও করিবে? আর, তুমি ত আমাদিগকে দুগ্ধমধুপ্রবাহী

দেশে আন নাই, শস্যক্ষেত্রের ও দ্রাক্ষাক্ষেত্রের অধিকারও দেও নাই। তুমি কি এই লোকদের চুক্ষ উৎপাটন করিবে? আমরা যাইব না।" PPBeng 281.2

এই ভাবে তারা ঘোষণা করল যে এখন হতে তারা মোশির ইচ্ছানুসারে, কখনও কনানের দিকে আর কখনও মরু প্রান্তরের দিকে অন্ধ ভাবে পরিচালিত হতে রাজী নয়। এই ভাবে তার চরিত্রকে একজন অত্যাচারী এক নায়ক ও স্বেচ্ছাচারীর চরিত্রের সমতুল্য করা হল। কনানে প্রবেশ করতে না পাবার জন্য তাকে দায়ী করা হল। PPBeng 281.3

মোশি আত্ম-অনুমোদনের কোনই চেষ্টা করলেন না। তিনি জন-সমক্ষে ঈশ্বরের নিকট অনুরোধ করলেন এবং তাকেই তার বিচারক হওয়ার জন্য অনুরোধ জানালেন। PPBeng 281.4

মহা-বিচার : ঈশ্বর কাকে স্বীকৃতি দেবেন?

PPBeng 281

পরবর্তী দিনে দু'শত পঞ্চাশ জন প্রশাসক, কোরহের নেতৃত্বে তাদের নিজ কয়লার চুলাসহ উপস্থিত হলেন, আর ফলাফল দেখার জন্য লোকজন একত্রিত হতে লাগল। কোরহ ও তার দলের পরাজয় অবলোকন করার জন্য মোশি এই সমস্ত লোকদের একত্রিত করেন নি, কিন্তু বিদ্রোহীরা তাদের অন্ধ অনুমানের উপর ভিত্তি করে তাদের বিজয় দেখার জন্য এই লোকদের একত্রিত করেছিল। এই লোকদের এক বৃহ অংশ প্রকাশ্যে কোরহের পক্ষাবলম্বন করেছিল। PPBeng 281.5

দাথন ও অবীরামের সহিত যোগ দেবার জন্য যখন কোরহ জনতা হতে সরে পড়েছিল তখন মোশি সত্তর জন প্রাচীনসহ, এবং যে সমস্ত লোক তার সাথে আসতে রাজী হয়নি তাদের প্রতি শেষ সতর্কবাণী উচ্চারণসহ ঐ স্থানে উপস্থিত হলেন। স্বর্গীয় আদেশ অনুসারে মোশি উপস্থিত লোকদের বললেন, "বিনয় করি, তোমরা এই দুষ্ট লোকদের তাঁবুর নিকট হইতে উঠিয়া যাও, ইহাদের কিছুই স্পর্শ করিও না, পাছে ইহাদের সমস্ত পাপে বিনষ্ট হও।" লোকেরা সতর্ক বাণীর প্রতি কর্ণপাত করল কেননা একটি দন্ডাদেশের ভয় সকলের উপরই ভর করেছিল। প্রধান বিদ্রোহীরা দেখতে পেল যে যাদের তারা প্রতারিত করেছিল তারা সকলেই সরে দাঁড়িয়েছে, কিন্তু স্বর্গীয় সতর্কবাণী অবহেলা করে তারা তাদের পরিজনসহ গর্বভরে দাঁড়িয়ে রইল। PPBeng 282.1

এখন জনতা যেন শুনতে পায় এমন ভাবে মোশি ঘোষণা করলেন, "সদাপ্রভু আমাকে এই সমস্ত কার্য্য করিতে পাঠাইয়াছেন, আমি স্বেচ্ছানুসারে করি নাই, তাহা তোমরা ইহাতেই জানিতে পারিবে। সাধারণ লোকদের মরণের ন্যায় যদি এই মনুষ্যেরা মরে,...তবে সদাপ্রভু আমাকে পাঠান নাই। কিন্তু সদাপ্রভু যদি অঘটন ঘটান এবং ভূমি আপন মুখ বিস্তার করিয়া

ইহাদিগকে ও ইহাদের সর্বস্ব গ্রাস করে, আর ইহারা জীবদ্দশায় পাতালে নামে, তবে ইহারা যে সদাপ্রভুকে অবজ্ঞা করিয়াছে তাহা তোমরা জানিতে পারিবে।” PPBeng 282.2

যখন তিনি কথা বলা শেষ করলেন, ভূমি বিদীর্ণ হয়ে পড়ল এবং বিদ্রোহীরা তাদের সমস্ত কিছুসহ জীবিত গর্তের মধ্যে কবরস্থ হল, এবং “এইরূপে তাহারা সমাজের মধ্য হইতে লুপ্ত হইল।” আর তাদের পাপের অংশ গ্রহণকারীরূপে প্রাণ ভয়ে ভীত লোকেরা ছুটে পালাল। PPBeng 282.3

কিন্তু এখানেই বিচারের সমাপ্তি ঘটল না। যে দুই শত পঞ্চাশ জন শাসনকর্তা ধূপ দিয়েছিলেন স্বর্গ হতে আগুন এসে তাদের প্রত্যেককে পুড়িয়ে নিঃশেষ করে ফেলল। এই লোকেরা প্রধান বিদ্রোহীদের সহিত ধ্বংস-প্রাপ্ত হয়নি। তাদের বিদ্রোহীদের শেষ ফল দেখতে দেয়া হয়েছিল যেন তারা অনুতাপ করার সুযোগ পায়; কিন্তু বিদ্রোহীদের প্রতি তাদের সহানুভূতি ছিল, ফলে তারাও তাদের ভাগ্যে অংশ গ্রহণ করল । PPBeng 282.4

সমস্ত সমাজের লোকেরাই তাদের পাপের ভাগী ছিল, কেননা সকলেই কম বা বেশী, তাদের সহিত সহানুভূতি প্রদর্শন করেছিল। তথাপি যে সমস্ত লোকেরা প্রতারিত হতে রাজী হয়েছিল তাদের অনুতাপ করার সুযোগ দেয়া হল । PPBeng 282.5

যে দূত যিহুদীদের আগে আগে চলতেন তিনি তাদের ধ্বংস হতে রক্ষা করতে চেষ্টা করলেন। ঈশ্বরের দন্ডাদেশ তাদের অত্যন্ত নিকটবর্তী ছিল এবং তাদের অনুতাপ করার জন্য অনুরোধ করেছিল। যদি তারা ঈশ্বরের ব্যবস্থা অনুসারে সাড়া প্রদান করে, তবে তারা হয়ত বা রক্ষা পেতে পারে। কিন্তু তাদের বিদ্রোহী-ভাব তখনও দূর হয় নি। ঐ রাত্রে তারা ভীত হয়ে তাঁবুতে ফিরে এল, কিন্তু তারা অনুতপ্ত হল না । PPBeng 283.1

কোরহ তাদের এত তোষামোদ করেছিল যে তারা বিশ্বাস করতে আরম্ভ করল যে তারা খুবই সৎ ও ভাল লোক যাদের সহিত মোশি যথেচ্ছারূপ অপব্যবহার করছেন। তারা হৃদয়ের গভীরে কামনা করছিল যে সমস্ত বিষয়ে একটি নতুন প্রশাসন ব্যবস্থা সৃষ্টি হবে যেখানে তিরস্কারের পরিবর্তে প্রশংসা পাওয়া যাবে এবং দুর্ভাবনা ও সংঘাতের পরিবর্তে আনন্দ ও শান্তি পাওয়া যাবে। যে সমস্ত লোকেরা ধ্বংস-প্রাপ্ত হয়েছিল, তারা তাদের নিকট তোষামোদকারী কথাবার্তা বলত, এবং তাদের প্রতি তাদের অনেক আগ্রহ ও প্রেম প্রকাশ করত । তাই লোকেরা ধারণা করে নিল যে মোশি হত্যা করতে পরিকল্পনা করেছিল । তথাপি ঐ রাতে অনুতাপ ও স্বীকারোক্তি করার পরিবর্তে তারা তাদের ভয়ঙ্কর পাপের প্রমাণসমূহ গোপন করার প্রচেষ্টাতে লিপ্ত থাকল । তখনও ওরা ঈশ্বরের মনোনীত ব্যক্তিদের প্রতি ক্রোধ পোষণ করতে লাগল এবং তাদের কর্তৃত্বকে বাধা দানের জন্য প্রস্তুতি গ্রহণ করল। “তথাপি পরের দিনে ইস্রায়েলসন্তানগণের সমস্ত সমাজ মোশির ও হারোণের বিরুদ্ধে বচসা করিয়া বলিল, তোমরাই সদাপ্রভুর প্রজাদিগকে বধ করিলে।” আর তারা তাদের বিশ্বস্ত ও আত্ম-ত্যাগী নেতাদ্বয়কে প্রহার করতে উদ্যত হল। PPBeng 283.2

বিপথগামী ইস্রায়েলদের জন্য মোশির প্রেম

PPBeng 283

সমাগম-তাঁবুর উপরে মেঘের মধ্যে ঈশ্বরের গৌবর দেখা গেল এবং মোশি ও হারোণের প্রতি এই বাণী হল, “তোমরা এই মন্ডলীর মধ্য হইতে উঠিয়া যাও, আমি এক নিমিষে ইহাদিগকে সংহার করিব।” PPBeng 283.3

তার অধীনস্থ পালের প্রতি আগ্রহী একজন যথার্থ পালকের মত এই ভয়ঙ্কর দুর্যোগ মুহূর্তে মোশি বিলম্ব করতে লাগলেন। তিনি মিনতি জানালেন যে ঈশ্বর যেন তার মনোনীত লোকদের সম্পূর্ণরূপে ধ্বংস না করেন। PPBeng 283.4

কিন্তু অনুতপ্ত দূত এসে গিয়েছিলেন; ধ্বংসের আঘাত ও মৃত্যুর পেয়ালা বন্টন করা শুরু করে দিয়েছিলেন। তার ভাইয়ের নির্দেশে হারোণ কয়লার চুলা হাতে নিয়ে জনগনের মধ্যে “তাহাদের জন্য প্রায়শ্চিত্ত আদায়” করার জন্য উপস্থিত হলেন। “তিনি মৃত ও জীবিত লোকদের মধ্যে দাঁড়াইলেন।” ধ্বংস যজ্ঞ থেমে গেল, কিন্তু ইতিমধ্যেই চৌদ্দ হাজার ইস্রায়েল মৃত্যুবরণ করেছিল। PPBeng 284.1

এখন লোকেরা মরু প্রান্তরে মৃত্যুবরণ করার যথার্থ সত্য স্বীকার করে নিতে বাধ্য হল। তারা চিৎকার করতে লাগল, “দেখ, আমরা মারা পড়ি, বিনষ্ট হই, সকলেই বিনষ্ট হই।” তারা স্বীকার করল যে তাদের নেতার বিরুদ্ধে বিদ্রোহ করে তারা পাপ করেছে, এবং আরও স্বীকার করল যে কোরহ ও তার সাথীরা ঈশ্বরের যথার্থ ও ন্যায্য দন্ডাদেশ ভোগ করেছে। PPBeng 284.2

কোরহের ধ্বংসের মূলে যে পাপ ছিল সেই একই পাপ কি আজও বিরাজ করে না? গর্ব ও উচ্চাভিলাস অনেক দূর পর্য্যন্ত বিস্তৃত যা ঈর্ষা ও আধিপত্যের লড়াইয়ের দ্বার উন্মুক্ত করে চলছে, অনেক আত্মা ঈশ্বর হতে দূরে সরে গিয়ে শয়তানের দলভুক্ত হচ্ছে। কোরহ ও তার সাথীদের মত অনেকেই আত্ম- উন্নতির জন্য চিন্তা, পরিকল্পনা ও কাজ করছেন এবং এর জন্য তারা সত্যকে জলাঞ্জলী দিতে প্রস্তুত রয়েছেন, এবং ঈশ্বরের দাসদের মিথ্যাবাদী ও ভ্রান্তরূপে উপস্থাপিত করতে রাজী আছেন। মিথ্যাকে অনবরত প্রশ্রয় দিতে দিতে পরিশেষে তারা মিথ্যাকেই সত্য বলে গ্রহণ করতে প্রস্তুত রয়েছেন। PPBeng 284.3

যিহূদীরা সদাপ্রভুর নির্দ্দেশ ও বাধা মানতে রাজী ছিলেন না। তারা শাসন মানতে অনিচ্ছুক ছিলেন । এই ছিল মোশির বিরুদ্ধে তাদের অভিযোগের রহস্য। সমাজের ইতিহাসেও ঈশ্বরের দাসদের একই ধরণের আত্মার মোকাবেলা করতে হয়েছে। PPBeng 284.4

সত্যের আলো অবহেলা করলে মন অন্ধকারে পূর্ণ হয় এবং হৃদয় কঠিন হয়, ফলে পাপের মধ্যে এর পরবর্তী পদক্ষেপ, অধিকতর আলোকে অগ্রাহ্য করা, অবশেষে অন্যায়

করা সহজ হয়ে পড়ে, যার ফলশ্রুতিতে অন্যায় করা এক চিরন্তন অভ্যাসে পরিণত হয়। যে পাপের দোষ দেখিয়ে বিশ্বস্ততার সহিত ঈশ্বরের বাক্যের প্রচার করে, সে প্রায়ই ঘৃণার পাত্রে পরিণত হয় । পরশ্রীকাতর ও আনুগত্যহীনরা তাদের সংবেদকে প্রবোদ দানের মাধ্যমে সমাজের মধ্যে দ্বন্দ্বের সৃষ্টি করে এবং যারা সমাজ গড়তে চায় তাদের হাতকে দুর্বল করে । PPBeng 284.5

যাদের ঈশ্বর তার কাজে নেতৃত্ব দেয়ার জন্য আহবান করেছেন তারা যে টুকু অগ্রগতি সাধন করেন তা হিংসা ও ভুল খোঁজার মাধ্যমে তার অপব্যাখ্যা করা হয়। লুথার ওয়েসলী, ইত্যাদি সংস্কারকদের সময় এরূপ করা হয়েছিল। আজও এরূপ করা হচ্ছে। PPBeng 284.6

কোরহ ও তার সাথীরা আলো প্রত্যাখ্যান করতে করতে এত অন্ধ হয়ে গিয়েছিল যে ঈশ্বরের ক্ষমতার আশ্চর্য্য প্রকাশ ও তাদের বিশ্বাসের উদ্রেক করতে অক্ষম হচ্ছিল; তারা ঐগুলিকে শয়তানের কাজরূপে বর্ণনা করছিল। লোকেরাও তাইই করছিল। ঈশ্বরের অসন্তুষ্টির অত্যন্ত বিশ্বাসযোগ্য প্রমাণ থাকা সত্ত্বেও তারা তার দন্ডাদেশকে শয়তানের কাজ বলে পরিচালিত করছিল এবং ঘোষণা দিচ্ছিল যে মোশি ও হারোণ ভাল ও পবিত্র লোকদের মৃত্যুর কারণ ছিলেন। তারা পবিত্র আত্মার বিরুদ্ধে পাপ করছিল। খ্রীষ্ট বলেছেন, “আর যে কেহ পবিত্র আত্মার বিরুদ্ধে কোন কথা কহে, সে ক্ষমা পাইবে না, ইহকালেও নয়, পরকালেও নয়।” মথি ১২:৩২। পবিত্র আত্মার মাধ্যমে ঈশ্বর মানুষের সহিত যোগাযোগ স্থাপন করেন, আর যারা ইচ্ছাকৃত ভাবে ইহাকে শয়তানের কাজ বলে অস্বীকার করে, তারা আত্মার সহিত স্বর্গীয় যোগাযোগ বিচ্ছিন্ন করে থাকে। PPBeng 285.1

যদি পবিত্র আত্মার কাজকে পরিশেষে অস্বীকার করা হয়, তখন ঈশ্বর আত্মাকে রক্ষা করার জন্য আর কিছুই করতে পারেন না। পাপী নিজকে ঈশ্বর হতে বিচ্ছিন্ন করে ফেলে; আর পাপ নিজ হতে সংশোধন সম্ভব নয়। তখন স্বর্গীয় আদেশ হয়, “তাহাকে থাকিতে দেও।” (হোশেয় ৪:১৭)। তখন, “পাপার্থক আর কোন যজ্ঞ অবশিষ্ট থাকে না, কেবল থাকে বিচারের ভয়ঙ্কর প্রতীক্ষা এবং বিপক্ষদিগকে গ্রাস করিতে উদ্যত অগ্নির চন্ডতা।” ইব্রীয় ১০:২৬, ২৭। PPBeng 285.2

অধ্যায় ৩৬—মরু প্রান্তরে চল্লিশ বৎসর ইতঃস্তত ভ্রমণ

PPBeng 286

চল্লিশ বৎসর পর্য্যন্ত ইস্রায়েলরা মরু প্রান্তরের অন্ধকারে আচ্ছন্ন হয়ে রইলেন। কাদেশে তারা ঈশ্বরকে অস্বীকার করলেন। যেহেতু তারা তাঁর চুক্তির প্রতি অবিশ্বস্ত হয়েছিল, তাই তারা ঐ চুক্তির প্রতীক ত্বকচ্ছেদ অনুষ্ঠান লাভ করতে পারবে না । ক্রীতদাসত্বের দেশে ফিরে যাওয়ার তাদের আকাঙ্খা প্রমাণ করেছিল যে তারা স্বাধীনতা ভোগ করার অযোগ্য। এবং বন্দীত্ব থেকে মুক্তির স্মরণার্থে প্রতিষ্ঠিত নিস্তার পর্ব তারা পালন করতে পারবে না । PPBeng 286.1

তথাপি সমাগম তাঁবুর মধ্যে যাজকত্বের কাজ প্রমাণ দিত যে ঈশ্বর তাঁর লোকদের সম্পূর্ণ পরিত্যাগ করেনি। এবং তাঁর অনুগ্রহ তখনও তাদের অভাব পূরণ করত। “তোমার সদাপ্রভু এই মহাপ্রান্তরে তোমার গমন তিনি জানেন; এই চল্লিশ বৎসর তোমার ঈশ্বর সদাপ্রভু তোমার সহবর্ত্তী আছেন। তোমার কিছুরই অভাব হয় নাই।” দ্বিতীয় বিবরণ ২:৭। এই নির্বাসন কালেও সদাপ্রভু ঈশ্বর ইস্রায়েলের তত্ত্ব নিয়েছিলেন: “আর তুমি শিক্ষা দিবার জন্য আপন মঙ্গলময় আত্মা তাহাদিগকে দান করিলে ।...প্রান্তরে...তাহাদের বস্ত্র জীর্ণ হইল না, ও তাহাদের পা ফুলিল না।” নহিমিয় ৯:২০,২১। আগামী প্রজন্মের জন্য মরুপ্রান্তর একটি শৃঙ্খলা বিধানকারীরূপে কাজ করছিল, যা ছিল প্রতিজ্ঞাত দেশে প্রবেশের পূর্ব-প্রস্তুতি। মোশি ঘোষণা করলেন, “মানুষ যেমন আপন পুত্রকে শাসন করে, তোমার ঈশ্বর সদাপ্রভু তোমাকে তদ্রূপ শাসন করেন; অর্থাৎ তুমি তাঁহার আজ্ঞা পালন করিবে কি না, এই বিষয় তোমার মনে কি আছে জানিবার জন্য তোমাকে নত করেন। তিনি তোমাকে ক্ষুধার্ত করিয়া তোমার অজ্ঞাত ও তোমার পূর্বপুরুষদের অজ্ঞাত মান্না দিয়া প্রতিপালন করিলেন; যেন তিনি তোমাকে জানাইতে পারেন যে, মনুষ্য কেবল রুটিতে বাঁচে না। কিন্তু সদাপ্রভুর মুখ হইতে যাহা নির্গত হয়, তাহাতেই মনুষ্য বাঁচে না।” দ্বিতীয় বিবরণ ৮:৫,২,৩। PPBeng 286.2

“তাহাদের সকল দুঃখে তিনি দুঃখিত হইতেন, তাঁহার শ্রীমুখস্বরূপ দূত তাহাদিগকে পরিত্রাণ করিতেন; তিনি আপন প্রেমে ও আপন স্নেহে তাহাদিগকে মুক্ত করিতেন, এবং পুরাকালের সমস্ত দিন তাহাদিগকে তুলিয়া বহন করিতেন।” যিশাইয় ৬৩:৯। PPBeng 286.3

কোরহের বিদ্রোহ ইস্রায়েলদের চল্লিশ হাজার লোক ধ্বংসের কারণ হয়েছিল । আর কোন কোন বিছিন্ন ঘটনা ঈশ্বরের কর্তৃত্বের প্রতি একই ঘৃনার আত্মার উপস্থিতির প্রমাণ দিত । PPBeng 287.1

এক সময় মিসর হতে ইস্রায়েলদের সহিত আগত মিশ্র জনতার এক ব্যক্তি তার নির্দ্ধারিত তাঁবুর জায়গা ছেড়ে দিয়ে ইস্রায়েলদের জন্য নির্ধারিত অংশে প্রবেশপূর্বক সেখানে

তাঁবু খাটানোর অধিকার দাবী করল। তার সহিত তখন বিষয়টি বিচারকদের নিকট পেশ করা হলে তাদের রায় অন্যায়কারীর বিরুদ্ধে গেল। PPBeng 287.2

এই সিদ্ধান্তে ক্রোধান্বিত হয়ে সে বিচারকদের অভিশাপ দিল ও ঈশ্বরের নামের নিন্দা করল। তাকে তৎক্ষণাৎ মোশির নিকট উপস্থিত করা হল । ঈশ্বরের ইচ্ছা না জানা পর্য্যন্ত তাকে বন্দী করে রাখা হল । ঈশ্বর নিজে দন্ডাদেশ জারী করলেন। স্বর্গীয় নির্দ্দেশে নিন্দুককে শিবিরের বাইরে আনা হয় প্রস্ত রাঘাতে মেরে ফেলা হয়। যারা এই পাপের সাক্ষী ছিল তারা তার মাথার উপর তাদের হাত রেখে তার বিরুদ্ধে অভিযোগের সত্যতার প্রমাণ দিল । তারপর তারাই তার উপর প্রথম পাথর মারল এবং যে সকল লোক দর্শকরূপে দাঁড়িয়ে ছিল পরে তারাও পাথর মেরে এই দন্ডাদেশ বহালে সহায়তা করল। PPBeng 287.3

শাব্বাথ লঙঘনকারীদের কি পাথর মারা উচিত?

PPBeng 287

যদি ঐ লোকের পাপের বিচার না হত তবে অন্যান্যরাও নীতি ভ্রষ্ট হত; আর তার ফলে পরবর্তীতে অনেক জীবন নষ্ট হত। PPBeng 287.4

যে মিশ্র জনতা মিসর হতে ইস্রায়েলের সাথে বের হয়ে এসেছিল তারা পৌত্তলিকতা পরিত্যাগ করে সত্য ঈশ্বরের উপাসনা করতে প্রতিজ্ঞা করেছিল; কিন্তু তারা পৌত্তলিকতা ও ঈশ্বরের প্রতি সম্মানহীনতা দ্বারা দুষ্ট হয়ে পড়েছিল । তারা শিবিরে পৌত্তলিকতা ও ঈশ্বরের প্রতি অভিযোগ উত্থাপন বিস্তার করত। PPBeng 287.5

শীঘ্রই শাব্বাথ লঙঘনের একটি ঘটনা ঘটল। তিনি ইস্রায়েলদের অধিকার পরিত্যাগ করবেন বলে ঈশ্বর যে ঘোষণা দিয়েছিলেন তা তাদের মধ্যে বিদ্রোহের মনোভাব সৃষ্টি করেছিল । এক ব্যক্তি কনানে প্রবেশ করতে না পারায় ক্রোধান্বিত হয়ে ঈশ্বরের ব্যবস্থার প্রতি তার অবাধ্যতা প্রকাশের জন্য সে প্রকাশ্যে চতুর্থ আজ্ঞার লঙঘনপূর্বক শাব্বাথ দিনে কাঠ কুড়াতে বেরিয়ে পড়ল । মরুপ্রান্তরে যাত্রাকালে সপ্তম দিনে আগুন জ্বালানো নিষিদ্ধ ছিল। কনানে ঐ নিষেধ প্রযোজ্য ছিল না, কিন্তু মরুপ্রান্তরে শীত নিবারণের জন্য আগুনের প্রয়োজন ছিল না। ইহা ছিল চতুর্থ আজ্ঞার ইচ্ছাকৃত লঙঘন-অসংগত আচরণের পাপ । PPBeng 287.6

মোশি ঘটনাটি ঈশ্বরের সম্মুখে উপস্থাপন করলেন। তখন তিনি নির্দ্দেশ পেলেন, “সেই ব্যক্তির প্রাণদন্ড অবশ্য হইবে; সমস্ত মন্ডলী তাহাকে শিবিরের বাহিরে প্রস্তরাঘাতে বধ করিবে।” গণনা ১৫:৩৫ । ঈশ্বরের নামের নিন্দা-জ্ঞাপন ও স্বেচ্ছায় শাব্বাথ লঙঘন একই শাস্তি ভোগ করল, কেননা উভয়টিই ছিল ঈশ্বরের কর্তৃত্বকে অস্বীকার করা । PPBeng 288.1

যারা শাব্বাথকে যিহূদীপনা মনে করেন তারা অনুযোগ করেন যে, যদি শাব্বাথ পালন করতে হয় তবে এর লঙঘনকারীকে মৃত্যুদন্ড দিতে হবে। কিন্তু ঈশ্বরের বিরুদ্ধে নিন্দাবাদ ও

শাব্বথ লঙঘন একই শাস্তি লাভ করেছিল। যদিও এখন ঈশ্বর তাঁর পবিত্র আজ্ঞা লঙঘন করার জন্য দৈহিক শাস্তি বিধান করেন না, কিন্তু তাঁর পবিত্র নিয়ম লঙঘনকারীরা শেষ বিচার দিনে অবশ্যই মৃত্যুদন্ডে দন্ডিত হবে। PPBeng 288.2

মরুপ্রান্তরের চল্লিশ বৎসর যাবতই প্রতি সপ্তাহে মান্নার অলৌকিকতার মাধ্যমে লোকদের শাব্বাথ দিন স্মরণ করানো হত। তথাপি তাঁর ভাববাদীর মাধ্যমে ঈশ্বর ঘোষণা করেন, "আমার বিশ্রামদিন সকল অতিশয় অপবিত্র করিল।" যিহিষ্কেল ২০:১৩-২৪। PPBeng 288.3

আর প্রতিজ্ঞাত দেশ হতে প্রথম প্রজন্মকে বঞ্চিত করার কারণ সমূহের মধ্যে এটিকেও একটি কারণরূপে গন্য করা হয়। PPBeng 288.4

মরুপ্রান্তরে অবস্থানের কাল অবতীর্ণ হলে পর "লোকেরা কাদেশে বাস করিল।" গণনা ২০:১। উচ্চাকাঙ্খাসহ যে অগণিত জনতা মিসর হতে বেরিয়ে এসেছিল তাদের ভাগ্যে ঘটল লোহিত সাগর পাড়ি দেয়ার গভীর আনন্দ আর জীবন ভর যাত্রার শেষে মরুপ্রান্তরে কবরপ্রাপ্তী। তাদের ওষ্ঠাধর হতে আশীর্বাদের পেয়ালা পাপ কেড়ে নিল। পরবর্তী প্রজন্ম কি এথেকে শিক্ষা গ্রহণ করবে? PPBeng 288.5

অধ্যায় ৩৭—মোশি কনানের সীমান্তে ভুল করেন

PPBeng 289

হোরেবে আঘাত-প্রাপ্ত পাথর হতে প্রথম জীবন্ত জলের প্রস্রবণ সৃষ্টি হয়ে মরুভূমিতে ইস্রায়েলদের সতেজ করে তুলেছিল। তাদের ইতস্ততঃ ভ্রমনকালে, যখনই প্রয়োজন দেখা দিত, তাদের শিবিরের কাছেই অলৌকিক জলের প্রস্রবণ সৃষ্টি হত। PPBeng 289.1

খ্রীষ্ট যীশুই ইস্রায়েলদের জন্য সতেজকারী জলের প্রস্রবণ সৃষ্টি করতেন। “তাহারা এমন এক আত্মিক শৈল হইতে পান করিতেন, যাহা তাহাদের সঙ্গে সঙ্গে যাইতেছিল; আর সেই শৈল খ্রীষ্ট।” ১ করিন্থীয় ১০:৪। তিনি স্বর্গ ও পৃথিবীর অনুগ্রহের উস ছিলেন। “তিনি যখন শুষ্ক স্থান দিয়া তিনি তাহাদের জন্য শৈল তাহাদিগকে লইয়া গেলেন, তাহারা তৃষ্ণার্ত্ত হইল না, হইতে স্রোত বহাইলেন; তিনি শৈল ভেদ করিলেন, জল প্রবাহিত হইল ।” “তিনি শৈল খুলিয়া দিলেন; জল প্রবাহিত হইল; তাহা নদী হইয়া শুষ্ক ভূমিতে বহিল ।” যিশাইয় ৪৮:২১; গীতসংহিতা ১০৫:৪১। PPBeng 289.2

যেমন করে আঘাত-প্রাপ্ত পাথর হতে জীবনদানকারী জল বইত, তেমনি “ঈশ্বর কর্তৃক প্রহারিত” “আমাদের অধর্মের জন্য বিদ্ধ,” “আমাদের অপরাধের জন্য চূর্ণ” (যিশাইয় ৫৩:৪, ৫)। যীশু খ্রীষ্ট হতে হারানো জাতির জন্য পরিত্রাণের নদী প্রবাহিত হচ্ছে। যেমন করে পাথরকে এক বার আঘাত করা হয়েছিল, “তেমনি খ্রীষ্টও অনেকের পাপভার তুলিয়া লইবার নিমিত্তে এক বার উৎসৃষ্ট হইয়াছেন।” ইব্রীয় ৯:২৮। আমাদের পরিত্রাণদাতার দ্বিতীয়বার উৎসৃষ্ট হওয়ার প্রয়োজন নেই। যারা তার অনুগ্রহের আকাঙ্খী তারা শুধু যীশুর নামে চাইবে, তাতেই ইস্রায়েলদের জন্য প্রবাহিত জলের প্রতীক দ্বারা প্রকাশিত জীবন দানকারী রক্ত পুনরায় ঝরবে। PPBeng 289.3

তাদের শিবিরের পাশে অনেক বৎসর যাবত প্রবাহিত জল যিহূদীদের কাদেশে পৌছার পূর্ব মুহূর্তে বন্ধ হয়ে গেল । ঈশ্বর প্রমাণ করলেন যে লোকেরা কি তার তত্ত্বাবধানে বিশ্বাস করবে না তাদের পিতৃপুরুষদের মত তাকে অবিশ্বাস করবে। PPBeng 289.4

এখন কনানের পাহাড় তাদের দৃষ্টি গোচর হচ্ছিল, কিন্তু কনানে পৌছার নির্দ্দিষ্ট যে পথ, সেই ইদোম হতে তারা কিছুটা দূরে ছিল । মোশিকে নির্দেশ দেয়া ছিল, “আর তুমি লোকসমূকে এই আদেশ কর, সেয়ীর-নিবাসী তোমাদের ভ্রাতৃগণের অর্থাৎ এষৌ- সন্তানদের সীমার নিকট দিয়া তোমাদিগকে যাইতে হইবে, আর তাহারা তোমাদের হইতে ভীত হইবে।...তোমরা তাহাদের নিকটে টাকা দিয়া খাদ্য ক্রয় করিয়া ভোজন করিবে; ও টাকা দিয়া জলও ক্রয় করিয়া পান করিবে।” দ্বিতীয় বিবরণ ২:৪-৬। PPBeng 290.1

তাদের জল কেন বন্ধ হয়েছে তার জন্য এই ব্যাখ্যাই যথেষ্ট ছিল; কনানে যাবার সোজা রাস্তা হল একটি জল-সিক্ত উর্বর দেশ, যার মধ্য দিয়া তাদের যেতে হবে। সুতরাং অলৌকিক

জল-প্রবাহ থেমে যাওয়া একটি আনন্দের বিষয় হওয়া উচিত ছিল, কারণ এটা ছিল একটি সংকেত যে মরু- প্রান্তরে তাদের ইতস্ততঃ ভ্রমণের সমাপ্তি ঘটেছে। PPBeng 290.2

কিন্তু মনে হল লোকেরা আশা ছেড়ে দিয়েছে যে ঈশ্বর তাদের কনানে নিয়ে যাবেন, এবং তারা মরু-প্রান্তরে প্রাপ্ত অনুগ্রহের জন্য অনুযোগ শুরু করল । ইদোমে পৌছার অব্যবহিত পূর্বে জল-প্রবাহ বন্ধ হয়ে গিয়েছিল। তাদের সুযোগ ছিল কোন কিছু দৃষ্টিতে না থাকলেও বিশ্বাসের সহিত কিছু দূর পর্য্যন্ত যাত্রা করা। কিন্তু প্রথম পরীক্ষাতেই তারা তাদের পূর্বপুরুষদের দ্বারা প্রদর্শিত আত্মার প্রকাশ করল । তারা সেই হাতকে ভুলে গেল যে হাত অনেক বৎসর পর্য্যন্ত তাদের প্রয়োজন পূরণ করেছে। PPBeng 290.3

সাহায্যের জন্য ঈশ্বরের কাছে আবেদন করার পরিবর্তে, তারা নৈরাশ্যের অভিযোগ করা শুরু করল, "আমাদের ভাইয়েরা যখন সদাপ্রভুর সম্মুখে মরিয়া গেল, তখন কেন আমাদের মৃত্যু হইল না?" (অর্থ্যাৎ কোরহের বিদ্রোহের কারণে মৃত্যু)। PPBeng 290.4

তাদের নেতা মোশি ও হারোণ সমাগম-তাঁবুর দরজার সামনে উবুড় হয়ে পড়লেন। মোশিকে নির্দেশ দেয়া হল, "তুমি যষ্টি লও, এবং তুমি ও তোমার ভ্রাতা হারোণ মন্ডলীকে একত্র করিয়া তাহাদের সাক্ষাতে ঐ শৈলকে বল, তাহাতে সে নিজ জল প্রদান করিবে।" PPBeng 290.5

ঐ দুই ভাই এখন অনেক বৃদ্ধ হয়ে গিয়েছিলেন। তারা দীর্ঘকাল যাবত ইস্রায়েলদের বিদ্রোহ সহ্য করেছিলেন, আর এখন মোশির ধৈর্য্যের বাঁধ ভেঙ্গে গেল। তিনি চিৎকার করে বললেন, "হে বিদ্রোহিগণ, শুন; আমরা তোমাদের নিমিত্তে কি এই শৈল হইতে জল বাহির করিব?" আর ঈশ্বর শৈলকে বলার জন্য যে আদেশ দিয়েছিলেন, তা না করে, তিনি পাথরকে যষ্টি দ্বারা দু'বার আঘাত করলেন । PPBeng 290.6

প্রচুর জল প্রবাহিত হতে আরম্ভ করল ঠিকই, কিন্তু একটি বড় অন্যায় কাজ করা হল। মোশি ক্রোধের অনুভূতিতে কথা বলেছিলেন। তিনি বলেছিলেন, "হে বিদ্রোহিগণ, শুন।" এই অভিযোগ সত্য ছিল, কিন্তু সত্য কথাও ক্রোধ অথবা অধৈর্য্য সহকারে বলা চলবে না। তাদের অভিযুক্ত করার ভার যখন তিনি নিজেই গ্রহণ করে নিলেন, তখন তিনি ঈশ্বরের আত্মাকে দুঃখ দিলেন। তার আত্ম-নিয়ন্ত্রণের অভাব প্রকাশ পেয়েছিল। তাই তার অতীতের পরিচালনা ঈশ্বরের নির্দ্দেশ অনুসারে ছিল কি না, সে বিষয়ে প্রশ্ন তোলার সুযোগ লোকদের কাছে উপস্থিত হয়েছিল। তাঁর দাসদের মাধ্যমে প্রেরিত উপদেশ অবহেলা করার আকাঙ্খিত ছুতা তারা পেয়ে গেল । PPBeng 291.1

মোশি ঈশ্বরকে অবিশ্বাস করেন

PPBeng 291

মোশি ঈশ্বরকে অবিশ্বাস করেছিলেন। তিনি প্রশ্ন করেছিলেন, "আমরা ...জল বাহির করিব?" মনে হচ্ছিল যেন ঈশ্বর যা প্রতিজ্ঞা করেছিলেন, তা তিনি করবেন না। দুই ভাইকে ঈশ্বর বললেন, "তোমরা ইস্রায়েলদিগের সাক্ষাতে আমাকে পবিত্র বলিয়া মান্য করিতে আমার বাক্যে বিশ্বাস করিলে না।" যখন জল বন্ধ হয়ে গেল, তখন লোকদের বিদ্রোহের কারণে ঈশ্বরের উপর তাদের নিজদের বিশ্বাসও দুর্বল হয়ে পড়ল। তাদের অবিশ্বাসের জন্য পূর্ববর্তী প্রজন্ম মরু-প্রান্তরে ধ্বংস হয়েছিল। এরাও কি অকৃতকার্য্য হবে? PPBeng 291.2

ক্লান্ত ও হতোদ্দম মোশি ও হারোণ জনগণের অনুভূতিকে বাধা প্রদান করতে চেষ্টা করলেন না। তারা এই বিষয়টি লোকদের সামনে এমন ভাবে তুলে ধরতে পারতেন যাতে তারা এই পরীক্ষায় কৃতকার্য্য হন। তারা ঈশ্বরকে কিছু করতে বলার আগে লোকদের অভিযোগ থামাতে পারতেন। মন্দের গতি কি সুন্দর ভাবেই না প্রতিহত করা যেত! PPBeng 291.3

যে ভাবে যীশু খ্রীষ্ট একবার মাত্র বলিকৃত হবেন তদ্রূপ পাথরকেও একবার আঘাত করা হয়েছিল। আর যে ভাবে আমরা যীশুর নামে অনুগ্রহ যাত্রা করে থাকি, সেই একই ভাবে, পাথরের কাছে শুধু কথা বলা প্রয়োজন ছিল। পাথরকে দ্বিতীয়বার আঘাত করার মাধ্যমে খ্রীষ্টের বলির যে সুন্দর প্রতীক ব্যবহার করা হয়েছিল, তার গুরুত্ব ধ্বংস করে ফেলা হল। PPBeng 291.4

তা ছাড়া, মোশি ও হারোণ সেই ক্ষমতা গ্রহণ করেছিলেন যা শুধুমাত্র ঈশ্বরেরই। ইস্রায়েলদের নেতাদের এই অবস্থার আরো উন্নতি করা উচিত ছিল এবং ঈশ্বরের উত্তমতা ও শক্তির উপর লোকদের আস্থা আরো বাড়িয়ে তোলা উচিত ছিল। যখন তারা ক্রুদ্ধ স্বরে বললেন, "আমরা তোমাদের নিমিত্ত কি এই শৈল হইতে জল বাহির করিব?" তখন তারা নিজদের ঈশ্বরের স্থানে স্থাপন করেছিলেন যেন ঐ জল বাহির করার ক্ষমতা তাদের মধ্যে ছিল। PPBeng 292.1

মোশি সর্বশক্তিমান সহায়ককে তার দৃষ্টি হতে হারিয়ে ফেলেছিলেন, এবং তার ইতিহাসকে মানবিক দুর্বলতা দ্বারা কলুষিত করেছিলেন। যে ব্যক্তি তার কাজের শেষ পর্যন্ত স্বার্থহীন ও দৃঢ় ভাবে দাঁড়িয়ে থাকতে পারতেন, তিনিই শেষ মুহূর্তে পরাজিত হলেন। PPBeng 292.2

সেই মুহূর্তে ঈশ্বর তাদের উপর দন্ডাজ্ঞা জারী করলেন না যারা মোশি ও হারোণকে ক্রোধান্বিত করে তুলেছিল। সমস্ত তিরস্কারই নেতাদ্বয়ের উপর পড়ল। এই অভিযোগ যে তাদের বিরুদ্ধে ছিল না কিন্তু ছিল ঈশ্বরের বিরুদ্ধে এটি বুঝতে না পেরে মোশি ও হারোণ নিজেরাই দুঃখিত হয়েছিলেন। নিজেদের দিকে তাকিয়ে তারা অজ্ঞাত ভাবে পাপ করে ফেললেন, আর ঈশ্বরের বিরুদ্ধে তাদের পাপ লোকদের দেখিয়ে দিতে ব্যর্থ হলেন। PPBeng 292.3

“পরে সদাপ্রভু মোশি ও হারোণকে বললেন, তোমরা ইস্রায়েল- সন্তানদিগের সাক্ষাতে আমাকে পবিত্র বলিয়া মান্য করিতে, আমার কথায় বিশ্বাস করিলে না, এই জন্য আমি তাহাদিগকে যে দেশ দিয়াছি, সেই দেশে তোমরা এই মন্ডলীকে প্রবেশ করাইবে না।” তাদের যদ্দন নদী পার হবার আগেই মৃত্যুবরণ করতে হবে। তাদের বিরুদ্ধে ইচ্ছাকৃত অথবা সজ্ঞানে পাপ করার কোন অভিযোগ ছিল না; তারা একটি আকস্মিক প্রলোভনে প্রলোভিত হয়েছিলেন, এবং তাদের তাৎক্ষণিক ও গভীর মর্মপীড়া হয়েছিল। সদাপ্রভু তাদের অনুতাপ গ্রাহ্য করলেন, কিন্তু তাদের পাপে লোকদের মধ্যে যে ক্ষতি সাধন করতে পারে, ঐ জন্য তিনি তাদের শাস্তি ক্ষমা করতে পারলেন না । PPBeng 292.4

মোশি লোকদের বললেন যেহেতু তিনি ঈশ্বর প্রাপ্য গৌরব দিতে অক্ষম হয়েছিলেন, তিনি তাদের প্রতিজ্ঞাত দেশে পরিচালিত করে নিয়ে যেতে পারবেন না। তার উপরে যে কঠোর শাস্তি নেমে এল তা তিনি লোকদের বিবেচনা করে দেখতে বললেন, যেন তারা বুঝতে সক্ষম হয় যে তাদের নিজের দোষে যে শাস্তি তাদের উপর নেমে এসেছিল তা একজন সাধারণ মানুষের উপর চাপিয়ে দিয়ে তারা কত বেশী শাস্তির ভাগীদার হবে। তিনি তাদের বলেন যে তিনি ঈশ্বরের কাছে এই শাস্তি হতে ক্ষমা চেয়েছিলেন, কিন্তু তা প্রত্যাখ্যান করা হয়েছে। PPBeng 292.5

যাত্রাকালে যখনই তারা পথের কষ্ট সম্বন্ধে অভিযোগ করেছে, তখনই মোশি বলেছেন, “তোমাদের অভিযোগও ঈশ্বরের বিরুদ্ধে। আমি নয় কিন্তু ঈশ্বর তোমাদের জন্য পরিত্রাণ দান করছেন?” কিন্তু তার দ্রুত উত্তর “আমরা ...কি...জল বাহির করিব?” তাদের অভিযোগের যথার্থতা প্রমাণের সহায়ক ছিল । মোশিকে প্রতিজ্ঞাত দেশে প্রবেশের অনুমতি না দিয়ে সদাপ্রভু তাদের মন থেকে এই অনুভূতি চিরদিনের জন্য মুছে দেবেন। মোশি যে তাদের নেতা নয় এর দ্বারা তা প্রমাণ করা হবে । PPBeng 293.1

সদাপ্রভু বলেছিলেন, “দেখ, আমি পথে তোমাকে রক্ষা করিতে, এবং আমি যে স্থান প্রস্তুত করিয়াছি, সেই স্থানে তোমাকে লইয়া যাইতে তোমার অগ্রে অগ্রে এক দূত প্রেরন করিতেছি। তাহা হইতে সাবধান থাকিও, এবং তাঁহার রবে অবধান করিও,....কারণ তাঁহার অন্তরে আমার নাম রহিয়াছে।” যাত্রাপুস্তক ২৩:২০, ২১ । PPBeng 293.2

মোশি ও হারোণের পাপের শাস্তির প্রয়োজন কেন?

PPBeng 293

মোশি বলেছিলেন “তোমাদের কারণে সদাপ্রভু আমার প্রতি ক্রোধান্বিত হইলেন।” তাদের পাপ মন্ডলীর সকলেরই জানা ছিল। যদি এটাকে গুরুত্বহীন মনে করে ছেড়ে দেয়া হত তা হলে এই মনোভাবের সৃষ্টি করা হত যে যারা দায়িত্বপূর্ণ কাজে নিয়োজিত গভীর চাপের মধ্যে তারা যদি অধৈর্য্যশীল হয়ে পড়েন তবে তাদের ক্ষমা করা উচিত। কিন্তু যখন

এই একটি পাপের জন্য মোশি ও হারোণকে কনানে প্রবেশ করতে দেয়া হল না, তখন লোকেরা জানতে পারল যে ঈশ্বরের নিকট সকলেই সমান। PPBeng 293.3

ভবিষ্যতের লোকদের দেখা উচিত যে স্বর্গীয় ঈশ্বর সম্পূর্ণ নিরপেক্ষ, আর তিনি কোন ক্ষেত্রেই পাপকে ন্যায্য বলে মানেন না। ঈশ্বরের উত্তমতা ও প্রেম তাকে সেই মারাত্মক পাপের পরিসমাপ্তির জন্য কাজে লিপ্ত করে যে পাপ সমগ্র পৃথিবীতে শান্তি ও আনন্দ ধ্বংস করে। PPBeng 293.4

ঈশ্বর লোকদের অধিকতর পাপ ক্ষমা করেছেন। কিন্তু যাদের পরিচালিত করা হয় তাদের পাপ ও নেতাদের পাপকে একই ভাবে ক্ষমা করা ঈশ্বরের জন্য সম্ভব নয়। তিনি মোশিকে পৃথিবীর সমস্ত লোকের চেয়ে অধিক আলো ও এত অধিক জ্ঞানের অধিকারী ছিলেন, সেই জন্য তার পাপ অধিকতর গুরুতর বিবেচিত হল। অতীতের বিশ্বস্ততা একটি মাত্র পাপের প্রায়শ্চিত্তও আদায় করতে অক্ষম যত অধিক আলো ও সুযোগ-সুবিধা একজন ব্যক্তিকে দেয়া হয়, তার অকৃতকার্য্যতা তত বেশী গুরুতর বিবেচিত হয় এবং তার শাস্তি ও তদ্রূপ কঠিনতর হয়ে থাকে। PPBeng 294.1

মোশির পাপ একটি নিত্য নৈমিত্তিক ব্যাপার ছিল। গীতরচক লিখেছেন, "আর উনি আপন ওষ্ঠাধরে অবিবেচনার কথা কহিলেন।" গীতসংহিতা ১০৬:৩৩। মানুষের বিচারে এটি একটি সাধারণ পাপরূপে বিবেচিত হতে পারে, কিন্তু যদি ঈশ্বর তার অত্যন্ত বিশ্বস্ত ও সম্মানিত দাসদের সহিত এমন কঠিন ব্যবহার করে থাকেন, তাহলে তিনি অন্যের মধ্যের পাপও ক্ষমা করেন না। আত্ম-গরিমা প্রকাশ, আমাদের ভাইদের অভিযোগ ও তিরস্কার, ইত্যাদি, ঈশ্বরের অসন্তুষ্টির কারণ। একজনের পদ যতই গুরুত্বপূর্ণ হবে, তার জন্য তত বেশীই ধৈর্য্য ও নম্রতার চর্চা করা প্রয়োজন। PPBeng 294.2

যারা দায়িত্বশীল পদে অধিষ্ঠিত হন, যদি তারা যে গৌরব ঈশ্বরের প্রাপ্য তা নিজের কৃতিত্বরূপে প্রকাশ করেন তবে শয়তান জয়লাভ করে। আমাদের মধ্যে এমন কোন চারিত্রিক আবেগ বা হৃদয়ের আকাঙ্খা নেই যা প্রতি মুহূর্তে ঈশ্বরের আত্মার নিয়ন্ত্রণের অধীন না করলে চলে। সুতরাং কোন ব্যক্তি যত অধিক আলোর অধিকারীই হোক না কেন অথবা যত পর্যাপ্তই সে স্বর্গীয় অনুগ্রহ পেয়ে থাকুক না কেন, তথাপি তাকে বিনম্র ভাবে চলাফেরা করতে হবে এবং ঈশ্বরের কাছে অবিরত প্রার্থনা করতে হবে যেন ঈশ্বর তার সমস্ত আবেগ নিয়ন্ত্রণে রাখেন। PPBeng 294.3

মোশির উপর যে বোঝা চাপানো হয়েছিল, তা ছিল অত্যন্ত ভারী। যে পরীক্ষায় মোশিকে ফেলা হয়েছিল কোন মানুষকেই আর এত কঠিন পরীক্ষায় ফেলা হবে না। PPBeng 295.1

তথাপি এতেও তার পাপ ক্ষমা করার মত কারণ ছিল না। আমাদের আত্মার বোঝা যতই ভারী হউক না কেন, পাপ করা আমাদের নিজেদের কাজ। পৃথিবী ও নরকে এমন কোন

ক্ষমতা নাই যা কাউকে পাপ করতে বাধ্য করতে পারে। আক্রমণ যত কঠিন ও যত অপ্রত্যাশিত হোক না কেন, ঈশ্বর আমাদের জন্য সহায়ক রেখেছেন, এবং তার শক্তিতে আমরা বিজয় লাভ করতে পারি। PPBeng 295.2

অধ্যায় ৩৮—ইদোম পরিবেষ্টন করে এই দীর্ঘ যাত্রা কেন

PPBeng 296

কাদেশে ইস্রায়েলদের শিবির ইদোমের সীমা হতে অল্প দূরে অবস্থিত ছিল, এবং মোশি ও লোকেরা এই দেশের ভিতরের রাস্তা দিয়ে প্রতিজ্ঞাত দেশে পৌঁছার আকাঙ্খী ছিলেন। তাই তারা ইদোমীয় রাজার নিকট একটি বার্তা প্রেরণ করলেনঃ PPBeng 296.1

“তোমার ভ্রাতা ইস্রায়েল কহিতেছে.... আর দেখ, আমরা তোমার দেশের প্রান্তস্থিত কাদেশ নগরে আছি। আমি বিনয় করি, তুমি আপন দেশের মধ্য দিয়া আমাদিগকে যাইতে দেও; আমরা শস্যক্ষেত্র কি দ্রাক্ষাক্ষেত্র দিয়া যাইব না, কূপের জলও পান করিব না; কেবল রাজপথ দিয়া যাইব; যাবৎ তোমার সীমা উত্তীর্ণ না হই, তাবৎ ডানে কি বামে ফিরিব না।” PPBeng 296.2

এই অত্যন্ত ভদ্রতাসূচক অনুরোধের উত্তরে এক অত্যন্ত ভীতি প্রদর্শনমূলক উত্তর প্রদান করা হল: “তুমি আমার {দেশের} মধ্য দিয়া যাইতে পাইবে না, গেলে আমি খড়গ লইয়া তোমার বিরুদ্ধে বাহির হইব।” PPBeng 296.3

ইস্রায়েলের নেতাগণ বিশেষ প্রতিজ্ঞাপূর্বক আরেকটি অনুরোধ রাজাকে জানালেন, “আমরা রাজপথ দিয়া যাইব; আমি কি আমার পশুগণ, আমরা যদি তোমার জল পান করি, তবে আমি তাহার মূল্য দিব; আর কিছু নয়, কেবল আমাকে পায়ে হাঁটিয়া যাইতে দাও।” PPBeng 296.4

উত্তর হল, “তুমি যাইতে পাইবে না।” ইদোমীয়দের সশস্ত্র বাহিনী বিভিন্ন কঠিন কঠিন প্রবেশ দ্বারে অবস্থান গ্রহণ করল, এবং ইস্রায়েলদের শক্তি প্রয়োগ করতে মানা করা হল। তারা ইদোম দেশ পরিবেষ্টনপূর্বক লম্বা পথেই যাত্রা করবেন। PPBeng 296.5

যদি লোকেরা ঈশ্বরের উপর আস্থা রাখতেন, তবে সদাপ্রভুর বাহিনীর অধিপতি তাদের ইদোমের মধ্য দিয়েই নিয়ে যেতেন। দেশের লোকেরা তাদের বিরুদ্ধাচরণ না করে বরং অনুগ্রহ প্রদর্শন করত। কিন্তু ইস্রায়েলরা ঈশ্বরের আদেশ মতো দ্রুত পদক্ষেপ গ্রহণ করল না, ফলে একটি সুবর্ণ সুযোগ হারিয়ে গেল। পরিশেষে যখন তারা রাজাকে অনুরোধ জানাতে প্রস্তুত হল, তখন তা প্রত্যাখান করা হল। মিশর ত্যাগ করার মুহূর্ত হতে শয়তান তাদের পথে নানা প্রকার বাধা সৃষ্টি করেছে যেন তারা কনান দেশ অধিকার করতে না পারে। আর তাদের বিশ্বাসের দুর্বলতার মাধ্যমে তারা বার বার তার জন্য দরজা খুলে দিয়েছে। PPBeng 296.6

যখনই ঈশ্বর তার সন্তানদের এগিয়ে যেতে আদেশ করেন তখন শয়তান তাদের প্রলোভিত করে যেন ইতঃস্তত করার মাধ্যমে ও বিলম্ব করার মাধ্যমে তারা ঈশ্বরকে অসন্তুষ্ট করে। সে চেষ্টা করে বিবাদ, অবিশ্বাস, অভিযোগ ইত্যাদি সৃষ্টি করতে যেন সে তাদের সেই

আশীর্বাদ লাভে বঞ্চিত করে যে আশীর্বাদ ঈশ্বর তাদের দিতে চান। ঈশ্বরের দাসগণ হবেন অত্যন্ত সময় সচেতন। তাদের তরফে কোন দেরী হলে শয়তান তাদের পরাজিত করতে সচেষ্ট হয়। PPBeng 297.1

ইদোমীয়রা ছিলেন অব্রাহাম ও ইস্‌হাকের বংশধর । তার এই সন্তানদের জন্য তিনি তাদের সেয়ীর পর্বত দান করেছিলেন। তাদের ততক্ষণ পর্য্যন্ত কোনরূপ বাধা প্রদান নিষেধ ছিল যতক্ষণ না তারা তাদের পাপের মাধ্যমে তার অনুগ্রহের বাইরে নিয়ে যায়। যিহুদীরা কনানীয়দের সম্পূর্ণরূপে ধ্বংস করার কথা ছিল কেননা তারা তাদের পাপের পেয়ালাপূর্ণ করে ফেলেছিল। কিন্তু ইদোমীয়রা তখনও পরীক্ষাধীন ছিল এবং তাদের সহিত দয়া সহকারে ব্যবহার করার কথা ছিল। দন্ডাদেশ দান করার আগে ঈশ্বর তার সহানুভূতি ও প্রেম প্রদর্শন করে থাকেন। PPBeng 297.2

দেশের মধ্য দিয়ে যাত্রা করার অনুমতি প্রদান না করার জন্য ইস্রায়েলরা তাদের উপর বর্তমানে বা ভবিষ্যতে কোনরূপ প্রতিশোধ না নিতে আদেশ করা হয়েছিল। তাদের ইদোম দেশের কোন অংশই দখল করার কথা ছিল না। ঈশ্বর তাদের এক অত্যন্ত ভাল দেশ দেবার প্রতিজ্ঞা করেছিলেন, কিন্তু তাদের এরকম চিন্তা করা নিষেধ ছিল যে তারাই পৃথিবীতে বাস করবে আর অন্য সকলকে তারা ধ্বংস করবে। তারা ইদোমীয়দের প্রতি অবিচার করতে পারত না। তারা তাদের সাথে কারবার করতে পারত, কিন্তু সমস্ত কিছুর মূল্য তাৎক্ষণিক ভাবে পরিশোধ করার কথা ছিল। তারা ঈশ্বরের উপর আস্থা রাখে ও তার আদেশ মানে, তাই তাদের স্মরণ করানো হয়েছিল, "তোমার ঈশ্বর সদাপ্রভু...তোমাকে আশীর্বাদ দান করিয়াছেন; ... তোমার কিছুরই অভাব হয় নাই।" তাদের এমন এক ঈশ্বর ছিলেন যিনি সম্পদশালী। তারা যে নীতির দৃষ্টান্ত হবে, তা হল, "তোমার প্রতিবেশীকে আপনার মত প্রেম করিবে PPBeng 297.3

ঈশ্বরের যেরূপ উদ্দেশ্য ছিল সেরূপ তারা যদি ইদোম দেশের ভিতর দিয়ে যাত্রা করত, তবে তাদের যাত্রা সেই দেশের লোকদের জন্য একটি আশীর্বাদ হত কেননা তারা ঈশ্বরের লোকদের সাথে পরিচিত হতে ও তার আরাধনা সম্বন্ধে জানতে পারত, এবং দেখতে পেত যে লোকেরা তাকে প্রেম ও ভয় করে। যাকোবের ঈশ্বর তাদের কিরূপ উন্নতি দান করে থাকেন। কিন্তু ইস্রায়েলের বিশ্বাসের অভাবের জন্য এসকলই নিষ্ফল হল। আবারও তাদের মরু-প্রান্তর দিয়ে যেতে হবে এবং অলৌকিক জলের প্রস্রবণ হতে পিপাসা মিটাতে হবে, কিন্তু যদি তারা তাকে বিশ্বাস করত তবে এ সবের প্রয়োজন হত না। PPBeng 298.1

হারোণ মোশির হাতে মারা যান PPBeng 298.2

তাই আবারও ইস্রায়েলদের অনুর্বর পতিত ভূমি দিয়ে যাত্রা শুরু করতে হল যা, ইদোমের পাহাড় ও উপত্যকার সবুজ জায়গা দেখার পর, আরো বেশী শুষ্ক মনে হল। এই বিষাদময় মরুভূমির এক পাশে ছিল হোর পর্বত, যার চূড়া হারোণের মৃত্যু ও কবরস্থানে

পরিণত হতে যাচ্ছিল। যখন ইস্রায়েলরা পর্বত মালায় পৌছাল, তখন মোশির কাছে স্বর্গের আদেশ আসল PPBeng 298.3

"তুমি হারোণকে ও তাহার পুত্র ইলীয়াসরকে হোর পর্বতের উপরে লইয়া যাও। আর হারোণকে তাহার বস্ত্র ত্যাগ করাইয়া তাহার পুত্র ইলীয়াসরকে তাহা পরিধান করাও; হারোণ সে স্থানে {আপন লোকদের কাছে} সংগৃহীত হইবে, সেখানে মরিবে।" গণনা ২০:২৫, ২৬। PPBeng 298.4

দুই বৃদ্ধ ও যুবকটি অত্যন্ত কষ্টে পাহাড়ের চূড়ায় চড়লেন। মোশি ও হারোণের মস্তক ছিল শুভ্র। তাদের দীর্ঘ ও ঘটনা বহুল জীবন এমন সকল পরীক্ষা ও সম্মান দ্বারা ভূষিত ছিল যা আর কোন মানুষের ভাগ্যে ঘটেনি। অসীম ঈশ্বরের সহিত যোগাযোগের ফলে তাদের সমস্ত ক্ষমতা পূর্ণরূপে বিকশিত হয়েছিল, উন্নীত হয়েছিল ও সম্মান প্রাপ্ত হয়েছিল। তাদের চেহারায় প্রচুর বুদ্ধিমত্তা উদ্দেশের দৃঢ়তা ও মহত্ত্বের আভাষ, এবং গভীর প্রেমের ভাব ফুটে উঠেছিল। PPBeng 298.5

অনেক বসর যাব তারা অসংখ্য বিপদের মোকাবেলা করেছিলেন, কিন্তু এখন তাদের পৃথক হওয়ার সময় উপস্থিত। তারা খুব ধীরে ধীরে এগুলেন, কেননা তাদের প্রতি মুহূর্তের সান্নিধ্য অত্যন্ত মূল্যবান ছিল। পর্বত খুবই খাড়া ছিল ও উপরে উঠা কষ্ট-সাধ্য ছিল; এবং প্রায়ই যখন তারা বিশ্রামের জন্য থামতেন তখন তারা অতীত ও ভবিষ্যতের বিষয় নিয়ে আলোচনা করতেন। তাদের সামনে তাদের মরুভূমিতে যাত্রার দৃশ্যাবলী প্রসারিত ছিল। আর নীচের সমভূমিতে ইস্রায়েলদের শিবির ছিল; এই ইস্রায়েলদের জন্য তারা দু'জন তাদের জীবনের অধিকাংশই দান করেছিলেন এবং অনেক আত্ম-ত্যাগও করেছিলেন। ইদোমের পাহাড়ের ওপারে কোথাও রয়েছে প্রতিজ্ঞাত দেশে প্রবেশের পথ, আর মোশি ও হারোণ আর এই প্রতিজ্ঞাত দেশের আনন্দ উপভোগ করতে পারবেন না। তাদের পিতৃপুরুষদের অধিকার হতে কেন তারা বঞ্চিত হলেন তা যখন তাদের স্মৃতিতে উদয় হল তখন তাদের চেহারায় কিছুটা মালিন্য দেখা গেল। PPBeng 299.1

ইস্রায়েলেদের জন্য হারোণের কাজের সমাপ্তি হল। তিরাশি বসর বয়সে এবং এখন হতে চল্লিশ বসর আগে ইশ্বর তাকে এই বিশেষ উদ্দেশ্যে মোশির সহিত একত্রিত হতে বলেছিলেন। অমালেকীয়দের সহিত যখন যিহূদীরা যুদ্ধ করছিল তখন তিনি এই মহান নেতার হাত উঁচু করে ধরে রেখেছিলেন। স্বর্গীয় গৌরব দেখার জন্য সীনয় পর্বতে উঠতে অনুমতি দেয়া হয়েছিল। কোরহ ও তার দলকে ভয়াবহ দন্ডাজ্ঞা দ্বারা ধ্বংসের মাধ্যমে তিনি তাকে ঐ পবিত্র পদে অধিষ্ঠিত রেখেছিলেন। ঈশ্বরের আদেশ অমান্য করার জন্য যখন তিনি তার দুই ছেলেকে হত্যা করেন তখন তিনি বিদ্রোহ করেন নি অথবা অভিযোগ উঠান নি। PPBeng 299.2

তথাপি তার এই মহ জীবনের ইতিহাস তখন কলুষিত হয়েছে যখন তিনি লোকদের দাবীতে সীনয়ে একটি স্বর্ণের গোবস বানিয়েছিলেন, এবং যখন তিনি মরিয়মের সহিত যুক্ত হয়ে মোশির বিপক্ষে অভিযোগ তুলেছিলেন। আবার কাদেশে যেন পাথর জল দান করে তার জন্য পাথরকে বলার জন্য ঈশ্বরের আদেশ অমান্য করে মোশি ও তিনি ঈশ্বরকে অসন্তুষ্ট করেছিলেন। PPBeng 299.3

হারোণ ইস্রায়েলদের নাম তার বুকে ধারণ করে রেখেছিলেন। তিনি লোকদের ঈশ্বরের আদেশ জ্ঞাত করতেন। তিনি প্রায়শ্চিত্তের দিনে সমস্ত ইস্রাইলেদের জন্য মধ্যস্থতা করার জন্য রক্ত সহকারে মহা-পবিত্র স্থানে প্রবেশ করতেন। আমাদের মহা-যাজকের প্রতিনিধিরূপে ঐ পবিত্র ও গৌরব পদের অধিকারী হওয়ার জন্যই কাদেশে হারোনের পাপকে এত বড় করে দেখা হয়েছিল। PPBeng 299.4

গভীর দুঃখ সহকারে মোশি হারোণের পোষাক খুলে তা তার ছেলে ইলীয়াসকে পরালেন, যে ইলীয়াসের ঈশ্বর দ্বারা তারা উত্তরাধিকারীরূপে নিযুক্ত হল। কাদেশে তার পাপের জন্য হারোণকে ঐ উত্তম দেশ কনানে বলি দান করা হতে বিরত রাখা হল। মোশি লোকদের পরিচালিত করে কনানের প্রান্ত সীমা পর্য্যন্ত নিয়ে যাবেন, কিন্তু ঐখানে প্রবেশ করতে পারবেন না। যদি ঈশ্বরের এই দাসগণ বিনা দ্বিধায় কাদেশে তাদের পরীক্ষাতে জয়লাভ করতে পারতেন, তা হলে তাদের ভবিষ্যত কি সন্দরই না হত। একটি ভ্রান্ত কাজ কখনো সংশোধন করা সম্ভব নয়। মুহূর্তের ভুলের জন্য হয়ত সারা জীবনের কাজের যে অপুরণীয় ক্ষতি হয়ে যায় তা আর কখনও পূরণ করা সম্ভব হয় না। PPBeng 300.1

লোকেরা যখন তাদের বৃহৎ সমাজের দিকে থাকাল, তখন দেখতে পেল যে, সকল পূর্ণ বয়স্ক লোকেরা মিশর ছেড়ে এসেছিল, তারা প্রায় সকলেই মরু- প্রান্তরে মারা পড়েছিলেন। মোশি ও হারোণের যে দন্ডাদেশ জারী করা হয়েছিল তা তাদের মনে পড়ল। কেউ কেউ হোর পর্বতের এই রহস্যপূর্ণ যাত্রার লক্ষ্য জানতেন, আর আত্মগ্লানীর মাধ্যমে তাদের স্মৃতির তিক্ততা আরো বৃদ্ধি পেল। PPBeng 300.2

হারোণের মৃত্যু হতে শিক্ষা

PPBeng 300

মোশি ও ইলীয়াসরকে ধীরে ধীরে পাহাড়ের গা বেয়ে নেমে আসতে দেখা গেল। ইলীয়াসরের উপর মহা-যাজকের পোশাক দেখা গেল, তা হতে বুঝা গেল যে সে তার পিতার পদের অধিকারী হয়েছে। যখন একত্রিত হলো মোশি তাদের বললেন যে হারোণ হোর পর্বতে তার কোলে মৃত্যুবরণ করেছেন এবং তারা তাকে ঐ স্থানেই কবর দিয়েছেন। সমাজের লোকেরা ক্রন্দন ও আর্ত- চিৎকারে ভেঙ্গে পড়লেন। "তখন সমস্ত ইস্রায়েল কুল হারোনের জন্য ত্রিশ দিন পর্যন্ত শোক করিল।' PPBeng 300.3

পুস্তকে খুবই সংক্ষিপ্ত ভাবে এর ইতিহাস বর্ণনা করা হয়, "হারোণ সে স্থানে মরিলেন, এবং সেই স্থানে তাঁহার কবর দেওয়া হইল।" দ্বিতীয় বিবরণ ১০:৬। পক্ষান্তরে, কোন উচ্চপদস্থ ব্যক্তি মারা গেলে তার সমাধির জন্য অনেক সাজ-সজ্জা করা হয়। যখন হারোণ মৃত্যুবরণ করলেন তখন তার কবর দানের জন্য তার নিকটতম দু'জন বন্ধু উপস্থিত ছিলেন। সেই জনহীন কবর ইস্রায়েলদের দৃষ্টি হতে চিরকাল জন্য লুকিয়ে ফেলা হল। মৃত দেহকে ভূমিতে প্রত্যাবর্তন করানোর সময় অতিরিক্ত ব্যয় দ্বারা ঈশ্বরের মহিমা প্রকাশিত হয় না। PPBeng 300.4

হারোণের মৃত্যু মোশিকে স্মরণ করিয়ে দিল যে, তারও অন্তিম মুহূর্ত নিকটবর্তী হচ্ছে। যে অনেক বৎসর যাবত তার আশা ও আনন্দের সহভাগী ছিল তার অনুপস্থিতি তিনি গভীররূপে অনুভব করলেন। এখন হতে মোশিকে একাই কাজ করতে হবে; কিন্তু তিনি জানতেন যে ঈশ্বরই তার পরম বন্ধু এবং তার উপরেই তিনি আরো দৃঢ়রূপে নির্ভরশীল হলেন। PPBeng 301.1

হোর পর্বত পরিত্যাগের অব্যবহিত পরেই ইস্রায়েলরা কনানীয় রাজা অরাদের সহিত যুদ্ধে পরাজয় বরণ করল। কিন্তু যখন তারা ঈশ্বরের সাহায্য কামনা করল, তখন তাদের স্বর্গীয় সাহায্য দেয়া হল আর তাদের শত্রুরা সম্পূর্ণরূপে পরাজিত হল। এই বিজয়ের ফলে তারা ঈশ্বরের প্রতি কৃতজ্ঞ না হয়ে বরং গর্বিত ও আত্ম-বিশ্বাসী হয়ে উঠল। PPBeng 301.2

বৃক্ষ ও ছায়াহীন উত্তপ্ত উপত্যকা দিয়ে ভ্রমণ করে তারা দক্ষিণ দিকে চললেন। তারা ক্লান্ত ও জলের পিপাসায় কষ্ট পেতে লাগলেন। আবারও তারা বিশ্বাস ও ধৈর্যের পরীক্ষায় অকৃতকার্য হলেন। অন্ধকারের দিক সমূহ আলোচনার মাধ্যমে তারা ঈশ্বরের থেকে আরো দূরে সরে পড়লেন। তারা ভুলে গেলেন যে যদি না তারা কাদেশে জল শেষ হওয়ার পর অভিযোগ তুলতেন তবে তাদের ইদোম দেশ পরিবেষ্টন করে ভ্রমণ করতে হত না। তারা এই ভাবে আত্ম-তুষ্টি লাভ করতে চেষ্টা করলেন যে যদি ঈশ্বর ও মোশি তাদের বাধা হয়ে না দাঁড়াতেন তবে এত দিনে তারা প্রতিজ্ঞাত দেশের অধিকার লাভ করতে পারতেন। ঈশ্বর যেরূপ চান নি, তাদের অবস্থা তার চেয়েও অধিক কষ্ট সাধ্য করার পর এখন তারা তাদের সহিত তাঁর ব্যবহারের তিক্ত সমালোচনা করতে লাগল এবং সমস্ত কিছুতেই অসন্তোষ প্রকাশ করতে লাগল। স্বাধীনতা ও যে দেশে ঈশ্বর তাদের নিয়ে যাচ্ছিলেন সে দেশের চেয়ে মিসর তাদের নিকট আরো বেশী আকাঙ্খিত মনে হল। PPBeng 301.3

অবিশ্বাস করলে কি ফল হয়

PPBeng 302

"আর লোকেরা ঈশ্বরের প্রতিকুলে ও মোশির প্রতিকূলে কহিতে লাগিল, তোমরা কেন আমাদিগকে মিসর হইতে বাহির করিয়া আনিলে, যেন আমরা প্রান্তরে মরিয়া যাই? রুটিও নাই, জলও নাই; আর আমাদের প্রাণ এই লঘু ভক্ষ্য ঘৃণা করে।" PPBeng 302.1

মোশি বিশ্বস্ততার সহিত লোকদের তাদের মহা পাপ সম্বন্ধে বললেন। "যিনি সেই ভয়ানক মহাপ্রান্তর দিয়া, জ্বালাদায়ী বিষধর ও বৃশ্চিকে পরিপূর্ণ নির্জল মরুভূমি দিয়া" (দ্বিতীয় বিবরণ ৮:১৫) তাদের পরিচালনা দিচ্ছিলেন, একমাত্র সেই ঈশ্বরের ক্ষমতাই তাদের রক্ষা করতে সক্ষম। সমস্ত পথেই তারা জল, স্বর্গ হতে রুটি পেয়েছিলেন এবং দিনে ছায়াদানকারী মেঘস্তম্ভে ও রাত্রে আগুনের স্তম্ভে শান্তি ও নিরাপত্তা ভোগ করেছিলেন। যখন তারা প্রস্তরময় চড়াই অথবা আঁকা-বাঁকা কঠিন পথে চলেছিলেন, তখন দূতগণ তাদের সেবা করেছিলেন। তাদের দল সমূহের মধ্যে কেহই দুর্বল ছিল না। ভ্রমণের ফলে তাদের পা ফুলে যায় নি; অথবা তদের কাপড়-চোপড়ও পুরানো হয় নি। তাদের সামনে ঈশ্বর বনের হিংস্র পশুকে ও মরুভূমির বিষাক্ত সর্পকে সম্পূর্ণ নিয়ন্ত্রণে রেখেছিলেন। PPBeng 302.2

ঈশ্বর তাঁর রক্ষাকারী হাত সরিয়ে ফেলেন

PPBeng 302

স্বর্গীয় শক্তি দ্বারা রক্ষিত হবার ফলে তারা বুঝতে সক্ষম হয়নি যে কত অগণিত বিপদ দ্বারা তারা পরিবেষ্টিত। তাদের অবিশ্বাসের দরুণ তারা মৃত্যুর ভয়ে ভীত ছিল, আর এখন সদাপ্রভু তাদের উপর মৃত্যু আসতে দিলেন। যে সকল বিষধর সর্প দ্বারা মরুপ্রান্তর পরিপূর্ণ ছিল সেগুলিকে বলা হত জ্বালাদায়ী সর্প, কারণ তাদের দংশন ছিল অত্যন্ত জ্বালাময় যা প্রচন্ড জ্বালা ও দ্রুত মৃত্যু ঘটাত। যখন ঈশ্বরের রক্ষাকারী হাত সরিয়ে নেয়া হল, তখন অনেক লোককেই এই সর্প আক্রমণ করল। PPBeng 302.3

প্রত্যেক তাঁবুতেই কেউ না কেউ মৃত্যুবরণ করছিল অথবা মৃত ছিল। তীব্র ক্রন্দনের চিৎকার রাতের নিঃস্তব্ধতা ভেদ করে ঘোষণা করত যে আরেকটি প্রাণ নিহত হল। সকলেই ব্যস্ত থাকতেন দংশন প্রাপ্তদের শুশ্রূশায় অথবা যারা এখনও আক্রান্ত হয়নি তাদের সর্পের আক্রমণ হতে রক্ষায়। বর্তমান দুঃখ- কষ্টের মধ্যে তাদের পূর্বের দুঃখ-কষ্ট চিন্তার মধ্যে স্থান পেত না। PPBeng 302.4

লোকেরা এখন মোশির নিকট অনুতাপ ও অনুরোধসহ উপস্থিত হল। তারা বলল, "তোমার বিরুদ্ধে ও সদাপ্রভুর বিরুদ্ধে কথা বলিয়া আমরা পাপ করিয়াছি।" কিছুদিন আগেই তারা তাকে তাদের দুঃখ ও কষ্টের জন্য দায়ী করেছিল। কিন্তু যখনই সত্যিকার বিপদ এসে উপস্থিত হল তখন তারা ঈশ্বরের নিকট একমাত্র মিনতিকারীরূপে তার নিকটেই ছুটে গেল। "তুমি সদাপ্রভুর নিকট প্রার্থনা কর, যেন তিনি আমাদের নিকট হইতে এই সকল সর্প দূর করেন। PPBeng 303.1

মোশিকে ঈশ্বর আদেশ দিলেন যে তিনি একটি পিত্তলের সর্প তৈরী করে তা লোকদের মধ্যে উঁচু করে রাখেন। আর যারা এই সর্প দ্বারা দংশিত হবে তারা ঐটির দিকে তাকিয়ে রক্ষা পাবে। দ্রুত এই আনন্দদায়ক খবর ঘোষণা করা হল যে, যে কেহ দংশিত হয়েছে সে এই পিত্তলের সর্পের দিকে তাকিয়ে রক্ষা পাবে। অনেকেই ইতিমধ্যে মারা গিয়েছিল, আর যখন

মোশি সর্পটিকে একটি খুঁটির উপরে বেঁধে উঁচুতে রাখলেন, তখন কেউ কেউ এটা বিশ্বাস করতে সক্ষম হচ্ছিল না যে শুধুমাত্র ধাতু নির্মিত মূর্তির দিকে তাকিয়ে তারা রক্ষা পাবে ও সুস্থ হবে; তারা তাদের অবিশ্বাসের মধ্যেই মারা গেল । PPBeng 303.2

কিন্তু ঈশ্বর যে উপায় করে দিলেন অধিকাংশ লোকই তা বিশ্বাস করল। পিতা-মাতা, ভাই, বোন, সকলেই আহত, মৃতপ্রায়দের তাদের ক্ষীণ দৃষ্টি ঐ সর্পের উপর ফেলতে সহায়তা করতে লাগল। যারা নির্জীব ও মৃতপ্রায়, তারা যদি শুধু একবার চোখ খুলে সর্পের দিকে তাকাতে পারত তবে তারা পূর্ণ সুস্থতা লাভ করত । PPBeng 303.3

পিতলের সর্পটি ছিল মুক্তিদাতারই একটি প্রতীক

PPBeng 303

পিত্তলের সর্পটি উঁচুতে উঠিয়ে রাখার কারণ ছিল ইস্রায়েলদের একটি বিশেষ শিক্ষা দান করা। তারা সর্পের বিষ থেকে নিজ প্রচেষ্টায় রক্ষা পেতে পারত না। শুধুমাত্র ঈশ্বরই তাদের রক্ষা করতে পারতেন। আর তাদের করণীয় ছিল যে তিনি যে বন্দোবস্ত করেছেন তাতে বিশ্বাস আনা। বাঁচার জন্য তাদের তাকাতে হত । সর্পের দিকে তাকিয়ে তারা তাদের বিশ্বাসের প্রমাণ দিত। তারা জানত যে সর্পের মধ্যে কোন বিশেষ গুণ ছিল না, কিন্তু এটি খ্রীষ্টের প্রতীক ছিল । PPBeng 303.4

আজ পর্য্যন্ত অনেক লোকই ঈশ্বরের নিকট দান নিয়ে এসেছেন এবং চিন্তা করেছেন যে এর মাধ্যমে তারা তাদের পাপ ক্ষমার জন্য উপযুক্ত প্রায়শ্চিত্ত দান করেছেন। ঈশ্বর এখন তাদের শিক্ষা দিলেন যে পিত্তলের সর্পের মতই তাদের দানের পাপ ক্ষমার কোনই ক্ষমতা নেই, কিন্তু তাদের মন খ্রীষ্টের প্রতি নিবদ্ধ হওয়া প্রয়োজন, যিনি হলেন সকল পাপের প্রায়শ্চিত্ত। PPBeng 304.1

"আর মোশি যেমন প্রান্তরে সেই সর্পকে উচ্চে উঠাইয়াছিলেন, সেইরূপে মনুষ্যপুত্রকেও উচ্চীকৃত হইতে হইবে, যেন, যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে অনন্ত জীবন লাভ করে।" যোহন ৩:১৪, ১৫। যারা এই পৃথিবীতে বাস করেছিলেন তারা সকলেই "সেই পুরাতন সর্প যাহাকে দিয়াবল (অপবাদক) এবং শয়তান (বিপক্ষ) বলা যায়" তার মৃত্যুদায়ক দংশনে দংশিত প্রাপ্ত হয়েছেন। পাপের মারাত্মক ফল শুধু ঈশ্বর প্রদত্ত উপায়ে দূরীভূত করা যায়। ইস্রায়েলরা তাদের জীবন রক্ষা করতে পেরেছিল, কেননা তারা ঈশ্বরের বাক্যকে বিশ্বাস করেছিল এবং তিনি তাদের সুস্থতার জন্য যে উপায় নির্ধারণ করেছিলেন তাতে তারা বিশ্বাস এনেছিল। এই ভাবে, পাপী খ্রীষ্টের দিকে তাকিয়ে জীবন লাভ করতে পারে। সে পাপের প্রায়শ্চিত্ত যে বলিদান তার উপর বিশ্বাস এনে পাপ থেকে ক্ষমা পায়। অনুতপ্ত পাপীকে সুস্থ করার গুণ ও ক্ষমতা খ্রীষ্টের আছে। PPBeng 304.2

যদিও পাপী নিজকে রক্ষা করতে পারে না, তথাপি পরিত্রাণ লাভের জন্য তাকে একটা কিছু করতে হয়। খ্রীষ্ট বলেন, “যে আমার কাছে আসিবে, তাহাকে আমি কোন মতে বাহিরে ফেলিয়া দিব না।” যোহন ৬:৩৭। আমাদের তার নিকট আসতে হবে। আর যখন আমরা অনুতাপ করি, তখন আমাদের বিশ্বাস করতে হবে যে তিনি আমাদের অনুতাপ রক্ষা করেছেন ও পাপ ক্ষমা করেছেনে। বিশ্বাস হল ঈশ্বরের দান, কিন্তু এটা ব্যবহার করার ক্ষমতা আমাদের নিকট। বিশ্বাস হল একটি হাতস্বরূপ যার দ্বারা আমরা ঈশ্বরের অনুগ্রহ ও দয়ার দান গ্রহণ করে থাকি। PPBeng 304.3

অনেকেই এরূপ চিন্তা করেছেন যে তারা নিজেকে যোগ্য করে তোলার জন্য কিছু কাজ করতে পারেন। যীশুকে একমাত্র পর্যাপ্ত ও উপযুক্ত মুক্তিদাতারূপে গ্রহণ করে তারা তাদের দৃষ্টি নিজের উপর হতে সরিয়ে নেননি। আমাদের চিন্তা করা উচিত নয় যে আমাদের যোগ্যতা আমাদের মুক্তি দিতে পরে। খ্রীষ্ট হলেন আমাদের মুক্তির একমাত্র আশা। PPBeng 304.4

আমরা যখন আমাদের পাপপূর্ণ জীবনের দিকে তাকাই তখন আমাদের ভয় করা উচি নয় যে আমাদের কোন মুক্তিকর্ত্তা নেই অথবা আমাদের প্রতি তার কোন অনুগ্রহ নেই। এই মুহূর্তে তিনি আমাদের আহ্বান করছেন যেন আমরা তাঁর কাছে যাই ও মুক্তি গ্রহণ করি। PPBeng 305.1

ইস্রায়েলদের অনেকেই ঈশ্বর দ্বারা নির্ধারিত উপায়ে যে সুস্থতা লাভ করা যায় তা বিশ্বাস করে নি। তারা জানত যে স্বর্গীয় সাহায্য ছাড়া তাদের মৃত্যু অবধারিত; কিন্তু তারা তাদের নিশ্চিত মৃত্যুর জন্য ক্রন্দন করতে করতে তাদের চোখ অন্ধ করে ফেলত। কিন্তু তারা তো তাৎক্ষণিক সুস্থতা লাভ করতে পারত। যখন খ্রীষ্ট ব্যতিরেকে আমরা আমাদের অসহায় অবস্থার অনুধাবন করি, তখন আমরা হতাশায় দিশেহারা হয়ে পড়ব না, কিন্তু আমরা ক্রুশে বিদ্ধ ও পুনরুত্থিত মুক্তি দাতার উপর নির্ভর করব। দৃষ্টিপাত করুন ও মুক্তি লাভ করুন। যারাই তার নিকট আসবে, তাদের সকলকেই খ্রীষ্ট রক্ষা করবেন। তার যোগ্যতার উপর যারা বিশ্বাস আনবে তাদের একজন ধ্বংস প্রাপ্ত হবে না। PPBeng 305.2

ঈশ্বর যে উপায় নির্দ্ধারণ করেছেন, তা পরিত্যাগপূর্বক অনেকেই দর্শন- বিদ্যার আঁকা বাঁকা অলি-গলিতে মৃত্যুর কারণ অনুসন্ধান করে ঘুরে বেড়ান, যা তারা কোন দিনই খুঁজে পাবেন না। বিশ্বাসের ভিত্তি স্থাপনের জন্য ঈশ্বর যথেষ্ট প্রমাণ দিয়ে থাকেন; আর যদি তা গ্রহণ করা না হয়, তবে মন অন্ধকারেই বিচরণ করতে থাকে। যাদের সর্পে দংশন করত তারা পিত্তলের সর্পের দিকে দৃষ্টি দেবার আগে যদি সন্দেহ করত ও প্রশ্ন উত্থাপন করত, তবেও তারা ধ্বংস-প্রাপ্ত হত। আমাদের কর্তব্য হল দৃষ্টি নিক্ষেপ করা, এবং বিশ্বাসের দৃষ্টিই পরিত্রাণকারী। PPBeng 305.3

অধ্যায় ৩৯—বাশন দেশ জয় করা

PPBeng 306

ইদোম দেশ হতে দক্ষিণে ভ্রমণ করার পর, ইস্রায়েলরা উত্তর দিকে প্রতিজ্ঞাত দেশের দিকে ঘুরলেন। এখন তাদের রাস্তা ছিল একটি বিশাল, উঁচু সমতল ভূমির উপর দিয়ে, আর তা ছিল ঠান্ডা, সতেজ, বায়ু প্রবাহিত অঞ্চল, শুষ্ক উপত্যকা হতে একটি আকাঙ্খিত পরিবর্ত্তন। উসাহ সহকারে ও সতেজে তারা এগিয়ে চললেন। তাদের আদেশ দেয়া হয়েছিল, "তুমি মোয়াবীয়দিগকে কষ্ট দিও না, এবং যুদ্ধ দ্বারা তাহাদের সহিত বিরোধ করিও না; কারণ আমি অধিকারার্থে তাহাদের দেশের কোন অংশ তোমাকে দিব না; কেননা আমি লোটের সন্তানদিগকে আর নগর দখল করিতে দিয়াছি।" লোটের অন্য বংশধর অম্মোনীয়দের বিষয়েও একই আদেশ দেয়া হয়েছিল। PPBeng 306.1

শীঘ্রই ইস্রায়েলরা ইমোরীয়দের দেশে উপস্থিত হল। শক্তিশালী ও যুদ্ধে পারদর্শী জাতি যদ্দন নদী পার হল এবং মোয়াবীয়দের সহিত যুদ্ধ করে তাদের দেশের একটি অংশ দখল করে নিল। যেহেতু যদ্দনের রাস্তা ইমোরীয়দের দেশের ভিতর দিয়ে ছিল, তাই মোশি ইমোরীয়দের রাজা সীহোনের নিকট একটি বার্তা পাঠালেন, "তুমি আপন দেশের মধ্য দিয়া আমাকে যাইতে দেও,...তুমি টাকা লইয়া আমাকে ভোজনার্থে খাদ্য দিবে, ও টাকা লইয়া পানার্থক জল দিবে; আমি কেবল পদব্রজে পার হইয়া যাইব।" PPBeng 306.2

কিন্তু উত্তর হল অস্বীকারমূলক, আর আক্রমণকারীদের বাধা দানের জন্য সকল ইমোরীয় সৈন্যদের আহবান ও প্রস্তুত করা হল। এই দুর্দান্ত সৈন্যদল ইস্রায়েলদের ভীতির সৃষ্টি করল। যুদ্ধের কৌশল বিষয়ে বলতে হলে বলতে হয়, তাদের শত্রুদের যথেষ্ট সুবিধা ছিল। মানবিক দৃষ্টিতে মনে হচ্ছিল, ইস্রায়েল দ্রুত ধ্বংস হয়ে যাবে। PPBeng 306.3

কিন্তু মোশি তার দৃষ্টি রাখলেন মেঘস্তম্ভের উপর। ঈশ্বরের উপস্থিতির চিহ্ন এখনও তাদের কাছে ছিল। তবুও তিনি তাদের আদেশ করলেন যে, মানবিক ভাবে যত উত্তম সম্ভব, যুদ্ধের জন্য তত উত্তম প্রস্তুতি নেয়া হোক। তাদের শত্রুপক্ষ নিশ্চিত ছিল যে তারা দেশ হতে ইস্রায়েলদের নিশ্চিহ্ন করে দেবে। কিন্তু সকল দেশের অধিকারীর নিকট হতে ইস্রায়েলদের প্রতি আদেশ জারী করা হয়েছিল, "তোমরা উঠ, যাত্রা কর, অর্ণোন উপত্যকা পার হও, দেখ, আমি হিবোনের রাজা ইমোরীয় সীহোনকে ও তার দেশ তোমার হস্তে সমর্পণ করিলাম; তুমি উহা দখল করিতে আরম্ভ কর, ও যুদ্ধ দ্বারা তাহার সহিত বিরোধ কর। আজ হইতে আমি তোমাদিগকে আকাশের নীচে স্থিত জাতিগণের উপরে তোমা হইতে আশঙ্কা ও ভয় স্থাপন করিতে আরম্ভ করিব; তাহারা তোমার সমাচার পাইবে, ও তোমার ভয়ে কম্পমান ও ব্যথিত হইবে।" PPBeng 306.4

ঈশ্বর কি ভাবে দুষ্ট জাতিসমূহের নিকট তাঁর প্রেমের প্রকাশ করেন

PPBeng 307

কনান দেশের সীমান্তবর্তী দেশসমূহ যদি ঈশ্বরের আদেশ অমান্য করে ইস্রায়েলদের বিপক্ষে না দাঁড়াত, তবে তাদের রক্ষা করা হত । ঈশ্বর অব্রাহামের নিকট এই প্রতিজ্ঞা করেছিলেন, “আর (তোমার বংশের) চতুর্থ পুরুষ এই দেশে ফিরিয়া আসিবে; কেননা ইমোরীয়দের অপরাধ এখনও সম্পূর্ণ হয় নাই।” আদিপুস্তক ১৫৪১৬। ঈশ্বর চার'শ বৎসর পর্য্যন্ত তাদের রক্ষা করেছিলেন যেন তিনি যে একমাত্র সত্য ঈশ্বর তার পর্যাপ্ত প্রমাণ তারা পায় । ইস্রায়েলদের মিসর হতে বের করে আনার তাঁর সমস্ত আশ্চর্য কাজ তাদের জানা ছিল। তারা সত্য জানতে পারত, কিন্তু আলো অস্বীকারপূর্বক তারা তাদের দেবতাদের ধরে রাখল । PPBeng 307.1

যখন সদাপ্রভু তার লোকদের দ্বিতীয়বার কনানের সীমায় এনে উপস্থিত করলেন, তখন তাঁর ক্ষমতার আরো অধিক প্রমাণ ঐ সকল পৌত্তলিক জাতিদের নিকট তুলে ধরলেন। তারা দেখতে পেল যে অরাদ রাজাও কনানীয়দের সাথে যুদ্ধে জয়লাভের সময় এবং যারা সর্প দংশনে মারা যাচ্ছিল তাদের অলৌকিক ভাবে রক্ষা করায় ঈশ্বর ইস্রায়েলদের সাথে ছিলেন। ইস্রায়েলরা তাদের সকল ভ্রমণকালে ও শিবির স্থাপন কালে কোন জাতির অথবা তাদের সম্পত্তির কোন ক্ষতি করে নাই। ইমোরীয়দের দেশের সীমায় পৌঁছার পর ইস্রায়েলরা, যে ভাবে তারা অন্যান্য জাতির সহিত নিয়মকানুন মেনে চলেছে, ঠিক সেই ভাবে নিয়মকানুন মেনে ইমোরীয়দের দেশের ভিতর দিয়ে শুধু পার হয়ে যাওয়ার অনুমতি চাইল। যখন ইমোরীয় রাজা উদ্ধত ভাবে তা অস্বীকার করল এবং যুদ্ধের জন্য তার সৈন্য বাহিনী একত্রিত করল, তখন তাদের অন্যায় ও অবিচারের পেয়ালা কানায় কানায় পূর্ণ হয়ে উঠল, তাই ঈশ্বর তখন তাদের পরাজিত করার জন্য তার ক্ষমতার ব্যবহার করলেন। PPBeng 307.2

অর্ণোন উপত্যকা পার হয়ে ইস্রায়েলরা তাদের শত্রুর দিকে এগিয়ে গেল। যুদ্ধ আরম্ভ হল। ইস্রায়েলদের সৈন্যদের জয় হল, এবং তারা ইমোরীয়দের দেশ দ্রুত দখল করে নিল । সদাপ্রভুর বাহিনীদের অধিনায়ক তাঁর লোকদের শত্রুদের উপর পূর্ণ বিজয় লাভ করলেন। যদি ইস্রায়েলরা তাঁর উপর বিশ্বাস রাখত তবে ত্রিশ বসর পূর্বেই এই বিজয় লাভ হত। PPBeng 307.3

ইস্রায়েলরা দ্রুত এগিয়ে চল্ল এবং শীঘ্রই এমন একটি দেশে পৌঁছাল যেখানে তাদের সাহস ও ঈশ্বরের প্রতি তাদের বিশ্বাসের পরীক্ষা হবে। তাদের সামনে আসল বাশনের শক্তিশালী রাজ্য, যা অনেক পাথর নির্মিত শহর-দ্বারা পূর্ণ ছিল, যেগুলি তখন পৃথিবীর মধ্যে অত্যাশ্চর্য বিষয় ছিল। “ষষ্টি নগর... সেই সমস্ত নগর উচ্চ দেয়াল, দ্বারা ও অর্গল দ্বারা সুরক্ষিত ছিল; আর দেয়াল ছাড়া অনেক নগরও ছিল।” এই সমস্ত ঘর বিশাল কালো কালো পাথর দ্বারা এই ভাবে তৈরী ছিল যে এগুলি যে কোন আক্রমণে ছিল অভেদ্য। দেশটি নানা ধরণের গুহা ও প্রস্তরময় শক্ত ঘাটি দ্বারা পূর্ণ ছিল। আর অধিবাসীরা ছিল বিশালকায় বংশের

লোক, যারা দেহে ও দৈহিক শক্তিতে আশ্চর্যজনক ছিল, এবং আশে-পাশের দেশের লোকেরা তাদের ভয়ে ভীত থাকত। তাদের রাজা ওগ তাদের সকলের চেয়ে অধিক বিশালকায় ছিল। PPBeng 308.1

মেঘস্তম্ভ এগিয়ে চলল, এবং যিহূদীরা ইদ্রিয়ী পর্য্যন্ত এগিয়ে গেল। ঐখানে দৈত্যকায় রাজা তাদের আগমনের অপেক্ষা করছিল। ওগ রাজা কৌশলগত কারণে ঐ স্থানটি বেছে নিয়েছিল,- কারণ স্থানটি ছিল একটি অধিত্যকা, যা সমতল হতে খাড়াভাবে উঁচুতে ছিল এবং অসমতল পাথর দ্বারা পূর্ণ ছিল। শুধু মাত্র সংকীর্ণ পথ দিয়ে এখানে পৌঁছান যেত, যা ছিল খুবই খাড়া এবং চলার পক্ষে খুবই বিপজ্জনক। পরাজিত হলে তার সৈন্যরা প্রস্তরময় বনভূমিতে আশ্রয় পেতে পারত, যা আগন্তুকরা খুজেঁ বের করতে পারত না। PPBeng 308.2

মোশি ঈশ্বরের উপর আস্থা রাখেন

PPBeng 308

জয়লাভের বিষয়ে নিশ্চিত হয়ে, রাজা এক বৃহ সৈন্যদল নিয়ে খোলা সমতলে নেমে এলেন। যখন যিহূদীরা ঐ দৈত্যদলের মধ্যের দৈত্যকে তার সৈন্যদলের মাথার উপরে দেখতে পেল, যখন তারা তার পেছনের অভেদ্য দূর্গ দেখতে পেল যেখানে অদৃশ্য আরও সহস্র-সহস্র সৈনিক অপেক্ষারত ছিল, তখন তাদের অনেকের হৃদয়ে ভূমিকম্প উপস্থিত হল। কিন্তু মোশি শান্ত ও দৃঢ় থাকলেন; বাশনের রাজা সম্বন্ধে সদাপ্রভু বলেছিলেন, "তুমি উহাকে ভয় করিও না, কেননা আমি উহাকে, উহার সমস্ত প্রজাকে ও উহার দেশ তোমার হস্তে সমর্পণ করিলাম; তুমি যেমন হিষবোন-নিবাসী ইমোরীয়দের রাজা সীহোনের প্রতি করিয়াছ, তেমনি উহার প্রতিও করিবে।" PPBeng 308.3

শক্তিশালী দৈত্যকায় ব্যক্তিরা, অথবা দেয়ালঘেরা শহর, সশস্ত্র সৈন্যদল, অথবা পাথর-নির্মিত দূর্গ, কোন কিছুই সদাপ্রভুর বাহিনীর অধিনায়কের সামনে দাঁড়াতে পারে না। সদাপ্রভুই সৈন্যদল পরিচালনা করলেন, PPBeng 309.1

সদাপ্রভুই ইস্রায়েলদের বিজয় দান করলেন। দৈত্যকায় রাজা ও তার সৈন্যরা ধ্বংস হল, এবং ইস্রায়েলরা সমস্ত দেশ দখল করে নিল। এই ভাবে পৃথিবী হতে সেই অদ্‌ভুত জাতিকে মুছে ফেলা হল, যারা ঘৃণ্য পৌত্তলিকতায় মত্ত ছিল। PPBeng 309.2

ইস্রায়েলদের মারত্মক ভুল

PPBeng 309

চল্লিশ বৎসর আগের সেই ঘটনা যা ইস্রায়েলদের মরু প্রান্তরে ইতঃস্তত ভ্রমণে বাধ্য করেছিল তা অনেকেরই স্মরণ ছিল। প্রতিজ্ঞাত দেশ সম্বন্ধে গুপ্তচরদের বিবৃতি অনেকাংশেই সত্য ছিল। শহরগুলি ছিল বৃহৎ ও দেয়াল ঘেরা এবং অধিবাসীরা ছিল

দৈত্যকায়। কিন্তু ঈশ্বরের শক্তিকে অবিশ্বাস করে তাদের পিতৃপুরুষেরা যে ভুল করেছিল, তা এখন অনেকেই দেখতে পেল। এটিই তাদের এই সুন্দর দেশে প্রবেশে বাধা দিয়েছিল । PPBeng 309.3

ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে যদি তাঁর লোকেরা তাঁর কথার বাধ্য হয় তবে তিনি তাদের আগে আগে যাবেন ও তাদের জন্য যুদ্ধ করবেন। তিনি ঐ দেশের অধিবাসীদের তাড়িয়ে দেবেন। কিন্তু এখন ইস্রায়েলরা সতর্ক ও শক্তিশালী শত্রুদের মোকাবেলা করে এগিয়ে যেতে হবে এবং বাধা দানে প্রস্তুত সুশিক্ষিত সৈন্যদলের সহিত যুদ্ধ করতে হবে। PPBeng 309.4

তাদের পিতৃপুরুষরা ভীষণভাবে অকৃতকার্য হয়েছিল। কিন্তু ঈশ্বর যখন ইস্রায়েলদের এগিয়ে যেতে বলেছিলেন, তার চেয়ে এখন পরীক্ষা আরো কঠোর হয়েছে । এগিয়ে যেতে বলার পর যখন তারা অস্বীকার করেছিল তখনকার চেয়ে বাধা বিপত্তি এখন অনেক বেশী বেড়ে গিয়েছিল। PPBeng 309.5

ঈশ্বর আজও তাঁর লোকদের পরীক্ষা করে থাকেন। আর যদি তারা অকৃতকার্য হয় তবে তিনি তাদের আবারও সেই একই জায়গায় ফেরৎ নিয়ে আসেন, এবং প্রথমবারের চেয়ে দ্বিতীয়বারের পরীক্ষা কঠিনতর হয়। PPBeng 309.6

ইস্রায়েলদের শক্তিশালী ঈশ্বর আমাদের ঈশ্বর। তাঁর উপর আমরা আস্থা রাখতে পারি, আর যদি আমরা তাঁর আদেশ সকল মানি, তবে তিনি অতীতে তাঁর লোকদের জন্য যে ভাবে কাজ করেছেন, আমাদের জন্যও সেই একই ভাবে কাজ করবেন। যারা হতাশাগ্রস্থ হয়ে পড়ে, তাদের কাছে যে কোন পথই অজেয় বাধা দ্বারা পরিপূর্ণ মনে হতে পারে; কিন্তু ঈশ্বরের আদেশ হল, এগিয়ে যাও। নম্রভাবে, ঈশ্বরের উপর নির্ভর করে যখন আপনি সামনে এগিয়ে যাবেন তখন যে সকল বাধা বিঘ্ন আপনার আত্মাকে পরাভূত করে ফেলে, তিরোভূত হবে । PPBeng 309.7

অধ্যায় ৪০—বিলিয়ম ইস্রায়েলদের অভিশাপ দিতে চেষ্টা করেন

PPBeng 310

কনান আক্রমণ করার প্রস্তুতি হিসাবে ইস্রায়েলরা যে যদন নদী মৃত সাগরে এসে পড়ে তার তীরে শিবির স্থাপন করল, এর ঠিক উল্টা দিকে ছিল যিরীহোর সমভূমি এবং মোয়াবের উপত্যকা। যদিও ইস্রায়েল মোয়াবদের আক্রমণ করেনি, তথাপি তারা আশে পাশের সমস্ত ঘটনায় দুশ্চিন্তাগ্রস্থ ছিল। যে ইমোরীয়দের নিকট তারা পরাজিত হয়েছিল, যিহূদীরা তাদেরও যুদ্ধে পরাজিত করেছে। ইমোরীয়রা যে ভূমি মোয়াবদের নিকট হতে দখল করে নিয়েছিল তা এখন ইস্রায়েলদের দখলে। মেঘস্তম্ভে যে রহস্যময় শক্তি আচ্ছাদিত থাকে তাঁর কাছে বাশনের সৈন্যদল আত্মসমর্পণ করেছিল, এবং তাদের শক্তিশালী দূর্গসমূহ এখন যিহুদীদের অধীনে। PPBeng 310.1

মোয়াবীয়রা তাদের আক্রমণ করতে সাহস পেল না, কিন্তু তারা ফরৌণের মত যাদুবিদ্যা দ্বারা ঈশ্বরের মোকাবেলা করতে চাইল। মোয়াবের লোকেরা মিদিয়নের লোকদের সহিত সম্পর্কযুক্ত ছিল, এবং মোয়াবের রাজা বালাক একটি বার্তা প্রেরণের মাধ্যমে তাদের সহযোগীতা লাভ করলেন, PPBeng 310.2

“গরু যেমন মাঠের নবীন তৃণ চাটিয়া খায়, তেমনি এই জনসমাজ আমাদের চারিদিকের সকলই চাটিয়া খাইবে।” মেসোপটিমিয়ার বিলিয়ম অলৌকিক ক্ষমতার অধিকারী ছিলেন, এবং তার সুনাম মোয়াবের লোকদের নিকট পৌঁছে ছিল। তাই তার ভীবষ্যদ্বাণী ও যাদুবিদ্যা ইস্রায়েলদের বিরুদ্ধে প্রয়োগ করার জন্য তার নিকট বার্তাবাহক পাঠানো হল। PPBeng 310.3

দূতগণ তৎক্ষণাৎ তাদের দীর্ঘ যাত্রায় বেরিয়ে পড়ল। বিলিয়মকে পাবার সঙ্গে, সঙ্গেই তারা তাকে তাদের রাজার বার্তা দিল: “দেখুন, মিসর হইতে এক জাতি বাহির হইয়া আসিয়াছে, দেখুন, তাহারা ভূতল আচ্ছন্ন করিয়া আমার সম্মুখে অবস্থিতি করিতেছে। এখন নিবেদন করি, আপনি আসিয়া আমার নিমিত্তে সেই লোকদিগকে শাপ দিউন; কেননা আমা হইতে তাহারা বলবান; হয়ত আমি তাহাদিগকে...দেশ হইতে দূর করিয়া দিতে পারিব; PPBeng 310.4

কেননা আমি জানি, আপনি যাহাকে আশীর্বাদ করেন, সে আশীঃপ্রাপ্ত হয়, ও যাহাকে শাপ দেন, সে পাপগ্রস্ত হয়।’ PPBeng 311.1

এককালে বিলিয়ম ঈশ্বরের এক ভাববাদী ছিলেন। কিন্তু তিনি তাহা ত্যাগ করে স্বার্থ ও প্রলোভনে জড়িয়ে পড়েন। যখন বার্তাবাহকরা তাদের লক্ষ্য তার নিকট বর্ণনা করল, তখন তিনি ভাল ভাবেই বুঝতে পারলেন যে তার কর্তব্য হল যে বালাকের উপঢৌকন অস্বীকার করা ও বার্তাবাহকদের বিদায় করে দেয়া। কিন্তু তিনি প্রলোভনে আকৃষ্ট হলেন এবং

সদাপ্রভুর সহিত পরামর্শ ছাড়া তিনি কোন উত্তর দিতে পারবেন না বলে বার্তাবাহকদের সেই রাত অপেক্ষা করতে বললেন। বিলিয়ম জানতেন যে তার অভিশাপ দ্বারা তিনি ইস্রায়েলদের কোন ক্ষতিই করতে পারবেন না। কিন্তু তিনি গর্বে ফেঁপে উঠেছিলেন, কারণ তাকে বলা হয়েছিল,“আপনি যাহাকে আশীর্বাদ করেন, সে আশীঃপ্রাপ্ত হয়, ও যাহাকে শাপ দেন, সে শাপগ্রস্ত হয়।” দামী দামী ঘুসের বস্তু তার প্রলোভন বৃদ্ধি করেছিল, এবং ঈশ্বরের আদেশের প্রতি বাহ্যিক বাধ্যতা প্রদর্শন সত্ত্বেও তিনি বালাকের ইচ্ছাকে পূরণ করতে চাইলেন। PPBeng 311.2

রাতে ঈশ্বরের দূত বিলিয়মের নিকট ঈশ্বরের বাণী নিয়ে এলেন, “তুমি তাহাদের সঙ্গে যাইও না, সেই জাতিকে শাপ দিও না, কেননা তাহারা আশীর্বাদযুক্ত।” PPBeng 311.3

কি ভাবে একটি পাপ শয়তানের নিয়ন্ত্রণের জন্য দরজা খুলে দিল

PPBeng 311

ভোর বেলা বিলিয়ম বার্তাবাহকদের বিদায় করে দিলেন, কিন্তু সদাপ্রভু কি বলেছিলেন, তা তাদের বললেন না। তার একটি লাভের প্রত্যাশা তিরোভূত হয়ে গেল বলে ক্রোধের সাথে তিনি বললেন, “তোমরা স্বদেশে চলিয়া যাও, কেননা তোমাদের সহিত আমার যাত্রায় সদাপ্রভু রাজি হইলেন না।” বিলিয়ম “অধার্মিকতার বেতন ভালবাসিত।” ২ পিতর ২:১৫। প্রলোভনের পাপ তাকে সময়ের দাসে পরিণত করেছিল; এই একটি দোষের জন্য শয়তান তাকে তার পূর্ণ নিয়ন্ত্রণে নিয়ে নিয়েছিল। মানুষকে ঈশ্বরের যাজকত্ব হতে দূরে সরিয়ে নেয়ার জন্য শয়তান সর্বদাই পৃথিবীর লাভ ও সম্মানের প্রলোভন উপস্থিত করে থাকে । এই ভাবে প্রলোভনের মাধ্যমে অনেকেই কঠোর সততার পথ হতে দূরে সরে যেতে আরম্ভ করেন। প্রথম অন্যায় পদক্ষেপ দ্বিতীয় অন্যায় পদক্ষেপকে সহজতর করে তুলে, এবং তারা ধীরে ধীরে আরো দুঃসাহসী হয়ে উঠেন। একবার ক্ষমতার লোভ ও আকাঙ্খার নিয়ন্ত্রণে চলে যাবার পর, তারা যে কোন ভয়ঙ্কর কাজ করতে সাহস করে থাকে। অনেকেই এই বলে নিজে নিজেকে তোষামদ করে যে তারা কিছু সময়ের জন্য কঠোর সততা ত্যাগ করার পরও যখন ইচ্ছা আবার নিজ পথ পরিবর্তন করতে পারে। ঐ রকম লোকেরা নিজেদের শয়তানের ফাঁদে জড়ায়ে ফেলছেন, এবং তারা আর কখনও এথেকে বেরিয়ে আসতে পারে না । PPBeng 311.4

ভাববাদীর অস্বীকার যাবার ব্যাপারে বার্তাবাহকরা যখন বালাককে অবহিত করলেন তখন ঈশ্বর যে নিষেধ করেছেন তা বলা থেকে বিরত থাকলেন। আরো মূল্যবান উপঢৌকনের জন্য বিলিয়ম দেরী করছেন ভেবে রাজা প্রথমবারের চেয়ে আরো উচ্চপদস্থ ও আরো বেশী সংখ্যক অধ্যক্ষগণকে প্রেরণ করলেন যেন তারা বিলিয়মের যে কোন দাবীতে রাজী হতে পারেন। বালাকের অত্যন্ত জরুরী বার্তা ছিল, “বিনয় করি, আমার নিকটে আসিতে আপনি কিছুতেই নিবারিত হইবেন না। কেননা আমি আপনাকে অতিশয় সম্মানিত

করিব; আপনি আমাকে যাহা যাহা বলিবেন, আমি সকলই করিব;...আপনি আসিয়া আমার নিমিত্তে সেই লোকদিগকে শাপ দিউন।" PPBeng 312.1

এর উত্তরে বিলিয়ম নিজকে অত্যন্ত বিবেকবান ও সৎ ব্যক্তিরূপে উপস্থাপন করলেন -- যে কোন পরিমাণ সোনা-রূপা তাকে ঈশ্বরের ইচ্ছার বিরুদ্ধে পরিচালিত করতে পারবে না। কিন্তু রাজার অনুরোধ রক্ষা করার জন্য তার প্রবল ইচ্ছা ছিল। যদিও ঈশ্বরের ইচ্ছা তাকে ইতিমধ্যেই জানানো হয়েছিল, তিনি বার্তাবাহকদের অনুরোধ করলেন, যে তারা যেন অপেক্ষা করেন যেন তিনি ঈশ্বরের নিকট আবারও জিজ্ঞাসা করতে পারেন। PPBeng 312.2

রাত্রে সদাপ্রভু বিলিয়মের নিকট উপস্থিত হলেন ও বললেন, "ঐ লোকেরা যদি তোমাকে ডাকিতে আসিয়া থাকে, তুমি উঠ, তাহাদের সহিত যাও, কিন্তু আমি তোমাকে যাহা বলিব, কেবল তাহাই তুমি করিবে।" যেহেতু তিনি তার নিজ ইচ্ছানুসারে চলতে দৃঢ় প্রতিজ্ঞ ছিলেন, তাই সদাপ্রভু বিলিয়মকে এইটুকু পর্যন্ত যেতে অনুমতি দিলেন। তিনি নিজ কার্যক্রম প্রথমে স্থির করে নিলেন এবং পরে সদাপ্রভুর অনুমতি নিতে প্রচেষ্টা চালালেন। PPBeng 312.3

বর্তমান কালেও হাজার হাজার লোক একই ধরণের কার্য পদ্ধতির অনুসরণ করে থাকেন। তাদের কর্তব্য বাইবেলে সহজ ভাষায় বর্ণিত আছে অথবা ঘটনা, অবস্থা ও যুক্তি বুদ্ধি দ্বারা স্পষ্টতঃ প্রতীয়মান করা যায়। কিন্তু যেহেতু এই সমস্ত প্রমাণাদি তাদের স্বাভাবিক প্রবণতা বিরোধী, তারা এগুলিকে অবহেলা করেন, এবং তাদের কর্তব্য জানার জন্য ঈশ্বরের নিকট উপস্থিত হতে দুঃসাহস দেখান। তারা তাঁর আলো ও পরিচালনার জন্য দীর্ঘ সময় অত্যন্ত আকুল প্রার্থনা করে থাকেন। কিন্তু ঈশ্বরকে তুচ্ছ করা যায় না। তিনি প্রায়ই সকল লোকদের আপন ইচ্ছানুসারে চলে এর ফল ভোগ করতে দেন। "কিন্তু আমার প্রজাগণ আমার রব শুনিল না....তাই আমি তাহাদিগকে তাহাদের হৃদয়ের কঠিনতায় ছাড়িয়া দিলাম; তাহারা আপনাদের মন্ত্রণায় চলিল।" গীতসংহিতা ৮১:১১, ১২। PPBeng 312.4

একটি গাধা একজন ভাববাদী হতে অধিক "দেখতে পায়"

PPBeng 313

বিলিয়মের দেরীতে বিরক্ত হয়ে ও আরেকটি অস্বীকৃতির আশা করে মোয়াবের বার্তাবাহকরা বিলিয়মের সহিত আলোচনা না করেই দেশের দিকে যাত্রা করল। বালাকের অনুরোধে রাজী হওয়ার সকল ছুতাই এখন দূর হয়ে গেল। কিন্তু বিলিয়ম উপঢৌকন গ্রহণের জন্য অত্যন্ত আগ্রহশীল ছিলেন। পাছে তিনি উপঢৌকন লাভে ব্যর্থ হন এই চিন্তায় ব্যাকুল হয়ে যে প্রাণীতে তিনি চড়তে অভ্যস্ত ছিলেন, সেই প্রাণীতে চড়ে তিনি দ্রুত যাত্রা করলেন। PPBeng 313.1

কিন্তু “সদাপ্রভুর দূত তাহার বিপক্ষরূপে পথের মধ্যে দাঁড়াইলেন।” মানুষের নিকট অদৃশ্য স্বর্গীয় বার্তাবাহককে প্রাণীটি দেখতে পেল এবং সে প্রধান সড়ক হতে নেমে মাঠের মধ্য দিয়া চলতে শুরু করল। নিষ্ঠুর আঘাতে জর্জরিত করে বিলিয়ম প্রানীটিকে আবার ঠিক পথে নিয়ে এলেন। কিন্তু দু'পাশে দেয়াল দ্বারা বেষ্টিত পথের একটু অংশে দূত আবার উপস্থিত হলেন। ভীতিজনক এই মূর্ত্তিকে এড়িয়ে চলতে গিয়ে প্রাণীটি তার প্রভুর পাকে দেয়ালের সাথে ঘসে ক্ষতবিক্ষত করে ফেলল । বিলিয়ম জানতেন না যে ঈশ্বর তার পথে বাধার সৃষ্টি করেছিলেন। তিনি হতাশায় অভিভূত হয়ে নির্দয় ভাবে আঘাত করতে করতে প্রাণীটিকে এগুতে বাধ্য করলেন। PPBeng 313.2

“ডানে কি বামে ফিরিবার পথ নাই, এমন এক সংকুচিত স্থানে” দূত আবার উপস্থিত হলেন, এবং ভয়ে কাঁপতে কাঁপতে বেচারা প্রাণী তার চালকসহ মাটিতে পড়ে গেল। বিলিয়মের ক্রোধ সীমা ছাড়িয়ে গেল, এবং হাতের লাঠি দিয়ে তিনি আগের চেয়ে আরো বেশী নিষ্ঠুরতার সহিত প্রাণীটিকে আঘাত করতে শুরু করলেন। এখন ঈশ্বর প্রাণীটির মুখ খুলে দিলেন এবং তা “মানুষের রবে কথা বলিয়া সেই ভাববাদীর ক্ষিপ্ততা নিবারণ করিল।” ২ পিতর ২:১৬। সে বলল, “আমি তোমার কি করিলাম যে তুমি এই তিনবার আমাকে প্রহার করিলে?” PPBeng 313.3

ক্রোধে অন্ধ হয়ে বিলিয়ম একজন বুদ্ধিমানের সাথে যে ভাবে কথা বলেন ঠিক সেই ভাবে বললেন, “তুমি আমাকে বিদ্রূপ করিয়াছে; আমার হস্তে যদি খড়গ থাকিত, তবে আমি এখনই তোমাকে বধ করিতাম।” PPBeng 314.1

আর তখন বিলিয়মের চক্ষু খুলে গেল, এবং তিনি দেখতে পেলেন যে তাকে হত্যা করার জন্য ঈশ্বরের দূত খোলা খড়গগ হস্তে দাঁড়িয়ে আছেন । ভয়ে ভীত হয়ে “সে মস্তক নমনপূর্বক উবুড় হইয়া পড়িল।” দূত বলেন, “দেখ, আমি তোমার বিপক্ষরূপে বাহির হইয়াছি, কেননা আমার সাক্ষাতে তুমি বিপথে যাইতেছ; আর গদ্দভী আমাকে দেখিয়া এই তিন বার আমার সম্মুখ হইতে ফিরিল; সে যদি আমার সম্মুখ হইত না ফিরিত, তবে আমি নিশ্চয়ই তোমাকে বধ করিতাম, আর উহাকে জীবিত রাখিতাম।” PPBeng 314.2

যে প্রাণীর সাথে তিনি এত নিষ্ঠুর ব্যবহার করেছেন, সেই প্রাণীই বিলিয়মের জীবন রক্ষা করেছিল। যে লোক নিজকে সদাপ্রভুর ভাববাদী বলে দাবী করতেন তিনি লোভে উচ্চাকাঙ্খায় এতই অন্ধ হয়ে পড়েছিলেন যে একটি প্রাণী সদাপ্রভুর যে দূতকে দেখতে পাচ্ছিল, তাকে তিনি দেখতে পাচ্ছিলেন না । “এই যুগের দেব অবিশ্বাসীদের মন অন্ধ করিয়াছে।” ২ করিন্থীয় ৪:৪। ঈশ্বরের আদেশ অমান্য করে নিষিদ্ধ পথে কত জনই না ধাবিত হচ্ছেন, আর তারা বুঝতে পারছেন না যে ঈশ্বর ও তার দূতগণ তাদের বিপক্ষে। যারা তাদের অনিবার্য্য ধ্বংস হতে রক্ষা করতে চায়, বিলিয়মের মত তাদের প্রতি তারা ক্রোধান্বিত হন । PPBeng 314.3

“ধার্মিক আপন পশুর প্রাণের বিষয় চিন্তা করে; কিন্তু দুষ্টদের করুণা নিষ্ঠুর।” হিতোপদেশ ১২ ৪১০। পশুদের প্রতি অপব্যবহার করা অথবা অবহেলায় তাদের কষ্ট দেয়াতে যে পাপ সাধিত হয় সে বিষয়ে অল্প লোকই PPBeng 314.4

কিন্তু পরিজ্ঞাত রয়েছেন। মানুষের সেবা করার জন্য পশুদের সৃষ্টি করা হয়েছে, এদের কষ্ট দেয়া বা নিষ্ঠুর ভাবে শাস্তি দেয়ার তাদের কোন অধিকার নাই। PPBeng 314.5

প্রাণীরা তার অধীনে রয়েছে বলে যে ব্যক্তি তাদের সহিত অপব্যবহার করে সে ভীরু ও অত্যাচারী। অনেকেই বুঝতে পারেন না যে প্রাণীরা প্রকাশ করতে পারে না বলে তাদের নিষ্ঠুরতা কোন দিন জানা হয় না। কিন্তু যদি ঐ সকল লোকের চক্ষু খুলে দেয়া সম্ভব হত, তবে তারা দেখতে পেতেন যে তাদের বিরুদ্ধে স্বর্গীয় দরবারে প্রমাণ দেবার জন্য ঈশ্বরের একজন দূত সাক্ষীরূপে দাঁড়িয়ে আছেন। সেই দিন এগিয়ে আসছে যে দিন তারা ঈশ্বরের সৃষ্ট প্রাণীর সহিত দুর্ব্যবহার করেছেন তাদের দন্ডাজ্ঞা প্রদান করা হবে। PPBeng 314.6

ইস্রায়েলকে শাপ দেয়া হতে বিলিয়মকে বিরত করা হয়

PPBeng 315

যখন তিনি ঈশ্বরের বার্তাবাহককে দেখতে পেলেন, তখন বিলিয়ম ভয়ে চিৎকার করে বললেন, “আমি পাপ করিয়াছি; কেননা আপনি যে আমার বিপরীতে পথে দাঁড়াইয়া আছেন, তাহা আমি জানি নাই; কিন্তু এক্ষণে যদি ইহাতে আপনার অসন্তোষ হয়, তবে আমি ফিরিয়া যাই।” সদাপ্রভু তাকে তার যাত্রায় যেতে অনুমতি দিলেন, কিন্তু তার কথা স্বর্গীয় শক্তি দ্বারা নিয়ন্ত্রণ করা হবে। ঈশ্বর মোয়াবীয়দের কাছে প্রমাণ করবেন যে যিহূদীরা স্বর্গীয় পরিচালনার অধীন, এবং যিহুদীদের বিরুদ্ধে শাপ উচ্চারণ করতে বিলিয়ম যে কত অপারগ তা দ্বারাই তিনি তা প্রমাণ করেছিলেন। PPBeng 315.1

মোয়াবের রাজা বিলিয়মের আগমনের সংবাদ পেয়ে তাকে স্বাগতম জানাতে এগিয়ে গেলেন। তার জন্য যে মূল্যবান উপঢৌকন অপেক্ষা করছিল তা সত্ত্বেও বিলিয়মের বিলম্বের জন্য তিনি বিস্ময় প্রকাশ করলে ভাববাদীর উত্তর ছিল, “কিন্তু এখনও কোন কথা কহিতে কি আমার ক্ষমতা আছে? ঈশ্বর আমার মুখে যে বাক্য দেন তাহাই বলিব।” বিলিয়ম এই বাধাপ্রাপ্তিতে অত্যন্ত ক্ষুব্ধ ছিলেন; তিনি ভীত ছিলেন যে তার উদ্দেশ্য পূর্ণ হবে না। PPBeng 315.2

রাজা গণ্যমান্য ব্যক্তিবর্গসহ বিলিয়মকে “বালের উচ্চস্থানে পৌছে দিলেন, যেখান থেকে তিনি ইস্রায়েলদের দেখতে পারতেন। তাদের এত নিকটে কি ঘটছে তার কোন কিছুই ইস্রায়েলরা জানতেন না। ঈশ্বর দিবা রাত্র তাদের কত যত্ন করছিলেন তার কোন কিছুই তাদের জানা ছিল না। PPBeng 315.3

বিলিয়ম যিহূদীদের বলিদান প্রথার বিষয়ে অবগত ছিলেন, আর তিনি চিন্তা করলেন যে তাদের থেকে অধিক মূল্যবান দান দ্বারা তিনি তার পাপপূর্ণ কার্যক্রম সম্পন্ন করতে পারবেন। সাতটি যজ্ঞবেদী তৈরি করা হল, এবং তিনি এগুলির প্রত্যেকটির উপর বলি দিলেন। পরে তিনি ঈশ্বরের সহিত সাক্ষাতের জন্য "পর্বতের চূড়ায়" গেলেন। PPBeng 315.4

সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ ও অধ্যক্ষগণের সাথে, একত্রে রাজা, বলিসমূহের কাছে দাঁড়িয়ে ভাববাদীর আগমনের পথে চেয়ে রইলেন। পরিশেষে তিনি আসলেন, আর লোকেরা সেই বাণী শ্রবণের আশায় উৎকণ্ঠিত হয়ে অপেক্ষা করল যে বাণী ঘৃণিত ইস্রায়েলদের সহায়ক শক্তিকে চিরকালের জন্য অসার করে ফেলবে। বিলিয়ম বলতে লাগলেন: PPBeng 315.5

"বালাক অরাম হইতে আমাকে আনাইলেন,

মোয়াব রাজ পূর্ব্বদিকের পর্বতমালা হইতে আনাইলেন; আইস, আমার নিমিত্তে যাকোবকে

শাপ দেও, আইস, ইস্রায়েলের উপর কুপিত হও।

ঈশ্বর যাহাকে শাপ দেন নাই,

আমি কিরূপে তাহাকে শাপ দিব ?

যাকোবের ধূলি কে গণনা করিতে পারে ?

ইস্রায়েলের চতুর্থাংশের সংখ্যা

কে করিতে পারে? ধার্ম্মিকের মৃত্যুর ন্যায়

আমার মৃত্যু হউক, তাহার শেষ গতির তুল্য আমার শেষ গতি

হউক!" PPBeng 315.6

বিলিয়ম যখন ইস্রায়েলদের শিবিরের দিকে তাকালেন, তখন বিস্ময় সহকারে তিনি তাদের অগ্রগতির প্রমাণ সমূহ দেখতে পেলেন। তার নিকট তাদের এই বলে বর্ণনা করা হয়েছিল যে এরা একটি রূঢ় জাতি, বিশৃঙ্খল এক জনগোষ্ঠি, দেশ অধিকারকারী, দিক্ বিদিক্ বিচরণকারী ডাকাতের দলসমূহ, এবং আশে পাশের জাতিসমূহের জন্য ভীতিপ্রদ একদল পঙ্গপাল। কিন্তু তাদের দেখে সকলেরই বিপরীত মনে হল। তিনি তাদের শিবির সমূহের প্রসার ও নিখুঁ বন্দোবস্ত দেখতে পেলেন, সমস্ত কিছুতেই শৃঙ্খলা ও নিয়মানুবর্তির চিহ্ন বিরাজমান ছিল। ইস্রায়েলদের ঈশ্বর কত অনুগ্রহ করেন এবং তাঁর মনোনীত লোক হিসাবে তাদের চারিত্রিক বৈশিষ্ট্য তাকে দেখানো হল। তারা অন্যান্য জাতির সহিত এক কাতারে দাঁড়ানো থাকবে না কিন্তু সকলের চেয়ে বেশী সম্মানিত হবে। "ঐ লোকসমূহ আলাদা বাস করে, উহারা জাতিদের মধ্যে গণিত হইবে না।" ইস্রায়েলদের পরবর্তী ইতিহাসে ঐ ভাববাণী

কি সঠিক ভাবেই না পূর্ণ হয়েছিল! বসরের পর বসর তারা একটি স্বতন্ত্র জাতিরূপে থেকে গিয়েছিল PPBeng 316.1

বিলিয়ম ইস্রায়েলদের উপর ঈশ্বরের অনুগ্রহ দেখতে পান

PPBeng 316

কালের শেষে ঈশ্বরের সত্যিকার ইস্রায়েলদের বৃদ্ধি ও অগ্রগতি এবং যারা তাঁকে প্রেম ও ভয় করে তাদের প্রতি সর্বশক্তিমানের বিশেষ অনুগ্রহ বিলিয়ম দেখতে পেলেন। তিনি দেখতে পেলেন যে যখন তারা মৃত্যুর অন্ধকার উপত্যকায় প্রবেশ করে তখন তাঁর হাত দ্বারা তিনি তাদের ধরে রাখলেন। এবং তিনি দেখতে পেলেন যে তারা গৌরব, সম্মান, ও অমরত্বের মুকুটে ভূষিত হয়ে কবর হতে উঠে আসছে। তিনি আরো দেখতে পেলেন যে নূতন পৃথিবীর অম্লান আলোতে মুক্তিপ্রাপ্তরা আনন্দ করছে। যখন তিনি প্রত্যেকের মস্তকে গৌরবের মুকুট দেখতে পেলেন, এবং আনন্দঘন অসীম জীবনের দিকে যখন তিনি তাকালেন, তখন তিনি এই আকুল প্রার্থনা করলেন, "ধার্মিকদের মৃত্যুর ন্যায় আমার মৃত্যু হউক, তাহার শেষ গতির মত আমার শেষ গতি হউক।" PPBeng 316.2

ঈশ্বর যে আলো তাকে দিয়েছিলেন তা গ্রহণ করার মত প্রবণতা যদি বিলিয়মের থাকত, তা হলে মোয়াবের সহিত সকল সম্পর্ক তিনি তক্ষণা ছিন্ন করতেন। গভীর অনুতাপ সহকারে তিনি ঈশ্বরের নিকট ফিরে যেতেন। কিন্তু বিলিয়ম অধার্মিকতার বেতন ভালবাসতেন। PPBeng 317.1

বালাক আশা করেছিলেন যে, একটি বিলায়মান হাসির মতই ইস্রায়েলদের উপর শাপ নেমে আসবে, তাই আকুল স্বরে তিনি চিৎকার করে উঠলেন, "আপনি আমার প্রতি এ কি করিলেন? আমার শত্রুগণকে শাপ দিতে আমি আপনাকে আনাইলাম; আর দেখুন, আপনি তাহাদিগকে সর্বোতভাবে আশীর্বাদ করিলেন।" যে বাক্যগুলি বলতে স্বর্গীয় শক্তি তাকে বাধ্য করেছিল সেগুলি ঈশ্বরের ইচ্ছার প্রতি শ্রদ্ধাবোধকারী বিবেকের সাড়া বলে বিলিয়ম প্রকাশ্যে জ্ঞাত করলেন। "সদাপ্রভু আমার মুখে যে কথা দেন, সতর্ক হইয়া তাহাই বলা কি আমার উচিত নহে?" PPBeng 317.2

বালাক আবারও চেষ্টা করলেন

PPBeng 317

বালাক মনে করলেন যে যিহূদীদের বিশাল শিবির শ্রেণীর মনোরম ও ভীতিকর দৃশ্য বিলিয়মকে এত ভীত করে তুলেছিল যে তিনি তার যাদুবিদ্যা তাদের প্রয়োগ করতে সাহস পান নাই। তাই রাজা সিদ্ধান্ত নিলেন যে ভাববাদীকে এমন এক স্থানে নিয়ে যাবেন যেখানে ঐ সৈন্যবাহিনীর অল্প একটু দেখা যাবে। আবারও সাতটি যজ্ঞবেদী তৈরি করা হল, যার উপর আগের মতই উসর্গের প্রাণী রাখা হল। রাজা ও রাজপুত্ররা বলির কাছে অপেক্ষা করলেন,

আর ঈশ্বরের সহিত সাক্ষাতের জন্য বিলিয়ম চলে গেলেন। আবারও ভাববাদীকে স্বর্গীয় বার্তা দেয়া হল যা পরিবর্তন বা রোধ করার ক্ষমতা তার থাকল না। PPBeng 317.3

যখন তিনি তাদের নিকট উপস্থিত হলেন, তাকে প্রশ্ন করা হল, "সদাপ্রভু কি বলিলেন?" তার উত্তর রাজা ও রাজপুত্রের অন্তরে ভীতির সঞ্চার করল, PPBeng 317.4

" ঈশ্বর মনুষ্য নহেন যে মিথ্যা বলিবেন ; ......

দেখ, আমি আশীর্বাদ করিবার আজ্ঞা পাইলাম,

তিনি আশীর্বাদ করিয়াছেন, আমি অন্যথা করিতে পারি না। তিনি যাকোবের অধর্ম দেখিতে পান নাই,

ইস্রায়েলে উপদ্রব দেখেন নাই,

উহার ঈশ্বর সদাপ্রভু উহার সহবর্ত্তী,

রাজার জয়ধ্বনি উহাদের মধ্যবর্ত্তী।" PPBeng 317.5

মহা যাদুকর তার যাদুবিদ্যার শক্তি তাদের উপর প্রয়োগের চেষ্টা করেছিলেন, কিন্তু যতদিন তারা স্বর্গীয় তত্ত্বাবধানের অধীনে থাকবে, ততদিন শয়তানের সকল ক্ষমতার সহায়তায় কোন জনগোষ্ঠি বা জাতি তাদের বিরুদ্ধে জয়লাভ করতে পারবে না। সারা পৃথিবী বিস্ময়ে হতবাক্ হয়ে যাওয়া উচিত যে একজন মানুষকে স্বর্গীয় শক্তি এমনই নিয়ন্ত্রণে নিতে পারে যে সে অভিশাপ উচ্চারণের পরিবর্তে মনোরম কবিতায় গৌরবপূর্ণ ও মূল্যবান প্রতিজ্ঞাসমূহ উচ্চারণ করে। যখন শয়তান ঈশ্বরের লোকদের বিরুদ্ধে মিথ্যা বলতে ও তাদের ধ্বংস করতে দুর্বৃত্তদের অনুপ্রাণিত করবে। PPBeng 318.1

নিরুৎসাহিত ও দুঃখিত হয়ে মোয়াবের রাজা চিৎকার করে উঠলেন, "আপনি উহাদিগকে শাপও দিবেন না আশীর্বাদও করিবেন না।" তথাপি তিনি আর একবার চেষ্টা করে দেখতে চাইলেন। বিলিয়মকে তিনি পিয়োর পর্বতে নিয়ে গেলেন যেখানে বাল দেবতার লাম্পট্যপূর্ণ পূজার জন্য একটি মন্দির ছিল। এখানে সমসংখ্যক বলি দেয়া হল। কিন্তু বিলিয়ম যাদুবিদ্যা প্রয়োগের কোন ভান করলেন না। তিনি ইস্রায়েলদের শিবির শ্রেণীর দিকে দৃষ্টি দিলেন, আর তার কন্ঠ হতে স্বর্গীয় বার্তা বেরিয়ে এল: PPBeng 318.2

"হে যাকোব, তোমার তাঁবু সকল,

হে ইস্রায়েল, তোমার আবাস সকল কেমন মনোহর ।

সেগুলি উপত্যকার ন্যায় বিস্তারিত,

নদী তীরস্থ উদ্যানের তুল্য,...

উহার রাজা অগাগ অপেক্ষাও

উচ্চ হইবেন, উহার রাজ্য উন্নত হইবে। ...

যে তোমাকে আশীর্বাদ করে, সে আশীঃপ্রাপ্ত,

যে তোমাকে শাপ দেয়, সে শাপগ্রস্ত। PPBeng 318.3

বিলিয়ম ভবিষ্যদ্বাণী করলেন যে ইস্রায়েললের রাজা অগাগের চেয়েও মহান হবেন। এই নাম অমালেকীয়দের রাজাদের দেয়া হত, যারা তখন খুবই শক্তিশালী একটি জাতি ছিল। কিন্তু ইস্রায়েলরা যদি ঈশ্বরের প্রতি বাধ্য থাকে তবে তারা তাদের সকল শত্রুদের বশ্যতা স্বীকার করবে। ইস্রায়েলদের রাজা ছিলেন ঈশ্বরের পুত্র; এবং একদিন সমস্ত পৃথিবীতে তাঁর রাজ্য স্থাপিত হবে, এবং সমস্ত পৃথিবীর রাজাদের উপর তাঁর ক্ষমতা প্রতিষ্ঠিত হবে। PPBeng 318.4

বিলিয়ম যা কিছু লাভ করতে চেয়েছিলেন, তার সব কিছুই তিনি হারালেন

PPBeng 319

আশা ভঙ্গ, ভয়, ও ক্রোধে বালাক অভিভূত হয়ে পড়লেন। তিনি এই ভেবে আরো ক্রুদ্ধ হলেন যে বিলিয়ম অন্তত একটিও আশাব্যঞ্জক বাক্য দ্বারা তাকে উসাহিত করতে পারতেন। ভাববাদীর আপোষমূলক মনোভাব ও প্রতারণামূলক পদ্ধতিতে তার খুবই ঘৃণার উদ্রেক হল, এবং তিনি ভয়ঙ্কর চিৎকার করে বললেন, “এখন স্বস্থানে পলায়ন করুন, আমি বলিয়াছিলাম, আপনাকে অতিশয় গৌরবান্বিত করিব, কিন্তু দেখুন, সদাপ্রভু আপনাকে গৌরব বিরহিত করিলেন।” এর উত্তর ছিল যে রাজাকে পূর্বেই সতর্ক করে দেয়া হয়েছিল যে ঈশ্বর তাকে যে বার্তা দেবেন বিলিয়ম শুধুমাত্র তাই বলতে পারবেন।তার নিজের লোকদের নিকট ফিরে যাবার আগে বিলিয়ম পৃথিবীর মুক্তিদাতা ও ঈশ্বরের শত্রুর শেষ ধ্বংস সম্পর্কে একটি সুন্দর ভবিষ্যদ্বাণী করলেন : PPBeng 319.1

“আমি তাহাকে দেখিব, কিন্তু এক্ষণে নয়,

তাঁহাকে দর্শন করিব কিন্তু নিকটে নয়,

যাকোব হইতে এক তারা উদিত হইবে,

ইস্রায়েল হইতে এক রাজদন্ড উঠিবে,

তাহা মোয়াবের দুই পার্শ্ব ভগ্ন করিবে,

কলহের সন্তান সকলকে সংহার করিবে।” PPBeng 319.2

মোয়াব ও ইদোমের অমালেক ও কেনীয়দের সম্পূর্ণ ধ্বংসের ভবিষ্যদ্বাণী দ্বারা তিনি তার বার্তা শেষ করলেন, আর এইরূপে মোয়াবীয় রাজার জন্য আশার কোন আলোই অবশেষ থাকল না। PPBeng 319.3

সম্পদ ও প্রতিপত্তি লাভের আশায় ব্যর্থ হয়ে, এবং ঈশ্বর যে তার প্রতি অসন্তুষ্ট সে বিষয়ে সচেতন হয়ে বিলিয়ম তার স্বনির্বাচিত উদ্দেশ্য হতে ফিরে এলেন। তাকে নিয়ন্ত্রণকারী ঈশ্বরের আত্মা তাকে ছেড়ে চলে গেলেন, এবং তার প্রলোভন বৃদ্ধি পেল। বালাকের প্রতিজ্ঞাত উপঢৌকন লাভ করার জন্য তিনি যে কোন কিছু করতে প্রস্তুত ছিলেন। বিলিয়ম জানতেন যে ইস্রায়েলদের অগ্রগতি ঈশ্বরের প্রতি তাদের পূর্ণ বাধ্যতার উপর নির্ভরশীল। পাপ করতে প্রলুব্ধ করা ছাড়া তাদের কোন ভাবেই পরাজিত করা সম্ভব নয় । PPBeng 319.4

তিনি আবার দ্রুত মোয়াবে ফিরে গেলেন এবং পাপ করতে প্রলুব্ধ করে ইস্রায়েলদের ঈশ্বরের নিকট হতে পৃথককারী তার পরিকল্পনা রাজার নিকট পেশ করলেন। যদি তাদের বালের ও অষ্টারোথের লাম্পট্যপূর্ণ উপাসনায় নিযুক্ত করা যায়, তবে তাদের সর্বশক্তিমান রক্ষক তাদের প্রতি বৈরী ভাবাপন্ন হবেন, এবং তারা আশে পাশের ভয়ঙ্কর যোদ্ধা জাতিদের সহজ শিকারে পরিণত হবে। এই পরিকল্পনা রাজা সহজেই গ্রহণ করলেন, এবং বিলিয়ম এই পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করার জন্য মোয়াবে থেকে গেলেন । PPBeng 320.1

বিলিয়ম তার নারকীয় পরিকল্পনার কৃতকার্য্যতা দেখতে পেলেন। তিনি দেখতে পেলেন যে ঈশ্বরের শাপ তাঁর লোকদের উপর নেমে এল, এবং হাজার হাজার ইস্রায়েল তাঁর বিচারে শাস্তি পেতে লাগল। কিন্তু যে স্বর্গীয় বিচার ইস্রায়েলের পাপের শাস্তি দান করল, সেই স্বর্গীয় বিচার প্রলোভনকারীকে রক্ষা পেতে দিল না। মিদিয়নীয়দের সহিত ইস্রায়েলের যুদ্ধের সময় বিলিয়ম নিহত হলেন। যখন তিনি বলেছিলেন, "ধার্মিকদের মৃত্যুর ন্যায় আমার মৃত্যু হউক, তাহার শেষ গতির মত আমার শেষ গতি হউক," তখন তিনি তার মৃত্যু যে সন্নিকট তার পূর্বাভাস পেয়েছিলেন। কিন্তু তিনি ধার্মিকের জীবন যাপন পদ্ধতি বেছে নিলেন না । তার শেষ গতি ঈশ্বরের শত্রুদের শেষ গতির সহিত একীভূত হল । PPBeng 320.2

বিলিয়মের ভাগ্য ও যিহূদার ভাগ্যের মধ্যে মিল ছিল। উভয় ব্যক্তিই ঈশ্বর ও সম্পদ উভয়টির সহায়তা একত্রে চেয়েছিল এবং তারা প্রচন্ড ভাবে ব্যর্থ হয়েছিল। বিলিয়ম সত্য ঈশ্বরকে স্বীকার করেছিলেন; যিহূদা যীশুর উপর বিশ্বাস এনেছিল। বিলিয়ম যিহোবার সম্পদ সহায়তাকে সম্পদ সঞ্চয় ও পৃথিবীর সম্মান লাভের সোপান হিসেবে ব্যবহার করতে চেয়েছিলেন; যিহূদা খ্রীষ্টের সহিত তার সম্পর্ক দ্বারা তার ধারণা অনুসারে খ্রীষ্ট যে পৃথিবীর রাজ্য প্রতিষ্ঠিত করতে যাচ্ছিলেন তাতে সম্পদ ও উন্নতি লাভ করতে চেয়েছিল। বিলিয়ম ও যিহূদা উভয়ই মহা আলোর ভাগ পেয়েছিলেন। কিন্তু একটি মাত্র পোষা পাপের কারণে তাদের ধ্বংস হল। PPBeng 320.3

একটি মাত্র পোষা পাপ ধীরে ধীরে চরিত্রকে ধ্বংস করে। একটি মাত্র মন্দ অভ্যাসের দাসত্ব আত্মার রক্ষা বাঁধকে ভেঙ্গে ফেলে এবং আমাদের বিপথে পরিচালিত করার জন্য শয়তানের পথ খুলে দেয়। একমাত্র সঠিক পদ্ধতি হল দায়ূদের মত প্রার্থনা করা; "আমার পাদক্ষেপ তোমার পথে স্থির রহিয়াছে, আমার চরণ বিচলিত হয় নাই।" গীতসংহিতা ১৭৪৫ । PPBeng 320.4

অধ্যায় ৪১—বিলিয়ম কি ভাবে ইস্রায়েলকে পাপের পথে পরিচালিত করল

PPBeng 321

ঈশ্বরের উপর তাদের বিশ্বাসকে আরো শক্ত করে ইস্রায়েলের বিজয়ী সৈন্যদল বাশন হতে ফিরে এল এবং কনান বিজয় করার জন্য পূর্ণ আস্থাবান ছিল। তাদের এবং প্রতিজ্ঞাত দেশের মধ্যে এখন শুধুমাত্র যর্দ্দন নদী বিরাজ করছিল। নদীর ঠিক ঐ পারেই রয়েছে এক উর্বর সমভূমি যা নদীর জলে সিঞ্চিত ছিল এবং যা প্রচুর খেজুর গাছের ছায়া দ্বারা আচ্ছাদিত ছিল। পশ্চিমের সীমায় যিরীহোর অট্টালিকা ও রাজপ্রাসাদ সমূহ দৃষ্টি পথে মাথা উঁচু করে দাঁড়িয়েছিল, তাই যিরীহোর আর এক নাম ছিল “খর্জুরপুর”। PPBeng 321.1

যর্দ্দন নদীর পূর্ব দিকে ছিল একটি সমভূমি যা কয়েক মাইল বিস্তৃত ও নদীর পার দিয়ে অনেক দূর পর্য্যন্ত প্রসারিত ছিল। এই ছাড়া ঘন উপত্যকার আবহাওয়া ছিল গ্রীষ্মমন্ডলীয়। এখানে ইস্রায়েলরা শিবির স্থাপন করল, এবং বাবলা কুঞ্জসমূহ পশ্চাদ অপসারণের জন্য উপযুক্ত স্থানরূপে বেছে নিল। PPBeng 321.2

কিন্তু এই মনোরম পারিপার্শ্বিকতায় তারা সন্নিহিত সৈন্যবাহিনী ও হিংস্র বন্য প্রাণীর চেয়ে মারাত্মক ক্ষতিকর শক্তির মুখামুখী হল। প্রাকৃতিক সুবিধাপূর্ণ দেশটিকে এর অধিবাসীরা অপবিত্র করে তুলেছিল। বাল দেবতার গণ উপাসনায় অত্যন্ত হীন কার্যাবলী সাধিত হত। চতুর্দিকে পৌত্তলিকতা ও লাম্পট্যের জন্য নানা প্রকার স্থান ছিল, এবং কুকর্মের নাম সমূহ দ্বারা ঐ সকল স্থানের নামাকরণ করা হয়েছিল। PPBeng 321.3

সর্বদা নীচ চিন্তার পরামর্শ পেয়ে ইস্রায়েলদের মন মন্দ কার্য্যের প্রতি আকৃষ্ট হতে আরম্ভ করল। সহজ জীবন যাপন পদ্ধতি তাদের মধ্যে নৈতিক অবক্ষয়ের সৃষ্টি করল, আর প্রায় অজ্ঞাতসারে তারা ঈশ্বরের নিকট হতে দূরে গিয়ে এমন অবস্থায় পড়ল যে অবস্থায় প্রলোভনের ফাঁদে পা দেয়া অত্যন্ত সহজ হয়ে দাঁড়াল। PPBeng 321.4

যর্দ্দন নদীর তীরে শিবিরে অবস্থান কালে মোশি কনান দেশ দখলের প্রস্তুতি নিচ্ছিলেন। মহান নেতা এই কাজে সম্পূর্ণ ডুবে গিয়েছিলেন। কিন্তু অনিশ্চয়তার অবস্থা লোকদের জন্য খুবই কষ্টকর ছিল, এবং কয়েক সপ্তাহের মধ্যেই তাদের ইতিহাস সদ্‌গুণ ও সততার পরিবর্তে কলঙ্কে কলুসিত হয়ে উঠল PPBeng 322.1

মিদিয়নীয়া মহিলারা গোপনে শিবিরে প্রবেশ করতে আরম্ভ করল। এই মহিলাদের লক্ষ্য ছিল যিহূদীদের কুকর্মে লিপ্ত করা এবং এভাবে ঈশ্বরের আজ্ঞা লঙঘনে প্রলুব্ধ করা ও পৌত্তলিকতায় জড়িয়ে ফেলা। বন্ধুত্বের আবরণে আবৃত করে এই উদ্দেশ্যকে সযত্নে গোপন রাখা হয়েছিল। PPBeng 322.2

বিলিয়মের পরামর্শে মোয়াবীয়দের রাজা তাদের দেবতাদের উদ্দেশে এক বিরাট আনন্দ মেলার আয়োজন করলেন। এক গোপন বন্দোবস্ত ছিল যে বিলিয়ম ইস্রায়েলদের এই মেলায় যোগদানের জন্য অনুপ্রাণিত করবেন। তাকে ঈশ্বরের ভাববাদীরূপে গণ্য করা হত এবং তাই তার লক্ষ্য পূর্ণ করতে কোন কষ্ট হল না । অনেক ইস্রায়েলরা তার সাথে এই আনন্দ মেলা উপভোগ করতে উপস্থিত হল। নৃত্যে ও গানে বিমোহিত হয়ে, এবং পৌত্তলিক কুমারীদের সৌন্দর্যে আকৃষ্ট হয়ে, তারা ঈশ্বরের প্রতি তাদের আনুগত্য পরিত্যাগ করল। মাদক দ্রব্য তাদের বোধ শক্তিকে মেঘাচ্ছন্ন করে ফেলল আর তাদের বিবেককে কলুসিত করার ফলে, পুতুল-পূজা করতেও তাদের উৎসাহিত করা গেল । তারা পৌত্তলিকদের বেদীতে বলিদান করল এবং খুবই নিম্ন পর্যায়ের ধর্মীয় অনুষ্ঠানে অংশ গ্রহণ করল। PPBeng 322.3

এই বিষ ভয়ঙ্কর ছোঁয়াছে রোগের মত ইস্রায়েলদের সমস্ত শিবিরগুলিতে ছড়িয়ে পড়ল। যারা যুদ্ধে জয়লাভ করতে চলছিল, তারা এখন মেয়েদের মোহে বিমোহিত হল। সব লোকেরা মনে হল মোহাচ্ছন্ন হয়ে পড়েছে। শাসকবর্গ ও নেতৃবৃন্দই প্রথমে ব্যবস্থা লঙঘন করলেন, এবং এত অধিক লোক ধর্মভ্রষ্টতার দোষে দোষী হয়ে পড়ল যে পুরা জাতিই ধর্মভ্রষ্ট গণ্য হল। “আর ইস্রায়েল বাল্-পিয়োর (দেবতার) প্রতি আসক্ত হইতে লাগিল ।” যখন এই ভ্রষ্টতা দেখার জন্য মোশির মনোযোগ আকর্ষণ করা হল, তখন ইস্রায়েলের যে শুধু পিয়োর পর্বতের লাম্পট্যপূর্ণ পূজায় অংশ গ্রহণ করছিল তা নয়, কিন্তু ইস্রায়েলদের শিবিরের অভ্যন্তরেও তারা পৌত্তলিক অনুষ্ঠানাদি পালন করছিল। বৃদ্ধ নেতা প্রচন্ড ক্রোধে আচ্ছন্ন হয়ে পড়লেন, এবং ঈশ্বরের ক্রোধ জ্বলে উঠল । PPBeng 322.4

তাদের পৌত্তলিক আচার অনুষ্ঠান ইস্রায়েলদের প্রতি তাই ঘটাল বিলিয়মের সকল যাদুবিদ্যা যা ঘটাতে অক্ষম হয়েছিল- তারা ঈশ্বর হতে পৃথক হয়ে পড়ল। একটি ভয়ঙ্কর মহামারী সমস্ত স্থানে ছড়িয়ে পড়ল, যাতে হাজার হাজার লোক মারা পড়ল। ঈশ্বর আদেশ করলেন যে ধর্মভ্রষ্ট নেতাদের হত্যা করা হোক, আর সেই আদেশ দ্রুত কার্য্যকর করা হল । আর তারপর তাদের মৃতদেহগুলি ইস্রায়েলদের চক্ষের সম্মুখে টাঙ্গিয়ে দেয়া হল যেন সকল সমাজের লোকেরা তাদের নেতাদের প্রতি এই কঠোর শাস্তি দান দেখে সম্যক হৃদয়ঙ্গম করতে পারে যে ঈশ্বর তাদের পাপকে কত ঘৃণা করেন। সকলে অনুভব করল যে শাস্তিটি যথার্থ হয়েছে এবং বিনম্রভাবে চক্ষের জলে ভিজে তারা তাদের পাপের প্রায়শ্চিত্ত করল। PPBeng 323.1

যখন তারা সমাগম তাঁবুর দ্বারে এই ভাবে ক্রন্দন করছিলেন, তখন ইস্রায়েলদের একজন সম্ভ্রান্ত লোক, সিমি, সগর্বে একজন মিদিয়নীয় বেশ্যাসহ শিবিরে প্রবেশ করল, ও তাকে নিজ তাঁবুতে নিয়ে গেল। কোন পাপের থেকে অধিক দুঃসাহস ও অবাধ্যতার সহিত সম্পন্ন হয় নি। সিমি তার পাপকে ‘সদোমের পাপ’ বলে আখ্যায়িত করত আর তার এই লজ্জাস্কর কাজে গর্ব করত। PPBeng 323.2

তার লোকদের ক্ষমা করার জন্য মিনতি জানিয়ে যাজক ও নেতারা যখন সদাপ্রভুর কাছে উবুড় হয়ে ছিলেন, তখন ইস্রায়েলদের এই যুবরাজ সমস্ত সমাজের সামনে তার পাপ সদম্ভে প্রকাশ করল; মনে হল সে ঈশ্বরের ক্রোধকে তুচ্ছ করছে ও জাতির বিচারকদের বিদ্রূপ করছে। মহা যাজক ইলিয়াসরের পুত্র পীনহস্ উঠে দাঁড়াল এবং একটি বর্শা হস্তে নিয়ে "সেই ইস্রায়েলীয় পুরুষের পিছনে পিছনে কুঠরীতে প্রবেশ করিয়া" দু'জনকেই হত্যা করল। এই ভাবে মহামারী থামানো হল । যে যাজক এই স্বর্গীয় দন্ড কার্যকর করলেন তাকে সমস্ত ইস্রায়েলদের সামনে সম্মানিত করা হল । PPBeng 323.3

পীনহস্ ইস্রায়েলদের জন্য পাপের প্রায়শ্চিত্ত করল

PPBeng 323

স্বর্গীয় রব হল, "পীনহস্ ইস্রায়েলগণ হইতে আমার ক্রোধ নিবৃত্ত করিল।" "সে আপন ঈশ্বরের পক্ষে অন্তর্জালা প্রকাশ করিয়াছে, এবং ইস্রায়েলদিগের জন্য প্রায়শ্চিত্ত আদায় করিয়াছে।" PPBeng 323.4

ইস্রায়েলদের উপর যে বিচার নেমে এসেছিল তা সেই বৃহৎ দলের বাকী রক্ষা-প্রাপ্তদের ধ্বংস করল যারা এই বলে দন্ডাজ্ঞা প্রাপ্ত হয়েছিল, "তাহারা প্রান্তরে মরিবেই মরিবে।" যদ্দনের সমভূমিতে অবস্থানকালে "মোশি ও হারোণ যখন সীনয় প্রান্তরে ইস্রায়েলসন্তানগনকে গণনা করিয়াছিলেন, তখন যাহারা তাঁহাদের কর্তৃক গণিত হইয়াছিল....তাহাদের মধ্যে যিফুন্নির পুত্র কালের ও নূনের পুত্র যিহোশূয় ছাড়া একজনও অবশিষ্ট রহিল না।" গণনা ২৬:৬৪, ৬৫। PPBeng 323.5

মিদিয়নীয়দের প্ররোচনায় আত্মসমর্পণ করার জন্য ঈশ্বর ইস্রায়েলদের দন্ডাজ্ঞা প্রেরণ করেন, কিন্তু প্ররোচনাদানকারীও স্বর্গীয় দন্ডাজ্ঞা হতে রেহাই পাবে না। মোশিকে ঈশ্বর আদেশ করলেন, "তুমি ইস্রায়েলদিগের জন্য মিদিয়নীয়দিগকে প্রতিফল দাও; তারপর তুমি আপন লোকদের নিকট সংগৃহীত হইবে।" প্রত্যেক বংশ হতে এক হাজার করে লোক বাছাই করে পীন্‌হসের অধীনে প্রেরণ করা হল। "পরে মোশির প্রতি সদাপ্রভুর দেওয়া আদেশ মোতাবেক তাহারা মিদিয়নের সহিত যুদ্ধ করিল। আর তাহারা...মিদিয়নের এই পাঁচ রাজাকে হত্যা করিল; বিয়োরের পুত্র বিলিয়মকেও খড়্গ দ্বারা হত্যা করিল।" PPBeng 324.1

যারা ঈশ্বরের লোকদের বিরুদ্ধে মন্দ পরিকল্পনা করেছিল, তাদের শেষ গতি এভাবেই হল। যখন মানুষ "ধার্মিকের প্রাণের বিরুদ্ধে দল বাঁধে, নির্দোষের রক্তকে দোষী করে," সদাপ্রভু "তাহাদের অধর্ম তাহাদের উপরেই বর্তাইয়াছেন, তাহাদের দুষ্টতায় তাহাদিগকে উচ্ছিন্ন করিবেন।" গীতসংহিতা ৯৪:২১, ২৩। PPBeng 324.2

নারীগন শক্তিশালী মানুষদের উপর জয়লাভ করে

PPBeng 324

যিহূদীরা যখন প্রলোভনের নিকট আত্ম-সমর্পণ করে ঈশ্বরের ব্যবস্থা লঙঘন করল, তখন তাদের রক্ষক তাদের নিকট হতে দূরে সরে গেলেন । যখন ঈশ্বরের লোক ঈশ্বরের ব্যবস্থার বাধ্য হয়, তখন “যাকোবে মায়া শক্তি নাই, ইস্রায়েলে মন্ত্র নাই।” সুতরাং শয়তানের সমস্ত কলা-কৌশল তাদের বিরুদ্ধে প্রয়োগ করা হয় যেন তাদের পাপের পথে প্ররোচিত করতে পারে। যারা ঈশ্বরের ব্যবস্থার পালনকারী তারাই যদি ব্যবস্থা লঙঘন করতে আরম্ভ করে দেয়, তাহলে তারা তাদের শত্রুর বিরুদ্ধে দাঁড়াতে পারবে না। PPBeng 324.3

যে ইস্রায়েলরা অস্ত্রের নিকট পরাজিত হল না অথবা মিদিয়নীদের যাদু-বিদ্যা দ্বারা বশীভূত হল না তারা শেষ পর্য্যন্ত মিদিয়নীয় বেশ্যাদের শিকারে পরিণত হল। যে নারীরা শয়তানের দলভূক্ত হয়ে পড়ে, আত্মার ধ্বংসে তারা ঐ ধরণের ক্ষমতা ব্যবহার করে। “সে অনেককে আঘাত করিয়া নিপাত করিয়াছে, তাহার নিহত লোকেরা বৃহৎ দল।” হিতোপদেশক ৭:২৬। এই ভাবেই যোষেফ প্রলোভিত হয়েছিলেন। এই ভাবেই শিমশোন্ পলেষ্টীয়দের নিকট শক্তি হারিয়ে ফেলেছিলেন। এখানেই দায়ূদের পদস্খলন হয়। এবং রাজাদের মধ্যে জ্ঞানীতম শলোমনও এই ধরনের গভীর প্রণয়ে আসক্ত হয়েছিলেন আর ঐ যাদুকরী ক্ষমতার নিকট নিজ চরিত্রকে বলি দিয়েছিলেন । PPBeng 324.4

বাল-পিয়োরে যে প্রলোভন এত কার্যকরী হয়েছিল, শয়তান হাজার হাজার বছর ধরে প্রচন্ড একাগ্রতার সাথে এর চর্চা করেছে এবং বংশপরম্পরায় ইস্রায়েলদের শাসনকর্তাদের এই একই প্রলোভন দ্বারা পরাস্ত করেছে। আমরা কালের পরিসমাপ্তিতে যখন স্বর্গীয় কনানের সীমায় এসে উপস্থিত হব, তখন ঈশ্বরের লোকদের সেই উত্তম দেশে প্রবেশ করতে না দেয়ার জন্য শয়তান তার প্রচেষ্টা দ্বিগুণ করবে। যারা পবিত্র দায়িত্ব পালনে রত আছেন তাদের জন্য সে তার প্রলোভনের ফাঁদ তৈরী করে রাখবে; যদি সে তাদের আত্মাকে অপবিত্র করে ফেলতে পারে, তাহলে তাদের মাধ্যমে সে আরো অনেককে ধ্বংস করতে পারবে। পৃথিবীর দোস্তী, সৌন্দর্য্যের মোহ, আনন্দের অভিলাস, উল্লাস, পানাহার, অথবা মদের পেয়ালা ইত্যাদি দ্বারা সে সপ্তম আজ্ঞা লঙঘনে প্ররোচিত করে থাকে। PPBeng 325.1

যারা ঈশ্বরের চেহারাকে অসম্মান করেন এবং নিজ দেহের মধ্যে ঈশ্বরের যে মন্দির, তা অপবিত্র করেন তাদের কলুসিত হৃদয়ের আকাঙ্খা পূর্ণ করার জন্য ঈশ্বরের নামের যে কোন ধরণের অসম্মান করতে তাদের বিবেকে বাঁধবে না। যারা মোহের দাস ঈশ্বরের ব্যবস্থার প্রতি যে পবিত্র কর্তব্য রয়েছে তার গুরুত্ব হৃদয়ঙ্গম করা, পাপের ঈশ্বর প্রদত্ত প্রায়শ্চিত্তের মর্ম উপলব্ধি করা, অথবা একটি আত্মার যথার্থ মূল্যায়ন করা তাদের জন্য অসম্ভব। উত্তমতা, পবিত্রতা, সত্য, ঈশ্বরের প্রতি শ্রদ্ধা এবং পবিত্র জিনিসের প্রতি প্রেম এই সমস্ত ই কাম ও মোহের আগুনে পুড়ে শেষ হয়ে যায়। আত্মা তখন এক নির্জন অন্ধকার প্রান্তরে পরিণত হয়। ঈশ্বরের চেহারায় তৈরী প্রাণী তখন নিকৃষ্টতম পশুতে পরিণত হয় । PPBeng 325.2

পৌত্তলিকদের সহিত বন্ধুত্বের ফল

PPBeng 325

অধার্মিকদের সাথে বন্ধুত্ব স্থাপন ও তাদের আনন্দে অংশ গ্রহণ, ইত্যাদির মাধ্যমে শয়তান খ্রীষ্টের অনুগামীদের কৃতকার্য্যতার সাথে পাপে লিপ্ত .. করাতে সক্ষম হয়। অতীতকালে যেরূপ ইস্রায়েলদের নিকট চাওয়া হয়েছিল, আজও তদ্রূপ ঈশ্বর চান যেন তার লোকরা পৃথিবীর কার্য্য পদ্ধতি, অভ্যাস ও রীতি-নীতির মধ্যে সচেতন ভাবে পার্থক্য নির্ণয় করেন। পৌত্তলিকতার মধ্যে জড়িয়ে পড়ার বিরুদ্ধে ইস্রায়েলদের যে সতর্কতা অবলম্বনের নির্দেশ দেয়া হয়েছিল, অধার্মিকদের নিয়ম-কানুনের সহিত একত্রিত হওয়ার বিরুদ্ধে একই ধরনের সতর্কতা অবলম্বনের জন্য খ্রীষ্টের উপর বিশ্বাসীদের নির্দেশ দেয়া হচ্ছে। যারা আমাদের ঈশ্বর হতে দূরে সরিয়ে নেয়ার জন্য প্রভাব বিস্তার করে তাদের নিকট হতে দূরে সরে থাকতে আমাদের যথেষ্ট সতর্কতা অবলম্বন প্রয়োজন । যখন আমরা প্রার্থনা করি “আমাদিগকে পরীক্ষাতে আনিও না” তখন আমাদের প্রলোভন এড়িয়ে চলা উচিত। PPBeng 325.3

ইস্রায়েলরা যখন আরাম ও নিরাপত্তার মধ্যে ছিল তখন তারা পাপের পথে পরিচালিত হয়েছিল। আরাম ও আত্ম-ইচ্ছাপূরণ আত্মার আশ্রয়স্থলকে অরক্ষিত রেখে দিয়েছিল, ফলে সেখানে কুচিন্তা প্রবেশের পথ পেয়ে গিয়েছিল । দেয়ালের অভ্যন্তরের বিশ্বাসঘাতকরা নীতির শক্ত ঘাটিসমূহ ধ্বংস করে দিয়ে ইস্রায়েলদের শয়তানের ক্ষমতার আওতায় সমর্পণ করল। এই ভাবেই শয়তান আত্মাকে ধ্বংস করতে চায়। খ্রীষ্টে বিশ্বাসীদের খোলা ভাবে কোন পাপ করার আগে তার হৃদয়ে পৃথিবীর নিকট অজ্ঞাত একটি দীর্ঘ প্রস্তুতি প্রক্রিয়া চলতে থাকে। অনাবিলতা ও পবিত্রতা হতে মন সহসাই কলুসিত, ভ্রষ্টতা ও পাপের দিকে ধেয়ে পড়ে না। মন্দ চিন্তায় নিমগ্ন হবার ফলে, যে পাপ একদা ঘৃণ্য মনে হত, তাই খুব আনন্দদায়ক মনে হবে । PPBeng 326.1

আমরা আমাদের শহরের রাস্তায় হাটলেই আকর্ষণীয় বিজ্ঞাপন চোখে পড়ে যাতে দেখা যায় অপরাধ, হয় কোন গল্পের বইতে উপস্থান করা হচ্ছে নতুবা কোন মঞ্চে অভিনীত হচ্ছে। দুশ্চরিত্রবান ও দুষ্কৃতিকারীরা যে কার্য্য পদ্ধতি চালায় তা সাপ্তাহিক খবরের কাগজের পাতায় জনগণের মধ্যে তুলে ধরা হয়, আর যা কি মোহ সৃষ্টি করে তা তাদের কাছে আরো মোহ করে উপস্থাপন করা হয়। তারা এত বেশী ভয়ানক ও নীচ অপরাধের কথা শুনে যে তাদের বিবেক কঠিন হয়ে পড়ে, আর ঐ সমস্ত জিনিষে যথেষ্ট আগ্রহ সহকারে চিন্তা করে। PPBeng 326.2

যারা খ্রীষ্টে বিশ্বাসীরূপে পরিচয় দেয় তাদের মধ্যে জনপ্রিয় ক্রীড়া- সমূহের ফল যা হচ্ছে পৌত্তলিকদের মধ্যেও সেই একই ফল হয়েছিল। নাটকের মাধ্যমে শয়তান যুগে যুগে কুপ্রবৃত্তি জাগিয়ে তুলেছে ও মন্দতাকে গৌরবান্বিত করেছে। কামনাকে জাগিয়ে তোলার জন্য শয়তান নাট্যাভিনয়, নৃত্য, ও তাস খেলার ব্যবহার করে থাকে । PPBeng 326.3

যে সকল আনন্দোৎসবে গর্ব জাগিয়া তোলা হয় অথবা কামনা-বাসনার প্রশ্রয় দেয়া হয়, আর যেখানে ঈশ্বরকে ভুলে যেতে ও স্বর্গীয় স্বার্থকে পিছনে রাখতে লোকদের পরিচালিত করা হয়, ঐখানে শয়তান আত্মাতে তার শৃঙ্খলে আবদ্ধ করে থাকে। PPBeng 326.4

প্রলোভনের উপর জয়লাভ

PPBeng 327

স্বর্গীয় অনুগ্রহের মাধ্যমে হৃদয়ের মধ্যে নতুনত্ব সৃষ্টি করতে হবে। যে খ্রীষ্টের অনুগ্রহ ছাড়াই চরিত্রবান হতে চেষ্টা করে, সে বালুচরে ঘর বাঁধে। প্রলোভনের প্রচন্ড ঝড়ে এটি নিশ্চয়ই ধ্বসে পড়বে। দায়ূদের প্রার্থনা প্রত্যেক আত্মার কাম্য হওয়া প্রয়োজন: "হে ঈশ্বর, আমাতে বিশুদ্ধ অন্তঃকরণ সৃষ্টি কর, আমার অন্তরে সুস্থির আত্মাকে নূতন করিয়া দেও।" গীতসংহিতা ৫১:১০। PPBeng 327.1

তবুও প্রলোভনকে বাঁধা দানের জন্য আমাদের কাজ করতে হবে। যারা শয়তানের ফাঁদে পা রাখতে চান না তারা আত্মার অলিগলিতে সতর্ক প্রহরায় রাখবেন; যে সমস্ত জিনিষ পড়লে, দেখলে, অথবা শুনলে মনের মধ্যে অপবিত্র চিন্তা ও কুচিন্তার সৃষ্টি হয়, সে সমস্ত এড়িয়ে চলুন। এর জন্য প্রয়োজন একাগ্র প্রার্থনা ও অবিরাম সতর্কতা। পবিত্র আত্মার প্রভাবের চিরন্তন উপস্থিতি, পবিত্র বিষয়ে চিন্তা করার জন্য মনকে ঊর্ধ্বে আকর্ষণ করবে। "যুবক কেমন করিয়া নিজ পথ বিশুদ্ধ করিবে? তোমার বাক্যানুসারে সাবধান হইয়াই করিবে।" "তোমার বচন আমি হৃদয় মধ্যে সঞ্চয় করিয়াছি, যেন তোমার বিরুদ্ধে পাপ না করি।" গীতসংহিতা ১১৯:৯, ১১। PPBeng 327.2

বাল্-পিয়োরে ইস্রায়েলের পাপ সমস্ত জাতির উপর ঈশ্বরের বিচার নিয়ে এসেছিল। একই পাপ বর্তমানে এত তাৎক্ষণিক ভাবে দন্ড-প্রাপ্ত না হতে পারে, কিন্তু প্রকৃতিতে ভয়ঙ্কর শাস্তির ব্যবস্থা স্থাপিত রয়েছে, যে শাস্তি, আজ হোক, কাল হোক, প্রত্যেক পাপীকেই ভোগ করতে হবে। অন্য যে কোন কারণের চেয়ে এই পাপ সমূহই আমাদের জাতির ভয়ঙ্কর অবক্ষয় ঘটিয়েছে, ও সমস্ত পৃথিবীর রোগ ও দুঃখ কষ্টের শাপ বয়ে এনেছে। মানুষ তার পাপ অন্য মানুষ হতে গোপন করতে পারে, কিন্তু এর ফলে তারা ভোগ করবে দুঃখ-কষ্ট, ব্যাধি, অথবা মৃত্যু। আর এই জীবনের পরে রয়েছে শেষ বিচার। "যাহারা এই সমস্ত করে তাহারা ঈশ্বরের রাজ্যে অধিকার পাইবে না," কিন্তু শয়তান ও তার সাথী খারাপ দূতগণের সাথে "অগ্নিহ্রদ" লাভ করবে যা হল "দ্বিতীয় মৃত্যু"।- গালাতীয় ৫:২১ ; প্রকাশিত বাক্য ২০:১৪। PPBeng 327.3

অধ্যায় ৪২—ঈশ্বর একটি নতুন প্রজন্মকে তাঁর ব্যবস্থা শিক্ষা দেন

PPBeng 328

ঈশ্বর মোশিকে জানালেন যে কনান দখল করার সময় নিকটবর্তী। যখন বৃদ্ধ ভাববাদী চূড়ার উপর দাঁড়িয়ে প্রতিজ্ঞাত দেশের প্রতি দৃষ্টিপাত করলেন, তখন গভীর মিনতি সহকারে অনুনয় করলেন, “হে প্রভু সদাপ্রভু, তুমি আপন দাসের কাছে আপন মহিমা ও বলবান হস্ত প্রকাশ করিতে আরম্ভ করিলে; তোমার কার্য্যের মত কার্য, ও তোমার বিক্রম কর্মের মত কর্ম করিতে পারে, স্বর্গে কি পৃথিবীতে এমন ঈশ্বর কে আছে? বিনয় করি, আমাকে ওপারে গিয়া যর্দ্দনপারস্থ সেই উত্তম দেশ, সেই রমণীয় গিরিপ্রদেশ ও লিবানোন দেখিতে দেও।” PPBeng 328.1

উত্তর হল, “তোমার পক্ষে এই যথেষ্ট, এ বিষয়ের কথা আমাকে আর বলিও না। পিগার শৃঙ্গে উঠ, আপন চক্ষে নিরীক্ষণ কর, কেননা তুমি এই যর্দ্দন পার হইতে পাইবে না।” PPBeng 328.2

কোন অভিযোগ ছাড়াই মোশি ঈশ্বরের আদেশ মেনে নিলেন। এবং এখন ইস্রায়েলের জন্য তার দুশ্চিন্তা শুরু হল। এক পরিতৃপ্ত হৃদয় হতে তিনি এই প্রার্থনা পেশ করলেন, “সর্বশরীরস্থ আত্মাদিগের ঈশ্বর সদাপ্রভু মন্ডলীর উপরে এমন এক ব্যক্তিকে নিযুক্ত করুন, যে তাহাদের...ভিতরে আইসে; যেন সদাপ্রভুর মন্ডলীর অরক্ষক মেষপালের ন্যায় না হয়।” গণনা ২৭:১৬, ১৭। PPBeng 328.3

আর উত্তর আসল, “নূনের পুত্র যিহোশূয় আত্মাবিশিষ্ট লোক; তুমি তাহাকে লইয়া তাহার মস্তকে হস্তার্পন কর, এবং ইলিয়াসর যাজকের ও সমস্ত মন্ডলীর সম্মুখে তাহাকে উপস্থিত করিয়া তাহাদের সাক্ষাতে তাহাকে আদেশ দেও। আর তাহাকে তোমার সম্মানের ভাগী কর, যেন ইস্রায়েলসন্তানগণের সমস্ত মন্ডলী আজ্ঞাবহ হয়।” গণনা ২৭:১৮-২০। PPBeng 328.4

মোশি লোকদের সামনে দাঁড়িয়ে তার সতর্কবাণী ও তার উপদেশ প্রদান করলেন। তার মাথার চুল ছিল সাদা ও তার মুখ ছিল এক পবিত্র আলোতে উজ্জ্বল। কিন্তু তার দেহ ছিল সোজা ও তার চোখ ছিল পরিস্কার। গভীর অনূভূতির সহিত তিনি তাদের সর্বশক্তিমানের রক্ষকের প্রেম তাদের নিকট প্রকাশ করলেন। PPBeng 328.5

“স্বর্গের এক প্রান্ত হইতে অন্য প্রান্তকে জিজ্ঞাসা কর, এই মহা কার্য্যের তুল্য কার্য্য কি আর কখনও হইয়াছে? কিংবা এমন কি শুনা গিয়াছে? তোমার মত কি আর কোন জাতি অগ্নির মধ্য হইতে বাক্যবাদী ঈশ্বরের রব শুনিয়া বাঁচিয়াছে? কিংবা তোমাদের ঈশ্বর সদাপ্রভু মিসরে তোমাদের সাক্ষাতে যে সকল কর্ম্ম করিয়াছেন, ঈশ্বর কি তদনুসারে গিয়া

পরীক্ষাসিদ্ধ প্রমাণ, চিহ্ন, অদ্ভুত লক্ষণ, যুদ্ধ, বলবান হস্ত, বিস্তারিত বাহু ও ভয়ঙ্কর মহামহাকর্ম্ম দ্বারা অন্য জাতির মধ্য হইতে আপনার জন্য এক জাতি গ্রহণ করিতে উপক্রম করিয়াছেন? দ্বিতীয় বিবরণ 4:32-34 । PPBeng 329.1

"কিন্তু সদাপ্রভু তোমাদিগকে প্রেম করেন, এবং তোমাদের পিতৃপুরুষদের কাছে যে দিব্য করিয়াছেন, তাহা রক্ষা করেন, তন্নিমিত্তে সদাপ্রভু বলবান হস্ত দ্বারা তোমাদিগকে বাহির করিয়া আনিয়াছেন, এবং দাসগৃহ হইতে, মিসররাজ ফরৌণের হস্ত হইতে, তোমাদিগকে মুক্ত করিয়াছেন। অতএব তুমি জ্ঞাত হও, তোমার ঈশ্বর সদাপ্রভুই ঈশ্বর; তিনি বিশ্বসনীয় ঈশ্বর, যাহারা তাঁহাকে প্রেম করে, ও তাঁহার আজ্ঞা সকল পালন করে, তাহাদের পক্ষে সহস্র পুরুষ পর্যন্ত নিয়ম ও দয়া রক্ষা করেন।" দ্বিতীয় বিবরণ ৭:৮, ৯। PPBeng 329.2

মরুপ্রান্তরে তাদের দীর্ঘ ভ্রমণের জন্য, ইস্রায়েলরা প্রায়ই অধৈর্য ও বিদ্রোহী হয়ে উঠত; কিন্তু কনান দখলের এই বিলম্বের জন্য সদাপ্রভু দায়ী ছিলেন না। তাদের চেয়ে বরং তিনিই অধিক দুঃখিত ছিলেন যে দ্রুত প্রতিজ্ঞাত দেশ দখলের জন্য তাদের ঐ দেশে নিয়ে যেতে পারছিলেন না এবং পৃথিবীর সমস্ত জাতিগণের নিকট তাঁর শক্তি ও ক্ষমতা প্রকাশ করতে পারছিলেন না। ঈশ্বরের উপর অনাস্থা থাকার জন্য তারা কনানে প্রবেশ করতে প্রস্তুত ছিল না। যদি তাদের পিতৃপুরুষরা ঈশ্বরের ব্যবস্থার প্রতি আনুগত্য দেখিয়ে তাঁর নির্দ্দেশ মত চলতেন তবে অনেক আগেই তারা কনানে বসতি স্থাপন করতে পারত এবং একটি উন্নত, পবিত্র ও আনন্দিত জাতিতে পরিণত হত। তাদের বিলম্ব ঈশ্বরের জন্য অসম্মানজনক ছিল এবং চতুর্দিকের জাতির সম্মুখে তাঁর গৌরব ক্ষুন্ন হচ্ছিল । PPBeng 329.3

মোশি বললেন, "দেখ, আমার ঈশ্বর সদাপ্রভু আমাকে যেরূপ আদেশ দিয়াছিলেন, আমি তোমাদিগকে সেইরূপ নিয়ম ও আজ্ঞা শিক্ষা দিয়াছি; যেন তোমরা যে দেশ অধিকার করিতে যাইতেছ, সেই দেশের মধ্যে সেই মত ব্যবহার কর। অতএব তোমরা সেই সমস্ত মান্য করিও; কেননা জাতি সমূহের সমক্ষে তাহাই তোমাদের জ্ঞান-বুদ্ধিস্বরূপ হইবে, এই সকল নিয়ম শুনিয়া তাহারা বলিবে, সত্যই, এই মহাজাতি জ্ঞানবান্ ও বুদ্ধিমান লোক।" PPBeng 329.4

আর তিনি যিহূদীবাহিনীকে এই বলে চ্যালেঞ্জ করলেন, "আর আমি আজ তোমাদের সাক্ষাতে যে সমস্ত ব্যবস্থা প্রদান করিতেছি, তাহার মত যথার্থ নিয়ম ও আজ্ঞা কোন বড় জাতির আছে?" যে সমস্ত ব্যবস্থা ঈশ্বর তাঁর প্রাচীন লোকদের দিয়েছিলেন সেগুলি পৃথিবীর সবচেয়ে সভ্য জাতির নিয়ম-কানুনের চেয়ে যুক্তিপূর্ণ, উত্তম, ও অধিক মানবীয় ছিল। ঈশ্বরের ব্যবস্থা স্বর্গীয় সীল- মোহর ধারণ করে। PPBeng 330.1

এই বাক্যগুলি ইস্রায়েলদের হৃদয়কে কি কঠোর ভাবেই না বিদ্ধ করে ছিল যখন তারা স্মরণ করতে পারল যে, তাদের পাপের ফলেই, যে ব্যক্তি অত্যন্ত উজ্জ্বল ভাবে ঐ উত্তম

দেশের আশীর্বাদসমূহের বর্ণনা দিয়েছেন, তিনিই আজ তার লোকদের উত্তরাধিকারের অংশী হতে পারবেন না। PPBeng 330.2

"তোমরা যে দেশ অধিকার করিতে পার হইয়া যাইতেছ, সে পর্বত ও উপত্যকা-বিশিষ্ট দেশ, এবং আকাশের বৃষ্টির জল পান করে;" সেই দেশে উপত্যকা ও পর্বত হইতে নির্গত জলস্রোত, ফোয়ারা ও গভীর জলাশয় আছে; সেই দেশে গোধূম, যব, আঙ্গুরলতা, ডুমুর গাছ ও দাড়িম্ব, এবং তেলদায়ক জলপাই গাছ ও মধু উৎপন্ন হয়; সেই দেশে আহারের বিষয়ে কৃপন হইতে হইবে না, তোমার কোন বস্তুর অভাব হইবে না; সেই দেশের পাথর লৌহ, ও সেখানকার পর্বত হইতে তুমি পিতল খুঁদিবে"; "সেই দেশের প্রতি তোমার ঈশ্বর সদাপ্রভুর মনোযোগ আছে; বসরের আরম্ভ হইতে বসরের শেষ পর্য্যন্ত তাহার প্রতি সর্বদা তোমার ঈশ্বর সদাপ্রভুর দৃষ্টি থাকে।" PPBeng 330.3

"তোমার পিতৃপুরুষ অব্রাহামের, ইস্‌হাকের ও যাকোবের কাছে তোমার ঈশ্বর সদাপ্রভু তোমাকে যে দেশ দিতে শপথ করিয়াছেন, সেই দেশে তিনি তোমাকে উপস্থিত করিলে পর তুমি যাহা গাঁথ নাই, এমন বৃহ বৃহ ও সুন্দর সুন্দর নগর, এবং যাহাতে কিছুই সঞ্চয় কর নাই, উত্তম উত্তম দ্রব্যে পরিপূর্ণ এমন সকল গৃহ, ও যাহা খুদ নাই, এমন সকল খণিত কূপ, এবং যাহা প্রস্তুত কর নাই, এমন সকল দ্রাক্ষাক্ষেত্র ও জিতক্ষেত্র পাইয়া যখন তুমি ভোজন করিয়া তৃপ্ত হইবে, তকালে আপনার বিষয়ে সাবধান থাকিও,... সেই সদাপ্রভুকে ভুলিয়া যাইও না।" "তোমরা নিজেদের বিষয়ে সাবধান থাকিও, তোমাদের ঈশ্বর সদাপ্রভু তোমাদের সহিত যে নিয়ম করিয়াছেন, তাহা ভুলিয়া যাইও না,...কেননা তোমার ঈশ্বর সদাপ্রভু গ্রাসকারী অগ্নিস্বরূপ, তিনি নিজের গৌরব রক্ষা করিতে উদ্যোগী ঈশ্বর।" মোশি আরও বললেন যে যদি তারা সদাপ্রভুর চক্ষুতে যা মন্দ সে ধরণের কাজ করে, তবে "তোমরা যে দেশ অধিকার করিতে যদন পার হইয়া যাইতেছে, সেই দেশ হইতে শীঘ্র সম্পূ ধ্বংস হইবে। PPBeng 330.4

যা ঈশ্বর তাকে দিয়েছিলেন মোশি সেই সমস্ত ব্যবস্থা, সংবিধি, ও বিচারব্যবস্থা, এবং যজ্ঞ সম্পর্কিত সমস্ত নিয়ম-কানুন লেখা শেষ করলে। যে বইতে এই সমস্ত ছিল, নিরাপদে রক্ষার জন্য, তা নিয়ম সিন্দুকের পাশে রাখা হল। PPBeng 331.1

শর্ত সাপেক্ষ আশীর্বাদসমূহ

PPBeng 331

তথাপি মহান নেতার পূর্ণ ভয় রয়ে যাচ্ছিল যে লোকেরা ঈশ্বরের নিকট হতে দূরে সরে যাবে। বাধ্যতার আশীর্বাদ তাদের জন্য কি কি হবে, ও অবাধ্যতার অভিশাপ তাদের উপর কি কি হবে সে সকল একটি মহৎ ও রোমাঞ্চ উদ্রেককারী বক্তৃতায় তিনি তাদের সামনে তুলে ধরলেনঃ PPBeng 331.2

"যখন তুমি তোমার ঈশ্বর সদাপ্রভুর বাধ্য হও, আমি আজ তোমাকে যে যে আদেশ দিতেছি, তাঁর সেই সমস্ত আদেশ পালন করিবে," "তুমি নগরে আশীর্বাদ যুক্ত হইবে ও ক্ষেত্রে আশীর্বাদযুক্ত হইবে। তোমার শরীরের ফল, তোমার ভূমির ফল, তোমার পশুর ফল,...তোমার চুপড়ি ও তোমার ময়দার কাঠুয়া আশীর্বাদযুক্ত হইবে। তোমার যে শত্রুগণ তোমার বিরুদ্ধে উঠে, তাহাদিগকে সদাপ্রভু তোমার সামনে আঘাত করাইবেন;...সদাপ্রভু আজ্ঞা করিয়া তোমার গোলাঘর সম্বন্ধে ও তুমি যে কোন কার্য্যে হস্তক্ষেপ কর, তৎসম্বন্ধে আশীর্বাদকে তোমার সহচর করিবেন।" PPBeng 331.3

"কিন্তু যদি তুমি আপন ঈশ্বর সদাপ্রভুর রবে কর্ণপাত না কর, আমি অদ্য তোমাকে তাঁহার যে সমস্ত আজ্ঞা ও বিধি আদেশ করিতেছি....সেই সকল পালন না কর, তবে এই সমস্ত অভিশাপ তোমার প্রতি বর্ত্তিবে," "আর সদাপ্রভু তোমাকে যে সকল জাতির মধ্যে লইয়া যাইবেন, তাহাদের কাছে তুমি বিস্ময়ের, প্রবাদের ও উপহাসের পাত্র হইবে।" "আর সদাপ্রভু তোমাকে পৃথিবীর এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্য্যন্ত সমস্ত জাতির মধ্যে ছিন্নভিন্ন করিবেন;...আর তুমি সেই জাতিগণের মধ্যে কিছু সুখ পাইবে না, ও তোমার পদতলের জন্য বিশ্রাম স্থান থাকিবে না, কিন্তু সদাপ্রভু সেই স্থানে তোমাকে হৃৎকম্প, চক্ষুর ক্ষীণতা ও প্রানের শুষ্কতা দিবেন। আর তোমার জীবন তোমার দৃষ্টিতে সংশয়ে দোলায়মান হইবে, এবং তুমি দিবারাত্র শঙ্কা করিবে, ও আপন জীবনের বিষয়ে তোমার বিশ্বাস থাকিবে না। তুমি হৃদয়ে যে শঙ্কা করিবে ও চক্ষুতে যে ভয়ংকর দৃশ্য দেখিবে, তৎপ্রযুক্ত প্রাতঃকালে বলিবে, হায় হায়, কখন্ সন্ধ্যা হইবে? এবং সন্ধ্যাকালে বলিবে, হায় হায়, কখন প্রাতঃকাল হইবে? , PPBeng 331.4

আত্মার বশীবর্তী হয়ে, বহু যুগ দূরে দৃষ্টি নিক্ষেপ করে, রোমীয় সৈন্যদের দ্বারা ইস্রায়েল জাতির পরাজয় ও ধ্বংস যিরূশালেমের পূর্ণ ধ্বংসের এক ছবি মোশি অঙ্কন করলেন। বহু শতাব্দি পরে টাইটাস কর্তৃক যিরূশালেম অবরোধের সময় লোকদের ভয়ঙ্কর কষ্ট ভোগের এক হুবহু চিত্র তুলে ধরা হলঃ "আর তোমার সমস্ত দেশে যে সকল উচ্চ ও সুরক্ষিত প্রাচীরে তুমি বিশ্বাস করিতে, সে সকল যাবৎ ভূমিসাৎ না হইবে, তাবৎ সেই তোমার সমস্ত নগর-দ্বারে তোমাকে অবরোধ করিবে; আর যখন তোমার শত্রুগণ কর্তৃক তুমি অবরুদ্ধ ও ক্লিষ্ট হইবে, তখন তুমি আপন শরীরের ফল,... নিজ পুত্র- কন্যাদিগের মাংস ভোজন করিবে।" "যখন সমস্ত নগর দ্বারে শত্রুগণকর্ত্তৃক তুমি অবরুদ্ধ ও ক্লিষ্ট হইবে, তখন যে স্ত্রী কোমলতা ও সুখভোগ প্রযুক্ত আপন পদতল ভূমিতে রাখিতে সাহস করিত না,...(সেই স্ত্রীর) চক্ষু আপন বক্ষঃস্থিত স্বামীর....ও আপনার প্রসবিত শিশুদের উপরে টাটাইবে; কারণ সমস্তের অভাব প্রযুক্ত সে ইহাদিগকে গোপনে খাইবে।" PPBeng 332.1

এই আকর্ষণীয় বাক্য দ্বারা মোশি তার বক্তব্য শেষ করলেন; "আমি আজ তোমাদের বিরুদ্ধে স্বর্গ ও পৃথিবীকে সাক্ষী করিয়া বলিতেছি যে, আমি তোমার সামনে জীবন ও মৃত্যু, আশীর্বাদ ও অভিশাপ রাখিলাম। অতএব জীবনও তোমার দীর্ঘ পরমায়ুস্বরূপ; তাহা হইলে

সদাপ্রভু তোমার পূর্বপুরুষদিগকে, অব্রাহাম, ইস্‌হাক ও যাকোবকে, যে দেশ দিতে দিব্য করিয়াছিলেন, সেই দেশে তুমি বাস করিতে পাইবে।” PPBeng 332.2

তাদের হৃদয়ের উপর এই সত্যসমূহকে অংকিত করার জন্য মহান নেতা এগুলিকে পবিত্র কাব্যের ছন্দে তুলে ধরলেন। লোকেরা এই কাব্যময় ইতিহাস মুখস্থ করবে এবং তা তাদের সন্তানদের ও নাতিপুতিদের শিক্ষা দেবে, যেন তারা কখনো এই সমস্ত ভুলে না যায় । PPBeng 332.3

ভবিষ্যতে যখন তাদের সন্তানেরা তাদের জিজ্ঞাসা করবে, “আমাদের ঈশ্বর সদাপ্রভু তোমাদিগকে যে সকল সাক্ষ্য, নিয়ম ও আজ্ঞা দিয়াছেন, সে সকল কি?” তখন পিতা-মাতারা তাদের সহিত ঈশ্বরের অনুগ্রহপূর্ণ ব্যবহারের ইতিহাস পুনরাবৃত্তি করবে আর বলবে, যেন তারা তাঁর ব্যবস্থা পালন করে এজন্যে ঈশ্বর সদাপ্রভু কি আশ্চর্য্য ভাবে তাদের মুক্তি সাধন করেছিলেন: “আর সদাপ্রভু আমাদিগকে এই সমস্ত নিয়ম পালন করিতে, আমাদের ঈশ্বর সদাপ্রভুকে ভয় করিতে আদেশ দিলেন, যেন সারা জীবন আমাদের মঙ্গল হয়, আর তিনি আজিকার মত যেন আমাদিগকে রাখেন। আর আমরা আপনাদের ঈশ্বর সদাপ্রভুর আদেশ মত তাহার সামনে এই সমস্ত নিয়ম যত্ন সহকারে পালন করিলে আমাদের ধার্মিকতা হইবে।” PPBeng 332.4

অধ্যায় ৪৩—মোশির মৃত্যু

PPBeng 333

আপন লোকদের সহিত ব্যবহারে, ঈশ্বর তার প্রেমে ও অনুগ্রহের সাথে কঠোর ও নিরপেক্ষ বিচার মিশ্রিত করে থাকেন। সকল জাতির রাজা ঘোষণা করেছিলেন যে মোশি ইস্রায়েলদের ঐ উত্তম দেশে নিয়ে যেতে পারবেন না, এবং ঈশ্বরের সেবকের একান্ত মিনতি তার দন্ডাদেশের কোন পরিবর্তন কার্য্যকর করতে সক্ষম হয় নি। তথাপি তিনি বিশ্বস্ততার সহিত সকল সমাজকে প্রতিজ্ঞাত উত্তরাধিকারে প্রবেশ করার জন্য প্রস্তুত করেন। স্বর্গীয় আদেশে মোশি ও যিহোশূয় সমাগম তাম্বুতে প্রবেশ করলেন, আর মেঘস্তম্ভ নেমে এসে দরজার সম্মুখে স্থির হল। এখানে সকল লোকদের যিহোশূয়ের অধীনে সমর্পণ করা হল। ইস্রায়েলদের নেতারূপে মোশির কাজ পরিসমাপ্তি হল। PPBeng 333.1

তথাপি আপন লোকদের স্বার্থ চিন্তা করতে গিয়ে তিনি নিজের স্বার্থ ভুলে গেলেন। জনতার উপস্থিতিতে তিনি তার উত্তরাধিকারীকে, ঈশ্বরের নামে, এই উসাহজনক উপদেশ দিলেন, "তুমি বলবান হও, ও সাহস কর, কেননা আমি ইস্রায়েলদিগকে যে দেশ দিতে দিব্য করিয়াছি, সেই দেশে তুমি তাহাদিগকে লইয়া যাইবে, এবং আমি তোমার সঙ্গে থাকিব।" তারপর তিনি প্রাচীনদের প্রতি ও কর্মকর্তাদের প্রতি এই মহান আদেশ দিলেন যে তিনি যেরূপ বিশ্বস্তভাবে যে সকল আদেশ ঈশ্বরের নিকট হতে তাদের দিয়েছেন তারা যেন সেসব সেরূপ বিশ্বস্ত ভাবে মেনে চলে। PPBeng 333.2

যে বৃদ্ধকে তাদের নিকট হতে শীঘ্রই নিয়ে যাওয়া হবে, তার দিকে যখন লোকেরা একান্ত ভাবে দৃষ্টি দিল তখন তারা নূতন ভাবে তার পিতৃ-মাতৃ সুলভ যত্ন, তার জ্ঞানগর্ভ পরামর্শ ও তার ক্লান্তিহীন পরিশ্রমের কথা স্মরণ করল। তাদের মনে পড়ল যে তাদের দৌরাত্মই মোশির ক্রোধের সঞ্চার করেছিল, যার ফলে এখন তার মৃত্যু বরণ করতে হবে। মোশির জীবনকে তারা যত কষ্টদায়ক করে তুলেছিল ঈশ্বর চাচ্ছিলেন যে তারা যেন তাদের ভবিষ্য নেতার জীবন এত কষ্টদায়ক করে না তুলে। ঈশ্বরের অনুগ্রহ দানের মাধ্যমে তার লোকদের সাথে কথা বলেন, আর যদি এটি যথাযথ ভাবে উপলব্ধি করা না হয়, তখন তিনি আশীর্বাদ দূর করার মাধ্যমে তাদের সাথে কথা বলেন। PPBeng 333.3

সেই দিনই মোশির নিকট আদেশ আসল, "তুমি এই...নবো পর্বতে উঠ, এবং আমি অধিকার করিবার জন্য ইস্রায়েলদিগকে যে দেশ দিতেছি, সেই কনান দেশ দর্শন কর।...তুমি যে পর্বতে উঠিবে, তোমাকে সেখানে মরিয়া আপন লোকদের নিকট সংগৃহীত হইতে হইবে।" মোশিকে এখন আরেকটি নূতন ও রহস্যজনক কাজে যাত্রা করতে হবে। এখন তার জীবন তার স্রষ্টার হস্তে তুলে দিতে হবে। তিনি জানতেন যে তাকে একা একাই মরতে হবে; তার শেষ মুহূর্তে পৃথিবীর কোন বন্ধু-বান্ধব তার সেবা যত্ন করার অনুমতি পাবে না। সেই

দৃশ্য এক রহস্যে ও গভীরতায় আবৃত ছিল যা তার হৃদয় সঙ্কুচিত বোধ করল। যে লোকদের সাথে তার জীবন এতকাল জড়িত ছিল, তার সেই লোকদের নিকট হতে তাকে আলাদা হবার পরীক্ষা অত্যন্ত কঠোর ছিল। কিন্তু দ্বিধাহীন বিশ্বাসে তিনি নিজকে ও তার লোকদের ঈশ্বরের হস্তে সঁপে দিলেন। PPBeng 334.1

মোশির শেষ আশীর্বাদ

PPBeng 334

শেষবারের মত মোশি তার লোকদের মন্ডলীর সামনে দাঁড়ালেন। আবারও ঈশ্বরের আত্মা তার উপর আসলেন আসলেন এবং মহিমান্বিত ও হৃদয়স্পর্শকারী ভাষায় তিনি প্রত্যেক বংশের জন্য প্রার্থনা করলেন এবং সবার জন্য শেষ প্রার্থনা করলেন:- PPBeng 334.2

অনাদি ঈশ্বর তোমার বাসস্থান,

নিম্নে অনন্তস্থায়ী বাহু-যুগল; ...

তাই ইস্রায়েল নির্ভয়ে বাস করে,

যাকোবের উস একাকী থাকে,

আহত শস্যের ও দ্রাক্ষারসের দেশে বাস করে;

আর তাহার আকাশ হইতেও শিশির ঝরে।

হে ইস্রায়েল! ধন্য তুমি,

তোমার তুল্য কে?

তুমি সদাপ্রভু কর্তৃক নিস্তারপ্রাপ্ত জাতি,

তিনি তোমার সাহায্যের ঢাল,

তোমার ঔকর্ষের খড়গ। PPBeng 334.3

দ্বিতীয় বিবরণ ৩৩:২৭-২৯।

মোশি মন্ডলীসমূহ ত্যাগ করে, নীরবে এবং একাকী, “নবো পর্বতে,...পিগা-চূড়ায়” উঠিলেন। ঐ উচ্চ চূড়ায় নির্জনতায় তার সম্মুখে প্রসারিত দৃশ্যের দিকে অপলক চোখে তাকিয়ে দেখলেন। PPBeng 335.1

পশ্চিম দিকে দূরে বিশাল সমুদ্রের জল দেখা যাচ্ছিল। উত্তর দিকে আকাশে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে হর্মোণ পর্বত। পূর্ব দিকে ছিল মোয়াবের মালভূমি। পেছনে ছিল বাশন,

ইস্রায়েলদের বিজয়ের স্মারক-চিহ্ন আর দক্ষিণে ছিল তাদের দীর্ঘ যাত্রার স্মৃতিবাহক মরু প্রান্তর। রাজ দরবারের সম্মান ও মিসরীয় রাজ্য পরিত্যাগ করে, ঈশ্বরের লোকদের সহিত নিজ ভাগ্য যুক্ত করার পর হতে আরম্ভ করে তার জীবনের কঠিন দিনগুলির কথা মোশি একাকী বসে স্মরণ করতে লাগলেন। প্রান্তরে দীর্ঘকাল যিথ্রোর মেষপাল চরাণোর দিনগুলির কথা, জ্বলন্ত ঝোপে ঈশ্বরের দূতের উপস্থিতির কথা, এবং ইস্রায়েলকে মুক্ত করতে আহুত হওয়ার কথা তার স্মরণে আসল। মনোনীত লোকদরে পক্ষে ঈশ্বরের অলৌকিক প্রকাশ এবং তাদের ইতস্ততঃ যাত্রা ও বিদ্রোহের সময় তার ধৈর্য্যশীলতার আশীর্বাদ, আবার তার চক্ষের সম্মুখে ভেসে উঠল। যে বিশাল সৈন্যদল মিসর ত্যাগ করেছিল তার মধ্যে মাত্র দু'জনকেই প্রকৃত বিশ্বাসীরূপে পাওয়া গেছে যারা প্রতিজ্ঞাত দেশে প্রবেশ করতে পারবে। তার কষ্টভোগ ও আত্মত্যাগের জীবন যেন ব্যর্থ হয়ে গিয়েছে বলে মনে হল। PPBeng 335.2

তথাপি তিনি জানতেন যে তার কষ্ট ও কাজ ঈশ্বর নিযুক্ত করে দিয়েছিলেন। ইস্রায়েলদের দাসত্ব থেকে মুক্ত করার আহবান যখন প্রথম তার কাছে এসেছিল, তিনি ঐ দায়িত্ব গ্রহণ করতে সঙ্কুচিত হয়েছিলেন, কিন্তু তিনি ঐ বোঝা ঝেড়ে ফেলে দেন নি। এমন কি যখন ঈশ্বর ইস্রায়েলদের ধ্বংস করে দিয়ে তাকে ঐ দায়িত্ব হতে নিষ্কৃতি দিতে চেয়েছিলেন, তখনও মোশি এতে রাজী হতে পারেন নি। তিনি ঈশ্বরের বিশেষ আশীর্বাদ লাভ করেছিলেন; মরু প্রান্তরে অবস্থান কালে তার সহিত প্রেমের যোগাযোগ স্থাপনের মাধ্যমে তিনি এক অত্যন্ত মূল্যবান অভিজ্ঞতা লাভ করেছিলেন। কিছু সময়ের জন্য আমোদ- প্রমোদে ডুবে না থেকে ঈশ্বরের লোকের সংগে কষ্ট ভোগ করতে সিদ্ধান্ত নিয়ে তিনি এক সঠিক সিদ্ধান্ত নিয়েছেন বলে তার ধারণা হল। PPBeng 335.3

যখন তিনি তার দীর্ঘ অভিজ্ঞতার দিকে পেছন ফিরে দেখলেন, তখন দেখতে পেলেন যে একটি অন্যায় কার্য্য তার ইতিহাসকে কলঙ্কিত করেছে। তার মনে হচ্ছিল ঐ একটি অন্যায় কার্য্য মুছে ফেলা যেত তবে তিনি মৃত্যুর মোকাবেলা করতে পিছুপা হতেন না। তাকে নিশ্চিত করা হয়েছিল যে, অনুতাপ ও প্রতিজ্ঞাত মুক্তিদাতার উপর বিশ্বাসই ঈশ্বরের একটি মাত্র দাবী, আর আবারও মোশি তার পাপ মেনে নিলেন এবং যীশুর নামে ক্ষমা ভিক্ষা করলেন। PPBeng 335.4

এখন আবার প্রতিজ্ঞাত দেশের একটি বিস্তারিত দৃশ্য তার কাছে তুলে ধরা হল, খুব দূরে অস্পষ্ট ও অনিশ্চিত নয়, কিন্তু তার আনন্দিত চোখে এটি স্বচ্ছ, স্পষ্ট, ও খুব সুন্দর ভাবে ফুটে উঠেছিল। এই দৃশ্যে দেশটি তখন যে রকম ছিল তার চিত্র ছিল না, কিন্তু তা ছিল, ঈশ্বরের আশীর্বাদে ভবিষ্যতে এটি যে রকম হবে তারই দৃশ্য। তাতে ছিল অগুরু বৃক্ষ শোভিত পর্বতরাজ, পাহাড় সমূহ ছিল জলপাই গাছ দ্বারা ধূসরিত এবং আঙ্গুরের গন্ধে মোহিত, প্রসারিত সবুজ মাঠ ফুলে, ফুলে, ও খেজুর গাছে পরিপূর্ণ ছিল, গম ও যবে মাঠসমূহ দোলায়িত ছিল, সূর্য্যস্নাত উপত্যকা নদীর কলকল্ ও পাখীর কলগানে মুখরিত ছিল, সুন্দর সুন্দর শহর ও মনোরম বনরাজি ছিল, হ্রদ সামুদ্রিক জীবে পরিপূর্ণ ছিল, পাহাড়ের গায়ে

গায়ে পশুপাল চরাচ্ছিল, এবং এমন কি গাছে গাছে মৌমাছি তাদের সম্পদ সঞ্চয়ে ব্যস্ত ছিল। ঈশ্বরের আত্মার পরিচালনায় মোশি ইস্রায়েলদের নিকট ঠিক যে রকম বর্ণনা দিয়েছিলেন, ঐ দেশ বাস্তবিকই ঐ রকম ছিল। PPBeng 336.1

মোশি ইস্রায়েলদের ইতিহাস পর্যালোচনা করেন

PPBeng 336

মোশি মনোনীত জাতিকে কনানে দেখতে পেলেন, দেখতে পেলেন যে প্রত্যেক বংশ নিজ নিজ অধিকার ভোগ করছে। তিনি তাদের ইতিহাস দেখতে পেলেন। তাদের ভ্রষ্টতার জন্য শাস্তি ভোগের দীর্ঘ ও দুঃখজনক কাহিনী। তিনি তাদের পৌত্তলিকদের মধ্যে দেখতে পেলেন, ইস্রায়েল হতে তার গৌরব তখন চলে গেছে, তার মনোরম নগরসমূহ বন্দীত্বে রয়েছে। তিনি দেখতে পেলেন তারা আবার তাদের পূর্ব-পুরুষদের দেশে পুনর্বাসিত হয়েছে, এবং সবশেষে রোমীয়দের অধীনস্থ হয়ে পড়েছে। PPBeng 336.2

আমাদের মুক্তিদাতার প্রথম আগমন তাকে দেখতে দেয়া হল। তিনি শিশুরূপে যীশুকে বৈথলেহমে দেখতে পেলেন। তিনি দূতগণের বাহিনীকে ঈশ্বরের প্রসংশা ও মনুষ্যের উপর আনন্দের গীত গেতে শুনলেন। তিনি দেখতে পেলেন যে পূর্বদেশ হতে পন্ডিতেরা একটি উজ্জ্বল স্বর্গীয় তারা দ্বারা পরিচালিত হয়ে যীশুর কাছে পৌছলেন, আর তার মন একটি মহা উজ্জ্বল আলোয় আলোকিত হয়ে উঠল এবং তিনি যখন এই ভাববাণীর বাক্য স্মরণ করলেন, “যাকোব হইতে এক তারা উদিত হইবে, ইস্রায়েল হইতে এক রাজদন্ড উঠিবে।” গণনা ২৪:১৭। তিনি দেখতে পেলেন নাসরতে খ্রীষ্টের অত্যন্ত সাদাসিদা জীবন, তার প্রেম, ও সহানুভূতি এবং আরোগ্যকারী সেবা কাজসমূহ তিনি দেখতে পেলেন, আর তিনি দেখতে পেলেন যে গর্বিত, অবিশ্বাসী জাতি তাকে অস্বীকার করেছে। বিস্ময়ে হতবাক্ হয়ে তিনি ঈশ্বরের ব্যবস্থাকে মহানত্ব দান ও যিনি ব্যবস্থাদানকারী তাকে অপমান ও অস্বীকার করতে শুনতে পেলেন। যখন ক্রন্দনরত যীশু জৈতুন পর্বতে দাঁড়িয়ে তার অত্যন্ত প্রিয় শহরকে বিদায় জানালেন তখন তিনি তা দেখতে পেলেন। PPBeng 336.3

যে সকল লোকদের জন্য তিনি কঠোর পরিশ্রম করেছিলেন, প্রার্থনা করেছিলেন, আত্ম-ত্যাগ করেছিলেন, এমন কি যাদের জন্য তিনি তার নাম জীবন পুস্তক হতে মুছে ফেলতেও রাজী ছিলেন, যখন মোশি দেখতে পেলেন যে ঐ লোকদের পরিশেষে বাতিল করা হল, ও তিনি এই ভয়ঙ্কর বাণী শুনতে পেলেন, “দেখ, তোমাদের গৃহ তোমাদের নিমিত্তে উৎসন্ন পড়িয়া রহিল,” তখন তার হৃদয় প্রচন্ড বিমোহিত হল। ঈশ্বরের পুত্রের দুঃখের সহানুভূতিতে তার চক্ষুর তিক্ত জল বয়ে পড়ল। PPBeng 337.1

মোশি খ্রীষ্টের ক্রুশারোপণ এবং নতুন পৃথিবী দেখিতে পান

PPBeng 337

তিনি গেৎশিমানী পর্যন্ত মুক্তিদতার অনুগমন করলেন, এবং বাগানে তার নিদারুন যন্ত্রণা, তার প্রতি বিশ্বাস ঘাতকতা, তাকে বিদ্রূপ করা ও চাবুক মারা, তার ক্রুশে বিদ্ধ হয়ে মরে যাওয়া, এই সকলই তিনি দেখতে পেলেন। মোশি দেখতে পেলেন যে তিনি যেরূপ, মরুপ্রান্তরে পিত্তলের সর্প উচ্চে উত্তোলিত করেছিলেন, ঠিক সেই একইরূপে ঈশ্বরের পুত্রেরও উচ্চে উত্তোলিত হওয়া প্রয়োজন যেন যে কেউ তার উপর বিশ্বাস আনে "সে অনন্ত জীবন পায়। " যোহন ৩:১৫। যিহূদী জাতি তাদের মুক্তিদাতার প্রতি যে ভন্ডামী ও তীব্র ঘৃণা প্রদর্শন করল তা দেখতে পেয়ে দুঃখ, ঘৃনায় ও ভয়ে মোশির মন পরিপূর্ণ হয়ে উঠল। PPBeng 337.2

তিনি খ্রীষ্টের যন্ত্রণা, কাতর চিৎকার শুনতে পেলেন, "ঈশ্বর আমার, ঈশ্বর আমার, তুমি কেন আমায় পরিত্যাগ করিয়াছ?" মার্ক ৫:৩৪। তিনি তাকে যোষেফের নতুন কবরে শুয়ে থাকতে দেখলেন। অন্ধকার ও হতাশা সমগ্র পৃথিবী ছেয়ে ফেলছে বলে মনে হল। কিন্তু তিনি তাকিয়ে তাকে বিজয়ীরূপে দেখতে পেলেন তিনি তাকে শ্রদ্ধাকারী দূত দ্বারা পরিবেষ্টিত হয়ে অনেক বন্দীকে সঙ্গে নিয়ে স্বর্গে উঠে গেলেন। PPBeng 337.3

মোশি যীশুর শিষ্যদের দেখতে পেলেন যারা সুখবর নিয়ে পৃথিবীময় ছড়িয়ে পড়ল। যদিও "দেহের দিক দিয়া" উস্রায়েল পৃথিবীর আলো হতে অক্ষম হয়েছে, যদিও তার মনোনীত লোকরূপে তার তাঁর আশীর্বাদ হতে বঞ্চিত হয়েছে, তথাপি ঈশ্বর অব্রাহামের বংশধরদের দূরে ফেলে দেন নাই। যারাই খ্রীষ্টের মাধ্যমে বিশ্বাসের সন্তানে পরিণত হবে, তাদেরই অব্রাহামের মতই তাদের পৃথিবীর নিকট ঈশ্বরের ব্যবস্তা ও তার পুত্রের সুখবর প্রকার করতে আদেশ দেয়া হয়েছে। মোশি দেখতে পেলেন যে যীশুর শিষ্যদের মাধ্যমে সুখবর আলো উজ্জ্বলভাবে জ্বলছে, এবং পৌত্তলিকদের দেশসমূহ হতে লাখো লাখো লোক এই উজ্জ্বল আলোতে ছুটে আসছে। তিনি ইস্রায়েলদের বৃদ্ধি ও উন্নতীতে আনন্দিত হলেন। PPBeng 337.4

আর এখন তার সম্মুখে আর একটি দৃশ্যের অবতারণা হল। তার পিতার ব্যবস্থার সম্মান করে খ্রীষ্টকে অস্বীকার করতে শয়তান ইস্রায়েলদের যে ভাবে পরিচালিত করেছিল, তিনি দেখতে পেলেন যে একই ধরণের প্রতারণার মধ্যে পৃথিবী খ্রীষ্টকে স্বীকার করছে কিন্তু তার পিতার ব্যবস্থাকে অস্বীকার করছে। তিনি যাজকদের ও প্রাচীনদের ভয়ানক চিৎকার শুনতে পেয়েছিলেন, "দূর কর, দূর কর, উহাকে ক্রুশে দেও।" এবং এখন তিনি স্বীকৃত বিশ্বাসীদের গুরু হতে এই চিৎকার শুনতে পেলেন, "ব্যবস্থা দূর কর।" PPBeng 338.1

তিনি দেখতে পেলেন যে শাব্বাথকে পদতলে দলিত করা হচ্ছে এবং এর জায়গায় একটি কৃত্রিম প্রতিষ্ঠান স্তাপিত হয়েছে। মোশি বিস্ময়ে ও ভয়ে অভিভূত হয়ে পড়লেন। যারা খ্রীষ্টের উপর বিশ্বাস রাখে তারা কেমন করে ব্যবস্থাকে অমান্য করতে পারে, যে ব্যবস্থা হল স্বর্গে ও পৃথিবীতে তার শাসন ব্যবস্থার ভিত্তিমূল। আনন্দ সহকারে তিনি লক্ষ্য করলেন যে

কয়েকজন বিশ্বস্ত বিশ্বাসী ঈশ্বরের ব্যবস্থার প্রতি তখনও সম্মান প্রদর্শন করে। তিনি দেখতে পেলেন যে যারা ঈশ্বরের ব্যবস্থা মেনে চলে তাদের ধ্বংস করার জন্য পৃথিবীতে শক্তিসমূহ শেষ যুদ্ধে লিপ্ত হয়েছে। যারা তার ব্যবস্থা রক্ষা করেছে তাদের সহিত ঈশ্বর যখন শান্তির চুক্তি উচ্চারণ করলেন তখন তিনি তা শুনতে পেলেন। তিনি খ্রীষ্টের গৌরবের দ্বিতীয় আগমন দেখতে পেলেন, আর তিনি দেখতে পেলেন যে ধার্মিক মৃতেরা অনন্ত জীবন যাবনের জন্য কবর হতে উঠে আসছেন ও জীবিতরা মৃত্যু বরণ না করেই পরিবর্তিত হয়ে যাচ্ছেন ও উভয় দল একত্রে আনন্দের গান করতে করতে ঈশ্বরের নগরীতে প্রবেশ করছেন। PPBeng 338.2

তার চক্ষের সম্মুখে আরো একটি দৃশ্য ভেসে উঠল- সুন্দরতম হতে সুন্দরতম যে প্রতিজ্ঞাত দেশ কিছুক্ষণ আগেই তার সামনে তুলে ধরা হয়েছিল, অভিশাপমুক্ত পৃথিবী তার চেয়েও অধিক মনোরম। ওখানে কোন পাপ নেই, এবং মৃত্যু ওখানে প্রবেশ করতে পারে না। তার উজ্জ্বলতম আকাঙ্খার মুহূর্তেও যে ছবি তিনি আঁকতে পারেন নি তার চেয়েও আরো গৌরবময় মুক্তির ছবি তিনি অব্যক্ত আনন্দে দেখতে লাগলেন। পৃথিবীতে তাদের ভ্রমণ চিরতরে শেষ করে, ঈশ্বরের ইস্রায়েল জাতি শেষবারের মত উত্তম দেশে প্রবেশ করল । PPBeng 338.3

আবারও তার দৃশ্য মলিন হয়ে উঠল আর তার দৃষ্টি দূরে কনানের উপর পড়ল। তারপর এক ক্লান্ত যোদ্ধার মত তিনি বিশ্রামের জন্য শুয়ে পড়লেন। “তখন সদাপ্রভুর দাস মোশি সদাপ্রভুর কথা অনুসারে সেই স্থানে মোয়াব দেশে মরিলেন। “আর তিনি মোয়াব দেশে বৈৎপিয়োরের সম্মুখস্থ উপত্যকাতে তাহাকে কবর দিলেন; কিন্তু তাহার কবরস্থান আজ পর্য্যন্ত কেহ জানে না।” যদি তারা তার কবরস্থান সম্বন্ধে জানতে পারতেন তবে অনেকেরই পৌত্তলিকতায় জড়িয়ে পড়ার ভয় ছিল। এই কারণে ইহা মনুষ্যদের নিকট হতে গোপন রাখা হয় । ঈশ্বরের দূতগণ ঈশ্বরের বিশ্বস্ত দাসের কবর দিলেন এবং তার নির্জন কবরে পাহারায় নিযুক্ত হলেন। PPBeng 339.1

কিন্তু তিনি দীর্ঘকাল কবরে থাকতে যাচ্ছিলেন না। খ্রীষ্ট নিজে, যারা তাকে কবর দিয়েছিলেন সেই সকল দূতসহ, ঘুমন্ত সাধুকে আহ্বান জানানোর জন্য স্বর্গ হতে নেমে এলেন । মোশিকে পাপে প্রবৃত্ত করে এবং এই ভাবে মৃত্যুর অধীনে নিয়ে এসে শয়তান তার কৃতকার্য্যতায় অত্যন্ত আনন্দিত হয়েছিল । শত্রু ঘোষণা করেছিল যে স্বর্গীয় শাস্তি, “তুমি ধূলি, এবং ধূলিতে ফিরিয়া যাইবে” (আদিপুস্তক ৩:১৯), তাকে মৃতদের উপর অধিকার দিয়েছিল। মৃত্যুর ক্ষমতা কখনো ধ্বংস করা হয় নি, আর যারাই কবরে ছিলেন, সে তাদের তার বন্দীরূপে দাবী করবে, যাদের কখনও মুক্তি দেয়া হবে না । PPBeng 339.2

যখন জীবনের রাজপুত্র তাঁর আলোর গৌরবে কবরের নিকটস্থ হলেন, শয়তান তার কর্তৃত্বের জন্য ভীত হল। যে দেশ সে তার অধিকারভুক্ত বলে দাবী করত, সেই দেশের উপর

আক্রমণকে প্রতিহত করার জন্য সে রুখে দাঁড়াল। সে ঘোষণা করল যে মোশি পর্যন্ত ঈশ্বরের ব্যবস্থা রক্ষা করতে অক্ষম হয়েছেন। তিনি ত যীহোবার গৌরব হরণ করেছিলেন, ঐ পাপের কারণে শয়তানকে স্বর্গ হতে নির্বাসিত করা হয়েছিল, আর এই পাপের কারণেই তিনিও শয়তানের অধীনস্থ হয়ে পড়েছিলেন। প্রধান বিশ্বাসঘাতক আবারও তার প্রতি ঈশ্বরের অবিচারের অভিযোগ উঠালো। PPBeng 339.3

প্রতারণার ফলে স্বর্গে যে নিষ্ঠুর কাজ সংঘটিত হয়েছে, খ্রীষ্ট শয়তানের বিরুদ্ধে সেই নিষ্ঠুরতার অভিযোগ উঠাতে পারতেন। যে মিথ্যা, এদনে বাগানে বলা হয়েছিল যার ফলে আদমের পতন ঘটেছিল আর মনুষ্য পুত্রের উপর মৃত্যু নেমে এসেছিল, সেই দিকে খ্রীষ্ট ইঙ্গিত করতে পারতেন। তিনি শয়তানকে স্মরণ করাতে পারতেন যে, অভিযোগ ও বিদ্রোহ করার জন্য সেই ত ইস্রায়েলদের প্রলোভিত করেছিল যার ফলে এক অসতর্ক মুহূর্তে ক্লান্ত নেতার ধৈর্য্যচ্যুতি ঘটেছিল এবং তিনি অকস্মাৎই পাপ করে মৃত্যুর অধীনস্থ হয়েছিলেন। কিন্তু খ্রীষ্ট সমস্ত কিছুই তার পিতার উপর ছেড়ে দিয়ে বলেছিলেন, "সদাপ্রভু তোমাকে ভর্ৎসনা করুন।" যিহূদা ৯ পদ। মুক্তিদাতা তার শত্রুদের সহিত কি দ্বন্দ্বে লিপ্ত হলেন না, কিন্তু তাৎক্ষণিক ভাবে মৃতকে জীবন দানের মাধ্যমে পরাভূত শত্রুর ক্ষমতা ধ্বংস করার কাজে ব্যাপৃত হলেন। এইখানে ঈশ্বরের পুত্রের প্রাধান্য দেখা যায়। শয়তানের নিকট হতে তার শিকার ছিনিয়ে নেয়া হল; ধার্মিক মৃতেরা আবার জীবন লাভ করবে। মোশি কবর হতে গৌরবান্বিত হয়ে উঠে এলেন এবং তার মুক্তিদাতার সাথে ঈশ্বরের নগরে প্রবেশ করলেন। PPBeng 339.4

ঈশ্বর একটি বিশেষ শিক্ষা প্রদানের উদ্দেশে মোশিকে কনান হতে দূরে রেখেছিলেন- যা হল তিনি পূর্ণ বাধ্যতা ও আত্ম-সমর্পণের আশা করেন এবং তাদের স্রষ্টার প্রতি আরোপিত গৌরব যেন মানুষ হরণ না করে। ইস্রায়েলদের উত্তরাধীকারে অংশী হবার জন্য মোশির প্রার্থনা তিনি অনুমোদন করেন নি সত্য, তবে তিনি তার দাসকে ভুলে যান নি বা পরিত্যাগ করেন নি। তিনি পিগার চুড়া হতে মোশিকে আহবান করে তাকে এমন এক উত্তরাধীকার দিলেন যা পৃথিবীর কনান হতে সহস্র গুণ অধিক গৌরবের ছিল। PPBeng 340.1

দুরত-বদলির পাহাড়ের উপর মোশি ও এলিয়ের উপস্থিত ছিলেন, এলিয়ও সশরীরে স্বর্গে গমন করেন। আর এই ভাবেই মোশির প্রার্থনা পরিশেষে পূর্ণ করা হয়েছিল। এই ভবেই তিনি তার লোকদের উত্তরাধীকারের "রমণীয় গিরিপ্রদেশে" প্রবেশ করেছিলেন, আর তার বিষয়ে সাক্ষী প্রদান করলেন যার উপর ইস্রায়েলদেব সমস্ত আশা-আকাঙ্খা কেন্দ্রীভূত। এই ভাবেই স্বর্গে গৌরবান্বিত ব্যক্তির ইতিহাসের শেষ দৃশ্য মানব দৃষ্টিতে প্রকাশিত হয়েছিল। PPBeng 340.2

অধ্যায় ৪৪—যদ্দন নদী পার হওন

PPBeng 341

যতক্ষণ পর্য্যন্ত না তাদের বিদায়ী নেতাকে তাদের মধ্য হতে তুলে নেয়া হল ততক্ষণ পর্যন্ত ইস্রায়েলের তার বুদ্ধিপূর্ণ পরামর্শ, তার পিতৃসুলভ যত্ন, ও তার অনঢ় বিশ্বাসের গুরুত্ব বুঝতে পারে নি। PPBeng 341.1

মোশি মৃতুবরণ করেছিলেন, কিন্তু তার প্রভাব অনেক দিন পর্যন্ত বেঁচে থাকার কথা। যেরূপ অস্তগামী সূর্য্য তার আলোয় পর্বতের চূড়া রাঙ্গিয়ে দেয় এবং পর্বতের পেছনে সূর্য ডুবে যাবার অনেকক্ষণ পর পর্যন্ত চূড়া আলোকিত থাকে, তেমনি পবিত্র ও ধার্মিক লোকেরা পৃথিবীকে তাদের মৃত্যুর পর অনেক দিন পর্যন্ত পৃথিবীকে আলোকিত করে রাখেন। “ধার্মিক চিরকাল স্মরণে থাকিবে।” গীতসংহিতা ১১২:৬। PPBeng 341.2

তাদের মহা-ক্ষতিতে যদিও লোকেরা দুঃখ ভারাক্রান্ত ছিল, তথাপি তারা একা ছিল না। সমাগম তাঁবুর উপরে দিনের বেলা মেঘস্তম্ভ ও রাতের বেলা অগ্নিস্তম্ভ বিরাজ করছিল। যদি তারা তাঁর ব্যবস্থা নির্ধারিত পথে চলে তবে ঈশ্বর তখনও তাদের পথপ্রদর্শন ও সাহায্যকারী থাকবেন। PPBeng 341.3

যিহোশূয়কে এখন নেতা হিসাবে ইস্রায়েলরা স্বীকার করে নিল। সাহসী, অধ্যবসায়ী, স্বীয় স্বার্থে অমনোযোগী, এবং সর্বোপরী, জীবন্ত বিশ্বাসে অনুপ্রাণিত ইস্রায়েলদের সৈন্যবাহিনীর পরিচালনা দানকারী চরিত্র এরূপ ছিল । তিনি মোশির প্রধান মন্ত্রীরূপে কাজ করেছিলেন, এবং নীরব, ভন্ডামী বিহীনরূপে বিশ্বস্ত, যখন অন্যেরা অস্থির হয় তখন তিনি অনঢ়, বিপদের মুখেও সত্য সংরক্ষণ করা, এই সমস্ত দ্বারা তিনি প্রমাণ করেছিলেন যে তিনি মোশির উত্তরাধিকারী হবার উপযুক্ত। PPBeng 341.4

গভীর দুশ্চিন্তা সহকারে যিহোশূয় তার করণীয় কার্যের দায়িত্ব গ্রহণ করলেন; কিন্তু ঈশ্বরের নিশ্চয়তা প্রদানে তার ভয় দূর হল, “আমি যেমন মোশির সহবর্তী ছিলাম, তদ্রূপ তোমার সহবর্তী থাকিব; আমি তোমাকে ছাড়িব না, তোমাকে ত্যাগ করিব না । ... কেননা যে দেশ দিতে ইহাদের পিতৃপুরুষদের কাছে আমি দিব্য করিয়াছি, তাহা তুমি এই লোকদিগকে অধিকার করাইবে।” “যে কোন স্থানে তুমি উপস্থিত হইবে,...সেই সকল স্থান তোমাদিগকে দিয়াছি।” “তুমি কেবল বলবান হও ও অতিশয় সাহস রাখ; আমার দাস মোশি তোমাকে যে ব্যবস্থা আদেশ করিয়াছে, তুমি সেই সমস্ত ব্যবস্থা যত্নপূর্বক পালন কর...তোমার মুখ হইতে এই ব্যবস্থাপূর্বক বিচলিত না ইউক;...তুমি দিবারাত্র তাহা ধ্যান কর।” তাহা হইতে দক্ষিণে কি বামে ফিরিও না;...কেননা তাহা করিলে তোমার উন্নতি হইবে ও তুমি কৃতকার্য হইবে” । PPBeng 341.5

যিহোশূয়কে ঈশ্বর যে বাণী দিয়েছিলেন, তা হল, "উঠ, তুমি এই সমস্ত লোক লইয়া এই যর্দ্দন নদী পার হও, এবং তাহাদিগকে অর্থাৎ ইস্রায়েল- সন্তানদিগকে আমি যে দেশ দিতেছি, সেই দেশে যাত্রা কর।" যিহোশূয় জানতেন যে ঈশ্বর যে আদেশ দেন, সেই আদেশ মানার জন্য তিনি তার লোকদের জন্য পথও প্রস্তুত করেন। এই বিশ্বাসেই দুঃসাহসী নেতা এগিয়ে যাবার প্রস্তুতি শুরু করলেন। PPBeng 342.1

ইস্রায়েলরা যেখানে শিবির স্থাপন করেছিল তার ঠিক উল্টাদিকে ছিল অতি সুরক্ষিত যিরীহো নগর, সমস্ত দেশ দখল করার চাবি। এটি ইস্রায়েলদের জন্য এক কঠিন বাধা হয়ে দাঁড়াবে। সুতরাং যিহোশূয় দু'জন যুবককে গুপ্তচররূপে ওখানে পাঠালেন যেন তারা এর জনসংখ্যা, সম্পদ ও প্রতিরক্ষা ব্যবস্থা সম্পর্কে নিশ্চিত ভাবে জেনে আসে। শহরের লোকেরা ভীত ও সন্ধিহান, আর তারা সতর্কতা অবলম্বন করল, আর ফলে ঐ গুপ্তচরেরা মহা বিপদের সম্মুখীন হল। কিন্তু যিরীহোর এক মহিলা, রাহব নিজ জীবনের ঝুঁকি নিয়ে তাদের রক্ষা করল। তার দয়ার বিনিময়ে তারা প্রতিজ্ঞা করল যে যখন নগরটি দখল করা হবে তখন তাকে রক্ষা করা হবে । PPBeng 342.2

যিরীহোর লোকেরা ইতোমধ্যেই আতঙ্কিত

PPBeng 342

গুপ্তচরেরা এই খবর নিয়ে এল, "সত্যই সদাপ্রভু এই সমস্ত দেশ আমাদের হস্তে সমর্পণ করিয়াছেন, আবার সমস্ত লোক আমাদের সামনে গলিয়া গিয়াছে।" যিরীহোতে তাদের বলা হয়েছিল, "কেননা মিসর হইতে তোমরা বাহির হইয়া আসিলে সদাপ্রভু তোমাদের সম্মুখে কি প্রকারে সূফসাগরের জল শুষ্ক করিয়াছিলেন, এবং তোমরা যদ্দনের ওপারস্থ সীহোন ও ওগ নামে ইমোরীয়দের দুই রাজার প্রতি যাহা করিয়াছ, তাহাদিগকে যে নিঃশেষে বিনষ্ট করিয়াছ, তাহা আমরা শুনিলাম; আর শুনিবামাত্র আমাদের হৃদয় গলিয়া গেল; তোমাদের হেতু কাহারো মনে সাহস রহিল না, কেননা তোমাদের ঈশ্বর সদাপ্রভু উপরিস্থ স্বর্গে ও নীচস্থ পৃথিবীতে ঈশ্বর ।" PPBeng 342.3

অন্যদের অগ্রসর প্রস্তুতির জন্য নির্দ্দেশ দেয়া হল। লোকদের তিন দিনের খাদ্যের সংস্থান করতে হবে, ঐবং সৈন্যরা যুদ্ধের জন্য প্রস্তুতি নেবে। তাদের শিবির গুটায়ে নিয়ে ইস্রায়েলবাহিনী যদ্দন নদীর তীরে উপস্থিত হল। সকলেই জানত যে স্বর্গীয় সহায়তা ছাড়া তারা নদী পার হতে পারবে না। বৎসরের এই সময় পাহাড়ে বরফ গলতে আরম্ভ করত, ফলে যদন নদীর জল এত বেশী হত যে দু'কুল ছাপিয়ে যেত আর নদী পার হওয়া অসম্ভব হয়ে উঠত। ঈশ্বরের ইচ্ছা ছিল যে যর্দ্দন নদী পার হওয়া একটি অলৌকিক ঘটনা হবে। স্বর্গীয় নির্দেশে যিহোশূয় লোকদের আদেশ দিলেন যে তারা যেন সকল প্রকার পাপ হতে দূরে থাকে এবং বাহ্যিক অপবিত্র হতে নিজদের পরিষ্কার করে, তিনি বললেন, "কেননা আগামী কাল সদাপ্রভু তোমাদের মধ্যে আশ্চর্য্য কার্য্য করিবেন।" শিবিরের মধ্যস্থল হতে যাজকেরা

"নিয়ম-সিন্দুক" বহন করে সকলের আগে আগে নদীর দিকে যাবেন।" জীবন্ত ঈশ্বর যে তোমাদের মধ্যে বিরাজমান, এবং কনানীয়, যিবুষীয়দিগকে তোমাদের সম্মুখে হইতে নিশ্চয়ই অধিকার হইতে বঞ্চিত করিবেন, তাহা তোমরা ইহা দ্বারা জানিতে পারিবে। দেখ, সমস্ত ভূমন্ডলের প্রভুর নিয়ম-সিন্দুক তোমাদের অগ্রে অগ্রে যর্দ্দনে যাইতেছে।" PPBeng 343.1

নির্ধারিত সময়ে যাত্রা শুরু হল, যাজকদের কাঁধে নিয়ম-সিন্দুক অগ্রে অগ্রে চলল। সিন্দুকের চারিদিকে প্রায় অর্ধেক মাইলের শত ফাঁকা জায়গা ছিল। যাজকেরা যদ্দন নদীর তীরে পৌঁছালেন তখন সকলেই খুবই আগ্রহের সাথে তা দেখতে লাগল। তারা দেখতে পেল যে পবিত্র সিন্দুকটি যদ্দন নদীর দিকে একই গতিতে এগিয়ে চলল এবং বাহকদের পা নদীর জল পর্যন্ত পৌছল। তখন সহসা নদীর উজানের স্রোত উল্টা দিকে বইতে থাকল, এবং নদীর শুষ্ক তলা বেরিয়ে পড়ল। PPBeng 343.2

যাজকেরা নদীর মধ্যস্থল পর্যন্ত এগিয়ে গিয়ে দাঁড়িয়ে পড়লেন এবং সমস্ত বাহিনী নদীতে নেমে পড়ে নদী পার হয়ে অন্য প্রান্তে চলে গেল। যে শক্তি যদ্দন নদীর জলকে থামিয়ে দিল, সেই একই শক্তি চল্লিশ বৎসর আগে তাদের পিতৃপুরুষদের সামনে লোহিত সাগরের মধ্যে পথ করে দিয়েছিল। যখন সমস্ত লোকেরা নদী পার হয়ে গেল, তখন সিন্দুককে বহন করে পশ্চিম তীরে নিয়ে যাওয়া হল। আর "যখন পুরোহিতদের পদতলে শুষ্ক ভূমি স্পর্শ করিল." তখনই বন্দী জল আপন গন্তব্যের দিকে দু'কুল ছাপিয়ে ছুটে চল। PPBeng 343.3

সিন্দুক বহনকারী যাজকেরা যখন নদীর মধ্যস্থানে দাঁড়ানো ছিলেন, তখন ইস্রায়েলদের প্রত্যেক বংশ হতে একজন করে বারো জন লোক যাজকেরা যেখানে দাঁড়ানো ছিলেন ঠিক সেই স্থান হতে বারোটি পাথর যদ্দনের পশ্চিম পারে নিয়ে গেলেন। যদ্দন নদীর অপর পারে যেখানে তারা প্রথম শিবির স্থাপন করবে ঐ পাথর দিয়ে সেখানে একটি স্মৃতিসৌধ নির্মাণ করা হবে, আর যিহোশূয় বললেন, "যেন পৃথিবীর সমগ্র জাতি জানিতে পায় যে, সদাপ্রভুর হস্ত বলবান, এবং তাহারা যেন সর্ব্বদা তোমাদের ঈশ্বর সদাপ্রভুকে ভয় করে।' PPBeng 344.1

এই অলৌকিক ঘটনা ইস্রায়েল-সন্তানদের জন্য ঈশ্বরের অনবরত উপস্থিতি ও রক্ষার নিশ্চয়তাস্বরূপ ছিল, এবং তিনি যে মোশির মাধ্যমে যেমন কাজ করতেন সেই একই ভাবে যিহোশূয়ের সাধ্য মতও কাজ করবেন ইহা ছিল তারই প্রমাণ। নদী পার হবার আগে সদাপ্রভু যিহোশূয়ের নিকট ঘোষণা করেছিলেন, "আজ আমি সমস্ত ইস্রায়েলদের চক্ষের সম্মুখে তোমাকে মহিমান্বিত করিতে আরম্ভ করিব, যেন তাহারা জানিতে পারে যে আমি যেমন মোশির সঙ্গে ছিলাম, তেমনি তোমার সঙ্গে থাকিব।" PPBeng 344.2

ঈশ্বর যে ইস্রায়েল-সন্তানদের নদী পার হবার জন্য যদ্দন নদীর জলের গতি থামিয়ে দিয়েছিল ঐ খবর যখন ইমোরীয় ও কনানীয় রাজাদের কানে পৌছাল, তখন ভয়ে তাদের হৃদকম্প উপস্থিত হল। কনানীয়দের নিকট, সমস্ত ইস্রায়েলদের নিকট, এবং যিহোশূয়ের নিজের নিকট, আরেকটি অভ্রান্ত দৃষ্টান্ত উপস্থিত করা হল যে পৃথিবী ও স্বর্গের রাজা সর্বদা জীবন্ত ঈশ্বর, তাঁর লোকদের মধ্যে আছেন। তিনি তাদের ছেড়ে যাবেন না এবং পরিত্যাগও করবেন না। PPBeng 344.3

যর্দ্দন হতে অল্প দূরত্বে ইস্রায়েলরা কনানে তাদের প্রথম শিবির স্থাপন করল। বন্দীত্বের দেশে তাদের ফিরে যাবার আকাঙ্খায় ঈশ্বর যে অসন্তুষ্ট ছিলেন, তারই প্রমাণ ছিল ত্বক্‌ছেদের অনুষ্ঠান ও নিস্তার পর্ব্ব বন্ধ হয়ে যাওয়া। এখন, পরিশেষে অস্বীকারের বৎসর সমূহের সমাপ্তি হল। চুক্তির প্রতীককে আবারও বহাল করা হল। যে সকল লোকেরা মরুপ্রান্তরে জন্ম নিয়েছিল তাদের সকলের ত্বকছেদ করানো হল। সদাপ্রভু যিহোশূয়ের নিকট ঘোষণা করলেন, "অদ্য আমি তোমাদের হইতে মিসরের দুর্নাম গড়াইয়া দিলাম।" মিসর ত্যাগ করার পরে পরেই কনান দখল করায় ইস্রায়েল-সন্তানদের অক্ষমতার জন্য পৌত্তলিক জাতিসমূহ ঈশ্বর নিন্দা করেছিল। যেহেতু ইস্রায়েলরা এতকাল মরুপ্রান্তরে ইতস্ততঃ ভ্রমন করেছিল, তাই তাদের শত্রুরা তাদের উপর জয়লাভ করেছিল, আর তারা বিদ্রূপ সহকারে ঘোষণা করেছিল যে যিহূদীদের ঈশ্বর তাদের প্রতিজ্ঞাত দেশে প্রবেশ করাতে পারেন নাই। তাই ঈশ্বর এখন তাঁর লোকদের সামনে যদ্দন নদীতে পথ করে দিয়ে তাঁর শক্তি ও ক্ষমতার লক্ষণীয় ঘটনা উপস্থিত করলেন। PPBeng 344.4

আবার নিস্তার পর্ব্ব পালন করা হল, "আর সেই পরদিবসে তাহাদের দেশোৎপন্ন শস্য ভোজনের পরে মান্না নিবৃত্ত হইল; সেই হইতে ইস্রায়েল - সন্ত নিগণ আর মান্না পাইল না, কিন্তু সেই বৎসরে তাহারা কনান দেশের ফল ভোজন করিল।" মরুপ্রান্তরে ইতস্ততঃ ভ্রমণের বসর সমূহের সমাপ্তি হল। অবশেষে প্রতিজ্ঞাত দেশে ইস্রায়েলদের পা পড়িল। PPBeng 345.1

অধ্যায় ৪৫—যিরীহোর অলৌকিক পতন

PPBeng 346

যিহুদীরা কনানে প্রবেশ করল, কিন্তু তারা তখনও ইহাকে পরাভূত করে নি। এই দেশ একটি শক্তিশালী জাতি দ্বারা অধিষ্ঠান ছিল, এবং তারা তাদের দেশের উপর যে কোন আক্রমণকে বাধা দিতে প্রস্তুত ছিল। তাদের ঘোড়া ও লৌহ নির্মিত যুদ্ধ রথ, দেশ সম্পর্কে তাদের জ্ঞান, যুদ্ধের জন্য তাদের প্রশিক্ষণ, ইত্যাদি তাদের জন্য মহা সুবিধাজনক ছিল। তা ছাড়া দেশটি "গগনস্পর্শী দেয়াল ঘেরা বৃহ নগরসমূহ" (দ্বিতীয় বিবরণ ৯:১) দ্বারা রক্ষিত ছিল। শুধুমাত্র তাদের বহির্ভূত কোন একটি শক্তিই ইস্রায়েলদের আগামী যুদ্ধে জয় লাভের আশা প্রদান করতে পারত। গিল্‌গলে তাদের শিবির হতে অল্প একটু দূরেই অবস্থিত ছিল সমৃদ্ধ যিরীহো নগরী। সংগ্রামার্থ সছিদ্র প্রাচীর বিশিষ্ট এই উদ্ধত শহর ইস্রায়েলের ঈশ্বরের প্রতি বিরোধীতার এক প্রতীকরূপে দাঁড়িয়েছিল। PPBeng 346.1

যিরীহো শহর ছিল চন্দ্র দেবী অষ্টারোতের নিকট উৎসর্গীকৃত। কনানীয়দের ধর্ম ব্যবস্থায় যা কিছু ছিল হীনতম ও অবক্ষয়মূলক তার সব কিছুই এখানে কেন্দ্রীভূত ছিল। ইস্রায়েলদের মনে বৈৎ-পিয়োরের পাপের ফলাফল তখনও সতেজ ছিল, তাই তারা এই পৌত্তলিক নগরীর প্রতি শুধু ঘৃণা ও ভয়ের সহিত দৃষ্টিপাত করছিল। PPBeng 346.2

কনান বিজয়ে যিরীহো শহরকে ধ্বংস করাই যিহোশূয়ের নিকট সর্বপ্রথম পদক্ষেপ ছিল। ধ্যান ও প্রার্থনা করার জন্য শিবির হতে একটু দূরে যাবার পর যিহোশূয় "হস্তে একখানা নিষ্কোষ খড়্গ" সহ একজন সেনাধ্যক্ষের উপস্থিতি দেখতে পেলেন। "আপনি আমাদের পক্ষ, কি আমাদের শত্রুদের পক্ষ?" যিহোশূয়ের এই চ্যালেঞ্জমূলক প্রশ্নের উত্তরে ঐ লোকটি উত্তর দিলেন, "আমি সদাপ্রভুর সৈন্যের অধ্যক্ষ, এখনই আসিলাম।" ঐ রহস্যপূর্ণ আগন্তুক ছিলেন খ্রীষ্ট, সর্বশ্রেষ্ঠ প্রভু। ভয়ে বিমোহিত হয়ে যিহোশূয় মাটিতে উবুড় হইয়া প্রণিপাত করলেন, আর এই নিশ্চিন্তামূলক বাক্য শুনতে পেলেন, "দেখ, আমি যিরীহো, ইহার রাজাকে ও বলবান বীর সকলকে তোমার হস্তে সমর্পণ করিলাম।" আর তার সাথে নগর দখল করার পরামর্শ লাভ করলেন। PPBeng 346.3

স্বর্গীয় আদেশের বাধ্য হয়ে যিহোশূয় ইস্রায়েল সৈন্যদের শৃঙ্খলাবদ্ধ করলেন। কোন আক্রমন পরিচালনা করা হবে না। তারা শুধু ঈশ্বরের নিয়ম- সিন্দুক বহন করে ও তূরী বাজিয়ে শহরটির চতুর্দিক প্রদক্ষিণ করবে। তাদের কার্য্যের উপযুক্ত পোশাক পরিহিত যাজকেরা ঈশ্বরের গৌরবের মহিমায় উদ্ভাসিত নিয়ম-সিন্দুক বহন করে নিয়ে চলেন। আর পেছনে চললেন ইস্রায়েল সৈন্যরা। আর এইভাবে তারা শোভাযাত্রা করে শাপগ্রস্ত শহরটির প্রদক্ষিণ করলেন। PPBeng 347.1

ঐ শক্তিশালী সৈন্যদলের পদধ্বনি ও তূরী হতে নির্গত বাদ্যধ্বনি ছাড়া অন্য কোন শব্দ ঐ নগরে শুনা যাচ্ছিল না; আর ঐ শব্দ যিরীহোর পাহাড়ে পাহাড়ে ও রাস্তায় রাস্তায় প্রতিধ্বনিত হচ্ছিল। PPBeng 347.2

বিস্ময় ও ভয়ে হতবাক্ হয়ে শহরের প্রহরীরা তাদের কর্তৃপক্ষের নিকট এই ঘটনা জানাল। যখন তারা দেখতে পেল যে ঐ শক্তিশালী সৈন্যদল দৈনিক একবার শহর প্রদক্ষিণ করছে, আর তাদের সাথে থাকে যাজকদের দ্বারা বহনকৃত পবিত্র নিয়ম-সিন্দুক, তখন ঐ দৃশ্যের রহস্য শহরের পুরোহিত ও লোকদের মনে ভীতির সঞ্চার করল। অতি শক্তিশালী আক্রমণ প্রতিহত করা সম্ভব কিনা তা বুঝার জন্য তারা আবারও তাদের শক্তি রক্ষাব্যুহ পরীক্ষা করে দেখল। এই জাতীয় অনুশীলনে তাদের কোন ক্ষতি হবে এরূপ ভাবনাকে অনেকেই হাস্যাস্পদ মনে করল। আবার প্রতিদিনের এই শোভাযাত্রা দেখে অন্যরা অত্যন্ত ভীত হল। তারা স্মরণ করল যে এই লোকদের সামনে লোহিত সাগরে রাস্তা সৃষ্টি হয়েছিল আর সেদিনই যর্দ্দন নদীতেও তাদের জন্য পথ প্রস্তুত হয়েছিল। PPBeng 347.3

যিরীহো নগর জয়ের ঈশ্বরের সহজ পদ্ধতি

PPBeng 347

ছয়দিন পর্যন্ত ইস্রায়েলরা শহর প্রদক্ষিণ করল। সপ্তম দিন আসল, এবং প্রভাতের আলো ফুটতে না ফুটতেই যিহোশূয় সদাপ্রভুর সৈন্যদলকে শৃঙ্খলাবদ্ধ করলেন। আজ তাদের যিরীহোর চতুর্দিকে সাত বার প্রদক্ষিণ করতে হবে, আর তূরীর প্রচন্ড শব্দের সহিত তারাও উচ্চ চিৎকার করবে, কারণ ঈশ্বর আজ তাদের শহরটির দখল দেবেন। PPBeng 347.4

বিশাল সেনাদল দেয়ালের চতুর্দিকে প্রদক্ষিণ করা শুরু করল। সকলেই নীরব, শুধুমাত্র তালে তালে চলার পদধ্বনি শুনা যাচ্ছিল। দেয়াল হতে দর্শকরা এই প্রদক্ষিণ দেখতে থাকল আর ক্রমাগতই তাদের ভীতি বাড়তে লাগল, কেননা প্রথমবার প্রদক্ষিণ শেষ করে তারা দ্বিতীয়বার প্রদক্ষিণ করছিল, তারপর তৃতীয়বার, চতুর্থবার, পঞ্চমবার, ষষ্ঠ বার? এই রহস্যজনক প্রদক্ষিণের কি অর্থ হতে পারে? PPBeng 347.5

তাদের বেশীক্ষণ অপেক্ষা করতে হল না। যখন সপ্তম প্রদক্ষিণ শেষ হল, তখন দীর্ঘ শোভাযাত্রা থামল। যে তূরীগুলি, কিছু সময়ের জন্য বিরত ছিল, সেগুলি এখন এমন জোরে বেঁজে উঠল যে মনে হল পৃথিবী কাঁপতে আরম্ভ করেছে। উচ্চ চূড়া ও ছিদ্র বিশিষ্ট শক্ত পাথরের তৈরি দেয়াল, ভিত্তিমূল হতে কেঁপে উঠল এবং হুড়মুড় করে ভেঙ্গে মাটিতে পড়ে গেল। যিরীহোর অধিবাসীরা ভয়ে নিশ্চল হয়ে পড়ল, এবং ইস্রায়েল বাহিনী সমস্ত শহর দখল করে নিল। PPBeng 348.1

ইস্রায়েলরা তাদের নিজ ক্ষমতায় শহরটি দখল করেনি; সুতরাং এই দেশের প্রথম ফসলস্বরূপ শহরটি আভ্যন্তরীন সমস্ত জিনিসসহ, ঈশ্বরের উদ্দেশে উৎসর্গ করে দান করে দিতে হবে। কনান জয়ের সময় ইস্রায়েলরা তাদের নিজেদের জন্য লড়াই করবে না, নিজেদের জন্য সম্পদ অথবা গৌরব আহরণ করবে না, কিন্তু লড়াই করবে তাদের রাজা সদাপ্রভুর জন্য। আদেশ দেয়া ছিল, "আর তোমরা সেই অপবিত্র দ্রব্য হইতে নিজেদিগকে রক্ষা করিও, নতুবা...তোমরা ইস্রায়েলের শিবিরের উপর শাপ আনিয়া ব্যাকুল করিবে।" PPBeng 348.2

সমস্ত অধিবাসীকে, সকল জীবন্ত প্রাণীসহ, খড়েগর আঘাতে হত্যা করা হল। শুধু গুপ্তচরদের প্রতিজ্ঞা অনুসারে বিশ্বাসী রাহাব ও তার পরিবারকে রক্ষা করা হল। শহরের রাজপ্রাসাদসমূহ ও মন্দিরসমূহ বিলাসবহুল দ্রব্যাদিতে পূর্ণ আবাস গৃহসমূহ, মূল্যবান বস্ত্রাদি ও দামী দামী পোশাক, সমস্ত কিছুই 'আগুনে পুড়িয়ে দেয়া হল। যে সকল জিনিস আগুনে ধ্বংস কর। গেল না, "সমুদয় রূপা ও সোনা এবং পিত্তলের ও লৌহের সমস্ত পাত্র," সেই সকলই সমাগম-তাঁবুর জন্য দান করে দেয়া হল। যিরীহোকে একটি শক্তিশালী নগররূপে আর কখনও তৈরি করা চলবে না; যে দেয়াল স্বর্গীয় শক্তি ধ্বংস করেছে সেই দেয়াল তৈরি করার দুঃসাহস যদি কেউ দেখায় তবে তার উপর শাস্তি নেমে আসার ভয় দেখানো হল। PPBeng 348.3

যিরীহোর লোকদের হত্যা করার মাধ্যমে ক্যানবাসীদের সম্বন্ধে আগে যে আদেশ দেয়া হয়েছিল তা পূর্ণ করা হল; "তাহাদিগকে নিঃশেষে বিনষ্ট করিবে।" "কিন্তু এই জাতিদের যে সকল নগর...সেই সকলের মধ্যে শ্বাসবিশিষ্ট কাহাকেও জীবিত রাখিবে না।" দ্বিতীয় বিবরণ ৭:২; ২০:১৬। PPBeng 348.4

বাইবেলের অন্যান্য স্থানে যে প্রেম ও আশীর্বাদের প্রতিজ্ঞা রয়েছে এই আদেশসমূহ তার থেকে বিপরীত বলে অনেকের নিকটেই প্রতীয়মান হয়। কিন্তু এগুলি অসীম বিজ্ঞতা ও উত্তমতারই প্রকাশ। তারা শুধুমাত্র একটি সত্য ধর্মের অবলম্বনই করবে না, কিন্তু সমগ্র পৃথিবীতে এ নীতিসমূহ প্রচার করবে। কনানীয়েরা অত্যন্ত হীন পৌত্তলিকতায় জড়িয়ে পড়েছিল, এবং তাই প্রয়োজন ছিল যে ঈশ্বরের মহান উদ্দেশ্যে পূর্ণ করার জন্য দেশটিকে পবিত্র করা হয়। PPBeng 348.5

অনুতাপ ও অনুশোচনা করার জন্য স্থানীয় অধিবাসীদের যথেষ্ট সুযোগ প্রদান করা হয়েছিল। চল্লিশ বৎসর আগে মিসরের উপর বিচারের মাধ্যমে ইস্রায়েলদের ঈশ্বরের ক্ষমতা প্রকাশ করা হয়েছিল। মিদিয়নীয়, গিলীয়াদ ও বাশনের পরাজয়ের মাধ্যমে প্রমাণ করা হয়েছিল যে তিনি সকল দেবতাদের উপরে। বাল-পিয়োরের ঘৃণ্য আচার অনুষ্ঠানে তাদের অংশ গ্রহণের জন্য ইস্রায়েলদের শাস্তি প্রদানের মাধ্যমে দেখানো হয়েছিল যে তিনি ভ্রষ্টতা ঘৃণা করেন। এই সকলই যিরীহোর অধিবাসীরা জানত। যদিও তারা তাঁর বাধ্য হতে চাইত

না, তবুও অনেকেই রাহবের মতই জানত যে ইস্রায়েলদের "ঈশ্বর উপরিস্থ স্বর্গে ও নীচস্থ পৃথিবীর ঈশ্বর।" মহাপ্লাবনের আগের লোকদের মতই কনানীয়রা ঈশ্বরের দুর্ণাম করতে ও পৃথিবীর অবক্ষয় করতেই জীবন কাটাত। প্রেম ও ন্যায়পরায়ণতা উভয়ের দাবী অনুসারেই ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহকারী ও মানব জাতির শত্রু এই লোকদের বিনাশ প্রয়োজন ছিল। PPBeng 349.1

"বিশ্বাসে যিরীহোর দেয়াল...পড়িয়া গেল।" ইব্রীয় ১১:৩০। সদাপ্রভুর বাহিনীর অধিনায়ক শুধু সাধু যিহোশূয়ের সহিত আলোচনা করেছিলেন। তিনি সমস্ত মন্ডলীর লোকদের নিকট নিজেকে প্রকাশ করেন নি, আর সাধু যিহোশূয়কে বিশ্বাস কি সন্দেহ করা পুরোপুরি লোকদের ইচ্ছার উপর ন্যাস্ত ছিল। ঈশ্বরের পুত্রের নেতৃত্বে যে সকল দূতগণ ছিলেন তাদের তারা দেখতে পায় নি। তারা তর্ক করতে পারত; "তুরী বাজিয়ে শহরের দেয়াল প্রতিদিন প্রদক্ষিণ করা কি হাস্যস্কর ব্যাপার! উঁচু রক্ষা দেয়ালের উপর এর কোনই ফল হবে না। কিন্তু তাদের মনে গভীর ভাবে দাগ কাটা প্রয়োজন ছিল যে তাদের শক্তি মানুষের জ্ঞান, কিংবা তার শক্তির উপর নির্ভরশীল নয়, বরং তাদের মুক্তিকারী ঈশ্বরের উপর নির্ভরশীল। যারা তাঁর উপর বিশ্বাস আনে, ঈশ্বর তাদের জন্য মহৎ মহৎ কাজ সম্পাদন করতে পারেন। যদি তারা সম্পূর্ণরূপে তাঁকে বিশ্বাস করে ও বিশ্বস্ততার সহিত তাঁর বাধ্য হয়, তবে তিনি তাঁর সন্তানদের সকল প্রকার বিপদ হতে রক্ষা করবেন। PPBeng 349.2

ইস্রায়েলরা কেন অয়ে পরাজিত হল? PPBeng 349.3

যিরীহোর পতনের পর সাধু যিহোশূয় সিদ্ধান্ত নিলেন যে গীরিখাত সমূহের মধ্যে অবস্থিত যর্দ্দন উপত্যকা হতে কয়েক মাইল দূরে ছোট শহর অয়, দখল করবেন। গুপ্তচরেরা খবর দিল যে ঐ শহরের অধিবাসীদের সংখ্যা অল্প তাই তাদের পরাজিত করতে কয়েকজন সৈন্যের প্রয়োজন হবে। PPBeng 349.4

ঈশ্বর তাদের যে মহান বিজয় দান করেছিলেন তাতে ইস্রায়েলদের আত্ম-বিশ্বাস বৃদ্ধি পেয়েছিল। তারা বুঝতে অক্ষম হল যে শুধুমাত্র ঈশ্বরের সহায়তাই তাদের কৃতকার্য্যতা দান করবে। এমন কি সাধু যিহোশূয়ও ঈশ্বরের পরামর্শ না চেয়েই অয় বিজয়ের পরিকল্পনা গ্রহণ করলেন। PPBeng 350.1

ইস্রায়েল-সন্তানগণ তাদের শত্রুদের প্রতি ঘৃণার চোখে তাকাতে শুরু করেছিল। একটি সহজ বিজয়ের প্রত্যাশা করা হল এবং ঐ শহর দখল করার জন্য তিন হাজার সৈন্যই যথেষ্ট বিবেচিত হলো। কিন্তু এরা শহরের সদর দরজার কাছে যেতে না যেতেই প্রচন্ড দৃঢ় বাধার সম্মুখীন হল। তাদের বিপক্ষদের সংখ্যা ও পূর্ণ প্রস্তুতিতে আতঙ্কিত হয়ে বিশৃঙ্খল অবস্থায় তারা খাড়া ঢালুর পথ বেয়ে পালাতে লাগল। কনানীয়েরা "শহরের দরজা হইতে...তাড়া করিয়া ঢালু পথে আঘাত করিল।" সংখ্যায় যদিও অল্প, মাত্র ছত্রিশ জনকে হত্যা করা

হয়েছিল তথাপি পরাজয়টি তাদের হতাশার কারণ হল । "লোকদের হৃদয় গলিয়া গিয়া জলের মত হইল ।" PPBeng 350.2

সাধু যিহোশূয় কাঁদতে কাঁদতে বললেন, "হায় হায়, হে প্রভু সদাপ্রভু, বিনাশার্থে ইমোরীয়দের হস্তে আমাদিগকে সমর্পণ করিবার জন্য তুমি কেন এই লোকদিগকে যর্দ্দন পার করিয়া আনিলে?... হে ঈশ্বর ইস্রায়েল আপন শত্রুগণের সম্মুখে হটিয়া গেলে পর আমি কি বলিব? কনানীয়েরা এবং দেশ নিবাসী সমস্ত লোক এই কথা শুনিবে, আর আমাদিগকে বেষ্টন করিয়া পৃথিবী হইতে আমাদের নাম উচ্ছেদ করিবে, তাহা হইলে তুমি আপন মহা-নামের নিমিত্তে কি করিবে?" PPBeng 350.3

সদাপ্রভু উত্তর দিলেন, "তুমি উঠ, কেন তুমি অধোমুখ হইয়া পড়িয়া আছ? ইস্রায়েল...আমার আদেশ করা চুক্তি লঙঘন করিয়াছে।" এই সময় ছিল দ্রুত সিদ্ধান্ত গ্রহণে ও বাস্তবায়ন করা, হতাশায় ক্রন্দন করার নয়। শিবিরের মধ্যে গোপন পাপ রয়েছে। অনুসন্ধান পূর্বক তা বের করতে হবে এবং ধ্বংস করতে হবে। "তোমাদের মধ্য হইতে সেই খারাপ বস্তু উৎপাটন না করিলে আমি আর তোমাদের সঙ্গে থাকিব না । PPBeng 350.4

একটি পরিবারের পাপের জন্য সমস্ত ইস্রায়েল পরাজিত

PPBeng 350

যাদের তাঁর ন্যায় বিচার সম্পন্ন করার কথা ছিল তাদের মধ্যে একজন ঈশ্বরের আদেশ অমান্য করেছে। এখন এই অমান্যকারীর জন্য সমস্ত জাতিকে দায়ী করা হয়েছে। "তাহারা সেই অপবিত্র দ্রব্যের কিছু লইয়াছে, আবার চুরি, করিয়াছে...আবার নিজেদের সামগ্রীর মধ্যে তাহা রাখিয়াছে।" লটারীর মাধ্যমে দোষীকে খুঁজে বের করা হবে, আর বিষয়টি কিছুকালের জন্য সন্দেহের মধ্যেই রাখা হয় যেন লোকেরা তাদের করণীয় নির্দ্ধারণ করতে পারে এবং নিজদের হৃদয়ের মধ্যে অনুসন্ধান করে ও ঈশ্বরের নিকট আত্ম-সমর্পণ করে। PPBeng 350.5

খুব ভোরে সাধু যিহোশূয় লোকদের একত্রিত করলেন, এবং একটি গম্ভীর ও দর্শনীয় অনুষ্ঠান শুরু হল। ধাপে ধাপে অনুসন্ধানের কাজ এগিয়ে চল। ভয়ঙ্কর পরীক্ষাটিও নিকটবর্তী হতে লগল। প্রথমে বংশ, তারপর পরিবার, এবং তারপর ব্যক্তির পরীক্ষা করা হল, এবং ঈশ্বর আপন অঙ্গুলীর সংকেতে দেখালেন যে যিহূদা বংশীয় কর্ম্মির পুত্র আখন ইস্রায়েলদের জন্য বিপদ ডেকে এনেছে। সাধু যিহোশূয় আখনকে অভিশাপের ভয় দেখিয়ে সত্য কথা বলতে গভীর ভাবে অনুরোধ করলেন। হতভাগ্য লোকটি তার অপরাধ পুরোপুরী স্বীকার করল । "সত্য, আমি ইস্রায়েলের ঈশ্বরের বিরুদ্ধে পাপ করিয়াছি ।...আমি লুট করা দ্রব্যের মধ্যে উত্তম একখানা বাবিলীয় শাল, দুইশত শেকল রৌপ্য, ও পঞ্চাশ শেকল পরিমিত এক থান সোনা দেখিয়া লোভে পড়িয়া হরণ করিয়াছি; আর দেখুন, সে সকল আমার তাঁবুর মধ্যে ভূমিতে লুকান রয়েছে।" কর্ম্মীরা নির্দ্দিষ্ট স্থানের মাটি সরাল, "আর দেখ, তাহার তাঁবুর

মধ্যে তাহা লুকান রহিয়াছে, আর নীচে রৌপ্য ছিল। আর তাহারা সে সকল লইয়া যিহোশূয়ের কাছে আনিল, এবং সদাপ্রভুর সম্মুখে তাহা বিস্তার করিল ।” PPBeng 351.1

সাধু যিহোশূয় বললেন, “তুমি আমাদিগকে কেন ব্যাকুল করিলে? অদ্য সদাপ্রভু তোমাকে ব্যাকুল করিবেন।” আর যেহেতু আখনের পাপের জন্য লোকদের দায়ী করা হয়েছিল এবং এর ফলে তারা শাস্তি ভোগ করেছিল, তারা তাকে শাস্তি দানে অংশ গ্রহণ করবে। “সমস্ত ইস্রায়েল তাহাকে পাথর মারিল।” বংশাবলি পুস্তকে তার স্মৃতি এ ভাবে উদ্‌ধৃত হয়েছে “আখন ইস্রায়েলের কন্টক হইয়াছিল।” ১ বংশাবলি ২:৭। PPBeng 351.2

ঈশ্বরের শক্তির শক্তিশালী প্রকাশ ও তাঁর সুনির্দিষ্ট ও গুরুত্বপূর্ণ আদেশ সত্ত্বেও আখন এই পাপ করেছিল। শুধু যে স্বর্গীয় শক্তিই ইস্রায়েলদের বিজয় দান করেছিল, তারা যে নিজের শক্তিতে যিরীহো দখল করে নি, এই সত্য, তাদের লুণ্ঠিত দ্রব্য গ্রহণ করতে যে আদেশ করা হয়েছিল, তাতে যথেষ্ট গুরুত্ব আরোপ করেছিল। ঈশ্বর এই শক্তিকেন্দ্রকে পরাজিত করেছিলেন, আর এর মধ্যস্থ সমস্ত কিছুসহ শহরটিকে তাঁর উদ্দেশে উৎসর্গ করে দিতে হবে। PPBeng 351.3

আখন অনুতাপ করতে অস্বীকার করে

PPBeng 352

কোটি কোটি ইস্রায়েলদের মধ্যে মাত্র একজনই ঈশ্বরের আদেশ অমান্য করতে সাহস করেছিল। শিনিয়র দেশের অত্যন্ত মূল্যবান পোশাকটি আখনের প্রলোভন সৃষ্টির মূলে ছিল; এমনকি মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়েও সে এটি সম্বন্ধে উক্তি করেছিল “উত্তম একখানা বাবিলীয় শাল।” যখন সে ঈশ্বরের গণিমতের উদ্দেশে রক্ষিত সোনা ও রূপা চুরি করল, তখন সে কনানের প্রথম ফসল হতে ঈশ্বরকে বঞ্চিত করল। দশ আজ্ঞার অমান্যকারী ও কোন সময়ই একটু তিরস্কৃত পর্য্যন্ত হয় না। এই পাপের গুরুত্ব ও তার ভয়ঙ্কর ফলাফল আখনের ইতিহাস হতে শিক্ষা করা উচিত। PPBeng 352.1

লাভের জন্য লোভ করা আখনের এমন একটি অভ্যাসে পরিণত হয় যে শেষ পর্য্যন্ত তা তাকে আষ্টেপৃষ্টে বেঁধে ফেলে এবং এই বাঁধন থেকে মুক্তি পাওয়া তার জন্য অসম্ভব হয়ে দাঁড়ায়। ইস্রায়েলদের জন্য বিপদের আহবান করাকে সে অবশ্যই ভয় করত; কিন্তু পাপের কারণে তার বিচার-ক্ষমতা লোপ পেয়েছিল, আর যখন প্রলোভন উপস্থিত হল, সে সহজে তার ফাঁদে পা দিল । PPBeng 352.2

আখনকে যে ভাবে যিরীহোর লুণ্ঠিত দ্রব্য গ্রহণ করতে মানা করা হয়েছিল, তদ্রূপ আমাদেরও লোভ করতে সুনির্দিষ্ট নিষেধ করা হয়েছে। আমাদের সতর্ক করা হয়েছে, “তোমরা ঈশ্বর ও ধন উভয়ের দাসত্ব করিতে পার না।” “সাবধান, সর্বপ্রকার লোভ হইতে নিজদিগকে রক্ষা করিও।” লোভের নামও যেন তোমাদের মধ্যে না হয়।” মথি ৬:২৪; লূক

১২:১৫; ইফিষীয় ৫:৩। আমাদের সামনে রয়েছে আখন, যিহূদা, অননীয় ও সফিরার ভয়ঙ্কর পরিণাম। এদের সকলের পেছনে রয়েছে শয়তান। এই সকল সতর্কবাণী সত্ত্বেও, প্রলোভন বেড়েই চলেছে। PPBeng 352.3

প্রত্যেক জায়গায়ই এর পিচ্ছিল পথ দেখা যায়। এটি পরিবারের মধ্যে মতভেদের সৃষ্টি করে ; এটি দরিদ্রদের মধ্যে ধনীদের প্রতি ক্রোধ ও ঘৃণার সৃষ্টি করে; এটি দরিদ্রদের প্রতি ধনীদের কঠিন অত্যাচারের কারণ হয়ে দাঁড়ায় আর এই মন্দতা শুধু পৃথিবীতে নয় মন্ডলীর মধ্যেও রয়েছে। স্বার্থপরতা, লোভ, দান বিমুখতা, এবং "দশভাগের এক ভাগে ও দানে" ঈশ্বরকে ঠকানো, এই সমস্ত কত সচরাচরই না দেখা যায়। অনেকেই এসে মন্ডলীতে বসে ও সদাপ্রভুর ভোজে অংশ নেয়, কিন্তু তাদের অধিকারভুক্ত জিনিসের মধ্যে লুকানো রয়েছে অন্যায় লাভ যা ঈশ্বরের শাপগ্রস্ত। "উত্তম একখানা বাবিলীয় শালের" জন্য অনেকেই স্বর্গের আশা পরিত্যাগ করে থাকেন। দরিদ্রদের দুঃখের কান্নায় কান দেয়া হয় না; বিভিন্ন প্রকার কর্মকান্ড বিশ্বাসীদের বিশ্বাসকে মিথ্যা প্রতিপন্ন করে; তথাপি লোভী ব্যক্তি সম্পদ সংগ্রহে ব্যস্ত থাকে। সদাপ্রভু বলেন, "মনুষ্য কি ঈশ্বরকে ঠকাইবে? তোমরা ত আমাকে ঠকাইয়া থাক।" মালাখী ৩:৮ । PPBeng 352.4

প্রকৃত ও জোরপূর্বক আদায়কৃত স্বীকারোক্তির মধ্যে পার্থক্য

PPBeng 353

যতক্ষণ না পাপকে অনুসন্ধান করে তা দূর করা হয় ততক্ষণ একজন লোকের পাপের জন্য মন্ডলীর উপর ঈশ্বরের অসন্তুষ্টি অবস্থান করবে। যে প্রভাবকে সবচেয়ে বেশী ভয় করতে হবে তা প্রতিরোধকারী, অবিশ্বাসী, অথবা নিন্দাকারীর প্রভাব নয়, বরং আত্ম-বিরোধী সদস্যদের প্রভাব যা ইস্রায়েলের ঈশ্বরের আশীর্বাদকে দূরে সরিয়ে দেয় এবং তাঁর লোকদের মধ্যে দুর্বলতা আনয়ন করে । বিনম্রভাবে প্রত্যেকে নিজ নিজ হৃদয়ের অনুসন্ধান করুক এবং ঈশ্বরের সম্মুখে বাধা প্রদানকারী গোপন পাপ খুঁজে বের করুক। PPBeng 353.1

আখন দেখতে পেয়েছিল যে অয় হতে ইস্রায়েলরা পরাজিত ও নিরুসাহিত হয়ে ফিরে এসেছে, তথাপি সে তার পাপ স্বীকার করতে এগিয়ে আসে নি। সে দেখেছিল যে গভীর ও অবর্ণনীয় দুঃখে সাধু যিহোশূয় ও প্রাচীনেরা মাটিতে উবুড় হয়ে পড়ে আছেন। তথাপি সে নীরব থাকল। সে ঐ ঘোষণা শুনেছিল যে একটি মহা পাপ সাধিত হয়েছে এবং পাপের চারিত্রিক বর্ণনাও সে শুনেছিল । কিন্তু তার ওষ্ঠদ্বয় বন্ধই থেকে গেল। যখন সে দেখতে পেল যে তার বংশকে, তার গোত্রকে, এবং তারপর তার পরিবারকে নির্দেশ করা হচ্ছে, তখন তার হৃদয় ভয়ে কম্পিত হতে লাগল । তথাপি যতক্ষণ পর্যন্ত সে কোন স্বীকারুক্তি করল না। তারপর, যখন আর তার পাপ কোন ভাবেই গোপন করা সম্ভব হয়ে উঠল না, তখন সে সত্যকে স্বীকার করল। PPBeng 353.2

কোন সত্য প্রমাণিত হবার পর স্বীকার করা আর যে পাপ শুধুমাত্র আমরা জানি ও ঈশ্বর জানেন তা স্বীকার করার মধ্যে যথেষ্ট পার্থক্য রয়েছে। আখনের স্বীকারোক্তি শুধু এই প্রমাণ করল যে তার শাস্তি উপযুক্ত ও ন্যায় হচ্ছে। তার কোন প্রকৃত অনুতাপ হয় নি, কোন মনোবেদনা হয় নি, জীবনের লক্ষ্যের কোন পরিবর্তন হয় নি, মন্দের প্রতি ঘৃণার সৃষ্টি হয় নি। PPBeng 353.3

এই ভাবেই মৃত্যু ও জীবনের সমস্ত সিদ্ধান্ত গ্রহণ করা সমাপ্ত হবার পরই দোষী ব্যক্তিরা ঈশ্বরের আদালতে নিজ পাপের স্বীকারোক্তি করবে। বিচার ও শাস্তি প্রাপ্তির এক ভয়ঙ্কর অনুভূতি স্বীকারোক্তির জন্য আত্মাকে বাধ্য করবে। কিন্তু ঐ ধরণের স্বীকারোক্তি পাপীদের আর রক্ষা করতে পারবে না। যখন স্বর্গীয় হিসাবের পুস্তক খোলা হবে, বিচারক তখন কোন ব্যক্তিকে তার দোষ দেখিয়ে দেবেন না, কিন্তু শুধুমাত্র একটি গভীর, হৃদয়স্পর্শী, অভিযোগকারী দৃষ্টি নিক্ষেপ করবেন, আর দোষী ব্যক্তির স্মৃতিতে তখন জীবনের সকল কাজ, জীবনের সকল আদান প্রদান, উদিত হবে। মানুষের নিকট গোপনকৃত পাপ সকল তখন সমগ্র পৃথিবীর নিকট প্রকাশ করা হবে। PPBeng 353.4

অধ্যায় ৪৬—আশীর্ব্বাদ ও অভিশাপসমূহ

PPBeng 354

আখনের শাস্তি বিধান করার পর, সমস্ত যোদ্ধাদের একত্রিত করে অয়ের বিরুদ্ধে আবার অভিযান চালানোর জন্য যিহোশূয়কে আদেশ দেয়া হল । ঈশ্বরের ক্ষমতা তাঁর লোকদের সাথে ছিল, আর তারা শীঘ্রই বহরটি দখল করে নিল। PPBeng 354.1

লোকেরা কনানে বসতি স্থাপনের জন্য তাদের কোন ঘর বা জায়গা ছিল না এবং এর জন্য কনানীয়দের তাড়ানো প্রয়োজন ছিল। কিন্তু অধিকতর গুরুত্বপূর্ণ অন্য একটি কর্তব্য, প্রথমে তাদের মনোযোগ আকর্ষণ করল। ঈশ্বরের প্রতি তাদের আনুগত্যের নিয়মটিকে তাদের নূতন করতে হবে। PPBeng 354.2

মোশির উপর শেষ নির্দেশ ছিল যে শিখিমের এবল ও গরিষীম পর্বতদ্বয়ে একটি সমাবেশ আহবানপূর্বক ঈশ্বরের ব্যবস্থার স্বীকৃতি দিতে হবে। এই আদেশের প্রতি বাধ্যতা প্রদর্শন করে, সকল পুরুষেরা, স্ত্রীলোকেরা, বালক- বালিকারা ও তাহাদের মধ্যবর্তী প্রবাসিগণ গিগল পরিত্যাগপূর্বক তাদের শত্রুদের মধ্য দিয়ে দেশের মধ্য স্থানে অবস্থিত শিখিমের উপত্যকায় উপস্থিত হল । যদিও তারা অপরাজিত শত্রুদের দ্বারা প্রতিবেষ্টিত ছিল, কিন্তু “চারিদিকের নগর-সমূহ ঈশ্বর হইতে ত্রাস” (আদিপুস্তক ৩৫:৫) ছিল এবং যিহূদীরা কোনরূপ আক্রান্ত হল না। PPBeng 354.3

এই খানেই অব্রাহাম ও যাকোব উভয়েই তাঁবু স্থাপন করেছিলেন। এই খানেই শেষোক্ত জন একটি মাঠ খরিদ করেছিলেন যেখানে যোষেফের বংশধরেরা তাকে কবর দিয়েছিল। আর এইখানেই ছিল সেই কূপ যা যাকোব খনন করেছিলেন। PPBeng 354.4

যে স্থান মনোনয়ন করা হল এইরূপ মনোরম একটি অনুষ্ঠান পরিচালনার জন্য ইহা ছিল খুবই উপযুক্ত । জলপাই বৃক্ষ দ্বারা শোভিত, চির প্রবাহমান ঝর্ণার জল দ্বারা সিক্ত ও সুন্দর বন্য ফুল দ্বারা পরিবেষ্টিত সবুজ মাঠ এই ঊষর পর্বতরাজির মধ্যে একটি উষ্ণ অভ্যর্থনায় আহ্বান জানায়। উপত্যকার দুই বিপরীত দিকে অবস্থিত ও বেশ কাছাকাছি ছিল, এবং এমন ভাবে দু'টি প্রাকৃতিক মঞ্চে পরিণত হয়েছিল যে একটি হতে কথা বললে অন্যটিতে স্পষ্টরূপে শুনা যায়। প্রসারিত পর্বত প্রান্তের একটি বিশাল সমাবেশের জন্য সম্পূর্ণ উপযুক্ত ছিল। এবল পর্বতে পাথরের নির্মিত একটি স্মৃতিসৌধ ছিল। আগে থেকে সিমেন্ট দ্বারা প্রলেপ দিয়ে প্রস্তুত করা এই পাথরগুলির উপর ঈশ্বরের আজ্ঞা লিখিত ছিল শুধু মাত্র সীনয় থেকে কথিত ও প্রস্তর ফলকে লিখিত দশ আজ্ঞাই নয়, কিন্তু মোশিকে যে সমস্ত ব্যবস্থা দেয়া হয়েছিল এবং যা একটি বইতেও লিখিত ছিল। স্মৃতিসৌধের কাছে একটি সম্পূর্ণ অক্ষত পাথরে একটি যজ্ঞবেদী তৈরী করা হয়েছিল যার উপরে সদাপ্রভুর নিকট বলি উৎসর্গ করা হল। ঈশ্বরের ব্যবস্থা অমান্য করায় ইস্রায়েলদের যথার্থই তাঁর ক্রোধের সঞ্চার

করেছিল এবং যজ্ঞবেদী দ্বারা প্রদর্শিত খ্রীষ্টের প্রায়শ্চিত্ত ব্যতিরেকে ঈশ্বরের ক্রোধ তাদের উপর তখনই উপস্থিত হত। PPBeng 354.5

ছয়টি বংশকে গরিষীম পর্বতে, এবং অন্য ছয় বংশকে এবল পর্বতে সম্মিলিত করা হল, আর যাজকগণ নিয়ম-সিন্দুক নিয়ে মধ্যের উপত্যকার স্থানে নিলেন। এই বৃহৎ সম্মেলনের সামনে দাড়িয়ে যিহোশূয় ঈশ্বরের ব্যবস্থার প্রতি বাধ্য হলে যে সকল আশীর্বাদ পাওয়া যাবে তা পড়ে শুনালেন। গরিষীমের উপরিস্থিত বংশসমূহ বললেন, "আমেন।" তার পর একই ভাবে ব্যবস্থা অমান্য করলে যে অভিশাপ উপস্থিত হবে তিনি তা পড়লেন, আর এবলের উপরিস্থিত সকল বংশের লোক তাদের স্বীকৃতি জ্ঞাপন করলেন, আর হাজার হাজার কন্ঠের একত্রিত স্বীকৃতিতে প্রান্তর প্রকম্পিত হয়ে উঠল। তারপর মোশি প্রদত্ত সমস্ত ধারা-উপধারা ও বিচার পদ্ধতিসহ ঈশ্বরের ব্যবস্থাসমূহ পড়া হল। PPBeng 355.1

সীনয় পর্ব্বতে ইস্রায়েলরা ঈশ্বরের মুখ হতে ব্যবস্থাগুলি লাভ করেছিল, যা ঈশ্বর তাঁর নিজ হস্তে লিখেছিলেন, এবং যা নিয়ম-সিন্দুকে রক্ষিত ছিল। আর এখন ইহা এমন জায়গায় লেখা হল যেখানে সকলেই সেগুলি পড়তে পারবে এবং সেই নিয়মের শর্তাবলী জানতে পারবে যে শর্তের আওতায় তারা কনানের দখল ভোগ করতে পারবে। মাত্র কয়েক সপ্তাহ আগে মোশি কথোপকথনের মাধ্যমে লোকদের নিকট সম্পূর্ণ দ্বিতীয় বিবরণ পুস্তকখানি দিয়েছিলেন। তথাপি এখন আবার যিহোয় সমস্ত ব্যবস্থ লোকদের পড়ে শুনালেন। PPBeng 355.2

শুধু মাত্র যে ইস্রায়েলের পুরুষেরা শুনল তা নয়, কিন্তু "স্ত্রীলোকেরা ও বালক-বালিকারা" এই ব্যবস্থা পাঠ শুনতে পেল, কেননা এটা প্রয়োজন ছিল যে তারাও এগুলি শুনবে এবং আপন আপন কর্তব্য করবে। মোশি আদেশ করেছিল, "সাত সাত বৎসরের পরে... যখন সমস্ত ইস্রায়েল তোমার ঈশ্বর সদাপ্রভুর মনোনীত স্থানে তাঁহার সম্মুখে উপস্থিত হইবে, তৎকালে তুমি সমস্ত ইস্রায়েলের সাক্ষাতে তাহাদের কর্ণগোচরে এই ব্যবস্থা পাঠ করিবে। তুমি লোকদিগকে, পুরুষ, স্ত্রী, বালক-বালিকা, ও তোমার নগর-দ্বারের মধ্যবর্তী বিদেশী সকলকে একত্রিত করিবে, যেন তাহারা শুনিয়া শিক্ষা পায় ও তোমাদের ঈশ্বর সদাপ্রভুকে ভয় করে, এবং এই ব্যবস্থার সমস্ত কথা যত্নপূর্বক পালন করে; আর তাহাদের যে সন্তানগণ এই সকল জানে না, তাহারা যেন শুনে, এবং যে দেশ অধিকার করিতে তোমরা যর্দ্দন পার হইয়া যাইতেছ, সেই দেশে যত কাল প্রাণধারণ করে, তাহারা তত কাল যেন তোমাদের ঈশ্বর সদাপ্রভুকে ভয় করিতে শিখে।" দ্বিতীয় বিবরণ ৩১:১০-১৩। PPBeng 356.1

আমরা কেন মনোযোগ সহকারে ঈশ্বরের বাক্য অধ্যয়ন করব

PPBeng 356

এ যা কিছু ঈশ্বর বয়ান করেছেন, তা বিকৃত করার মাধ্যমে মানুষের মনকে অন্ধকারাচ্ছন্ন করে পাপে প্রবৃত্ত করার জন্য শয়তান তার ছলনা দ্বারা মানুষকে ধ্বংস না

করে, এই জন্য ঈশ্বর মানুষকে সর্বদাই তাঁর রক্ষার আওতাধীন রাখতে চান। তাঁর নিজ মুখে কথা বলতে, মানুষের পূর্ণ পথ প্রদর্শকরূপে তার কাছে যে শাস্ত্র তিনি দিয়েছেন তা নিজ হস্তে লিখতে, ঈশ্বর রাজী হয়েছেন। যেহেতু সদাপ্রভুর প্রতিজ্ঞা ও দাবী হতে আমাদের মনকে বিপথে নিয়ে যাওয়ার জন্য শয়তান সদা প্রস্তুত, তাই ঐগুলিকে মনের মধ্যে গভীর ভাবে গেথে রাখার জন্য আমাদের যথেষ্ট পরিশ্রম করতে হবে। PPBeng 356.2

অল্প বয়সের ছেলে-মেয়েরা যেন বুঝতে পারে সেই জন্য বাইবেলের সত্য ঘটনা ও ইতিহাস সহজ-সরল ভাষায় উপস্থাপন করতে হবে। পবিত্র বাক্যে যে বিভিন্নমুখী জ্ঞান পাওয়া যায়, পিতা-মাতারা এগুলির প্রতি তাদের সন্ত নদের আগ্রহ জাগিয়ে তুলতে পারেন। কিন্তু তাদের নিজেদেরও বিষয়ে আগ্রহ থাকতে হবে। যারা কামনা করেন যে তাদের সন্তানেরা ঈশ্বরকে প্রেম ও শ্রদ্ধা কররে, তারা যে উত্তমতা, তাঁর যে গৌরব, তাঁর যে ক্ষমতা তাঁর সৃষ্টির মধ্যে দেখা যায় তা নিয়ে আলোচনা করবেন। PPBeng 356.3

বাইবেলের প্রত্যেক অধ্যায় ও প্রত্যেক পদেই ঈশ্বরের নিকট হতে মানুষের কাছে কিছু যোগসূত্র ও কিছু আলোচনা। যদি এগুলি পাঠ করা হয় ও মানা হয় তবে যেমন ইস্রায়েলদের পরিচালনা করেছিল, তেমনি দিনের বেলা মেঘস্তম্ভ ও রাতের বেলা অগ্নিস্তম্ভ আমাদেরও পরিচালনা করবে। PPBeng 357.1

অধ্যায় ৪৭—একটি কনানীয় বংশ ইস্রায়েলদের সহিত প্রতারণা করে

PPBeng 358

শিখিম হতে ইস্রায়েলরা গিলগলে তাদের শিবিরে ফিরে এল। এখানে একদল অতিথি তাদের সাথে দেখা করে বলল যে তারা দূর দেশ হতে এসেছে। তাদের চেহারায়ও তাদের এই কথায় প্রমাণিত হচ্ছিল। তাদের পোশাক পূরানো ও জীর্ণ ছিল, তাদের জুতা তালিযুক্ত ছিল, তাদের খাদ্যদ্রব্য ছাতকুরা-পূর্ণ ছিল, আর যে চামড়ার থলি তারা দ্রাক্ষারস রাখার জন্য বোতলরূপে ব্যবহার করছিল সেগুলিও ছিল ছেড়া ও এমন ভাবে কাপড় জড়ানো যে মনে হচ্ছিল যাত্রার সময় তারা দ্রুত এগুলিকে মেরামত করেছিল। PPBeng 358.1

তাদের বক্তব্য অনুসারে পলেষ্টীয়দের সীমা হতে দূরে তাদের দেশের বাড়ী হতে ঈশ্বর যে আশ্চর্য আশ্চর্য কাজ করেছেন, সে সম্বন্ধে তারা শুনতে পেয়েছিল এবং তাই তারা ইস্রায়েলদের সহিত চুক্তি স্থাপন করতে এসেছে। ইস্রায়েল-সন্তানদের বিশেষ ভাবে সতর্ক করে দেয়া হয়েছিল যে তারা যেন কনানের পৌত্তলিকদের সাথে কোনরূপ চুক্তি স্থাপন না করে, আর তাই এই অতিথিদের কথার প্রতি নেতাদের মনে সন্দেহ উপস্থিত হল। PPBeng 358.2

তারা বলল, “কি জানি, তোমরা আমাদের মধ্যে বাস করিতেছ” কিনা। এতে দূতেরা উত্তর দিল, “আমরা আপনার দাস।” কিন্তু যখন যিহোশূয় সরাসরি জিজ্ঞাসা করলেন, “তোমরা কাহারা? কোথা হইতে আসিলে ?” তখন তারা উত্তর করল, “আপনাদের নিকটে অসিবার জন্য যে দিন যাত্রা করি, সেই দিন আমরা গৃহ হইতে তপ্ত রুটি পাথেয় আনিয়াছিলাম, এই দেখুন, আমাদের সেই রুটি শুষ্ক ও ছাতাপড়া। আর যে সকল কুপা দ্রাক্ষারসে পূর্ণ করিয়াছিলাম, সেগুলি নূতন ছিল, এই দেখুন, সে সকল ছিঁড়িয়া গিয়াছে। আর আমাদের এই সকল বস্ত্র ও পাদুক পুরাতন হইয়াছে, কেননা পথ অতি দূর।” PPBeng 358.3

যিহূদীরা “সদাপ্রভুর অভিমত জিজ্ঞাসা করিল না। আর যিহোশূয় তাহাদের সহিত সন্ধি করিয়া যাহাতে তাহারা বাঁচে, এমন চুক্তি করিলেন, এবং সমাজের অধ্যক্ষগণ তাহাদের কাছে শপথ করিলেন।” চুক্তি বহাল করা হল। তিন দিন পর সত্য প্রকাশ পেল। “উহারা শুনিতে পাইল, তাহারা আমাদের নিকটস্থ এবং আমাদের মধ্যে বাস করিতেছে।” গিবিয়োনীয়রা তাদের জীবন রক্ষার জন্য চতুরতার আশ্রয় নিল। PPBeng 358.4

তিন দিন ভ্রমণের পর যখন তারা দেশের মধ্য ভাগে গিবিয়োনীদের শহরগুলির কাছে পৌছাল তখন ইস্রায়েলদের ঘৃণা ও ক্রোধ আরো বৃদ্ধি পেল কিন্তু যদিও প্রতারণার মাধ্যমে এই চুক্তি সম্পাদিত হয়েছিল তথাপি অধ্যক্ষগণ এই চুক্তি লঙঘন করতে অস্বীকার করলেন

কারণ তারা "সদাপ্রভুর নামে তাহাদের কাছে দিব্য করিয়াছিলেন বলিয়া ইস্রায়েলগণ তাহাদিগকে আঘাত করিল না।" যেহেতু গিবিয়োনীরা পৌত্তলিকতা পরিত্যাগ করে ঈশ্বরের (ঈশ্বর) ধন্যবাদ করার প্রতিজ্ঞা করেছিল তাই পৌত্তলিক কনানীয়দের ধ্বংস করার জন্য ঈশ্বরের যে আদেশ ছিল তাদের জীবন রক্ষা করায় সেই আদেশ অমান্য করা হচ্ছিল না যদিও প্রতারণার মাধ্যমে প্রতিজ্ঞা রক্ষা করা হয়েছিল তবুও তা অবহেলা করা চলবে না। কোন লাভের আকাঙ্খা, প্রতিশোধ নেয়ার স্পৃহা, অথবা আত্ম-স্বার্থের চিন্তা কোন ভাবেই কোন প্রতিজ্ঞা মিথ্যা প্রমাণিতের কারণ হতে পারে না। যে "ঈশ্বরের পর্বতে উঠিবে" ও "তাঁহার পবিত্র স্থানে দাঁড়াইবে" সে "দিব্য করিল ক্ষতি হইলেও অন্যথা করে না।" গীতসংহিতা ২৪:৩; ১৫:৪। PPBeng 359.1

গিবিয়োনীয়েরা কিভাবে নিজদিগকে দাস করে

PPBeng 359

গিবিয়োনীয়দের প্রাণে বাঁচতে দেয়া হল কিন্তু দৈহিক কাজ করার জন্য তাদের প্রার্থনার স্থানে দাসরূপে নিযুক্ত করা হল। "আর সদাপ্রভুর মনোনীত স্থানে মন্ডলীর ও সদাপ্রভুর যজ্ঞবেদীর জন্য কাঠকাটা ও জলতোলার কাজে যিহোশূয় সেই দিনে তাহাদিগকে নিযুক্ত করিলেন।" যে কোন শর্তে জীবন ক্রয় করার জন্য এই সকল শর্ত আনন্দিত চিত্তে গৃহীত হল। তারা যিহোশূয়কে বলল, "এখন দেখুন, আমরা আপনারই হস্তগত, আমাদের প্রতি যাহা করা আপনার ভাল ও ন্যায্য বোধ হয়, তাহাই করুন।" PPBeng 359.2

শহরগুলির মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ শহর ছিল গিবিয়োন, ইহা ছিল "রাজধানীর ন্যায় বৃহৎ;...আর তথাকার সমস্ত লোক বলবান ছিল।" ইস্রায়েলরা কনানের অধিবাসীদের মধ্যে যে ভীতির সঞ্চার করেছিল, এখানেই তার প্রমাণ হল যে এ ধরণের একটি শহরের অধিবাসীরা জীবন বাঁচানোর জন্য এরূপ ঘৃণ্য ও লজ্জাস্কর একটি চুক্তি সম্পন্ন করেছিল। PPBeng 359.3

কিন্তু গিবিয়োনীয়দের জন্য আরো ভালো হত যদি তারা ইস্রায়েল-সন্তানদের সাথে সততামূলক আচরণ করত। তাদের ছলনা তাদের জন্য অবিশ্বাস ও দাসত্ব বয়ে আনল। ঈশ্বর উপায় স্থির করেছিলেন যে যারা পৌত্তলিকতা বিসর্জন দিয়ে যিহূদীদের সহিত যুক্ত হবে তারা ঐ চুক্তির আশীর্বাদসমূহ লাভ করবে। কয়েকটি মাত্র ব্যতিক্রম ছাড়া ঐ দল ইস্রায়েলদের সমান অনুগ্রহ ও অধিকার উপভোগ করত। PPBeng 360.1

গিবিয়োনীয়দের সম অধিকারেই গ্রহণ করা হত। এটা কিন্তু সাধারণ একটি অবমাননাকর কাজ ছিল না যে ঐ ধরণের রাজকীয় একটি নগরের অধিবাসীরা, যারা ছিল "বলবান", কাঠকাটা ও জলতোলার কাজে নিযুক্ত হবে। বংশ পরম্পরায় তাদের এই দাসত্বের জীবন মিথ্যার প্রতি ঈশ্বরের যে ঘৃণা রয়েছে তারই সাক্ষ্য বহন করবে। PPBeng 360.2

যিহোশূয়ের দীর্ঘ দিনটি PPBeng 360.3

গিবিয়োনীয়দের আত্মসমর্পণ কনানীয় রাজাদের মধ্যে হতাশার সৃষ্টি করল। আগ্রাসনকারীদের সাথে যারা শান্তি স্থাপন করেছে তাদের উপর প্রতিশোধ নেবার প্রস্তুতি করা হল । গিবিয়োনীয়দের বিপক্ষে পাঁচজন কনানীয় রাজা একটি মৈত্রী স্থাপন করল। গিবিয়োনীয়েরা আত্মারক্ষার জন্য প্রস্তুত ছিল না, তাই তারা যিহোশূয়ের নিকট একটি সংবাদ প্রেরণ করল "আপনার এই দাসদের প্রতি হস্ত শিথিল করিবেন না, ত্বরায় আসিয়া আমাদের নিস্তার ও সাহায্য করুন, কেননা পর্বতময় প্রদেশনিবাসী ইমোরীয়দের সমস্ত রাজা আমাদের বিরুদ্ধে একত্র হইয়াছেন।" এই বিপদ শুধু গিবিয়োনীয়দের জন্য ভীতিকর ছিল না, কিন্তু ইস্রায়েলদের জন্যও বিপজ্জনক ছিল। এই শহর মধ্য ও দক্ষিণ পলেষ্টীয়দের ছিল । আর দেশ জয়ের জন্য এটি অধীনস্থ রাখা প্রয়োজন । PPBeng 360.4

তারা যে প্রতারণা করেছিল এই জন্য যিহোশূয় তাদের অনুরোধ উপেক্ষা করবেন মনে করে আক্রান্ত শহরের অধিবাসীরা ভীত হল। কিন্তু যেহেতু তারা ইস্রায়েলদের নিকট আত্ম-সমর্পণ করেছিল এবং ঈশ্বরের আরাধনা গ্রহণ করেছিল, তাই তাদের জান-মালের রক্ষার তার কর্তব্য বলে তিনি মনে করলেন আর সদাপ্রভু তাকে উৎসাহ দিলেন। স্বর্গীয় সংবাদ এল, "তুমি তাহাদিগকে ভয় করিও না; কেননা আমি তোমার হস্তে তাহাদিগকে সমর্পণ করিয়াছি, তাহাদের কেহ তোমার সম্মুখে দাঁড়াইতে পারিবে না।" "তখন যিহোশূয় সমস্ত যোদ্ধা ও সমস্ত বলবান বীর সঙ্গে লইয়া গিলগল হইতে রওয়ানা হইলেন ।" PPBeng 360.5

মৈত্রীবদ্ধ রাজারা তাদের সৈন্যদের শহরের চারিদিকে একত্রিত করতে না করতেই যিহোশূয় তাদের অতিক্রম করলেন। ঐ বিশাল বাহিনী বৈ- হোরোণের গিরিখাত দিয়া পালাতে লাগল, আর চূড়ার উপর পৌঁছার পর তারা বিপজ্জনক উত্তাই দিয়ে অন্য প্রান্তে পৌছার চেষ্টা করল। এইখানে তাদের উপর একটি ভয়ঙ্কর শিলা বৃষ্টি শুরু হল। "তখন সদাপ্রভু আকাশ হইতে...তাহাদের উপরে মহাশিলা বর্ষাইলেন.... ইস্রায়েলসন্তানগণ যাহাদিগকে খড়্গগ দ্বারা বধ করিল, তদপেক্ষা অধিক লোক শিলাপাতে মরিল । " PPBeng 361.1

যখন ইমোরীয়েরা প্রাণ ভয়ে দৌড়ে পালাচ্ছিল, তখন যিহোশূয় চূড়ার উপর হতে নীচের দিকে তাকালেন এবং দেখতে পেলেন যে কাজ সম্পূর্ণ করার জন্য দিনটি খুবই ছোট হবে। যদি এখন এদের পূর্ণ ধ্বংস করা না যায়, তবে শত্রুরা আবার সঙ্গবদ্ধ হয়ে তাদের সহিত যুদ্ধে লিপ্ত হবে। "সেই দিন যিহোশূয় সদাপ্রভুর কাছে বিনতি করিলেন; আর তিনি ইস্রায়েলের সাক্ষাতে বলিলেন, "সূর্য্য, তুমি স্থির হও গিবিয়োনে, আর চন্দ্র, তুমি অয়ালোন তলভূমিতে। আর সূর্য্য স্থগিত হইল, ও চন্দ্র স্থির থাকিল, যাবৎ সেই জাতি শত্রুদিগের প্রতিশোধ না লইল।...আর আকাশের মধ্যস্থানে সূর্য্য স্থির থাকিল, অস্তগমন করিতে প্রায় সম্পূর্ণ এক দিবস ত্বরা করিল না।" PPBeng 361.2

সন্ধ্যা হবার আগেই যিহোশূয়ের নিকট ঈশ্বরের প্রতিজ্ঞা পূর্ণ হল । শত্রুদের তার হস্তে সমর্পণ করা হল । ঐ দিনের ঘটনাবলী ইস্রায়েলদের স্মরণে অনেক দিন পর্য্যন্ত থাকল। "তাহার পূর্বে কি পরে সদাপ্রভু যে মনুষ্যের রবে এইরূপ কর্ণপাত করিলেন, এমন আর কোন দিন হয় নাই; কেননা সদাপ্রভু ইস্রায়েলদের পক্ষে যুদ্ধ করিতেছিলেন।" "সূর্য ও চন্দ্র স্ব স্ব বাসস্থানে দাঁড়াইয়া থাকিল,- তোমার দ্রুতগামী বাণসমূহের দীপ্তিতে, তোমার বজ্ররূপ বড়শার তেজে। তুমি গজবে ভূতল দিয়া গমন করিলে, কোপে জাতিগণকে (শস্যের মত) মর্দ্দন করিলে। তুমি যাত্রা করিলে,- আপন প্রজাগণের পরিত্রাণার্থে।" হবক ৩:১১-১৩। PPBeng 361.3

যিহোশূয়কে এই প্রতিজ্ঞা দান করা হয়েছিল যে ঈশ্বর ইস্রায়েলদের এই শত্রুদের পরাস্ত করবেন, কিন্তু তথাপি তিনি এমন প্রচন্ড চেষ্টা চালালেন যেন কৃতকার্যতা ইস্রায়েলের সৈন্যদের উপর নির্ভর করে। মানুষের শক্তিতে যতটুকু সম্ভব, তার সবটুকুই তিনি সম্পন্ন করলেন, তারপর তিনি বিশ্বাসে স্বর্গীয় সাহায্যের কামনা করলেন। কৃতকার্য্যতার চাবিকাটি হল স্বর্গীয় প্রচেষ্টার সাথে মানবিক প্রচেষ্টার সম্মিলন। যে মানুষ আদেশ দিলেন, "সূর্য, তুমি স্থির হও গিবিয়োনে, আর চন্দ্র, তুমি অয়ালোন তলভূমিতে।" সেই মানুষ গিল্‌গলে ঘন্টার পর ঘন্টা মাটিতে উপুড় হইয়া প্রার্থনা করেছিলেন। প্রার্থনাকারী মানুষই ক্ষমতাবান মানুষ । PPBeng 361.4

এই শক্তিশালী আশ্চর্য্য কাজ প্রমাণ করে যে সৃষ্টি স্রষ্টার নিয়ন্ত্রণে রয়েছে। যারা সৃষ্টিকে স্রষ্টার উপরে উন্নীত করে, এই আশ্চর্য্য কাজ তাদের প্রতি এক তিরস্কার। PPBeng 362.1

নিজ ইচ্ছানুসারে শত্রুদের পরাভূত করার জন্য ঈশ্বর প্রাকৃতিক শক্তিকে ব্যবহার করেন- "অগ্নি ও শিলা, তুষার ও বাষ্প, তাঁহার বাক্যসাধক প্রচন্ড বায়ু।" গীতসংহিতা ১৪৮৪৮। আমাদের বলা হয়েছে যে পৃথিবীর ইতিহাসের শেষ প্রান্তে একটি বৃহত্তর যুদ্ধ সংঘটিত হবে, তখন "সদাপ্রভু আপন অস্ত্রাগার খুলিলেন, নিজ ক্রোধের অস্ত্র সকল বাহির করিয়া আনিলেন।" যিরমিয় ৫০: ২৫। PPBeng 362.2

যখন "প্রার্থনাগৃহের মধ্য হইতে, সিংহাসন হইতে, মহাবাণী" ঘোষণা করবেন, "হইয়াছে," প্রকাশক তখনকার বংশের বর্ণনা দিচ্ছেন। তিনি বলেন, "আর আকাশ হইতে মনুষ্যদের উপরে বৃহৎ বৃহৎ শিলাবর্ষণ হইল, তাহার এক একটি এক এক তালন্ত পরিমিত।" প্রকাশিতবাক্য ১৬:১৭, ২১ । PPBeng 362.3

অধ্যায় ৪৮—পরিশেষে গৃহে প্রত্যাবর্তন

PPBeng 363

বৈ-হোরোণের বিজয়ের অব্যবহিত পরেই দক্ষিণ কনান জয় করা হল। “এইরূপে যিহোশূয় সমস্ত দেশ, পর্বতময় প্রদেশ, দক্ষিণ অঞ্চল, নিম্নভূমি ও পর্বত পার্শ্ব....আঘাত করিলেন।...যিহোশূয় এই সমস্ত দেশ ও রাজগণকে এককালেই হস্তগত করিলেন, কারণ ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভু ইস্রায়েলের পক্ষে যুদ্ধ করিতেছিলেন।” PPBeng 363.1

ইস্রায়েলীয় সৈন্যের কৃতকার্য্যতায় ভীত হয়ে উত্তর পলেষ্টীয়দের বংশসমূহ ইস্রায়েলদের বিরুদ্ধে একটি মৈত্রীতে আবদ্ধ হল। “তাহারা নিজ নিজ সৈন্য...সঙ্গে লইয়া বাহির হইলেন।” এর আগে কনানে যত সৈন্যবাহিনীর মোকাবেলা ইস্রায়েলরা করেছিল, এই সৈন্যবাহিনী তাদের সবগুলার চাইতে বিশাল ছিল “সমুদ্রতীরস্থ বালুকার ন্যায় অসংখ্য লোক এবং অতি বিস্তর অশ্ব ও রথ...। আর এই রাজারা সকলে নিরূপণানুসারে একত্র হইলেন, তাহারা ইস্রায়েলের সঙ্গে যুদ্ধ করিবার জন্য মেরোম জলাশয়ের নিকটে আসিয়া একত্র শিবির স্থাপন করিলেন।” PPBeng 363.2

যিহোশূয়কে আবারও একটি উৎসাহব্যঞ্জক বার্তা প্রদান করা হল: “তুমি উহাদের হইতে ভীত হইও না; কেননা কল্য এমন সময়ে আমি ইস্রায়েলের সম্মুখে উহাদের সকলকেই নিহত করিয়া সমর্পণ করিব।” PPBeng 363.3

মেরোম হ্রদের নিকটে তিনি মিত্র বাহিনীতে অকস্মা আক্রমণ করিলেন, এবং “তাহাতে সদাপ্রভু তাহাদিগকে ইস্রায়েলের হস্তে সমর্পণ করিলেন, এবং তাহারা তাহাদিগকে আঘাত করিল, আর...তাড়াইয়া লইয়া গেল; এবং তাহাদিগকে আঘাত করিয়া কাহাকেও অবশিষ্ট রাখিল না।” ঈশ্বরের আদেশে রথসমূহ পুড়িয়ে দেয়া হল, আর ঘোড়াগুলিকে খোঁড়া করে দেয়া হল যেন তারা যুদ্ধের জন্য অনুপযুক্ত হয়ে পড়ে। ইস্রায়েলরা রথ ও ঘোড়ায় আস্থা স্থাপন করবে। একে একে শহরগুলি দখল করা হল, এবং মৈত্রী-শক্তির হাসোর শহর পুড়িয়ে দেয়া হল। কয়েক বৎসর পর্য্যন্ত যুদ্ধ চলল, এবং যুদ্ধ শেষ হবার পর যিহোশূয় কনানের অধিপতি হলেন। “পরে দেশে যুদ্ধ শেষ হইল।” PPBeng 363.4

যদিও কনানীয়দের ক্ষমতা ধ্বংস করা হয়েছিল, তথাপি তাদের পূর্ণরূপে দেশ ত্যাগে বাধ্য করা হয় নি। কিন্তু যিহোশূয়কে আর যুদ্ধ চালিয়ে যেতে হবে না। পূরা দেশটি এখন বিভিন্ন বংশের মধ্যে ভাগ করে দিতে হবে যে অংশসমূহ জয় করা হয়েছে এবং যে অংশ সমূহ জয় করা হয়নি সমস্তটুকুই। আর প্রত্যেক বংশের দায়িত্ব ছিল নিজ নিজ অংশকে সম্পূর্ণরূপে পরাভূত করা। যদি লোকেরা ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকে, তবে তিনি তাদের শত্রুদের সম্মুখ হতে তাড়িয়ে দিবেন। PPBeng 364.1

প্রত্যেক বংশের অবস্থান গুলিবাটের মাধ্যমে নিরুপিত হবে। গোত্র- সমূহের মধ্যে বিভক্তির জন্য মোশি নিজেই দেশটির সীমা নির্ধারণ করে দিয়েছিলেন এবং বিভক্তির সময় উপস্থিত থাকার জন্য প্রত্যেক গোত্র হতে একজন করে অধিপতি তিনি নিযুক্ত করে দিয়েছিলেন। দেশের বিভিন্ন অংশের আটচল্লিশটি শহর লেবীয়দের উত্তরাধিকাররূপে ভাগ করে দেয়া হল। PPBeng 364.2

কালের সবচেয়ে কঠিন স্থানের জন্য অনুরোধ করেন

PPBeng 364

গুপ্তচরদের মধ্যে শুধু কালেব ও যিহোশূয়ই প্রতিজ্ঞাত দেশ সম্পর্কে ভাল খবর সংগ্রহ করেছিলেন এবং ইহাকে সদাপ্রভুর নামে দখল করে নেয়ার জন্য লোকদের উৎসাহিত করেছিলেন। তাকে তখন তার বিশ্বস্ততার জন্য যে পুরস্কার দেবার প্রতিজ্ঞা করা হয়েছিল, কালেব এখন যিহোশূয়কে তা স্মরণ করালেন: "যে ভূমির উপরে তোমার পাদবিক্ষেপ হইয়াছে, সেই ভূমি তোমার ও চিরকাল তোমার সন্তানগণের অধিকার হইবে; কেননা তুমি সম্পূর্ণরূপে আমার ঈশ্বর সদাপ্রভুর অনুগমন করিয়াছ।" সুতরাং তিনি অনুরোধ জানালেন যে তাকে যেন হিব্রোণ দখল করতে দেয়া হয়। এইখানে অব্রাহাম, ইস্‌হাক ও যাকোবের বাড়ী ছিল এবং এইখানেই মক্‌পেলার গুহায় তারা কবরস্থ হয়েছিলেন। PPBeng 364.3

হিব্রোণে ভয়ঙ্কর অনাকীয় জাতি বাস করত, যাদের বিশাল বিশাল দেহ গুপ্তচরদের ভীত করে তুলেছিল। ঈশ্বরের শক্তির উপর আস্থা রেখে কালেব ঐ স্থানেই তার উত্তরাধিকার স্বরূপ মনোনয়ন করলেন। PPBeng 364.4

তিনি বললেন, "আর, এখন দেখ,...যে সময় সদাপ্রভু মোশিকে সেই কথা বলিয়াছিলেন, সেই অবধি সদাপ্রভু আপন বাক্যানুসারে এই পঁয়তাল্লিশ বসর আমাকে জীবিত রাখিয়াছেন; আর এখন, দেখ, অদ্য আমার বয়স পঁচাশী বসর। মোশি যে দিন প্রেরণ করিয়াছিলেন, সেই দিন আমি যেমন বলবান ছিলাম, অদ্যাপি তদ্রূপ আছি; যুদ্ধের জন্য এবং বাহিরে যাইবার ও ভিতরে আসিবার জন্য আমার তখন যেমন শক্তি ছিল, এখনও সেইরূপ শক্তি আছে। অতএব সেই দিন সদাপ্রভু এই যে পর্বতের বিষয় বলিয়াছিলেন, এখন ইহা আমাকে দেও; কেননা তুমি সেই দিন শুনিয়াছিলে যে, অনাকীয়েরা সেখানে থাকে, এবং নগর সকল বৃহ ও প্রাচীরবেষ্টিত; হয় ত, সদাপ্রভু আমার সহায় থাকিবেন, আর আমি সদাপ্রভুর বাক্যানুসারে তাহাদিগকে অধিকারচ্যুত করিব।" PPBeng 364.5

তার দাবী তক্ষণা অনুমোদন করা হল। "তখন যিহোশূয় তাহাকে আশীর্বাদ করিলেন, এবং যিফুন্নির পুত্র কালেবকে অধিকারার্থে হিব্রোণ দিলেন;...কেননা তিনি সম্পূর্ণরূপে ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভুর অনুগামী ছিলেন।" কালেব ঈশ্বরের প্রতিজ্ঞার উপর বিশ্বাস স্থাপন করেছিলেন যে তিনি তার লোকদের কনান দেশের দখল দেবেন। অপরাধীদের নিরুসাহীতা ও বোঝার অংশ গ্রহণ করে, তিনি মরুপ্রান্তরে দীর্ঘ চল্লিশ বসরের ইতঃস্তত

ভ্রমণের কষ্ট সহ্য করেছিলেন। তথাপি তিনি কোন অভিযোগ না করে তিনি ঈশ্বরের আশীর্বাদের মাহাত্ম্য প্রকাশ করেছিলেন, আর যখন তার সাথীরা সকলেই মৃত্যুবরণ করলেন তখন ঈশ্বর তাকে রক্ষা করলেন। তিনি, যে স্থান ইতিমধ্যেই দখল করা হয়েছিল, এমন কোন স্থান চাইলেন না, কিন্তু এমন স্থান চাইলেন, গুপ্তচরেরা যে স্থানকে দখল করা সর্বাপেক্ষা অধিক অসম্ভব বলে মনে করেছিল। যা ঈশ্বরকে সম্মানিত করবে এবং যে দেশ দখল করা তাদের পিতৃপুরুষদের নিকট অসম্ভব মনে হয়েছিল সেই দেশ জয় করার জন্য তাদের উসাহিত করবে। বৃদ্ধ সাহসী যোদ্ধা লোকদের কাছে সেইরূপ একটি দৃষ্টান্ত স্থাপনের আকাঙ্খা করলেন। PPBeng 365.1

ঈশ্বর তার সাথে থাকবেন এই বিশ্বাস রেখে তিনি "অনাকের তিন পুত্রকে বেদখল করিলেন।" এই ভাবে তার ও তার পরিবারের জন্য একটি স্থান অধিকার করার পরও তিনি তার পরিবারের জন্য একটি স্থান অধিকার ভোগ করার জন্য স্থায়ী বসবাস শুরু করলেন না, বরং জাতির উপকারের জন্য ও ঈশ্বরের গৌরবের জন্য তিনি আরো বিজয় লাভ করায় নিয়োজিত থাকলেন । PPBeng 365.2

ভীতুরা ও বিদ্রোহীরা মরুপ্রান্তরে ধ্বংস প্রাপ্ত হয়, কিন্তু ধার্মিক গুপ্তচরেরা ইস্কোলের আঙ্গুর খেতে পারল। অবিশ্বাসীরা তাদের আশঙ্কা বাস্ত- বায়িত হতে দেখল । তারা ঘোষণা করেছিল যে কনানের উত্তরাধিকার লাভ করা অসম্ভব, আর তারা এটা দখল করতে পারেনি। কিন্তু যারা তাদের সর্বশক্তিমান সহায়কের উপর নির্ভরশীল ছিল, তারা উত্তম দেশে প্রবেশ করতে সক্ষম হল। "বিশ্বাস দ্বারা ইহারা নানা রাজ্য পরাজয় করিলেন,... খড়গের মুখ এড়াইলেন, দুর্বলতা হইতে বলপ্রাপ্ত হইলেন, যুদ্ধে বিক্রান্ত হইলেন, অন্যজাতীয়দের সৈন্যশ্রেণী তাড়াইয়া দিলেন।" "এবং যে জয় জগৎকে জয় করিয়াছে, তাহা এই, আমাদের বিশ্বাস।" ইব্রীয় ১১:৩৩, ৩৪; ১ যোহন ৫:৪ । PPBeng 366.1

অন্য একটি দাবী কালেবের থেকে সম্পূর্ণ ভিন্ন ধর্মী একটি মনোভাবের প্রকাশ ঘটালো। যোষেফের সন্তানগণ, ইফ্রায়িম বংশ ও মনঃশি বংশের অর্ধেক লোক, তাদের অধিকারের জন্য দ্বিগুণ অংশ দাবী করল। শারোনের উর্বর ভূমিসহ যে সমস্ত স্থান তাদের দেয়া হয়েছিল তা ছিল সবচেয়ে উর্বর ভূমি; কিন্তু ঐ উপত্যকার প্রধান প্রধান শহরগুলি তখনও কনানীয়দের দখলে ছিল, আর ঐ বংশসমূহ তাদের অধিকার জয় করে নেয়ার পরিশ্রম ও বিপদ এড়াতে চাইল এবং যে সমস্ত জায়গা ইতিমধ্যেই জয় করে নেয়া হয়েছে সেখান হতে আরো অধিকাংশ জায়গা দাবী করল । ইফ্রায়িম বংশ ইস্রায়েলদের মধ্যে সবচেয়ে বড় বংশ ছিল, আর যিহোশূয় এই বংশের লোক ছিলেন। তারা বলল, "আপনি অধিকার করিবার জন্য আমাকে কেবল এক অংশ ও এক ভাগ কেন দিলেন? এ পর্য্যন্ত সদাপ্রভু আমাকে আশীর্বাদ করাতে আমি বড় জাতি হইয়াছি।" PPBeng 366.2

কিন্তু অদম্য নেতার উত্তর ছিল, “যদি তুমি বড় জাতি হইয়া থাক, তবে ঐ অরণ্যে উঠিয়া যাও; ঐ স্থানে পরিষীয়দের ও রফায়ীদের দেশে নিজের জন্য বন কাটিয়া ফেল, কেননা পার্বত্য ইফ্রায়িম তোমার জন্য ছোট।” PPBeng 366.3

তাদের উত্তর সমস্যার আসলরূপ প্রকাশ করল। কনানীয়দের হটিয়ে দেয়ার জন্য তাদের বিশ্বাস ও সাহস অত্যন্ত কম ছিল। তারা উত্তর করল, “এই পার্বত্য দেশে আমাদের কুলায় না, এবং যে সমস্ত কনানীয় উপত্যকায় বসবাস করে, বিশেষতঃ বে-শানে ও সেখানকার উপশহরগুলিতে এবং যিম্‌ব্রিয়েল উপত্যকায় বাস করে, তাহাদের লৌহরথ আছে।” PPBeng 366.4

ইফ্রায়িমদের বিশ্বাস ও সাহস যদি কালেবের মতই হত, তবে কোন শত্রুই তাদের সামনে দাঁড়াতে পারত না। কষ্ট ও বিপদ এড়িয়ে চলার তাদের স্পৃহাকে যিহোশূয় দৃঢ় ভা‍ে‍েব মোকাবেলা করলেন : তিনি বললেন, “তুমি বড় জাতি, তোমার পরাক্রমও মহ ;...কনানীয়দের লৌহরথ থাকিলেও এবং তাহারা পরাক্রান্ত হইলেও তুমি তাহাদিগকে বেদখল করিবে।” ঈশ্বরের সহায়তায় তাদেরকে লৌহরথকে ভয় করার মত কিছুই নাই। PPBeng 366.5

সকল বংশের জন্য সহজ দূরত্বে সমগ্র দেশটির প্রায় মধ্যস্থলে, ইফ্রায়িম প্রদেশের একটি ছোট শহর শীলোতে সমাগম গিল্‌গল হতে সরিয়ে আনার এখন প্রয়োজন হল। শীলোই হবে সমাগম-তাম্বুর স্থায়ী অবস্থান স্থল। দেশের এই অংশটি পূর্ণরূপে দখল করা হয়েছে, তাই আরাধনাকারীরা এখানে আক্রান্ত হবে না। “পরে ইস্রায়েল-সন্তানদের সমস্ত মন্ডলী শীলোতে একত্রিত হইয়া সেই স্থানে সমাগম-তাম্বু স্থাপন করিল।’ PPBeng 367.1

এলিয়-সন্তানদের পাপের জন্য ইহা পলেষ্টীয়দের হস্তগত হওয়ার পূর্ব- পর্য্যন্ত তিনশ’ বৎসর সমাগম-তাম্বু শীলোতেই অবস্থান করেছিল। PPBeng 367.2

শীলো একটি সতর্কীকরণ স্থানে পরিণত হয়

PPBeng 367

সমাগম-তাম্বুর আরাধনা অনুষ্ঠান পরিশেষে যিরূশালেমে স্থানান্তর করা হয়, এবং শীলো একটি ধ্বংসাবশেষে পরিণত হয়। অনেক দিন পর যিরূশালেমকে সতর্ক করার এর ভাগ্যের প্রতি ইঙ্গিত করা হয়। সদাপ্রভু যিরমিয়কে বলেছিলেন, “কিন্তু শীলোতে আমার যে স্থান ছিল, যেখানে আমি প্রথমে আপন নাম বাস করাইয়াছিলাম, তোমরা একবার তথায় গমন কর, এবং আমার প্রজা ইস্রায়েলের দুষ্টতা প্রযুক্ত আমি সেই স্থানের প্রতি যাহা করিয়াছি, তাহা দেখ।...সেই জন্য...এই যে স্থান আমি তোমাদিগকে ও তোমাদের পিতৃ- পুরুষদিগকে দিয়াছি, ইহার প্রতিও আমি এখন সেইরূপ করিব, যেরূপ শীলোর প্রতি করিয়াছিলাম।” যিরমিয় ৭:১২, ১৪। PPBeng 367.3

এইরূপে তাহারা দেশ বিভাগ কাজ শেষ" করার পর যিহোশূয় নিজ দাবী উত্থাপন করলেন। তিনি কোন প্রশস্ত প্রদেশ দাবী করলেন না, শুধু একটি মাত্র শহর, তিম্ন-সেরহ, যা অবশেষ রয়ে গিয়েছিল, তাই শুধু দাবী করলেন। বিজয়ী নেতা লুটের মালের প্রথম অংশ গ্রহণ না করে, তার লোকদের মধ্যে নম্রতম ব্যক্তি তার অংশ পাওয়া পর্যন্ত অপেক্ষা করেছিলেন। PPBeng 367.4

আশ্রয় নগরসমূহ

PPBeng 368

যে ছয়টি শহর লেবীয়দের দেয়া হয়েছিল সেগুলিকে আশ্রয় নগররূপে নির্ধারিত করা হল যেন "যে প্রমাদবশতঃ কাহারও প্রাণ নষ্ট করে, এমন নরহন্তা যেন তথায় পলায়ন করিতে পারে। ফলতঃ সেই নগর সকল...তোমাদের আশ্রয় স্থান হইবে; যেন নরহন্তা বিচারার্থে মন্ডলীর সম্মুখে উপস্থিত হইবার পূর্বে মারা না পড়ে।" গণনা ৩৫:১১। এই সদয় বন্দোবস্ত এই জন্য প্রয়োজন ছিল যেহেতু হত্যার জন্য শাস্তি দানের ভার নিহত ব্যক্তির নিকটতম আত্মীয়ের উপর বর্তাত। যখন অপরাধ স্পষ্টতঃ প্রতীয়মান হত, তখন বিচারকের রায়ের জন্য অপেক্ষা করার প্রয়োজন হত না। প্রতিশোধ গ্রহণকারী অপরাধীকে অনুসন্ধান করে যেখানে পায় সেখানেই তাকে হত্যা করতে পারত। এই নিয়মটি রদ করলেন না, কিন্তু যারা অনিচ্ছাকৃত ভাবে হত্যা করে তাদের জন্য তিনি নিরাপত্তা বিধান করলেন। PPBeng 368.1

দেশের যে কোন স্থান হতে আশ্রয়-নগরে পৌঁছাতে আধা দিন সময় লাগত, আর যে সকল রাস্তা দিয়ে ঐসকল শহরে পৌছাতে হত সেগুলিকে সর্বদাই খুব ভাল ভাবে মেরামত করা হত। সহজ ও বড় বড় অক্ষরে আশ্রয়- নগর কথাটি লেখা থাকত যেন পলায়নকারীকে এক মুহূর্তেও দেরী করতে না হয়। যিহূদী, অতিথি অথবা অস্থায়ী-বাসিন্দা যে কোন জনই এই সুযোগ গ্রহণ করতে পারত। পলাতকের মোকদ্দমাটি উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা সুষ্ঠু ভাবে বিচারিত হওয়ার বন্দোবস্ত ছিল, আর যখন তাকে স্বেচ্ছাকৃত হত্যার দায় হতে মুক্তি দেয়া হত শুধু তখনই সে ঐ আশ্রয়-নগরে আশ্রয় গ্রহণ করে রক্ষা পেতে পারত। অপরাধীকে প্রতিশোধ গ্রহণকারীর হস্তে ছেড়ে দেয়া হত। আর মহা যাজকের মৃত্যু হলে পর আশ্রয়-নগরে আশ্রয় গ্রহণকারী সকলেই নিজ নিজ বাড়ীতে ফিরে যেতে পারত। PPBeng 368.2

যদিও কোন হত্যা মামলায় অবস্থা ভিত্তিক প্রমাণাদি পর্যাপ্ত থাকত, তথাপি অভিযুক্ত একটি মাত্র সাক্ষীর জবানবন্দীতে দোষী সাব্যস্ত করা হত না। "যে ব্যক্তি কোন লোককে বধ করে, সেই নরহন্তা সাক্ষীদের কথায় হত হইবে; কিন্তু কোন লোকের প্রতিকূলে একমাত্র সাক্ষীর সাক্ষ্য প্রাণদন্ডার্থে গ্রাহ্য হইবে না।" গণনা ৩৫:৩০। খ্রীষ্টই ইস্রায়েলদের জন্য মোশিকে এই সকল নিয়ম দিয়েছিলেন; এবং যখন মহান গুরু পৃথিবীতে এসেছিলেন তখন তিনি আবারও পুনরোক্তি করেছিলেন যে, একজন সাক্ষীর জবানবন্দীতে কাউকে দোষী বা

নির্দোষ করা চলবেনা। একজনের মতামত কোন বিবাদের মীমাংসা দিতে পারবেনা। “যেন দুই কিম্বা তিন জন সাক্ষির মুখে সমস্ত কথা নিষ্পন্ন হয়।” মথি ১৮:১৬। PPBeng 368.3

খুনের দায়ে অভিযুক্ত ব্যক্তি দোষী প্রমাণিত হলে, কোন প্রায়শ্চিত্ত বা মুক্তিই আর তাকে রক্ষা করতে পারত না। “আর প্রাণ দন্ডের অপরাধী নরহন্তার প্রাণের জন্য তোমরা কোন প্রায়শ্চিত্ত গ্রহণ করিবে না; তাহার প্রাণদন্ড অবশ্য হইবে।” “এইরূপে তোমরা আপনাদের নিবাস- দেশ অপবিত্র করিবে না; কেননা রক্ত দেশকে অপবিত্র করে।” গণনা ৩৫:৩১, ৩৩। জাতির নিরাপত্তা ও পবিত্রতা হত্যার অপরাধের কঠিন শাস্তি বিধানের উপর নির্ভরশীল ছিল। PPBeng 369.1

আশ্রয়-নগর সমূহ ছিল খ্রীষ্টের মাধ্যমে যে আশ্রয় পাওয়া যায় তারই প্রতীক। মুক্তিদাতা আপন রক্ত ঝরানোর মাধ্যমে ঈশ্বরের আদেশ অমান্যকারীর জন্য একটি নিশ্চিত আশ্রয়স্থল নির্ধারণ করলেন যেখানে পালিয়ে গিয়ে সে দ্বিতীয়বার মৃত্যুর হস্ত হতে রক্ষা পেতে পারে। যে আত্মা পাপের ক্ষমার জন্য তার কাছে যাবে কোন শক্তিই তাকে তার হস্ত হতে ছিনিয়ে নিতে পারবে না। PPBeng 369.2

যে ব্যক্তি আশ্রয়-নগরের দিকে ধাবিত হত তার কোনরূপ বিলম্ব করার উপায় ছিল না। প্রিয়জনের নিকট হতে বিদায় নেবার কোন সময় থাকত না। ক্লান্তি ভুলে যেতে হত, কষ্টের প্রতি কোন মনোযোগ দেয়া হত না। শহরের ভিতরে প্রবেশের পূর্ব পর্য্যন্ত পলাতকের গতি শ্লথ করার কোন উপায় ছিল না। PPBeng 369.3

যেরূপ ইতঃস্তত ভ্রমণ ও অমনোযোগীতা পলাতকের জীবনের একমাত্র সুযোগ কেড়ে নিতে পারত, তদ্রূপ বিলম্ব ও অমনোযোগীতা আত্মার ধ্বংসের কারণ হতে পারে। প্রত্যেকে ঈশ্বরের ব্যবস্থা লঙঘনকারীর পথে রয়েছে, মানুষের মহা শত্রু শয়তান, আর যে আশ্রয়ের জন্য চিরন্তন আশ্রয় স্থলের নিকট না যায়, সে ধ্বংসকারীর শিকারে পরিণত হবে। PPBeng 369.4

যদি কোন ব্যক্তি কখনো আশ্রয়-নগরের বাইরে যেত তাকে হত্যার বদলা গ্রহণকারীর হস্তে ছেড়ে দেয়া হত। একই ভাবে, কোন পাপী পাপ ক্ষমার জন্য শুধু বিশ্বাস আনলেই চলবে না; সে বিশ্বাস ও বাধ্যতার মাধ্যমে সর্বদা তার নিকট সমর্পিত থাকতে হবে। PPBeng 369.5

গৃহ যুদ্ধ এড়ানো

PPBeng 370

দুইটি বংশ, গাদ ও রূবেণের বংশ ও মনঃশির বংশের অর্ধেক লোক যর্দ্দন নদী পার হবার আগেই তাদের উত্তরাধিকার লাভ করতে সক্ষম হয়। যে উচ্চ প্রসারিত সমভূমি ও উর্বর বনভূমি গিলিয়দ ও বাশনের আকর্ষণ ছিল, কনানেও সেইরূপ আকর্ষণ ছিল না। ঐ আড়াই

বংশ ঐ স্থানে বসতি স্থাপন করার জন্য আকাঙ্খিত হওয়ায় তারা যর্দ্দনের ওপারে তাদের ভ্রাতাদের সাথে যুদ্ধ করে উত্তরাধিকার দখলে সমানুপাতিক সৈন্য তাদের মধ্য হতে দিতে রাজী হয়েছিল। যখন দশ বংশ কনানে প্রবেশ করে তখন চল্লিশ হাজার রূবেণ- সন্তানগণ, গাদ-সন্তানগণ ও মনঃশির অর্ধ বংশ...যুদ্ধের জন্য...পার হইয়া যিরীহোর তলাভূমিতে গেল। ” যিহোশূয় ৪:১২, ১৩। বৎসরের পর বৎসর তারা তাদের ভ্রাতাদের সাথে একত্রে যুদ্ধ করেছিল তাই তারা লুটের মালেরও ভাগ নিয়েছিল। তারা “প্রচুর সম্পত্তি, পাল পাল পশু এবং রূপা, সোনা, পিত্তল, লোহা ও অনেক বস্ত্র” সঙ্গে নিয়ে ফিরে এসেছিল যেগুলি যারা পরিবার ও পশুপাল দেখার জন্য পেছনে রয়ে গিয়েছিল তাদের সাথে ভাগ করে নেবার কথা ছিল। PPBeng 370.1

যিহোশূয় গভীর দুশ্চিন্তা নিয়ে তাদের ফেরত যাত্রা দেখছিলেন আর ভাবছিলেন যে এদের বিচ্ছিন্ন ও ভ্রমণরত জীবনে যে সমস্ত পৌত্তলিক বংশের লোকেরা তাদের দেশের সীমায় বাস করে তাদের জীবনযাত্রা পদ্ধতির সাথে মিশে যাওয়ার কত তীব্র আকর্ষণ এদের জন্য রয়েছে। PPBeng 370.2

যখন যিহোশূয় ও অন্যান্য প্রাচীনেরা দুশ্চিন্তায় ভারাক্রান্ত ছিলেন তখন তাদের নিকট অদ্ভুত সংবাদ পৌঁছাল। ঐ আড়াই বংশ যর্দ্দন নদীর তীরে শীলোর অনুকরণে পোড়ানো বলি দেবার জন্য একটি বৃহৎ যজ্ঞবেদী প্রস্তুত করেছে। ঈশ্বরের ব্যবস্থা অনুসারে যারা সমাগম-তাম্বু ব্যতিরেকে অন্য কোন উপাসনা পদ্ধতি স্থাপন করবে তাদের মৃত্যুদন্ড হবে; কেননা এতে লোকেরা খাঁটি বিশ্বাস হতে দূরে সরে যাবে। PPBeng 370.3

তাদের এই ব্যবহারের ব্যাখ্যা চাওয়ার জন্য ঐ আড়াই বংশের নিকট একদল প্রতিনিধি প্রেরণ করা হবে বলে সিদ্ধান্ত গ্রহণ করা হল। প্রতি বংশ হতে একজন করে দশজন অধিপতিকে এই দায়িত্ব দেয়া হল। পিয়োরের ব্যাপারে যিনি অত্যন্ত উৎসাহ প্রদর্শন করেছিলেন সেই পীন্‌হসকে এই প্রতিনিধিদের মুখপাত্র নিযুক্ত করা হল। PPBeng 370.4

তাদের ভ্রাতারা দোষী এই বিষয়ে স্থির নিশ্চিত হয়ে প্রতিনিধিবর্গ তাদের অত্যন্ত তিরস্কার করলেন। বাল-পিয়োরের সাথে যুক্ত হওয়ার জন্য ইস্রায়েলের উপর কি শাস্তি নেমে এসেছিল তা মনে করতে তারা তাদের স্মরণ করালেন। পীন্‌হস, গাদ ও রূবেণ সন্তানদের বললেন যে যদি তারা এই দেশে একটি যজ্ঞবেদী ছাড়া বাস করতে না চায়, তবে অন্য পারের তাদের ভ্রাতাদের অধিকার ও সুবিধাদির অংশ ভাগ করে নিয়ে তারা ঐখানে বাস করতে পারে। PPBeng 371.1

অভিযুক্তরা উত্তরে জানাল যে, তাদের যজ্ঞবেদী কোন বলির উদ্দেশে স্থাপন করা হয়নি, এটি শুধুমাত্র একটি স্মারক যে যদিও তারা নদী দ্বারা বিভক্ত তথাপি তাদের ধর্ম ও কনানে তাদের ভ্রাতাদের ধর্ম একই। তাদের ভয় ছিল যে ভবিষ্যতে হয়ত ইস্রায়েলের অংশ নয় এই বলে তাদের সন্তানদের পৃথক করা হয়ে যেতে পারে। শীলোতে সদাপ্রভুর যজ্ঞবেদীর

অনুকরণে নির্মিত এই যজ্ঞবেদী সাক্ষী দেবে যে এর নির্মাতারাও জীবন্ত ঈশ্বরের আরাধনাকারী ছিলেন। PPBeng 371.2

মহা আনন্দে প্রতিনিধিবর্গ এই ব্যাখ্যা গ্রহণ করে নিলেন এবং লোকেরা একত্রিত হয়ে ঈশ্বরের গুণগান করল । PPBeng 371.3

কি কারণে তৈরী করা হয়েছিল তা বর্ণনা করে গাদ ও রূবেণ, সন্তানেরা তাদের ঐ যজ্ঞবেদীর উপর একটি ব্যাখ্যা খোদাই করে লিখে রাখলেন। তারা বললেন, “সদাপ্রভুই যে ঈশ্বর, ইহা আমাদের মধ্যে তাহার সাক্ষী (এদ) হইবে। এই ভাবে তারা ভবিষ্যতের জন্য সতর্কতা অবলম্বন করলেন এবং প্রলোভন হতে রক্ষা পাবার উপায় স্থির করলেন । PPBeng 371.4

অনর্থক দ্বন্ধ এড়িয়ে চলা

PPBeng 371

প্রায়ই সাধারণ ভুল বুঝাবুঝি হতে অসুবিধা সৃষ্টি হয় এবং সৌজন্য ও ধৈর্য্যের অনুপস্থিতিতে মহা সঙ্কট সৃষ্টির সম্ভাবনা দেখা দেয় । দশ বংশ দ্রুত এই সমস্যা সমাধানে ব্রতী হয়েছিল; কিন্তু বিষয়টির সম্বন্ধে তথ্য সংগ্রহ করার পরিবর্তে তারা তাদের ভ্রাতাদের তিরস্কার ও নিন্দা জ্ঞাপন করেছিল । যদি গাদ ও রূবেণ বংশের লোকেরা একই ধরণের ব্যবহার করত তবে যুদ্ধ অবশ্যম্ভাবী ছিল । ইহা খুবই প্রয়োজন যে পাপের সম্বন্ধে যেন কোন শৈথিল্য দেখানো না হয়; কিন্তু ভিত্তিহীন সন্দেহ ও কঠোর সমালোচনা পরিহার করাও ততোধিক প্রয়োজন । PPBeng 371.5

কঠোর সমালোচনা ও তিরস্কার দ্বারা কাউকে তাদের ভ্রান্ত অবস্থান হতে ফিরানো যায় নি, বরং ইহা দ্বারা অনেককে সত্য হতে আরো দূরে সরে গিয়ে তাদের হৃদয়কে কঠিন করতে বাধ্য করা হয়েছে। একটি সৌজন্যমূলক ও ধৈর্য্যশীল ব্যক্তিত্ব অনেক ভ্রান্ত পথ অনুসরণকারীকে সঠিক পথে নিয়ে আসে। PPBeng 372.1

সত্য ধর্মকে বহাল করতে গিয়ে রূবেণ বংশের লোকদের ভুল বুঝা হয়েছিল ও কঠোর তিরস্কার করা হয়েছিল; কিন্তু তাদের অবস্থান ব্যাখ্যা করার চেষ্টা না করে, তারা ধৈর্য্য ও সৌজন্য সহকারে তাদের ভ্রাতাদের অভিযোগ শ্রবণ করেছিল, এবং পরে তারা তাদের উদ্দেশের ব্যাখ্যা দিয়েছিল ও তাদের নির্দোষীতা প্রমাণ করেছিল। PPBeng 372.2

যারা ন্যায়, তারা ভ্রান্ত অভিযোগের মুখেও শান্ত ও বিবেচক থাকতে সক্ষম । মানুষ সে সকল জিনিষ ভুল বুঝে ও ভ্রান্ত ব্যাখ্যা দান করে, ঈশ্বর সে সকলের সহিত পরিচিত, এবং আমরা আমাদের বিষয় নির্ভয়ে তার হস্তে ন্যাস্ত করতে পারি। যারা তার উপর নির্ভর করে তিনি তাদের পক্ষে ন্যায় বিচার সাধন করবেন । PPBeng 372.3

ক্রুশে প্রাণদানের পূর্ব মুহূর্তে, খ্রীষ্টের প্রার্থনা ছিল যে তিনি এবং পিতা যেমন এক তার শিষ্যরাও যেন তেমনি এক হয়, যাতে করে পৃথিবী জানতে পারে যে ঈশ্বর তাঁকে পাঠিয়েছিলেন। ঐ মর্মস্পর্শী প্রার্থনা যুগ যুগ ধরে, এবং আমাদের কালেও প্রযোজ্য। যদিও আমরা আমাদের সত্যের নীতিকে বিসর্জন দেব না, কিন্তু আমাদের অনবরত প্রচেষ্টা থাকবে যে আমারা যেন ঐ ঐক্যে পৌছাতে সক্ষম হই। যীশু খ্রীষ্ট বলেছেন, “তোমরা যদি আপনাদের মধ্যে পরস্পর প্রেম রাখ, তবে তাহতেই সকলে জানিবে যে, তোমরা আমার শিষ্য।” যোহন ১৩:৩৫ । PPBeng 372.4

অধ্যায় ৪৯—যিহোশূয়ের শেষ বাণী

PPBeng 373

যুদ্ধ ও বিজয় লাভের সমাপ্তি ঘটল। যিহোশূয় তিম্ন-সেরহে নিজ বাসস্থানে শান্তিতে অবসর বিনোদন করছিলেন। "অনেক দিন পরে যখন সদাপ্রভু ইস্রায়েলকে তাহাদের চারিদিকের সমস্ত শত্রু হইতে বিশ্রাম দিলেন....তখন যিহোশূয় সমস্ত ইস্রায়েলকে তাহাদের প্রাচীনবর্গ, অধ্যক্ষগণ, বিচারকর্তাগণ ও শাসকগণকে ডাকাইয়া বলিলেন।" PPBeng 373.1

যখন যিহোশূয় অনুভব করলেন যে বৃদ্ধ বয়সের দুর্বলতা তাকে পেয়ে বছে এবং শীঘ্রই তার কাজ শেষ হবে, তিনি তার লোকদের ভবিষ্যৎ নিয়ে দুঃশ্চিন্তাগ্রস্ত হলেন। তিনি বললেন, "তোমাদের ঈশ্বর তোমাদের নিমিত্ত এই সকল জাতির প্রতি যে যে কর্ম্ম করিয়াছেন, তাহা তোমরা দেখিয়াছ; কেননা তোমাদের ঈশ্বর সদাপ্রভু আপনি তোমাদের পক্ষে যুদ্ধ করিয়াছেন।" যদিও কনানীয়েরা পরাজিত হয়েছিল, কিন্তু তখনও তারা ইস্রায়েলদের প্রতিজ্ঞাত ভূমির অনেকটুকু দখল করেছিল, এবং যিহোশূয় তার লোকদের উপদেশ দিলেন যে ঐ পৌত্তলিক জাতিদের দেশ ছাড়া করার সদাপ্রভুর আদেশ যেন তারা ভুলে না যায় । PPBeng 373.2

প্রত্যেক বংশ নিজ নিজ অধিকারভূক্ত জায়গায় ছড়িয়ে পড়েছিল, সৈন্য বাহিনীকে ভেঙ্গে দেয়া হয়েছিল আর পুনরায় যুদ্ধ শুরু করা একটি অসম্ভব প্রস্ত বি বলে মনে হল । কিন্তু যিহোশূয় ঘোষণা করলেন, "আর তোমাদের ঈশ্বর সদাপ্রভু আপনি তোমাদের সম্মুখ হইতে তাহাদিগকে ঠেলিয়া ফেলিয়া দিবেন, তাহাতে তোমরা আপনাদের ঈশ্বর সদাপ্রভুর বাক্য অনুযায়ী তাহাদের দেশ অধিকার করিবে। অতএব তোমরা মোশির ব্যবস্থা গ্রন্থে লিখিত সমস্ত বাক্য পালন ও রক্ষণ করিবার জন্য সাহস কর; তাহার দক্ষিণে কিম্বা বামে ফিরিও না।" PPBeng 373.3

ঈশ্বর তাদের নিকট তার প্রতিজ্ঞা বিশ্বস্ত ভাবে পূরণ করেছিলেন । তিনি বললেন, "আর তোমরা সমস্ত অন্তঃকরণে ও সমস্ত প্রাণে ইহা জ্ঞাত হও যে, তোমাদের ঈশ্বর তোমাদের বিষয়ে যত মঙ্গল বাক্য বলিয়াছিলেন, তাহার মধ্যে একটি বিফল হয় নাই; তোমাদের জন্য সকলই সফল হইয়াছে, তাহার একটি বিফল হয় নাই । PPBeng 373.4

আর যে ভাবে ঈশ্বর তাঁর প্রতিজ্ঞাসমূহ পূরণ করেছিলেন সেই একই ভাবে তিনি তাঁর শাস্তি প্রদানের ভয়ও পূরণ করবেন। "কিন্তু তোমাদের ঈশ্বর তোমাদের কাছে যে সকল মহান প্রতিজ্ঞা করিয়াছিলেন, তাহা যেমন তোমাদের পক্ষে সফল হইল সেইরূপে সদাপ্রভু তোমাদের প্রতি সমস্ত অমঙ্গল কথাও সফল করিবেন,...তোমরা যদি তোমাদের ঈশ্বরের আদিষ্ট চুক্তি পালন না কর,...তবে তোমাদের প্রতি সদাপ্রভুর ক্রোধ প্রজ্বলিত হইবে, এবং তাহার দেওয়া এই উত্তম দেশ হইতে তোমরা শীঘ্রই বিনষ্ট হইবে।" PPBeng 374.1

পাপ ও এর চরিত্রের প্রকাশের মাধ্যমে- এর ফল যে কষ্টভোগ ও অবধারিত মৃত্যু আনয়ন করে তার প্রমাণ দিয়ে ঈশ্বর তার সৃষ্টির সহিত তাঁর ব্যবহারে সব সময়ই ধার্মিকদের নীতি রক্ষা করেছেন। কোন সময়ই পাপ বিনা শর্তে ক্ষমা করা হয় নি, কোন কালেই পাপ বিনা শর্তে ক্ষমা করা হবে না । ঐ ধরণের ক্ষমা প্রদান আপাততঃ পৃথিবীকে শঙ্কিত করে তুলবে। ঈশ্বর বিশ্বস্ত ভাবে পাপের ফলাফল দেখিয়ে দিয়েছেন, আর যদি এই সতর্কবাণী সত্য না হয়, আমরা কি করে নিশ্চিত হতে পারি যে তার প্রতিজ্ঞাসমূহ পরিপূর্ণ করা হবে? PPBeng 374.2

যিহোশূয়ের মৃত্যুর পূর্বে প্রত্যেক বংশের প্রাচীনেরা ও প্রতিনিধিরা শিখিমে একত্রিত হলেন। দেশের আর কোন স্থানে এত পবিত্র স্থান ছিল না । এইখানে দন্ডায়মান রয়েছে এবল ও গরিষীম পর্বতদ্বয়, তাদের পবিত্র প্রতিজ্ঞার মুক সাক্ষী । আর এখন তারা তাদের মৃত্যুমুখী নেতার সামনে ঐ প্রতিজ্ঞাসমূহ পালন করার জন্য একত্রিত হয়েছেন। ঈশ্বর তাদের এমন এক দেশ দিয়েছেন যার জন্য তারা পরিশ্রম করে নি, শহর দিয়েছেন যা তারা নির্মাণ করেনি, আঙ্গুর ক্ষেত ও জলপাই ক্ষেত দিয়েছেন যা তারা বপন করে নি। যিহোশূয় আবার ইস্রায়েল জাতির ইতিহাস বর্ণনা করলেন, আর ঈশ্বরের আশ্চর্য্য কাজ সকল বর্ণনা করলেন, যেন সকলে তার প্রেম ও আশীর্বাদের বিষয়ে নিশ্চিত হয়ে “সরলতায় ও সত্যে তাঁহার সেবা করে।” PPBeng 374.3

যিহোশূয়ের নির্দ্দেশে শীলো হতে নিয়ম-সিন্দুক আনা হয়েছিল। ঈশ্বরের উপস্থিত থাকার এই প্রতীক, তিনি যে মনোভাব লোকদের মধ্যে সৃষ্টি করতে চাচ্ছেন তা গভীরতর করে তুলবে। ইস্রায়েলদের প্রতি ঈশ্বরের আশীর্বাদের কথা উপস্থাপন করার পর তিনি লোকদের নির্দেশ দিলেন যে তারা যেন মনোনয়ন করে কার সেবা তারা করবে। গোপন কিছু কিছু মূর্তিপূজা তখনও প্রচলিত ছিল এবং যিহোশূয় লোকদের এই সিদ্ধান্ত গ্রহণের আহ্বান জানালেন যাতে করে ঐ পাপটি যে তাদের মধ্য হতে চিরতরে দূরীভূত হয়। তিনি জানালেন, “যদি সদাপ্রভুর সেবা করা তোমাদের মন্দ বোধ হয়, তবে যাহার সেবা করিবে তাহাকে আজই মনোনীত কর।” যিহোশূয় লোকদের বাধ্যতার মাধ্যমে নয় কিন্তু স্বেচ্ছায় ঈশ্বরের পথে নিয়ে আসতে আকাঙ্খা করেছিলেন। শুধু পুরস্কারের লালসায় বা শাস্তির ভয়ে সদাপ্রভুর সেবা করার কোন ফল নাই । ধর্মভ্রষ্টতা ও আনুষ্ঠানিক আরাধনার চেয়ে প্রকাশ্যে ধর্মত্যাগ বরং বাঞ্ছনীয় । PPBeng 374.4

সঠিক মনোনয়নের গুরুত্ব

PPBeng 375

বৃদ্ধ নেতা লোকদের যা বললেন তা বিবেচনার জন্য তাদের অনুরোধ জানালেন । সমস্ত ক্ষমতার উৎস ও সমস্ত আশীর্বাদের উৎস সদাপ্রভুর সেবা করা যদি মন্দ বোধ হয়, তবে এই দিনই তারা সিদ্ধান্ত করুক তারা কার সেবা করবে। যাদের মধ্য হতে অব্রাহামকে আহবান

করে বের করা হয়েছিল সেই "তোমাদের পিতৃপুরুষদের সেবিত দেবগণ হয় হউক, কিংবা যাহাদের দেশে তোমরা বাস করিতেছ, সেই ইমোরীয়দের দেবগণ হয় হউক।' PPBeng 375.1

এই শেষ কথাগুলি ইস্রায়েলদের প্রতি একটি তীব্র তীরস্কারস্বরূপ ছিল। ইমোরীয়দের দেবতারা তাদের উপাসনাকারীদের রক্ষা করতে সমর্থ হয় নি। তাদের হীন পাপসমূহের ফলেই ঐ দুষ্ট জাতিকে ধ্বংস করা হয়েছিল, এবং যে সুন্দর দেশ একদা তাদের অধিকারে ছিল, তা ঈশ্বরের লোকদের দেয়া হয়েছিল। যে দেবতাদের উপাসনা করার জন্য ইমোরীয়দের ধ্বংস করা হয়েছিল সেই একই দেবতাদের উপাসনা করা ইস্রায়েলদের জন্য কতই না ভ্রান্তিজনক হত! PPBeng 375.2

যিহোশূয় আরো বলেন, "কিন্তু আমি ও আমার পরিজন আমরা সদাপ্রভুর সেবা করিব।" যে পবিত্র অনুপ্রেরণা নেতার হৃদয়কে অনুপ্রাণিত করেছিল তা লোকদের মধ্যে সংক্রামিত হল। তার সনির্বন্ধ অনুরোধের এক বাক্যে উত্তর প্রতিধ্বনিত হল, "আমরা যে সদাপ্রভুকে ত্যাগ করিয়া অন্য দেবতাদের সেবা করিব তাহা দূরে থাকুক।" PPBeng 375.3

একটি স্থায়ী সংস্কার সাধিত হওয়ার পূর্বে এটি প্রয়োজনীয় ছিল যে স্বীয় প্রচেষ্টায় ঈশ্বরের আনুগত্য স্বীকার করতে যে তারা অক্ষম তা লোকেরা অনুভব করতে পারে । যখন তারা নিজ ধার্মিকতার উপর নির্ভরশীল থাকে তখন ঈশ্বরের আশীর্বাদ ও মুক্তিলাভ করা তাদের জন্য অসম্ভব; কেননা তারা ঈশ্বরের নিখুঁ ব্যবস্থা রক্ষা করতে সক্ষম নয়, এবং তারা বৃথাই ঈশ্বরের সেবা করার প্রতিজ্ঞা করেছিল । শুধু মাত্র খ্রীষ্টের উপর বিশ্বাস স্থাপনের মাধ্যমে তারা পাপের ক্ষমা পেতে পারে। প্রতিজ্ঞাতে মুক্তিদাতার উপর তাদের পূর্ণরূপে আস্থা স্থাপন করতে হবে । PPBeng 375.4

এক গভীর একাগ্রতায় তারা তাদের বাধ্যতার প্রতিজ্ঞার পুনরুক্তি করল: "আমরা আমাদের ঈশ্বরের সেবা করিব ও তাঁহার বাধ্য থাকিব।" PPBeng 376.1

"তাহাতে যিহোশূয় সেই দিনে লোকদের সহিত চুক্তি স্থাপন করিলেন, তিনি শিখিমে তাহাদের জন্য নিয়ম ও আজ্ঞা করিলেন।...পরে যিহোশূয় লোকদিগকে নিজ নিজ অধিকারে বিদায় করিলেন।" PPBeng 376.2

তার কাজ সমাপ্ত হল। তিনি "সম্পূর্ণ ভাবে আপন ঈশ্বর সদাপ্রভুর অনুসারী" ছিলেন। নেতা হিসাবে তার মহত্বর সাক্ষ্য হল যে প্রজন্ম তার পরিশ্রমের ফল ভোগ করেছিল তাদের পরবর্তী ইতিহাস: "যিহোশূয়ের সমস্ত জীবন কালে এবং যে প্রাচীনগণ যিহোশূয়ের মৃত্যুর পরে জীবিত ছিলেন, তাহাদেরও সমস্ত জীবন কালে ইস্রায়েল সদাপ্রভুর সেবা করিল।' PPBeng 376.3

অধ্যায় ৫০—দশমাংশ ও উপহার দানের আশীর্ব্বাদ

PPBeng 377

যিহুদী অর্থ নীতিতে প্রত্যেক ব্যক্তির আয়ের দশ ভাগের এক ভাগ মন্ডলীর আরাধনার জন্য পৃথক করে রাখা হত। “দশ ভাগের এক ভাগ সদাপ্রভুর; তাহা সদাপ্রভুর উদ্দেশে পবিত্র।” লেবীয় ২৭:৩০। কিন্তু এই দশমাংশ প্রথা যিহুদীর সময় হতে শুরু হয় নি। প্রাচীনকাল হতেই সদাপ্রভু দশমাংশ (দশ ভাগের এক ভাগ) তাঁর নিজের জন্য দাবী করেছেন । অব্রাহাম ঈশ্বরের যাজক মল্কীষেদকের নিকট দশমাংশ দিয়েছিলেন। আদিপুস্তক ১৪:২০ । যাকোব ঈশ্বরের কাছে প্রতিজ্ঞা করেছিলেন, “আর তুমি আমাকে যে কিছু দিবে, তাহার দশ ভাগের এক ভাগ আমি তোমাকে অবশ্য দিব।” আদিপুস্তক ২৮:২২। ঈশ্বরই হলেন তাঁর সৃষ্ট জীবের প্রতি সকল আশীর্বাদের উস, এবং তাঁর কাছেই মানুষকে কৃতজ্ঞ থাকতে হবে । PPBeng 377.1

সদাপ্রভু ঘোষণা করেন, “রৌপ আমারই, স্বর্ণও আমারই।” হগয় ২৪৮। ঈশ্বর মানুষকে সম্পদ সংগ্রহ করার ক্ষমতা দান করে থাকেন। তাই ঈশ্বর নির্দেশ দিয়েছেন যে সব কিছু তাঁর কাছ থেকেই যে এসেছে তার কৃতজ্ঞতা স্বরূপ কিছু অংশ তাঁকে দিতে হবে । PPBeng 377.2

“সমস্ত দ্রব্যের দশ ভাগের এক ভাগ সদাপ্রভুর।” সপ্তম দিন তোমার ঈশ্বর সদাপ্রভুর উদ্দেশে বিশ্রামদিন।” যাত্রা ২০:১০। ঈশ্বর মানুষের সময় ও তার সম্পদের একটি নির্দিষ্ট অংশ তাঁর নিজের জন্য নির্দ্ধারিত করেছেন, আর কোন ব্যক্তিই নির্দোষরূপে এর কোনটিই নিজে জন্য আত্মস্মা করতে পারে না। PPBeng 377.3

ধর্মধামের সেবা কার্য্যের জন্য যে লেবীয়দের পৃথক করা হয়েছিল, দশমাংশ সম্পূর্ণরূপে তাদের জন্যই নির্ধারিত ছিল। কিন্তু ধার্মিকের জন্য দান করার ব্যাপারে কোন মতেই এটিই একমাত্র নির্ধারিত দান ছিল না। ধর্মধাম, আর পরবর্তীতে অন্যান্য মন্দির, একমাত্র মানুষের স্বেচ্ছায় দান থেকে নির্মিত হয়েছিল; আর স্বেচ্ছা-দান থেকেই এগুলির মেরামত ইত্যাদি করা হত । মোশি নির্দেশ দিয়েছিলেন যে “আবাসের সেবা কাজ করিবার জন্য” প্রত্যেকে আধা শেকল (সে কালের টাকা) করে দান করবে। মাঝে মাঝে প্রায়শ্চিত্ত ও ধন্যবাদের চাঁদা ঈশ্বরের কাছে উপস্থিত করা হত। আর গরীবের অন্য বিশেষ ধরনের উদার ব্যবস্থা ছিল । PPBeng 377.4

লোকদের প্রায়ই স্মরণ করানো হত যে তাদের জমির, তাদের পশুর, ও তাদের মেষপালের প্রকৃত মালিক হলেন ঈশ্বর। তিনি তাদের বীজ বপনের সময় ও শস্য কাটার সময় রোদ ও বৃষ্টি দিয়ে থাকেন, আর তিনি তাদের তাঁর সম্পত্তির রক্ষকরূপে নিযুক্ত করেছেন। PPBeng 378.1

যখন ইস্রায়েলরা তাদের মাঠের, বাগানের ও আঙ্গুর ক্ষেতের প্রথম ফল নিয়ে সমাগম-তাম্বুর সামনে একত্রিত হত, তখন সর্ব-সাধারণের সম্মুখে ঈশ্বরের আশীর্বাদ ও অনুগ্রহের স্বীকার করা হত। যখন যাজক দান গ্রহণ করতেন, তখন দাতা বলতেন, "একজন নষ্টকল্প সিরিয়াবাসী আমার পূর্বপুরুষ ছিলেন;" আর সে তখন মিসরে তাদের সাময়িক অবস্থান ও যে কষ্ট ও যাতনা হতে ঈশ্বর ইস্রায়েলদের রক্ষা করেছিলেন তার বর্ণনা করত, "আর তিনি আমাদিগকে এই স্থানে আনিয়াছেন, এবং এই দেশ, দুগ্ধমধুপ্রবাহী দেশ দিয়াছেন। এখন, হে সদাপ্রভু, দেখ, তুমি আমাকে যে ভূমি দিয়াছ, তাহার ফলের অগ্নিমাংশ আমি আনিয়াছি।" দ্বিতীয় বিবরণ ২৬৪৫, ৯, ১০। PPBeng 378.2

উন্নতির রহস্য

PPBeng 378

জ্ঞানী ব্যক্তি বলেছেন, "কেহ কেহ বিতরণ করিয়া আরও বৃদ্ধি পায়, কেহ কেহ বা ন্যায্য ব্যয় অস্বীকার করিয়া কেবল অভাবে পড়ে।" হিতোপদেশক ১১:২৪। একই শিক্ষা পৌল নূতন নিয়মে শিক্ষা দিয়েছেন; "যে অল্প পরিমাণে বীজ বুনে, সে অল্প পরিমাণে শস্যও কটিবে; আর যে ব্যক্তি আশীর্বাদের সহিত বীজ বুনে, সে আশীর্বাদের সহিত শস্যও কাটিবে। PPBeng 378.3

আর ঈশ্বর তোমাদিগকে সর্বপ্রকার অনুগ্রহের উপচয় দিতে সমর্থ; যেন সর্ব-বিষয়ে সর্বদা সর্বপ্রকার প্রাচুর্য্য থাকায় তোমরা সর্বপ্রকার সৎকর্মের নিমিত্ত উপচিয়া পড়।" ২ করিন্থীয় ৯:৬-৮ পদ। PPBeng 378.4

ঈশ্বরের ইচ্ছা ছিল যে ইস্রায়েল সারা পৃথিবীর আলোক-রশ্মি বাহক হবে। আর সদাপ্রভু ইহা নির্ধারণ করে দিয়েছিলেন যে, যারা স্বর্গীয় আশীর্বাদ লাভ করে থাকেন, পৃথিবীতে সত্যের আলো ছড়িয়ে পড়া তাদের প্রচেষ্টা ও দানের উপর নির্ভরশীল হবে। তিনি দূতগণকে তাঁর সত্যের দূতরূপে নিযুক্ত করতে পারতেন; কিন্তু তাঁর প্রেম ও জ্ঞানের জন্য তিনি ইস্রায়েলকে তাঁর কাজ করতে দিয়ে তাঁর সহকর্মীতে পরিণত হতে আহবান জানালেন। PPBeng 378.5

ইস্রায়েলদের সময় ঈশ্বরের কাজ ও আরাধনা চালু রাখার জন্য দশমাংশ (আয়ের দশ ভাগের এক ভাগ) ও স্বেচ্ছাকৃত দান প্রয়োজন ছিল। বর্তমান কালে কি ঈশ্বরের সন্তানেরা এর চেয়ে কম দেবে? খ্রীষ্ট নীতি নির্ধারণ করে দিয়েছেন যে, ঈশ্বরের নিকট আমাদের দান আমাদের আলো আমাদের সুবিধাদির আনুপাতিক হওয়া প্রয়োজন। "যে কোন ব্যক্তিকে অধিক দেওয়া হইয়াছে, তাহার নিকটে অধিক দাবী করা যাইবে।" লূক ১২:৪৮। "তোমরা বিনা মূল্যে পাইয়াছ, বিনামূল্যেই দান করিও।" মথি ১০৪৮। যেহেতু আমাদের সামনে রয়েছে ঈশ্বরের পুত্রের তুলনাহীন বলি, আমাদের কি উচিত নয় যে প্রচুর দানের মাধ্যমে আমরা আমাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করি? PPBeng 378.6

যখন সুসমাচারের কাজ প্রসারিত হয় তখন ইহা চালু রাখার জন্য আগেকার চেয়ে অনেক বেশী অর্থের প্রয়োজন হবে। এই অবস্থায় দশমাংশ ও দান আরো অধিক প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ। যদি তাঁর সন্তানেরা স্বেচ্ছাদত্ত দান দ্বারা তাঁর কাজ চালু রাখেন তবে ঈশ্বর গৌরবান্বিত হবেন এবং অনেক আত্মাকে খ্রীষ্টের পথে লাভ করা যাবে। সমাগম-তাম্বু তৈরীর জন্য সম্পদ সংগ্রহ করার মোশির পরিকল্পনা খুবই সফল হয়েছিল। তিনি কোন বড় ভোজ করেন নি। তিনি লোকদের কোন বিশেষ নৃত্য-গানের ও আনন্দের আসরে নিমন্ত্রণ করেন নি। সদাপ্রভু মোশিকে আদেশ দিলেন যে, যে কেহ স্বেচ্ছায়, আনন্দ সহকারে, তার হৃদয় থেকে, যা দেয় তাই যেন তিনি গ্রহণ করেন। আর ফলে প্রচুর দান আসতে থাকল যে মোশি লোকদের নিষেধ করলেন যেন আর কোন দান না আনা হয়, কেননা তারা যত দান দিয়েছিল তার সব ব্যবহার করা সম্ভব ছিল না। PPBeng 379.1

ঈশ্বর মানুষকে তত্ত্বাবধায়ক করেছেন। সদাপ্রভু বলেন, "যাহারা আমাকে গৌরবান্বিত করে, তাহাদিগকে আমি গৌরবান্বিত করিব।" ১ শমূয়েল ২৪৩০। "ঈশ্বর কষ্ট চিত্তদাতাকে ভালবাসেন" (২ করিন্থীয় ৯:৭), আর যখন তাঁর সন্তানেরা, "মনোদুঃখপূর্বক কিংবা আবশ্যক বলিয়া" নয় কিন্তু কৃতজ্ঞতাপূর্ণ হৃদয়ে তাঁর নিকটে তাদের উপহার উপস্থিত করে, তখন তাঁর আশীর্বাদ তাদের উপর বর্ষিত হয়; কেন না তিনি এই প্রতিজ্ঞা করেছেন। PPBeng 379.2

অধ্যায় ৫১—অর্থনৈতিক দুর্গতিতে পরিণতদের বিষয়ে ঈশ্বরের যত্ন

PPBeng 380

ধর্মীয় সেবাকাজের জন্য লোকদের একত্রিত হতে উৎসাহ দানের জন্য এবং দরিদ্রদের বিশেষ বন্দোবস্তের কারণে সকল প্রকার উন্নতির উপর একটি দ্বিতীয় দশমাংশ দেয়া প্রয়োজন ছিল। প্রথম দশমাংশ সম্বন্ধে সদাপ্রভু বলেছিলেন, "লেবির সন্তানগণ যে সেবাকর্ম করিতেছে, সমাগম-তাম্বু সম্বন্ধীয় তাহাদের সেই সেবাকর্মের বেতনরূপে আমি তাহাদের অধিকারার্থে ইস্রায়েলের সমস্ত দশমাংশ দিলাম।" গণনা ১৮:২১। দ্বিতীয় দশমাংশ প্রতি দু' বৎসর তাদের যেখানে ধর্মধাম স্থাপিত ছিল, সেখানে আনতে হত। ঈশ্বরের নিকট ধন্যবাদ উপহার ও যাজককে একটি নির্দিষ্ট অংশ দেবার পর দাতারা তাদের বাকী সবটুকুই একটি ধর্মীয় ভোজের জন্য ব্যবহার করত, যে ভোজে লেবীয়েরা, ভ্রমণকারীরা, এতিমরা ও বিধবারা অংশ গ্রহণ করত। PPBeng 380.1

প্রতি তৃতীয় বৎসর দ্বিতীয় দানটি নিজ বাড়ীতে লেবীয়দের ও দরিদ্রদের নিমন্ত্রণ করে আতিথ্য করার জন্য ব্যবহৃত হত। এই দশমাংশের অর্থ দ্বারা দয়া-দাক্ষিণ্য ও আতিথ্য করা হত। PPBeng 380.2

দরিদ্রদের জন্য এর পরও আরো বন্দোবস্ত ছিল। মোশিকে দেয়া ব্যবস্থাগুলির প্রধান বৈশিষ্ট্য ছিল যে ঈশ্বরের দাবীকে স্বীকার করার পর এগুলি দরিদ্রদের প্রতি উদার, নম্র ও আতিথ্যপূর্ণ মনোভাব পোষণের জন্য নির্দেষ প্রদান করেছে। যদিও ঈশ্বর লোকদের অনুগ্রহ আশীর্বাদ দেবার প্রতিজ্ঞা করেছিলেন, তথাপি তিনি ঘোষণা করেছিলেন যে দেশের মধ্যে দরিদ্র লোকেরা থাকবেই। বর্তমান কালে যেমন ঘটে থাকে সে কালেও তেমনি লোকদের উপর দুর্ভাগ্য, রোগ, সম্পত্তির ধ্বংস ইত্যাদি দুর্ঘটনা উপস্থিত হত; তা সত্বেও যদি তারা ঈশ্বরের নির্দেষ অনুসারে জীবন যাপন করত, তবে তাদের মধ্যে কোন ভিখারী থাকত না .অথবা কেউই অনাহারে দিন যাপন করত না। PPBeng 380.3

ঈশ্বরের ব্যবস্থা ভূমির উৎপন্ন দ্রব্যের মধ্যে গরীবের ন্যায্য অধিকার নিশ্চিত করে রেখেছিলেন। যে কোন ক্ষুধার্ত ব্যক্তি তার প্রতিবেশির মাঠে, বাগানে অথবা আঙ্গুরক্ষেতে গিয়ে তার ক্ষুধা নিবারণের জন্য প্রয়োজনীয় খাবার খেতে পারত। PPBeng 380.4

মাঠের বাগানের বা আঙ্গুরক্ষেতের ফসল তোলার পর যা মাঠে পড়ে থাকত তা কুড়িয়ে নেয়ার অধিকার ছিল দরিদ্র লোকদের। মোশি বলেছিলেন "তুমি ক্ষেত্রে আপন শস্য ছেদন কালে যদি এক আটি ক্ষেত্রে ফেলিয়া রাখিয়া আসিয়া থাক, তবে তাহা লইয়া আসিতে ফিরিয়া যাইও না;...যখন তোমার জিতবৃক্ষের ফল পাড়, তখন শাখাতে আবার অবশিষ্টের অন্বেষণ

করিবে না,...যখন তোমার দ্রাক্ষাক্ষেত্রের দ্রাক্ষাফল চয়ন কর, তখন চয়নের পরে আবার কুড়াইও না; তাহা বিদেশীর, পিতৃহীনের ও বিধবার জন্য থাকিবে।” দ্বিতীয় বিবরণ ২৪:১৯-২২। PPBeng 381.1

দরিদ্র লোকদের প্রতি ঈশ্বরের অনুগ্রহ

PPBeng 381

প্রত্যেক সপ্তম বসরে দরিদ্রদের জন্য বিশেষ বন্দোবস্ত করা হত। শস্য সংগ্রহের পর, বীজ বপনের সময় লোকদের বীজ বপন করা হতে বিরত থাকতে হত; আঙ্গুর ক্ষেত বসন্ত কালে ছাটা হত না; আর তারা কোন শস্য-সংগ্রহণ বা আঙ্গুর সংগ্রহণ আশা করতে পারত না। আর ঐ বসর মাঠে যা কিছু ফলত তা এতিম, বিদেশী, বিধবা এমন কি মাঠের প্রাণীদের জন্য ছেড়ে দেয়া হত। যাত্রাপুস্তক ২৩:১০, ১১; লেবীয় ২৫:৫। PPBeng 381.2

কিন্তু যদি জমি শুধুমাত্র লোকদের চাহিদা মিটানোর পরিমাণ ফসল উপন্ন করত তা হলে যে বসর কোন শস্য সংগ্রহ করা হত না, সে বসর ওরা বাঁচবে কি ভাবে? ঈশ্বরের প্রতিশ্রুতিতে এর জন্য পর্যাপ্ত বন্দোবস্ত ছিল। তিনি বলেছিলেন, “তবে আমি ষষ্ঠ বসরে তোমাদিগকে আশীর্বাদ দান করিব; তাহাতে তিন বৎসরের জন্য শস্য উৎপন্ন হইবে। পরে অষ্টম বৎসরে তোমরা বপন করিবে, ও নবম বৎসর পর্যন্ত পুরাতন শস্য ভোজন করিবে; যাব ফল না হয়, তাব পুরাতন শস্য ভোজন করিবে।” লেবীয় ২৫:২১, ২২। PPBeng 381.3

সপ্তম বসর জমি ও মানুষ উভয়ের জন্যই উপকারী ছিল। এক বসর ফসল না করার ফলে পরবর্তীতে জমি অধিক উৎপাদন করত। আর লোকেরা এক বসর মাঠের কঠিন কাজ হতে বিশ্রাম নিতে পারত। সকলেই তখন অধিক বিশ্রাম নিতে পারত, ফলে দৈহিক শক্তি পূর্ণরূপে পূনর্বহাল হত, ধ্যান করতে ও ঈশ্বরের বাক্য হতে শিক্ষা লাভের সুযোগ হত, আর পরিজনদের অধিক শিক্ষা দান করা যেত। PPBeng 381.4

সপ্তম বসর যিহূদী দাসকে ছুটি দিতে হত। “আর মুক্ত করিয়া তোমার নিকট হইতে বিদার দিবার সময়ে তুমি তাহাকে রিক্ত হস্তে বিদায় করিবে না; তুমি আপন পাল, শস্য ও দ্রাক্ষারস হইতে তাহাকে প্রচুর পুরস্কার দিবে; তোমার ঈশ্বর সদাপ্রভু তোমাকে যেমন আশীর্বাদ করিয়াছেন; তদনুসারে তাহাকে দিবে।” দ্বিতীয় বিবরণ ১৫:১৩, ১৪। PPBeng 382.1

চামাত শ্রমিকের বেতন দ্রুত পরিশোধ করতে হত। “কার্য্যের দিবসে তাহার বেতন তাহাকে দিবে; সূর্য্যের অস্তগমন পর্য্যন্ত তাহা রাখিবে না; কেননা সে দরিদ্র, এবং সেই, বেতনের উপরে তাহার মন পড়িয়া থাকে।” দ্বিতীয় বিবরণ ২৪:১৫। PPBeng 382.2

দাসত্ব হতে পলাতক সম্পর্কে বিশেষ নির্দেশ দান করা হয়েছিল: “যে দাস আপন স্বামীর নিকট হইতে পলাইয়া তোমার নিকটে আইসে, তুমি তাহাকে সেই স্বামীর হস্তে সমর্পণ করিবে না। সে...যেখানে তাহার ভাল লাগে, সেই মনোনীত স্থানে তোমার সঙ্গে তোমার মধ্যে

বাস করিবে; তুমি তাহার উপরে দৌরাত্ম্য করিবে না।” দ্বিতীয় বিবরণ ২৩:১৫, ১৬। PPBeng 382.3

দরিদ্রদের নিকট সপ্তম বসর ছিল ঋণ মুক্তির বসর। যিহূদীদের বিনা সুদে অভাবগ্রস্থ নিজ ভ্রাতাদের ঋণ দিতে বলা হয়েছিল। দরিদ্রদের নিকট হতে সুদ গ্রহণ বিশেষ ভাবে মানা করা হয়েছিল। “আর তোমার ভ্রাতা যদি দরিদ্র হয়, ও তোমার নিকটে শূন্যহস্ত হয়, তবে তুমি তাহার উপকার করিবে; সে বিদেশী ও প্রবাসীর ন্যায় তোমার সহিত জীবন ধারণ করিবে। তুমি তাহা হইতে সুদ কিংবা বৃদ্ধি লইবে না, কিন্তু আপন ঈশ্বরকে ভয় করিবে, তোমার ভ্রাতাকে তোমার সহিত জীবন ধারণ করতে দিবে। তুমি সুদের জন্য তাহাকে টাকা দিবে না, ও বৃদ্ধির জন্য তাহাকে অন্ন দিবে না।” লেবীয় ২৫:৩৫-৩৭। যদি ঋণ মুক্তির বসর পর্যন্ত পরিশোধিত না হয়, তবে ঋণ আদায় করা চলবে না। “যদি তোমার নিকটস্থ কোন ভ্রাতা দরিদ্র হয়, তবে তুমি আপন হৃদয় কঠিন করিও না, বা দরিদ্র ভ্রাতার প্রতি আপন হস্ত রুদ্ধ করিও না।... সাবধান, সপ্তম বসর অর্থা ক্ষমার বসর নিকটবর্ত্তী, ইহা বলিয়া তোমার হৃদয়ে যেন অধম চিন্তার উদয় না হয়; তুমি যদি আপন দরিদ্র ভ্রাতার প্রতি অশুভ দৃষ্টি করিয়া তাহাকে কিছু না দাও; তবে সে তোমার বিরুদ্ধে সদাপ্রভুর কাছে প্রার্থনা করিলে তোমার পাপ হইবে।” “কেননা তোমার দেশমধ্যে দরিদ্রের অভাব হইবে না; অতএব আমি তোমাকে এই আজ্ঞা দিতেছি, তুমি আপন দেশে তোমার ভ্রাতার প্রতি তোমার দুঃখী ও দীনহীনের প্রতি, তোমার হস্ত অবশ্য খুলিয়া রাখিবে।” “কিন্তু তাহার প্রতি মুক্তহস্ত হইয়া তাহার অভাবের জন্য প্রয়োজনানুসারে তাহাকে অবশ্য ঋণ দিও।” দ্বিতীয় বিবরণ ১৫৪৭, ১১,৮ । PPBeng 382.4

কারও এই ভয় থাকা উচিত নয় যে তাদের উদারতা তাদের অভাবগ্রস্ত করবে। ঈশ্বর বলেছেন, “আর তুমি অনেক জাতির উপর কর্তৃত্ব করিবে, কিন্তু তাহারা তোমার উপরে কর্তৃত্ব করিবে না।” দ্বিতীয় বিবরণ ১৫:৬ পদ । PPBeng 383.1

অতিরিক্ত ঐশ্বর্য্য অথবা অতিরিক্ত দারিদ্রের প্রতিরোধ ব্যবস্থা

PPBeng 383

“সাত গুণ সাত বসর” পর আসত মুক্তির বসর জুবিলী (তূরীধ্বনীর মহোসব)। “তখন... তুমি জয়ধ্বনীর তূরী বাজাইবে;...তোমাদের সমস্ত দেশে তূরী বাজাইবে। আর তোমরা পঞ্চাশত্তম বসরকে পবিত্র করিবে, এবং সমস্ত দেশে তথাকার সমস্ত নিবাসীর কাছে মুক্তি ঘোষণা করিবে; ...ও প্রতিজন আপন আপন গোষ্ঠীর নিকটে ফিরিয়া যাইবে।” লেবীয় ২৫:৯, ১০। PPBeng 383.2

“সপ্তম চান্দের দশম তারিখে... প্রায়শ্চিত্ত দিবসে” যাকোব সন্তানদের মুক্তির বৎসরকে স্বাগতম জানানোর জন্য তূরী বাজানো হত। ছিল PPBeng 383.3

যে ভাবে সপ্তম বসর করা হত ঠিক একই ভাবে জুবিলী বা জয়ন্তীর সময় জমিতে বীজ বপন বা শস্য সংগ্রহ করা হত না, আর যা কিছু জমিতে স্বাভাবিক ভাবে জন্মাত তা দরিদ্রদের অধিকারভুক্ত ছিল। যে সকল যিহুদী দাস সপ্তম বসরে মুক্তি পেত না, তাদের ঐ সময় মুক্তি দেয়া হত । কিন্তু যে বিষয়টি জুবিলী বসরকে এক অনন্য বৈশিষ্ট্য দান করত তা হল সমস্ত জমি সেই সকল পরিবারের কাছে প্রত্যার্পিত হত যারা এর আদি মালিক ছিল। কাউকে জমি বেচা কেনার অধিকার দেয়া হয় নি। আর নিতান্ত দারিদ্রের কারণ ছাড়া কেউই জমি বিক্রি করতে পারত না। আর যখনই সে অথবা তার কোন আত্মীয় ঐ বিক্রিত জমি পুনরায় কিনে নিতে চাইত, তখন ক্রেতা তা অস্বীকার করতে পারত না। আর যদি জমি পুনরায় কিনে নেয়া না হত, হবে জুবিলী বা জয়ন্তীর বসর তা মূল মালিকের নিকট ফের হয়ে যেত । PPBeng 383.4

ইস্রায়েলকে সদাপ্রভু বলেছিলেন "আর ভূমি চিরকালের নিমিত্তে বিক্রীত হইবে না, কেননা ভূমি আমারই; তোমরা ত আমার সহিত বিদেশী ও প্রবাসী।" লেবীয় ২৫:২৩। ঈশ্বর হলেন আইনগত অধিকারী; মূল মালিক । আর এটা সকলের মনেই গেথে রাখা উচিত যে ঈশ্বরের পৃথিবীতে জমির উপর ধনী ও দরিদ্রের সমান অধিকার রয়েছে। PPBeng 383.5

আমাদের প্রেমময় স্রষ্টা এই ধরণের নিয়ম কানুন স্থাপন করেছিলেন যেন হতভাগা ও দুঃখার্তদের কষ্টের লাঘব হয়, যেন তাদের জীবনে একটু আলোর আভাস থাকে, যেন তাদের জীবনের দিনগুলিও রৌদ্রোজ্জ্বল হয়ে উঠে । PPBeng 384.1

একদলের অনবরত দারিদ্র ও অন্য আর এক দল ক্রমাগত ধন সঞ্চয় মারাত্মক ক্ষতির কারণ। অত্যাচারের কারণে দরিদ্রদের মনে ক্ষোভের সৃষ্টি হবে। তাদের মধ্যে নৈরাশ্য ও হতাশার কারণে সমাজে নৈতিক অবক্ষয়ের সৃষ্টি হবে এবং সব ধরণের অপরাধের দরজা উন্মুক্ত হবে। ঈশ্বর যে নিয়ম স্থাপন করেছিলেন তা ছিল সামাজিক সাম্যের ভিত্তি। জাতির সামাজিক ও অর্থনৈতিক জীবনে যা কিছুই অবক্ষয়ের দিকে ধাবিত হওয়ার মুখামুখী হত সপ্তম বসর ও জুবিলী বসর সে সবই সংশোধন করত। PPBeng 384.2

ধনী ও দরিদ্র উভয়ের জন্য প্রেমপূর্ণ এই নিয়মাবলি লোভ প্রতিরোধ করত এবং উদার মনোভাব ও বদান্যতা সৃষ্টি করত। বিভিন্ন শ্রেণীর মধ্যে সদ্‌ভাব সৃষ্টির মাধ্যমে এগুলি জাতীয় সরকারকে স্থিতিশীলতা দান করত। PPBeng 384.3

আমরা সকলেই মানবিকতার বৃহৎ জালে একত্রে গ্রোথিত। অন্যের উন্নতির জন্য আমরা যা কিছুই করি না কেন তা আমাদের নিকট আশীর্বাদ বয়ে নিয়ে আসবে। পরস্পর নির্ভরশীলতার নিয়ম সমাজের সকল শ্রেণীর জন্য সমভাবে প্রযোজ্য। দরিদ্ররা ধনীদের উপর ও ধনীরা দরিদ্রের উপর সমভাবে নির্ভরশীল। যখন একদল তাদের ধনী প্রতিবেশীদের উপর ঈশ্বর প্রদত্ত আশীর্বাদের কিছু অংশের আকাঙ্খী হয় তখন অন্য দল ঐ প্রতিবেশীদের

বিশ্বস্ত কাজ, তাদের মস্তিষ্ক ও দেহের শক্তির আকাঙ্খা করে। দরিদ্রদের মূলধনই হচ্ছে তাদের মস্তিষ্ক ও দেহের শক্তি। PPBeng 384.4

ঈশ্বরের পরিকল্পনা বর্তমান কালের আর্থ-সামাজিক সমস্যার সমাধান করবে

PPBeng 384

অনেকেই প্রচার করেন যে সকলেই যেন পৃথিবীর আশীর্বাদের সমান অধিকার ভোগ করতে সক্ষম হয়। কিন্তু পৃথিবীর মালিকের উদ্দেশ্যে ঐ ধরণের ছিল না। বিভিন্ন পারিপার্শ্বিক অবস্থার মাধ্যমেই ঈশ্বরের চরিত্রের উৎকর্ষতা সৃষ্টি করে থাকেন। তিনি চান যে যারা পার্থিব বিষয়ে ধনী তারা নিজদের ঈশ্বরের সম্পদের রক্ষকরূপে চিন্তা করবে, যে সম্পদ অভাবগ্রস্থদের উপকারার্থে ব্যয় করতে হবে। PPBeng 384.5

খ্রীষ্ট বলেছেন যে দরিদ্ররা সর্বদাই আমাদের মধ্যে থাকবে। মুক্তিদাতার হৃদয়ের সহানুভূতি পৃথিবীতে তাঁর নিম্নতম সন্তানদের প্রতি অধিক ছিল। তিনি বলেছেন যে এরাই হল তার প্রতিনিধি, আর তাদের আমাদের মধ্যে এই জন্য রাখা হয়েছে যে তিনি দুঃখী ও অত্যাচারিত জনের প্রতি যে প্রেম বোধ করেন আমাদের হৃদয়েও যেন সেই প্রেমের উদ্রেক ঘটে। তাদের প্রতি নিষ্ঠুরতা অথবা অবহেলা প্রদর্শন তাঁর প্রতি নিষ্ঠুরতা অথবা অবহেলা প্রদর্শন করার সমতুল্য। PPBeng 384.6

দরিদ্রদের উপকারার্থে প্রদত্ত ঈশ্বরের ব্যবস্থা-সমূহ যদি প্রচলিত থাকত, তবে বর্ত্তমান পৃথিবীর নৈতিক, আত্মিক ও পার্থিব অবস্থা কতই না ভিন্নরূপ হতে পারত! বিভিন্ন দেশে যে দুরাবস্থা বর্তমানে পরিলক্ষিত হচ্ছে তা কোন মতেই বিরাজ করত না। PPBeng 385.1

ঈশ্বরের আদিষ্ট নীতি সেই ফলাফলকে প্রতিরোধ করবে যে ফলাফল গরীবদের প্রতি ধনীদের অত্যাচার ও ধনীদের প্রতি গরীবদের ঘৃণার কারণে সৃষ্টি হচ্ছে। যদিও এগুলি প্রচুর সম্পদ দখল করায় বাধা হত, কিন্তু যে কোটি কোটি লোকের দাসত্বের মাধ্যমে ঐ বিশাল ঐশ্বর্য্য একত্রিত করা হয়, তাদের অজ্ঞতা ও অবক্ষয় ঐগুলি প্রতিরোধ করতে সক্ষম হত। যে বিশৃঙ্খলা ও রক্তপাত বর্ত্তমান পৃথিবীকে ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছে, ঈশ্বরের নীতি সেগুলিকে একটি শান্তিপূর্ণ সমাধান দান করত। PPBeng 385.2

অধ্যায় ৫২—বার্ষিক আনন্দের ভোজ

PPBeng 386

ইস্রায়েলরা ভয়ঙ্কর যোদ্ধা জাতিসমূহ দ্বারা পরিবেষ্টিত ছিল, যারা তাদের জমি দখল করার জন্য উদ্‌গ্রীব ছিল; তথাপি যারা ভ্রমণ করতে সক্ষম ছিল তাদের প্রত্যেককে বাড়ী ছেড়ে বসরে তিনবার দেশের মধ্য স্থলে সমবেত হতে আদেশ করা হয়েছিল। তখন তাদের গৃহ ও পরিজনের উপর চড়াও হয়ে তাদের সমস্ত কিছু আগুন ও খড়্গগ দ্বারা ধ্বংস করা হতে তাদের শত্রুগণকে কিসে বিরত রাখতে পারত? আর ইস্রায়েলদের বন্দি করার জন্য একটি আক্রমণ রচনা করা হতেই বা কি তাদের বিরত করতে পারত? PPBeng 386.1

ঈশ্বর তাঁর লোকদের রক্ষা করার প্রতিশ্রুতি করেছিলেন। “আমি তোমার সীমা বিস্তার করিব, এবং তুমি বসরের মধ্যে তিন বার আপন ঈশ্বর সদাপ্রভুর উপস্থিত হইবার জন্য গমন করিলে তোমার ভূমিতে কেহ লোভ করিবে না।” যাত্রাপুস্তক ৩৪:২৪ । PPBeng 386.2

এই ভোজগুলির প্রথমটি, নিস্তার পর্ব্বের ভোজ উদযাপিত হয়েছিল, আবিব মাসে অর্থা যিহুদীদের প্রথম মাসে, যা মার্চ মাসের শেষের দিকে ও এপ্রিল মাসের প্রথম দিকে পড়ে। শীতকালের ঠান্ডার তখন অবসান হয়ে গিয়ে থাকে, শেষ বর্ষণও থেমে যায় এবং প্রকৃতি বসন্তের আগমনে সতেজ ও সুন্দর হয়ে উঠে। পাহাড়ের পাদদেশে ও উপত্যকায় নূতন সবুজ ঘাস দেখা দেয়, এবং বন্য ফুলের সমারোহ মাঠকে উজ্জ্বল করে তোলে। শুক্ল পক্ষের ক্রমবর্ধমান চাঁদ সন্ধ্যালগ্নকে করে তোলে মনোরম। PPBeng 386.3

সারা দেশ থেকে দল বেধে তীর্থযাত্রীরা ছুটতে থাকে যিরূশালেমের দিকে। রাখালরা, পশুপালকগণ, গালীল সাগরের জেলেরা, মাঠের কৃষকেরা, এবং ভাববাদীদের বিদ্যালয় হতে শিক্ষার্থীরা প্রত্যেকেই তাদের যাত্রা সেই PPBeng 386.4

দিকে শুরু করে যেখানে ঈশ্বরের উপস্থিতি প্রকাশ হয়েছিল। অনেকে চলে পদব্রজে। পবিত্র নগরে পৌঁছার পূর্ব মুহূর্তে তীর্থযাত্রীসমূহ বৃহদাকার ধারণ করে। PPBeng 386.5

প্রকৃতির আনন্দ ইস্রায়েল-সন্তানদের মনেও আনন্দ সঞ্চারিত করে। যীহোবার (ঈশ্বরের) মহত্ব বর্ণনা করে সকলে যিহূদীদের গীত গেতে শুরু করে। তূরীর সংকেত ধ্বনির সাথে করতালের তালে তালে হাজার কন্ঠে ধন্যবাদের ধ্বনি উদ্বেলিত হয়ে উঠে : PPBeng 387.1

“আমি আনন্দিত হইলাম, যখন লোকে আমাকে বলিল,

চল, আমরা সদাপ্রভুর গৃহে যাই।” PPBeng 387.2

গীতসংহিতা ১২২:১।

যখন তারা তাদের চতুর্দিকের পাহাড়সমূহ দেখল যেখানে পৌত্তলিকরা তাদের দেব-দেবতার বেদীতে আগুন দিত, ইস্রায়েলরা গেয়ে উঠল : PPBeng 387.3

"আমি পর্বতগণের দিকে চক্ষু তুলিব;

কোথা হইতে আমার সাহায্য আসিবে?

সদাপ্রভু হইতে আমার সাহায্য আইসে,

তিনি আকাশ ও পৃথিবীর নির্মাণকর্তা।" PPBeng 387.4

গীতসংহিতা ১২১:১, ২।

পবিত্র নগরের দৃশ্য পথের চতুর্দিকের পাহাড় হতে যে অগণিত আরাধনাকারীর সর্পিল পথ বেয়ে ধর্মধামের দিকে এগিয়ে চলছিল, তারা তাদের দিকে সম্মানসূচক দৃষ্টি দিল। যখন আরাধনা শুরু করার জন্য লেবীয়দের তূরীধ্বনি তারা শুনতে পেল, তখন তারা সেইক্ষণের অনুপ্রেরণা দ্বারা প্রভাবিত হয়ে গেয়ে উঠল: PPBeng 387.5

"সদাপ্রভু মহান ও অতীব কীর্ত্তনীয়,

আমাদের ঈশ্বরের নগরে, তাঁহার পবিত্র পর্বতে ।

রমণীয় উচ্চভূমি, সমস্ত পৃথিবীর আনন্দস্থল,

উত্তর প্রান্তস্থিত সিয়োন পর্বত, মহান রাজার পুরী।"

গীতসংহিতা ৪৮:১, ২।

"আমার জন্য ধার্মিকতার দ্বার সকল খুলিয়া দেও;

আমি তাহা দিয়া প্রবেশ করিব, সদাপ্রভুর স্তব করিব।"

গীতসংহিতা ১১৮:১৯।

যিরূশালেমের প্রত্যেকটি গৃহের দ্বারই ভ্রমণকারীদের নিকট খুলে দেয়া হয় এবং বিনামূল্যেই তাদের থাকার জন্য কামরা সরবরাহ করা হয়। ইহার পরও পর্যাপ্ত জায়গা হল না ফলে শহরের প্রত্যেক খালি জায়গায় নিকটবর্তী পাহাড়ে তাঁবু খাটাতে হল । PPBeng 388.1

মাসের চৌদ্দ তারিখ সন্ধ্যায় নিস্তারপর্ব্ব উদযাপিত হল, এর গাম্ভীর্যপূর্ণ ও জাক্‌ক্‌জমকপূর্ণ অনুষ্ঠান ছিল মিসরের বন্দীত্ব হতে মুক্তির স্মারক, ও পাপের বন্দীত্ব হতে মুক্তির জন্য যে বলি দেয়া হবে তার নির্দেশক। যখন মুক্তিদাতা কালভেরীতে তার জীবন দান করলেন, তখন নিস্তার পর্ব্বের গুরুত্বের সমাপ্তি হল, এবং এর নিস্তার পর্ব্ব যে ঘটনার

প্রতীক ছিল সেই ঘটনার স্মারকরূপে সদাপ্রভুর প্রভুর ভোজের অনুষ্ঠান প্রচলন করা হল। PPBeng 388.2

অনুষ্ঠানের মর্মার্থ

PPBeng 388

নিস্তার পর্ব্বের পর সাতদিন ধরে চলত তাড়ীশূন্য রুটীর উসব। ঐ উসবের দ্বিতীয় দিনে ঐ বসরে শস্যের প্রথম ফসল ঈশ্বরের সামনে উপহারস্বরূপ উপস্থিত করা হত। সমস্ত কিছুই যে তাঁরই দান তার স্বীকৃতি হিসাবে যাজক শস্যের একটি শীষ ঈশ্বরের যজ্ঞবেদির সামনে দুলাতে থাকতেন। এই অনুষ্ঠান পূর্ণ করার আগে কোন শস্য সংগ্রহ করা হত না। PPBeng 388.3

প্রথম শস্য দান করার পঞ্চাশ দিন পর আসত তাড়ীশূন্য রুটীর উসব, শস্য সংগ্রহের ভোজ। শস্য সংগ্রহের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে খামিরসহ তৈরি দুটি রুটী ঈশ্বরের সামনে উপস্থিত করা হত। তাড়ীশূন্য রুটী চলত শুধু একদিন। সপ্তম মাসে নতুন ভক্ষ্যের উসব বা ফসল সংগ্রহের উসব উদ্‌যাপন করা হত। এই উসবে ফল বাগানের, জলপাই গাছের ও আঙ্গুর ক্ষেতের প্রচুর ফলের জন্য ঈশ্বরের ধন্যবাদ করা হত। বসরের মধ্যে এই উসবটি ছিল খুবই আনন্দপূর্ণ উসব। ফসল গোলাজাত করা শেষ হয়েছে, ফল, তেল ও আঙ্গুর রস তৈরি করে সংরক্ষণ করা শেষ হয়েছে, আর এখন লোকেরা তাদের কৃতজ্ঞ অন্তর নিয়ে ঈশ্বরের কাছে উপস্থিত হয়েছে। PPBeng 388.4

এই উসব ছিল আনন্দ প্রকাশের উসব এটি প্রায়শ্চিত্ত প্রদানের পর দিনই উদ্‌যাপিত হত যখন লোকদের স্মরণ থাকত যে তাদের পাপসমূহ ঈশ্বর আর তাঁর স্মরণে আনবেন না। তখন ঈশ্বরের সাথে শান্তি স্থাপন করা হয়েছে, বসরের পরিশ্রম সমাপ্ত হয়েছে, নতুন বসরের শ্রম শুরু করার সময় বেশ দূরে রয়েছে, ফলে লোকেরা পবিত্র আনন্দের মধ্যে নিজেদের বিলিয়ে দিতে পারত। যতদূর সম্ভব প্রত্যেক পরিবারকেই এই উসবে অংশ গ্রহণ করতে হত, এবং দাস, লেবীয়, বিদেশী ও দরিদ্রদের এই উসবে স্বাগতম জানানো হত। PPBeng 388.5

নিস্তারপর্ব্বের মত, নতুন ভোক্ষের উসবও একটি স্মারক ছিল। মরু- প্রান্তরে তাদের যাত্রা স্মরণ করে লোকদের ঘর হতে বেরিয়ে এসে "শোভাদায়ক বৃক্ষের ফল, খর্জুর-পত্র, জড়ান গাছের শাখা এবং নদীতীরস্থ বাইসী-বৃক্ষের" সবুজ শাখা দ্বারা কুড়ে ঘর বা নিকুঞ্জ তৈরী করে তাতে বাস করতে হত। লেবীয় ২৩:৪০। PPBeng 389.1

এই বাসরিক সমাবেশ সমূহে আবাল বৃদ্ধ বনিতার হৃদয় ঈশ্বরের সেবা করার জন্য অনুপ্রানিত হত। দেশের বিভিন্ন অংশের লোকেরা এক জায়গায় সমবেত হওয়ার ফলে ঈশ্বরের প্রতি ও পরস্পরের প্রতি তাদের বন্ধন দৃঢ় হত। যে ভাবে ঈশ্বর তাদের পিতৃপুরুষদের মুক্তি সাধন করেছিলেন এবং তাদের ভ্রমণের সময় অলৌকিক ভাবে রক্ষা

করেছিলেন ইস্রায়েলরা সেরূপ উদযাপন করত, ঠিক তেমনি ভাবে আমাদেরও কৃতজ্ঞতার সহিত স্মরণ করা উচিত যে ঈশ্বর আমাদের অন্ধকার থেকে তাঁর অনুগ্রহ ও সত্যের আলোতে নিয়ে আসার জন্য বিশেষ পদ্ধতি স্থির করেছেন। PPBeng 389.2

যারা সমাগম-তাম্বু হতে বেশ দূরত্বে অবস্থান করত, তাদের ঐ সকল উসব উদযাপন করতে গিয়ে নিশ্চয়ই বসরের এক মাস কাল কেটে যেত। এই দৃষ্টান্ত পৃথিবীর স্বার্থের সন্ধানে ঘুরার থেকে ধর্মীয় উপাসনায় গুরুত্ব প্রদান করতে প্রমাণস্বরূপ আমাদের সামনে থাকা উচিত। একে অপরকে ঈশ্বরের সেবার জন্য উসাহ দানের লক্ষ্যে যদি আমরা সমবেত হতে অবহেলা দেখাই তবে আমরা নিজদের ক্ষতি সাধন করে থাকি। আমরা সকলেই এক পিতার সন্তান, আর সুখ ও আনন্দের জন্য আমরা একে অপরের উপর নির্ভরশীল। আমাদের সামাজিক চরিত্রের সঠিক বিকাশ সাধন করলে আমরা অন্যের প্রতি সহানুভূতিশীল হব এবং প্রকৃত আনন্দ উপভোগ করতে পারব। PPBeng 389.3

নূতন ভক্ষের উসব শুধু যে মরু-প্রান্তরের ভ্রমণের স্মরণ করাও তা নয়, বরং শেষ সংগ্রহের অন্তিম দিনটির প্রতিও এটি অঙ্গুলি নির্দ্দেশ করত। আগুনে পোড়ানোর জন্য আগাছাকে একত্রে জড় করতে এবং গোলাজাত করতে সদাপ্রভু তাঁর শস্য সংগ্রহকারীদের প্রেরণ করবেন। ঐ সময় দুষ্ট লোকেরা ধ্বংস প্রাপ্ত হবে। তারা “পরে যেন হয়ই নাই সেইরূপ হইবে।” ওবদিয় ১৬। আর সমগ্র পৃথিবীতে সমস্ত কন্ঠস্বর এক তানে ঈশ্বরের গৌরবের প্রসংশা করবে। PPBeng 389.4

যখন সদাপ্রভু চিরকালের জন্য শাপ হতে মুক্ত করে মুক্তিপ্রাপ্তদের নিরাপদে স্বর্গীয় কনানে সংগ্রহ করবেন, তখন তারা “অনির্বচনীয় ও গৌরবযুক্ত আনন্দে উল্লাস” করিবে। খ্রীষ্টের প্রায়শ্চিত্তের মহান কাজ তখন পরিপূর্ণতা লাভ করবে এবং পাপকে চিরতরে মুছে ফেলা হবে। PPBeng 389.5

“আর সদাপ্রভুর নিস্তারিত লোকেরা ফিরিয়া আসিবে,

আনন্দ গান পুরঃসর সিয়োনে আসিবে,

এবং তাহাদের মস্তকে নিত্যস্থায়ী

হর্ষ-মুকুট থাকিবে; তাহারা আমোদ ও

আনন্দ প্রাপ্ত হইবে, এবং খেদ ও আর্দ্রস্বর

দূরে পলায়ন করিবে।” PPBeng 390.1

যিশাইয় ৩৫:১০।

অধ্যায় ৫৩—ইস্রায়েলদের উদ্ধারকর্তা, বিচারকর্তাগণ

PPBeng 391

যে ভূমি অধিকার করা হয়েছে, তাতেই সন্তুষ্ট হয়ে বিভিন্ন বংশের উসাহে ভাটা পড়ল, এবং যুদ্ধ থেমে পড়ল। “পরে ইস্রায়েল যখন প্রবল হইল, তখন সেই কনানীয়দিগকে কর্মাধীন দাস করিল, কিন্তু সম্পূর্ণরূপে অধিকারচ্যুত করিল না ।” বিচারকর্তৃগণের বিবরণ ১:২৮। PPBeng 391.1

ঈশ্বর ইস্রায়েলদের যে প্রতিজ্ঞা করেছিলেন, তা তিনি বিশ্বস্ততার সহিত পূরণ করলেন । এখন দেশের বাকী অধিবাসীদের তাড়িয়ে দেয়ার অসম্পূর্ণ কাজ তাদের পূর্ণ করতে হত। কিন্তু তারা তা পূরণ করল না। কনানীয়দের সাথে চুক্তিবদ্ধ হওয়ার ফলে তারা ঈশ্বরের আদেশ অমান্য করলে এবং যে শর্তের উপর তাদের কনানদেশ দেবার প্রতিজ্ঞা করা হয়েছিল সেই শর্ত পূর্ণ করতে অপারগ হল । PPBeng 391.2

সীনয় পাহাড়ে তাদের পৌত্তলিকতার বিরুদ্ধে সাবধান করে দেয়া হয়েছিল। “তুমি তাহাদের সেবা করিও না; কিন্তু তাহাদিগকে সমূলে উপাটন করিও, এবং তাহাদের স্তম্ভ সকল ভাঙ্গিয়া ফেলিও।” যতদিন তারা ঈশ্বরের বাধ্য থাকবে, ঈশ্বর তাদের শত্রুদের পরাভূত করবেন : “আমি তোমার অগ্রে অগ্রে আমাবিষয়ক ত্রাস প্রেরণ করিব, এবং তুমি যে সকল জাতির নিকটে উপস্থিত হইবে.....ও তোমার শত্রুগণকে তোমা হইতে ফিরাইয়া দিব। আর আমি তোমার অগ্রে অগ্রে ভিমরুল পাঠাইব; তাহারা হিব্বীয়, কনানীয় ও হিত্তীয়কে তোমার সম্মুখ হইতে খেদাইয়া দিবে। কিন্তু যেন দেশ ধ্বংসস্থান না হয়, ও তোমার বিরুদ্ধে বন্য পশুর সংখ্যা যেন বৃদ্ধি না পায়, এইজন্য আমি এক বসরেই তোমার সম্মুখ হইতে তাহাদিগকে খেদাইয়া দিব না। তুমি যে পর্য্যন্ত বর্দ্ধিত হইয়া দেশ অধিকার না কর, তাব তোমার সম্মুখ হইতে তাহাদিগকে ক্রমে ক্রমে খেদাইয়া দিব।...তাহাদের সহিত কিংবা তাহাদের দেবতাগণের সহিত কোন নিয়ম স্থির করিবে না। তাহারা তোমার দেশে বাস করিবে না, পাছে তাহারা আমার বিরুদ্ধে তোমাকে পাপ করায়, কেননা তুমি যদি তাহাদের দেবগণের সেবা কর, তবে তাহা অবশ্য তোমার ফাঁদস্বরূপ হইবে।” যাত্রাপুস্তক ২৩:২৪, ২৭-৩৩ । PPBeng 391.3

ঈশ্বর কনান দেশে তাঁর লোকদের স্থাপন করেছিলেন যেন নৈতিক অবক্ষয়ের বন্যা সারা পৃথিবীকে ভাসায়ে নিয়ে না যায় । ঈশ্বর কনানীয়দের চেয়ে অধিক সংখ্যক ও অধিক শক্তিশালী জাতি সমূহকে তাদের হস্তে দেবেন। “তোমরা আপনাদের হইতে বৃহৎ ও বলবান জাতিদের উত্তরাধিকারী হইবে।...প্রান্তর ও লিবানোন অবধি, নদী অর্থাৎ ফরাৎ নদী অবধি পশ্চিম সমুদ্র পর্য্যন্ত তোমাদের সীমা হইবে।” দ্বিতীয় বিবরণ ১১:২৩, ২৪। PPBeng 392.1

কিন্তু তারা আরাম ও আত্ম-তৃপ্তি বেছে নিল। সমস্ত দেশ জয় করবার সুযোগ তারা হাতছাড়া করল । আর অনেক বংশ পর্যন্ত তারা অবশিষ্ট “চক্ষে কন্টক” ও “কক্ষে অংকুশস্বরূপ” পৌত্তলিক জাতি দ্বারা উৎপীড়িত হয়েছিল। গণনা ৩৩:৫৫ । PPBeng 392.2

ইস্রায়েলরা “জাতিগণের সহিত মিশ্রিত হইল, উহাদের ক্রিয়া শিক্ষা করিল।” তারা কনানীয়দের সহিত বিবাহ বন্ধনে আবদ্ধ হতে লাগল, আর পৌত্তলিকতা মহামারীর ন্যায় সমস্ত দেশে ছাড়িয়ে পড়ল। “ফলে তাহারা আপনাদের পুত্রদিগকে, আর আপনাদের কন্যাদিগকে ভূতদের উদ্দেশে বলিদান করিল।...দেশ রক্তে অশুদ্ধ হইল।” “তাহাতে আপন প্রজাদের উপরে সদাপ্রভুর ক্রোধ জ্বলিয়া উঠিল, তিনি আপন অধিকারকে ঘৃণা করিলেন।” গীতসংগিতা ১০৬:৩৫-৪০ । PPBeng 392.3

যে প্রজন্ম যিহোশূয় হতে শিক্ষা গ্রহণ করেছিল, যতক্ষণ না সেই প্রজন্ম পৃথিবী হতে লয় পেল, ততক্ষণ পৌত্তলিকতা বেশী ছড়াতে পারল না । কিন্তু পিতামাতারা সন্তানদের ভ্রষ্ট পথ তৈরী করে গেলেন। যিহূদীদের সহজ সরল জীবন যাপন পদ্ধতি তাদের দৈহিক সুস্বাস্থ্য দান করেছিল, কিন্তু পৌত্তলিকদের সাথে সামাজিকতায় জড়ানোর ফলে তারা ক্ষুধা ও কামনায় আত্ম-সমর্পণ করতে শুরু করল, যা ধীরে ধীরে তাদের মানসিক ও নৈতিক ক্ষমতাকে দুর্বল করতে শুরু করল। পাপ করার ফলে ইস্রায়েল ঈশ্বরের নিকট হতে দূরে সরে গেল, করা আর তখন তারা তাদের শত্রুদের উপর জয়লাভ করতে পারল না। আর এইভাবে তারা সেই জাতিসমূহের অধীনস্থ হয়ে পড়ল যাদের তারা পরাজিত করতে পারত । PPBeng 392.4

“তাহারা সদাপ্রভুকে ত্যাগ করিয়া বাল দেবের ও অষ্টারোৎ দেবীদের সেবা করিত।” “কারণ তাহারা আপনাদের উচ্চস্থলীসমূহের দ্বারা তাঁহাকে অসন্তুষ্ট করিল, আপনাদের ক্ষোদিত প্রতিমাগণ দ্বারা তাঁহার অন্তর্জালা জন্মাইল।” সুতরাং সদাপ্রভু “শীলোস্থিত আবাস ত্যাগ করিলেন, সেই তাঁবু যাহা তিনি মনুষ্যদের মধ্যে স্থাপন করিয়াছিলেন। তিনি আপন শোভা বিপক্ষের হস্তে দিলেন।” বিচারকর্তৃগণের বিবরণ ২:১৩; গীতসংহিতা ৭৮:৫৮, ৬০, ৬১। PPBeng 392.5

তথাপি তিনি সম্পূর্ণরূপে তাঁর লোকদের ত্যাগ করলেন না। সব সময়ই একটি ছোট অবশিষ্টাংশ যীহোবার (ঈশ্বরের) বাধ্য থাকত, আর মাঝে মাঝে সদাপ্রভু বিশ্বস্ত ও শক্তিশালী লোকদের উঠিয়ে আনতেন যারা পৌত্তলিকতার অবসান ঘটাত আর তাদের শত্রুদের নিকট হতে ইস্রায়েলদের মুক্ত করত । কিন্তু যখনই তাদের মুক্তিদাতার মৃত্যু হত আর তারা তার শাসন হতে মুক্ত হত, তখনই তারা ধীরে ধীরে পুতুল পূজায় ফিরে যেত। তাই পিছিয়ে পড়া ও সংশোধন করা, অনুতাপ করা ও মুক্তি পাওয়ার গল্প বারে বারে বর্ণনা করা হয়েছে। PPBeng 393.1

অনবরত পিছিয়ে পড়ার দুঃখজনক কাহিনী

PPBeng 393

মসোপটেমিয়ার রাজা, মোয়াবের রাজা, আর তাদের পরে পলেষ্টীয়রা ও হাজোরের কনানীয়রা পর পর ইস্রায়েলদের অত্যাচারীতে পরিণত হয়েছিল। অত্নীয়েল, এহুদ, শমগর, দবোরা এবং বারাক এরা লোকদের মুক্তিকারীর ভূমিকা পালন করেন। কিন্তু আবারও "ইস্রায়েলগণ সদাপ্রভুর সাক্ষাতে যাহা মন্দ তাহাই করিল, আর সদাপ্রভু তাহাদিগকে সাত বসর পর্য্যন্ত মিদিয়নের হস্তে সমর্পণ করিলেন।" PPBeng 393.2

মোশির সময়কালে ইস্রায়েলরা মিদিয়নীয়দের প্রায় ধ্বংস করে ফেলেছিল, কিন্তু পরে তারা আবার সংখ্যায় অনেক বৃদ্ধি পায় ও শক্তিশালী হয়ে উঠে। তারা প্রতিশোধ গ্রহণের স্পৃহায় জ্বলছিল, আর যখন সদাপ্রভুর রক্ষাকারী হাত ইস্রায়েলদের উপর হতে সরে গেল, তখন তাদের সুযোগ উপস্থিত হল। পূরা দেশটিই তাদের দ্বারা বিধ্বস্ত হয়েছিল। একটি ধ্বংসাত্মক মহামারীর মত তারা সারা দেশে ছড়িয়ে পড়েছিল। যখনই ফসল পাকতে শুরু করত তখনই তারা এসে উপস্থিত হত আর ফসল শেষ হওয়া পর্য্যন্ত তারা দেশের ভিতর অবস্থান করত। তারা মাঠের সমস্ত ফসল নিয়ে যেত এবং অধিবাসীদের উপর নানারূপ অপব্যবহার ও লুটতরাজ চালাত। যে ইস্রায়েলরা অরক্ষিত অবস্থায় বাস করত তারা দুর্গের ভিতরে এমন কি পর্বতের গুহায় আশ্রয় গ্রহণ করতে বাধ্য হত। সাত বৎসর যাবৎ এই প্রকার অত্যাচার চলতে থাকল। তখন দুঃখের দিনে ইস্রায়েলরা তাদের পাপ স্বীকার করল, আর ঈশ্বর আবার তাদের জন্য এক সাহায্যকারী স্থির করলেন। PPBeng 393.3

তার লোকদের উদ্ধার করার জন্য গিদিয়োনের নিকট আহবান এল। ঐ সময় তিনি গম মাড়াই করছিলেন। সাধারণ মাড়াইয়ের জায়াগায় মাড়াই করতে সাহস না পেয়ে তিনি আঙ্গুর রস নিংড়ানোর জায়গায় গোপনে মাড়াই করত। যেহেতু আঙ্গুরের সময় বেশ দূরে ছিল, তাই আঙ্গুর ক্ষেতের প্রতি কেহ বেশী নজর দিত না। যখন গিদিয়োন গোপনে পরিশ্রম করছিলেন তখন তিনি চিন্তা করছিলেন যে কিভাবে ইস্রায়েলদের এই দুঃজনক অবস্থার অবসান হতে পারে এবং অত্যাচারীর জোয়াল ভেঙ্গে ফেলা যেতে পারে। PPBeng 394.1

সদাপ্রভু গিদিয়োনকে আহবান করেন

PPBeng 394

সহসা "সদাপ্রভুর দূত" তার সামনে উপস্থিত হলেন এবং এই কথা বললেন, হে বলবান বীর, সদাপ্রভু তোমার সহবর্ত্তী আছেন।" তার উত্তর ছিল, "নিবেদন করি, হে আমার প্রভু, যদি সদাপ্রভু আমাদের সহবর্তী হন, তবে আমাদের প্রতি এ সমস্ত কেন ঘটিল? এবং আমাদের পিতৃপুরুষেরা তাঁহার যে সমস্ত আশ্চর্য কার্য্যের বৃত্তান্ত আমাদিগকে বলিয়াছেন, সে সমস্ত কোথায়? সদাপ্রভু আমাদিগকে ত্যাগ করিয়াছেন, মিদিয়নের হস্তে সমর্পণ করিয়াছেন।' PPBeng 394.2

স্বর্গীয় বার্তাবাহক উত্তর দিলেন, "তুমি তোমার এই বলেতেই গমন কর, মিদিয়নের হস্ত হইতে ইস্রায়েলকে নিস্তার কর; আমি কি তোমাকে প্রেরণ করি নাই?" PPBeng 394.3

গিদিয়োন কিছু প্রমাণ চাইলেন যেন তিনি বুঝতে পারেন যে, যার সাথে কথা বলছেন তিনিই সেই নিয়মকারী দূত যিনি ইস্রায়েলদের জন্য অতীতে মুক্তি সাধন করেছিলেন। তিনি দ্রুত নিজ তাম্বুতে গেলেন ও তার অপর্যাপ্ত গুদাম হতে একটি ছাগবসের মাংস ও কিছু তাড়ীশূন্য পিষ্টক নিয়ে এসে তার সামনে রাখলেন। কিন্তু দূত তাকে বললেন, "মাংস ও তাড়ীশূন্য পিষ্টকগুলি লইয়া এই শৈলের উপরে রাখ, এবং ঝোল ঢালিয়া দেও।" গিদিয়োন তাই করলেন, আর তখন তিনি যে প্রমাণ চেয়েছিলেন তা দেয়া হল, হস্তের লাঠি নিয়ে দূত মাংস ও তাড়ীশূন্য পিষ্টক স্পর্শ করলেন, আর পাথর হতে আগুন বেরিয়ে এসে যজ্ঞ পুড়িয়ে দিল। তখন দূত চলে গেলেন। গিদিয়োনের বাবা যোয়াশ, যিনি তার দেশের অধিবাসীদের ভ্রষ্টতায় অংশ নিয়েছিলেন, অক্রাতে বালের উদ্দেশে একটি বেদী নির্মাণ করেছিলেন। গিদিয়নকে আদেশ দেয়া হল যে তিনি যেন সেই বেদীটি ভেঙ্গে ফেলেন, এবং যে পাথরের উপর তার উপহার পোড়ানো হয়েছিল সেই পাথরের উপর যীহোবার (ঈশ্বরের) উদ্দেশে একটি যজ্ঞবেদী তৈরি করেন। বলিদান করা শুধু যাজকদের দায়িত্ব ছিল এবং তা শুধুমাত্র শীলোতে যে যজ্ঞবেদী ছিল সেখানেই দেয়া হত। কিন্তু যিনি এই আচার অনুষ্ঠান প্রতিষ্ঠা করেছিলেন, এ নিয়ম পদ্ধতি পরিবর্তন করার অধিকারও তাঁর ছিল। তার লোকদের শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ-যাত্রা করার আগে গিদিয়োনকে পৌত্তলিকতার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করতে হবে। PPBeng 394.4

গিদিয়োন এই সমস্তই গোপনে তার চাকরবাকরদের সহায়তায় এক রাতেই সম্পন্ন করলেন। পরদিন সকালে যখন অক্রার লোকেরা বালের আরাধনা করতে আসল, তখন তারা ক্রোধে দিশেহারা হয়ে পড়ল। যোয়াশ, যাকে দূত দর্শন সম্বন্ধে বলা হয়েছিল, তার ছেলের পক্ষ সমর্থন করলেন। "তোমরাই কি বালের পক্ষে বিবাদ করিবে? তোমরাই কি তাহাকে নিস্তার করিবে? যে কেহ তাহার পক্ষে বিবাদ করে, তাহার প্রাণদন্ড হইবে; প্রাতঃকাল পর্য্যন্ত (থাক)।" বাল যদি তার নিজের বেদী রক্ষা করতে না পারে, তবে সে কিভাবে তার আরাধনাকারীদের রক্ষা করবে? গিদিয়োনকে শাস্তি দেবার সমস্ত চিন্তা দূর হয়ে গেল। যখন তিনি যুদ্ধ যাত্রার তূরী বাজালেন, তখন অক্রার লোকেরাই প্রথমে তার পতাকা তলে একত্রিত হয়েছিল। মনঃশিতে তার নিজ বংশের নিকট, এবং আশের, সবুলুন ও নপ্তালির কাছে সংবাদবাহক উপস্থিত হল, আর সকলেই যুদ্ধের আহবানে সাড়া দিল। PPBeng 395.1

গিদিয়োন কি ভাবে নিশ্চিত হবেন ?

PPBeng 395

গিদিয়োন প্রার্থনা করলেন, "দেখুন, আমি খামারে ছিন্ন মেষলোম রাখিব, যদি কেবল সেই লোমের উপরে শিশির পড়ে, এবং সমস্ত ভূমি শুষ্ক থাকে, তবে আমি জানিব যে, আপনার বাক্যানুসারে আপনি আমার হস্ত দ্বারা ইস্রায়েলকে নিস্তার করিবেন।" ভোর বেলা দেখা গেল যে মেষলোম ভিজা ও সমস্ত জমি শুকনা । কিন্তু একটি সন্দেহ উপস্থিত হল,

কারণ যদি বাতাসে কোন জলীয় বাষ্প থাকে, তবে মেষলোম স্বাভাবিক ভাবেই তা চুষে নেয়; এই প্রমাণ ত সঠিক নাও হতে পারে। তাই তিনি অনুরোধ করলেন যে প্রমাণটি উল্টাভাবে উপস্থিত হোক। তার অনুরোধ রক্ষা করা হল। PPBeng 395.2

এতে উসাহিত হয়ে গিদিয়োন তার বাহিনী আক্রমণকারীদের বিরুদ্ধে পরিচালিত করলেন। "তখন মিদিয়নীয়, অমালেকীয় ও পূর্বদেশের লোকেরা একত্র হইল এবং পার হইয়া যিথ্রিয়েলের উপত্যকায় শিবির স্থাপন করিল।' গিদিয়োনের অধীনে সৈন্যদলের সংখ্যা ছিল বত্রিশ হাজার। কিন্তু তার বিপক্ষের অগণিত শত্রু সৈন্যরা যখন তার বিপক্ষে সমবেত হয়ে শিবির স্থাপন করল, তখন সদাপ্রভুর আদেশ হল: "তোমার সঙ্গী লোকদের সংখ্যা এত অধিক যে, আমি মিদিয়নীয়দিগকে তাহাদের হস্তে সমর্পণ করিব না; পাছে ইস্রায়েল আমার প্রতিকূলে গর্ব করিয়া বলে, আমি আাপন বাহুবলে উদ্ধার পাইলাম। অতএব তুমি এক্ষণে লোকদের কর্ণগোচরে এই কথা ঘোষণা কর, যে কেহ ভীত ও ত্রাসযুক্ত, সে ফিরিয়া গিলিয়দ পর্বত হইতে প্রস্থান করুক।" যারা বিপদ ও কষ্টের মোকাবেলা করতে অনিচ্ছুক, তারা ইস্রায়েল সৈন্যদের কোন শক্তি বৃদ্ধি করবে না। PPBeng 395.3

তার সৈন্য বাহিনীতে অনেক লোক ছিল এই ঘোষণাতে গিদিয়োন আশ্চর্যান্বিত হয়ে পড়লেন। কিন্তু সদাপ্রভু তাঁর লোকদের হৃদয়ের গর্ব ও অবিশ্বাস দেখতে পেয়েছিলেন। গিদিয়োনের আহবানে সাড়া দিয়ে তারা সহজেই দলভুক্ত হয়েছিলেন; কিন্তু মিদিয়নীয়দের সংখ্যাধিক্যতা দেখে অনেকেই ভীত হয়ে পড়েছিল। তথাপি যদি ইস্রায়েলরা যুদ্ধে জয়লাভ করত, তখন এরাই জয়ের জন্য ঈশ্বরকে গৌরবান্বিত না করে তাদের নিজেদেরই গৌরবান্বিত করত। PPBeng 396.1

মাত্র তিন'শ সৈন্য বাকী রইল

PPBeng 396

গিদিয়োন ঈশ্বরের নির্দেশ অনুসারে কাজ করলেন, এবং তিনি এই দেখে দুঃখীত হলেন যে তার সৈন্যদলের তিন ভাগের দু ভাগই ঘরে ফিরে গেল। আবারও ঈশ্বরের আদেশ হল: "লোক এখনও অধিক আছে; তুমি তাহাদিগকে লইয়া ঐ জলর কাছে নামিয়া যাও; সেখানে আমি তোমার জন্য তাহাদের পরীক্ষা লইব; তাহাতে যাহার বিষয়ে তোমাকে বলি, এ তোমার সহিত যাইবে, সেই তোমার সহিত যাইবে; এবং যাহার বিষয়ে তোমাকে বলি, এ তোমার সহিত যাইবে না, সে যাইবে না।' PPBeng 396.2

শত্রুদের উপর তৎক্ষণাৎ আক্রমণ করার জন্য আশান্বিত লোকদের জলের নিকট নিয়ে যাওয়া হল। কেউ কেউ অতি দ্রুত অল্প জল হস্তে নিয়ে গলা ভিজিয়ে দৌড়াতে লাগল; কিন্তু অধিকাংশরাই হাটুগেড়ে নদীর উপর ঝুকে পড়ে ধীরে ধীরে জল পান করতে লাগল। যারা হস্তে নিয়ে জল পান করেছিল, দশ হাজারের মধ্যে তাদের সংখ্যা ছিল মাত্র তিন'শ। এদেরেই বেছে নেয়া হল, আর বাকী সকলকেই ঘরে ফিরে যেতে দেয়া হল। PPBeng 396.3

বিপদের সময় যারা নিজের চাহিদা পূরণের জন্য ব্যস্ত থাকে, বিশেষ জরুরী মুহূর্তে তাদের উপর নির্ভর করা চলে না। ঐ তিন'শ ব্যক্তির যে শুধু সাহস ও আত্ম-নিয়ন্ত্রণ ক্ষমতা ছিল তা নয়, তারা ছিল বিশ্বাসী লোক। তারা পৌত্তলিকতা দ্বারা নিজদের অপবিত্র করে নি। ঈশ্বর তাদের পরিচালনা দিতে পারতেন, ও তাদের মাধ্যমে ইস্রায়েলদের উদ্ধার করতে পারতেন। যারা তাঁর সেবা করে তাদের সংখ্যাধিক্যতা দ্বারা ঈশ্বর তত গৌরবান্বিত হন না, যত গৌরবান্বিত হন তাদের চারিত্রিক উৎকর্ষতা দ্বারা। ইস্রায়েলরা সেই পাহাড়ের পার্শ্বদেশে অবস্থান গ্রহণ করল যেখান হতে তারা আক্রমণকারীদের শিবির দেখতে পারত । আর আক্রমণকারীরা "পঙ্গপালের ন্যায় উপত্যকায় পড়িয়াছিল, এবং তাহাদের উষ্ট্রও বাহুল্য প্রযুক্ত সমুদ্রতীরস্থ বালুকার ন্যায় অসংখ্য ছিল।" আগামী দিনের যুদ্ধের কথা স্মরণ করে গিদিয়োন ভয়ে কাঁপছিলেন। কিন্তু সদাপ্রভু তাকে মিদিয়নীয়দের তাঁবুর কাছে যেতে বললেন। ঐখানে তিনি তার উৎসাহ বৃদ্ধির জন্য কিছু শুনতে পাবেন । PPBeng 396.4

অন্ধকারে চুপ করে দাঁড়িয়ে থেকে শুনতে পেলেন যে একজন সৈনিক অন্য এক সৈনিকের নিকট তার স্বপ্ন বর্ণনা করছে, "দেখ, আমি একটা স্বপ্ন দেখিয়াছি, আর দেখ, যেন যবের একখানা রুটি মিদিয়নের শিবিরের মধ্য দিয়া গড়াইয়া গেল, এবং তাঁবুর নিকটে উপস্থিত হইয়া আঘাত করিল; তাহাতে তাঁবুখানা উল্টিয়া লম্বমান হইয়া পড়িল।" অন্য সৈন্য যে উত্তর দিল তাতে অদৃশ্য শ্রোতার হৃদয় উৎসাহিত হয়ে উঠিল, "উহা আর কিছু নয়, ইস্রায়েলীয় যোয়াশের পুত্র গিদিয়োনের খড়্গগ; ঈশ্বর মিদিয়নকে ও সমস্ত শিবিরকে তাহার হস্তে সমর্পণ করিয়াছেন।" PPBeng 397.1

গিদিয়োন বুঝতে পারলেন যে ঐ মিদিয়নীয় আগন্তকদের আলোচনার মাধ্যমে তিনি ঈশ্বরের বাণীই শুনতে পেলেন। তার অধীনস্থ অল্পসংখ্যক সৈন্যদের মধ্যে ফিরে এসে তিনি বললেন "উঠ, কেননা সদাপ্রভু তোমাদের হস্তে মিদিয়নের শিবির সমর্পণ করিয়াছেন।" PPBeng 397.2

ঈশ্বরের সহজ যুদ্ধ পরিকল্পনা

PPBeng 397

ঈশ্বরের নির্দেশে একটি আক্রমণ পরিকল্পনা তৈরি করা হল। তিন'শ সৈন্যকে তিনটি দলে বিভক্ত করা হল। প্রত্যেক সৈন্যকে এক একটি মাটির ঘটে লুকানো একটি মশাল ও একটি শিঙ্গা দেয়া হল । সৈন্যদের এমন ভাবে স্থাপন করা হল যে তারা ভিন্ন ভিন্ন দিক হতে মিদিয়নীয়দের শিবিরে আসতে পারে। গভীর রাতে গিদিয়োনের যুদ্ধের তুরী ধ্বনির ইঙ্গিতের সাথে তিনটি দলই নিজ নিজ শিঙ্গা বাঁজাতে আরম্ভ করল। তারপর তাদের মাটির ঘট ভেঙ্গে এবং উজ্জ্বল মশালের আলো বিকিরণ করে ভয়ঙ্কর চিৎকারের সহিত শত্রুদের উপর ঝাপিয়ে পড়ল, "সদাপ্রভুরও জন্য গিদিয়োনের খড়্গ। PPBeng 397.3

ঘুমন্ত সৈন্যরা সহসা জেগে উঠল। চতুর্দিকে মশালের উজ্জ্বল আলো দেখা যেতে লাগল। আর চতুর্দিক হতে শিঙ্গাধ্বনি ও যুদ্ধের চিৎকার... শুনা গেল। তারা একটি বিশাল বাহিনীর করুণার উপর নির্ভরশীল ভেবে মিদিয়নীরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়ল। ভয়ে চিকার করে তারা জীবন নিয়ে পালাতে শুরু করল, আর তাদের নিজ সৈন্যদের শত্রু সৈন্য মনে করে একে অপরকে হত্যা করতে লাগল। PPBeng 397.4

যখন যুদ্ধ জয়ের সংবাদ ছড়িয়ে পড়ল, তখন যে সকল হাজার হাজার লোকদের ঘরে পাঠিয়ে দেয়া হয়েছিল তারা ফিরে এসে পলায়নরত শত্রুদের পশ্চাৎধাবন করল। গিদিয়োন ইফ্রয়িমের বংশদের নিকট সংবাদ প্রেরণ করলেন যে তারা যেন দক্ষিণ দিকের জলাভূমিতে পলাতকদের আক্রমণ করে। ইতিমধ্যে গিদিয়োন ও তার তিন শ' সঙ্গী "ক্লান্ত হইলেও তাড়া করিয়া যাইতেছিল," এবং যারা অত্যন্ত দূরে পালিয়ে যাচ্ছিল তাদের পেছনে তাড়া করে নদী পার হলেন। সেব ও সলমুন্ন নামক দুজন রাজপুত্র পনেরো হাজার সৈন্য পালিয়ে গিয়েছিল। গিদিয়োন তাদের ধরে ফেলে তাদের সৈন্যদলকে ছিন্ন ভিন্ন করে দেন ও তাদের নেতাদের বন্ধী ও হত্যা করেন। PPBeng 398.1

আক্রমণকারীদের এক লাখ বিশ হাজার সৈন্য ধ্বংস হয়। মিদিয়নীয়দের ক্ষমতা ধ্বংস হয়। আর কোন দিনই তারা ইস্রায়েলদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা করতে পারে নি। যখন আশে পাশের জাতিরা শুনতে পেল কি একটি সহজ পদ্ধতি এই সাহসী যোদ্ধা জাতির পরাজয়ের কারণ হয়েছে, তখন বর্ণনাতীত ভয়ে তারা ভীত হয়ে উঠল। PPBeng 398.2

মিদিয়নীয়দের পরাস্ত করার জন্য ঈশ্বর যে নেতাকে মনোনয়ন করেছিলেন তিনি কোন শাসক, যাজক, অথবা কোন লেবীয় ছিলেন না। তার পিতার বংশে তিনি নিজেকে অত্যন্ত নগন্য বলে মনে করতেন। আর তিনি নিজেদের উপর আস্থা রাখতেন না এবং সদাপ্রভুর পরিচালনা মোতাবেক চলতে রাজী ছিলেন। ঈশ্বর তাদের বেছে নেন যাদের তিনি ভালভাবে ব্যবহার করতে পারবেন। "সম্মানের আগে নম্রতা থাকে।" হিতোপদেশ ১৫:৩৩। তাদের দুর্বলতাকে তাঁর শক্তির সাথে যুক্ত করে তিনি তাদের শক্তিশালী করেন এবং তাদের অজ্ঞতা তাঁর জ্ঞানের সাথে যুক্ত করে তিনি তাদের জ্ঞানী করেন। PPBeng 398.3

যাদের অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব অর্পণ করার পরে যারা ঈশ্বরের উপর তাদের নির্ভরশীলতা ভুলে যান না এমন লোক খুবই অল্প। এই জন্যই তাঁর কার্য্যের জন্য কর্মী নিয়োগের সময় সদাপ্রভু তাদের মনোনয়ন করেন না যাদের পৃথিবীর লোক মহৎ, কর্মদক্ষ ও বুদ্ধিমান বলে মনে করেন। তারা গর্বিত এবং ঈশ্বরের পরামর্শ ছাড়াই কাজ করতে পারবেন বলে ধারণা রাখেন। PPBeng 398.4

গিদিয়োন ও যিহোশূয় কনানীয়দের সহিত যুদ্ধের সময় যেরূপ করেছিলেন আত্মিক যুদ্ধেও ঠিক সেইরূপ ঈশ্বরের উপর বিশ্বাস ও তাঁর ইচ্ছার প্রতি বাধ্য থাকা একান্ত প্রয়োজন। তাঁর লোকদের প্রচেষ্টাকে সাফল্যমন্ডিত করতে, ও দুর্বল মানুষের মাধ্যমে মহান কাজ সাধন

করতে ঈশ্বর এখনও প্রস্তুত। ঈশ্বর "আমাদের সমস্ত যাচঞার ও চিন্তার নিতান্ত অতিরিক্ত কর্ম করিতে পারেন।" ইফিষীয় ৩:২০। PPBeng 398.5

যখন গিদিয়োনের আহবানে ইস্রায়েলের লোকেরা মিদিয়নীয়দের বিরুদ্ধে যুদ্ধের জন্য একত্রিত হয়েছিল, তখন ইফ্রয়িমের বংশ পেছনে রয়ে গিয়েছিল। যেহেতু গিদিয়োন তাদের বিশেষ ভাবে আহবান জানান নি তাই তারা তাদের ভ্রাতাদের সাথে সংযুক্ত না হবার একটি ছুতা পেয়ে গেল। কিন্তু যখন ইস্রায়েলদের বিজয়ের সংবাদ তাদের কাছে পৌঁছাল, তখন তারা এতে অংশ গ্রহণ করে নি বলে ইফ্রয়িমরা ঈর্ষান্বিত হল। PPBeng 399.1

মিদিয়নীয়দের পরাভূত করার পর তারা বিজয় পূর্ণ করার জন্য যুদ্ধে অংশ গ্রহণ করল। এতদ্‌সত্ত্বেও গিদিয়োন নিজ ইচ্ছা ও বিচারবুদ্ধি অনুসারে কাজ করেছেন মনে করে তারা ঈর্ষান্বিত ও ক্রুদ্ধ হল। ইস্রায়েলদের বিজয়ে তারা ঈশ্বরের হস্ত দেখতে পেল না, এবং এতেই প্রমাণিত হলো যে তারা তাঁর বিশেষ কার্যের জন্য ব্যবহৃত হবার অনুপযুক্ত ছিল। বিজয়ের পুরস্কার নিয়ে ফিরে এসে তারা গিদিয়োনের প্রতি ক্রোধান্বিত হল ও বল্‌ল "তুমি মিদিয়োনের সহিত যুদ্ধ করিতে যাইবার সময়ে আমাদিগকে যে আহবান কর নাই, আমাদের প্রতি এ কেমন ব্যবহার করিলে?" PPBeng 399.2

গিদিয়োন নম্রতার প্রমাণ দেন

PPBeng 399

গিদিয়োন বললেন, "তোমাদের কর্মের তুল্য কোন কর্ম আমি করিয়াছি? অবীয়েষরের দ্রাক্ষা চয়ন অপেক্ষা ইফ্রয়িমের পরিত্যক্ত দ্রাক্ষা ফল কুড়ান কি ভাল নয়? তোমাদেরই হস্তে ত ঈশ্বর মিদিয়োনের দুই রাজাকে, ওরেব ও সেবকে, সমর্পণ করিয়াছেন; আমি তোমাদের এই কর্মের তুল্য কোন কাজ করিতে পারিয়াছি?" গিদিয়োনের নম্র উত্তর ইফ্রিয়মদের ক্রোধ প্রশমিত করল আর তারা শান্তিপূর্ণ ভাবে নিজ নিজ গৃহে প্রত্যাবর্তন করল। গিদিয়োন এমন এক মনোভাব প্রদর্শন করলেন যা সচরাচর দেখা যায় না। মিদিয়নীয়দের হস্ত হতে মুক্তি লাভ করার কৃতজ্ঞতায় ইস্রায়েলরা ঈশ্বরের শাসন নীতির বিরুদ্ধে গিয়ে প্রস্তাব করল যে গিদিয়োন রাজা হন। ঈশ্বরই ইস্রায়েলদের রাজা ছিলেন, এবং সিংহাসনে একজন রাজাকে বসানো তাদের জন্য স্বর্গীয় রাজাকে অস্বীকার করা হবে। গিদিয়োন এই সত্য অনুধাবন করলেন। তার উত্তর প্রমাণ করল যে তার মনোভাব কত খাঁটি ছিল: "আমি তোমাদের উপরে কর্তৃত্ব করিব না, এবং আমার পুত্রও তোমাদের উপরে রাজত্ব করিবে না; সদাপ্রভুই তোমাদের উপরে কর্তৃত্ব করিবেন।" PPBeng 399.3

কিন্তু গিদিয়োন আরেকটি ভুলে জড়িয়ে পড়লেন, যা তার পরিবারে ও সমস্ত ইস্রায়েলের উপর সঙ্কট ডেকে আনল। একটি প্রচন্ড যুদ্ধের পর যে অকর্মন্যতা আসে তাতে যুদ্ধের চেয়ে বেশী বিপদ লুকিয়ে থাকে। গিদিয়োন এখন এই বিপদের সম্মুখীন হলেন। তার উপর

এক অস্থিরতা ভর করল। স্বর্গীয় নির্দেশের অপেক্ষা না করে, তিনি নিজে নিজেই পরিকল্পনা তৈরি করতে লাগলেন। PPBeng 399.4

যখন সদাপ্রভুর দূত তার নিকট উপস্থিত হয়েছিলেন তখন যেহেতু পাথরটির উপর তাকে বলি দেয়ার আদেশ দেয়া হয়েছিল, তাই গিদিয়োন ধরে নিলেন যে তাকে এখন যাজক নিযুক্ত করা হয়েছে। স্বর্গীয় অনুমোদনের অপেক্ষা না করে, সমাগম তাম্বুতে যে ধরণের আরাধনা পদ্ধতি চালু ছিল, সেই ধরণের আরাধনা পদ্ধতি তিনি নিজে প্রতিষ্ঠা করতে সংকল্প করলেন। PPBeng 400.1

তার পক্ষে শক্ত জনমত থাকার ফলে, পরিকল্পনা অনুযায়ী কাজ করতে তার কোন বাধা আসল না। মিদিয়নীয়দের নিকট হতে যত সোনার ঝুমকা লুট করে নেয়া হয়েছিল, তার অনুরোধে সেগুলি তার লুটের ভাগ হিসাবে তাকে দেয়া হল। মিদিয়নীয় রাজপুত্রদের সুসজ্জিত বস্ত্রাদিসহ আরো অন্যান্য মূল্যবান বস্তু সংগ্রহ করে লোকেরা তাকে দিল। সরবরাহ কৃত এই সমস্ত জিনিস দিয়ে মহা যাজকের যে ধরণের এফোদ ও বুকপাটা ছিল, গিদিয়োন সেইরূপ এফোদ ও বুকপাটা নিজের জন্য তৈরি করলেন। তার এই কাজ তার জন্য তার পরিবারের জন্য, এমন কি সমস্ত ইস্রায়েল জাতির জন্য একটি ফাঁদে পরিণত হল। পরিশেষে এই অননুমোদিত উপাসনা বহু লোককে সদাপ্রভুকে ত্যাগ করে পুতুল পূজার দিকে পরিচালিত করল। তার মৃত্যুর পর তার পরিবারসহ অনেক লোক ভ্রষ্ট হয়ে পড়ল। যে লোক একদা পৌত্তলিকতা ধ্বংস করেছিল সেই একই লোক অনেককে ঈশ্বর হতে দূরে সরিয়ে নিয়ে গেল। PPBeng 400.2

যারা উচ্চ ক্ষমতায় অধিষ্ঠিত তারা ভুল পথে পরিচালিত করতে পারেন। জ্ঞানীতম ব্যক্তিও ভুল করেন; সবচেয়ে শক্তিশালী ব্যক্তিও হেঁচোট খেয়ে পড়ে যান। আমাদের একমাত্র নিরাপত্তা হল তাঁর পরিচালনায় পূর্ণ আস্থা স্থাপন করা যিনি বলেছেন, “আমার পিছনে আইস”। PPBeng 400.3

গিদিয়োনের মৃত্যুর পর ইস্রায়েলরা তার হীনজন্মা ছেলে অবীমেলককে তাদের রাজারূপে গ্রহণ করল, যে অবীমেলক নিজ ক্ষমতা বহাল রাখার জন্য একজন ছাড়া গিদিয়োনের প্রত্যেক আসল সন্তানদের হত্যা করেছিল। গিদিয়োনের পরিবারের প্রতি ইস্রায়েলদের যে নিষ্ঠুর আচরণ দেখা গেল, তা ঐ জাতির নিকট হতে অবশ্যই প্রত্যাশা করা যায় যারা ঈশ্বরের প্রতি এত বেশী অকৃতজ্ঞ হয়। PPBeng 400.4

আরো হীন আচরণ ও আরো কষ্টভোগ

PPBeng 401

অবীমেলকের মৃত্যুর পর ঈশ্বরকে ভয়কারী কিছু বিচারক শাসন পরিচালনা করলেন ও পৌত্তলিকতা দমনে রাখলেন। কিন্তু কিছুদিন যেতে না যেতেই লোকেরা আশে পাশের

পৌত্তলিকদের পদ্ধতি অনুসরণ করতে শুরু করল। ভ্রষ্টতা শাস্তি আনয়ন করল। অম্মোনীয়েরা দেশের পূর্ব দিকের বংশসমূহকে পরাভূত করল এবং যদন নদী পার হয়ে যিহুদা ও ইফ্লুয়িমদের উপর আক্রমণ করল। পশ্চিম দিক হতে পলেষ্টীয়রা সমুদ্র তীরের তাদের সমভূমি হতে উঠে এসে আক্রমণ শুরু করল ও চতুর্দিকে অগ্নি সংযোগ ও লুটতরাজ আরম্ভ করল। মনে হল ইস্রায়েলদের তাদের শক্তিশালী শত্রুদের হস্তে ন্যস্ত করা হয়েছে। PPBeng 401.1

যাঁকে তারা অবিশ্বাস করেছিল এবং পরিত্যাগ করেছিল ইস্রায়েলরা আবার তাঁরই সাহায্য কামনা করল। "পরে ইস্রায়েলগণ সদাপ্রভুর কাছে কান্নাকাটি করিয়া বলিল, "আমরা তোমার বিরুদ্ধে পাপ করিয়াছি, কেননা আমরা নিজদের ঈশ্বরকে ত্যাগ এবং বালদেবতাদের সেবা করিয়াছি।" তাদের উপর যন্ত্রণা নেমে এসেছিল বলেই লোকেরা কান্নাকাটি করছিল, কিন্তু তাঁর পবিত্র ব্যবস্থা লঙঘন করে ঈশ্বরকে অবমাননা করার জন্য তারা কাঁদে নি। সত্যিকার অনুতাপ হল মন্দ পরিত্যাগ করা। PPBeng 401.2

সদাপ্রভু তার ভাববাদীদের একজনের মাধ্যমে উত্তর দিলেন, মিসরীয়দের হইতে, ইমোরীয়দের হইতে, অম্মোন সন্তানদের হইতে ও পলেষ্টীয়দের হইতে আমি কি তোমাদিগকে (উদ্ধার করি) নাই? এবং তোমরা আমার কাছে কান্নাকাটি করিলে আমি তাহাদের হস্ত হইতে তোমাদিগকে উদ্ধার করিলাম। তথাপি তোমরা আমাকে ত্যাগ করিয়া অন্য দেবতাদের সেবা করিলে, অতএব আমি আর তোমাদের উদ্ধার করিব না; যাও; নিজেদের মনোনীত ঐ দেবতাদের কাছে কান্নাকাটি কর; বিপদের সময়ে তাহারাই তোমাদিগকে উদ্ধার করুক। PPBeng 401.3

ইস্রায়েলরা এখন সদাপ্রভুর কাছে খুবই নত হল। "পরে তাহারা নিজেদের মধ্য হইতে বিজাতীয় দেবতাদিগকে দূর করিয়া সদাপ্রভুর সেবা করিল।" আর সদাপ্রভুর প্রেমপূর্ণ হৃদয়ে "ইস্রায়েলের কষ্টে দুঃখিত হইল।" আমাদের ঈশ্বরের অনুগ্রহ কি ধৈর্য্যশীল! যখন তাঁর লোকেরা যে পাপ তাদের তাঁর সম্মুখ হতে দূরে সরিয়ে নিয়ে গেল তা বাদ দিল, তখন তিনি তাদের প্রার্থনা শুনলেন এবং তক্ষণা তাদের উদ্ধারের জন্য কাজ শুরু করলেন। যিপ্তহ নামক একজন উদ্ধারকর্তা তাদের জন্য উঠে এলেন যিনি অম্মোনীয়দের সাথে যুদ্ধ করে তাদের ক্ষমতা সম্পূর্ণরূপে চূর্ণ করলেন। ঐ সময় আঠারো বসর পর্যন্ত ইস্রায়েলরা তাদের শত্রুদের হস্তে নির্যাতন ভোগ করেছিল, কিন্তু ঐ নির্যাতনের দ্বারা যে শিক্ষা তাদের দেয়া হয়েছিল, তারা আবার তা ভূলে গেল। PPBeng 401.4

যখন তাঁর লোকেরা তাদের মন্দ পথে আবার ফিরে গেল, সদাপ্রভু তখন তাদের শক্তিশালী শত্রু, পলেষ্টীয়দের দ্বারা তাদের নির্যাতিত হতে দিলেন। অনেক বসর পর্য্যন্ত তারা অনবরত নির্যাতিত হতে থাকল, আর এই নিষ্ঠুর যোদ্ধা জাতি দ্বারা কখনো কখনো সম্পূর্ণ ভাবে পরাজিত হল। তারা ঐ সমস্ত পৌত্তলিকদের সহিত তাদের আনন্দে ও উপাসনায় এমন

ভাবে মিশতে শুরু করল যে পরে মনে হল তারা তাদের আত্মা ও মনে তাদের সহিত এক হয়ে গিয়েছে। আর তখন ইস্রায়েলদের এই ভ্রান্ত বন্ধুরা তাদের তিক্ততা শত্রুতে পরিণত হল এবং তাদের ধ্বংস করতে চেষ্টা করতে লাগল। PPBeng 402.1

বাইবেল সহজ ভাষায় শিক্ষা দেয় যে ঈশ্বরের লোকদের সাথে পৃথিবীর কোন ঐক্য স্থাপিত হতে পারে না। ঈশ্বরের লোকদের পাপের পথে নিয়ে যাওয়ার জন্য শয়তান ভ্রষ্টতার ব্যবহার করে থাকে যারা ইস্রায়েলদের সহিত বন্ধুত্বের ছদ্মবেশ ধারণ করে। আর যখন তাদের প্রতিরোধ ক্ষমতা ধ্বংস হয়ে যায়, তখন সে তার প্রতিনিধিদের তাদের বিপক্ষে পরিচালিত করে এবং তাদের ধ্বংস করার চেষ্টা করে। PPBeng 402.2

অধ্যায় ৫৪—শিম্‌শোন, খুবই শক্তিশালী অথচ খুবই দুর্বল ব্যক্তি

PPBeng 403

প্রচন্ড ও বহুল ভ্রষ্টতার মধ্যে ঈশ্বরের বিশ্বস্ত আরাধনাকারীরা ইস্রায়েলের মুক্তির জন্য তাঁর নিকট আবেদন করতে লাগলেন। যদিও মনে হল যে কোন উত্তর আসছে না, তথাপি পলেষ্টীয়দের অত্যাচারের প্রথম দিকে একটি সন্তান জন্ম নিল যার মাধ্যমে ঈশ্বর শক্তিশালী শত্রুদের ক্ষমতা খর্ব করার পরিকল্পনা করলেন। PPBeng 403.1

মানোহের সন্তানহীন স্ত্রীর নিকট "সদাপ্রভুর দূত" এই সংবাদ নিয়ে উপস্থিত হলেন যে তার একটি ছেলে হবে যার মাধ্যমে ঈশ্বর ইস্রায়েলদের মুক্তি প্রক্রিয়া শুরু করবেন। দূত তাকে তার নিজের অভ্যাস সম্বন্ধে ও তার সন্তানকে লালনপালন সম্বন্ধে উপদেশ দেন, "দ্রাক্ষারস কি সুরা পান করিও না, এবং কোন অপবিত্র বস্তু ভোজন করিও না।" তার সন্তানের উপর একই নিষেধ প্রযোজ্য ছিল, তার সাথে আরো যুক্ত ছিল তার চুল না কাটার নির্দেশ কারণ তাকে তার জন্ম হতেই ঈশ্বরের উদ্দেশে একজন "নাসরীয়" রূপে উসর্গ করা হবে। PPBeng 403.2

জন্মের পূর্ববর্তী প্রশিক্ষণের গুরুত্ব

PPBeng 403

কোন ভুল করার সম্ভাবনায় ভীত হয়ে স্বামী ঈশ্বরের নিকট প্রার্থনা করলেন, "হে প্রভু, ঈশ্বরের যে লোককে আপনি আমাদের কাছে পাঠাইয়াছিলেন, তাঁহাকে পুনর্বার আমাদের কাছে আসিতে দিউন, এবং যে বালকটি জন্মিবে, তাহার প্রতি আমাদের কি কর্তব্য, তাহা আমাদিগকে বুঝাইয়া দিউন।" PPBeng 403.3

যখন দূত আবার উপস্থিত হলেন, তখন মানোহ জিজ্ঞাসা করলেন, "সেই বালকের প্রতি কি বিধি ও কি কর্তব্য?" আগের উপদেশ পুনরুক্তি করা হল-- "আমি ঐ স্ত্রীকে যে সমস্ত কথা বলিয়াছি সে সকল বিষয়ে সে সাবধান থাকুক।...আমি তাহাকে যাহা কিছু আজ্ঞা দিয়াছি, সে তাহা পালন করুক।" PPBeng 403.4

পর্য্যন্ত। প্রতিজ্ঞাত ছেলের গুরুত্বপূর্ণ কাজের জন্য প্রয়োজনীয় যোগ্যতা পালন করার লক্ষ্যে, মা ও ছেলের অভ্যাসগুলি সযত্নে নিয়ন্ত্রণ করতে হবে। মার অভ্যাসের জন্য বাচ্চারও ভাল বা মন্দের অভ্যাস হবে। যদি সে সন্তানের ভাল কামনা করে তবে সে মিতাচারের ও আত্ম-ত্যাগের নীতি দ্বারা নিয়ন্ত্রিত হতে রাজী হবে। অবুঝ পরামর্শদাতার মাকে তার সকল কামনা ও আবেগ পরিতৃপ্ত করার পরামর্শ দেবেন; কিন্তু ঈশ্বরের আজ্ঞা অনুযায়ী মাকে আত্ম-নিয়ন্ত্রণ অনুশীলন করতে হবে। PPBeng 404.1

আর এই দায়িত্ব পিতা ও মায়ের উপর সমভাবে অর্পিত হয়েছে। পিতামাতার অমিতাচারীতার কারণে, ছেলেমেয়েরা প্রায়ই শারীরিক, মানসিক ও নৈতিক শক্তির অভাব বোধ করে। মদ্যপায়ী ও ধূমপায়ীরা তাদের অতৃপ্তিকর পিপাসা, উত্তপ্ত রক্ত ও উত্তেজক স্নায়ু তাদের সন্তানদের মধ্যেও প্রেরণ করতে পারেন। লম্পটরা অস্বাভাবিক কামনা এমন কি ঘৃন্য কোন রোগ তাদের সন্তানদের মধ্যে দিয়ে দিতে পারেন। প্রত্যেক প্রজন্মের হীন হতে হীনতর হওয়ার ভাব রয়েছে। হাজারো ছেলেমেয়ের বধিরতা অন্ধত্ব, রুগ্নতা অথবা উন্মাদনামূলক দুর্বলতার জন্য পিতামাতারাই অধিকাংশ ক্ষেত্রে দায়ী। PPBeng 404.2

অনেকেই জন্মের পূর্বের প্রভাবের ফলাফলকে বেশী একটা গুরুত্ব দেন না, কিন্তু ঐ যিহুদী পরিবারকে যে স্বর্গীয় উপদেশ প্রেরণ করা হয়েছিল তা থেকে এটা সহজেই অনুমান করা সম্ভব যে আমাদের স্রষ্টা এতে কত গুরুত্ব প্রদান করে থাকেন। PPBeng 404.3

পিতামাতা হতে একটি উত্তম উত্তরাধীকারকে উপযুক্ত শিক্ষা ও উপযুক্ত অভ্যাস গঠনের প্রশিক্ষা দ্বারা শক্তিশালী করে তুলতে হবে। ঈশ্বর আদেশ করেছিলেন যে ইস্রায়েলদের ভবিষ্য বিচারক ও উদ্ধারকর্তা একটি চিরস্থায়ী নিষেধের মাধ্যমে মদ ও অন্যান্য নেশাকর পানীয় হতে দূরে থাকবে। বাল্যকাল হতেই মিতাচার, আত্ম-নিয়ন্ত্রণ, ও আত্ম-অস্বীকার শিক্ষা দেয়া প্রয়োজন। PPBeng 404.4

শুচি ও অশুচি খাদ্যের মধ্যে পার্থক্য করা প্রয়োজন কেন?

PPBeng 404

প্রধানতঃ স্বাস্থ্য নীতির উপর ভিত্তি করে খাদ্যের মধ্যে শুচি ও অশুচি নিরুপণ করা হয়েছে। যিহুদী জাতিকে যে আশ্চর্য্য ক্ষমতা দ্বারা হাজার হাজার বসর যাব চিহ্নিত করা হয়েছে তা অনেকাংশেই এই পার্থক্যের নির্ভরশীল। উত্তেজনা সৃষ্টিকারী ও হজমে বাধা দানকারী খাদ্যে স্বাস্থ্যের জন্য ক্ষতিকর, আর অনেক ক্ষেত্রেই ঐ জাতীয় খাদ্যের মধ্যে মাতলামীর বীজ নিহিত থাকে। প্রকৃত মিতাচার আমাদের ক্ষতিকর খাদ্য পরিহার করতে ও উপকারী খাদ্য গ্রহণ করতে শিক্ষা দিয়ে থাকে। আমাদের স্বাস্থ্য, আমাদের চরিত্র, পৃথিবীতে আমাদের কার্যকারীতা, এবং আমাদের চিরস্থায়ী গন্তব্য যে আমাদের খাদ্যাভ্যাসের উপর কত নির্ভরশীল তা অতি অল্প লোকই অনুধাবন করেত পারেন। দেহ মনের দাস হবে, মন দেহের দাস হবে না। PPBeng 404.5

শিশোনের শক্তি ঈশ্বরের প্রতি তার বিশ্বস্ততার উপর নির্ভরশীল ছিল

PPBeng 405

শিশোনের জন্মের মাধ্যমে মানোহের নিকট দেয়া স্বর্গীয় প্রতিজ্ঞা পূরণ হল। বালকটি যখন বাড়তে থাকল তখন প্রমাণ পাওয়া গেল যে সে অসাধারণ শক্তির অধিকারী ছিল। শিমশোন ও তার পিতামাতা জানতেন যে ঐ শক্তি তার দৈহিক শক্ত পেশীর উপর নির্ভরশীল

ছিল না, কিন্তু তা নির্ভরশীল ছিল তার নাসরীয় হওয়ার উপর, যার প্রমাণ ছিল তার মাথার কোন দিন- না-কাটা চুল । যদি শিশোন ঈশ্বরের আজ্ঞা মেনে চলত তবে তার ভাগ্য হত সবচেয়ে মহ ও সুখময়। কিন্তু পৌত্তলিকদের সহিত বন্ধুত্ব তাকে ভ্রষ্ট করে তুলে । PPBeng 405.1

সারা শহরটি পলেষ্টীয় দেশের নিকবর্তী থাকায় শিশোন পলেষ্টীয়দের সাথে বন্ধত্বপূর্ণ মেলামেশা শুরু করল। পলেষ্টীয় শহর তিন্নায় বসবাসকারী একটি যুবতী শিমশোনের আবেগকে আকর্ষণ করল, এবং সে তাকে তার স্ত্রীরূপে গ্রহণ করার সিন্ধান্ত নিল । ঈশ্বরের প্রতি ভয়শীল তার পিতামাতা তাকে ঐ লক্ষ্য হতে সরিয়ে আনতে চাইলেন, কিন্তু তাদের নিকটকার একমাত্র উত্তর ছিল, "আমার দৃষ্টিতে সে মনোহরা ।" অবশেষে বিয়ে সম্পন্ন হল । PPBeng 405.2

ইলা যখন শিশোন যৌবনে পদার্পণ করছিল, আর যে সময়টি সে ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকার কথা ছিল, ঠিক সেই সময়ই সে ইস্রায়েলদের শত্রুদের সাথে সম্পর্ক স্থাপন আরম্ভ করে। সে জানতে চাইল না যে সে যদি তার পছন্দ করা নারীর সাথে সংযুক্ত হয় তবে সে ঈশ্বরের আরো অধিক গৌরব করতে পারবে কি না। যারাই প্রথমে তাঁকে সম্মান করতে চায়, ঈশ্বর তাদের জ্ঞান দেবার প্রতিজ্ঞা করেছেন। কিন্তু যারা আত্ম-তুষ্টির চেষ্টায় ব্যস্ত তাদের নিকট কোন প্রতিজ্ঞা করা হয় নাই । PPBeng 405.3

স্বামী অথবা স্ত্রী নির্বাচনের সময় প্রায়ই ইচ্ছা বা মানসিক প্রবণতা প্রাধান্য পায়! কোন পক্ষই ঈশ্বরের পরামর্শ গ্রহণে উদ্যোগ নেন না অথবা তার গৌরব প্রকাশের চিন্তা তাদের মনে আনে না । শয়তান সর্বদাই তার নিজ ক্ষমতা ঈশ্বরের লোকদের উপর বৃদ্ধি করতে চায় এবং তাই সে তাদের তার রাজ্যের প্রজাদের সাথে সম্পর্ক-বদ্ধ হতে অনুপ্রাণিত করে। আর এই লক্ষ্য বাস্ত বায়িত করার জন্য সে অপবিত্র কামনা জাগিয়ে তোলার চেষ্টা করে । PPBeng 405.4

কিন্তু সদাপ্রভু তাঁর লোকদের উপদেশ দিয়েছেন যেন যাদের হৃদয়ে তাঁর প্রেম বাস না করে তাদের সাথে তারা যেন বিবাহ বন্ধনে আবদ্ধ না হয় । "আর বলীয়ালের (পাপ দেবের) সহিত খ্রীষ্টের কি ঐক্য ? অবিশ্বাসীর সহিত বিশ্বাসীরই বা কি অংশ ? আর প্রতিমাদের সহিত ঈশ্বরের মন্দিরেরই বা কি সম্পর্ক ?" ২ করিন্থীয় ৬:১৫, ১৬। PPBeng 406.1

বিবাহের ভোজের মুহূর্তে, শিশোন সেই পরিচিত বন্ধুদের সহিত একত্রিত হল যারা ইস্রায়েলদের ঈশ্বরকে ঘৃণা করত। বিবাহভোজ শেষ হবার আগেই দেখা গেল সে স্ত্রী তার স্বামীর প্রতি বিশ্বাস ঘাতকতা করল। স্ত্রীর অবিশ্বস্ততায় ক্রুদ্ধ হয়ে শিশোন তাকে কিছু কালের জন্য ছেড়ে সরার বাড়িতে একা ফিরে গেল। কিছু নরম হওয়ার পর আবার তার স্ত্রীকে আনতে ফেরত গেল, তখন সে দেখতে পেল যে সে অন্য লোকদের স্ত্রীতে পরিণত হয়েছে। পলেষ্টীয়দের সমস্ত মাঠ ও আঙ্গুর ক্ষেত ধ্বংসের মাধ্যমে তার প্রতিশোধ গ্রহণ

করার ফলে পলেষ্টীয়রা তার স্ত্রীকে হত্যা করল, যদিও সে (তার স্ত্রী) তাদের ভয় দেখানোর ফলেই প্রতারণার আশ্রয় গ্রহণ করে আর তাতেই সমস্যার শুরু হয় । PPBeng 406.2

একাকী খালি হাতে একটি সিংহকে মেরে এবং অস্কিলোনে ত্রিশজন লোককে হত্যা করে শিমশোন তার আশ্চর্য শক্তির পরিচয় দিয়েছিল । এখন তার স্ত্রীর নৃশংস হত্যায় ক্রোধান্বিত হয়ে সে পলেষ্টীয়দের আক্রমণ করল এবং "তাহাদিগকে...মহা আঘাত করিলেন।" নিজের জন্য একটি নিরাপদ আশ্রয় হিসাবে সে যিহূদার "ঐটম শৈলের ফাটালে" বাস করতে লাগল । PPBeng 406.3

ঐখানে তার অনুসন্ধানে লোক আসল এবং ভয়ে ভীত যিহূদার লোকেরা তাকে তার শত্রুদের হাতে সমর্পণ করার জন্য এক হীন ষড়যন্ত্র করল । তাই যিহূদার তিন হাজার লোক তার নিকট উপস্থিত হল । শিশোন তাদের দুটি নূতন দড়ি দিয়ে বাঁধতে দিল, এবং মহা আনন্দময় শোভাযাত্রাসহ তারা তাকে তার শত্রুদের শিবিরে নিয়ে গেল। কিন্তু "তখন সদাপ্রভুর আত্মা সবলে তাহার উপরে আসিলেন।" সে নূতন শক্ত দড়ি দুটিকে এমন ভাবে ছিঁড়ে ফেলল্ যে ঐগুলি যেন আগুনে পোড়ানো সূতা ছিল। তারপর তার হাতের নিকটতম অস্ত্র গাধার চোয়ালের হাড় দ্বারা সে পলেষ্টীয়দের আঘাত করতে আরম্ভ করল, আর তাতে মাঠে এক হাজার লোকের মৃতদেহ পড়ে থাকল । PPBeng 406.4

যদি ইস্রায়েলরা শিমশোনের সাথে ঐক্যবদ্ধ হয়ে ঐ বিজয়কে অনুসরণ করত, তবে হয়ত তারা তাদের অন্যায়কারীদের হাত হতে মুক্তি পেতে পারত। কিন্তু তারা হতোদ্দম হয়ে পড়েছিল, আর পৌত্তলিকদের তাড়িয়ে দেবার ঈশ্বরের যে আদেশ ছিল তার প্রতি অবহেলা দেখিয়েছিল বরং তারা তাদের সাথে একত্রিত হয়ে তাদের নৈতিকতাহীন জীবন যাপনে অংশ গ্রহণ করেছিল। যদি তারা ঈশ্বরের আজ্ঞা মেনে চলত তবে তাদের ঐ অনৈতিকতার কাছে অবনমিত হতে হত না । এমন কি যখন সদাপ্রভু তাদের জন্য একজন উদ্ধারকর্তা নিযুক্ত করলেন তখনও তারা প্রায়ই তাকে পরিত্যাগ করে তাদের শত্রুদের সাথে মিলে যেত। PPBeng 406.5

শিশোনের ভুল বিয়ে

PPBeng 407

তার জয়লাভের পর, ইস্রায়েলরা শিশোনকে তাদের বিচারকর্তা নিযুক্ত করল এবং সে বিশ বৎসর যাবত ইস্রায়েলদের শাসন করল । কিন্তু পলেষ্টীয়দের মধ্যে বিয়ে করে শিমশোন ঈশ্বরের আদেশ অমান্য করে, আর আবারও সে তার বেআইনী আবেগের তাড়নায় তাদের মধ্যে ফিরে যেতে সাহস করল-আর পলেষ্টীয়রা এখন তার মারাত্মক শত্রু। নিজ শক্তির উপর আস্থা রেখে সে ঘসাতে একজন বেশ্যার নিকট গেল । শহরের অধিবাসীরা তার আগমন সম্বন্ধে জানতে পারল এবং প্রতিশোধ নেবার জন্য ব্যাকুল হয়ে উঠল। তাদের শত্রু এখন তাদের সবচেয়ে শক্ত ভাবে রক্ষিত শহরের দেয়ালের ভিতর অবস্থান করছিল। আর

তারা তাদের শিকার সম্বন্ধে নিশ্চিত ছিল এবং ভোর পর্যন্ত অপেক্ষা করে তারা তাদের বিজয় পূর্ণ করতে চাইল। PPBeng 407.1

মধ্য রাত্রে বিবেকের অভিযোগকারী স্বর শিশোনকে অভিভূত করে ফেলল, কারণ তার মনে পড়ল যে সে তার নাসরীয় প্রতিজ্ঞা ভঙ্গ করেছিল। কিন্তু ঈশ্বরের অনুগ্রহ তার উপর হতে সরে যায় নি। তার অসীম শক্তি তাকে উদ্ধার পেতে সাহায্য করল। শহরের সদর দরজায় গিয়ে সে ওটিকে উপড়িয়ে ফেলল এবং হিরোণ যাবার পথে একটি পাহাড়ের উপর দরজাটিকে রেখে দিল। PPBeng 407.2

সে আর কখনো পলেষ্টীয়দের মধ্যে গেল না কিন্তু তার যে কামবাসনা তাকে ধ্বংসের পথে আহবান করছিল, সে তা পূরণ করার জন্য ব্যস্ত থাকল। তার জন্ম স্থান হতে বেশী দূরে নয়, "তিনি সোরেক উপত্যকার একটা স্ত্রীলোককে ভালবাসিলেন।" তার নাম ছিল দলীলা "গ্রাহক"। দুর্বল নাসরীয়ের জন্য সোরেকের আঙ্গুর যে অত্যন্ত লোভের একটি বস্তু ছিল, কেননা সে ইতিমধ্যেই মদ পান করতে অভ্যস্ত হয়ে পড়েছিল, আর এই ভাবে যা তাকে পবিত্রতার সহিত ও ঈশ্বরের সহিত যুক্ত করত সেই আরেকটি বন্ধনও সে কেটে ফেলেছিল। পলেষ্টীয়রা সিদ্ধান্ত নিল যে দলীলার মাধ্যমেই তারা তার ধ্বংস সাধন করবে। PPBeng 407.3

যেহেতু সে প্রচন্ড শক্তিশালী ছিল তাই তারা তাকে ধরতে সাহস করল না, কিন্তু তারা স্থির করল যে তারা তার শক্তির গোপন তথ্য উদ্ঘাটন করবে। সুতরাং তারা দলীলাকে উকোচ দানের মাধ্যমে তার শক্তির উস আবিষ্কার করতে ও তাদের নিকট তা প্রকাশ করতে উসাহিত করল। PPBeng 408.1

একজন দুর্বল মহিলা একজন শক্তিশালী পুরুষকে পরাভূত করে

PPBeng 408

বিশ্বাসঘাতক যখন তার প্রশ্ন দ্বারা শিশোনকে অনুরোধ জানাতে লাগল, সে তাকে এই বলে প্রতারিত করল যে যদি একটি বিশেষ পদ্ধতি অবলম্বন করা হয় তবে অন্যদের দুর্বলতা তার মধ্যে এসে যাবে ও সে অন্য যে কোন লোকের মত দুর্বল হয়ে পড়বে। যখন সে বিষয়টি পরীক্ষা করে দেখল, তখন প্রতারণা ধরা পড়ল। তখন সে তাকে মিথ্যা কথা বলার অভিযোগে অভিযুক্ত করল : "তুমি কি প্রকারে বলিতে পার যে তুমি আমাকে ভালবাস? তোমার মন ত আমাতে নাই; এই তিনবার তুমি আমাকে উপহাস করিলে; কিসে তোমার এমন মহাবল হয়, তাহা আমাকে বলিলে না।" তিনবার শিমশোন প্রকৃষ্ট প্রমাণ পেয়েছিল যে পলেষ্টীয়রা তাকে ধ্বংস করার জন্য এই সুন্দরী মহিলার সাথে গোপন যোগসূত্র স্থাপন করেছে; কিন্তু দলীলা বিষয়টিকে একটি কৌতুকরূপে উপস্থাপন করেছে, এবং শিশোন অন্ধভাবে তার মনের ভয়কে দূর করে দিয়েছে। PPBeng 408.2

একটি সূক্ষ্ম শক্তি দিনের পর দিন শিশোনকে দলীলার নিকট ধরে রাখল। অবশেষে পরাজিত হয়ে শিমশোন তার গোপন তথ্য প্রকাশ করলঃ "আমার মস্তকে কখনও ক্ষুর উঠে নাই, কেননা মাতার গর্ভ হইতে আমি ঈশ্বরের উদ্দেশে নাসরীয়;...এবং আমি দুর্বল হইয়া অন্য সকল লোকের সমান হইব।" PPBeng 408.3

বিলম্ব না করে দ্রুত আসার সংবাদ একজন দূতের মাধ্যমে পলেষ্টীয় নেতাদের কাছে পাঠানো হল। যখন যোদ্ধা ঘুমিয়ে ছিল, তখন তার চুল মাথা হতে কেটে ফেলা হল । তখন সে (দলীলা) তাকে ডেকে বলল "হে শিম্শোন, পলেষ্টীয়রা তোমাকে ধরিল।" সহসা ঘুম থেকে জেগে উঠে সে আগের মতই তার শক্তি খাটাতে উদ্যত হল, কিন্তু তার নির্জীব হাত তার কথায় সাড়া দিল না। সে বুঝতে পারল যে "সদাপ্রভু তাঁহাকে ত্যাগ করিয়াছেন।" দলীলা তাকে বিরক্ত করতে লাগল ও ব্যথা দিতে শুরু করল; কেননা পলেষ্টীয়রা তার শক্তি চলে গিয়েছে না জেনে তার কাছে আসতে সাহস করছিল না। তারপর তারা তাকে ধরে ফেলল, এবং তার দু' চোখ উপড়ে ফেলে তাকে ঘসাতে নিয়ে গেল। সেখানে তারা তাকে তাদের জেলখানায় শিকল দিয়ে বেঁধে রাখল ও কঠোর পরিশ্রম করাতে লাগল । PPBeng 408.4

কি পরিবর্তন! দুর্বল, অন্ধ, কারারুদ্ধ, নিম্নতম দৈহিক পরিশ্রমে রত ! ঈশ্বর অনেকদিন পর্যন্ত তার সাথে ধৈর্য ধরেছিলেন। কিন্তু সে যখন পাপের মধ্যে এমন ভাবে আত্ম-সমর্পণ করল যে নিজ গোপন তথ্য পর্যন্ত প্রকাশ করে দিল, তখন সদাপ্রভু তাকে ছেড়ে চলে গেলেন। তার লম্বা চুলে ত কোন বিশেষ গুণ ছিল না, কিন্তু তা ছিল ঈশ্বরের প্রতি বাধ্যতার একটি প্রতীক কিন্তু যখন আবেগ পূর্ণ করতে গিয়ে ঐ প্রতীকটি বলি দেয়া হল, তখন যে অনুগ্রহের চিহ্নরূপে প্রতীকটি ছিল সেই অনুগ্রহ পরিত্যাগ করা হল । PPBeng 409.1

পলেষ্টীয়দের একটি ক্রীড়াতে পরিণত হয়ে, কষ্টভোগ ও অবিশ্বাসের মধ্যে, তার দুর্বলতা সম্পর্কে কোন দিন সে যা জানত না, শিশোন এখন তাই জানতে লাগল । তার যাতনা তাকে অনুতাপ করায় পরিচালিত করল। যতই তার চুল বাড়তে থাকল, তার শক্তিও ততই ফিরে আসতে থাকল। শৃঙ্খলিত অসহায় বন্দি চিন্তা করে তার শত্রুরা কোন বিশেষ সতর্কতা অবলম্বন করল না । PPBeng 409.2

শিশোনের শেষ পরিতাপ ও অনুতাপ এবং দুঃখজনক বিজয়

PPBeng 409

পলেষ্টীয়রা উল্লাসিত হয়ে ইস্রায়েলের ঈশ্বরকে অগ্রাহ্য করল। মাছের দেবতা, দাগোনের সম্মানে একটি ভোজের আয়োজন করা হল। বিশাল মন্দিরটি অগণিত পলেষ্টীয় জনগণ দ্বারা পরিপূর্ণ হয়ে উঠল এবং তারা ছাদের চতুর্দিকের দরদালানও পূর্ণ করে ফেলল। একটি উৎসব ও আনন্দের দৃশ্যে সবাই মেতে উঠল । PPBeng 409.3

তারপর দাগোনের শক্তির গৌরবময় স্মারক হিসাবে শিশোনকে আনা হল। জনগণ ও প্রশাসকরা তার যাতনাতে ঠাট্টা বিদ্রোপ করল আর যে দেবতা তাদের "দেশ ধ্বংসকারীকে" পরাজিত করেছে তার সম্মান করতে লাগল। কিছুকাল পরে, ক্লান্তির ভান করে শিশোন, যে দুটি কেন্দ্রীয় থাম মন্দিরটির ভার বহন করত, তাতে হেলান দিয়ে বিশ্রাম নেবার অনুমতি চাইল। PPBeng 409.4

তারপর নীরবে সে প্রার্থনা করল, "হে প্রভু সদাপ্রভু, অনুগ্রহ করিয়া আমাকে স্মরণ করুন, হে ঈশ্বর, অনুগ্রহ করিয়া কেবল এই একটি বার আমাকে বলবান করুন, যেন আমি পলেষ্টীয়দিগকে...একেবারেই প্রতিশোধ দিতে পারি।" এই প্রার্থনার পর সে তার শক্তিশালী দুই হাত দ্বারা থামগুলিকে পরিবেষ্টন করল, এবং "পলেষ্টীয়দের সহিত আমার প্রাণ যাক" এই বলে চিৎকার করে সে থাম দুটিকে নিয়ে নুয়ে পড়ল আর মন্দিরের ছাদ ধ্বসে পড়ে এই বিশাল জনতাকে ধ্বংস করল। "এইরূপে তিনি জীবনকালে যত লোক হত্যা করিয়াছিলেন, মরণকালে তদপেক্ষা অধিক হত্যা করিলেন।" PPBeng 409.5

মূর্তি আর তার পূজাকারীরা, যাজক আর সাধারণ লোকেরা, যোদ্ধারা আর সম্ভ্রান্ত ব্যক্তিরা, সকলেই দাগোনের মন্দিরের ধ্বংস স্তূপের নীচে চাপা পড়ল। আর তাদের মধ্যে ছিল সেই দৈত্যকায় ব্যক্তির দেহ যাকে ঈশ্বর তাঁর লোকদের উদ্ধারকারীরূপে মনোনীত করেছিলেন। PPBeng 410.1

ইস্রায়েলদের দেশে এই ঘটনার সংবাদ পৌঁছাল, আর শিশোনের আত্মীয়-স্বজনরা বিনা বাধায় এই পতিত বীরের দেহ উদ্ধার করে নিয়ে এল। "তারা তাহাকে লইয়া সরা ও ইস্রয়োলের মধ্যস্থানে তাহার পিতা মানোহের কবরস্থানে তাহাকে কবর দিল।" PPBeng 410.2

যে জীবন ঈশ্বর ও জাতির গৌরব প্রকাশ করতে পারত সেই জীবনের কি অন্ধকার ও ভয়ঙ্কর পরিসমাপ্তি হল। যদি শিশোন তার স্বর্গীয় আহবানের প্রতি বিশ্বস্ত থাকত, তবে ঈশ্বরের উদ্দেশ্য বাস্তবায়িত হতে পারত। কিন্তু সে প্রলোভনে সাড়া দিল, আর বন্দী ও মৃত্যুর মাধ্যমে তার জীবনের পরিসমাপ্তি ঘটল। PPBeng 410.3

দৈহিক ভাবে শিশোন ছিল পৃথিবীর সবচেয়ে শক্তিশালী ব্যক্তি, কিন্তু আত্ম-নিয়ন্ত্রণে, সততায়, এবং চারিত্রিক দৃঢ়তায় সে দুর্বলতমদের একজন ছিল। যে ব্যক্তি তার আবেগ দ্বারা নিয়ন্ত্রিত হয়, সে একজন দুর্বল ব্যক্তি। প্রকৃত মাহাত্ম্য ব্যক্তির অনুভূতির নিয়ন্ত্রণ দ্বারা পরিমাপ করা হয়, যারা ব্যক্তিকে নিয়ন্ত্রণ করে তাদের দ্বারা পরিমাপ করা হয় না। PPBeng 410.4

যারা কর্তব্য সম্পাদনের সময় পরীক্ষার মধ্যে পড়েন, তারা নিশ্চিত হতে পারেন যে ঈশ্বর তাদের রক্ষা করবেন। কিন্তু যে ব্যক্তি স্বেচ্ছায় নিজকে প্রলোভনের পথে দাঁড় করায় সে দ্রুত অথবা দেরীতে হোক ধ্বংসপ্রাপ্ত হবেই। আমাদের পূর্ণ ব্যক্তিত্বকে বশীভূত করার জন্য শয়তান আমাদের চরিত্রের দুর্বল বিষয়সমূহ নিয়ে তার কাজ আরম্ভ করে। সে জানে

যে যদি ঐ দুর্বলতা সমূহকে সে লালনপালন করতে পারে তবেই সে কৃতকার্য হবে। PPBeng 410.5

কিন্তু কারো পরাভূত হওয়া উচিত নয়। যে প্রকৃতই সাহায্য কামনা করে তাকে সাহায্য দেয়া হবে। যে সকল আত্মা স্বর্গের উঁচুতম স্থানে পৌঁছাতে চায় তাদের সেই সকল দূত সাহায্য করবেন যে সকল দূতকে যাকোব তার স্বপ্নে সিঁড়ি দিয়ে উঠা-নামা করতে দেখেছিলেন। PPBeng 410.6

অধ্যায় ৫৫—ঈশ্বর বালক শমূয়েলকে আহবান করেন

PPBeng 411

ইফ্রয়িম পার্বত্য অঞ্চলের একজন লেবী, ইকানা একজন ধনী ও প্রভাবশালী ব্যক্তি ছিলেন যিনি সদাপ্রভুকেও প্রেম করতেন। তার স্ত্রী হান্না ছিলেন একজন খুবই গুণবতী ও অত্যন্ত ধার্ম্মিকা একজন মহিলা। PPBeng 411.1

তাদের গৃহ কোন শিশুদের কলধ্বনিতে মুখরিত ছিল না, সুতরাং স্বামী দ্বিতীয়বার বিবাহ চুক্তিতে আবদ্ধ হলেন। কিন্তু ঈশ্বরের উপর বিশ্বাসের দুর্বলতা দ্বারা উদ্‌বুদ্ধ এই পদক্ষেপ কোন আনন্দ নিয়ে এল না। গৃহে ছেলে ও মেয়েরা এল ঠিকই, কিন্তু ঈশ্বরের পবিত্র প্রতিষ্ঠানকে কর্দমাক্ত করা হয়েছিল এবং পরিবারের শান্তি ভঙ্গ হল। PPBeng 411.2

নববধূ পনিন্না ঈর্ষাপরায়ণা ও সংকীর্ণমনা ছিলেন এবং গর্বিত ও উদ্ধত ভাবে চলাফেরা করতেন। আর হান্নার মনে হল জীবনের সকল আশা অতীত হয়েছে, আর তার জীবন দুর্বিসহ হয়ে উঠল; তথাপি সে তার পরীক্ষার মোকাবেলায় অভিযোগ বিহীন ও বিনম্র ছিল। PPBeng 411.3

লেবীয় হিসাবে শীলোতে ইল্কানার সেবার প্রয়োজন হত না। তথাপি তিনি নির্দিষ্ট অনুষ্ঠানসমূহে আরাধনা করার ও বলিদান দেবার জন্য সমস্ত পরিবারসহ সেখানে যেতেন। ঈশ্বরের আরাধনা ও সেবার সহিত সম্পর্কিত আন্দোসবের মধ্যেও যে মন্দ আত্মা তার পারিবারিক জীবনে শাপ বয়ে নিয়ে এসেছিল, সে এসে আশ্রয় করত। ইল্কানা তার সন্তানদের, মাকে তার নিজের জন্য এক অংশ এবং প্রতি সন্তানের জন্য এক অংশ করে বলির মাংস দিতেন আর হান্নার প্রতি তার ভালবাসা একই রকম রয়েছে বুঝাবার জন্য তাকে দুই অংশ মাংস দিতেন যাতে মনে হত যে হান্নারও একটি ছেলে রয়েছে। আর তখন ঈর্ষায় জ্বলে উঠে তার দ্বিতীয় স্ত্রী এমন এমন ব্যবহার পাবার দাবী জানাতেন যে তিনি যেন ঈশ্বরের নিকট হতে বিশেষ আশীর্বাদ লাভ করেছেন এবং হান্নাকে তার বন্ধ্যাত্বের জন্য বিদ্রূপ করতেন। এই ভাবে বসরের পর বসর এই ব্যবহার পাবার পর হান্না আর তা সহ্য করতে পারলেন না। তিনি অঝোরে কাঁদতে লাগলেন এবং আনন্দোসব হতে সরে পড়লেন। তার স্বামী বৃথাই তাকে সান্ত্বনা দিতে চাইলেন। “হান্না, কেন কাঁদিতেছ? কেন ভোজন করিতেছ না? তোমার মন শোকাকুল কেন? তোমার কাছে দশ পুত্র হইতেও কি আমি উত্তম নহি?” PPBeng 411.4

হান্না কোন অভিযোগ করলেন না। যে দুঃখ ভার কোন পার্থিব বন্ধুর সহিত ভাগ করা যায় না তা তিনি ঈশ্বরের কাছে নিয়ে গেলেন। অত্যন্ত কাতর ভাবে তিনি প্রার্থনা করলেন যে ঈশ্বর যেন তাকে একটি ছেলে সন্তান দেন যাকে তিনি প্রশিক্ষণ দ্বারা তাঁর (ঈশ্বরের) জন্য উপযুক্ত করে গড়ে তুলবেন। তাই তিনি প্রতিজ্ঞা করলেন যে যদি ঈশ্বর তার প্রার্থনা শ্রবণ

করেন তবে তিনি তার সন্তানকে জন্ম কাল হতে ঈশ্বরের উদ্দেশে উসর্গ করে দেবেন। PPBeng 412.1

হান্না সমাগম-তাম্বুর প্রবেশ দ্বারের নিকটে পড়েছিলেন এবং তার মনের প্রচন্ড যাতনায় "প্রার্থনা করিতে ও অনেক রোদন করিতে লাগিলেন।" সেই মন্দ যুগে ঐ রকম প্রার্থনার দৃশ্য প্রায় দেখাই যেত না। মহাযাজক এলি হান্নাকে দেখে ভাবলেন যে সে অতিরিক্ত মদ্যপান করে দিশেহারা হয়ে পড়েছে। যথার্থ প্রাপ্য একটি বকুনি দেবার কথা চিন্তা করে তিনি কর্কশ কণ্ঠে বললেন,"তুমি কতক্ষণ মত্ত হইয়া থাকিবে? তোমার দ্রাক্ষারস তোমা হইতে দূর কর।" PPBeng 412.2

ব্যথিত ও হতবম্ভ হান্না নম্র স্বরে উত্তর করলেন, "হে আমার প্রভু তাহা নয়, আমি দুঃখিনী স্ত্রী, দ্রাক্ষারস কিংবা সুরা পান করি নাই, কিন্তু সদাপ্রভুর সাক্ষাতে আমার মনের কথা ভাঙ্গিয়া বলিয়াছি। আপনার এই দাসীকে আপনি পাষন্ড মনে করিবেন না; বস্তুত; আমার চিন্তার ও মনস্তাপের বাহুল্য প্রযুক্ত আমি এই পর্য্যন্ত কথা কহিতেছিলাম।" PPBeng 412.3

মহাযাজক খুবই অভিভূত হয়ে পড়লেন, কারণ তিনি একজন ধার্মিক লোক ছিলেন। বকুনির পরিবর্তে তিনি একটি প্রার্থনা উচ্চারণ করলেন, "তুমি শান্তিতে যাও; ইস্রায়েলের ঈশ্বরের কাছে যাহা যাচঞা করিলে, তাহা তিনি তোমাকে দিউন ।" PPBeng 412.4

হান্না শমূয়েলকে ঈশ্বরের নিকট অর্পণ করেন

PPBeng 412

যে উপহারের জন্য হান্না কাতর অনুরোধ জানাচ্ছিলেন তা তিনি পেলেন। যখন তিনি সন্তানটির দিকে তাকালেন, তখন তিনি তার নাম দিলেন শমূয়েল "সদাপ্রভুর কাছে চাহিয়া লওয়া।" ছোট্ট শিশুটি যখনই মা হতে আলাদা হবার উপযুক্ত হয়ে উঠল তখনই তিনি তার প্রতিশ্রুতি পূরণ করলেন, সে ছিল তার একমাত্র ছেলে এক বিশেষ স্বর্গীয় দান; কিন্তু তিনি তাকে ঈশ্বরের নিকটে উৎসর্গীকৃত ধনরূপে পেয়েছিলেন, আর তিনি দাতাকে তাঁর দান হতে বঞ্চিত করবেন না । PPBeng 412.5

হান্না তার স্বামীর সাথে ভ্রমণ করে শীলোতে উপস্থিত হলেন এবং যাজকের কাছে মূল্যবান দানটি উপস্থিত করে বলেন "আমি এই বালকের জন্য প্রার্থনা করিয়াছিলাম; আর সদাপ্রভুর কাছে যাহা চাহিয়াছিলাম তাহা তিনি আমাকে দিয়াছেন । এইজন্য আমিও ইহাকে সদাপ্রভুকে দিলাম; এ চিরজীবনের জন্য সদাপ্রভুকে দত্ত।" এলি ছিলেন একজন প্রশ্রয় দানকারী পিতা, তাই একজন মায়ের তার একমাত্র ছেলে হতে বিচ্ছিন্ন হয়ে তাকে ঈশ্বরের সেবার জন্য দান করার এই বলি দেখে তিনি হতবাক্ ও বিনম্র হলেন। তার নিজের স্বার্থপরায়ণ প্রেমের জন্য তার বিবেক তাকে অভিযোগ করল, আর অবনমিত ও ভক্তিপূর্ণ

হৃদয়ে উবুড় হয়ে তিনি সদাপ্রভুর ধন্যবাদ করলেন। মার হৃদয় আনন্দে পূর্ণ হয়ে উঠল, এবং তিনি কৃতজ্ঞতাপূর্ণ হৃদয়ে ঈশ্বরের ধন্যবাদ জানালেন। PPBeng 413.1

ঈশ্বরের গৃহের সেবার প্রশিক্ষণের জন্য শমূয়েলকে শীলোতে রেখে হান্না রামায় নিজ গৃহে ফিরে গেলেন। ছেলের মাথায় বুদ্ধি আসার সাথে সাথেই তিনি তার ছেলেকে শিক্ষা দিতে শুরু করলেন যেন সে বুঝতে পারে সে সদাপ্রভুর জন্য উৎসর্গীকৃত। প্রত্যেক দিনই তাকে প্রার্থনা করতে হত। প্রতি বৎসর তিনি তার জন্য একটি পোশাক তৈরি করতেন, এবং যখন স্বামীর সহিত প্রশংসার জন্য শীলোতে যেতেন তখন তিনি তার প্রেমের নিদর্শনস্বরূপ ঐ পোশাক ছেলেকে দিতেন। ঐ পোশাকের প্রতিটি অংশ এই প্রার্থনার সহিত তৈরি হয়েছে যে ছেলেটি যেন পবিত্র মহান ও খাঁটি হয়। তিনি সবিনয়ে প্রার্থনা করতেন যে তার ছেলেটি যেন সেই মহত্ব অর্জন করে যে মহত্বের স্বর্গীয় মূল্য রয়েছে, যেন সে ঈশ্বরের সম্মান করে ও সহমানবকে আশীর্বাদ করে। PPBeng 413.2

হান্নার উপহারটি কি মহান! আর তার মধ্যে বিশ্বস্ততার দৃষ্টান্ত কতই না উৎসাহব্যঞ্জক! প্রত্যেক মাকেই কোন না কোন সুযোগ প্রদান করা হয়েছে। যে সমস্ত দৈনন্দিন কাজকে মহিলারা বিরক্তিকর বলে মনে করেন, সেইগুলিকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ও মহান কাজ বলে মনে করতে হবে। সুখে ও দুঃখে, মায়েরা তাদের সন্তানদের গৌরবময় উচ্চতায় পৌছানোর পথকে সহজ ও সরল করতে পারেন। শুধুমাত্র নিজ জীবনে খ্রীষ্টের অনুগমনের মাধ্যমেই মায়েরা তাদের সন্ত ানদের মধ্যে স্বর্গীয় চরিত্র সৃষ্টি করতে সক্ষম হবেন। প্রত্যেক মা যেন প্রায়ই মুক্তিদাতার নিকট এই প্রার্থনা নিয়ে উপস্থিত হয়, "এই বালকটির প্রতি আমাদের কি কর্তব্য তাহা আমাদিগকে বুঝাইয়া দিন।" আর তাতে করে তাকে জ্ঞান দেয়া হবে। PPBeng 413.3

"বালক শমূয়েল দিন দিন বৃদ্ধি পাইয়া সদাপ্রভুর কাছে ও মানুষের কাছে অনুগ্রহ লাভ করিতেন।" শয়েলের যৌবন কাল মন্দ প্রভাব ও পাপের দৃষ্টান্ত মুক্ত ছিল না। এলির ছেলেরা ঈশ্বরকে ভয় করত না, আর তাদের পিতারও সম্মান করত না; কিন্তু শমূয়েল তাদের সাথে মিশতেন না, অথবা তাদের খারাপ পথের অনুগমনও করতেন না। ঈশ্বর যা চান তা হবার জন্য তিনি সর্বদাই সচেষ্ট ছিলেন। PPBeng 414.1

শমূয়েলের চারিত্রিক সৌন্দর্য্য বৃদ্ধ যাজকের উষ্ণ ভালবাসা কেড়ে নিয়েছিল। তিনি ছিলেন দয়ালু, উদার, বাধ্য ও সম্মান প্রদর্শনকারী। নিজ ছেলেদের ভ্রষ্টতায় দুঃখিত হয়ে এলি তার অধীনস্থ এই সন্তানের উপস্থিতিতে আনন্দ ও আশীর্বাদ উপভোগ করতেন। এই যুবককে এলি যত ভালবাসতেন, কোন পিতা তার ছেলেকে এর থেকে অধিক ভালবাসেন নি। নিজ ছেলেদের কুকর্মে চিন্তিত ও হতাশাগ্রস্ত এলি শান্তির জন্য শমূয়েলের সান্নিধ্য কামনা করতেন। PPBeng 414.2

প্রত্যেক বৎসরই নূতন নূতন গুরুত্বপূর্ণ দায়িত্ব তার উপর ন্যাস্ত হতে লাগল। ধর্মধামের কাজে উৎসর্গ হওয়ার প্রতীক হিসাবে ছোট বেলায়ই তাকে একটি কাতানের এফোদ পরিয়ে দেয়া হয়েছিল। ধর্মধামের সেবার জন্য যদিও তাকে অত্যন্ত ছোটকালেই নিয়ে আসা হয়েছিল, তথাপি তার সাধ্য অনুসারে শমূয়েলকে নানা প্রকার কর্তব্য সম্পূর্ণ করতে হতো। এগুলি সব সময় আনন্দদায়ক ছিল না, কিন্তু তিনি এগুলি ইচ্ছাকৃত ভাবেই সম্পাদন করতেন। তিনি নিজেকে ঈশ্বরের দাসরূপে চিন্তা করতেন এবং প্রত্যেক কাজকেই ঈশ্বরের কাজ মনে করতেন। তার সমস্ত প্রচেষ্টাই গৃহীত হতো কেননা তা ঈশ্বরের প্রতি প্রেম ও তার ইচ্ছা পূরণের আকাঙ্খা হতেই উদ্ভূত ছিল। এই ভাবে শমূয়েল স্বর্গীয় ও পৃথিবীর সদাপ্রভুর সহকর্মীতে পরিণত হন। PPBeng 414.3

নগণ্য জিনিষেও সততার প্রয়োজনীয়তা

PPBeng 414

প্রত্যেক কাজকে সে এমন ভাবে সম্পন্ন করে যে তা সদাপ্রভুর প্রতি করছে, সে অত্যন্ত নগণ্য কাজেও আনন্দ উপভোগ করে, এবং যে সকল স্বর্গীয় কর্মী ঈশ্বরের ইচ্ছা পূরণে ব্যস্ত তাদের সহিত ঐ কর্মীর যোগাযোগ সাধিত হয়। ছোট ছোট বিষয়ে সততা, ছোট ছোট বাধ্যতার কাজ সম্পাদন করা ও ছোট ছোট দয়ার কাজে এগিয়ে যাওয়াতে জীবনের পথ আনন্দ মুখরিত হয়। আর যখন পৃথিবীতে আমাদের কাজের সমাপ্তি হবে তখন দেখা যাবে যে, যে সকল সাধারণ কর্তব্য বিশ্বস্ততার সাথে সম্পাদন করা হয়েছিল তার কোনটিই বিফল হয় নি। PPBeng 414.4

আমাদের যুগের যুবকরাও ঈশ্বরের চোখে শমূয়েলের মতই মহামূল্যবান হতে পারে। তাদের বিশ্বাসের সততা যদি তারা বিশ্বস্ততার সাথে সংরক্ষণ করে তবে সংস্কার সাধনে তারা এক বিশেষ প্রভাব বিস্তার করবে। ঈশ্বরের কাছে তাদের প্রত্যেকের জন্যই কাজ আছে। ঈশ্বর ও মানবতার জন্য কোন মানুষ কোন কালেই এত অধিক ফলবান হয়নি যা সম্ভব হবে তাদের দ্বারা যারা ঈশ্বর প্রদত্ত কর্তব্যে বিশ্বস্ততার সাথে সম্পন্ন করে। PPBeng 415.1

অধ্যায় ৫৬—এলি ও তার দুষ্ট ছেলেরা

PPBeng 416

এলি ছিলেন ইস্রায়েলদের যাজক ও বিচারক এবং তিনি ইস্রায়েল জাতির উপর যথেষ্ট প্রভাব বিস্তার করেছিলেন। কিন্তু তিনি তার নিজ পরিবারের শাসন করতে অক্ষম হয়েছিলেন। তিনি ছিলেন এক প্রশ্রয়দানকারী পিতা। তিনি তার সন্তানদের মন্দ অভ্যাস ও আবেগ সংশোধন করেন নি। তাদের সহিত যুক্তিতর্ক ব্যবহার না করে তিনি সব সময় তাদের পথেই তাদের চলতে দিতেন। PPBeng 416.1

যে সন্তানদের ঈশ্বর তাকে লালন পালনের জন্য দিয়েছিলেন তাদের প্রতি তার কর্তব্য সম্বন্ধে ইস্রায়েলদের এই যাজক ও বিচারক অজ্ঞ ছিলেন না। কিন্তু এলি তার কর্তব্যে অবহেলা করেছিলেন, কেননা এতে তার ছেলেদের ইচ্ছার প্রতিকূলতা করার প্রয়োজন হতো এবং তাদের কখনো কখনো শাস্তি দেয়া এবং নিষেধ করা প্রয়োজন ছিল। সন্তানেরা যা কিছু করতে চাইত তিনি তাদের তাই করতে দিতেন এবং ঈশ্বরের সেবার এবং জীবনের কর্তব্য সাধনের জন্য তাদের প্রস্তুত করার দায়িত্বে তিনি অবহেলা করেছিলেন। PPBeng 416.2

পিতা সন্তানদের অধীনস্থ হয়ে পড়লেন। ঈশ্বরের চরিত্র ও তাঁর ব্যবস্থার পবিত্রতা সম্পর্কে তার ছেলেদের কোন ধারণা ছিল না। বাল্যকাল হতেই ধর্মধাম এবং এর আচার অনুষ্ঠান সমূহের সহিত তাদের পরিচয় ছিল, কিন্তু এর পবিত্রতা ও গুরুত্ব সম্বন্ধে তাদের কোন জ্ঞানই ছিল না। পবিত্র ও মহান আরাধনার প্রতি তাদের অসম্মান প্রদর্শনকে পিতা বাধা প্রদান করেন নি, এবং যখন তারা প্রাপ্ত বয়স্ক হল তখন তারা অবিশ্বাসী ও বিদ্রোহী হয়ে উঠল। PPBeng 416.3

তারা সম্পূর্ণ অযোগ্য ছিল, তথাপি তাদের ধর্মধামের যাজকরূপে ঈশ্বরের সামনে সেবা করতে দেয়া হত। ঈশ্বরের আরাধনার মধ্যেও এই দুষ্ট লোকেরা কর্তৃত্বের প্রতি অসম্মান প্রদর্শনের ভাব প্রদর্শন করত। খ্রীষ্টের মৃত্যুর নিদর্শনস্বরূপ যে বলিদান করা হত তার লক্ষ্য ছিল লোকদের হৃদয়ে মুক্তিদাতার আগমনের প্রতি বিশ্বাসের সংরক্ষণ করা। সুতরাং ইহা অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল যে এগুলির বিষয়ে ঈশ্বরের নির্দেশসমূহ হুবহু পালিত হয়। নিয়ম ছিল যে মঙ্গলার্থক বলির শুধুমাত্র চর্বিটুকু যজ্ঞবেদীর উপরে পোড়ানো হবে। বলির একটি নির্দিষ্ট অংশ যাজকদের জন্য রক্ষিত হত। কিন্তু এর অধিকাংশই বলির দাতাকে ফিরিয়ে দেয়া হতো যেন সে তা দিয়ে তার বন্ধু-বান্ধব ও আত্মীয়-স্বজনসহ ত্যাগের পর্ব পালন করতে পারত। এই ভাবে সকলের হৃদয়েই সেই মহান বলিদানের প্রতি কৃতজ্ঞতায় পূর্ণ হত যে বলিদান সমগ্র পৃথিবীর পাপ বহন করে নিয়ে যাবে। PPBeng 416.4

তাদের যে নির্ধারিত অংশ দান করা হত তাতে এলির ছেলেরা সন্তুষ্ট ছিল না এবং তারা আরো বেশী অংশ দাবী করত। এই বলিদানগুলি অন্যদের বঞ্চিত করে নিজেদের ধনী করার

জন্য যাজকদের জন্য সুযোগ সৃষ্টি করত। তারা যে তাদের শুধু নির্ধারিত অংশের অধিক চাইত, তাই নয়, কিন্তু ঈশ্বরের সামনে বলির চর্বি পুড়ানো পর্য্যন্ত তারা অপেক্ষা করতে চাইত না। তাদের যে অংশ ইচ্ছা সেই অংশ দাবী করত, আর যদি তা দিতে অস্বীকার করা হত, তবে তারা তা জোর করে ছিনিয়ে নেবার ভয় দেখাত। PPBeng 417.1

এই অবমাননাকর অবস্থা আরাধনার পবিত্রতা ও গাম্ভীর্য্য নষ্ট করত, এবং লোকেরা সদাপ্রভুর দান অবহেলা করিত। "আর এই প্রতীকের মাধ্যমে যে মহান বলির প্রতি তাদের হৃদয়কে ধাবিত করার কথা ছিল, লোকেরা আর তা করছিল না । "এইরূপে সদাপ্রভুর সাক্ষাতে ঐ যুবকদের পাপ খুব বেশী হইল ।" এই অবিশ্বস্ত যাজকেরা তাদের জঘন্য ও অবমাননাকর ব্যবহার দ্বারা তাদের পবিত্র অফিসের অসম্মান করত । অনেক লোকেরা হনি ও পীন্‌হসের এই নষ্টামিতে ক্রুদ্ধ হয়ে আরাধনার স্থানে আসা বন্ধ করে দিল। ভ্রষ্টতা, লাম্পট্য, এমন কি পৌত্তলিকতা ভীতিজনক ভাবে বৃদ্ধি পেল । PPBeng 417.2

পবিত্র অফিসের দায়িত্ব তার ছেলেদের উপর অর্পণ করে এলি একটি মহা ভুলই করলেন । কোন না কোন ছুতায় তাদের অন্যায় কাজকে ক্ষমা করার মাধ্যমে তিনি তাদের পাপ সম্বন্ধে অন্ধ হয়ে পড়লেন। কিন্তু পরিশেষে তিনি তার ছেলেদের অপরাধ হতে নজর ফিরিয়ে রাখতে পারলেন না। লোকেরা তাদের অন্যায় আচরণের অভিযোগ উঠাতে লাগল, এবং মহাযাজক আর নীরব থাকতে পারলেন না। তার ছেলেরা তাদের পিতার দুঃখ দেখতে পেল, কিন্তু তাদের কঠিন হৃদয়ে এর কোন পরিবর্ত্তন হল না। তার নম্র তিরস্কার তারা শুনল, কিন্তু এতে তাদের মনে কোন দাগ কাটল না, আর তারা তাদের মন্দ পথ পরিহারও করল না। যদি এলি ন্যায়পরায়ণ ভাবে তার ছেলেদের সহিত ব্যবহার করতেন, তবে তাদের মৃত্যুদন্ড হত। এই ভাবে জনগণের ঘৃণা ও শাস্তি প্রদানের ভয়ে তিনি ভীত ছিলেন, ফলে তিনি তাদের সবচেয়ে পবিত্র দায়িত্বে নিয়োজিত রাখলেন। তিনি ঈশ্বরের আরাধনাকে তাদের দ্বারা কলুসিত হতে দিলেন, আর এভাবে সত্যের উপর এমন এক আঘাত আনলেন যার চিহ্ন মুছে যেতে অনেক বসরের প্রয়োজন হল। কিন্তু ঈশ্বর এবার বিষয়টি নিজ হাতে নিয়ে নিলেন । PPBeng 417.3

এলির অবিশ্বস্ততা ধ্বংস বয়ে আনে

PPBeng 418

পরে ঈশ্বরের একজন লোক এলির নিকটে আসিয়া বলিলেন,... "অতএব...আমার প্রজা ইস্রায়েলের সমস্ত নৈবেদ্যের অগ্নিমাংশ দ্বারা যাহাতে তোমরা হৃষ্টপুষ্ট হও, এই আশয়ে তুমি কেন আমা অপেক্ষা আপন পুত্রদিগকে অধিক গৌরবান্বিত করিতেছ? অতএব ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভু কহেন, আমি নিশ্চয় বলিয়াছিলাম, তোমার কুল ও তোমার পিতৃকুল যুগে যুগে আমার সম্মুখে গমনাগমন করিবে, কিন্তু এখন সদাপ্রভু কহেন, তাহা আমা হইতে দূরে থাকুক। কেননা যাহারা আমাকে গৌরবান্বিত করে, তাহাদিগকে আমি গৌরবান্বিত করিব;

কিন্তু যাহারা আমাকে তুচ্ছ করে, তাহারা তুচ্ছীকৃত হইবে। ...আর আমি নিজে একজন বিশ্বস্ত যাজককে উৎপন্ন করিব, সে আমার হৃদয়ের ও আমার মনের মত কর্ম করিবে, আর আমি তাহার এক স্থায়ী কুল প্রতিষ্ঠিত করিব; সে নিয়ত আমার অভিষিক্ত ব্যক্তির সামনে গমনাগমন করিবে।" PPBeng 418.1

যারা সন্তানদের প্রতি অন্ধ প্রেমের জন্য তাদের স্বার্থপর কামনায় গা ভাসিয়ে দেন আর তারা পাপ করলে তিরস্কার করেন না ও তাদের দুষ্টামী সংশোধন করা হতে বিরত থাকেন, তারা প্রমাণ করে থাকেন যে তারা ঈশ্বরের চেয়ে তাদের সন্তানদের অধিক প্রেম করেন। এলির উচিত ছিল প্রথমে নরম পদ্ধতিতে মন্দকে বাধা দান করা; আর যদি এতে কাজ না হত তবে আরো কঠোর উপায়ে অন্যায়ের জন্য শাস্তি প্রদান করা। যাদের অন্যায় আচরণ রোধ করা সম্ভব ছিল যদি পিতামাতার ও যাজকের কর্তৃত্ব ব্যবহার করে তাদের আমরা সংশোধন না করি তবে আমরা নিজে ঐ অন্যায় করার সমান দায়ে দায়ী হব। PPBeng 418.2

সময়ে এরা পরিবর্তিত হবে এই ভেবে এলি তার ছেলেদের বাল্যকালের ভুল ও পাপকে অগ্রাহ্য করেছিলেন। আজো অনেকেই এই একই ভুল করে থাকেন। তারা তাদের সন্তানদের মধ্যের অন্যায়কে এই বলে প্রশ্রয় দেন যে, "শাস্তি পাবার সময় এখনো তাদের আসে নি। এরা বড় হোক, তখন তারা সবই বুঝতে পারবে।" এই ভাবে সন্তানেরা এমন মন্দ চরিত্র নিয়ে গড়ে উঠে যা তাদের সারা জীবনের অভিশাপের কারণ হয় । PPBeng 419.1

যুবক যুবতীদের নিজ ইচ্ছামত চলতে দেয়ার মত অভিশাপ পারিবারিক জীবনে আর কিছুই নাই। ছেলেমেয়েরা দ্রুত বাপ মায়ের প্রতি সম্মান ও কর্তৃত্বের প্রতি শ্রদ্ধাবোধ হারিয়ে ফেলে, আর ফলে শয়তানের ইচ্ছার নিকট বন্দী হয়ে পড়ে। সকল উচ্ছৃঙ্খল পরিবারের প্রভাব সমাজের ধ্বংসের কারণ । এটা মন্দের এমন এক ঢেউ আনে যা পরিবার, সমাজ, সরকারকে ভাসিয়ে নিয়ে যায়। PPBeng 419.2

ইস্রায়েলের হাজার হাজার পরিবারের মধ্যে এলির পারিবারিক দৃষ্টান্ত অনুকরণ করা হচ্ছিল। সকল মৌখিক ধার্মিকতার বিরুদ্ধে প্রধান সাক্ষী হল কাজ। যে কোন অবস্থাতেই পিতামাতার অবিশ্বস্ততার ফল অত্যন্ত খারাপ রূপ নেয়; লোকদের যারা শিক্ষক তারাও যদি অবিশ্বস্ত হয় তবে এর ফলাফল দশগুণ বেশী খারাপ হয় । PPBeng 419.3

শয়তানের কার্য্যকারী প্রতিনিধি

PPBeng 419

যখন মানুষ তার পবিত্র আহবানকে স্বার্থপরতা ও কামনা লালসার আবরণরূপে ব্যবহার করে, তখন তারা শয়তানের কার্য্যকারী প্রতিনিধিতে পরিণত হয়। হনি ও পীন্হসের মত তারাও লোকদের "সদাপ্রভুর নৈবেদ্যে অবহেলা" করতে প্রভাবিত করে। তারা কিছুকালের জন্য নিজ মন্দ কাজ গোপনে চালাতে পারে, কিন্তু যখন তাদের প্রকৃত চরিত্র প্রকাশ পায়

তখন লোকদের বিশ্বাসের উপর এমন প্রচন্ড এক আঘাত আসে যাতে ওরা ঈশ্বরের বাক্য শিক্ষাদানকারী সকলকেই অবিশ্বাস করতে আরম্ভ করে। খ্রীষ্টের প্রকৃত দাসের বার্তা অবশ্যই গৃহিত হয়। তবে যে প্রশ্ন প্রায়ই লোকের মনে উঠে তা হল, "এই ব্যক্তিও কি শেষ পর্য্যন্ত সে ব্যক্তির মত প্রমাণিত হবে না যাকে আমরা মনে করতাম যে সে কত পবিত্র কিন্তু দেখতে পেলাম সে কত ভ্রষ্ট?" PPBeng 419.4

এলি তার সন্তানদের যে ভাষাষ তিরস্কার করেছিলেন তার ভয়ঙ্কর ও মহাগুরুত্ব রয়েছে; "মানুষ যদি মানুষ যদি মানুষের পাপ কারে, তবে ঈশ্বর তাহার বিচার করিবেন; কিন্তু মানুষ যদি সদাপ্রভুর বিরুদ্ধে পাপ করে, তাবে তাহার জন্য কে বিনয় করিবে?" যদি তাদের অপরাধ শুধুমাত্র তাদের সহমানবের ক্ষতির কারণ হত, তবে একজন বিচারক তার জন্য একটি শাস্তি ও উপযুক্ত জরিমানা নির্ধারণ করে বিষয়টির সমাধান করতে পারতেন; আর এই ভাবে অপরাধীর অপরাধ ক্ষমা পেয়ে যেত কিন্তু তাদের পাপ ত ঈশ্বরের আরাধনার সাথে এমনভাবে জড়িয়ে ছিল ও ঈশ্বরের কাজকে লোকদের সামনে এত অপবিত্র ও অসম্মান করা হয়েছিল যে তাদের জন্য আর কোন প্রায়শ্চিত্তের সুযোগ ছিল না। যদিও তাদের পিতা মহাযাজক ছিলেন তথাপি তিনি তাদের জন্য কোন মধ্যস্থতা করতে সাহস পান নি; আর তাদের পবিত্র সদাপ্রভুর ক্রোধ হতে রক্ষা করতে পারে নাই। ঈশ্বর মানুষের মুক্তির জন্য যে উপায় নির্ধারণ করেছেন, যারা সেই উপায়ের প্রতি ঘৃণা প্রদর্শন করে তারাই হল সব চেয়ে বেশী পাপী। কারণ তারা "আপনাদের বিষয়ে ঈশ্বরের পুত্রকে পুনরায় ক্রুশে দেয় ও প্রকাশ্য নিন্দাস্পদ করে।" ইব্রীয় ৬:৬। PPBeng 420.1

অধ্যায় ৫৭—শাস্তি: নিয়ম-সিন্দুক অপসারিত

PPBeng 421

ঈশ্বর মহাযাজকের সাথে যোগাযোগ রক্ষা করতে পারলেন না । তাদের পাপ তাঁর পবিত্র আত্মার উপস্থিতি অসম্ভব করে তুলল। কিন্তু বালক শমূয়েল ঈশ্বরের প্রতি বাধ্য থাকলেন, এবং এলির পরিবারের শাস্তিস্বরূপ শয়েল সর্ব্বশক্তিমানের আশীর্বাদ লাভ করলেন। আর সে সময়ে ক্ষীণ দৃষ্টি হওয়াতে এলি আর দেখতে পেতেন না। "একদিন এলি নিজের জায়গায় শুইয়া আছেন, ঈশ্বরের প্রদীপ তখনও নিভিয়া যায় নাই, এবং ঈশ্বরের সিন্দুক যে স্থানে ছিল শমূয়েল সেই স্থানে... শুইয়া আছেন; এমন সময়ে সদাপ্রভু শমূয়েলকে ডাকিলেন।" PPBeng 421.1

এই কন্ঠস্বর এলির, এই কথা চিন্তা করে বালকটি যাজকের শয্যাপার্শ্বে উপস্থিত হয়ে বলল, "এই যে আমি; আপনি ত আমাকে ডাকিয়াছেন।" উত্তর আসল, "আমি ডাকি নাই, তুমি ফিরিয়া গিয়া শয়ন কর।" PPBeng 421.2

শমূয়েলকে তিনবার আহবান করা হল আর তিনবারই তিনি একই ধরণের উত্তর দিলেন। তারপর এলি বুঝতে পারলেন যে ঐ রহস্যপূর্ণ আহবান নিশ্চয়ই ঈশ্বরের শব্দ। ঈশ্বর তার পক্ষকেশ মনোনীত দাসকে ছেড়ে একটি বালকের সহিত যোগাযোগ স্থাপন করছেন। এটি এলি ও তার পরিবারের প্রতি একটি তিক্ত অথচ উপযোগী তিরস্কার ছিল। এলির হৃদয়ে কোন ঈর্ষা অথবা পরশ্রীকাতরতার উদয় হল না। তিনি শমূয়েলকে এই ভাবে উত্তর দিতে নির্দেশ দিলেন, "হে সদাপ্রভু, বলুন, আপনার দাস শুনিতেছে । PPBeng 421.3

তখন সদাপ্রভু শমূয়েলকে বলিলেন, "দেখ, আমি ইস্রায়েলের মধ্যে এক কর্ম্ম করিব, তাহা যে শুনিবে, তাহার দুই কর্ণ শিহরিয়া উঠিবে। আমি এলির কুলের বিষয়ে যাহা যাহা বলিয়াছি, সে সমস্ত সেই দিন তাহার বিরুদ্ধে প্রথমাবধি শেষ পর্যন্ত সফল করিব। বস্তুতঃ আমি তাহাকে বলিয়াছি, সে যে অপরাধ জানে, সেই অপরাধের জন্য আমি যুগানুক্রমে তাহার কুলকে দন্ড দিব; কেননা তাহার পুত্রেরা আপনাদিগকে শাপগ্রস্ত করিতেছে, তথাপি সে তাহাদিগকে নিবৃত করে নাই।...এলির কুলের অপরাধ বলিদান কি নৈবেদ্য দ্বারা কখনই পরিষ্কৃত হইবে না ।" PPBeng 421.4

এই ধরণের ভয়ঙ্কর বাণী তার নিকট দেয়ায় শমূয়েল হতবম্ভ হয়ে পড়লেন । প্রাতঃকালে তিনি তার দৈনন্দিন কাজ কর্ম স্বাভাবিক ভাবেই করলেন, কিন্তু তার বাল্যকালের হৃদয়ে একটি ভারী বোঝা সর্বদাই বিরাজমান ছিল। সদাপ্রভু তাকে ঐ ভয়ঙ্কর শাস্তির কথা প্রকাশ করতে আদেশ দেন নি, তাই সে নীরব থাকল । তিনি এই ভয়ে ভীত ছিলেন যে যদি কোন প্রশ্নের উত্তরে যাকে তিনি এত ভালবাসেন ও সম্মান করেন তার বিরুদ্ধে স্বর্গীয় যে দন্ডাদেশ ঘোষিত হয়েছে তা প্রকাশ করতে হয়। এলি নিশ্চিত ছিলেন যে তার ও তার পরিবারের

বিরুদ্ধে নিশ্চয়ই কোন বিপদের ভবিষ্যদ্বাণী নেমে এসেছে । তিনি শমূয়েলকে ডেকে আদেশ করলেন যে সদাপ্রভু যা প্রকাশ করেছিলেন তা যেন তিনি বিশ্বস্ত তার সাথে প্রকাশ করেন। যুবক তার আদেশ শিরোধার্য করলেন এবং বৃদ্ধ এই ভয়ঙ্কর শাস্তি মাথা পেতে বরণ করলেন। তিনি বললেন, "তিনি সদাপ্রভু; তাঁহার দৃষ্টিতে যাহা ভাল মনে হয়, তাহাই করুন।" PPBeng 422.1

এলি তার শেষ সুযোগ হারালেন

PPBeng 422

তবুও এলি সত্যিকার অনুতাপ প্রদর্শন করলেন না। তিনি তার পাপ পরিত্যাগ করতে ব্যর্থ হলেন। বৎসরের পর বৎসর সদাপ্রভু তার দন্ডাদেশ বিলম্বিত করলেন। ইতিমধ্যে অতীতের ব্যর্থতার গ্লানি মুছার জন্য অনেক কিছুই করা সম্ভব ছিল, কিন্তু যে মন্দতা ঈশ্বরের মন্দিরের পবিত্রতা নষ্ট করছিল এবং ইস্রায়েলদের হাজার হাজার লোকদের ধ্বংসের পথে ঠেলে দিচ্ছিল তা সংশোধন করার জন্য বৃদ্ধ যাজক কোন কার্যকর পদক্ষেপই গ্রহণ করলেন না । ঈশ্বরের ধৈর্য্য হফনি ও পীনহসকে তাদের হৃদয় আরো কঠিন করতে ও অধিক সাহসের সহিত ব্যবস্থা লঙঘন করতে সাহায্য করল । PPBeng 422.2

তার পরিবারের প্রতি যে সতর্ক বাণী প্রেরণ করা হয়েছিল এলি তা সমস্ত জাতির নিকট প্রকাশ করলেন। এই প্রক্রিয়ায় তিনি তার অতীতের অবহেলার প্রভাব কাটাতে চাইলেন। কিন্তু এই সতর্ক বাণী লোকেরা যেমন, যাজকেরাও তেমনি গ্রাহ্য করল না। চতুষ্পার্শ্বের জাতিসমূহ ও তাদের পৌত্তলিকতা ও অপরাধ পরায়ণতায় আরো সাহসী হয়ে উঠল। তারা তাদের পাপের জন্য কোনই দোষী বোধ করল না, যা সম্ভব হতো যদি ইস্রায়েলরা তাদের সততা রক্ষা করে চলত। এখন ঈশ্বরের জন্য বাধা দান করা প্রয়োজনীয় হয়ে পড়ল যেন তার নামের সম্মান রক্ষা পায় । PPBeng 422.3

"পরে ইস্রায়েল যুদ্ধ করিবার জন্য পলেষ্টীয়দের বিপরীতে বাহির হইয়া এবন.. এঘরে শিবির স্থাপন করিল, এবং পলেষ্টীয়েরা অফেকে শিবির স্থাপন করিল।" ঈশ্বরের সহিত পরামর্শ না করেও মহাযাজক ভাববাদীর মতামত গ্রহণ না করেই ইস্রায়েলরা এই অভিযান পরিচালনা করল। "আর পলেষ্টীয়েরা ইস্রায়েলের বিরুদ্ধে সৈন্য রচনা করিল; যখন যুদ্ধ বাধিয়া গেল, তখন ইস্রায়েল পলেষ্টীয়দের সম্মুখে আহত হইল; তাহারা ঐ যুদ্ধ ক্ষেত্রে সৈন্যশ্রেণীর অনুমান চারি সহস্র লোককে নিহনন করিল।" আর যখন বিশৃঙ্খলা ও হতোদ্দম সৈন্যরা তাদের শিবিরে ফিরে আসল তখন "ইস্রায়েলের প্রাচীনগণ বলিলেন, সদাপ্রভু আজ পলেষ্টীয়দের সামনে আমাদিগকে কেন আঘাত করিলেন?" তারা দেখতে পেল না যে তাদের পাপই তাদের এই ভয়ঙ্কর বিপদের কারণ । PPBeng 423.1

আর তারা বলল, "আইস, আমরা শীলো হইতে আপনাদের নিকটে সদাপ্রভুর নিয়ম-সিন্দুক আনাই, যেন তাহা আমাদের মধ্যে আসিয়া শত্রুগণের হস্ত হইতে আমাদিগকে

নিস্তার করে।” সদাপ্রভু কোন আদেশ বা অনুমতি দেন নি যে নিয়ম-সিন্দুক সৈন্যদলের মধ্যে আনা হবে; তথাপি ইস্রায়েলরা নিশ্চিত ছিল যে জয় তাদের হবেই, এবং যখন এলির ছেলেরা সিন্দুকটি বহন করে শিবিরে নিয়ে এল তখন তারা মহা চিৎকার করে উঠল। PPBeng 423.2

পলেষ্টীয়েরা নিয়ম-সিন্দুককে ইস্রায়েলদের দেবতা মনে করত। তারা বলল, “ইব্রীয়দের শিবিরে জোরে চিৎকারের ঐ ধ্বনি হইতেছে কেন? পরে তাহারা বুঝিল, সদাপ্রভুর নিয়ম-সিন্দুক শিবিরে আসিয়াছে। তখন পলেষ্টীয়েরা ভীত হইয়া কহিল, শিবিরে ঈশ্বর আসিয়াছেন। আরও কহিল, হায়, হায়,... ইঁহারা সেই দেবতা, যাঁহারা প্রান্তরে সর্বপ্রকার আঘাতে মিস্ত্রীয়দিগকে বধ করিয়াছিলেন। হে পলেষ্টীয়েরা, বলবান হও, পুরুষত্ব দেখাও; ঐ ইব্রীয়েরা যেমন তোমাদের দাস হইল, তদ্রূপ তোমরা যেন উহাদের দাস না হও; পুরুষত্ব দেখাও, যুদ্ধ কর। PPBeng 423.3

পলেষ্টীয়েরা প্রচন্ড আক্রমণ চালাল, আর তাতে ভয়ঙ্কর যুদ্ধ হল। মাঠে ত্রিশ হাজার সৈন্য মৃত পড়ে থাকল, এবং ঈশ্বরের নিয়ম-সিন্দুক পলেষ্টীয়েরা হস্তগত করল, আর ইহাকে রক্ষা করার জন্য যুদ্ধ করে এলির দুই ছেলে মারা গেল। PPBeng 423.4

সবচেয়ে ভয়ঙ্কর যে দুর্ঘটনা ঘটা সম্ভব ছিল, ইস্রায়েলদের উপর তাই এল। ঈশ্বরের নিয়ম-সিন্দুক শত্রুদের অধিকারে ছিল। যীহোবার (ঈশ্বরের) চিরস্থায়ী উপস্থিতি ও ক্ষমতার নিদর্শন তাদের নিকট আর নাই। অতীতের উপস্থিতিতে অলৌকিক বিজয় লাভ করা হয়েছিল। মহা পবিত্র স্থানের উপরে সর্বশক্তিমানের উপস্থিতির চিহ্ন এর উপর বিরাজমান ছিল। কিন্তু এখন এটি কোন বিজয় আনে নি, এবং সমস্ত ইস্রায়েলে হাহাকার পড়ে গেল। PPBeng 423.5

নিয়ম-সিন্দুকের ভিতর ঈশ্বরের ব্যবস্থা তার উপস্থিতির চিহ্ন ছিল, কিন্তু তারা আজ্ঞাসমূহকে ঘৃণা করেছিল এবং তাদের মধ্যে ঈশ্বরের আত্মাকে ব্যথা দিয়েছিল। যখন লোকেরা তাঁর ব্যবস্থার প্রতি বাধ্য হয়ে প্রকাশকৃত তাঁর ইচ্ছার প্রতি সম্মান দেখালো না, তখন সিন্দুকটি একটি সাধারণ বাক্স ব্যতিত আর কিছুই রইল না। তারা এটির প্রতি সেই একই দৃষ্টিতে তাকাল যে ভাবে পৌত্তলিক জাতিরা তাদের দেবতাকে দৃষ্টি দেয়। তারা এর অভ্যন্তরের ব্যবস্থা লঙঘন করল, কারণ নিয়ম-সিন্দুককে আরাধনার মাধ্যমে তারা ভন্ডামি ও পৌত্তলিকতা প্রমাণ করল। PPBeng 424.1

দুর্ঘটনার খবর এলির মৃত্যু ঘটায়

PPBeng 424

যখন সৈন্যরা যুদ্ধ করতে যায় তখন এলি শীলোতে থাকলেন। দুর্ঘটনার ভয়ে ভীত হয়ে তিনি যুদ্ধের ফলাফলের জন্য অপেক্ষায় ছিলেন, কারণ “তাঁহার অন্তঃকরণ ঈশ্বরের

সিন্দুকের জন্য থরথর করিয়া কাঁপিতেছিল।” যুদ্ধের মাঠ হতে সংবাদ বাহকের প্রত্যাশায় দিনের পর দিন তিনি ধর্মধামের বাইরের সদর রাস্তায় বসে থাকতেন। PPBeng 424.2

অবশেষে একজন বিন্যামীন বংশের লোক যাহার “পোশাক ছেঁড়া ও মাথায় ধূলা ছিল”, দৌড়াতে দৌড়াতে শহরে এল এবং আগ্রহী জনতার কাছে পরাজয়ের সংবাদ দিল। ধর্মধামের পাশে পথ চেয়ে বসা লোকের কর্ণে চিৎকার ও কান্নার ধ্বনি পৌঁছল। সংবাদ বাহককে তার কাছে আনা হল; এবং লোকটি বলল, “ইস্রায়েল পলেষ্টীয়দের সম্মুখ হইতে পলায়ন করিয়াছে, আবার লোকদের মধ্যে মহাসংহার হইয়াছে; আবার আপনার দুই পুত্র হনি ও পীনহসও মরিয়াছে।” যদিও এগুলি ভয়ঙ্কর ছিল তবুও এলি তা সহ্য করতে পেরেছিলেন কেননা তিনি এরকম কিছুরই প্রত্যাশা করছিলেন। কিন্তু যখন সংবাদ বাহক বলল, “এবং ঈশ্বরের সিন্দুক শত্রুদের হস্তগত হইয়াছে” তখন এক অব্যক্ত যাতনা তার চেহারায় দেখা দিল। তার পাপ ঈশ্বরের অসম্মানের কারণ হয়েছে এবং তাই ঈশ্বর ইস্রায়েলদের মধ্য হতে সরে গিয়েছেন”। এই চিন্তা তার সহ্যের অতিরিক্ত ছিল। তিনি পড়ে গেলেন এবং “তাহার ঘাড় ভাঙ্গিয়া গেল, তিনি মরিয়া গেলেন।” PPBeng 424.3

পীন্‌হসের স্ত্রী ঈশ্বরকে ভয় করত। তার শ্বশুর ও স্বামীর মৃত্যু, এবং সর্বোপরি ঐ দুঃসংবাদ যে ঈশ্বরের নিয়ম-সিন্দুক শত্রুরা নিয়ে গিয়েছে, তারও মৃত্যু ঘটাল। সে অনুভব করেছিল যে ইস্রায়েল-সন্তানদের আর কোন আশা নাই; এবং ঐ দুঃখের সময় তার যে সন্তান হয়েছিল, সে তার নাম রেখেছিল ঈখাবোদ বা “হীনপ্রতাপ”। সে মৃত্যুর সময় কান্নার স্বরে এই কথাগুলি বলেছিল, “ইস্রায়েল হইতে প্রতাপ গেল, কারণ ঈশ্বরের সিন্দুক শত্রুদের হস্তগত হইয়াছে।” PPBeng 425.1

কিন্তু সদাপ্রভু সম্পূর্ণরূপে তাঁর লোকদের পরিত্যাগ করেন নি, এবং তিনি নিয়ম-সিন্দুকের মাধ্যমে পলেষ্টীয়দের শাস্তি দিলেন। অদৃশ্য ঈশ্বরের উপস্থিতি তখনও এর সাথে থাকবে যেন তাঁর আজ্ঞা অমান্যকারীকে তিনি ধ্বংস করতে সক্ষম হন। ইস্রায়েলদের কষ্ট দেখে দুষ্টরা শুধু কিছুকালই আনন্দিত হবে, কিন্তু সময় আসবে যখন তারাও এক পবিত্র ও পাপ ঘৃণাকারী ঈশ্বরের হাতে শাস্তি ভোগ করবে। PPBeng 425.2

পৌত্তলিক দেবতারা ঈশ্বরের নিয়ম-সিন্দুকের সামনে দাঁড়াতে পারে না

PPBeng 425

পলেষ্টীয়রা বিজয় গৌরবে নিয়ম-সিন্দুকটি নিয়ে অসদোদে তাদের দেবতা দাগোন দেবের ঘরে রাখল। তারা চিন্তা করল যে, যে শক্তি নিয়ম- সিন্দুকের সাথে ছিল তা এখন তাদের হবে এবং দাগোন দেবের শক্তির সাথে ঐ শক্তি মিলার ফলে তারা এখন দুর্জয় শক্তিতে পরিণত হবে। PPBeng 425.3

কিন্তু পরদিন মন্দিরে প্রবেশ করে তারা যে দৃশ্য দেখল তা তাদের ভীত করে তুলল। যীহোবার নিয়ম-সিন্দুকের সামনে দাগোন দেব উবুড় হয়ে পড়ে আছে। যাজকেরা ভক্তি সহকারে পুতুলটিকে তুলে স্বস্থানে স্থাপন করল। PPBeng 425.4

কিন্তু পরদিন আবার তারা দেখল যে এটি অদ্‌ভুত ভাবে ভেঙ্গে গিয়ে নিয়ম-সিন্দুকের সামনে মাটিতে পড়ে আছে। ঐ পুতুলটির উপরের অংশ ছিল মানুষের মত আর নীচের অংশটি মাছের মত। আর এখন মানুষের মত অংশটি কেটে ফেলা হয়েছিল শুধু মাছের মত অংশটি বাকী ছিল। যাজকেরা ও সাধারণ লোকেরা অত্যন্ত ভীত হল; তারা এই ঘটনাকে একটি বিপদের আভাস বলে ধরে নিল যাতে তারা ও তাদের দেবতারা যিহূদীদের ঈশ্বরের কাছে ধ্বংস হয়ে যাবে। তারা নিয়ম-সিন্দুককে মন্দির হতে সরিয়ে নিয়ে অন্য একটি খালি দালানে রাখল। PPBeng 425.5

অসদোদের লোকেরা একটি মারাত্মক রোগ দ্বারা আক্রান্ত হল। মিসরীয়দের উপর যে আঘাত এসেছিল, তা স্মরণ করে লোকেরা ভাবল যে তাদের মধ্যে নিয়ম-সিন্দুকের উপস্থিতিই তাদের এই দুঃখ ভোগের কারণ। সিদ্ধান্ত নেয়া হল যে এটিকে গাতে স্থানান্তরিত করা হবে। কিন্তু সেখানেও রোগটি দেখা দিল, এবং ঐ শহরের লোকেরা সিন্দুকটিকে ইক্রোনে পাঠিয়ে দিল। ঐখানের লোকেরা ভয়ে কাঁদতে কাঁদতে সিন্দুকটি গ্রহণ করল ও বলল “আমাদিগকে ও আমাদের লোকদিগকে বধ করিবার জন্য উহারা আমাদের কাছে ইস্রায়েলের ঈশ্বরের সিন্দুক আনিয়াছে।” ধ্বংসাত্মক কাজ ততক্ষণ বহাল থাকল যতক্ষণ না “নগরের ক্রোধ স্বর্গ পর্যন্ত উঠিল।” PPBeng 425.6

লোকদের ঘরে সিন্দুকটি রাখা আর নিরাপদ নয় ভেবে লোকেরা ওটিকে খোলা মাঠে এনে রাখল। আর তখন ইঁদুরের ভয়ঙ্কর আঘাত হল, যা সমস্ত দেশ ছেয়ে ফেলল এবং গোলার ও মাঠের ফসল ধ্বংস করতে লাগল। এখন সমস্ত দেশ ধ্বংস হয়ে যাবার মত হলো। PPBeng 426.1

সাত মাস পর্য্যন্ত সিন্দুকটি পলেষ্টীয়দের দেশে ছিল। ইস্রায়েলরা এটা ফিরে পাবার কোন প্রচেষ্টা চালায় নি। কিন্তু পলেষ্টীয়রা এটা হতে বাঁচার জন্য উসুক ছিল। শক্তির উস না হয়ে তাদের কাছে এটি বোঝা ও শাপ হয়ে পড়েছিল। তথাপি কি করবে তারা তা বুঝে উঠতে পারছিল না। লোকেরা সমস্ত অধিপতিদের, যাজকদের ও গণকদের ডাকল ও জিজ্ঞাসা করল, “সদাপ্রভুর সিন্দুকের বিষয়ে আমাদের কি করণীয়?” বল দেখি, আমরা কি তাহা নিজ জায়গায় পাঠাইয়া দিব?” একটি অত্যন্ত দামী নীতিভঙ্গের উপহারসহ এটিকে ফিরিয়ে দিতে তাদের উপদেশ দেয়া হল। যাজকেরা বলল, “তাহাতে মুক্ত হইতে পারিবে।” PPBeng 426.2

নিয়ম-সিন্দুকটি বৈ-শেমশে পাঠানো হয়

PPBeng 426

স্থানীয় কুসংস্কার অনুসারে পলেষ্টীয় অধিপতিরা লোকদের নির্দেশ করল, যে যে আঘাত তাদের উপর এসেছিল সেগুলির মূর্তি তৈরী করতে হবে, “পলেষ্টীয়দের ভূপালগণের সংখ্যানুসারে সোনার পাঁচটা স্ফোটক ও পাঁচটা ইঁদুর দাও, কেননা তোমাদের ভূপালগণের উপরে একই রকম আঘাত পড়িয়াছে।” PPBeng 426.3

এই জ্ঞানী লোকেরা স্বীকার করেছিল যে নিয়ম-সিন্দুকের সহিত একটি বিশেষ অলৌকিক ক্ষমতা ছিল। তথাপি তারা লোকদের মূর্তিপূজা ত্যাগ করে সদাপ্রভুর সেবা করার উপদেশ দেয় নি। যদিও দন্ডাদেশ দ্বারা তাঁর কর্তৃত্ব স্বীকার করে নিতে তাদের বাধ্য করা হচ্ছিল। তথাপি তারা ইস্রায়েলের ঈশ্বরকে ঘৃণা করত। ঐ ধরণের অধীনতা-স্বীকার পাপীকে রক্ষা করে না। ঈশ্বরকে হৃদয় দিয়ে দিতে হবে, অনুতাপ গ্রাহ্য হবার আগে ঈশ্বরের আশীর্বাদ হৃদয়কে অবনমিত করতে হবে। PPBeng 426.4

দুষ্টদের প্রতি ঈশ্বরের ধৈর্য্য কি অপরিসীম! অকৃতজ্ঞ ও বিদ্রোহী লোকদের সামনে হাজার হাজার অদৃশ্য অনুগ্রহ নীরবে ঝরে পড়ছিল। কিন্তু যখন তারা তাঁর সৃষ্টির মধ্যের তার আওয়াজ শুনতে অস্বীকার করেছিল, আর তাঁর বাক্যের মধ্যের সতর্কবাণী, পরামর্শ ও তিরস্কার গ্রহণ করে নিতে অস্বীকার করেছিল, তখন তিনি দন্ডাদেশের মাধ্যমে কথা বলতে বাধ্য হয়েছিলেন। PPBeng 427.1

যাজকেরা ও গণকরা লোকদের সতর্ক করে দিল যে তারা যেন ফরৌণের মত একগুয়েমী না করে কারণ তাতে তাদের উপর আরো বেশী শাপ নেমে আসবে। সকলে রাজী হয় এমন একটি পরিকল্পনা তখন পেশ করা হল যাতে কোনরূপ অপবিত্র না থাকে এই জন্য অন্যায়ের জন্য সোনার দোষার্থক উপহারসহ সিন্দুকটি একটি সম্পূর্ণ নূতন গাড়ীর উপর স্থাপন করা হল। যেগুলির ঘাড়ে কোনদিন যোয়ালী পড়ে নি এরূপ দু'টি গাভী গাড়ীতে জুড়ে দেয়া হল। গরুর বাছুর দু'টিকে ঘরে বন্ধ করে গাভী দু'টিকে যেদিকে ইচ্ছা যেতে দেয়া হল। আর যদি নিয়ম-সিন্দুক লেবীয়দের নিকটতম শহর বৈৎ- শেমশের পথ দিয়ে ইস্রায়েলদের নিকট পৌছে, তবে পলেষ্টীয়রা ধরে নিবে যে ইস্রায়েলদের ঈশ্বর তাদের উপর এই মহা বিপদ ঘটিয়েছিলেন; “নতুবা জানিব”, তারা বলল “আমাদিগকে যে হস্তে আঘাত করিয়াছে সে তাঁহার নয়, কিন্তু আমাদের প্রতি আকস্মিক ঘটনা হইয়াছে।” PPBeng 427.2

ছেড়ে দেয়ার পর গাভী দু'টি তাদের বাছুরের দিকে না গিয়ে সোজা বৈ-শেমশের পথে চলল। কোন মানুষের পরিচালনা ছাড়াই ঐ গাভী দু'টি ধৈর্য্যশীলতার সাথে আপন পথে চলতে থাকল। নির্ধারিত স্থানে পৌছানো পর্য্যন্ত ঈশ্বরের অদৃশ্য উপস্থিতি নিয়ম-সিন্দুকের সাথে সাথে ছিল। PPBeng 427.3

বৈৎ-শেমশের লোকেরা উপত্যকায় ফসল কাটায় ব্যস্ত ছিল, “তাহারা চক্ষু তুলিয়া সিন্দুকটি দেখিল, দেখিয়া আহলাদিত হইল। পরে ঐ শকট বৈ- শেমশীয় যিহোশূয়ের ক্ষেত্রে উপস্থিত হইয়া স্থগিত হইল; সেই স্থানে একখানা বৃহ প্রস্তর ছিল; পরে তাহারা গাড়ীর কাষ্ঠ

চিরিয়া ঐ গাভীদিগকে হোমার্থে সদাপ্রভুর উদ্দেশে উসর্গ করিল।” পলেষ্টীয়রা নিয়ম-সিন্দুককে অনুসরণ করে “বৈ-শেমশের অঞ্চল পর্যন্ত” এসেছিল আর কিভাবে এটি গ্রহণ করা হল তা তারা দেখল। আঘাত-সমূহ বন্ধ হল, আর তারা স্থির নিশ্চিত হলো যে ইস্রায়েলদের ঈশ্বর তাদের উপর এই শাস্তি প্রদান করেছিলেন। PPBeng 427.4

ইস্রায়েলরা পলেষ্টীয়দের চেয়ে অধিক মন্দ কাজে লিপ্ত হয়

PPBeng 428

বৈ-শেমশের লোকেরা চতুর্দিকে সংবাদ দিল যে নিয়ম-সিন্দুকটি তাদের নিকটে রয়েছে,আর নিকটবর্তী স্থানসমূহ হতে লোকেরা ভীড় করে এসে এটিকে স্বাগত জানাল। অনেক বলিদান করা হল। আরাধনাকারীরা যদি তাদের পাপের জন্য অনুতাপ করত তবে ঈশ্বরের অনুগ্রহ তাদের সঙ্গে সঙ্গে থাকত কিন্তু তারা নিয়ম-সিন্দুকের প্রত্যাবর্তনে আনন্দিত হয়েছিল। কেননা এটি সকল ভাল জিনিষের অগ্রদূত ছিল। তারা এর পবিত্রতার কোন প্রকৃত ধারণা রাখত না। তারা এটিকে ফসলের মাঠেই ফেলে রাখল। পবিত্র সিন্দুকের দিকে যখন তারা দেখছিল তখন এর ভিতরে কোথায় বিশেষ ক্ষমতা রয়েছে এ বিষয়ে চিন্তা করতে লাগল। আগ্রহের আতিশয্যে বিহ্বলিত হয়ে, অবশেষে তারা এর উপরের ঢাকনা খুলে এটিকে খুলতে উদ্যত হল। PPBeng 428.1

সিন্দুকটিকে ভয় ও সম্মান করতে ইস্রায়েলদের শিক্ষা দেয়া হয়েছিল। বসরে মাত্র একবার মহাযাজক সিন্দুকটিকে দেখতে পারতেন। এমন কি পৌত্তলিক পলেষ্টীয়েরাও এর ঢাকনা খুলতে সাহস করে নি। স্বর্গীয় দূতগণ অদৃশ্য ভাবে ইহাকে সর্বদা রক্ষায় নিযুক্ত ছিলেন। বৈ-শেমশের লোকদের অভক্তিপূর্ণ সাহসের দ্রুত শাস্তি বিধান করা হল। অনেক লোকেই আকস্মিক মৃত্যু বরণ করল। PPBeng 428.2

এই শাস্তি প্রদানের ফলে অবশিষ্ট লোকেরা তাদের পাপের জন্য কোন অনুতাপ করল না, বরং কুসংস্কারের শুধুমাত্র ঐ নিয়ম-সিন্দুককে ভয় করতে লাগল। ঐ সিন্দুকের উপস্থিতি হতে নিজেদের রক্ষার জন্য বৈ-শেমশের লোকেরা কিরিয় যিয়ারীমের লোকদের খবর পাঠাল যেন তারা নিয়ম-সিন্দুকটি নিয়ে যায়। ঐ স্থানের লোকেরা অত্যন্ত আনন্দ সহকারে নিয়ম-সিন্দুকটিকে স্বাগত জানালো এবং তা অবীনাদব নামক একজন লেবীর বাড়ীতে রাখল। ঐ ব্যক্তি তার ছেলে ইলিয়াসরকে সিন্দুকটির দেখাশোনার জন্য নিযুক্ত করলেন, আর ওটি ঐখানে অনেক বসর পর্যন্ত থাকল। PPBeng 428.3

ভাববাদীর পদে শমূয়েলের আহবানকে সমগ্র জাতিই স্বীকার করে নিয়েছিল। যদিও কষ্টকর ছিল, তথাপি বিশ্বস্ততার সাথে এলির পরিবারকে স্বর্গীয় সতর্কবাণী দানের মাধ্যমে শমূয়েল তার বাধ্যতার প্রমাণ দিয়েছিলেন; “এবং সদাপ্রভু তাঁহার সংগে ছিলেন, তাহার কোন কথা ভূমিতে পড়িতে দিতেন না।” PPBeng 428.4

শমূয়েল গ্রামে ও শহরে শহরে দূরে লোকেরা যেন তাদের হৃদয় তাদের পিতৃপুরুষদের ঈশ্বরের প্রতি ফিরায় তার চেষ্টা করতেন, এবং তার প্রচেষ্টা নিষ্ফল হয় নি। বিশ বৎসর কাল শত্রুদের অত্যাচারে কষ্ট পাবার পর ইস্রায়েলরা "সদাপ্রভুর পশ্চাতে বিলাপ করিতে লাগিল।" শমূয়েল তাদের পরামর্শ দিলেন, "তোমরা যদি সর্বান্তঃকরণে সদাপ্রভুর কাছে ফিরিয়া আইস, তবে আপনাদের মধ্য হইতে বিজাতীয় দেবগণকে ও অষ্টারোৎ দেবীগণকে দূর কর,... কেবল তাঁহারই সেবা কর; তাহা হইলে তিনি পলেষ্টীয়দের হস্ত হইতে তোমাদিগকে উদ্ধার করিবেন।" খ্রীষ্ট পৃথিবীতে থাকার সময় যে ভাবে শিক্ষা দিতেন, সেই একই ভাবে শমূয়েলের সময়েও বাস্তবমুখী ধর্ম শিক্ষা দেয়া হত। PPBeng 428.5

যারাই ঈশ্বরের কাছে ফিরতে চায় তাদের প্রথম পদক্ষেপই হবে অনুতাপ করা। আমরা প্রত্যেকে ব্যক্তিগত ভাবে আমাদের আত্মাকে ঈশ্বরের সামনে নত করা উচিত এবং আমাদের মূর্তি সমূহকে দূর করা উচিত। যখন আমরা যা করতে পারি তার সবটুকুই পূরণ করি, তখন ঈশ্বর আমাদের তার পরিত্রাণ দান করবেন। PPBeng 429.1

শয়েল একজন বিচারকে পরিণত হন

PPBeng 429

মিস্পাতে এক বিশাল জনতা একত্রিত হল। এখানে একটি পবিত্র উপবাস রাখা হল। লোকেরা গভীর বিনম্রতার সাথে তাদের পাপসমূহ স্বীকার করল, এবং তারা শমূয়েলকে বিচারক অফিসের দায়িত্বভার অর্পণ করল। PPBeng 429.2

পলেষ্টীয়রা এই জনতাকে যুদ্ধের জন্য প্রস্তুতি মনে করল এবং তাদের পরিকল্পনা পরিপক্ক হবার আগেই ইস্রায়েলদের বিপর্যস্ত করার জন্য তারা যুদ্ধ যাত্রা করল। তাদের অভিযানের কথা শুনে ইস্রায়েলদের মনে প্রচন্ড ভয় উপস্থিত হল। লোকেরা শমূয়েলকে অনুরোধ করল: PPBeng 429.3

"আমাদের ঈশ্বর পলেষ্টীয়দের হস্ত হইতে যেন আমাদিগকে নিস্তার করেন, এই জন্য আপনি তাঁহার কাছে আমাদের নিমিত্তে ক্রন্দন করিতে বিরত হইবেন না।" PPBeng 429.4

যখন শয়েল একটি হোমবলি ঈশ্বরের সামনে উৎসর্গ করার কাজে মত দিলেন, পলেষ্টীয়রা যুদ্ধের জন্য এগিয়ে এল। তখন যে মহান শক্তি লোহিত সাগরকে দু'ভাগ করেছিলেন এবং যদ্দন নদীর মধ্য দিয়ে ইস্রায়েলদের জন্য পথ প্রস্তুত করেছিলেন, তিনি আবারও তাঁর শক্তির প্রমাণ দিলেন। আক্রমণকারী সৈন্যরা এক প্রচন্ড ঝড়ের মধ্যে পড়ল, আর শক্তিশালী যোদ্ধাদের মৃতদেহ দ্বারা সমস্ত মাঠ পরিপূর্ণ হয়ে উঠল। PPBeng 429.5

ইস্রায়েলরা আশা ও ভয়ে কম্পমান ছিল। যখন তারা তাদের শত্রুদের হত্যালীলা দেখল, তারা নিশ্চিত হল যে ঈশ্বর তাদের অনুতাপ গ্রহণ করেছেন। যদিও তারা যুদ্ধের জন্য প্রস্তুতত ছিল না, তথাপি তারা মৃত পলেষ্টীয়দের অস্ত্র নিয়ে পলায়নরত সৈন্যদের তাড়া

করল। এই বিজয় সেই একই স্থানে সংঘটিত হল যেখানে, বিশ বসর আগে, পলেষ্টীয়রা ইস্রায়েলদের পরাজিত করেছিল, তাদের যাজকদের হত্যা করেছিল ও ঈশ্বরের নিয়ম-সিন্দুক কেড়ে নিয়েছিল। এখন পলেষ্টীয়রা এমন ভাবে পরাজিত হলো যে দূর্গ তারা ইস্রায়েলদের কাছ হতে কেড়ে নিয়েছিল তা তাদের ফের দিল এবং অনেক বসর পর্যন্ত বিরোধীতা এড়িয়ে চলল। অন্যান্য জাতিরা একই দৃষ্টান্ত অনুকরণ করল এবং যতদিন পর্যন্ত শমূয়েলের একক প্রশাসন চালু ছিল ততদিন পর্যন্ত ইস্রায়েলরা শান্তি ভোগ করতে থাকল। PPBeng 429.6

লোকেরা ঐ ঘটনা যেন কখনো ভুলে না যায় এইজন্য শমূয়েল একটি বিশাল পাথর স্থাপন করে তার নাম দিলেন এবন-এষর, “সাহায্যের প্রস্তর”, আর লোকদের নিকট বললেন, “এ পর্যন্ত সদাপ্রভু আমাদের সাহায্য করিয়াছেন।” PPBeng 430.1

অধ্যায় ৫৮—ভাববাদীদের বিদ্যালয়

PPBeng 431

ঈশ্বর যিহূদীদের আদেশ দিয়েছিলেন যে তারা তাদের সন্তানদের তাদের পিতৃপুরুষদের সাথে তাঁর আচরণ সম্পর্কে শিক্ষা দেবে। ঈশ্বরের মহান কার্যাবলী এবং মুক্তিদাতার প্রতিজ্ঞা প্রায়ই যেন আলোচিত হয়। সংখ্যা ও প্রতীক দ্বারা এই শিক্ষাসমূহ স্মৃতির মধ্যে স্থায়ী ভাবে গেঁথে দেবার বন্দোবস্ত ছিল। শিশু মন প্রকৃতির দৃশ্যে ও ঈশ্বরকে দেখার ও বুঝার প্রশিক্ষা লাভ করত। স্বর্গের তারা, বনের গাছ ও ফুল, পর্বতরাজি, প্রবাহমান সমস্ত কিছুই স্রষ্টার কথা প্রকাশ করতো। ধর্মধামের আরাধনা ও ভাববাদীদের বাণীসমূহ ঈশ্বর প্রকাশ করতেন। PPBeng 431.1

গোশেনে মোশি, শমূয়েলকে হান্না; বেথলেহাম, দাউদ, দানিয়েল বন্দি হয়ে তার পিতার কাছ হতে পৃথক হবার আগে; খ্রীষ্ট নাসারথে; এরা সকলেই এই একই পদ্ধতিতে শিক্ষা গ্রহণ করেছিলেন। তীমথিয় তার মাতামহী লোয়ীর ও মা উনীকীর কাছ হতে একই পদ্ধতিতে শিক্ষা লাভ করেছিলেন। ২ তীমথিয় ১:৫; ৩:১৫। PPBeng 431.2

ভাববাদীদের বিদ্যালয়ে যুবক-যুবতীদের শিক্ষাদানের জন্য আরো অধিক বন্দোবস্ত ছিল। কোন যুবক বা যুবতী ইস্রায়েলে শিক্ষকতা করতে আকাঙ্খী হয়ে আরো গভীর ভাবে সত্যের অনুসন্ধান করতে আগ্রহী হত, তখন ঐ বিদ্যালয় তাদের জন্য খোলা ছিল। বহুল প্রসারিত মন্দতাকে বাধা দানের জন্য, যুবক-যুবতীদের নৈতিক ও আত্মিক উন্নতির জন্য, যোগ্য নেতা ও পরামর্শ-দাতা সৃষ্টি করে জাতির উন্নতি বিধানের জন্য। শমূয়েল সেই সকল যুবক-যুবতীদের একত্রিত করতেন যারা ছিল ধার্ম্মিক, বুদ্ধিমান, ও লেখা-পড়ায় আগ্রহী। এদের ভাববাদীদের সন্তান নামে অভিহিত করা হত। স্বর্গীয় সত্যে উপযুক্তরূপে শিক্ষিত শিক্ষকরা নিজেরা ও ঈশ্বরের সহিত যোগাযোগ রাখতেন এবং তাঁরা পবিত্র আত্মা দ্বারা পূর্ণ ছিলেন। তারা লোকদের আস্থা ভাজন ছিলেন PPBeng 431.3

শমূয়েলের সময়ে ঐ প্রকার দু'টি বিদ্যালয় ছিল একটি রামাতে আর অন্যটি কিরিয়যিয়ারীমে। অন্যগুলি পরে স্থাপিত হয়। PPBeng 432.1

ছাত্ররা মাঠে চাষ করে অথবা অন্য কোন কারিগরী কাজ দ্বারা নিজদের ভরণপোষণ ও অন্যান্য খরচ চালাত। প্রয়োজনীয় কাজ শিক্ষা না করে সন্ত ানদের বড় হতে দেয়াকে ইস্রায়েলে একটি অপরাধ মনে করা হত। প্রত্যেক সন্তানকেই কোন না কোন কাজ শিক্ষা দেয়া হত, এমন কি সে কোন পবিত্র দায়িত্বে নিযুক্ত হবার জন্য শিক্ষা গ্রহণ করার সময়ও হাতের কাজ শিখতে হতো। অনেক ধর্মীয় শিক্ষকরা দৈহিক কাজ করে নিজদের ভরণপোষণ যোগাড় করতেন। এমন কি প্রেরিতদের সময়ও পৌল ও আক্কিলা তাঁবু তৈরীর মাধ্যমে জীবন ধারণ করতেন। PPBeng 432.2

ঐ সকল স্কুলের প্রধান শিক্ষার বিষয় সমূহ ছিল ঈশ্বরের ব্যবস্থা, ধর্মীয় ইতিহাস, ধর্মীয় সঙ্গীত, ও কাব্য। বর্ত্তমান কালের শিক্ষা পদ্ধতির সহিত ঐ শিক্ষা পদ্ধতির প্রধান পার্থক্য এই ছিল যে বর্তমান কালের ধর্মীয় শিক্ষায় স্নাতক ব্যক্তিরা ঈশ্বর ও ধর্মীয় সত্য সম্পর্কে বিদ্যালয়ে যাবার আগে যা জানতেন বিদ্যালয়ের শিক্ষা সমাপ্ত করে তার চেয়ে কম জানেন। সমস্ত শিক্ষার মূল লক্ষ্য ছিল ঈশ্বরের ইচ্ছা সম্বন্ধে ও তাঁর প্রতি মানুষের কর্তব্য সম্বন্ধে জ্ঞান লাভ করা। ধর্মীয় ইতিহাসে ঈশ্বরের পদক্ষেপ সমূহ সম্পর্কে ধারণা দেয়া হত। প্রতীক দ্বারা যে মহান সত্য উপস্থিত করা হয় তা শিক্ষা দেয়া হত, এবং বিশ্বাসের কেন্দ্রীয় লক্ষ্য শিক্ষাদান করা হত। ঈশ্বরের মেষ পৃথিবীর পাপ বহন করে নিয়ে যাবেন। PPBeng 432.3

ছাত্রদের শিক্ষা দেয়া হত কি ভাবে প্রার্থনা করতে হয়, কি ভাবে তাদের স্রষ্টার কাছে যেতে হয়, কি ভাবে তাঁর প্রতি বিশ্বাস প্রদর্শন করতে হয়, এবং কি ভাবে পবিত্র আত্মার শিক্ষা বুঝতে হয় ও মানতে হয়। ভবিষ্যদ্বাণী ও ধর্মীয় গানের মাধ্যমে ঈশ্বরের আত্মার প্রকাশ ঘটত। PPBeng 432.4

আত্মার উন্নয়নমূলক সঙ্গীতের শিক্ষাদান

PPBeng 432

গান-বাজনা তৈরীর উদ্দেশ্য ছিল চিন্তা-ভাবনাকে এক পবিত্র উচ্চতায় উত্তোলন করা ও হৃদয়ের মধ্যে ঈশ্বরের প্রতি বাধ্যতা ও কৃতজ্ঞতা সৃষ্টি করা। কতজনই না ঈশ্বরের গৌরব প্রকাশ না করে আত্ম-স্বার্থকে উন্নীত করার জন্য এই মেধার ব্যবহার করে থাকেন। গান-বাজনার প্রতি মোহ হল এমন একটি মাধ্যম যা ব্যবহার করে শয়তান মানুষের মনকে কর্তব্য সম্পাদন ও স্বর্গীয় জিনিষের বিষয়ে ধ্যান করা হতে দূরে নিয়ে যেতে পারে। PPBeng 432.5

স্বর্গে ঈশ্বরের কাছে তাঁর আরাধনার জন্য সঙ্গীত ব্যবহৃত হয়ে থাকে, আর আমাদের চেষ্ট করা উচিত আমরা যে সকল প্রশংসা ও গান তৈরী করি তা যেন স্বর্গীয় গায়কদলের প্রশংসা ও গানের যতদূর সম্ভব নিকটতম হয়। সঙ্গীত প্রার্থনার মতই আরাধনার একটি অংশ। হৃদয় যেন সঙ্গীতের আত্মাকে অনুভব করতে সক্ষম হয় যাতে সঙ্গীতের উপযুক্ত প্রকাশ সম্ভব হয়ে উঠে। PPBeng 433.1

যিহুদীদের অতীত বিদ্যালয় হতে কি কোন কোন বিশেষ শিক্ষামালা আমাদের বর্তমানকালের শিক্ষকরা লাভজনকরূপে প্রয়োগ করতে পারে? শিক্ষার প্রকৃত কার্যকারীতা তখন প্রমাণিত হয় যখন লোকেরা বিশ্বস্ততার সাথে স্রষ্টার পরিকল্পনা বাস্তবায়ন করতে সক্ষম হয়। PPBeng 433.2

শিক্ষার প্রকৃত উদ্দেশ্য হল হৃদয়ের ভিতর ঈশ্বরের সঠিক চেহারা স্থাপন করা। মানুষের মধ্যে যে ঈশ্বরের আকৃতি ছিল পাপ তা প্রায় ধ্বংসই করে ফেলেছে। যে পরিপূর্ণতায় তাকে প্রথম সৃষ্টি করা হয়েছিল সেই পরিপূর্ণতায় তাকে ফিরিয়ে আনাই হল জীবনের মহান

ব্রত। যুবক-যুবতীদের শিক্ষাদান কালে পিতামাতা ও শিক্ষকের কর্তব্য হলো ঐ স্বর্গীয় লক্ষ্যের সাথে সহযোগীতা করা। স্রষ্টা আমাদের যে সকল মেধা ও যে সকল গুণ দিয়েছেন তার প্রত্যেকটিই তাঁর গৌরবার্থে ও সহ-মানবের উন্নয়নে আমাদের প্রয়োগ করতে হবে। PPBeng 433.3

এই নীতির গুরুত্ব অনুসারে যদি এর প্রতি মনোযোগ দেয়া হয়, তবে বর্তমান শিক্ষা পদ্ধতিতে একটি আমূল পরিবর্তন সাধিত হবে। তখন আত্ম- গৌরব ও উচ্চাকাঙ্খা জাগিয়ে তুলার পরিবর্তে উত্তমতা, সত্য, এবং সৌন্দর্যের প্রতি প্রেমকে জাগিয়ে প্রচেষ্টা চালানো হবে। ছাত্র অন্যদের চেয়ে ভাল ফল করার পরিবর্তে স্রষ্টার উদ্দেশ্যকে বাস্তবায়ন করতে ও নিজের মধ্যে তাঁর আকৃতি আঁকতে অধিক চেষ্টা চালাবে। যা অন্যদের ছোট করে সেইরূপ আত্ম-উন্নতির আকাঙ্খায় পরিচালিত না হয়ে ছাত্রদের মন স্রষ্টার দিকে ধাবিত হবে। PPBeng 433.4

"সদাপ্রভুকে ভয় করাই প্রজ্ঞার আরম্ভ, পবিত্রতম-বিষয়ক জ্ঞানই সুবিবেচনা।" হিতোপদেশক ৯:১০। এই জ্ঞান প্রদান করা এবং এর সাথে ঐক্য রেখে চরিত্র সংগঠন করাই হবে শিক্ষকের কাজের লক্ষ্য। গীতসংহিতায় বলা হয়েছে, "তোমার সমস্ত আজ্ঞা ধর্মময়", এবং "তোমার নির্দেশমালা দ্বারা আমার বুদ্ধি লাভ হয়।" গীতসংহিতা ১১৯৪১৭২, ১০৪। ভাববাণীর আত্মার হাজারো শিক্ষামালায় ও প্রকৃতির পুস্তক হতে আমরা ঈশ্বর সম্পর্কিত জ্ঞান লাভ করব। PPBeng 433.5

যে বিষয়ের উপর মন বেশী নিয়োজিত থাকে সেই বিষয়ের সহিত মন সংহতিপূর্ণ হয়ে উঠে। যদি তা সর্বদাই অতি সাধারণ জিনিষের প্রতি নিবদ্ধ থাকে তবে মন সঙ্কীর্ণ ও দুর্বল হয়ে পড়বে। যদি মনকে কঠিন সমস্যা সমাধানে নিযুক্ত করা না হয় তাহলে তা বৃদ্ধি পাবার ক্ষমতা হারিয়ে ফেলবে। শিক্ষার দক্ষতা বৃদ্ধি করায় বাইবেলের কোন প্রতিযোগী নাই। এটি ত চিরন্তন সত্যের উৎস হতেই এসেছে, এবং ঈশ্বরের হাত যুগে যুগে এর পবিত্রতা রক্ষা করেছে । যে সুদূর অতীতে প্রবেশের জন্য মানবিক গবেষণা কাজ বৃথাই প্রচেষ্টা চালায়, বাইবেল তাকে আলোকিত করে তুলে। মানুষের গর্ব ও কুসংস্কার মুক্ত আমাদের জাতির ইতিহাস আমরা এখানেই পেতে পারি। পৃথিবীর শ্রেষ্ঠতম ব্যক্তিত্বের জীবনের দ্বন্দ্ব, পরাজয়, ও বিজয় এইখানেই লিপিবদ্ধ করা রয়েছে। যে পর্দা দৃশ্য ও অদৃশ্যকে পৃথক করে এখানে এলে তা উন্মোচিত হয়, এবং তখন আমরা ভাল ও মন্দের মধ্যে যে দ্বন্দ্ব ও পাপের শুরু হতে ধার্মিকের বিজয় পর্যন্ত সব কিছুই দেখতে পারি। সব কিছুই ঈশ্বরের চরিত্রসমূহের প্রকাশ মাত্র। ছাত্রকে অসীম মনের সহিত সংযোগ স্থাপন করানো হয়। এই ধরণের শিক্ষা মানসিক ক্ষমতার বৃদ্ধি সাধন করতে ব্যর্থ হয় না। PPBeng 434.1

বাইবেল সেই সকল নীতি শিক্ষা দেয় যেগুলি সমাজের স্তম্ভ এবং পারিবারিক জীবনের সংরক্ষক। ঈশ্বরের বাক্য অধ্যয়ন করলে এবং এর প্রতি বাধ্যতা প্রদর্শন করলে, ইহা

পৃথিবীকে দিবে শক্তিশালী চরিত্রের মানুষ, যে মানুষের থাকবে গভীর উপলব্ধি ও সঠিক বিচার ক্ষমতা, আর যারা হবে পৃথিবীতে আশীর্বাদস্বরূপ। PPBeng 434.2

সকল প্রকৃত বিজ্ঞানই হলো বস্তু-জগতে ঈশ্বরের হাতের লেখার ব্যাখ্যা-প্রদান। বিজ্ঞান তার গবেষণা দ্বারা ঈশ্বরের জ্ঞান ও ক্ষমতার নূতন নূতন প্রমাণ প্রকাশ করে। সঠিক ভাবে বুঝতে পারলে বুঝা যাবে যে, প্রকৃতি ও ঈশ্বরের বাক্য উভয়ই, তিনি যে বিজ্ঞান ও হিতকর নিয়ম-কানুনের মাধ্যমে কাজ করেন, তা শিক্ষা দিয়ে আমাদের ঈশ্বরের সাথে পরিচিত করে। PPBeng 434.3

মহান শিক্ষক (খ্রীষ্ট) যে সকল দৃষ্টান্ত দ্বারা তার শিক্ষাকে বোধগম্য করে তুলতেন ও শ্রোতার হৃদয়ের মধ্যে গভীর ভাবে গেথে দিতেন, সকল শিক্ষককে তাঁর সেই সকল দৃষ্টান্ত অনুকরণ করা উচিত। পত্রময় শাখা-প্রশাখার পাখী, উপত্যকার ফুল, বিশাল বৃক্ষসমূহ, ফসল-পূর্ণ মাঠ, নির্গতমান শস্য, অনুর্বর ভূমি, আকাশে পড়ন্ত সূর্যের সোনালী রঙের ছটা- এই সকলই শিক্ষাদানে ব্যবহার করা যায়। স্রষ্টার দৃশ্যমান কাজকে তিনি তাঁর জীবনদানকারী বাক্যের সহিত সংযুক্ত করতেন। PPBeng 434.4

স্বাস্থ্য ও সুখ দানকারী ধর্ম

PPBeng 435

প্রকৃতির সমস্ত কিছুই মানুষকে তার স্রষ্টার প্রেমের কথা স্মরণ করায়। এই পৃথিবী শুধু দুঃখ ও যাতনাতে পূর্ণ নয়। প্রত্যেক ফুটন্ত পুষ্পে, বাগানের প্রত্যেক ফুলে, মাঠের প্রত্যেক ঘাসের পাতায় লিখিত রয়েছে, "ঈশ্বর প্রেম।" কাটাগাছেও ফুল হয়, আর গোলাপ ফুল কাঁটাকে আড়াল করে রাখে । প্রকৃতির সমস্ত কিছুই সাক্ষ্য দেয় যে ঈশ্বর তার সন্তানদের সুখী রাখতে চান। তাঁর নিষেধাবলী শুধু তাঁর কর্তৃত্ব প্রকাশের উদ্দেশে নয়; বরং এগুলি তাঁর সন্তানদের উপকারের জন্যই প্রকাশ করা হয়েছে। যা কিছু থাকলে তাদের প্রকৃত উপকার হবে তার কোনটিই পরিত্যাগ করতে তিনি তাদের বলেন না । PPBeng 435.1

ধর্ম, স্বাস্থ্য ও সুখের অনুকূলে নয়, এরূপ ধারণা হল সব চেয়ে ক্ষতিকর একটি ভ্রান্তি। বাইবেলে বলা হয়েছে, "সদাপ্রভুর ভয় জীবনে লইয়া যায়, যাহার তাহা আছে, সে তৃপ্ত হইয়া বসতি করে।" হিতোপদেশ ১৯:২৩। জ্ঞানের কথা "তাহাদের পক্ষে তাহা...জীবন, তাহা তাহাদের সর্বাঙ্গের স্বাস্থ্যস্বরূপ।" হিতোপদেশ 4:22। প্রকৃত ধার্মিক মানুষকে ঈশ্বরের সাথে একাত্ম করে, দৈহিক মানসিক ও নৈতিক ব্যবস্থা সমূহের প্রতি বাধ্য করে। এটি আত্ম-নিয়ন্ত্রণ, শান্তি, ও মিতাচার শিক্ষা দেয়। ধর্ম মনকে সাহায্য দান করে, আমোদ-উপভোগকে খাঁটি করে, এবং বিচার বুদ্ধিকে পবিত্র করে। ঈশ্বরের প্রেমের প্রতি বিশ্বাস দুশ্চিন্তা ও দুর্ভাবনার বোঝাকে লাঘব করে। সর্ব-উচ্চ অথবা সর্বনীচ সকলের হৃদয়কেই আনন্দ ও তৃপ্তি দান করে। ধর্ম স্বাস্থ্যের উন্নতি করে, আয়ূ বৃদ্ধি করে, ও সকল প্রকার আশীর্বাদ উপভোগ করার ক্ষমতা বৃদ্ধি করে। যিনি সব কিছু উপভোগ করার ক্ষমতা বৃদ্ধি করেন। যিনি সব

চাইতে ভাল কি তা জানেন, তিনি যে পথে চলতে মানা করেছেন, সে পথে চলায় কোন প্রকৃত আনন্দ নাই। PPBeng 435.2

যিহূদীদের বিদ্যালয়ে যে দৈহিক ও ধর্মীয় শিক্ষা দেয়া হত তার বিশ্লেষণ যথেষ্ট লাভজনক হবে। মন ও দেহের মধ্যে একটি গভীর সম্পর্ক রয়েছে। নৈতিক ও জ্ঞানের উচ্চ মানে পৌঁছানোর জন্য যে নিয়মকানুন আমাদের দেহ নিয়ন্ত্রণ করে তা শিক্ষা করা প্রয়োজন। PPBeng 436.1

অতীত কালের ইস্রায়েলদের মত এখনো যুবক-যুবতীদের কোন না কোন দৈহিক কাজে দক্ষতা অর্জন প্রয়োজন। এমন কি যদি নিশ্চিত ভাবে জানা যায় যে কোন এক জনকে কোন দিনই দৈহিক শ্রম করতে হবে না, তথাপি তারও দৈহিক কাজ শিক্ষা করা প্রয়োজন। শারীরিক ব্যায়ম ছাড়া কোন মানুষই সুস্বাস্থ্যের অধিকারী হতে পারে না। একটি শক্তিশালী ও কার্যরত মন ও উন্নত চরিত্রের জন্য সুনিয়ন্ত্রিত দৈহিক পরিশ্রমের প্রয়োজন। PPBeng 436.2

প্রত্যেক ছাত্রকে দিনের একটি বিশেষ অংশ কার্যকরী দৈহিক পরিশ্রমে যাপন করা উচিত। তাতে যুবক-যুবতীরা সেই সকল মন্দ ও অবক্ষয়ী জিনিস হতে রক্ষা পাবে যেগুলি আলস্যের কারণে তাদের জীবনে এসে থাকে। এই সকলই শিক্ষার মুখ্য উদ্দেশের সহিত সম্পর্কিত। PPBeng 436.3

যুবক-যুবতীরা যদি তাদের প্রতি স্বর্গীয় পিতার গভীর প্রেম উপলব্ধি করতে পারে, যে তাদের কি মহান আহবান দেয়া হয়েছে, ঈশ্বরের সন্তানে পরিণত হওয়ার আহবান তাহলে যে আত্মকেন্দ্রিক ও স্বার্থপর আনন্দে তারা এতদিন লিপ্ত ছিল, তা হতে হাজার হাজার যুবক-যুবতী ফিরে আসবে। তা হলে শাস্তি বা পুরস্কারের লোভেই শুধু তারা পাপ পরিত্যাগ করবে না, বরং পাপের নিকৃষ্টতার জন্যই তারা তা পরিত্যাগ করবে। PPBeng 436.4

ঈশ্বর যুবক-যুবতীদের উচ্চাভিলাষী হতে নিষেধ করেন নি। কিন্তু তাদের শুধু স্বার্থপূর্ণ পৃথিবীর লোভে পরিচালিত না হয়ে, ঈশ্বরের আশীর্বাদে, পৃথিবী হতে স্বর্গ যত উঁচু তত উঁচু লক্ষ্যের দিকে ধাবিত হতে নির্দেশ দেয়া উচিত। তখন যে শিক্ষা এই পৃথিবীতে শুরু হয়েছে তা পরকালেও চালু থাকবে। "চক্ষু যাহা দেখে নাই, কর্ণ যাহা শুনে নাই, এবং মনুষ্যের হৃদয়াকাশে যাহা উঠে নাই, যাহা ঈশ্বর, যাহারা তাঁহাকে প্রেম করে, তাহাদের জন্য প্রস্তুত করিয়াছেন।" ১ করিন্থীয় ২৪৯। পরবর্ত্তী পৃথিবীতেই আনন্দ ও আশীর্বাদের পরিপূর্ণতা আসবে। ঈশ্বরের রূপ পুনঃ স্থাপিত হবার পর মানুষ যে মহিমান্বিত লক্ষ্যে পৌঁছাবে তা শুধু অনন্তকালই জানে। PPBeng 436.5

অধ্যায় ৫৯—ইস্রায়েলদের প্রথম রাজা, শৌল

PPBeng 437

ঈশ্বরের নামে ইস্রায়েলের শাসন ব্যবস্থা পরিচালিত হত। মোশির, সতর জন প্রাচীনের, প্রশাসকদের ও বিচারকদের একমাত্র কাজ ছিল ঈশ্বরের ব্যবস্থা কার্যকারি করা; জাতির জন্য আইন-প্রণয়নের দায়িত্ব তাদের ছিল না। ইস্রায়েলকে জাতি হিসাবে বেঁচে থাকার এই ছিল শর্ত। PPBeng 437.1

সদাপ্রভু দেখতে পেরেছিলেন যে ইস্রায়েল একজন রাজা চাইবে, কিন্তু তিনি সেই নীতিসমূহ বদলালেন না যেগুলির উপর ভিত্তি করে রাজ্য স্থাপন করা হয়েছিল। রাজা সর্বশক্তিমানের একজন প্রতিনিধি হবেন। ঈশ্বর নিজেই জাতির প্রধান। (সংযোজনের ৭ নং নোট দেখুন)। PPBeng 437.2

যখন ইস্রায়েলরা কনানে প্রথম বসতি স্থাপন করল, তখন জাতি যিহোশূয়ের অধীনে থেকে উন্নতি করতে লাগল। কিন্তু অন্যান্য জাতির সহিত সংমিশ্রণ একটি পরিবর্তন এনেছিল। লোকেরা তাদের পৌত্তলিক প্রতিবেশীদের অনেক রীতিনীতি গ্রহণ করল এবং ঈশ্বরের মনোনীত জাতি হবার গৌরবকে তত মূল্য দিল না। পৌত্তলিক রাজার জাকজমক দেখে তারা তাদের সাধারণ জীবন যাপনে অতিষ্ট হয়ে উঠল। বিভিন্ন বংশের মধ্যে ঈর্ষা জেগে উঠতে থাকল। আভ্যন্তরীণ কলহ তাদের দুর্বল করে তুলল। তারা পৌত্তলিক জাতির আক্রমণের শিকার হতে লাগল, এবং লোকেরা ভাবতে লাগল যে তাদেরও একটি শক্ত কেন্দ্রীয় সরকারের অধীনস্থ থাকা উচিত। তারা তাদের স্বর্গীয় রাজা হতে মুক্তি পেতে চাইল। এই ভাবে গোটা ইস্রায়েলের মধ্যে একজন রাজার জন্য দাবী উঠতে আরম্ভ করল। PPBeng 437.3

শমূয়েলের অধীনে জাতি উন্নতি লাভ করেছিল, শৃঙ্খলা ফিরে এসেছিল, ধার্মিকতা বৃদ্ধি পেয়েছিল, এবং অসন্তোষের ভাব কিছু দিনের জন্য মনে ছিল না। কিন্তু বয়স বৃদ্ধির সাথে সাথে ভাববাদী তার দুই ছেলেকে তার সহকারী- রূপে নিযুক্ত করলেন। দেশের দক্ষিণ দিকের সীমার নিকটবর্তী জায়গার PPBeng 437.4

লোকদের মধ্যে বিচার চালানোর জন্য যুবকদ্বয়কে বেরশেবাতে স্থাপন করা হল। কিন্তু তারা উপযুক্ত প্রমাণিত হল না, এবং তারা "ধনলোভে বিপথে গেল, উৎকোচ লইত ও বিচার বিপরীত করিত।" তারা তাদের পিতার পবিত্র, স্বার্থপরতাহীন জীবনের অনুকরণ করে নি। তিনি তার ছেলেদের কিছুটা প্রশয় দান করেছিলেন এবং তাদের চরিত্রে তার ফল প্রকাশ পেল। PPBeng 437.5

সুতরাং গোপনে যে কামনা পোষণ করা হত তা প্রকাশ্যে প্রকাশ করার সুযোগ উপস্থিত হল। "অতএব ইস্রায়েলের সমস্ত প্রাচীনগণ একত্রিত হইয়া রামাতে শমূয়েলের নিকটে

আসিলেন; আর তাহাকে বলিলেন, “দেখুন, আপনি বৃদ্ধ হইয়াছেন; এবং আপনার পুত্রেরা আপনার পথে চলে না; এখন অন্য সকল জাতির ন্যায় আমাদের আচার বিচার করিতে আপনি আমাদের উপর একজন রাজা নিযুক্ত করুন।” যদি তার ছেলেদের মন্দ কাজগুলি সম্বন্ধে তিনি অবগত হতেন তবে তিনি তৎক্ষণাৎ তাদের পদচ্যুত করতেন। কিন্তু আবেদনকারীরা তা চায় নি। শয়েল দেখতে পেলেন যে তাদের আসল কারণ হল অসস্ত্তষ্টি ও গর্ব। শমূয়েলের বিরুদ্ধে কোন অভিযোগ করা হয় নি সকলেই তার প্রশাসনের সততা ও ন্যায়পরায়ণতার স্বীকার করল। বৃদ্ধ ভাববাদী কোন প্রতিবাদ করলেন না, কিন্তু বিষয়টি সদাপ্রভুর নিকট শুধু তাঁরই পরামর্শের জন্য প্রার্থনার মাধ্যমে উপস্থিত করলেন । PPBeng 438.1

সদাপ্রভু ইস্রায়েলদের ভুলের জন্য তাদের সতর্ক করেন

PPBeng 438

সদাপ্রভু শমূয়েলকে বললেন “এই লোকেরা তোমার কাছে যাহা যাহা বলিতেছে, সেই সমস্ত বিষয়ে তাহাদের বাক্যে কর্ণপাত কর; কেননা তাহারা তোমাকে অগ্রাহ্য করিল, এমন নয়, আমাকেই অগ্রাহ্য করিল, যেন আমি তাহাদের উপরে রাজত্ব না করি। যে দিন মিসর হইতে আমি তাহাদিগকে বাহির করিয়া আনিয়াছিলাম, সেই দিন অবধি অদ্য পর্য্যন্ত তাহারা যেরূপ ব্যবহার করিয়া আসিতেছে, অন্য দেবগণের সেবা করণার্থে আমাকে ত্যাগ করিয়া আসিতেছে, তদ্রূপ ব্যবহার তোমার প্রতিও করিতেছে।” PPBeng 438.2

ইস্রায়েলদের উন্নতির দিনসমূহ ছিল তখন যখন তারা ঈশ্বরকে তাদের রাজা বলে স্বীকার করেছিল, যখন তাঁর দেয়া প্রশাসনিক ব্যবস্থা ও আইনকে আন্যান্য জাতির চেয়ে উন্নতমানের বলে তারা গ্রহণ করত। কিন্তু ঈশ্বরের ব্যবস্থা হতে সরে গিয়ে যিহূদীরা সেই জাতিতে পরিণত হতে সক্ষম হল যে জাতিকে ঈশ্বর তাদের পরিণত করতে চেয়েছিলেন। তারপর তাদের পাপ ও দুষ্টামীর ফলে যত দুর্যোগ তাদের উপর নেমে এসেছিল তা তারা ঈশ্বরের শাসন ব্যবস্থার প্রতি আরোপিত করল । PPBeng 438.3

যেহেতু তারা তাঁর পরামর্শ অনুসারে চলতে অস্বীকার করল, তাই সদাপ্রভু তাদের ইচ্ছানুযায়ী চলতে দিলেন। যখন মানুষ তাদের ইচ্ছানুযায়ী চলতে চায়, তখন তিনি তাদের ইচ্ছানুযায়ী চলতে দেন যেন তারা তাদের ভুল বুঝতে সক্ষম হয়। ঈশ্বরের ইচ্ছার বিরুদ্ধে হৃদয়ের আকাঙ্খাকে পূরণ করলে তা আশীর্বাদ না হয়ে অভিশাপে পরিণত হয়। PPBeng 439.1

শমূয়েলকে নির্দেশ দেয়া হল যে তিনি যেন লোকদের আবেদন মঞ্জুর করেন, কিন্তু সাথে সাথে তাদের ঈশ্বরের অসন্তুষ্টির কথাও তাদের সিদ্ধান্তের শেষ ফল সম্বন্ধেও যেন তিনি তাদের জানিয়ে দেন। তিনি বিশ্বস্ত ভাবে লোকদের জানিয়ে দিলেন কি কি ভারী বোঝা তাদের উপর চাপবে এবং তাদের বর্তমান স্বাধীন ও উন্নত জীবন যাপনে ও ভবিষ্যতের

অত্যাচারের মধ্যে কি কি পার্থক্য হবে। তারপর রাজা অন্যান্য রাজাদের মত ঐশ্বর্য্য ও বিলাসিতা প্রিয় হবে। সমস্ত জনগণের উপর ও তাদের সম্পদের উপর কর ধার্য করা প্রয়োজন হবে। তাদের মধ্যে স্বাস্থ্যবান যুবকদের তার চাকুরীতে নিযুক্ত করা হবে। তাদের সারথী, অশ্বারোহী ও রাজার দেহরক্ষীতে পরিণত করা হবে। তারা তার সৈন্যদলের বিভিন্ন পদে বহাল হবে এবং তাদের তার মাঠ চাষ করতে হবে, তার শস্য কর্তন করতে হবে, এবং তার ব্যবহারের জন্য যুদ্ধাস্ত্র তৈরী করতে হবে। তার রাজত্বের ব্যয় বহন করার জন্য সে তাদের সবচেয়ে ভাল ভাল জমি নিজের আওতাভুক্ত করবে। তাদের চাকর-বাকর ও পশুপালগুলির সবচেয়ে ভাল ভালগুলি সে নিয়ে নেবে এবং “নিজ কাজে নিযুক্ত করিবেন।” তা ছাড়াও রাজা তাদের সকল প্রকার আয়ের, তাদের পরিশ্রমের, লাভের ও তাদের জমির ফসলের ভাগের এক ভাগ দাবী করবে। ভাববাদী উপসংহারে বললেন, “তোমরা তাঁহার দাস হইবে।” “কিন্তু সদাপ্রভু সেইদিন তোমাদিগকে উত্তর দিবেন না।” যদি একবার রাজত্ব স্থাপন করা হয় তবে আর তা ইচ্ছামত বাদ দেয়া যাবে না। PPBeng 439.2

লোকেরা ঈশ্বরকে তাদের রাজারূপে মানতে অস্বীকার করে PPBeng 439.3

কিন্তু লোকেরা উত্তর দিল, “না, আমাদের উপরে একজন রাজা চাই; তাহাতে আমরাও আর সকল জাতির সমান হইব, এবং আমাদের রাজা আমাদের বিচার করিবে ও আমাদের অগ্রগামী হইয়া যুদ্ধ করিবেন।” PPBeng 439.4

“আমরাও আর সকল জাতির সমান হইব।” এই বিষয়ে অন্যান্য জাতি হতে পৃথক থাকা একটি বিশেষ সুযোগ ছিল। ঈশ্বর ইস্রায়েলকে তার বিশেষ সম্পদে পরিণত করার জন্য অন্য সকল জাতি হতে পৃথক করেছিলেন। কিন্তু তারা পৌত্তলিকদের অনুসরণ করতে চাইল। ঈশ্বরের লোকেরা যখন ঈশ্বর হতে দূরে সরে যান, তারা পৃথিবীর সম্মানের আকাঙ্খী হয়ে পড়েন। অনেকে নিবেদন করে থাকেন যে পৃথিবীর লোকদের সাথে ঐক্য সৃষ্টি করে এবং তাদের নিয়মকানুনের প্রতি বাধ্য হয়ে তারা পৌত্তলিকদের উপর শক্ত ধর্মীয় প্রভাব বিস্ত ার করবেন। কিন্তু যারাই এই পদ্ধতির অনুকরণ করে থাকেন তারা শক্তির উৎস হতে নিজদের পৃথক করে ফেলেন। পৃথিবীর সাথে বন্ধুত্ব স্থাপনের ফলে তারা ঈশ্বরের শত্রুতে পরিণত হয়। PPBeng 439.5

গভীর দুঃখের সাথে শমূয়েল লোকদের কথা শুনলেন। কিন্তু ঈশ্বর তাকে বললেন, “তাহাদের জন্য একজনকে রাজা কর।” ভাববাদী বিশ্বস্ততার সাথে সতর্কবাণী দিয়েছেন, কিন্তু তা গৃহিত হয় নি। ভারী অন্তঃকরণ নিয়ে তিনি সরকার পদ্ধতির পরিবর্তন করার প্রস্তুতি নিতে গেলেন। PPBeng 440.1

শমূয়েলের স্বার্থহীন ভক্তি, স্বার্থপর যাজকদের প্রতি, এবং গর্বিত ও ইন্দ্রিয়পরায়ণ সমাজের প্রতি তিরস্কারস্বরূপ ছিল। তার পরিশ্রম স্বর্গীয় অনুমোদন লাভ করেছিল। তিনি পৃথিবীর মুক্তিদাতা কর্তৃক সম্মানিত হয়েছিলেন, যার পরিচালনার অধীনে তিনি যিহুদী

জাতিকে শাসন করতেন। কিন্তু লোকেরা তার ধার্মিকতায় ক্লান্ত হয়ে উঠল এবং তার বিনম্র কর্তৃত্বকে অস্বীকার করল ও তাকে তাদের রাজারূপে গ্রহণ করতে অস্বীকার করল। PPBeng 440.2

শমূয়েলের চরিত্রে আমরা খ্রীষ্টের চরিত্রের প্রতিফলন দেখতে পাই। খ্রীষ্টের পবিত্রতাই ভ্রান্ত ধার্মিক প্রদর্শকদের মধ্যে প্রচন্ড আবেগ সৃষ্টি করেছিল। যিহুদীরা এমন একজন খ্রীষ্টের অপেক্ষা করছিল যিনি তাদের অত্যাচারীদের যোঁয়ালী ভেঙ্গে দেবেন, কিন্তু তারা সেই পাপগুলিই গোপনে হৃদয়ে পোষণ করে রেখেছিল যার কারণে তাদের উপর অত্যাচারের যোয়ালী নেমে এসেছিল। যদি খ্রীষ্ট তাদের ধার্মিকতার প্রশংসা করতেন তবে তারা তাঁকে তাদের রাজারূপে গ্রহণ করত; কিন্তু তাদের পাপের জন্য তাদের প্রতি তাঁর নির্ভয় তিরস্কার তারা সহ্য করল না। পৃথিবীতে যুগে যুগে এই একই ঘটনা ঘটেছে। যখন যারা পাপকে ঘৃণা করে তাদের দৃষ্টান্ত দ্বারা তিরস্কৃত করা হয়, তখন কপটাচারীরা শয়তানের চেলারূপে বিশ্বাসীদের অত্যাচার করে থাকে। PPBeng 440.3

তাদের রাজা মনোনীত করার অধিকার ঈশ্বর নিজ হাতে রেখেছিলেন। বিন্যামীন বংশের কীশের ছেলে শৌলের উপর মনোনয়ন পড়ল। PPBeng 440.4

“ইস্রায়েলের মধ্যে তাঁহার চেয়ে সুন্দর কোন পুরুষ ছিল না।” তার চেহারা ছিল সম্ভ্রান্ত বংশীয় লোকের চেহারা, শান্ত ও দীর্ঘ দেহ-ধারী, তাকে দেখলেই মনে হত যে তিনি আদেশ দেবার জন্য জন্ম গ্রহণ করেছেন। কিন্তু যে উচ্চ গুণাবলী জ্ঞানের জন্ম দেয়, শৌল সেগুলির অধিকারী ছিলেন না। তিনি তার প্রচন্ড আবেগকে দমন করতে শিখেন নি। তিনি কখনো স্বর্গীয় অনুগ্রহের নবনীকরণের ক্ষমতা অনুভব করেন নি। PPBeng 440.5

শৌল একজন ধনী অধিপতির সন্তান ছিলেন, তথাপি তিনি একজন কৃষকের মত কৃষিকাজে নিযুক্ত ছিলেন। তার পিতার কিছু পশু পাহাড়ে হারিয়ে যাওয়ায় শৌল সেগুলিকে খুঁজতে একজন চাকরের সাথে গেলেন। যেহেতু তারা রামাস্থিত শমূয়েলের বাড়ী হতে বেশী দূরে ছিলেন না, তাই চাকর যুক্তি দিল যে ভাববাদীর নিকট হতে হারিয়ে যাওয়া পশুগুলি সম্পর্কে খোঁজ করা উচিত। যখন তারা শহরের নিকটবর্তী হলেন তখন তারা শুনতে পারলেন যে তখনি একটি ধর্মীয় অনুষ্ঠান হতে যাচ্ছিল এবং ভাববাদীও এসে উপস্থিত হয়েছেন। তখন ঈশ্বরের আরাধনা দেশের সর্বত্র চালু হয়ে গিয়েছিল। সমাগম-তাঁবুতে কোন সেবা কাজ করা হচ্ছিল না, তাই কিছু কালের জন্য বলিদানও অন্যান্য স্থানে দেয়া হচ্ছিল। যাজকদের ও লেবীয়দের যে সকল শহরে লোকেরা ধর্মীয় শিক্ষা গ্রহণ করতে আসত, সেই সকল শহর সমূহকেই এই কাজের জন্য নির্ধারিত করা হয়েছিল। বলিদানের স্থানটি এই সকল শহরে সবচেয়ে উঁচু জায়গায় ছিল তাই সেগুলিকে বলা হতো “উচ্চ স্থান”। PPBeng 441.1

শয়েলের নিকট রাজাকে প্রকাশ করা হয়

PPBeng 441

শহরের সদর দরজার নিকট ভাববাদী নিজে শৌলের সাথে সাক্ষা করলেন। ঈশ্বর শমূয়েলের নিকট প্রকাশ করেছিলেন যে ঐ সময় যে ইস্রায়েলের রাজা হবে সে তার সামনে উপস্থিত হবে। যখন তারা মুখামুখী হলেন, তখন সদাপ্রভু শমূয়েলকে বললেন, "দেখ, এ সেই ব্যক্তি, যাহার বিষয়ে আমি তোমার কাছে বলিয়াছিলাম, সেই আমার প্রজাদের উপরে কর্তৃত্ব করিবে।" PPBeng 441.2

হারানো পশুগুলি পাওয়া গেছে এই বলে শৌলকে আশ্বস্ত করার পর শমূয়েল রাতে ভোজে অংশ গ্রহণ করার জন্য নিমন্ত্রণ দিলেন, আর একই সাথে তার জন্য যে মহা ভবিষ্যৎ অপেক্ষা করে আছে তারও আভাস দিলেন। "আর ইস্রায়েলের সমস্ত বাঞ্ছনীয় দ্রব্য কাহার? সে সকল কি তোমার এবং তোমার সমস্ত পিতৃকুলের নয়?" যদিও একজন রাজার জন্য অনুসন্ধান সমস্ত জাতির একটি একাগ্র বিষয় হয়ে উঠেছিল, তথাপি বিনম্র আত্ম অস্বীকৃতিতে শৌল উত্তর দিলেন, "আমি কি ইস্রায়েল কুল সকলের মধ্যে ক্ষুদ্রতম বিন্যামীন বংশীয় নহি? আবার বিন্যামীন বংশের মধ্যে আমার গোষ্ঠী কি সর্বাপেক্ষা ক্ষুদ্র নয়? তবে আপনি কেন আমাকে এই প্রকার কথা বলেন?" PPBeng 441.3

শমূয়েল পথিককে সমাজ গৃহে নিয়ে গেলেন। শহরের মধ্য দিয়ে যাত্রা করে তিনি তার চাকরকে আগে চলে যেতে বললেন। তার পর তিনি শৌলকে চুপ করে দাঁড়িয়ে ঈশ্বর তার প্রতি যে সংবাদ পাঠিয়েছেন, তা শুনতে বললেন। আর শমূয়েল তেলের শিশি লইয়া তার মস্তকে ঢাললেন, এবং তাঁহাকে চুম্বন করে বলেন, "সদাপ্রভু কি তোমাকে আপন অধিকারের নায়ক করিবার জন্য অভিষেক করিলেন না?" তিনি শৌলকে নিশ্চিত করলেন যে, যে লক্ষ্য তার জন্য অপেক্ষা করে আছে তার জন্য তাকে ঈশ্বরের পবিত্র আত্মা দ্বারা যোগ্য করে তোলা হবে। "তখন সদাপ্রভুর আত্মা সবলে তোমার উপর উপস্থিত হইবেন,...তোমার হাত যাহা করিতে পায় তাহা করিও, কেননা ঈশ্বর তোমার সহবর্ত্তী। ভাববাদীর আদেশ অনুসারে শৌলকে সবচেয়ে ভাল আসনে বসানো হল এবং খাদ্য দ্রব্যের সবচেয়ে ভাল ভাল অংশ তাকে দেয়া হল। যখন আরাধনার আচার অনুষ্ঠান শেষ হয়ে গেল তখন শমূয়েল তার অতিথিকে তার নিজ বাড়ীতে নিয়ে গেলেন এবং সেখানে যে মহান নীতিসমূহ দ্বারা ইস্রায়েলের শাসন ব্যবস্থা প্রবর্তিত হয়েছে সে সকল তার সাথে আলোচনা করলেন, এই ভাবে তিনি তাকে মহান দায়িত্ব ভার গ্রহণের জন্য প্রস্তুত করলেন। PPBeng 442.1

পরদিন যখন শৌল যাত্রা শুরু করলেন, তখন ভাববাদী তার সঙ্গে সঙ্গে চললেন। যখন শৌল আপন পথে ফিরে চললেন তখন ভাববাদী যা যা বলেছেন তা সবই হুবহু ঘটল। তার নিজের শহর গিবিয়ায় এক দল ভাববাদী "উচ্চ স্থান" হতে ফিরছিলেন, আর তারা নানা প্রকার বাদ্যযন্ত্র সহকারে ঈশ্বরের গীত গাচ্ছিলেন। আর যখন শৌল তাদের নিকটবর্তী হলেন তখন ঈশ্বরের আত্মা তার উপর আসলেন, আর তিনি তাদের সহিত গীত গাওয়ায় অংশীদারী

হলেন, ও ভাবোক্তি প্রচার করলেন। তিনি যথেষ্ট বাগ্মীতা- সহকারে জ্ঞানের কথা বললেন এবং গীত গাওয়ায় অত্যন্ত নিবিষ্ট ভাবে আত্ম-নিয়োগ করলেন। যারা তাকে জানতেন তারা বিস্ময়ে অবাক্ হয়ে বলতে লাগলেন, "কীশের পুত্রের কি হইল? শৌলও কি ভাববাদীদের মধ্যে একজন?" PPBeng 442.2

পবিত্র আত্মা তার মধ্যে এক মহা পরিবর্তন সাধন করেছিলেন। স্বাভাবিক মাংসের হৃদয়ের অন্ধকারের মধ্যে স্বর্গীয় পবিত্রতার আলো জ্বলে উঠেছিল। তিনি নিজেকে ঠিক ঈশ্বরের সম্মুখে দেখতে পেলেন। তিনি পবিত্রতার সৌন্দর্য্য দেখতে পেলেন। তাকে পাপের বিরুদ্ধে যুদ্ধ শুরু করতে আহবান করা হয়েছিল এবং তাকে বুঝতে দেয়া হল যে এই যুদ্ধে তার শক্তি একমাত্র ঈশ্বরের নিকট হতেই আশা উচিত। যে পরিত্রাণের পরিকল্পনা আগে অস্পষ্ট ও অনিশ্চি মনে হয়ে ছিল, তা এখন তার মনের কাছে খুলে দেয়া হল । তার উঁচু লক্ষ্যের জন্য সদাপ্রভু তাকে সাহস ও জ্ঞান দান করলেন। PPBeng 442.3

শমূয়েল জনগণের সম্মুখে রাজাকে প্রকাশ করেন

PPBeng 443

শৌলকে রাজারূপে অভিষেকের বিষয়টি জাতিকে জানিয়ে দেয়া হয়েছিল। ঈশ্বরের মনোনয়নকে লোকদের সামনে গলিবাটের মাধ্যমে প্রমাণ করতে হত। এই জন্য শমূয়েল লোকদের মিস্পাতে একত্রিত করলেন । স্বর্গীয় পরিচালনার জন্য প্রার্থনা করা হল; তারপর গলিবাটের মাধ্যমে নাম মনোনয়নের কাজ শুরু হল। লোকেরা নীরবে ফলাফলের অপেক্ষা করতে লাগল । ক্রমান্বয়ে গোত্র, কুল ও পরিবার মনোনয়ন করা হল। তারপর কীশের পুত্র শৌলকে রাজা হিসাবে নির্দেশিত করা হল। PPBeng 443.1

কিন্তু শৌল সমাজের মধ্যে ছিলেন না। যে মহান দায়িত্ব তার উপর আসতে যাচ্ছিল তার ভারে তিনি গোপনে পালিয়ে গিয়েছিলেন। তাকে সমাজে নিয়ে আসা হল, এবং সমাজের লোকেরা দেখল যে তার সম্ভ্রান্ত চেহারা তাকে রাজার মতই দেখাচ্ছিল, এবং তিনি "অন্য সকল লোক অপেক্ষা এক মাথা লম্বা" ছিলেন। শমূয়েল চিৎকার করে বলেন, "তোমরা কি ইহাকে দেখিতেছ? ইনি সদাপ্রভুর মনোনীত; সমস্ত লোকের মধ্যে ইহার তুল্য কেহ নাই।" উত্তরে জনতা হতে এক দীর্ঘ, উচ্চ ধ্বনি শুনা গেল "রাজা চিরজীবী হউন।" PPBeng 443.2

শমূয়েল তখন লোকদের সামনে "রাজনীতি" ঘোষণা করলেন এবং যে জাতিসমূহের উপর রাজার শাসন ব্যবস্থা স্থাপন করা হবে তার বনর্ণা দিলেন। রাজা সর্ব ক্ষমতার অধিকারী হতে পারবেন না, বরং পবিত্র আত্মার কর্তৃত্বের অধীন থাকবেন। এই ঘোষণা একটি পুস্তকে লিখে রাখা হল। যদিও জাতি শমূয়েলের সতর্কবাণীর প্রতি অবহেলা প্রদর্শন করেছিলে, তথাপি বিশ্বস্ত ভাববাদী যতদূর সম্ভব তাদের স্বাধীনতা রক্ষার প্রয়াস চালিয়েছিলেন। PPBeng 443.3

যদিও জনসাধারণ শৌলকে রাজারূপে স্বীকার করে নিল, তথাপি একটি বিশেষ বড় দল তার প্রতি বিরোধীতা করেছিল। ইস্রায়েলদের মধ্যে সবচেয়ে বড় ও সবচেয়ে ক্ষমতাবান বংশদ্বয় যিহূদা ও ইফ্রায়ীমকে অবহেলা করে সবচেয়ে ছোট বংশ বিন্যামীন হতে রাজা মনোনয়ন করা এমন একটি তুচ্ছতা করা হল যা তারা সহ্য করতে পারল না । যারা রাজা মনোনয়নের জন্য সবচেয়ে অধিক দাবী জানিয়েছিল, তারাই ঈশ্বরের লোকের নিয়োগকে গ্রহণ করতে পারল না। PPBeng 443.4

শমূয়েলকে আগের মতই শাসন কার্য পরিচালনায় রেখে শৌল গিবিয়াতে ফিরে গেলেন। তিনি শক্তি প্রয়োগে সিংহাসনের অধিকার ধরে রাখতে চাইলেন না । তাকে তার কর্তৃত্বে প্রতিষ্ঠা করার ভার ঈশ্বরের উপর ন্যাস্ত করে তিনি নীরবে আপন কৃষি কর্মে ব্যস্ত থাকলেন । PPBeng 444.1

এর অল্প দিন পরেই অম্মোনীয়েরা যদ্দন নদীর পূর্বাঞ্চল আক্রমণ করল ও যাবেশ - গিলিয়দ শহরটি অধিকার করতে উদ্যত হল। ঐ অঞ্চলের অধিবাসীরা অম্মোনীয়দের একটি অঙ্গরাজ্যে পরিণত হতে রাজী হয়ে শান্তি স্থাপন করতে চেষ্টা করল। নিষ্ঠুর রাজা প্রত্যেকের ডান চোখ উপড়ায়ে ফেলা ছাড়া শান্তি স্থাপনে রাজী হচ্ছিল না । PPBeng 444.2

দ্রুত বার্তাবাহকদের যর্দ্দনের পশ্চিম তীরস্থ কুলদের নিকট সাহায্য কামনা করতে পাঠান হল। মাঠে গরু চরানো হতে রাতে ঘরে ফিরে একটি চিৎকার শুনতে পেলেন যা একটি মহা-বিপদের সঙ্কেত দিল। যখন অবমাননাকর কাহিনীটি তার কাছে বর্ণনা করা হল তখন তার সমস্ত ঘুমন্ত শক্তি জেগে উঠল। "ঈশ্বরের আত্মা শৌলের উপরে সবলে আসিলেন.....আর তিনি এক জোড়া বলদ লইয়া খন্ড খন্ড করিয়া ঐ দূতগণ দ্বারা ইস্রায়েল দেশের সকল অঞ্চলে পাঠাইয়া দিয়া বলিলেন, যে কেহ শৌলের ও শমূয়েলের পিছনে বাহিরে না আসিবে, তাহার বলদ সকলের প্রতি এইরূপ করা হইবে।" PPBeng 444.3

শৌলের পরিচালনার অধীনে তিনশ' ত্রিশ হাজার যোদ্ধা একত্রিত হল । রাতে খুব দ্রুত যাত্রা করে শৌল ও তার সৈন্যদল যদ্দন নদী পার হয়ে "প্রভাতীয় প্রহরে" যাবেশের কাছে পৌছালেন। তার সৈন্য দলকে তিন ভাগে ভাগ করে যখন তারা কোনই আক্রমণের ভয় না করে নিরাপত্তা ব্যবস্থা খুবই কম ছিল সেই ভোরে তিনি অম্মোনীয়দের শিবির আক্রমণ করলেন। পরবর্তী ভীষণ আতঙ্কের মধ্যে অসংখ্য অম্মোনীয়েরা নিহত হল। "আর তাহাদের অবশিষ্ট লোকেরা এমন ছিন্নভিন্ন হইল যে, তাহাদের দুই জন এক স্থানে থাকিল না ।" PPBeng 444.4

শৌলের সাহসীকতা ও তড়িৎ গতি, আর তার সৈনাধৈক্যতাই ছিল সেই সকল গুণ যা ইস্রায়েলরা তাদের রাজার মধ্যে দেখতে চেয়েছিল যেন তারা অন্যান্য জাতিকে পরাস্ত করতে পারে। আর এখন তারা তাকে তাদের রাজারূপে অভ্যর্থনা করল, এবং বিজয়ের জন্য তারা মানবিক প্রতিষ্ঠানকেই সম্মান দেখাল ও ভুলে গেল যে ঈশ্বরের বিশেষ অনুগ্রহ ছাড়া

তাদের সকল প্রকার চেষ্টাই বৃথা হত। কেউ কেউ চাইল যে যারা প্রথমে শৌলকে রাজারূপে মানতে চায়নি, তাদের মৃত্যুদন্ড দেয়া হোক। কিন্তু রাজা এই বলে এতে বাধা দিলেন,"অদ্য কাহারও প্রাণদন্ড হইবে না, কেননা অদ্য সদাপ্রভু ইস্রায়েলের মধ্যে নিস্তার সাধন করিলেন।" তিনি নিজে সম্মান গ্রহণ না করে ঈশ্বরের গৌরব করলেন। প্রতিশোধ থাকে তার তিনি ক্ষমা প্রদর্শন করলেন। ঈশ্বরের অনুগ্রহ যার হৃদয়ের মধ্যে থাকে তার এটাই হল অভ্রান্ত প্রমাণ। PPBeng 444.5

শমূয়েল এখন প্রস্তাব দিলেন যে গিল্‌গলে একটি জাতীয় সম্মেলন হোক, যেন রাজত্বটি জন সমক্ষে শৌলের হাতে সমর্পণ করা সম্ভব হয়। তাই করা হল, "এবং সে স্থানে সদাপ্রভুর সম্মুখে মঙ্গলার্থক বলি উৎসর্গ করিল, আর সে স্থানে শৌল ও ইস্রায়েলের সমস্ত লোক মহা আনন্দ করিল।" PPBeng 445.1

অনেক রোমাঞ্চকর স্মৃতি বিজড়িত এই সমতলে শমূয়েল ও শৌল একত্রে দাঁড়ালেন; আর যখন রাজাকে স্বাগতম জানানোর চিৎকার থেমে আসল, তখন বৃদ্ধ ভাববাদী জাতির শাসনকর্তা হিসাবে তার শেষ বিদায় বাণী দান করলেন। PPBeng 445.2

রাজা ও লোকদের পরস্পরের প্রতি যা কিছু করণীয় ও যে নীতির উপর ভিত্তি করে রাজ্য শাসিত হবে সে সকলই শমূয়েল ইতিপূর্বেই বলে দিয়েছিলেন। বাল্যকাল হতেই তিনি ঈশ্বরের কাজের সাথে জড়িত, তার দীর্ঘ জীবনে একটি লক্ষ্য সর্বদা তার সামনে থাকত ঈশ্বরের গৌরব ও ইস্রায়েলের উন্নতি। PPBeng 445.3

পাপের ফলে ইস্রায়েল ঈশ্বরের উপর বিশ্বাস হারিয়ে ফেলেছিল, এবং তার শক্তি ও জ্ঞানের উপর তাদের আস্থা ছিল না--আর তিনি যে তাঁর লক্ষ্য পুনরুদ্ধার করতে সক্ষম এর প্রতিও তাদের বিশ্বাস ছিল না। সত্যিকার শান্তি পাবার আগে, তাদের পাপ বুঝতে হবে ও অনুতাপ করতে হবে। PPBeng 445.4

মিসর হতে বের করে আনার প্রথম দিন থেকে শুরু করে ইস্রায়েলদের পুরা ইতিহাস শমূয়েল বর্ণনা করলেন। রাজাদের রাজা তাদের জন্য যুদ্ধ করেছিলেন। প্রায়ই তাদের পাপ তাদের শত্রুদের ক্ষমতাধীন করেছে, কিন্তু যখনই তারা তাদের মন্দ পথ পরিত্যাগ করেছে তখনই ঈশ্বর তাদের জন্য এক উদ্ধারকারী প্রস্তুত করেছেন। সদাপ্রভু গিদিয়োন ও বারাক, এবং "যিপ্তহ ও শমূয়েলকে প্রেরণ করিয়া তোমাদের চতুর্দিকস্থ শত্রুদের হাত হইতে তোমাদিগকে উদ্ধার করিলেন; তাহাতে তোমরা নির্ভয়ে বাস করিলে।" ভাববাদী বললেন, "তোমাদের ঈশ্বর তোমাদের রাজা থাকিতেও" যখন বিপদ ঘনিয়ে এল তখন তারা ঘোষণা করল যে "আমাদের উপর একজন রাজা রাজত্ব করুন।" PPBeng 445.5

খুবই অপমানিত হয়ে লোকেরা যে পাপ করেছিল সেই পাপের জন্য তারা অনুতাপ করল। "আমরা যেন না মরি, এই জন্য আপনি আপন দাসদের নিমিত্তে আপনার ঈশ্বর

সদাপ্রভুর কাছে প্রার্থনা করুন; কেননা আমরা আমাদের সকল পাপের উপরে এই দুষ্কার্য্য করিয়াছি যে, আমাদের জন্য রাজা যাচঞা করিয়াছি।” PPBeng 445.6

শমূয়েল লোকদের নিরাশ অবস্থায় ছেড়ে দিলেন না, কেননা তা করলে উন্নত জীবন যাপনে প্রচেষ্টা তারা বন্ধ করে দিত। ঈশ্বরকে খুবই কঠোর ও ক্ষমাহীন বলে মনে করলে তারা নানা প্রকার প্রলোভনের সম্মুখীন হবে। তাই ঈশ্বরের দাসদের বাণী ছিল, “ভয় করিও না; তোমরা এই সমস্ত দুষ্কার্য্য করিয়াছ বটে, কিন্তু কোন মতে সদাপ্রভুর পশ্চাৎ হইতে সরিয়া যাইও না, সমস্ত অন্তঃকরণের সহিত সদাপ্রভুর সেবা কর। সরিয়া যাইও না, কারণ সদাপ্রভু আপন প্রজাদিগকে ত্যাগ করিবেন না।” PPBeng 446.1

সারা জীবনে ঐকান্তিকতার পরিবর্তে তারা তার প্রতি যে অকৃতজ্ঞতা দেখিয়েছিল তার জন্য শমূয়েল কোন অভিযোগ করলেন না, বরং তাদের প্রতি তার যে অপরিসীম আগ্রহ রয়েছে তা নিশ্চিত করলেন। “আর আমিই যে তোমাদের জন্য প্রার্থনা করিতে বিরত হইয়া সদাপ্রভুর বিরুদ্ধে পাপ করিব, তাহা দূরে থাকুক; আমি তোমাদিগকে উত্তম ও সরল পথ শিক্ষা দিব; তোমরা কেবল সদাপ্রভুকে ভয় কর, ও সমস্ত অন্তঃকরণের সহিত সত্যে তাঁহার সেবা কর; কেননা দেখ, তিনি তোমাদের জন্য কেমন মহৎ মহৎ কর্ম করিলেন।” PPBeng 446.2

অধ্যায় ৬০—শৌল একটি মারাত্মক ভুল করেন

PPBeng 447

অম্মোনীয়দের পরাস্ত করার জন্য শৌলের গঠিত সৈন্য বাহিনীকে গিল্‌গলে সমবেত হবার পর তিনি ভেঙ্গে দিলেন। এখানে একটি প্রচন্ডভুল হল। বর্তমানের এই জয়লাভে তার সৈন্যদল খুবই উসাহিত ও সাহসী হয়ে উঠেছিল; আর যদি তিনি তক্ষণা ইস্রায়েলের অন্যান্য শত্রুদের বিরুদ্ধেও অভিযান চালাতেন তবে জাতির স্বাধীনতার পক্ষে একটি উপযুক্ত বিজয় লাভ সম্ভব হত। PPBeng 447.1

ইতিমধ্যে, পলেষ্টীয়েরা কর্মব্যস্ত থাকল। ইস্রায়েলদের দেশের কোন কোন পার্বত্য দুর্গ তখনও তাদের অধীনে ছিল। আর এখন তারা দেশের একদম কেন্দ্রস্থ তাদের নিজদের স্থাপন করল। তাদের দীর্ঘ অত্যাচারপূর্ণ শাসনকালে তারা তাদের শক্তি বৃদ্ধি করার লক্ষ্যে ও ইস্রায়েলরা যাতে অস্ত্র তৈরী করতে না পারে সে জন্য তাদের কামারের পেশায় নিযুক্ত হতে নিষেধ করল। যিহূদীরা তখনও পলেষ্টীয়দের শিবিরে গিয়ে প্রয়োজনীয় কাজ করিয়ে নিত। দীর্ঘকাল অত্যাচারের অধীনে থাকার ফলে যে নীচু মনোবৃত্তি ইস্রায়েলদের পুরুষদের মধ্যে সৃষ্টি হয়েছিল তার ফলে তারা নিজদের জন্য কোন অস্ত্র সরবরাহ রাখতে অবহেলা করেছিল। ইস্রায়েলরা তীর-ধনুক ও গুতি যোগাড় করতে পারত, কিন্তু শৌল ও তার ছেলে যোনাথন ছাড়া তাদের কারো কাছে কোন বল্লম অথবা খড়্গ ছিল না। PPBeng 447.2

শৌলের রাজত্বের দ্বিতীয় বৎসরের আগ পর্যন্ত পলেষ্টীয়দের পরাভূত করার চেষ্টা চালানো হয় নি। প্রথম আঘাত করলেন যোনাথন যিনি গিবাতে অবস্থিত তাদের শিবির দখল করে নেন। অত্যন্ত রাগান্বিত হয়ে ইস্রায়েলদের উপর দ্রুত আক্রমণ পরিচালনার জন্য পলেষ্টীয়েরা প্রস্তুতি নিল। তুরী বাজিয়ে শৌল যুদ্ধ ঘোষণা করলেন ও যদন নদীর অপর পারের লোকসহ সকল যোদ্ধাকে গিলগলে জমা হতে নির্দেশ দিলেন। পলেষ্টীয়েরা মিসে এক বিশাল বাহিনী জড় করল- "ত্রিশ সহস্র রথ, ছয় সহস্র অশ্বারোহী ও সমুদ্রতীরস্থ বালুকার ন্যায় অসংখ্য লোক"। যুদ্ধে এক বিশাল বাহিনীর মুখামুখি করতে হবে ভেবে গিগলে শৌলও তার ভয়ে ভীত হয়ে পড়ল। অনেকে এত ভীত ছিল যে তারা যুদ্ধ ক্ষেত্রে আসা হতে বিরত থাকল। অন্যরা ঐ অঞ্চলের গর্ত ও পাথর সমূহের মধ্যে আত্ম গোপন করল। যখন যুদ্ধের সময় নিকটবর্তী হতে লাগল, তখন পলায়নের গতি আরো বৃদ্ধি পেল এবং যারা পলায়ন হতে বিরত থাকল তারাও ভয়ে ভীত হয়ে পড়ল। PPBeng 447.3

যখন শৌলকে রাজারূপে অভিষেক করা হয় তখন এই রকম সময়ে কি কি কাজ করতে হবে সে বিষয়ে তিনি শমূয়েলের নিকট হতে প্রকাশ্য নির্দেশ পেয়েছিলেন। ভাববাদী বলেছিলেন, "আর তুমি আমার অগ্রে অগ্রে গিল্‌গলে নামিয়া যাইবে, আর দেখ, হোমবলি ও মঙ্গলার্থক বলি উৎসর্গ করিবার জন্য আমি তোমার নিকটে যাইব; আমি যাবৎ তোমার

নিকটে উপস্থিত হইয়া তোমার কর্তব্য তোমাকে জ্ঞাত না করি, তাবৎ সাত দিন বিলম্ব করিবে।" ১ শমূয়েল ১০৪৮। PPBeng 448.1

অবস্থার বিপাকে নিরুসাহিত

PPBeng 448

দিনের পর দিন শৌল অপেক্ষা করলেন, কিন্তু লোকদের কোন উসাহ দিলেন না, অথবা ঈশ্বরের প্রতি আস্থা রাখতে উপদেশও দিলেন না। নির্দিষ্ট সময় শেষ হবার আগেই এই কঠিন অবস্থার বিপাকে পড়ে তিনি নিরুসাহিত হয়ে পড়লেন। শমূয়েল যে আরাধনা পরিচালনা করতে আসছিলেন তার জন্য লোকদের প্রস্তুত করায় ব্যস্ত না থেকে, তিনি অবিশ্বাস করতে আরম্ভ করলেন । বলির মাধ্যমে ঈশ্বরের অনুসন্ধান করা একটি খুবই গুরুত্বপূর্ণ ও গম্ভীর কাজ ছিল; তখন ঈশ্বর চাইতেন যে তাঁর লোকেরা তাদের হৃদয়ের ভিতরে অনুসন্ধান করবে এবং তাদের পাপের জন্য অনুতাপ করবে, যেন বলি গ্রহণ যোগ্য হয়, এবং শত্রুদের উপর জয়লাভের চেষ্টা যেন ঈশ্বরের অনুগ্রহ পায়। কিন্তু শৌল বিচলিত হয়ে পড়েছিলেন; আর লোকেরা ঈশ্বরের সাহায্যের উপর আস্থা না রেখে, রাজার পরিচালনার আকাঙ্খা করতে লাগল । PPBeng 448.2

তথাপি সদাপ্রভু তাদের প্রতি যত্নশীল থাকলেন এবং তাদের ত্যাগ করলেন না। তিনি তাদের বদ্ধ জায়গায় আবদ্ধ করলেন যেন তারা মানুষের উপর নির্ভরতার ভুল বুঝতে পারে ও তাদের একমাত্র সাহায্যকারীরূপে তাঁর প্রতি ফিরে আসে। শৌলকে পরীক্ষা করে দেখার সময় উপস্থিত হয়েছিল । তিনি কি ঈশ্বরের উপর নির্ভর করবেন এবং বিপদকালে তাঁর লোকদের পরিচালকরূপে ঈশ্বর যেন তাঁর উপর আস্থা রাখতে পারেন এই জন্য আদেশ মোতাবেক ধৈর্য্য সহকারে অপেক্ষা করবেন? অথবা কি তিনি দদুল্যমান হবেন ও যে পবিত্র দায়িত্ব তার উপর অর্পিত হয়েছে তার অযোগ্য প্রমাণ করবেন? রাজা কি সকল রাজার শাসনকর্তার আদেশ মানবেন? তিনি কি দুর্বল হৃদয় সৈন্যদের মনোযোগ সেই একজনের দিকে ফিরাবেন যাঁর মধ্যে রয়েছে চিরন্তন শক্তি ও মুক্তি । PPBeng 448.3

ক্রমবর্ধমান অধৈর্য্যের সাথে তিনি শমূয়েলের আগমনের প্রতীক্ষা করলেন এবং তার সৈন্যদলের নিরুৎসাহ ও পলায়ন ভাববাদীর অনুপস্থিতির কারণেই ঘটেছে বলে তিনি ধরে নিলেন। নির্ধারিত সময় উপস্থিত হল, কিন্তু ঈশ্বরের লোক উপস্থিত হলেন না। ঈশ্বরের ইচ্ছাই তার দাসদের দেরীর কারণ । লোকদের শান্ত করার জন্য কিছু করা প্রয়োজন মনে করে শৌল সিদ্ধান্ত নিলেন যে একদল লোককে একত্রিত করবেন এবং বলিদানের মাধ্যমে স্বর্গীয় সহায়তা কামনা করবেন। ঈশ্বরের নির্দেশ ছিল যে শুধু যাদের পবিত্রীকরণের মাধ্যমে দায়িত্ব দেয়া হয়েছিল তারাই তাঁর সামনে বলিদান দেবেন। কিন্তু শৌল আদেশ করলেন, "আমার নিকটে হোমবলি ও মঙ্গলার্থক বলি আন", এবং তিনি যজ্ঞবেদীর কাছে গেলেন এবং বলি দিলেন । PPBeng 449.1

শৌলের দুঃসাহসীকতা

PPBeng 449

“হোমবলি সমাপ্ত করিবামাত্র দেখ, শমূয়েল উপস্থিত হইলেন ।” শমূয়েল দেখতে পেলেন যে শৌল তাকে দেয়া প্রকাশ্য নির্দেশের বিপরীত কাজ করেছেন। যে শর্তের উপর স্বর্গীয় সহায়তার প্রতিজ্ঞা করা হয়েছিল শৌল যদি সেই শর্ত পূরণ করতেন, তবে সদাপ্রভু ইস্রায়েলদের পক্ষে এক আশ্চর্য বিজয় সাধন করতেন । কিন্তু শৌল এই কাজের জন্য নিজের উপর এতই সন্তুষ্ট ছিলেন যে তিনি ভাববাদীর সাথে এমন ভাবে দেখা করতে গেলেন যেন ভাববাদী তার প্রতি অসন্তুষ্ট হওয়ার পরিবর্তে তার প্রশংসা করবেন। PPBeng 449.2

“তুমি কি করিলে?” শমূয়েলের এই প্রশ্নের উত্তরে শৌল তার দুঃসাহসীক কাজের জন্য নানা ওজর উপস্থাপন করলেন। “আমি দেখিলাম, লোকেরা আমার নিকট হইতে ছিন্নভিন্ন হইতেছে, এবং নিরূপিত দিনের মধ্যে আপনিও আসেন নাই, আর পলেষ্টীয়রা মিসে একত্রিত হইয়াছে; তাই আমি মনে মনে বলিলাম, পলেষ্টীয়রা এখনই আমার বিরুদ্ধে গিল্‌গলে নামিয়া আসিবে, আর আমি সদাপ্রভুর অনুগ্রহ কামনা করি নাই; এই জন্য ইচ্ছা না থাকিলেও আমি হোমবলি করিলাম । PPBeng 449.3

শমূয়েল শৌলকে বলিলেন, “তুমি অজ্ঞানের কাজ করিয়াছ; তোমার ঈশ্বর সদাপ্রভু তোমাকে যে আদেশ দিয়াছেন, তাহা পালন কর নাই, করিলে সদাপ্রভু এখন ইস্রায়েলদের উপরে তোমার রাজত্ব চিরকাল স্থায়ী রাখিতেন। কিন্তু এখন তোমার রাজত্ব চিরস্থায়ী থাকিবেননা ; সদাপ্রভু নিজের মনের মত একজনের খোঁজ করিয়া তাহাকেই নিজ দাসদের অধ্যক্ষ পদে নিযুক্ত করিয়াছেন ;...পরে শমূয়েল উঠিয়া গিগল হইতে বিন্যামীনের গিরিয়াতে চলিয়া গেলেন।” PPBeng 449.4

হয় ইস্রায়েলকে ঈশ্বরের লোক হওয়া হতে বঞ্চিত হতে হবে, অথবা জাতির রাজত্ব স্বর্গীয় শাসন ব্যবস্থায় পরিচালিত হতে হবে। ইস্রায়েলদের মধ্যে এমন কোন রাজত্ব উন্নতি লাভ করতে পারবে না যে রাজত্ব সমস্ত কিছুতেই ঈশ্বরের সার্বভৌম কর্তৃত্বকে স্বীকার না করে । PPBeng 450.1

এই পরীক্ষার সময় শৌলের ব্যর্থতা তাকে ঈশ্বরের প্রতিনিধিরূপে তাঁর লোকদের শাসনকর্তা হিসাবে অযোগ্য প্রমানিত করল। তিনি ইস্রায়েলকে বিপথে পরিচালিত করবেন। ঈশ্বরের ইচ্ছার চেয়ে তার নিজের ইচ্ছাই নিয়ন্ত্রণকারী ক্ষমতারূপে গন্য হবে। যেহেতু তিনি ব্যর্থ হলেন, ঈশ্বরের উদ্দেশ্য এখন অন্য কারো দ্বারা পূরণ হতে হবে। ইস্রায়েলের শাসন ভার এমন একজনকে দিতে হবে যিনি স্বর্গীয় ইচ্ছা অনুসারে রাজ্য পরিচালনা করবেন । PPBeng 450.2

শৌলের দুঃখজনক ব্যর্থতার কারণ

PPBeng 450

শৌল ঈশ্বরের অসন্তুটির কারণ হয়েছিলেন, কিন্তু তথাপি তিনি অনুতপ্ত ও বিনম্র হতে অনিচ্ছুক ছিলেন। যখন হনি ও পীন্‌হস নিয়ম-সিন্দুক শিবিরে নিয়ে এসেছিলেন তখন ইস্রায়েলকে যে পরাজয় বরণ করতে হয়েছিল সে বিষয়ে তিনি অজ্ঞ ছিলেন না; কিন্তু এই সমস্ত জানার পরও তিনি পবিত্র সিন্দুকটি ও তার সহিত যাজকদের আনতে সিদ্ধান্ত নিয়েছিলেন। এই পদ্ধতি দ্বারা তিনি তার বিচ্ছিন্ন সৈন্য দলকে একত্রিত করে পলেষ্টীয়দের সাথে যুদ্ধে রত হতে চেয়েছিলেন। তিনি শমূয়েলের উপস্থিতির প্রয়োজনীয়তা দূর করে নিজকে ভাববাদীর সমালোচনা ও তিরস্কার হতে বাঁচাতে চেয়েছিলেন। PPBeng 450.3

শৌলকে পবিত্র আত্মা দান করা হয়েছিল যেন তার বুদ্ধি ও চিন্তাশক্তি আলোকিত হয়, এবং তার হৃদয় নরম হয়, কিন্তু তথাপি তার ভ্রষ্টতা কতই না গভীর ছিল! বাল্যকালে যে অবাধ্য আত্মাকে বাধ্যতা শিক্ষা দেয়া হয় নি, সে স্বর্গীয় কর্তৃত্বের বিরুদ্ধে বিদ্রোহ করতে সর্বদাই প্রস্তুত ছিল। ঈশ্বর মানুষকে যে ক্ষমতা দিয়েছেন সে ক্ষমতাকে বসরের পর বসর বিপথে চালনার পর, যখন পরিবর্তনের ইচ্ছা হয়, তখন সেই ক্ষমতাকে আর বিপরীত মুখে চালনা করা সম্ভব হয় না। PPBeng 450.4

লোকদের উসাহিত করার শৌলের প্রচেষ্টার কোন ফলই হল না। তার সৈন্য দলের সংখ্যা ছয় শ'তে নেমে আসল, আর তিনি যিরূশালেমের উত্তরে, গভীর, অমসৃন্‌ উপত্যকায় অবস্থিত গেবার একটি দুর্গে আশ্রয় নিলেন। ঐ উপত্যকার আরও উত্তরে মিসে পলেষ্টীয় সৈন্যরা দেশের বিভিন্ন দিকে হত্যা ও লুটতরাজ চালাতে বেরিয়ে পড়ল। PPBeng 451.1

রাজার ছেলে যোনাথন সম্মানিত হন PPBeng 451.2

ঈশ্বর শৌলকে তিরস্কার করতে ও তাঁর লোকদের নম্রতা ও বিশ্বাসের বিষয়ে শিক্ষা দিতে একটি সঙ্কটকাল সৃষ্টি হতে দিলেন। শৌলের ঔদ্ধত্যপূর্ণ বলির কারণে, ঈশ্বর তাকে পলেষ্টীয়দের পরাজিত করার গৌরব দান করবেন না। রাজার ছেলে যোনাথন, যে ঈশ্বরকে ভয় করত, তাকে মনোনীত করা হল। স্বর্গীয় প্ররোচনায় প্ররোচিত হয়ে সে তাঁর অস্ত্রবাহকের নিকট প্রস্তাব করল যে তারা শত্রুদের শিবিরে এক গোপন আক্রমণ পরিচালনা করবে। সে বলল, "হয়ত সদাপ্রভু আমাদের জন্য কাজ করিবেন; কেননা অনেকের দ্বারা হউক বা অল্পের দ্বারা হউক, উদ্ধার করিতে সদাপ্রভুর কোন বাধা নাই।" PPBeng 451.3

বিশ্বাসে শক্তিশালী ও প্রার্থনাশীল অস্ত্রবাহক এই পরিকল্পনাকে উৎসাহ জোগাল। তার লক্ষ্যে যদি বাধা দান করা হয় এই ভয়ে দু'জনে গোপনে শিবির হতে বেরিয়ে পড়ল। তাদের পিতৃপুরুষদের পথপ্রদর্শকের নিকট অনেক কাতর প্রার্থনার পর তারা কি ভাবে অগ্রসর হবে তার একটি পরিকল্পনা গ্রহণ করল। যে গিরিসঙ্কট দুই সেনাবাহিনীকে পৃথক করে রেখেছিল তার ভিতর দিয়ে আঁকাবাঁকা পথ বেয়ে দু'জনে নীরবে এগিয়ে চল্ল, উপত্যকার শৈল শ্রেণী তাদের আড়াল করে রাখল। PPBeng 451.4

শিবিরের নিকটবর্তী হওয়ার পর তারা তাদের শত্রুদের নজরে ধরা দিল, আর শত্রুরা বিদ্রূপাত্মক স্বরে বল্ল, “দেখ, ইব্রীয়গণ যে সকল গর্তে লুকাইয়াছিল তাহা হইতে এখন বাহির হইয়া আসিতেছে।...আমাদের নিকটে উঠিয়া আইস, আমরা তোমাদিগকে কিছু দেখাইব।” অর্থাৎ তাদের দুঃসাহসের জন্য তারা দুই ইস্রায়েলকে শাস্তি দেবে। সদাপ্রভু যে তাদের অভিযানকে সফল করবেন তার প্রমাণস্বরূপ যোনাথন ও তার সাথী এই ইঙ্গিতকেই নির্ধারণ করে রেখেছিলেন। PPBeng 451.5

একটি গোপন ও কঠিন পথ অবলম্বন করে যোদ্ধা দু'জন এমন একটি পর্বত চূড়ায় উঠল যা মনে হয়েছিল অভেদ্য ও যেখানে বেশী কোন পাহারা ছিল না। এই ভাবে তারা শত্রুদের শিবিরের অভ্যন্তরে প্রবেশ করে প্রহরীদের হত্যা করল, যে প্রহরীরা ভয়ে ও বিস্ময়ে হতবাক্ হয়ে কোনরূপ বাধাই প্রদান করেনি। PPBeng 451.6

যোনাথন ও তার সাথীকে দূতগণ রক্ষা করেছিলেন; দূতগণ তাদের সাথে যুদ্ধ করলেন, এবং পলেষ্টীয়রা তাদের সামনে দাড়াতে পারল না। সমস্ত ভূমি এমন ভাবে কাঁপছিল যেন এক বিশাল বাহিনী ঘোড়া ও রথ সহকারে এগিয়ে আছিল। যোনাথন স্বর্গীয় সহায়তার প্রতীক অনুভব করতে পারল, এমন কি ইস্রায়েলদের উদ্ধারের জন্য কাজ করছিলেন। সমস্ত সৈন্যবাহিনী ভয়ে বিহবল হয়ে পড়ল। এই বিশৃঙ্খলার মধ্যে পলেষ্টীয়রা একে অন্যকে হত্যা করতে লাগল। PPBeng 452.1

ইস্রায়েলদের শিবিরে যুদ্ধের রব শুনা গেল। প্রহরীরা রাজাকে জানাল যে পলেষ্টীয়দের মধ্যে অনেক বিশৃঙ্খলা দেখা যাচ্ছে ও তাদের সংখ্যা ক্রমাগত হ্রাস পাচ্ছিল। পলেষ্টীয়রা আক্রান্ত হয়েছে দেখতে পেয়ে শৌল তার সৈন্যদলকে নিয়ে আক্রমণে যোগ দিলেন। যে সকল যিহূদীরা শত্রুদের পক্ষাবলম্বন করে নিজ বাহিনী ত্যাগ করেছিল, তারা এখন তাদের বিরুদ্ধে যুদ্ধ আরম্ভ করল; অনেকেই তাদের গোপন স্থান হতে বেরিয়ে এল। পলেষ্টীয়রা যখন পালাতে লাগল, তখন শৌলের সৈন্যরা পলায়নরত সৈন্যদের মধ্যে বিভীষিকার সৃষ্টি করল। PPBeng 452.2

শৌল আবারও বোকা বনেন

PPBeng 452

তার সুবিধার যথেষ্ট ফল লাভের লক্ষ্যে রাজা বেপরোয়া ভাবে ও ত্বরায় সমস্ত সৈন্যকে সারাদিন কোন খাদ্য গ্রহণ না করতে আদেশ দিলেন। “সায়ংকালের পূর্বে, আমি যে পয্যন্ত আমার শত্রুদিগকে প্রতিফল না দিই, সেই পর্য্যন্ত যে কেহ খাদ্য গ্রহণ করিবে, সে শাপগ্রস্ত হউক।” শৌলের জানার আগেই ও তার সহায়তা ছাড়াই বিজয় লাভ হয়েছিল, কিন্তু তিনি শত্রু সৈন্যের পূর্ণ ধ্বংস দ্বারা নিজের সুনাম কিনতে চেয়েছিলেন। PPBeng 452.3

খাদ্য গ্রহণ না করার এই আদেশ প্রমাণ করল যে তার আত্ম-গৌরবের জন্য রাজা তার লোকদের চাহিদা ও প্রয়োজনকে অবহেলা করলেন। তিনি সদাপ্রভুর লক্ষ্যে "যে পর্য্যন্ত সদাপ্রভু নিজ শত্রুদিগকে প্রতিফল না দেন' ঘোষণা না করে নিজ লক্ষ্য "যে পর্য্যন্ত আমার শত্রুদিগকে প্রতিফল না দেই" ঘোষণা করেছিলেন। PPBeng 452.4

লোকেরা সারাদিন যুদ্ধে ব্যস্ত ছিল এবং ক্ষুধায় অত্যন্ত কাতর হয়ে পড়েছিল; তাই বাধার সময় অবতীর্ণ হওয়ার সাথে সাথেই তারা রক্তসহ মাংস খেতে আরম্ভ করল এবং যে নিয়ম রক্ত খেতে নিষেধ করে সেই নিয়ম অবমাননা করল। PPBeng 453.1

দিনে যুদ্ধের সময় যোনাথন, যিনি রাজার আদেশ শুনেন নি, বনের মধ্য দিয়ে যাবার সময় কিছু মধু খেয়ে নিয়েছিলেন, আর এই ভাবে রাজার আদেশ অমান্য করেছিলেন। শৌল ঘোষণা দিয়েছিলেন যে তার আদেশ অমান্য করলে মৃত্যুদন্ড পেতে হবে; আর যদিও যোনাথন ইচ্ছাপূর্বক কোন পাপ করেন নি, এবং যদিও ঈশ্বর তার মাধ্যমেই ইসয়েলের উদ্ধার করেছিলেন, তথাপি রাজা ঘোষণা করলেন যে দন্ডাদেশ কার্যকর করা হবে। ভয়ঙ্কর আদেশ জারী করা হল, "ঈশ্বর অমুক ও ততোধিক দন্ড দিউন; যোনাথন, তুমি অবশ্য মরিবে।" PPBeng 453.2

যোনাথনের জীবন রক্ষা পায়

PPBeng 453

শয়ে শৌল বিজয়ের গৌরব দাবী করতে পারলেন না, কিন্তু তিনি তার প্রতিজ্ঞা পূরণের মাধ্যমে সম্মানিত হতে চাইলেন। কিন্তু লোকেরা এই আদেশ কার্যকরী করতে অসম্মতি জানাল। রাজার ক্রোধের মুখে তারা ঘোষণা করল, "ইস্রায়েলের মধ্যে যিনি এমন মহান উদ্ধার সাধন করিয়াছেন, সেই যোনাথন কি মরিবেন? এমন না হউক, জীবন্ত সদাপ্রভুর দিব্য, উঁহার মাথার একটি চুলও মাটিতে পড়িবে না, কেননা তিনি আজ ঈশ্বরের সহিত কাজ করিয়াছেন।" PPBeng 453.3

যোনাথনের উদ্ধার রাজার অপরিণামদর্শীতার প্রতি একটি কঠিন তিরস্কার ছিল। শৌলের মনে হল যে অভিশাপটি তার মাথায়ই ফিরে আসবে। তিনি অসন্তুষ্ট ও বিষণ্ন হয়ে ঘরে ফিরলেন। PPBeng 453.4

যারা নিজের পাপ ক্ষমা করতে সর্বদাই প্রস্তুত, তারাই অন্যদের অভিযুক্ত করতে ও শাস্তি দিতে অতিরিক্ত আগ্রহী ও কঠোর। শৌলের মত অনেকেই যখন বুঝতে পারেন যে ঈশ্বর তাদের সাথে নাই, তারা এটি স্বীকার করতে পারেন না যে এর কারণ তারা নিজেরাই। তারা তাদের প্রতি কঠোর বিচার করে থাকেন যারা তাদের থেকে অনেক ভাল। PPBeng 453.5

যারা নিজকে গৌরবান্বিত করতে সচেষ্ট তারা প্রায়ই এমন অবস্থার মোকাবেলা করেন যেখানে তাদের ঠিক চরিত্র প্রকাশিত হয়ে পড়ে। শৌলের বেলায়ও তাই হল। ন্যায় বিচার, পরোপকারীতা ও করুণার চেয়ে রাজত্ব মর্যাদাই তার কাছে অধিক কাম্য ছিল। এই ভাবে লোকেরা তাদের ভুল দেখতে পেল। যার প্রার্থনার মাধ্যমে তাদের জন্য আশীর্বাদ নেমে আসত সেই ভাববাদীকে তারা এমন একজনের সাথে বিনিময় করল যিনি তাদের জন্য অভিশাপ কামনা করেন। PPBeng 453.6

যদি ইস্রায়েলের লোকেরা মধ্যস্থতা না করত, তবে তাদের উদ্ধারকারী যোনাথন রাজার আদেশে মৃত্যুদন্ড পেতেন। এর পর হতে লোকেরা কত আশঙ্কার মধ্যেই না শৌলের পরিচালনার অনুসরণ করেছে। তাদের কার্যের ফলেই তাকে সিংহাসনে বসান হয়েছিল, এই চিন্তা কতই না তিক্ত ছিল। PPBeng 454.1

অধ্যায় ৬১—রাজা হিসাবে শৌলকে অস্বীকার করা হয়

PPBeng 455

শৌলের ভ্রান্তি তখনও অসংশোধনীয় হয়ে উঠে নি। সদাপ্রভু তাকে আর একটি সুযোগ দেবেন যেন তিনি তাঁর উপর সন্দেহাতীত বিশ্বাস রাখতে শিখেন ও তাঁর আদেশ যথাযথ ভাবে পালন করতে আগ্রহী হন। PPBeng 455.1

গিল্‌গলে যখন ভাববাদী তাকে তিরস্কার করেছিলেন, শৌল মনে করেছিলেন যে তার প্রতি অন্যায় করা হচ্ছে ও তাই তিনি নানা ওজর-আপত্তি দেখাচ্ছিলেন। শমূয়েল শৌলকে ছেলের মতই ভালবাসতেন, কিন্তু শৌল শমূয়েলের তিরস্কারকে অপছন্দ করতেন ও যতদূর সম্ভব তাকে এড়িয়ে চলতেন। PPBeng 455.2

কিন্তু সদাপ্রভু তাঁর দাসকে আর একটি বাণী দিয়ে শৌলের নিকট পাঠালেন: স্বর্গীয় বাহিনীর সদাপ্রভু এই বাক্য বলেন, "ইস্রায়েলের প্রতি অমালেক যাহা করিয়াছিল, মিসর হইতে উহার আসিবার সময়ে সে পথের মধ্যে উহার বিরুদ্ধে যেরূপ ঘাঁটি বসাইয়াছিল, আমি তাহা লক্ষ্য করিয়াছি। এখন তুমি গিয়া অমালেককে আঘাত কর, ও তাহার যাহা কিছু আছে, নিঃশেষে বিনষ্ট কর, তাহার প্রতি দয়া করিও না; স্ত্রী ও পুরুষ, বালকবালিকা ও স্তন্যপায়ী শিশু, গোরু ও মেষ, উষ্ট্র, গর্দ্দভ সকলকেই বধ কর।" সদাপ্রভু মোশির মাধ্যমে অমালেকীয়দের উপর দন্ডাদেশ জারী করেছিলেন। ঐ আদেশের সাথে ইস্রায়েলদের প্রতি তাদের নিষ্ঠুরতার ইতিহাসও লেখা হয়েছিল, "তুমি আকাশ মন্ডলের নীচে হইতে অমালেকের স্মৃতি লোপ করিবে; ইহা ভুলিয়া যাইও না।" দ্বিতীয় বিবরণ ২৫:১৯। PPBeng 455.3

চার'শ বৎসর পর্যন্ত এই দন্ড বিলম্ব করা হয়েছিল; কিন্তু অমালেকীয়রা তাদের পাপের পরিবর্তন করে নি। আর এখন এই দীর্ঘ বিলম্বিত দন্ডের আদেশ কার্যকর করার সময় হয়েছে। PPBeng 455.4

আমাদের করুণাময় ঈশ্বরের নিকট দন্ড প্রদান একটু অস্বাভাবিক কাজ। "সদাপ্রভু কহেন, আমার জীবনের দিব্য, দুষ্ট লোকের মরণে আমার সন্তোষ নাই; বরং দুষ্ট লোক যে আপন পথ হইতে ফিরিয়া বাঁচে, ইহাতেই আমার সন্তোষ।" সদাপ্রভু হলেন, "স্নেহশীল ও কৃপাময় ঈশ্বর, ক্রোধে ধীর এবং দয়াতে ও সত্যে মহান; অপরাধের, অধর্মের ও পাপের ক্ষমাকারী; তথাপি তিনি অবশ্য (পাপের) দন্ড দেন।" যিহিষ্কেল ৩৩:১১; যাত্রাপুস্তক ৩৪:৬, ৭। যদিও তিনি দন্ড দানে আনন্দ পান না, তথাপি তিনি তার ব্যবস্থা লঙ্ঘনকারীদের দন্ড প্রদান করে থাকেন। পৃথিবীর অধিবাসীদের সম্পূর্ণ নষ্ট ও ধ্বংস হওয়া থেকে রক্ষা করার জন্য তাকে বাধ্য হয়েই তা করতে হয়। যারা পাপের মধ্যে সম্পূর্ণ মগ্ন হয়ে গিয়াছে তাদের ধ্বংস করা প্রয়োজন যেন অন্যদের রক্ষা করা সম্ভব হয়। PPBeng 456.1

কিন্তু দন্ডাদেশ দেবার সময়ও সদাপ্রভু দয়া প্রদর্শন করেন। অমালেকীয়দের ধ্বংস করার সময় যে কেনীয়রা তাদের মধ্যে বাস করে তাদের রক্ষা করতে হবে। যদিও পৌত্তলিকতা হতে সম্পূর্ণ মুক্ত নয় তথাপি এরা ঈশ্বরের সেবা করত ও ইস্রায়েলদের প্রতি বন্ধুভাবাপন্ন ছিল। PPBeng 456.2

রাজা শৌল আর একটি সুযোগ লাভ করেন

PPBeng 456

অমালেকীয়দের বিরুদ্ধে অভিযান চালানোর আদেশ পেয়ে শৌল তক্ষণা যুদ্ধ ঘোষণা করলেন। যুদ্ধের আহ্বানে সাড়া দিয়ে ইস্রায়েলের পুরুষরা তার পতাকা তলে একত্রিত হলো। ইস্রায়েলরা এই যুদ্ধ জয়ের কোন সম্মান লাভ করতে পারবে না অথবা শত্রুদের জিনিস পত্র লুটতরাজ করতে পারবে না। শুধুমাত্র ঈশ্বরের আদেশের প্রতি বাধ্য থেকেই তারা এই যুদ্ধে নিযুক্ত হবে। ঈশ্বর চাচ্ছিলেন যে, লোকেরা তার সার্বভৌমত্ব অস্বীকার করেছিল তাদের ধ্বংস যেন সকল জাতিরা দেখতে পায়। PPBeng 456.3

“পরে শৌল...অমালেককে আঘাত করিলেন। তিনি অমালেকের রাজা অগাগকে জীবিত ধরিলেন। কিন্তু শৌল ও লোকেরা অগাগের প্রতি ও উত্তম উত্তম মেষ ও গোরুর প্রতি ও পুষ্ট গোবসের এবং মেষশাবকগুলির প্রতি ও সমস্ত উত্তম বস্তুর প্রতি দয়া করিলেন; সেই সকলকে নিঃশেষে বিনষ্ট করিতে চাহিলেন না; কিন্তু যে কিছু তুচ্ছনীয় রোগা, তাহাই নিঃশেষে বিনষ্ট করিলেন।” PPBeng 456.4

এই বিজয় শৌলের মধ্যে সেই গর্বকে জাগিয়ে তুল্ল যা শৌলের জন্য মহা বিপজ্জনক ছিল। তার বিজয়ী প্রত্যাবর্তনকে জয়োল্লাস করার জন্য, শৌল তার পার্শ্ববর্ত্তী জাতিদের প্রথা অনুকরণ করলেন, এবং আগাগকে রক্ষা করলেন। লোকেরা নিজেদের জন্য সবচেয়ে ভাল মেষ, পশু ও ভারবহনকারী প্রাণীকে পৃথক করে রাখল এবং তাদের পাপকে ছুতা দ্বারা ঢাকতে চাইল, যে প্রাণীগুলি ঈশ্বরের কাছে বলি দেয়া হবে। কিন্তু তাদের আসল উদ্দেশ্য ছিল ঐগুলি তাদের নিজের প্রাণীর সাথে বিনিময় করে নিজ প্রাণীগুলিকে রক্ষা করা। PPBeng 456.5

ঈশ্বরের আদেশের দুঃসাহসীক লঙ্ঘন দ্বারা শৌল প্রমাণ করলেন যে ঈশ্বরের প্রতিনিধিরূপে তাকে ক্ষমতা প্রদান করে বিশ্বাস করা যাবে না। যখন শৌল ও তার সৈন্যরা বিজয়ানন্দে ঘরে ফিরছিল, তখন শমূয়েলের ঘরে বিষাদের ছায়া নেমে এসেছিল। তিনি সদাপ্রভুর নিকট হতে একটি বার্তা পেয়েছিলেনঃ “আমি শৌলকে রাজা করিয়াছি বলিয়া আমার অনুশোচনা হইতেছে, যেহেতু সে আমার অনুগমন হইতে ফিরিয়া আসিয়াছে, আমার বাক্য পালন করে নাই।” ভাববাদী সারা রাত কাঁদলেন ও প্রার্থনা করলেন যেন ভয়ঙ্কর দন্ডটি রদ করা হয়। PPBeng 457.1

ঈশ্বরের অনুশোচনা মানুষের অনুশোচনার মত নয়। মানুষের অনুশোচনা তার মন পরিবর্তনের ইঙ্গিত করে। মানুষ ঈশ্বরের সাথে তার সম্পর্কের পরিবর্তন করতে পারে যদি সে সেই সকল শর্ত মানতে রাজী হয় যে গুলির মাধ্যমে সে ঈশ্বরের করুণা লাভ করতে পারে। আবার তার নিজের কাজ দ্বারা সে ঈশ্বরের অনুগ্রহের বাইরে চলে যেতে পারে। শৌলের অবাধ্যতা ঈশ্বরের সহিত তার সম্পর্ককে পরিবর্তিত করেছিল। কিন্তু ঈশ্বরের নিকট গ্রহণযোগ্য হবার শর্ত সমূহ অপরিবর্তনীয় ছিল, কারণ তাঁর মধ্যে "অবস্থান্তর কিম্বা পরিবর্তনজনিত ছায়া হইতে পারে না।" যাকোব ১:১৭। PPBeng 457.2

মনের মধ্যে ব্যথা নিয়ে পরদিন সকালে ভাববাদী রাজার সাথে দেখা করতে গেলেন। শমূয়েল আশা পোষণ করছিলেন যে অনুশোচনা দ্বারা শৌল ঈশ্বরের অনুগ্রহের ছায়ার নীচে আসতে পারেন। কিন্তু অবাধ্যতা দ্বারা কলুষিত শৌল একটি মিথ্যা বাক্য বলে ভাববাদীকে অভ্যর্থনা জানালেন, "আপনি সদাপ্রভুর আশীর্বাদের পাত্র; আমি সদাপ্রভুর বাক্য পালন করিয়াছি।" PPBeng 457.3

"তবে আমার কর্ণগোচরে এই মেষের রব হইতেছে কেন? আর এই গোরুর ডাক আমি শুনিতেছি কেন?" ভাববাদীর এই প্রশ্নের জবাবে শৌল বললেন, "সে সকল অমালেকীয়দের হইতে আনীত হইয়াছে; ফলতঃ আপনার ঈশ্বর সদাপ্রভুর উদ্দেশে বলিদান করিবার জন্য লোকেরা উত্তম উত্তম মেষের ও গোরুর প্রতি দয়া করিয়াছে; কিন্তু আমরা অবশিষ্ট লোকদের নিঃশেষে বিনষ্ট করিয়াছি ।" তার নিজেকে রক্ষা করার জন্য নিজের পাপ তিনি লোকদের উপরে চাপিয়ে দিচ্ছিলেন । PPBeng 457.4

যেহেতু শৌল ঐ জয়ের জন্য ঈশ্বরকে সম্মান করেন নি, তাই তাকে রাজা হিসাবে অস্বীকার করার বার্তাটি বিজয়ের আনন্দে উল্লাসিত সৈন্যদের সামনেই দিতে হবে, কেননা সৈন্যরা এই বিজয় তাদের রাজার পরিচালনার কৃতিত্ব বলে ধরে নিয়েছিল। যখন ভাববাদী শৌলের বিদ্রোহের প্রমাণ পেলেন তখন ইস্রায়েলদের পাপ করতে প্ররোচিত করার জন্য তিনি ক্রোধে জ্বলে উঠলেন। দুঃখ ও ক্রোধ মিশানো স্বরে তিনি বললেন, "গত রাত্রিতে সদাপ্রভু আমাকে যাহা বলিয়াছেন, তাহা তোমাকে বলি ।...যদিও তুমি আপনার দৃষ্টিতে ক্ষুদ্র ছিলে, তথাপি তোমাকে কি ইস্রায়েল বংশ সকলের মস্তক করা হয় নাই? আর সদাপ্রভু তোমাকে ইস্রায়েলের উপরে রাজাপদে অভিষিক্ত করিলেন।" অমালেকীয়দের বিষয়ে ঈশ্বরের আদেশ তিনি পুনরাবৃত্তি করলেন এবং অবাধ্যতা দেখানোর কারণ জানতে চাইলেন । PPBeng 458.1

শৌল তার অবাধ্যতার প্রমাণ দেন

PPBeng 458

শৌল আত্ম-সমর্থনের চেষ্টা চালিয়ে যেতে থাকলেন; আমি ত সদাপ্রভুর রবে অবধান করিয়াছি, যে পথে সদাপ্রভু আমাকে পাঠাইয়াছেন, সেই পথে গিয়াছি, আর অমালেকের

রাজা অগাগকে আনিয়াছি, ও অমালেকীয়দিগকে নিঃশেষে বিনষ্ট করিয়াছি। কিন্তু গিল্‌গলে আপনার ঈশ্বর সদাপ্রভুর উদ্দেশে বলিদান করিবার জন্য লোকেরা বর্জ্জিত দ্রব্যের অগ্নিমাংশ বলিয়া লুটের মধ্য হইতে কতকগুলি মেষ ও গোরু আনিয়াছে । PPBeng 458.2

গম্ভীর ভাবে ভাববাদী মিথ্যার বেড়াজাল ভেঙ্গে অপরিবর্তনীয় দন্ডের আদেশ উচ্চারণ করলেন : "সদাপ্রভুর রবে অবধান করিলে যেমন, তেমন কি হোমে ও বলিদানে সদাপ্রভু প্রসন্ন হন? দেখ, বলিদান অপেক্ষা আজ্ঞা পালন উত্তম, এবং মেষের মেদ অপেক্ষা অবধান করা উত্তম। কারণ আজ্ঞালঙঘন করা মন্ত্রপাঠ জন্য পাপের তুল্য, এবং অবাধ্যতা, পৌত্তলিকতা ও ঠাকুরপূজার সমান। তুমি সদাপ্রভুর বাক্য অগ্রাহ্য করিয়াছ, এই জন্য তিনি তোমাকে অগ্রাহ্য করিয়া রাজ্যচ্যুত করিয়াছেন।" PPBeng 458.3

যখন রাজা এই ভয়ঙ্কর দন্ডের বাক্য শুনলেন তখন তিনি চিকার করে উঠলেন, "আমি পাপ করিয়াছি; ফলতঃ সদাপ্রভুর আজ্ঞা ও আপনার বাক্যে লঙঘন করিয়াছি; কারণ আমি লোকদিগকে ভয় করিয়া তাহাদের বাক্য অবধান করিয়াছি।" ভয়ে শৌল তার অপরাধ স্বীকার করলেন, কিন্তু তথাপি তিনি লোকদের উপর তার অপরাধের দায়িত্ব চাপাতে চেষ্টা করলেন। PPBeng 458.4

পাপের জন্য দুঃখিত হয়ে নয়, বরং দন্ডের ভয়ে ইস্রায়েলের রাজা শমূয়েলের কাছে মিনতি করলেন, "এখন বিনয় করি, আমার পাপ ক্ষমা করুন, ও আমার সঙ্গে ফিরিয়া আইসুন; আমি সদাপ্রভুকে প্রণিপাত করিব।" যদি শৌলের প্রকৃত অনুতাপ হত তবে তিনি জনসমক্ষে তার পাপ স্বীকার করতেন। কিন্তু এটা ছিল শুধু তার ক্ষমতায় বহাল থাকার দুর্ভাবনা ও তার প্রতি লোকদের আনুগত্য বজায় রাখার প্রচেষ্টা মাত্র। তার কর্তৃত্ব বজায় রাখার জন্যই তিনি শমূয়েলের উপস্থিতি কামনা করছিলেন। PPBeng 459.1

ভাববাদীর উত্তর ছিল, "আমি তোমার সঙ্গে ফিরিয়া যাইব না; কেননা তুমি সদাপ্রভুর বাক্য অগ্রাহ্য করিয়াছ, আর সদাপ্রভু তোমাকে অগ্রাহ্য করিয়া ইস্রায়েলের রাজ্যচ্যুত করিয়াছেন।" আর শমূয়েল যখন ফিরে যেতে উদ্যত হলেন তখন প্রচন্ড ভয়ে তাকে ধরে রাখার জন্য শৌল তার আঙরাখার প্রান্ত টেনে ধরলেন আর তাতে শমূয়েলের আঙরাখা তার হাতে ছিঁড়ে গেল। তখন ভাববাদী ঘোষণা করলেন, সদাপ্রভু অদ্য তোমা হইতে ইস্রায়েলের রাজ্য টানিয়া ছিঁড়িলেন, এবং তোমা হইতে উত্তম তোমার এক প্রতিবাসীকে তাহা দিলেন ।" PPBeng 459.2

এর চেয়েও ভয়ঙ্কর একটি বিচারের কাজ সম্পন্ন করার প্রয়োজন ছিল । শয়েল আদেশ করলেন যে অমালেকীয়দের রাজাকে তার সামনে আনা হোক । অপরাধী ও দয়াহীন অগাগ ভাবলেন যে তার আর মৃত্যুর ভয় নাই এবং তিনি তার সামনে আসলেন। শমূয়েল ঘোষণা করলেন, "তোমার খড়্গগ দ্বারা স্ত্রীলোকেরা যেমন সন্তানহীনা হইয়াছে, তদ্রূপ তোমার

মাতাও সন্তানহীনা হইবে। তখন শমূয়েল গিল্গলে সদাপ্রভুর সাক্ষাতে অগাগকে খন্ডবিখন্ড করিলেন।” এইটা করার পর শমূয়েল রামায় ফিরে গেলেন। PPBeng 459.3

শৌলকে সাহায্য করিবার জন্য ঈশ্বর সম্ভব সব কিছুই করেছিলেন

PPBeng 459

যখন সিংহাসনে বসার জন্য শৌলকে আহ্বান করা হয়, তখন তিনি অনেক অজ্ঞ ছিলেন এবং তার চরিত্রে ভয়ঙ্কর ত্রুটি ছিল। কিন্তু ঈশ্বর তাকে পবিত্র আত্মা দান করলেন এবং এমন অবস্থায় স্থাপন করলেন যেখানে তিনি ইস্রায়েলের রাজার জন্য যে গুণাবলী প্রয়োজন তার বিকাশ ঘটাতে পারেন। যদি তিনি নম্র থাকতেন তবে সকল প্রকার ভাল গুণ তার মধ্যে শক্তিশালী হতে থাকত ও মন্দ ভাবসমূহ ধীরে ধীরে দূর হয়ে যেত। এই কাজটি ঈশ্বর সেই সকল লোকের মধ্যে করতে চান যারা নিজদের তাঁর কাছে সমর্পণ করে। তিনি তাদের নিকট তাদের চারিত্রিক দুর্বলতা প্রকাশ করেন এবং ভুল সংশোধনের ক্ষমতা তিনি তাদের দান করেন। PPBeng 459.4

যখন তাকে সিংহাসন দান করা হয় তখন যদিও শৌল নম্র ও আত্ম- অবিশ্বাসী ছিলেন, কিন্তু কৃতকার্য্যতা তাকে আত্ম-বিশ্বাসী করে তুলে। যাবেশ- গিলিয়াদে যে শৌর্য্য ও সমর কৌশল দেখানো হয় তাতে সমস্ত জাতির উৎসাহ বৃদ্ধি পায়। প্রথমে তিনি এর গৌরব ঈশ্বরকে দান করেন, কিন্তু পরে তিনি তা নিজের প্রতি আরোপ করেন। তিনি ঈশ্বরের উপর নির্ভরশীলতা হারিয়ে ফেলেন এবং মনে মনে সদাপ্রভু হতে দূর সরে যান। এই ভাবেই গিল্গলে তার দুঃসাহসিক পাপের পথ খুলে যায়। এই একই অন্ধ আত্ম-বিশ্বাস তাকে শমূয়েলের তিরস্কার অস্বীকার করতে অনুপ্রাণিত করে। যদি তিনি তার ভুল স্বীকার করতেন, তবে এই অভিজ্ঞতা ভবিষ্যতের জন্য তার নিরাপত্তা হয়ে উঠত। যদি ঐ সময় ঈশ্বর সম্পূর্ণ ভাবে শৌলের কাছ থেকে দূরে সরে যাবেন, তবে তিনি আবার তাকে আর একটি সুনির্দিষ্ট লক্ষ্য বাস্তবায়নের মাধ্যমে তার অতীতের ভুল সংশোধন করতে শমূয়েল দ্বারা আদেশ দিতেন না। PPBeng 460.1

যখন শৌল তার আত্ম-সমর্থনে একগুয়েমী করতে থাকলেন, তখন তিনি সেই একমাত্র পদ্ধতিকে অস্বীকার করলেন যার মাধ্যমে ঈশ্বরের আদেশের সম্পূর্ণ বিপরীতে পবিত্র অনুষ্ঠান সম্পন্ন করার দ্বারা তিনি নিজেকে ঈশ্বরের সহায়তার আত্ততার বাইরে নিয়ে গেলেন। অমালেকীয়দের বিরুদ্ধে অভিযানের সময় আংশিক ভাবে ঈশ্বরের আদেশ পালনে সদাপ্রভু সুখী ছিলেন না। ঈশ্বর মানুষকে তাঁর ব্যবস্থার বাইরে যাবার স্বাধীনতা দেন নি। PPBeng 460.2

বাধ্যতা হল বিশ্বাসের ফল

PPBeng 460

"বলিদান অপেক্ষা আজ্ঞা পালন উত্তম।" ধৈর্য্য, বিশ্বাস, ও বাধ্য হৃদয় ছাড়া যে কোন বলিই মূল্যহীন। ঈশ্বর যেগুলিকে ধ্বংস করার আদেশ দিয়েছিলেন শৌল যখন সেগুলিকে বলিদান দেবার প্রস্তাব আনলেন, তখন স্বর্গীয় কর্তৃত্বের প্রতি প্রচন্ড অবহেলা প্রদর্শন করা হল । ঐ প্রার্থনা ঈশ্বরের প্রতি একটি অবমাননাকর কাজ হল। তথাপি অনেকেই এই ধরণের কাজ করে থাকেন। যখন তারা ঈশ্বরের কোন কোন ব্যবস্থার প্রতি আস্থা রাখতে ও তা মানতে অস্বীকার করেন, তখন আবার তারা ঈশ্বরের নিকট তাদের আনুষ্ঠানিক প্রার্থনা উপস্থিত করেন। যদি তারা ঈশ্বরের ব্যবস্থাগুলির একটিও স্বেচ্ছায় অবমাননা করেন তবে সদাপ্রভু তাদের গ্রহণ করতে পারেন না । PPBeng 460.3

"কারণ আজ্ঞা লঙঘন করা মন্ত্রপাঠ জন্য পাপের তুল্য, এবং অবাধ্যতা, পৌত্তলিকতা ও ঠাকুর-পূজার সমান।" যারা ঈশ্বরের শাসনের বিরূদ্ধে চলেন তারা প্রধান মন্দতার (অর্থাৎ শয়তানের) সাথে এক চুক্তিতে আবদ্ধ হয়েছেন। সে সমস্ত কিছুই একটি আবছা অন্ধকারে রেখে দেয়। আমাদের প্রথম পিতামাতার মতই এর আদেশ অমান্য করায় অনেক উপকার দেখতে পান। PPBeng 460.4

এই ভাবে অনেকেই শয়তানের পরিচালনার মধ্যে থেকেও মনে করেন যে তারা ঈশ্বরের সেবায় নিযুক্ত রয়েছেন। খ্রীষ্টের সময় যিহূদী প্রধান ও প্রাচীনেরা, যারা ধর্মের বিষয়ে অতি উৎসাহী বলে মনে হয়, ঈশ্বরের ইচ্ছার বিরুদ্ধে গিয়ে নিজের ইচ্ছামত চলতে চান, তাদের হৃদয়ে একই প্রকার আত্মা বাস করে। PPBeng 461.1

শৌলের ভয়ানক দুঃসাহস শয়তানের যাদুবিদ্যার ফল। যারা যাদুবিদ্যা ব্যবহার করে তারা যেমন শয়তান দ্বারা পরিচালিত হয়, ঈশ্বরের আদেশের অবাধ্য হওয়াতে শৌল ঠিক একই ভাবে শয়তানের দ্বারা পরিচালিত হয়েছিলেন; আর যখন তিরস্কার করা হল তখন তিনি বিদ্রোহের সাথে অবাধ্যতাকেও যুক্ত করলেন। প্রকাশ্যে পৌত্তলিকদের সাথে যুক্ত হলেও তিনি ঈশ্বরের আত্মাকে এর চেয়ে অধিক অপমানিত করতে পারতেন না। PPBeng 461.2

শৌলের মধ্যে ঈশ্বর ইস্রায়েলকে তাদের আত্মার সাহস মোতাবেকই এক রাজা দিয়েছিলেন, কারণ শমূয়েল বলেছিলেন, "অতএব এই দেখ, সেই রাজা যাঁহাকে তোমরা মনোনীত করিয়াছ ও যাচঞা করিয়াছ।" ১ শমূয়েল ১২:১৩। তাদের হৃদয়ে রাজার যে ছবি ছিল তারই অনুরূপ ছিল তার চেহারা। সৈন্য পরিচালনায় তার সাহস ও অন্যান্য জাতির শ্রদ্ধা অর্জন করতে পারত। তারা এমন কাউকে চায়নি যার চরিত্র হবে সত্যিকারের মহান চরিত্র, যে ঈশ্বরের পথে চলতে চাচ্ছিলনা, বরং তারা তাদের নিজের পথে চলতে চাচ্ছিল । সুতরাং ঈশ্বর তাদের ঠিক এমনই এক রাজা দিলেন যেমন এক রাজা তারা কামনা করেছিলেন .... এমন রাজা যার চরিত্র তাদের চরিত্রেরই প্রতিফলন ছিল । PPBeng 461.3

যদি শৌল ঈশ্বরের উপর নির্ভর করতেন তবে ঈশ্বর তার সাথে থাকতেন। কিন্তু যখন শৌল ঈশ্বরের বিরুদ্ধে নিজ ইচ্ছা অনুসারে কাজ করতে চাইলেন, তখন সদাপ্রভূ তাকে

ত্যাগ করতে বাধ্য হলেন। তখন তিনি “নিজের মনের মত একজনকে” সিংহাসনের জন্য আহ্বান জানালেন, ১ শমূয়েল ১৩:১৪.... এমন একজন যিনি ঈশ্বরের উপর নির্ভর করবেন এবং তাঁর আত্মা দ্বারা পরিচালিত হবেন; যিনি, যখন পাপ করবেন, তখন তিরস্কার গ্রহণ করে সংশোধিত হতে আত্ম-সমর্পণ করবেন। PPBeng 461.4

অধ্যায় ৬২—দায়ূদ রাজারূপে অভিষিক্ত হন

PPBeng 462

সতেজ বাল্য বয়সে দায়ূদ বেলেহমের চতুর্দিকস্থ পাহাড়ের উপর মেষ চরাতেন। সরল রাখাল স্বরচিত গান গেতেন, আর সতেজ যুব কন্ঠের সহিত মিশে তার বীণা এক আশ্চর্য মুর্ছনার সৃষ্টি করত। পরবর্তীকালে তার নিকট ঈশ্বর যে দায়িত্ব অর্পণ করতে যাচ্ছিলেন, সেজন্যই তিনি তাকে প্রস্তুত করছিলেন। PPBeng 462.1

“পরে সদাপ্রভু শমূয়েলকে বলিলেন, তুমি কতকাল শৌলের জন্য শোক করিবে? আমি ত তাহাকে অগ্রাহ্য করিয়া ইস্রায়েলের রাজ্যচ্যুত করিয়াছি। তুমি তোমার শৃঙ্গ তৈলে পূর্ণ কর, যাও, আমি তোমাকে বেলেহমীয় যিশয়ের নিকটে প্রেরণ করি, কেননা তাহার পুত্রগণের মধ্যে আমি আপনার জন্য এক রাজাকে দেখিয়া রাখিয়াছি।...আমি তোমার কাছে যাহার নাম করিব, তুমি আমার জন্য তাহাকে অভিষেক করিবে। পরে শয়েল সদাপ্রভুর সেই বাক্যানুসারে কর্ম করিলেন, তিনি বেলেহমে উপস্থিত হইলেন। তখন নগরের প্রাচীনবর্গ কাঁপিতে কাঁপিতে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আসিলেন, আর বলিলেন, আপনি শান্তিভাবে আসিয়াছেন ত? তিনি কহিলেন, শান্তিভাবে আসিয়াছি।” প্রাচীনেরা একটি যজ্ঞের নিমন্ত্রণ গ্রহণ করলেন, এবং শমূয়েল যিশয় ও তার ছেলেদেরও নিমন্ত্রণ জানালেন। যিশয়ের পরিবারের সকলেই এই নিমন্ত্রণে যোগ দিলেন, শুধু দায়ূদ ছাড়া, যিনি মেষের দেখাশুনা করার জন্য পিছনে রয়ে গেলেন । PPBeng 462.2

যজ্ঞের নিমন্ত্রিত খাবার শুরুর আগে শমুয়েল সভ্রান্ত চেহারার যিশয়ের ছেলেদের প্রাথমিক পরীক্ষা শুরু করলেন। জ্যেষ্ঠ, ইলীয়াব তার দৈহিক গঠনে ও সৌন্দর্য্যে শৌলের মতই ছিলেন। যখন শমূয়েল তার রাজার মত চেহারার দিকে দৃষ্টি দিলেন, তখন তিনি ভাবলেন, “অবশ্য সদাপ্রভুর অভিষিক্ত ব্যক্তি তাঁহার সম্মুখে।” এবং যেন তিনি তাকে অভিষিক্ত করতে পারেন এর জন্য স্বর্গীয় অনুমোদনের অপেক্ষা করলেন। কিন্তু ইলীয়াব ঈশ্বরকে ভয় করতেন না। তিনি একজন গর্বিত, অত্যাচারী রাজা হতেন । শমূয়েলের প্রতি ঈশ্বরের বাক্য আসল, “তুমি উহার মুখশ্রীর বা কায়িক দীর্ঘতার প্রতি দৃষ্টি করিও না; কারণ আমি উহাকে অগ্রাহ্য করিলাম। কেননা মনুষ্য যাহা দেখে, তাহা কিছু নয়; যেহেতু মনুষ্য প্রত্যক্ষ বিষয়ের প্রতি দৃষ্টি করে, কিন্তু সদাপ্রভু অন্তঃকরণের প্রতি দৃষ্টি করেন ।” মুখের সৌন্দর্য্য ও শরীরের গঠনের প্রতি লক্ষ্য দেয়া যে ভ্রান্তিপূর্ণ সে বিষয়ে আমরা শমূয়েলের ভুল হতে শিক্ষা লাভ করতে পারি। তাঁর সৃষ্টি সম্পর্কে ঈশ্বরের ধারণা আমাদের সীমিত মনের চিন্তার অনেক বাইরে। কিন্তু আমরা নিশ্চিত হতে পারি যে যদি তাঁর সন্তানেরা যদি তাঁর ইচ্ছার নিকট আত্ম- সমর্পণ করে, তবে তিনি তাদের উপযোগী স্থান পূরণ করতে পরিচালনা দেবেন । PPBeng 462.3

রাখাল বালককে নিমন্ত্রণ করা হল

PPBeng 463

শমূয়েল ইলীয়াবের পরীক্ষা শেষ করলেন, আর তার পর ছয় ভাই, যারা নিমন্ত্রণে উপস্থিত ছিলেন, একে একে ভাববাদীর চোখের সামনে দিয়া গেলেন। কিন্তু সদাপ্রভু তাদের কাউকেই মনোনয়ন করেছেন বলে কোন ইঙ্গিত দিলেন না। ভীষন দুর্ভাবনায় শয়েল শেষ যুবকের প্রতি দৃষ্টি নিবদ্ধ করেছিলেন। আশ্চর্যান্বিত ও হতবম্ভ হয়ে তিনি জিজ্ঞেস করলেন, "এই কি তোমার সমস্ত সন্তান?" পিতা উত্তর করলেন, "কেবল কনিষ্ঠ অবশিষ্ট আছে, দেখুন, সে মেষ চরাইতেছে।" শমূয়েল নির্দেশ দিলেন যে তাকেও আনা হোক্ । "সে না আসিলে আমরা ভোজনে বসিব না ।" PPBeng 463.1

ভাববাদী বেলেহমে এসে তার অনুসন্ধানে লোক পাঠিয়েছেন এই অপ্রত্যাশিত খবর শুনে নিঃসঙ্গ রাখাল চমকে উঠলেন। ইস্রায়েলদের বিচারক ও ভাববাদী তার সাক্ষা কামনা করবেন ? কিন্তু অনতিবিলম্বে তিনি তার আহবানে সাড়া দিলেন । PPBeng 463.2

"তিনি ঈষৎ রক্তবর্ণ, সুনয়ন ও দেখিতে সুন্দর ছিলেন।" আর যখন শমূয়েল সুন্দর, পুরুষ সুলভ, নম্র রাখাল ছেলের দিকে তাকালেন, তখন ঈশ্বরের বাণী তার কাণে আসল, "উঠ, ইহাকে অভিষেক কর, কেননা এ সেই ব্যক্তি।" রাখালের অতি সাধারণ দায়িত্বে দায়ূদ নিজকে সাহসী ও বিশ্বস্ত বলে প্রমাণ করেছিলেন, আর এখন ঈশ্বর তাকে তাঁর লোকদের অধিপতির পদে আহবান জানাচ্ছিলেন। "অতএব শমূয়েল তৈলশৃঙ্গ লইয়া তাঁহার ভ্রাতৃগণের মধ্যে তাঁহাকে অভিষেক করিলেন। আর সেই দিন হইতে সদাপ্রভুর আত্মা দায়ূদের উপরে আসিলেন।" একটি তৃপ্ত হৃদয় নিয়ে ভাববাদী রামায় ফিরে গেলেন । PPBeng 463.3

দায়ূদকে অভিষিক্ত করার কাজটি গোপনে সম্পন্ন করা হয়। যে উচ্চ দায়ূদকে গন্তব্য তার জন্য অপেক্ষা করে রয়েছে, এটি দ্বারা যুবককে তা অবহিত করা হল যেন তার আগামী জীবনের সমস্ত বিপদের মধ্যেও তার জীবন দ্বারা ঈশ্বর যে লক্ষ্য হাছিল করতে চাচ্ছেন এই জ্ঞান তাকে সেই লক্ষ্যে, অনড় রাখে। PPBeng 464.1

যে মহা সম্মান দায়ূদকে দেখানো হল, তা তাকে গর্বিত করে তুলে নি তার অভিষেকের আগেও যেমন সে নম্র ও সরল ছিল, অভিষেকের পরও সেই একই নম্রতা ও সরলতা সহকারে সে পাহাড়ে মেষ চরাতে চলে গেল। কিন্তু এখন সে নতুন উদ্দীপনায় গান রচনা করতে ও বীণা বাঁজাতে লাগল । PPBeng 464.2

তার সামনে প্রসারিত ছিল বিভিন্ন সৌন্দর্যে মন্ডিত প্রাকৃতিক দৃশ্য। সে দেখত উদীয়মান সূর্য পূব আকাশ রাঙায়ে দিয়ে একজন বরের মত আপন আবাস হতে বেরিয়ে আসত, আবার কখনো কখনো "বীরের ন্যায় স্বীয় পথে দৌড়াবার জন্য" যেন সে বেরিয়ে আসত।

পাহাড়ের উঁচু উঁচু চুড়াসমূহ আকাশ ছুই ছুই করত। আর এর পেছনে ছিলেন ঈশ্বর। দিনের আলো, অবারিত বন ও পাহাড়, মাঠ ও নদী, সমস্ত কিছুই মনকে সেই স্রষ্টার দিকে ধাবিত করত যিনি সকল উত্তম দানের উৎস। স্রষ্টার চরিত্রের দৈনিক প্রকাশ কিশোর কবির মন আনন্দ ও ভক্তিতে পরিপূর্ণ করত। দায়ূদের হৃদয়ের ও মনের সকল ক্ষমতা বৃদ্ধি পাচ্ছিল এবং ঈশ্বরের সাথে তার যোগাযোগ গভীরতর হচ্ছিল। তার মন সর্বদাই নতুন নতুন গভীরতায় ডুবে তার বীণায় নতুন সুর জাগানোর জন্য নতুন নতুন বিষয় বস্তুর সন্ধান করত। তার কন্ঠের উদ্ধত্ত সুর বাতাসের সাথে এমন ভাবে মিশে যেত যে মনে হত বুঝি স্বর্গীয় দূতগণের সুরের সাথে নিজ সুর মিলিয়ে দিয়েছে। PPBeng 464.3

নির্জন পাহাড়ে পরিশ্রম ও পরিভ্রমণ করার ঐ বৎসরগুলির ফলাফল কে নিরূপণ করতে পারে? ইস্রায়েলদের এই মধুর স্বরে গায়কের সুরসমূহ যুগে যুগে ঈশ্বরের লোকদের হৃদয়ে প্রেম ও বিশ্বাসের বৃদ্ধি করেছে, আর তাদের তাঁর অতি নিকটে নিয়ে এসেছে যার মধ্যে সকল প্রাণীর প্রাণ বেঁচে থাকে। PPBeng 464.4

পৃথিবীর সম্ভ্রান্ততমের সহিত একটি উচ্চ মর্যাদাপূর্ণ আসন পাবার জন্য দায়ূদ প্রস্তুত হচ্ছিলেন। তার আত্মার কাছে ঈশ্বর সম্বন্ধে আরো পরিষ্কার ধারনা প্রকাশ পাচ্ছিল। কঠিন বিষয় দিনে দিনে সহজতর হয়ে উঠেছিল। জটিল বিষয় সকল সরল হয়ে যাচ্ছিল। বেমিল বিষয় মিল পাচ্ছিল। প্রতি নতুন জ্ঞান রশ্মির প্রকাশ ঈশ্বরের ও মুক্তিদাতার গৌরব প্রকাশের জন্য মধুরতর সুর ও গানের জন্ম দিচ্ছিল। তার জীবন দানে ঈশ্বরের যে প্রেম অনুভব করতে পারল তাতে তার হৃদয় ভক্তিতে ও কৃতজ্ঞতায় উদ্বেলিত হয়ে উঠল। তার কন্ঠ আরো সুন্দর সুন্দর সুর সৃষ্টি করল, আর তার বীণা আনন্দের নতুন ধ্বনি প্রকাশ করল। আর রাখাল বালক আরো শক্তিশালী, ও আরো জ্ঞানী হয়ে উঠল, এবং ঈশ্বরের আত্মা তার উপর অধিষ্ঠান করলেন। PPBeng 465.1

অধ্যায় ৬৩—দায়ূদ গলিয়াকে হত্যা করেন

PPBeng 466

যখন রাজা শৌল অনুভব করেত পারলেন, যে ঈশ্বর তাকে পরিত্যাগ করেছেন, তখন তিনি তিক্ত বিদ্রোহী মনোভাব ও হতাশায় পূর্ণ হলেন। তার পাপ সম্বন্ধে তার কোন পরিষ্কার ধারণা ছিল না, এবং তিনি তার জীবন যাপন পদ্ধতিতে কোন পরিবর্তন আনলেন না, বরং তার পরবর্তী বংশধরদের নিকট হতে ক্ষমতা লাভ করার অধিকার কেড়ে নেয়ায় ঈশ্বরের অন্যায় বিচার সম্বন্ধে তিনি চিন্তামগ্ন থাকলেন। তার পরিবারের উপর যে ধ্বংস নেমে এসেছিল তাই নিয়ে তিনি সর্বদাই চিন্তাগ্রস্ত ছিলেন। ঈশ্বরের তিরস্কারকে তিনি বিনত ভাবে গ্রহণ করলেন না; বরং তার উদ্‌ধৃত প্রকৃতি এত বেসামাল হয়ে পড়ল যে, তিনি তার জ্ঞান-বুদ্ধি নষ্ট করতে বলেন। PPBeng 466.1

তার পরামর্শ দাতারা তাকে পরামর্শ দিলেন তিনি যেন একজন দক্ষ বাদ্য-বাদককে নিযুক্ত করেন, কারণ তারা আশা করলেন সে হয়ত বাদ্য যন্ত্রের মধুর ধ্বনি তার যাতনাগ্রস্ত আত্মাকে শান্তি দিতে সক্ষম হবে। বীণা বাজনাতে অতিশয় দক্ষ দায়ূদকে রাজার নিকট উপস্থিত করা হল। তার স্বর্গীয় অনুপ্রেরণায় অনুপ্রাণিত সুর অভিষ্ট লক্ষ্য সাধন করল। শৌলের মনের ঘণীভূত মেঘ দূর হল। PPBeng 466.2

যখনই প্রয়োজন হত অশান্ত রাজার মনকে শান্ত করার জন্য দায়ূদকে আহবান করা হত। যদিও শৌল দায়ূদের উপস্থিতিতে ও তার বীণা বাজানোতে আনন্দিত হতেন, কিন্তু কিশোর রাখাল রাজার প্রাসাদ ত্যাগ করে মেষ চরানোর মাঠে যেতে পারলেই হাফ ছেড়ে বাঁচতেন। PPBeng 466.3

দায়ূদ ঈশ্বরের ও মানুষের দৃষ্টিতে পবিত্র ব্যক্তিরূপে বেড়ে উঠতে লাগলেন। তিনি রাজার সম্মুখে যেতেন এবং রাজার দায়িত্ব সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করেছিলেন। ইস্রায়েলদের প্রথম রাজার চারিত্রিক বৈশিষ্টের অনেক রহস্যই উদ্ঘাটন করতে সক্ষম হয়েছিলেন। তিনি জানতেন যে শৌলের পরিবারের সদস্যরা ব্যক্তিগত জীবনে সুখী ছিলেন না। আর ঐ সকল জিনিস তার মনে নানা দুশ্চিন্তার সৃষ্টি করত। তখন তিনি বীণার তারে সুরের ঝঙ্কার উঠাতেন আর তার সমস্ত উত্তম জিনিসের দাতার নিকট পৌঁছে যেত, আর যে PPBeng 466.4

কালো মেঘ ভবিষ্যৎকে অন্ধকারে ঢেকে ফেলেছে বলে মনে হত, তা দূর হয়ে যেত। PPBeng 467.1

দায়ূদের বিশেষ শিক্ষক

PPBeng 467

যে ভাবে মোশি তার কাজের জন্য প্রশিক্ষণ পেয়েছিলেন, ঠিক একই ভাবে ঈশ্বর যিশয়ের ছেলেকে তাঁর মনোনীত লোকদের পরিচালনা করার জন্য প্রস্তুত করছিলেন। যে সকল নির্জন পর্বত ও জঙ্গলাকীর্ণ গিরীসংকট দিয়ে দায়ূদ তার মেষপাল নিয়ে ঘুরে বেড়াতেন, সে সকল জায়গা হিংস্র প্রাণীর দ্বারা পরিপূর্ণ ছিল। প্রায়ই সিংহ অথবা ভল্লুকের ক্ষুধার তাড়নায় মেষদের আক্রমণ করতে আসত। দায়ূদ শুধু একটি লাঠি ও একটি গুতি সঙ্গে রাখতেন; তথাপি তিনি প্রমাণ করেছিলেন যে মেষপাল রক্ষা করায় তিনি সাহসী ছিলেন। পরবর্তী কালে এই সকল ঘটনার বর্ণনা করতে গিয়ে তিনি বলেছিলেন: "ইতিমধ্যে এক সিংহ ও এক ভাল্লুক আসিয়া পালের মধ্য হইতে মেষ ধরিয়া লইল; আমি তাহার পিছনে পিছনে গিয়া তাহাকে প্রহার করিয়া তাহার মুখ হইতে তাহা উদ্ধার করিলাম; পরে সে আমার বিরুদ্ধে উঠিয়া দাঁড়াইলে আমি তাহার দাঁড়ি ধরিয়া প্রহার করিয়া তাহাকে বধ করিলাম।" তার অভিজ্ঞতা তার মধ্যে সাহস, বীরত্বপূর্ণ সহিষ্ণুতা ও বিশ্বাস বৃদ্ধি করল। PPBeng 467.2

যখন পলেষ্টীয়দের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা হল, তখন যিশয়ের তিন পুত্র শৌলের সৈন্য বাহিনীতে যোগ দিল, কিন্তু দায়ূদ বাটীতে থাকলেন। কিছুদিন পর তিনি শিবিরে ভাইদের দেখতে গেলেন। তার পিতার আদেশে তাকে তার বড় ভাইদের নিকট একটি সংবাদ ও কিছু খাবার নিয়ে যেতে হল । কিন্তু যিশয়ের জানা ছিল না যে ইস্রায়েল সৈন্যরা ভীষণ বিপদগ্রস্ত হয়ে পড়ে ছিল, এবং দায়ূদকে তার লোকদের বাঁচানোর জন্য একজন দূত পরিচালনা করছিলেন । PPBeng 467.3

যখন দায়ূদ সৈন্যদের নিকটবর্তী হলেন, তখন ইস্রায়েল আর পলেষ্টীয় সৈন্যরা একে অপরের মোকাবেলা করে দাঁড়িয়েছিল। পলেষ্টীয় বীর গলিয়াৎ এগিয়ে এল, আর অবমাননাকর ভাষায় ইস্রায়েলদের আহবান জানাল যে তারা যেন তাদের মধ্য হতে একজনকে পাঠায় যে তার সহিত মল্লযুদ্ধ করবে। যখন দায়ূদ জানতে পারলেন যে ঐ পলেষ্টীয় দিনের পর দিন এই ভাবে ইস্রায়েলদের প্রতিদ্বন্দ্বিতায় আহবান জানাচ্ছিল আর কোন বীরই ওর আহবানে সাড়া দিচ্ছিল না, তখন তিনি ঈশ্বরের সম্মান রক্ষার জন্য উদ্দীপনায় জ্বলে উঠলেন। PPBeng 468.1

ইস্রায়েল সৈন্যরা নিরুৎসাহিত হয়ে পড়েছিল। তারা একে অপরকে বলছিল, "এই যে ব্যক্তি উঠিয়া আসিল, ইহাকে তোমরা দেখিতেছ ত? এ ত ইস্রায়েল-সন্তানদিগকে টিটকারী দিতে আসিয়াছে।" ক্রোধে ও লজ্জায় দায়ূদ চিৎকার করে উঠলেন, "এই অচ্ছিন্নত্বক পলেষ্টীয়টা কে যে, জীবন্ত ঈশ্বরের সৈন্যগণকে টিটকারী দিয়াছে?" PPBeng 468.2

রাখালরূপেও দায়ূদ এমন সাহস, বীরত্ব ও শক্তি দেখিয়েছিলেন, যা সচরাচর দেখা যায় না, আর শমূয়েল তাদের পিতার সহিত রহস্যপূর্ণ সাক্ষাৎ, দায়ূদের ভাইদের মনে তাদের সাথে দায়ূদের সাক্ষাতের বিষয়ে সন্দেহ সৃষ্টি করল । তাদের ঈর্ষাও জেগে উঠল । PPBeng 468.3

আর এখন দায়ূদের এই প্রশ্নে ইলীয়াবের মনে হল যে ঐ দৈত্যকে নীরব করতে তার ভীরুতার প্রতিই যেন এই প্রশ্ন এক তিরস্কারস্বরূপ। বড় ভাই ক্রোধের সাথে চিৎকার করে উঠল, "তুই কেন নামিয়া আসিলি? প্রান্তরের মধ্যে সেই মেষকয়টি কার কাছে রাখিয়া আসিলি? তোর অহংকার ও তোর মনের দুষ্টতা আমি জানি, তুই যুদ্ধ দেখিতে আসিয়াছিস।" দায়ূদের উত্তর ছিল সম্মানসূচক কিন্তু দৃঢ়, "আমি কি করিলাম? এ কি বাক্যমাত্র নহে?" PPBeng 468.4

দায়ূদকে রাজার সামনে আনা হল

PPBeng 468

দায়ূদের বাক্যগুলি রাজার নিকট উত্থাপন করা হল যিনি যুবককে তার কাছে ডেকে পাঠালেন। রাখাল বললেন, "উহার জন্য কাহারও অন্তঃকরণ হতাশ না হউক, আপনার এই দাস গিয়া এই পলেষ্টীয়ের সহিত যুদ্ধ করিবে।" শৌল দায়ূদকে তার লক্ষ্য হতে ফিরাবার চেষ্টা করলেন, কিন্তু যুবক বিচলিত হলেন না। "যে সদাপ্রভু সিংহের থাবা ও ভল্লুকের থাবা হইতে আমাকে উদ্ধার করিয়াছেন, তিনি এই পলেষ্টীয়ের হস্ত হইতে আমাকে উদ্ধার করিবেন। তখন শৌল দায়ূদকে কহিলেন, যাও, সদাপ্রভু তোমার সহবর্তী হইবেন।" PPBeng 468.5

চল্লিশ দিন পর্য্যন্ত ইস্রায়েলর সন্তানেরা ঐ পলেষ্টীয় বীরের সামনে কাঁপছিল। তার মাথায় ছিল পিত্তলের শিরস্ত্রাণ; তার গায়ে ছিল একটি লৌহের বর্ম যার ওজন ছিল পাঁচ হাজার শেকল, আর তার পায়ে ছিল পিত্তলের পাত। তার বর্মটি মাছের আঁইসের মত পিত্তলের চাকতিতে পূর্ণ ছিল, এবং একটি চাক্তি অন্য চাকৃতির উপর ছিল যাতে কোন তীর বিদ্ধ করতে না পারে। ঐ দৈত্যের নিকট বিরাট বল্লম ছিল, তাও পিত্তলের তৈরী। তাহার বড়শার দন্ড তন্তবায়ের নরাজের সমান, ও বড়শার ফলা ছয় শত শেকল লোহার তৈয়ারী ছিল, এবং তাহার ঢালী তাহার অগ্রে অগ্রে চলিত। PPBeng 469.1

সকালে ও সন্ধ্যায় গলিয়াৎ ইস্রায়েলদের এই বলে আহবান জানাত, "তোমরা আপনাদের জন্য এক জনকে মনোনীত কর; সে আমার নিকটে নামিয়া আইসুক। সে যদি আমার সঙ্গে যুদ্ধ করিয়া জয়ী হয়, আমাকে বধ করে, তবে আমরা তোমাদের দাস হইব; কিন্তু যদি আমি তাহাকে পরাজয় করিয়া বধ করিতে পারি, তবে তোমরা আমাদের দাস হইবে,...অদ্য আমি ইস্রায়েলের সৈন্যগণকে টিটকারি দিতেছি।" PPBeng 469.2

দায়ূদ তার সাহসী অভিযানে জয়ী হবেন বলে রাজার কোন ভরসা ছিল না। রাজার যুদ্ধের সাজ যুবককে পরিয়ে দিতে আজ্ঞা দেয়া হল। পিত্তলের ভারী শিরস্ত্রাণ তার মাথায় পরিয়ে দেয়া হল, তার শরীরে লৌহের বর্ম পরানো হল; রাজার খড়গগ তার পাশে শোভা পেল। এই ভাবে সজ্জিত হয়ে তিনি তার লক্ষ্যে যাত্রা করলেন, কিন্তু অল্প সময় পরেই আবার ফিরে এলেন। দুশ্চিন্তাগ্রস্ত দর্শকরা ভাবল যে দায়ূদ তার জীবন বাজী না রাখতে সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু ঐ সাহসী যুবার মনে এরূপ কোন চিন্তার উদয় হয় নি। ফিরে এসে তিনি

রাজার যুদ্ধের সাজ খুলে ফেললেন, আর তার স্থলে লাঠি ও সাধারণ গুতিটি নিলেন। নদী হতে পাঁচটি পাথর বেছে নিয়ে তিনি তা তার ঝুলিতে রাখলেন, এবং গুতিটি হাতে নিয়ে পলেষ্টীয়ের নিকটবর্তী হলেন । দৈত্য সদম্ভে এগিয়ে এল, তার চিন্তা ছিল যে সে ইস্রায়েল-সন্তানদের সবচেয়ে শক্তিশালী যোদ্ধার মোকাবেলা করতে যাচ্ছে। তার অস্ত্র বাহক তার আগে আগে এমনভাবে চল্ল যেন কোন কিছুই তার পথে বাধা হয়ে দাঁড়াতে পারবে না। যখন সে কাছে এল তখন দেখতে পেল যে একটি সাধারণ বালক এগিয়ে আসছে। দায়ূদের সুগঠিত শরীর যা কোন যুদ্ধ সাজে ঢাকা ছিল না, সহজেই দেখা যাচ্ছিল; তথাপি এই যুবকের দেহ ও পলেষ্টীদের বিশাল দেহের মধ্যে অনেক ব্যবধান ছিল । PPBeng 469.3

গলিয়া দায়ূদকে তাচ্ছিল্য করে PPBeng 470.1

গলিয়া বিস্ময়ে ও ক্রোধে জ্বলে উঠল। সে চিৎকার করে বল্ল, ‘আমি কি কুকুর যে, তুই দন্ড লইয়া আমার কাছে আসিতেছিস্?” সে দায়ূদের উপর অনেক অভিশাপ দিল, আর ব্যঙ্গ করে বল্ল, “তুই আমার কাছে আয়, আমি তোর মাংস আকাশের পক্ষিগণকে ও মাঠের পশুদিগকে দিই।” PPBeng 470.2

দায়ূদ দুর্বল হলেন না। সামনে এগিয়ে গিয়ে তিনি তার প্রতিযোগীকে বললেন, “তুমি খড়্গ, বড়শা, ও শল্য লইয়া আমার কাছে আসিতেছ, কিন্তু আমি বাহিনীগণের সদাপ্রভুর, ইস্রায়েলের সৈন্যগণের ঈশ্বরের নামে, তুমি যাঁহাকে টিটকারি দিয়াছ তাঁহারই নামে, তোমার নিকট আসিতেছি। অদ্য সদাপ্রভু তোমাকে আমার হস্তে সমর্পণ করিবেন; আর আমি তোমাকে আঘাত করিব, তোমার দেহ হইতে মুন্ড তুলিয়া লইব, পলেষ্টীয়দের সৈন্যের শব অদ্য শূন্যের পক্ষিগণকে, ও ভূমির পশুদিগকে দিব; তাহাতে ইস্রায়েলে এক ঈশ্বর আছেন, ইহা সমস্ত পৃথিবী জানিতে পারিবে।” PPBeng 470.3

পরিস্কার কণ্ঠে এই যে বক্তব্য দেয়া হল, তা হাজার হাজার শ্রোতার কাণে স্পষ্ট ভাবে পৌঁছাল। ক্রোধে অন্ধ হয়ে গলিয়া তার শিরস্ত্রাণ একটু উপরের দিকে ঠেলে দিয়ে এগিয়ে গেল। “পরে ঐ পলেষ্টীয় উঠিয়া দায়ূদের সম্মুখীন হইবার জন্য আসিয়া নিকটবর্তী হইলে দায়ূদ সত্বর ঐ পলেষ্টীয়ের সম্মুখীন হইবার জন্য সৈন্যশ্রেণীর দিকে দৌড়িলেন। পরে দায়ূদ আপন ঝুলিতে হস্ত দিয়া একখানি পাথর বাহির করিলেন, এবং ফিঙ্গাতে পাক দিয়া ঐ পলেষ্টীয়ের কপালে আঘাত করিলেন; সেই পাথরখানি তাহার কপালে বসিয়া গেল; তাহাতে সে ভূমিতে অধোমুখ হইয়া পড়িল ।’ PPBeng 470.4

উভয় সৈন্যদলই নিশ্চিত ছিল যে দায়ূদ মারা পড়বেন। আর যখন পাথরটি শোঁ শোঁ শব্দে বায়ু ভেদ করে ছুটে গিয়ে নির্দিষ্ট লক্ষ্যে আঘাত করল, তারা দেখতে পেল যে শক্তিশালী যোদ্ধা আপন দু'হাত,এমন ভাবে উপরে উঠাল যেন অন্ধ হয়ে গিয়াছে । দৈত্যটি দুলতে লাগল এবং ঝড়ে পতিত বিশাল গাছের মত মাটিতে ঢলে পড়ল । PPBeng 470.5

দায়ূদ এক মিনিটও আর দেরী করলেন না। তিনি পলেষ্টীয় মাটিতে পড়ে থাকা দেহের পাশে গিয়ে উভয় হাত দ্বারা গলিয়াতের খড়্গটি টেনে খাপ হতে বের করলেন। খড়্গটি শূন্যে উঁচু হলো এবং গর্বকারীর মস্তক তার শরীর হতে আলাদা হয়ে গড়িয়ে পড়ল। PPBeng 471.1

পলেষ্টীয়রা ভয়ে বিহবল হয়ে পড়ল। বিজয়ী যিহুদীরা পলায়নরত শত্রুদের "ইক্রোণের দ্বার পর্যন্ত" তাড়িয়ে নিয়ে গেল। "পরে ইস্রায়েল- সন্তানগণ পলেষ্টীয়দের পশ্চাৎ ধাবন হইতে ফিরিয়া আসিয়া তাহাদের শিবির লুট করিল।" PPBeng 471.2

অধ্যায় ৬৪—দায়ূদ পলায়ন করেন

PPBeng 472

গলিয়াতের হত্যার পর শৌল দায়ূদকে তার নিকট রেখে দিলেন, এবং তাকে তার পিতার গৃহে ফিরতে দিলেন না। আর “যোনাথনের আপন প্রাণের মত তাঁহাকে প্রেম করিতে লাগিলেন।” যোনাথন ও দায়ূদ ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ হতে চুক্তি করলেন, এবং রাজার ছেলে “নিজ গায়ের পোশাক খুলিয়া দায়ূদকে দিলেন, নিজের সজ্জা, এমন কি, নিজের খড়্গগ, ধনুক ও কটিবন্ধনও দিলেন।” তথাপি দায়ূদ তার জাঁকজমকহীনতা বজায় রাখলেন এবং সকল লোকের এমন কি রাজার পরিবারের লোকেরও মন জয় করলেন। এটা বোঝা যাচ্ছিল যে ঈশ্বরের আশীর্ব্বাদ তার সঙ্গে সঙ্গে ছিল। PPBeng 472.1

শৌল মনে করলেন, যে ব্যক্তি ঈশ্বরের নিকট হতে উপদেশ পেয়ে থাকেন সেই ব্যক্তি যদি তার সাথে যুক্ত থাকেন তবে তার রাজ্য আরও নিরাপদ হবে। যদি তিনি দায়ূদের সহিত যুদ্ধে যান তবে তার উপস্থিতি শৌলের জন্য নিরাপত্তার কারণ হতে পারে । PPBeng 472.2

ঈশ্বরের ইচ্ছাই দায়ূদকে শৌলের সাথে একত্রিত করেছিল। রাজ্যের দরবারে শৌলের উপস্থিতি তাকে জাতীয় কার্য্যাবলী সম্বন্ধে পর্যাপ্ত ধারণা দেবে এবং জাতির আস্থা অর্জন করতে তাকে সাহায্য করবে। শৌলের শত্রুতার ফলে তাকে যে কষ্টের মুখামুখী হতে হবে তাতে ঈশ্বরের উপর তার নির্ভরশীলতা বুঝতে সাহায্য করবে। এমন কি যোনাথনের সহিত তার বন্ধুত্ব ও ঈশ্বরের ইচ্ছা অনুসারেই ঘটেছিল যেন ইস্রায়েলের ভবিষ্য রাজার জীবন এই বন্ধুর মাধ্যমে রক্ষা পায়। যখন শৌল ও দায়ূদ পলেষ্টীয়দের সাথে যুদ্ধ হতে ফিরছিলেন, “তখন শৌল রাজার সঙ্গে সাক্ষা করিতে ইস্রায়েলের সমস্ত নগর হইতে স্ত্রীলোকেরা তবল ধ্বনি, আমোদ ও ত্রিতন্ত্রীবাদ্য পুরঃসর গান ও নৃত্য করিতে করিতে বাহির হইয়া আসিল।” একদল গাচ্ছিল, “শৌল বধিলেন সহস্র সহস্র,” আর অন্য দল উত্তর দিল, “আর দায়ূদ বধিলেন অযুত অযুত।” তখন রাজা ক্রুদ্ধ হলেন, কারণ দায়ূদকে তার চেয়ে উচ্চে তুলে ধরা হয়েছিল । ঈর্ষামূলক অনুভূতিকে চাঁপা না দিয়ে বরং তিনি চিকার করে বললেন, “উহারা দায়ূদের বিষয়ে অযুত অযুতের বাক্য বলিল, ও আমার বিষয়ে কেবল সহস্র সহস্রের কথা বলিল; ইহাতে রাজত্ব ব্যতিত সে আর কি পাইবে।” PPBeng 472.3

অনুমোদন ও প্রশংসা পাবার আকাঙ্খা শৌলের উপর যথেষ্ট প্রভাব বিস্ত ার করেছিল ও তার সকল চিন্তার কাজের নিয়ন্ত্রণকারী হয়ে উঠেছিল । জনগণের প্রশংসাই ছিল তার ন্যায় ও অন্যায়ের মানদন্ড। মানুষের মূল্যায়নে প্রথম স্থান লাভ করা শৌলের মূল আকাঙ্খা ছিল। তার মনে এই ধারণা বদ্ধমূল হয়ে পড়ল যে দায়ূদ লোকদের মন জয় করে নেবেন ও তার পরিবর্ত্তে তিনিই রাজা হবেন । PPBeng 473.1

ঈর্ষার ভূত শৌলের হৃদয়ে প্রবেশ করে

PPBeng 473

শৌল তার হৃদয়কে ঈর্ষার আত্মা দ্বারা পূর্ণ করলেন ও তার আত্মা তিক্ততায় পরিপূর্ণ হল । ইস্রায়েলের রাজা তার ইচ্ছাকে অসীম ঈশ্বরের ইচ্ছার বিরুদ্ধে চালনা করছিলেন। ক্রোধে সম্পূর্ণ অভিভূত হয়ে না পড়া পর্যন্ত তিনি তার আবেগকে তার বিচারবুদ্ধি নিয়ন্ত্রণ করতে দিলেন। মাঝে মাঝে তার মধ্যে প্রচন্ড ক্রোধের সৃষ্টি হতো যখন তিনি, যে কেউই তার ইচ্ছার বিরুদ্ধে চলতে সাহস পাবে, তাকে হত্যা করতে প্রস্তুত ছিলেন। আর ঐ প্রচন্ড ক্রোধ হতে তিনি আবার নৈরাশ্য ও আত্ম-ঘৃণায় ডুবে যেতেন; আর তখন অনুতাপ তার আত্মাকে বশ করে ফেলে। PPBeng 473.2

তিনি দায়ূদের বীণা-বাজানো শুনতে খুবই ভালবাসতেন, আর তখন মনে হত যে ভূত তার কাছ থেকে দূরে সরে গেছে। একদিন যখন যুবক (দায়ূদ) মধুর কন্ঠে ঈশ্বরের বাণী পেশ করছিলেন ও সাথে সাথে বীণায় অপূর্ব সুর লহরী সৃষ্টি করছিলেন, তখন শৌল সহসা তার হাতের বড়শা বাদ্যকারের দিকে ছুড়ে মারলেন । দায়ূদকে ঈশ্বর রক্ষা করলেন ও তিনি ক্রোধে উন্মাদ ঐ রাজার কাছ থেকে পালিয়ে গেলেন। PPBeng 473.3

দায়ূদের প্রতি শৌলের ঘৃণা যখন বাড়তে লাগল তখন তিনি তাকে হত্যা করার সুযোগ অনুসন্ধান করতে লাগলেন, কিন্তু ঈশ্বরের অভিষিক্ত ব্যক্তির বিরুদ্ধে তার কোন পরিকল্পনাই কার্যকারী হল না। দায়ূদ তাঁর উপর নির্ভর করতেন যিনি উদ্ধার করতে সক্ষম। “সদাপ্রভুকে ভয় করাই প্রজ্ঞার আরম্ভ” (হিতোপদেশ ৯:১০), এবং দায়ূদ সর্বদা প্রার্থনা করতেন যেন তিনি ঈশ্বরের সামনে সরল ও সঠিক পথে চলতে পারেন । PPBeng 473.4

লোকেরা এটি অনুধাবন করতে বিলম্ব করল না যে দায়ূদ একজন দক্ষ লোক ছিলেন। যে সকল দায়িত্ব তাকে দেয়া হত তা জ্ঞান ও দক্ষতার সহিত সম্পন্ন হত। যুবকের পরামর্শ অনুসারে চলা নিরাপদ ছিল, কিন্তু শৌলের পরামর্শ মাঝে মাঝে নির্ভরযোগ্য ছিল না । PPBeng 473.5

শৌল দায়ূদকে ভয় করতেন কেননা এটা প্রমাণিত হয়েছিল যে ঈশ্বর তার সঙ্গে সঙ্গে আছেন। রাজা বুঝতে পারলেন যে দায়ূদের জীবন তার প্রতি একটি তিরস্কারস্বরূপ, কারণ তুলনামূলক ভাবে তার চরিত্র ত্রুটিপূর্ণ ছিল। ঈর্ষা শৌলকে আরো পীড়া দিতে লাগল। এই ঈর্ষা আমাদের পৃথিবীতে কত অবর্ণনীয় দুঃখের অবতারণা করেছে। ঈর্ষা গর্ব হতে জাত, আর যদি এটিকে হৃদয়ে পোষণ করা হয় তবে পরিশেষে এটা হত্যা করতে উদ্‌বুদ্ধ করে। PPBeng 474.1

রাজা সর্বদাই দায়ূদ কর্তৃক এমন একটি অবিবেচনার কাজের সন্ধানে থাকলেন যাতে যুবককে হত্যা করা সম্ভব হবে কিন্তু তথাপি তার এই মন্দ কাজের জন্য জাতির নিকট দোষী প্রমাণিত হবেন না। তিনি দায়ূদকে পলেষ্টীয়দের বিরুদ্ধে আরো সাহস-পূর্ণ যুদ্ধে অবতীর্ণ হওয়ার জন্য পরামর্শ দান ও বিনিময়ে তার জ্যেষ্ঠা কন্যাকে তার সাথে বিয়ে দেয়ার প্রতিজ্ঞার

মাধ্যমে দায়ূদের বিরুদ্ধে একটি ফাঁদ পাততে চাইলেন। কিন্তু এই প্রস্তাবের বিপরীতে দায়ূদের উত্তর ছিল, "আমি কে, এবং আমার প্রাণ কি, ইস্রায়েলের মধ্যে আমার পিতার গোষ্ঠিই বা কি যে, আমি রাজার জামাতা হই?" তার ঐ মেয়েকে অন্য একজনের সাথে বিবাহ দানের মাধ্যমে রাজা তার অবিশ্বস্তার প্রমাণ দিলেন। PPBeng 474.2

একটি নির্দিষ্ট সংখ্যক শত্রুকে হত্যা করার বিনিময় দায়ূদের সহিত শৌল তার ছোট মেয়ে মীখলকে বিবাহ দিতে রাজী হলেন। "শৌল মনে করিলেন, পলেষ্টীয়দের হাত দ্বারা দায়ূদকে বধ করা যাইবে।" কিন্তু দায়ূদ যুদ্ধ হতে বিজয়ীরূপে ফিরে এলেন এবং রাজার জামাতা হতে পারলেন। PPBeng 474.3

"পরে শৌলের কন্যা মীখল দায়ূদকে প্রেম করিতে লাগিলেন।" আর ক্রোধান্বিত রাজা তখন আরো নিশ্চিত হলেন যে এই সেই ব্যক্তি যে তার পর রাজা হবে। সমস্ত ভনিতা ত্যাগ করে তিনি তার দরবারের কর্মচারীদের আজ্ঞা দিলেন যেন যে ব্যক্তিকে তিনি ঘৃণা করেন তারা তার জীবন হরণ করে। জাতির সম্মান এবং জীবন রক্ষার জন্য দায়ূদ কি কি করেছিলেন, এবং ঈশ্বর তাদের শত্রুদিগকে তাড়ানোর জন্য যাকে ব্যবহার করেছিলেন তাকে হত্যাকারীর অপরাধ যে কি জঘণ্য হতে পারে, সে সকলই যোনাথন রাজার নিকট উপস্থাপন করলেন। তাতে রাজার বিবেক জেগে উঠল। "এবং শৌল দিব্য করিয়া বলিলেন, জীবন্ত ঈশ্বরের দিব্য, সে হত হইবে না।" দায়ূদকে রাজার দরবারে আনা হল আর তিনি অতিতের মতই রাজার সেবা করতে লাগলেন। PPBeng 474.4

দায়ূদ বিজয়ী সৈন্যদলের পরিচালনা দান করেন

PPBeng 475

আবার যুদ্ধ ঘোষণা করা হল এবং দায়ূদ শত্রুদের বিপক্ষে সৈন্যদলের পরিচালনায় নিযুক্ত হলেন। যিহুদী একটি মহা বিজয় লাভ করল, এবং লোকেরা দায়ূদের জ্ঞান ও সাহসের প্রশংসায় পঞ্চমুখ হয়ে উঠল। এতে তার বিরুদ্ধে শৌলের পুরাতন প্রতিহিংসা জ্বলে উঠল। যখন যুবক বীণা বাজিয়ে সমস্ত প্রাসাদ মধুর সুর লহরীতে পূর্ণ করছিল, তখন শৌলের ঈর্ষা তাকে পরাস্ত করল এবং তিনি দায়ূদের প্রতি বল্লম নিক্ষেপ করলেন, কিন্তু ঈশ্বরের দূত ঐ মারাত্মক অস্ত্রটিকে দূরে সরিয়ে দিলেন। দায়ূদ রক্ষা পেলেন এবং নিজ গৃহে পালিয়ে গেলেন। শৌল কয়েকজন গুপ্তচর পাঠিয়ে দিলেন যেন তারা ভোর বেলা তাকে হত্যা করে। PPBeng 475.1

মীখল তার পিতার উদ্দেশ্য দায়ূদকে জানালেন। তিনি তাকে পালিয়ে যেতে অনুরোধ করলেন এবং গোপনে পালিয়ে যাওয়ার জন্য জানালা দিয়ে নীচে নামিয়ে দিলেন। তিনি পালিয়ে রামাতে শমূয়েলের নিকট গেলেন এবং ভাববাদী পলাতককে স্বাগতম জানালেন। এইখানে, পর্বতরাজির মধ্যে ঈশ্বরের সম্মানিত প্রজা তার কাজ চালিয়ে যেতে লাগলেন। একদল ভাববাদী এখানে তার সাথে খুব মনোযোগ সহকারে ঈশ্বরের বাণী পাঠ করতেন এবং

শমূয়েলের নিকট হতে শিক্ষা গ্রহণ করতেন। ইস্রায়েলের এই শিক্ষকের নিকট হতে মূল্যবান সত্য শিক্ষা লাভ করেছিলেন। শমূয়েলের সহিত যোগাযোগ দায়ূদের প্রতি শৌলের হিংসা এই কারণে আরো বাড়িয়ে তুল যে হয়ত শমূয়েল দায়ূদের উন্নতির জন্য তার প্রভাব খাটাবেন। তার হত্যার পরিকল্পনা চরিতার্থ করার জন্য রাজা দায়ূদকে গিবিয়াতে ফের আনার জন্য পাঠালেন । PPBeng 475.2

ঈশ্বর মন্দকে প্রতিহত করেন

PPBeng 475

দায়ূদের জীবন হরণ করার কামনা নিয়ে কর্মচারী আপন পথে যাত্রা করেছিলেন, কিন্তু যিনি শৌলের থেকে অধিক ক্ষমতাশালী তিনি তাদের নিয়ন্ত্রণ করলেন। অদৃশ্য দূতগণ তাদের সাথে সাক্ষা করার ফলে তারা ভবিষ্যদ্বাণী প্রচার শুরু করলেন ও যীহোবার প্রশংসা গেতে লাগলেন। এই ভাবে মন্দকে প্রতিহত করে ঈশ্বর তাঁর শক্তি প্রকাশ করলেন। PPBeng 475.3

শৌল হতাশ ও ক্রোধান্বিত হয়ে অন্যান্য কর্মচারী পাঠালেন। এরাও ঈশ্বরের আত্মার নিকট পরাভূত হয়ে অন্য দলের সাথে যুক্ত হয়ে ভবিষ্যদ্বাণী প্রচার করতে লাগলেন। তার পর তৃতীয় কর্মচারী দল প্রেরণ করা হল। কিন্তু স্বর্গীয় প্রভাব তাদের উপরও পড়ল, আর তারাও ভবিষ্যদ্বাণী প্রচার করলেন। তারপর শৌল সিদ্ধান্ত নিলেন যে তিনি নিজেই যাবেন। আর তিনি নিয়ম করলেন যে, যখনই দায়ূদের সাক্ষা পাবেন তখনই নিজ হাতে দায়ূদকে হত্যা করবেন, এর ফলে যা হবার তা হবে । PPBeng 475.4

কিন্তু ঈশ্বরের একজন দূত তার সাথে সাক্ষা করলেন এবং ঈশ্বরের আত্মা তাকে নিজ নিয়ন্ত্রণে নিয়ে নিলেন। তিনি প্রার্থনা করতে করতে এগিয়ে গেলেন, এবং ভবিষ্যদ্বাণী প্রচার করলেন ও পবিত্র গান গাইতে লাগলেন। যখন রামাতে ভাববাদীর বাটীতে তিনি পৌছলেন তখন তিনি তার রাজকীয় পোশাক খুলে ফেললেন এবং ঈশ্বরের আত্মার প্রভাবে শমূয়েল ও তার ছাত্রদের মধ্যে শুয়ে পড়লেন । সমস্ত ছাত্ররা একত্রিত হয়ে এই অদ্ভুত দৃশ্য দেখল, এবং রাজার এই অভিজ্ঞতার কাহিনী সমস্ত দেশে ছড়িয়ে পড়ল। PPBeng 476.1

কঠিন রাজা দায়ূদকে নিশ্চিত করতে চাইলেন যে তিনি তার সঙ্গে শান্তি স্থাপন করবেন। কিন্তু রাজার অনুতাপে দায়ূদের কোনই আস্থা স্থাপন করতে পারলেন না। তিনি তার বন্ধু যোনাথনকে আবারও দেখতে চাইলেন। নিজের নির্দোষীতা সম্বন্ধে নিশ্চিত থাকায় তিনি রাজার ছেলেকে খুঁজে বের করে একটি হৃদয়গ্রাহী আর্জি পেশ করলেন; “আমি কি করিয়াছি? আমার প্রাণ লইতে চেষ্টা করিতেছেন কেন?” PPBeng 476.2

যোনাথন বিশ্বাস করতেন যে তার পিতা আর দায়ূদের প্রাণ হরণ করতে চান না। “এমন না হউক, তুমি মরিবে না; দেখ, আমার পিতা আমার কর্ণগোচর না করিয়া ক্ষুদ্র কি মহ কোন

কর্ম করেন না; তবে আমার পিতা আমা হইতে এই বাক্য কেন গোপন করিবেন? এ কথা কিছু নয়।” PPBeng 476.3

ঈশ্বরের শক্তির এই আশ্চর্য প্রমাণ পাওয়ার পর যোনাথন বিশ্বাস করতে পারলেন না যে তার পিতা দায়ূদের ক্ষতি করবেন। এটা হবে ঈশ্বরের বিরুদ্ধে বিদ্রোহ । PPBeng 476.4

দায়ূদ শৌলের নিকট হতে আত্ম-গোপন করেন

PPBeng 476

কিন্তু দায়ূদ ইহা বিশ্বাস করতে পারলেন না। তিনি যোনাথনের নিকট ঘোষণা করলেন, “জীবন্ত সদাপ্রভুর দিব্য, ও তোমার জীবিত প্রাণের দিব্য, আমার ও মৃত্যুর মধ্যে নিতান্ত এক পাদমাত্র ব্যবধান।” PPBeng 476.5

নতুন চাঁদের সময় ইস্রায়েলে এক উসব পালন করা হত। আশা করা হয়েছিল যে দায়ূদ ও যোনাথন উভয়ই রাজার সাথে এক টেবিলে বসে খাবেন। কিন্ত্ত দায়ূদ উপস্থিত হতে ভয় পেলেন, এবং বন্দোবস্ত করা হল যে তিনি তার ভাইদের সাথে বেলেহমে সাক্ষা করবেন। ফিরে এসে রাজার নিকট হতে তিন দিন পর্যন্ত পালিয়ে থাকার জন্য তিনি খাবার ঘর হতে অল্প দূরে একটি মাঠে লুকিয়ে থাকবেন। আর যোনাথন শৌলের মনের প্রতিক্রিয়া লক্ষ্য করবেন। যদি রাজার কোন ক্রোধান্বিত প্রতিক্রিয়া না দেখেন, তবে দায়ূদের জন্য রাজ দরবারে ফিরে আসা নিরাপদ হবে। PPBeng 476.6

যখন দ্বিতীয় দিনও টেবিলে দায়ূদের স্থান খালি থাকল তখন রাজা প্রশ্ন করলেন, “যিশয়ের পুত্র কল্য ও অদ্য কেন ভোজনে আসিতেছে না? যোনাথন শৌলকে উত্তর করিলেন, দায়ূদ বেলেহমে যাইবার জন্য আমার কাছে অনেক বিনতি করিয়াছিল; সে কহিল, অনুগ্রহ করিয়া আমাকে যাইতে দেও, কেননা নগরে আমাদের গোষ্ঠীর এক যজ্ঞ আছে, এবং আমার ভ্রাতাই আমাকে যাইতে আজ্ঞা করিয়াছেন; অতএব বিনয় করি, আমি যদি তোমার দৃষ্টিতে অনুগ্রহ পাইয়া থাকি, তবে আমি গিয়া আমার জ্ঞাতিদিগকে দেখিয়া আসি । এই জন্য সে রাজার মেজে আইসে নাই।” PPBeng 477.1

যখন শৌল এই বাক্যগুলি শুনলেন তখন তিনি ক্রোধে দিশেহারা হলেন। তিনি ঘোষণা দিলেন যে যতদিন দায়ূদ জীবিত আছেন ততদিন যোনাথন সিংহাসন অধিকার করতে পারবেন না । শীঘ্রই দায়ূদকে আনাতে হবে যেন তাকে হত্যা করা সম্ভব হয়। যোনাথন আবারও আর্জি পেশ করলেন, “সে কেন হত হইবে? সে কি করিয়াছে?” এতে রাজার এত রাগ হলো যে তিনি শয়তানের মত হয়ে উঠলেন এবং যে বল্লম দায়ূদকে মারার জন্য রেখেছিলেন, তা নিজ ছেলের প্রতি নিক্ষেপ করলেন । PPBeng 477.2

রাজপুত্র দুঃখিত ও ক্রোধান্বিত হলেন। রাজার নিকট হতে উঠে গিয়ে নির্দিষ্ট সময়ে সেই নির্ধারিত স্থানে এসে গেলেন যেখানে দায়ূদকে রাজার ইচ্ছা জানানোর বাক্য ছিল। তারা

উভয়ে খুব কাঁদলেন। রাজার কু-মতলবের ছায়া তাদের উভয়ের জীবনকে অন্ধকারাচ্ছন্ন করে ফেলেছিল, এবং তাদের দুঃখ ভাষায় অবর্ণনীয় ছিল। যখন তারা পৃথক হলেন, তখন যোনাথনের শেষ কথা দায়ূদের কানে আসল,"কুশলে যাও, আমরা ত দুই জন সদাপ্রভুর নামে এই দিব্য করিয়াছি যে, সদাপ্রভু যুগে যুগে আমার ও তোমার মধ্যবর্তী এবং আমার বংশের ও তোমার বংশের মধ্যবর্তী থাকিবেন।" PPBeng 477.3

দায়ূদ দ্রুত নোবের দিকে যাত্রা করলেন। শীলো হতে সমাগম-তাম্বু ঐ স্থানে নিয়ে আসা হয়েছিল এবং ঐখানে মহাযাজক অহীমেলক সেবা কাজ করতেন । যাজক দায়ূদকে দেখে অবাক হলেন যে তিনি এত দ্রুত একাকী এসে উপস্থিত হয়েছেন। তিনি জানতে চাইলেন যে তিনি কি কারণে এখানে এসেছেন। তার এই কঠিন সময় যুবক ছলনার আশ্রয় নিলেন। দায়ূদ যাজককে বললেন যে রাজা তাকে একটি বিশেষ গোপনীয় কাজে এখানে পাঠিয়েছেন । PPBeng 477.4

দায়ূদের বিশ্বাস স্খলিত হয়

PPBeng 478

এখানে দায়ূদ তার বিশ্বাসের দুর্বলতা প্রকাশ করলেন, এবং তার পাপের ফলে মহাযাজককে মরতে হল। যদি সমস্ত সত্য সহজ ভাবে বলা হত তবে অহীমেলক বুঝতে পারতেন তার জীবন রক্ষার জন্য কি করা প্রয়োজন ছিল। ঈশ্বর চান যেন কঠিনতম বিপদের সময়ও তার লোকেরা সত্য কথা বলে। PPBeng 478.1

শৌলের রাখলদের প্রধান, দোয়েগ, এই ধর্মধামে তার মানত পূরণ করতে এসেছিল। এই লোককে দেখে দায়ূদ দ্রুত অন্য একটি আশ্রয় খুঁজে নেয়ার সিদ্ধান্ত নিলেন। তিনি অহীমেলকের একখানি খড়গ চাইলেন আর তাকে বলা হল যে গলিয়াতের খড়গ ছাড়া ওখানে অন্য কোন খড়গগ ছিল না, যা ধর্মধামে একটি স্মৃতি চিহ্নরূপে রাখা ছিল। দায়ূদ উত্তর দিলেন, "সেখানির তুল্য আর নাই; সেখানি আমাকে দিউন" । PPBeng 478.2

দায়ূদ পালিয়ে গাতের রাজা আখীশের নিকট উপস্থিত হলেন; তিনি মনে করলেন যে শৌলের অধিকারভূক্ত এলাকা হতে তার লোকদের শত্রুদের মধ্যে অধিক নিরাপত্তা রয়েছে। কিন্তু আখীশকে জানান হল যে দায়ূদ সেই ব্যক্তি যে কয়েক বৎসর পূর্বে পলেষ্টীয়দের বীরকে হত্যা করেছিলেন। যিনি ইস্রায়েলদের শত্রুদের মধ্যে আশ্রয় কামনা করেছিলেন এখন তিনি একটি মহাবিপদে পড়লেন। কিন্তু উন্মাদনার ভান করে তিনি তার শত্রুদের প্রতারণা করলেন ও পালিয়ে গেলেন। PPBeng 478.3

নোবে ঈশ্বরকে সন্দেহ করা ছিল দায়ূদের প্রথম ভুল; তার দ্বিতীয় ভুল হল আখীশকে প্রতারণা করা। যখন তার উপরে বিপদের পর বিপদ ঘনিয়ে আসতে থাকল, তার বিশ্বাস দুর্বল হয়ে পড়ল এবং মানবিক দুর্বলতা তাকে পেয়ে বসল । প্রত্যেক মানুষের মধ্যেই তিনি

একজন গুপ্তচর ও বিশ্বাস ঘাতককে দেখতে পেতেন। তিনি যখন অত্যাচারিত হয়েছিলেন ও তাকে যখন অনবরত খুঁজে বেড়ানো হয়েছিল, তখন হতঃবস্তুতা ও দুঃখ তার স্বর্গীয় পিতাকে তার দৃষ্টি হতে লুকিয়ে ফেলেছিল। PPBeng 478.4

ঈশ্বরের সন্তানদের প্রত্যেক ব্যর্থতা বিশ্বাসের দুর্বলতার ফল। যখন আত্মার উপর সন্দেহের ছায়া ঘনিয়ে আসে, তখন আমাদের ঊর্ধ্বলোকের দিকে দৃষ্টি প্রসারিত করা প্রয়োজন; অন্ধকারের ওপারে আলো লুকিয়ে রয়েছে। ঈশ্বরকে সন্দেহ করা দায়ূদের উচিত হয় নি। তিনি ছিলেন ঈশ্বরের অভিষিক্ত ব্যক্তি। যে যাতনা-দায়ক অবস্থাতে তিনি পতিত হয়েছিলেন, সেখান হতে যদি তার দৃষ্টি সরিয়ে নিয়ে তিনি ঈশ্বরের গৌরব ও ক্ষমতার প্রতি মনোনিবেশ করতেন, তাহলে মৃত্যুচ্ছায়ার উপত্যকায়ও তিনি শান্তি লাভ করতে পারতেন। PPBeng 478.5

যিহূদার পর্বতরাজির মধ্যে দায়ূদ আশ্রয়ের সন্ধান করলেন। তিনি পালিয়ে অদুল্লমের গুহাতে আশ্রয় নিলেন, অদুল্লম এমন একটা গুহা ছিল যেখান হতে একটি ছোট্ট সৈন্যদল একটি বিরাট সৈন্যদলের মোকাবেলা করতে পারত। “আর তাঁহার ভাইয়েরা ও সমস্ত পূর্বপুরুষ তাহা শুনিয়া সেই স্থানে তাহার নিকটে নামিয়া গেল।” দায়ূদের সাথে আত্মীয়তার জন্য শৌলের অযৌক্তিক সন্দেহ তাদের উপর পড়তে পারে এই চিন্তায় দায়ূদের কোন আত্মীয়-স্বজনই নিরাপদ বোধ করছিলেন না। যে সংবাদ সমস্ত ইস্রায়েলদের মধ্যে ছড়িয়ে পড়েছিল এখন তারা জানতে পারলেন যে ঈশ্বর দায়ূদকে ভবিষ্য রাজা মনোনীত করেছেন। তারা বিশ্বাস করলেন যে তারা দায়ূদের সাথেই নিরাপদ থাকবেন। PPBeng 479.1

অদুল্লমের গুহায় সমস্ত পরিবার সহানুভূতি ও প্রেমে পরস্পরের সন্নিকটে এলেন। যিশয়ের ছেলে বীণা দ্বারা মধুর সুর লহরীর সৃষ্টি করতে পারতেন। তিনি আপন ভাইদের সন্দেহের স্বীকার হয়েছিলেন; আর যে ঐক্য এখন ঐ সন্দেহের স্থান দখল করল তা নির্বাসিতের জীবনে আনন্দ বয়ে আনল। PPBeng 479.2

অনেকে ইস্রায়েলের রাজার উপর তাদের বিশ্বাস হারিয়ে ফেলেছিল, কেননা তারা দেখতে পারল যে তিনি আর ঈশ্বরের আত্মার পরিচালনার অধীন ছিলেন না। “আর ক্লিষ্ট, ঋণী ও তিক্ত প্রাণা সমস্ত লোক তাঁহার নিকটে একত্র হইল, আর তিনি তাহাদের সেনাপতি হইলেন; এইরূপে অনুমান চারশত লোক তাঁহার সঙ্গী হইল।” এখানে দায়ূদের একটি ছোট রাজ্য সৃষ্টি হল, এবং এর মধ্যে নিয়ম তান্ত্রিকতা ও শৃঙ্খলা বিরাজ করছিল। কিন্তু তিনি কোন নিরাপত্তা বোধ করছিলেন না, কারণ তিনি প্রায়ই প্রমাণ পেতেন যে, রাজা তার হত্যার পরিকল্পনা ত্যাগ করেন নি। PPBeng 479.3

সদাপ্রভুর ভাববাদীর নিকট হতে একটি বিপদের সংকেত লাভ করার পর তিনি তার গোপন স্থান ত্যাগ করে হেরতের জঙ্গলে পালিয়ে গেলেন। দায়ূদকে ঈশ্বর একজন বিজ্ঞ

সেনাপতি ও একজন ন্যায়বান ও দয়ালু রাজা বানাবার জন্য সব শিক্ষা দিচ্ছিলেন। PPBeng 479.4

শৌল অদুল্লমের গুহাতে দায়ূদকে ফাঁদে ফেলার প্রস্তুতি নিচ্ছিলেন, কিন্তু যখন জানা গেল যে দায়ূদ তার আশ্রয় স্থান ত্যাগ করে চলে গেছেন, তখন রাজা খুবই ক্রোধান্বিত হলেন। দায়ূদের পালিয়ে যাওয়া তার নিকট একটু রহস্যজনক মনে হল। তার শিবিরের মধ্যে কোন বিশ্বাসঘাতক কি যিশয়ের ছেলেকে তার পরিকল্পনা জানিয়ে দিয়েছিল! PPBeng 480.1

রাজা শৌল একটি ভয়ঙ্কর হত্যাযজ্ঞের আদেশ দেন

PPBeng 480

শৌল তার পরিষদদের জানালেন যে তার বিরুদ্ধে একটি ষড়যন্ত্র করা হয়েছিল, তাদের কাছে থেকে জানতে চাইলেন যে তার শিবিরের কে দায়ূদের সাথে বন্ধুত্ব স্থাপন করেছিল। ইদোমীয় দোয়েগ সংবাদ সংগ্রহ করতে রাজী হল। উচ্চাকাঙ্খা ও লোভ দ্বারা বশীভূত হয়ে, এবং যে যাজক তার পাপের জন্য তাকে তিরস্কার করেছিলেন তার প্রতি ঘৃণা বশতঃ দোয়েগ অহীমেলকের সহিত দায়ূদের সাক্ষাৎকার, এমন এক আলোকে পেশ করলেন যে ঈশ্বরের সন্তানদের বিরুদ্ধে রাজার ক্রোধ জ্বলে উঠল। ক্রোধে উন্মাদ হয়ে তিনি আদেশ করলেন যে যাজকের সম্পূর্ণ পরিবারকে যেন হত্যা করা হয়। রাজার হুকুমে শুধু অহীমেলকই নয়, কিন্তু তার পিতার পরিবারের প্রত্যেককে “মসীনা-সুতার এফোদ পরনে পঁচাশী জনকে” দোয়েগ হত্যা করল। শয়তানের নিয়ন্ত্রণে থাকায় শৌল এই ধরণের কাজ করতে পারলেন। PPBeng 480.2

এই কাজ ইস্রায়েলের প্রত্যেককে আতঙ্কিত করে তুল্ল। যে রাজাকে তারা মনোনীত করেছিল, সেই রাজাই এই ধরণের ঘৃণ্য কাজ করলেন। তাদের সহিত নিয়ম-সিন্দুকটি ত ছিল, কিন্তু যে যাজকদের মাধ্যমে তারা ঈশ্বররের ইচ্ছা জান্ত তাদের সকলকেই খড়্গ দ্বারা হত্যা করা হয়েছিল। এরপর কি ঘটবে ? PPBeng 480.3

অধ্যায় ৬৫—দায়ূদের হৃদয়ের বিশালতা

PPBeng 481

“অহীটুবের পুত্র অহীমেলকের একটি মাত্র পুত্র রক্ষা পাইলেন; তাঁহার নাম অবিয়াথর; তিনি দায়ূদের কাছে পলাইয়া গেলেন। অবিয়াথর দায়ূদকে এই সংবাদ দিলেন যে, শৌল সদাপ্রভুর যাজকগণকে বধ করিয়াছেন। দায়ূদ অবিয়াথরকে কহিলেন, ইদোমীয় দোয়েগ সে স্থানে থাকাতে আমি সেই দিনই বুঝিয়াছিলাম যে, সে নিশ্চয়ই শৌলকে সংবাদ দিবে। আমিই তোমার পিতৃকুলের সমস্ত প্রাণীর বধের কারণ। তুমি আমার সহিত থাক, ভীত হইও না; কেননা যে আমার প্রাণনাশের চেষ্টা করে, সেই তোমার প্রাণনাশের চেষ্টা করিতেছে; কিন্তু আমার সঙ্গে তুমি সুরক্ষিত থাকিবে।” PPBeng 481.1

যেহেতু শৌল তখনও তাদের অনুসন্ধান করছিল তাই দায়ূদের সাহসী দল সীফের মরুপ্রান্তরে আত্মগোপন করলেন। যখন দায়ূদের জীবনে কোন উজ্জল আলো প্রায় ছিল না, তখন সহসা একদিন যোনাথন দায়ূদের সাথে দেখা করতে আসলেন। দুই বন্ধু তাদের বিভিন্ন অভিজ্ঞতার কাহিনী একে অপরকে বলেন, আর যোনাথন দায়ূদকে এই বলে উসাহিত করলেন, “ভয় করিও না, আমার পিতা শৌলের হস্ত তোমাকে পাইবে না, আর তুমি ইস্রায়েলের উপরে রাজা হইবে, এবং আমি তোমার দ্বিতীয় হইব, ইহা আমার পিতা শৌলও জানেন।” বিতাড়িত পলাতক এতে খুবই উসাহিত হলেন। “পরে তাহারা দুইজন সদাপ্রভুর সাক্ষাতে নিয়ম স্থির করিলেন। আর দায়ূদ বনে থাকিলেন; কিন্তু যোনাথন গৃহে গেলেন । ” PPBeng 481.2

সীফের লোকেরা গিবিয়াতে শৌলের নিকট সংবাদ পাঠাল যে তারা জানে দায়ূদ কোথায় আত্মগোপন করেছেন এবং রাজাকে ঐ স্থানে নিয়ে যেতে পারবে। দায়ূদকে যখন তাদের এই বাক্য জানানো হল তখন তিনি নিজ স্থান পরিবর্তন করে মায়োন ও মৃত সাগরের মধ্যবর্তী পাহাড়ে আশ্রয় লইলেন । PPBeng 481.3

আবারও শৌলের নিকট সংবাদ পাঠানো হল, “দেখুন, দায়ূদ ঐন্-গদীর প্রান্তরে আছে। তাহাতে শৈল সমস্ত ইস্রায়েল হইতে মনোনীত তিন সহস্র লোক লইয়া বনচ্ছাগের শৌল সকলের উপরে দায়ূদের ও তাহার লোকদের অন্বেষণে গমন করিলেন।” দায়ূদের দলে মাত্র ছয়শ’ লোক ছিল। যিশয়ের পুত্র একটি নির্জন গুহায় এরপর কি করা প্রয়োজন এই জন্য পরিচালনার অপেক্ষা করলেন। PPBeng 481.4

যখন শৌল পর্বতের উপরে দায়ূদের অনুসন্ধান করছিলেন, তখন তিনি একা সেই গুহায় প্রবেশ করলেন যেখানে দায়ূদ ও তার সঙ্গীরা আত্মগোপন করেছিলেন । যখন দায়ূদের লোকেরা শৌলকে দেখতে পেল তখন তারা তাদের নেতাকে অনুরোধ জানাল যেন শৌলকে হত্যা করা হয়। রাজা এখন পুরোপুরী তাদের ক্ষমতার আওতায়- আর ইহা নিশ্চিত প্রমাণ

দিচ্ছিল যে ঈশ্বর নিজেই শত্রুকে তাদের হাতের মুঠোয় এনে দিয়েছেন যেন তারা তাকে হত্যা করতে পারে। দায়ূদ নিজেও এই মত পোষণ করতে যাচ্ছিলেন যখন তার বিবেক তাকে বলে উঠল, “সদাপ্রভুর অভিষিক্ত ব্যক্তির প্রতি হাত উঠাইতে যাইও না” । দায়ূদের লোকেরা তাদের সেনাপতিকে ঈশ্বরের বাক্য স্মরণ করালেন, “দেখ, আমিই তোমার শত্রুকে তোমার হস্তে সমর্পন করিব, তখন তুমি তাহার প্রতি যাহা ভাল বুঝিবে, তাহাই করিবে। তাহাতে দায়ূদ উঠিয়া গুপ্তরূপে শৌলের পোষাকের অগ্রভাগ কাটিয়া লইলেন । ” PPBeng 482.1

যখন শৌল গুহার বাইরে গিয়ে দায়ূদের অনুসন্ধান করছিলেন, তখন সহসা “হে আমার প্রভু মহা রাজা” শব্দে তিনি চমকে উঠলেন। কে তাকে সম্বোধন করল? যিশয়ের পুত্র, যাকে তিনি হত্যা করতে অনুসন্ধান করে বেড়াচ্ছেন। দায়ূদ রাজার কাছে মস্তক নোয়ালেন, তারপর শৌলকে বললেন, “দেখুন, আপনি অদ্য নিজ চোখে দেখিতেছেন, অদ্য এই গুহার মধ্যে সদাপ্রভু আপনাকে আমার হস্তে সমর্পণ করিয়াছিলেন, এবং কেহ আপনাকে হত্যা করিবার পরামর্শ দিয়াছিল, কিন্তু আপনার উপরে আমার মমতা হইল, আমি বলিলাম, আমার প্রভুর বিরুদ্ধে হস্ত বিস্তার করিব না, কেননা তিনি সদাপ্রভুর অভিষিক্ত ব্যক্তি। আর হে আমার পিতা, দেখুন; হাঁ, আমার হস্তে আপনার বস্ত্রের এই অঞ্চল দেখুন; কেননা আমি আপনার পোশাকের অগ্রভাগ কাটিয়া লইয়াছি, তথাপি আপনাকে বধ করি নাই, ইহাতে আপনি বিবেচনা করিয়া দেখিবেন, আমি হিংসায় কি অধর্মে হস্তক্ষেপ করি নাই, এবং আপনার বিরুদ্ধে পাপ করি নাই; তথাপি আপনি আমার প্রাণ হরণ করিবার জন্য মৃগয়া করিতেছেন।” PPBeng 482.2

যখন শৌল বুঝতে পারলেন যে তিনি সম্পূর্ণ ভাবেই সেই ব্যক্তির ক্ষমতার আওতায় এসে পড়েছিলেন যার প্রাণ হরণ করার জন্য তিনি ঘুরে বেড়াচ্ছেন। নরম হৃদয়ে তিনি বলে উঠলেন, “হে আমার বস দায়ূদ, এ কি তোমার স্বর? আর শৌল উচ্চৈঃস্বরে রোদন করিলেন।” পরে তিনি দায়ূদের নিকট ঘোষণা করলেন, “আমা অপেক্ষা তুমি ধার্মিক, কেননা তুমি আমার মঙ্গল করিয়াছ, কিন্তু আমি তোমার অমঙ্গল করিয়াছি।...মনুষ্য আপন শত্রুকে পাইলে কি তাহাকে মঙ্গলের পথে ছাড়িয়া দেয়? অদ্য তুমি আমার প্রতি যাহা করিলে, তাহার প্রতিশোধে সদাপ্রভু তোমার মঙ্গল করুন। এখন দেখ, আমি জানি, তুমি অবশ্যই রাজা হইবে, আর ইস্রায়েলের রাজ্য তোমার হস্তে স্থির থাকিবে।” আর দায়ূদ শৌলের সাথে চুক্তি করলেন যে তার বংশ সম্পূর্ণ নির্মূল করবেন না । PPBeng 482.3

দায়ূদ অবশ্য রাজাকে বিশ্বাস করতে পারলেন না, সুতরাং যখন শৌল বাটী ফিরে গেলেন, তখন দায়ূদ ও তার সঙ্গীরা মরু পর্বতে থেকে গেলেন । PPBeng 483.1

যখন মন্দ লোকেরা ঈশ্বরের যাজকদের বিরুদ্ধে কুকাজ করে ও কু- বাক্য বলে তখন ঈশ্বরের আত্মা তাদের সহিত দ্বন্দ্বে লিপ্ত হয়, এবং মাঝে মাঝে তারা তাদের হৃদয় তাদের প্রতি নরম করে যাদের তারা ধ্বংস করতে চেয়েছিল। কিন্তু আবার যখন তারা শয়তানের

জন্য তাদের হৃদয় দরজা খুলে দেয়, তখন সেই পুরাতন শত্রুতা আবার জেগে উঠে এবং যে কাজের জন্য তারা অনুশোচনা করেছিল, সেই একই কাজে আবার তারা ফিরে যায়। ঐ সকল আত্মাকে শয়তান আরো কার্য্যকারীতার সাথে ব্যবহার করতে পারে কারণ তারা ঈশ্বরের আলোর বিরুদ্ধে পাপ করেছে।' PPBeng 483.2

রাজা কামনা করায় লোকেরা দুঃখিত হয়

PPBeng 483

"পরে শমূয়েলের মৃত্যু হইল, এবং সমস্ত ইস্রায়েল একত্রিত হইয়া তাঁহার জন্য শোক করিল, আর রামায় তাঁহার বাটীতে তাঁহাকে কবর করিল।" একজন মহান ও উত্তম ভাববাদী এবং একজন বিখ্যাত বিচারক মৃত্যু বরণ করলেন। শৈশব কাল হতে শমূয়েল তার হৃদয়ের সততা সহকারে ইস্রায়েলদের মধ্যে চলাফেরা করেছিলেন। আর যদিও শৌল রাজা ছিলেন, তথাপি শমূয়েলের বিশ্বস্ততা ও ধার্মিকতার জন্য তিনিই অধিক প্রভাবশালী ছিলেন। PPBeng 483.3

লোকেরা দেখতে পেল যে অন্যান্য জাতি হতে পৃথক না থাকার জন্য তারা যে একজন রাজা কামনা করেছিল তাতে একটি বিরাট ভুলই করে ফেলেছে। ঈশ্বরকে ভুলে গিয়ে সমাজ যে অবক্ষয়ের মধ্যে ডুবেছিল তাতে অনেকেই ভীত হয়ে পড়ল। সদাপ্রভুর ভাববাদী শমূয়েলের মৃত্যুতে ইস্রায়েলরা তাই মহাশোকের কান্না কাঁদল। PPBeng 483.4

জাতি তাকে হারাল যার কাছে লোকেরা নিয়ত তাদের সমস্যা নিয়ে উপস্থিত হত...তাকে হারাল যিনি লোকদের স্বার্থ রক্ষার জন্য ঈশ্বরের নিকট অনবরত প্রার্থনা করতেন। "ধার্মিকের বিনতি কার্য্য সাধনে মহাশক্তি যুক্ত।" যাকোব ৫:১৬। রাজাকে প্রায় পাগল বলে মনে হচ্ছিল। সুবিচারের পরিবর্তে অন্যায় বিচার করা হচ্ছিল, এবং বিশৃঙ্খলা শৃঙ্খলার স্থান দখল করেছিল। PPBeng 483.5

শমূয়েলের শেষ ও শান্ত বিশ্রাম স্থানের দিকে তাকিয়ে যখন লোকেরা তাকে তাদের শাসকরূপে অস্বীকার করায় তাদের যে ভুল হয়েছিল তা চিন্তা করত তখন তাদের হৃদয় তিক্ততায় ভরে উঠত; কারণ স্বর্গের সাথে তার যোগাযোগ এত ঘনিষ্ঠ ছিল যে মনে হত তিনি সমস্ত ইস্রায়েলকে ঈশ্বরের ক্ষমতার সহিত বেঁধে রেখেছিলেন। ঈশ্বরকে প্রেম করতে ও তাঁর আজ্ঞা মানতে শয়েল তাদের শিক্ষা দিতেন, কিন্তু এখন তিনি আর নেই। লোকেরা অনুভব করত যে তারা এমন এক রাজার করুণার উপর নির্ভরশীল যিনি শয়তানের সাথে যুক্ত হয়ে পড়েছেন এবং যিনি লোকদের ঈশ্বর ও স্বর্গ হতে দূরে সরিয়ে ফেলবেন। PPBeng 484.1

দায়ূদ জানতেন যে শমূয়েলের মৃত্যুর পর শৌলের কাজে বাধাদানকারী আরেকটি শক্তি ভেঙ্গে পড়ল, এবং ভাববাদীর জীবন কালের চেয়ে এখন তিনি আরো কম নিরাপত্তা বোধ করতে লাগলেন। সুতরাং তিনি পারণ মরুভূমিতে পালিয়ে গেলেন। ভাববাদী মৃত্যু বরণ

করেছেন এবং রাজা তার শত্রু এই অনুভূতিতে তিনি নির্জন মরুপ্রান্তরে গাইলেনঃ PPBeng 484.2

তোমার রক্ষক ঢুলিয়া পড়িবেন না। দেখ, যিনি ইস্রায়েলের রক্ষক,

তিনি ঢুলিয়া পড়েন না, নিদ্রা যান না।........

সদাপ্রভু তোমার বাহিরে যাওয়া ও তোমার

ভিতরে আসা রক্ষা করিবেন, এখন হইতে চিরকাল পর্যন্ত। PPBeng 484.3

গীতসংহিতা ১২১: ৩-৮।

কঠিন পানা চাষী, নাবল

PPBeng 484

দায়ূদ ও তার লোকেরা নাবল নামক এক ধনী ব্যক্তির মেষ ও পশু চরাতেন, পারণে অনেক সম্পদ ছিল। নাবলের চরিত্র ছিল রূঢ় ও কার্পণ্যপূর্ণ। PPBeng 484.4

সময়টি ছিল মেষের লোম কাটার সময়, একটি অতিথী আপ্যায়নের কাল। দায়ূদ তার লোকদের কিছু খাদ্য দ্রবের প্রয়োজন ছিল, এবং যিশয়ের পুত্র দশজন যুবককে নাবলের নিকট পাঠালেন, আর তাদের বলে দিলেন যেন তারা তাকে এই বলে মঙ্গলবাদ জানায়; "চিরজীবী হউন, আপনার বাটীর কুশল, ও আপনার সর্ব্বস্বের কুশল হউক। সম্প্রতি আমি শুনিলাম, আপনার কাছে লোমচ্ছেদকগণ আছে; ইতিমধ্যে আপনার মেষপালকগণ আমাদের সহিত ছিল, আমরা তাহাদের অপকার করি নাই; এবং যাব তারা কর্মিলে ছিল, (কর্মিল পর্ব্বত নয়, কিন্তু যিহূদা অঞ্চলের একটি জায়গা), তাব তাহাদের কিছুই হারায়ও নাই। আপনার যুবকদিগকে জিজ্ঞাসা করুন, তাহারা আপনাকে বলিবে; অতএব...বিনয় করি, নিজ দাসদিগকে ও আপন পুত্র দায়ূদকে, যাহা আপনার হাতে উঠে, দান করুন। PPBeng 484.5

ধনী ব্যক্তিকে তার পর্যাপ্ত ধনরাজি হতে তাদের কিছু সাহায্য করতে বলা হয়েছিল যারা তাকে এমন মূল্যবান সেবা করেছিল। নাবল যে উত্তর দিল তা তার চরিত্রের পরিচয় বহন করে, "দায়ূদ কে? যিশয়ের পুত্র কে? এই সময় অনেক দাস আপন আপন প্রভু হইতে পৃথক হইয়া বেড়াইতেছে। আমি কি আপনার রুটি, জল ও আপন মেষ, লোমচ্ছেদকদের জন্য সে সকল পশু মারিয়াছি, তাহাদের মাংস লইয়া অজ্ঞাত কোথাকার লোকদিগকে দিব?" PPBeng 485.1

দায়ূদ খুবই ক্রোধান্বিত হলেন। যে লোক তাকে তার অধিকার হতে বঞ্চিত করল ও তদুপরি অপমান করল তিনি সেই লোককে দন্ড দেবার সিদ্ধান্ত নিলেন। এই সুযোগ পূর্ণ

ব্যবহার দায়ূদের চেয়ে শৌলেরই উপযোগী ছিল । যিশয়ের পুত্রকে এখনও ধৈর্যধারণ শিক্ষা করতে হবে। PPBeng 485.2

নাবলের বিজ্ঞ স্ত্রী পরিবারকে রক্ষা করেন

PPBeng 485

নিজ স্বামীর সহিত পরামর্শ ছাড়াই অবীগল যথেষ্ট খাদ্যদ্রব্য সংগহ করে দাসদের হাতে পাঠিয়ে দিয়ে তিনি নিজেও দায়ূদের সাথে সাক্ষাৎ করতে চলেন। যখন অবীগল দায়ূদকে দেখলেন, তখন তাড়াতাড়ি গর্দ্দভ হইতে নেমে দায়ূদের সম্মুখে উবুড় হয়ে প্রণিপাত করলেন। আর তাঁর চরণে পড়ে বলেন, "হে আমার প্রভু, আমার উপরে, এই অপরাধ বর্তক। বিনয় করি, আপনার দাসীকে আপনার কর্ণগোচরে বাক্য কহিবার অনুমতি দিন।" অবীগল দায়ূদকে এমন ভাবে সম্বোধন করলেন যে একজন মুকুটধারী রাজার সাথে বাক্য বলছেন। তিনি নরম ও দয়ার্দ্র বাক্য দ্বারা তার ক্রোধকে ঠান্ডা করতে চাইলেন। জ্ঞান ও ঈশ্বরের প্রতি প্রেম পূর্ণ এই মহিলা তার নিকট এটি পরিষ্কার করলেন যে তার স্বামীর দয়াহীন ব্যবহার পূর্ব-পরিকল্পিত ছিল না, কিন্তু শুধুমাত্র এক অসুখী স্বার্থপর স্বভাবের স্বাভাবিক বহিঃপ্রকাশ ছিল। আর তারপর শান্তি স্থাপন কল্পে তিনি দায়ূদের লোকদের বহু খাদ্য দ্রব্য দান করলেন । PPBeng 485.3

তিনি (অবীগল) বলেন, সদাপ্রভু নিশ্চয়ই আমার প্রভুর কুল স্থির করিবেন; কারণ সদাপ্রভুর জন্যই আমার প্রভু যুদ্ধ করিতেছেন, যাবজ্জীবন আপনাতে কোন অনিষ্ট দেখা যাইবে না। অবীগল বুঝাতে চাইলেন যে দায়ূদকে সদাপ্রভুর জন্য যুদ্ধ করা উচিত। তার ব্যক্তিগত কোন প্রতিশোধ নেয়া উচিত নয়, এমন কি বিশ্বাসঘাতকরূপে অত্যাচারিত হলেও। "সদাপ্রভু আমার প্রভুর বিষয়ে যে সমস্ত মঙ্গলের কথা বলিয়াছেন, তাহা যখন সফল করিবেন, আপনাকে ইস্রায়েলের উপর অধ্যক্ষ পদে নিযুক্ত করিবেন, তখন অকারণে রক্তপাত করাতে কিংবা আপনি প্রতিশোধ লওয়া হেতু আমার প্রভুর শোক বা হৃদয়ে বিঘ্ন জন্মিবে না । PPBeng 485.4

অবীগলের ধার্মিকতা কথায় ও কাজে সুগন্ধির মত অজ্ঞাত ভাবে ছড়িয়ে পড়ছিল। ঈশ্বরের আত্মা তার মধ্যে বিরাজ করছিলেন। অনুকম্পাতে পূর্ণ তার বাক্যসমূহ একটি স্বর্গীয় প্রভাব বিস্তার করল। দায়ূদ যখন নিজ হটকারীতার কথা চিন্তা করলেন, তখন কাঁপতে লাগলেন। "ধণ্য যাহারা মিলন করিয়া দেয়, কারণ ঈশ্বরের পুত্র বলিয়া আখ্যাত হইবে।" মথি ৫:৯। ইস্রায়েলের এই মহিলার মত আরো অনেকে যেন ক্রোধের আবেগকে বশীভূত করে, হকারীতাকে বাধা দান করে, আর শান্তি ও জ্ঞানের বাক্য মহা ধ্বংসকে রোধ করে। PPBeng 486.1

অবীগলের প্রভাব ও যুক্তির মুখে দায়ূদের ক্রোধ প্রশমিত হল। তিনি নিশ্চিত হলেন যে তিনি তার আত্মার নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেছিলেন। তার নিজ কথার সহিত মিল রেখে এই যে

তিরস্কার তা তিনি নরম হৃদয়ে মেনে নিলেন। "ধার্মিক লোক আমাকে প্রহার করুক, সেটী দয়া; সে আমাকে অনুযোগ করুক, তাহা মস্তকের তৈল"। গীতসংহিতা ১৪১:৫। যেহেতু অবীগল তাকে ধার্মিকতার পরামর্শ দান করলেন এর জন্য তিনি ঈশ্বরের ধন্যবাদ করলেন। কত অল্প লোকই না তিরস্কার কৃতজ্ঞতার সাথে গ্রহণ করেন এবং যারা তাদের ভ্রান্ত পথ হতে ফিরান তাদের ধন্যবাদ দেন। PPBeng 486.2

তীব্র অনুশোচনা ও ভয় নাবলের মরণ ঘটায়

PPBeng 486

যখন অবীগল ঘরে ফিরলেন তখন নাবল ও তার অতিথীগণকে মদ পানে মাতালরূপে দেখতে পেলেন। পরের দিন সকাল বেলা তিনি দায়ূদের সাথে তার সাক্ষাৎ করার বিষয়টি তার স্বামীকে জানালেন। যখন সে বুঝতে পারল যে তার ভুলের জন্য কি ভাবে তার উপর মৃত্যুর ছায়া নেমে এসেছিল, তখন মনে হল সে পক্ষাঘাতগ্রস্ত হয়ে পড়ল। সে ভয়ে এত ভীত হয়ে পড়ল যে, অসহায় অবস্থা তাকে আঁকড়ে ধরল। দশ দিন পর সে মৃত্যু বরণ করল। খ্রীষ্টের কাহিনীর সেই ধনী ব্যক্তির মতই ঈশ্বর তাকে তার আনন্দের সময় বলেছিলেন, "অদ্য রাত্রিতেই তোমার প্রাণ তোমা হইতে দাবি করিয়া লওয়া যাইবে।" লুক ১২:২০। PPBeng 486.3

পরে দায়ূদ অবীগলকে বিবাহ করলেন। ইতিমধ্যেই তিনি এক স্ত্রীর স্বামী ছিলেন, কিন্তু তার সময়ের সমাজ ব্যবস্থা তার বিচার বুদ্ধিকে বিপদগামী করেছিল। অনেক স্ত্রী বিয়ে করার তিক্ত ফল দায়ূদ সারা জীবনই ভোগ করেছিলেন। PPBeng 487.1

রাজার অনুগ্রহ লাভের আশায় সীফীয়েরা তাকে আবারও দায়ূদের আত্মা-গোপনের স্থান সম্বন্ধে জানিয়ে দিল। আবারও শৌল তার যোদ্ধাদের একত্রিত করে দায়ূদের অনুসন্ধানে যাত্রা করলেন। কিন্তু যিশয়ের পুত্রকে বন্ধুভাবাপন্ন গুপ্তচরেরা এ বিষয়টি জানিয়ে দিল; এবং তার কয়েকজন সঙ্গীকে সাথে নিয়ে দায়ূদ তার শত্রুদের অবস্থান সম্বন্ধে জানতে বেরিয়ে পড়লেন। PPBeng 487.2

রাতের বেলা তারা রাজা ও তার বাহিনীর শিবির খুঁজে পেল, এবং গোপনে গিয়ে দেখতে পেল যে সমস্ত শিবির ঘুমে অচেতন। "ঐ শিবিরে শৌলের নিকটে আমার সঙ্গে কে নামিয়া যাইবে?" দায়ূদের এই প্রশ্নের উত্তরে অবীশয় বলেন, "আমি আপনার সঙ্গে যাইব।" PPBeng 487.3

পাহাড়ের আড়াল বেয়ে বেয়ে দায়ূদ ও তার সাথী শিবিরে প্রবেশ করলেন। শৌল যেখানে ঘুমিয়ে ছিলেন সেখানে তারা পৌছলেন এবং দেখলেন, যে তার বড়শা তার পাশে পোঁতা রয়েছে ও তার মাথার কাছে এক ভাঁড় জল রয়েছে। তার কাছে শুয়ে ছিলেন অবনের, তার প্রধান সেনাপতি, আর তাদের চারিপাশে সৈন্যরা ঘুমে অচেতন। অবীশয় তার বড়শা

উঠালেন। "আজ ঈশ্বর আপনার শত্রুকে আপনার হাতে সমর্পণ করিয়াছেন; অতএব এখন বিনয় করি, বড়শা দ্বারা উহাকে এক আঘাতে ভূমির সহিত গাঁথিবার অনুমতি দিউন, আমি উহাকে দুই বার আঘাত করিব না।" তিনি অনুমতির অপেক্ষা করলেন। কিন্তু তার কাণে ফিস্ ফিস্ শব্দ এল, "তাহাকে নিপাত করিও না; কেননা সদাপ্রভুর অভিষিক্ত ব্যক্তির বিরুদ্ধে কে হস্ত বিস্তার করিয়া নির্দোষ হইতে পারে?... জীবন্ত সদাপ্রভুর দিব্য, সদাপ্রভুই উহাকে আঘাত করিবেন;...কিংবা সংগ্রামে গিয়া হত হইবেন। আমি যে সদাপ্রভুর অভিষিক্ত ব্যক্তির বিরুদ্ধে হস্ত বিস্তার করি, সদাপ্রভু এমন না করুন; কিন্তু উহার শিয়রের নিকটস্থ বড়শা ও জলের ভাঁড় তুলিয়া লইয়া আইস; পরে আমরা চলিয়া যাইব ....কিন্তু কেহ তাহা দেখিল না, জানিল না,...কারণ সদাপ্রভু তাহাদিগকে অগাধ নিদ্রায় মগ্ন করিয়াছিলেন।" PPBeng 487.4

যখন দায়ূদ শিবির হতে একটু নিরাপদ দূরত্বে গেলেন তখন চিকার করে অবনেরকে বললেন, "তুমি কি পুরুষ নহ? আর ইস্রায়েলের মধ্যে তোমার তুল্য কে? তবে তুমি আপন প্রভু রাজাকে কেন সাবধানে রাখিলে না? দেখ, তোমার প্রভু রাজাকে বিনষ্ট করিতে লোকদের মধ্যে একজন আসিল। তুমি এ কাজ ভাল কর নাই। জীবন্ত সদাপ্রভুর দিব্য, তোমরা মৃত্যুর সন্তান, কেননা প্রভুর অভিষিক্ত ব্যক্তি তোমাদের প্রভুকে সাবধানে রাখ নাই। তুমি একবার দেখ, রাজার শিয়রের নিকটস্থ বড়শা ও জলের ভাঁড় কোথায়? তখন শৌল দায়ূদের স্বর বুঝিয়া কহিলেন, হে আমার বস দায়ূদ, এ কি তোমার স্বর? দায়ূদ কহিলেন, হ্যাঁ প্রভু মহারাজ, এ আমারই স্বর। তিনি আরও কহিলেন, আমার প্রভু আপন দাসের পশ্চাতে পশ্চাতে কেন ধাবমান হন? আমি কি করিয়াছি? আমার হস্তে কি অনিষ্ট আছে?" PPBeng 487.5

রাজা আবারও স্বীকার করেন যে তিনি অবিচার করছেন

PPBeng 488

আবার রাজার কণ্ঠে স্বীকারোক্তি ধ্বনিত হল: "আমি পাপ করিয়াছি; বস দায়ূদ, ফিরিয়া আইস; আমি তোমার হিংসা আর করিব না, কেননা অদ্য আমার প্রাণ তোমার দৃষ্টিতে মহামূল্য ছিল। দেখ, আমি নির্ব্বোধের কর্ম করিয়াছি, ও বড়ই ভ্রান্ত হইয়াছি।" PPBeng 488.1

দায়ূদ উত্তরে বললেন, "হে রাজন! এই দেখুন বড়শা; কোন যুবক পার হইয়া আসিয়া ইহা লইয়া যাউক।" যদিও শৌল অঙ্গীকার করেছিলেন, "আমি তোমাকে আর হিংস করিব না," তথাপি দায়ূদ নিজকে তার ক্ষমতার আওতায় সমর্পণ করেন নি। PPBeng 488.2

বিদায়ের সময় শৌল চিকার করে বলেন, "দায়ূদ, তুমি ধন্য; তুমি অবশ্য মহ কর্ম্ম করিবে, আর বিজয়ী হইবে।" কিন্তু যিশয়ের পুত্র জানতেন যে রাজার এই মনোভাব দীর্ঘকাল স্থায়ী হবে না। PPBeng 488.3

পুনর্মিলনের বিষয়ে দায়ূদ হতাশ হয়ে পড়লেন। মনে হচ্ছিল যে তাকে রাজার ঈর্ষার শিকার হতে হবে। তার ছয়শ সঙ্গী সহকারে দায়ূদ গাতের রাজা আখীশের নিকট চলে গেলেন। PPBeng 488.4

তত্ত্ব শৌল তার হত্যার পরিকল্পনা বাস্তবায়ন করবেন, ঈশ্বরের পরামর্শ ছাড়াই দায়ূদ এই সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। যখন শৌল তাকে হত্যা করার ষড়যন্ত্র করছিলেন, তখন ঈশ্বর দায়ূদকে ইস্রায়েলের রাজ্য দান করার জন্য কাজ চালিয়ে যাচ্ছিলেন। ঈশ্বর যে সকল পরীক্ষা ও কষ্ট লোকদের পথে আসতে অনুমতি দেন বাহ্যিক ভাবে মানুষ সেগুলি তাদের ধ্বংস ডেকে আনবে বলে ব্যাখ্যা দিয়ে থাকে। দায়ূদও বাহ্যিক জিনিষই দেখছিলেন, কিন্তু ঈশ্বরের অঙ্গীকারের কথা ভুলে গিয়েছিলেন। তিনি যে সিংহাসনে বসতে পারবেন সে বিষয়ে তিনি সন্দেহ পোষণ করতে আরম্ভ করেন। দীর্ঘ পরীক্ষা তার বিশ্বাসকে দুর্বল করতে ও তার ধৈর্য চ্যুতি ঘটাতে শুরু করেছিল। PPBeng 488.5

ঈশ্বর দায়ূদকে ইস্রায়েলদের ভয়ানক শত্রু পলেষ্টীয়দের নিকট আশ্রয়ের জন্য পাঠান নি। তবুও শৌলের উপর ও যারা তার কর্মচারীবৃন্দ তাদের উপর সমস্ত আস্থা হারিয়ে ফেলে, দায়ূদ নিজেকে তার লোকদের শত্রুদের দয়ার উপর ছেড়ে দিলেন। ঈশ্বর যিহূদা দেশে তাঁর মান স্থাপন করার জন্য দায়ূদকে নিযুক্ত করেছিলেন, আর বিশ্বাসের দুর্বলতার জন্যই তিনি তার দায়িত্ব ছেড়ে দিলেন। PPBeng 489.1

দায়ূদের আরেকটি ভুল

PPBeng 489

পলেষ্টীয়েরা শৌলের চেয়ে দায়ূদকে বেশী ভয় করত; আর তাদের আশ্রয় গ্রহণ করার মাধ্যমে দায়ূদ নিজ লোকদের দুর্বলতা ওদের নিকট প্রকাশ করে দিলেন। আর এই ভাবে তিনি ঐ নির্দয় শত্রুদের ইস্রায়েলকে অত্যাচার করতে উৎসাহিত করলেন। ঈশ্বরের লোকদের রক্ষা করার জন্যই দায়ূদকে নিযুক্ত করা হয়েছিল। ঈশ্বর চান না যে তাঁর লোকদের দুর্বলতা প্রকাশ করে দিয়ে তাঁর সন্তানগণ দুষ্টলোকদের দুষ্টামীতে অনুপ্রেরণা যোগায়। PPBeng 489.2

এছাড়া দায়ূদের লোকেরা ভাবলেন যে দায়ূদ পৌত্তলিকদের দেবতার আরাধনা করার জন্য তাদের নিকট চলে গেছেন। তার নিজের কার্যের ফলেই অনেকে তার বিরুদ্ধে সন্দেহ পোষণ করতে শুরু করলেন। যে জিনিস শয়তান তাকে দিয়ে করাতে চেয়েছিলেন, সেটাই তিনি করে বসলেন। ঈশ্বরের আরাধনা করা ও তাঁর কাজের প্রতি বিশ্বস্ত থাকা দায়ূদ ত্যাগ করেন নি, কিন্তু তার ব্যক্তিগত নিরাপত্তার জন্য ঈশ্বরের উপর নির্ভরশীলতা তিনি ত্যাগ করেছিলেন। PPBeng 489.3

পলেষ্টীয়দের রাজা দায়ূদকে সাদরে অভ্যর্থনা জানালেন। রাজা তাকে সম্মান দেখালেন এবং দায়ূদ যে তার নিকট আশ্রয় চেয়েছেন তাতে অত্যন্ত তোষামোদিত অনুভব করলেন। দায়ূদ তার পরিবার, তার আত্মীয়স্বজন, ও তার সমস্ত জিনিস পত্র ঐখানে স্থানান্তরিত করলেন, এবং তার অন্যান্য লোকেরাও তাই-ই করল । মনে হচ্ছিল যে তিনি পলেষ্টীয়দের মধ্যে স্থায়ী ভাবে বসবাস করতে আরম্ভ করলেন। এটা আখীশের জন্য অত্যন্ত সুখকর ছিল এবং সে ঐ পলাতক ইস্রায়েলদের রক্ষা করার ওয়াদা দিল। PPBeng 489.4

দায়ূদের অনুরোধে রাজা তাকে সিক্লগ নগরে স্থায়ী বন্দোবস্ত দিলেন। দায়ূদও তার লোকদের জন্য এই নগর সম্পূর্ণ ভাবে পৃথক করে দেয়ায় তারা গাতের চেয়ে অধিক স্বাধীনতার সহিত ঈশ্বরের আরাধনা করতে পারতেন, এবং এখানে পৌত্তলিক আচার-অনুষ্ঠান তাদের জন্য কোন মন্দ প্রভাবের উস হতে পারত না । PPBeng 489.5

এই স্থানে থাকা কালে দায়ূদ গশূরীয়, গির্ষীয় ও অমালেকীয়দের বিরুদ্ধে যুদ্ধ করলেন, এবং গাতে খবর পৌছানোর মত কাউকেই জীবিত রাখলেন না। তিনি আখীশকে বুঝতে দিলেন যে তিনি যিহূদার লোকের বিরুদ্ধে, অর্থাৎ তার আপন লোকের বিরুদ্ধে যুদ্ধ করছেন। এই কপট আচরণ দ্বারা তিনি পলেষ্টীয়দের হাতকে শক্তিশালী করলেন, কারণ রাজা বললেন, "দায়ূদ নিজ জাতি ইস্রায়েলের নিকটে আপনাকে নিতান্ত ঘৃনাস্পদ করিয়াছে; অতএব সে চিরকাল আমার দাস থাকিবে।" যখন দায়ূদ ঐ ধরণের প্রতারণায় আশ্রয় নিয়েছিলেন তখন তিনি ঈশ্বরের পরামর্শ অনুসারে চলছিলেন না । PPBeng 490.1

"সেই সময় পলেষ্টীয়েরা ইস্রায়েলের সহিত যুদ্ধ করিবার ইচ্ছায় যুদ্ধের জন্য নিজেদের সৈন্যদল সংগ্রহ করল। আর আখীশ দায়ূদকে বললেন, "নিশ্চয় জানিবে, তোমাকে ও তোমার লোকদিগকে সৈন্যদলভূক্ত হইয়া আমার সহিত যাইতে হইবে।" দায়ূদ প্রতারণা মূলক ভাবে রাজাকে বললেন, "আপনার এই দাস কি করিতে পারে, তাহা আপনি জানিবেন।" আখীশ প্রতিজ্ঞা করলেন যে দায়ূদকে পলেষ্টীয়দের রাজ দরবারে একটি সম্মানিত স্থান দেবেন । PPBeng 490.2

কিন্তু যদিও ঈশ্বরের অঙ্গিকার সমূহের প্রতি তার বিশ্বাস কিছুটা দুর্বল হয়ে পড়েছিল, তথাপি দায়ূদ স্মরণ করলেন যে শমূয়েল তাকে ইস্রায়েলের রাজারূপে অভিষিক্ত করেছিলেন। শৌলের হাত থেকে রক্ষা করায় ঈশ্বরের আশীর্বাদের কথা তিনি বিবেচনা করলেন এবং সিদ্ধান্ত নিলেন যে একটি পবিত্র আমানতের তিনি বিশ্বাসঘাতকতা করতে পারবেন না। যদিও ইস্রায়েলের রাজা তার জীবন হরণের চেষ্টা করছেন, তথাপি তিনি তার সৈন্যদলকে তার লোকদের শত্রুদের সাথে একত্রে যুদ্ধে যেতে দেবেন না । PPBeng 490.3

অধ্যায় ৬৬—শৌল নিজ জীবন হরণ করেন

PPBeng 491

“পরে পলেষ্টীয়েরা একত্র হইল, এবং আসিয়া শূনেমে শিবির স্থাপন করিল,” আর শৌল ও তার সৈন্যরা কয়েক মাইল দূরে গিল্‌বোয়ে পাহাড়ের পাদদেশে তাম্বু স্থাপন করলেন। শৌল নিজকে নিঃসঙ্গী ও প্রতিরক্ষাবিহীন মনে করতে লাগলেন, কেননা ঈশ্বর তাকে পরিত্যাগ করেছিলেন। যখন তিনি দূরে পলেষ্টীয় বাহিনীর দিকে তাকালেন, তখন তিনি “ভীত হইলেন, তাঁহার অতিশয় হৃৎকম্প হইল।” PPBeng 491.1

শৌল মনে করেছিলেন যে যিশয়ের পুত্র তার প্রতি যে অন্যায় করা হয়েছিল, ঐ সময় এর প্রতিশোধ নেবে। ঈশ্বরের মনোনীতকে ধ্বংস করার তার যে অযৌক্তিক স্পৃহা দেখা দিয়েছিল তা এখন সমস্ত জাতিকে মহা সংকটে ফেলে দিল। দায়ূদের অনুসন্ধান করার সময় তিনি রাজত্বের প্রতিরক্ষা ব্যবস্থার প্রতি অবহেলা দেখিয়েছিলেন। অরক্ষিত অবস্থার সুযোগ গ্রহণ করে পলেষ্টীয়রা এখন দেশের গভীর অভ্যন্তরে প্রবেশ করেছে। শয়তান যেমন দায়ূদকে ধ্বংস করার জন্য শৌলকে অনুপ্রাণিত করছিল, তেমনি সেই মন্দ আত্মা পলেষ্টীয়দের শৌলকে ধ্বংস করার অনুপ্রেরণা যোগাচ্ছিল। কত ঘনঘনই না আমাদের প্রধান শত্রু কোন কোন অনুসর্গীকৃত হৃদয়ের মধ্যে প্রবেশ করে মন্ডলীতে দ্বন্দ্বের সৃষ্টি করে, আর তারপর ঈশ্বরের লোকদের দলাদলির সুযোগ গ্রহণ করে সে তাদের ধ্বংস সাধনের নিজ প্রতিনিধিদের নিয়োগ করে। PPBeng 491.2

পরের দিন শৌলকে পলেষ্টীয়দের সহিত যুদ্ধে রত হতে হবে। আগামী ধ্বংসের দীর্ঘ কালো ছায়া তার চতুর্দিকে ঘন হয়ে উঠল। তিনি পরামর্শ ও পরিচালনা কামনা করলেন; বৃথাই তিনি ঈশ্বরের পরামর্শ যাচঞা করলেন। “কিন্তু সদাপ্রভু তাঁহাকে উত্তর দেন না; স্বপ্ন দ্বারাও নয়, উরীম দ্বারাও নয়, ভাববাদিগণ দ্বারাও নয়।” PPBeng 491.3

যে আত্মা আন্তরিকতার সাথে তাঁর নিকট যায়, সদাপ্রভু কখনও তাকে অবহেলা করেন না। তবে কেন তিনি শৌলকে উত্তর দিলেন না? রাজা শমূয়েল ভাববাদীর পরামর্শ গ্রহণ করেন নি; তিনি ঈশ্বরের মনোনীত দায়ূদকে নির্বাসন দিয়েছিলেন; তিনি সদাপ্রভুর যাজকদের হত্যা করেছিলেন। যখন ঈশ্বরের মনোনীত যোগাযোগের মাধ্যমসমূহ তিনি কেটে দিলেন, তখন কি ভাবে তিনি উত্তর পাবেন? শৌল পাপের জন্য ক্ষমা চেয়ে ঈশ্বরের সাথে পুনর্মিলন চাচ্ছিলেন না, কিন্তু তিনি শত্রুর হাত থেকে রক্ষা পেতে চাচ্ছিলেন। বিদ্রোহের মাধ্যমে তিনি ঈশ্বরের সাথে বন্ধন কেটে দিয়েছিলেন। প্রায়শ্চিত্ত ও অনুতাপ ছাড়া আর ঐ বন্ধন স্থাপিত হতে পারত না। PPBeng 491.4

তখন শৌল আপন দাসগণকে কহিলেন, “আমার জন্য একটি ভূতড়িয়া স্ত্রীলোকের অন্বেষণ কর; আমি তাহার কাছে গিয়া জিজ্ঞাসা করিব।” সদাপ্রভু যাদুবিদ্যা নিষিদ্ধ ঘোষণা

করেছিলেন, এবং এই অপবিত্র কলা যে ব্যবহার করবে তাকে মৃত্যুদন্ড দেয়া হবে বলে জানানো হয়েছিল। শৌল আজ্ঞা করেছিলেন যে যত জ্যোতিশ ও যারা ভূতুড়ে তাদের সকলকে মৃত্যুদন্ড দিতে হবে। কিন্তু এই চরম নৈরাশ্যের মুহূর্তে যা ঘৃণ্য বলে তিনিই মৃত্যুদন্ডের আজ্ঞা দিয়েছিলেন তারই উপর তিনি নির্ভর করতে আরম্ভ করলেন। PPBeng 492.1

যে ভূতুড়ে ছিল এমন এক মহিলা ঐনদোরে আত্ম-গোপন করেছিল। সে শয়তানের সাথে চুক্তিবদ্ধ হয়েছিল যে সে শয়তানের লক্ষ্য বাস্তবায়নে কাজ করবে আর বিনিময়ে শয়তান তার নিকট বিভিন্ন গুপ্ত বিষয় প্রকাশ করবে। যাদুবিদ্যাকারিণীর অনুসন্ধানে শৌল ছদ্মবেশে দু'জন কর্মচারীসহ রাতে বেরিয়ে পড়লেন। কি দুঃখময় দৃশ্য! ইস্রায়েলের রাজাকে শয়তান বন্দি করে নিয়ে যাচ্ছে। শৌলের ইস্রায়েলের রাজা হবার দু'টি শর্ত ছিল। ঈশ্বরের উপর বিশ্বাস রাখা ও তার আদেশের প্রতি বাধ্য থাকা। যদি এই দু'টি শর্ত তিনি মানতেন তবে তার রাজত্ব নিরাপদ থাকত; ঈশ্বর তার পরিচালক হতেন, সর্বশক্তিমান তার ঢালস্বরূপ হতেন। যদিও তার বিদ্রোহ ও একগুয়েমীর কলেবরের মধ্যে ঈশ্বরের স্বরকে প্রায় স্তব্ধ করে দিয়েছিল, তথাপি অনুতাপ করার সুযোগ তার জন্য তখনো অবশিষ্ট ছিল। কিন্তু যখন তার সংকটের দিনে তিনি শয়তানের আশ্রয় নিলেন, তখন তিনি তার স্রষ্টার সাথে সম্পর্কের শেষ সূত্রটিও কেটে ফেলেন। যে ভূতুড়ে ক্ষমতা তাকে অনেক বৎসর পর্যন্ত নিয়ন্ত্রণ করে তার ধ্বংসের দ্বার-প্রান্তে পৌছে দিয়েছিল, তিনি পূর্ণরূপে নিজকে সেই ক্ষমতার আওতায় ছেড়ে দিলেন। PPBeng 492.2

ক্যান্ত : অন্ধকারের মধ্যে শৌল ও তার কর্মচারীরা নির্বিঘ্নে পলেষ্টীয় বাহিনীকে অতিক্রম করে চলে গেলেন। তারা পর্বত শৃঙ্খ পার হয়ে ঐদোরে ঐ ভূতুড়িয়া মহিলার বাটী উপস্থিত হলেন। যদিও তিনি ছদ্মবেশে ছিলেন, তথাপি শৌলের দীর্ঘ দেহ ও রাজকীয় চাল-চলন প্রমাণ করল যে তিনি একজন সাধারণ সৈনিক নন্। তার মূল্যবান উপঢৌকন তার সন্দেহের যথার্থতা প্রমাণ করল। তার অনুরোধের উত্তরে মহিলা বল্‌ল “শৌল...যে ভূতুড়িয়াদিগকে ও গুণীদিগকে দেশের মধ্য হইতে উচ্ছিন্ন করিয়াছেন, তাহা তুমি জ্ঞাত; অতএব আমাকে বধ করিতে আমার প্রাণের বিরুদ্ধে কেন ফাঁদ পাতিতেছ? তখন শৌল তাহার কাছে সদাপ্রভুর দিব্য উঠাইয়া বলিলেন, জীবন্ত সদাপ্রভুর দিব্য, এজন্য তোমার উপর দোষ আসিবে না।” তারপর যখন সে জিজ্ঞাসা করল, “আমি তোমার কাছে কাহাকে উঠাইয়া আনিব?” তিনি বললেন, “শমূয়েলকে উঠাইয়া আন।’ PPBeng 492.3

তার মন্ত্র উচ্চারণ করার পর সে বল্ল, “আমি দেখিতেছি, দেবতা ভূমি হইতে উঠিয়া আসিতেছেন।...একজন বৃদ্ধ উঠিতেছেন, তিনি পরিচ্ছদে আবৃত। তাহাতে শৌল বুঝিতে পারিলেন, তিনি শমূয়েল, আর মস্তক নমনপূর্বক ভূমিতে অধোমুখ হইয়া প্রণিপাত করিলেন। PPBeng 493.1

ঈশ্বরের ভাববাদী উঠে আসেন নি। ভূতদের মধ্যে শমূয়েল উপস্থিত ছিলেন না। শয়তান সহজেই শমূয়েলের বেশ ধারণ করতে পারে, যে ভাবে মরুপ্রান্তরে খ্রীষ্টকে প্রলোভিত করার জন্য এক আলোর দূতের রূপ ধারণ করেছিল। PPBeng 493.2

ভাববাদীর রূপ-ধারী প্রতারকের কাছ হতে শৌলের জন্য প্রশ্ন ছিল, "কি জন্য আমাকে উঠাইয়া কষ্ট দিলে?" শৌল উত্তর করলেন, "আমি মহা সঙ্কটে পড়িয়াছি, পলেষ্টীয়েরা আমার বিরুদ্ধে যুদ্ধ করিতেছে, ঈশ্বরও আমাকে ত্যাগ করিয়াছেন, আমাকে আর উত্তর দেন না, ভাববাদিগণ দ্বারাও নয়, স্বপ্ন দ্বারাও নয়। অতএব আমার যাহা কর্ত্তব্য, তাহা আমাকে জানাইবার জন্য আপনাকে ডাকাইলাম।" PPBeng 493.3

যখন শমূয়েল জীবিত ছিলেন, তখন শৌল তার পরামর্শ ঘৃণা করেছেন। কিন্তু এখন ঈশ্বরের ভাববাদীর সাথে যোগাযোগ করার জন্য তিনি নরকের প্রতিনিধির সহায়তা নিচ্ছিলেন! শৌল সম্পূর্ণ ভাবে নিজেকে শয়তানের হাতে ছেড়ে দিয়েছিলেন, আর এখন সে, যার একমাত্র আনন্দ হল দুঃখ ও ধ্বংসের সৃষ্টি করা, সমস্ত সুযোগের সদ্ব্যবহার দ্বারা দুঃখী রাজ্য ধ্বংস করতে উদ্যত হল। উত্তরে মনে হল যেন শমূয়েল বলছেন : PPBeng 493.4

"সদাপ্রভু তোমাকে ত্যাগ করিয়া তোমার বিপক্ষ হইয়াছেন...সদাপ্রভু তোমার হস্ত হইতে রাজত্ব টানিয়া ছিঁড়িয়াছেন ও তোমার প্রতিবেসী, দায়ূদকে দিয়াছেন। যেহেতু সদাপ্রভুর রবে কর্ণপাত কর নাই, এবং অমালেকের প্রতি তাঁহার প্রচন্ড কোপ সফল কর নাই, এই হেতু অদ্য সদাপ্রভু তোমার প্রতি এইরূপ করিলেন।" PPBeng 493.5

শমূয়েলের তিরস্কার ও সতর্ক করা সত্ত্বেও শৌল শয়তান দ্বারা পরিচালিত হয়ে নিজ কাজকে যুক্তি দ্বারা সমর্থন করতেন। কিন্তু এখন শয়তান তার বিরুদ্ধে গিয়ে তাকে তার পাপের প্রচন্ডতা ও ক্ষমা পাবার আশাহীনতা উপস্থাপন করল যেন সে তাকে সম্পূর্ণ ভাবে নৈরাশ্যের মধ্যে ডুবিয়ে দিতে পারে। আর কোন কিছুই তাকে এত নৈরাশ্য ও আত্মা ধ্বংসের দিকে পরিচালিত করতে পারত না। PPBeng 494.1

শৌল অনাহারে, ভয়ে, ও বিবেকের দংশনে প্রায় অজ্ঞান হয়ে পড়েছিলেন। এখন তার দেহ ঝড়ে পড়া বৃক্ষের মত দুলতে দুলতে মাটিতে সাটাং হয়ে পড়ে গেল। PPBeng 494.2

যাদুবিদ্যাকারিণী ভীত হয়ে পড়ল। ইস্রায়েলের রাজা তার সামনে মৃতপ্রায় হয়ে পড়ে আছেন। সে তাকে কিছু খাবার জন্য অনুরোধ করতে লাগল এবং বলতে লাগল যে যেহেতু সে তার জীবন বিপন্ন করে তার ইচ্ছা পূরণ করেছিল, সেইহেতু তিনি তার অনুরোধ রক্ষা করতে রাজী হলেন আর সে দ্রুত অত্যন্ত ভাল গোরুর মাংসের তরকারী ও কিছু রুটি তার সামনে দিল। PPBeng 494.3

কি দৃশ্য! যাকে ঈশ্বর নিজে ইস্রায়েলদের রাজারূপে মনোনীত করেছিলেন তিনি ঐ দিনের মারাত্মক যুদ্ধের পূর্বে যাদুবিদ্যাকারিণীর গুহায়, শয়তানের প্রতিনিধিদের সামনে, খাবার খেতে বসলেন। PPBeng 494.4

অন্ধকারের আত্মাদের সহিত পরামর্শের মাধ্যমে শৌল নিজকে ধ্বংস করলেন। নৈরাশ্যের ভয়ে ভীত রাজার জন্য তার সৈন্য বাহিনীকে উৎসাহ দ্বারা অনুপ্রাণিত করে তোলা অসম্ভব হবে। ঈশ্বরকে তাদের সহায়করূপে বিবেচনা করতে ইস্রায়েলদের তিনি আর পরিচালনা দিতে পারবেন না। এই ভাবেই শয়তানের ভবিষ্যদ্বাণী কার্যকররূপে বাস্তবায়িত হবে। PPBeng 494.5

"সদাপ্রভুর অভিষিক্ত ব্যক্তির" দুঃখজনক সমাপ্তি

PPBeng 494

ইস্রায়েল ও পলেষ্টীয় সৈন্য বাহিনীদ্বয় মারাত্মক যুদ্ধে অবতীর্ণ হল। যদিও ঐদোরের গুহায় তার হৃদয়ের সকল প্রত্যাশার সমাপ্তি ঘটেছিল, তথাপি শৌল অত্যন্ত বীর বিক্রমে যুদ্ধ করলেন। কিন্তু সকলই ব্যর্থ হল। "ইস্রায়েল লোকেরা পলেষ্টীয়দের সামনে হইতে পলায়ন করিল, এবং গিলবোয় পর্বতে আহত হইয়া পড়িতে লাগিল। শৌল দেখতে পেলেন যে তার চতুর্দিকে তার সৈন্যরা মারা পড়ছে আর তার তিন পুত্রও মারা পড়েছে। তিনি নিজেও আহত হয়ে পড়লেন, আর তখন তিনি যুদ্ধ করতে বা পলায়ন করতে সক্ষম ছিলেন না। যেহেতু পলায়ন অসম্ভব ছিল, তাই তিনি পলেষ্টীয়দের হাতে ধরা না পড়ার জন্য নিজ খড়্গের উপর পড়ে গিয়ে আত্ম হত্যা করলেন। PPBeng 494.6

এই ভাবে ইস্রায়েলদের প্রথম রাজা আত্ম-হত্যার দোষ কাঁধে নিয়ে মারা গেলেন। তার জীবন ছিল একটি অকৃতকার্য্য জীবন, এবং তিনি অপমানে ও নৈরাশ্যে মৃত্যুবরণ করলেন। PPBeng 495.1

পরাজয়ের কাহিনী চতুর্দিকে ছড়িয়ে পড়ল, এবং ইস্রায়েলদের মধ্যে প্রচন্ড ভয় উপস্থিত হল। লোকেরা শহর ছেড়ে পালিয়ে গেল এবং পলেষ্টীয়েরা বিনা বাধায় সব কিছু দখল করে নিল। ঈশ্বর বিবর্জিত শৌলের রাজত্বকাল তার লোকদের ধ্বংসের কারণ হল। PPBeng 495.2

পরের দিন পলেষ্টীয়েরা শৌল ও তার তিন ছেলের মৃত দেহ দেখতে পেল। তারা শৌলের মস্তক কেটে নিল ও তার দেহ হতে তার অস্ত্র খুলে নিল। তারপর ঐ রক্তাক্ত মস্তক ও অস্ত্র যুদ্ধের উপহারস্বরূপ পলেষ্টীয়েরা নিজ দেশে পাঠিয়ে দিল, "এবং নিজেদের দেবালয়ে ও লোকদের মধ্যে সেই বার্তা জানাইতে পলেষ্টীয়দের দেশের সর্বত্র প্রেরণ করিল।" এই ভাবে যুদ্ধ জয়ের গৌরব মিথ্যা দেবতাদের উপর আরোপিত হল, এবং ঈশ্বরের নামের অসম্মান হল। PPBeng 495.3

শৌল ও তার ছেলেদের মৃতদেহ বৈৎ-শানের প্রাচীরে শৃঙ্খল দ্বারা টাঙিয়ে রাখা হলো যেন শিকারী পাখীরা সেগুলি ভোজন করে। কিন্তু যাবেশ- গিলিয়দের লোকেরা শৌলের রাজত্বের আনন্দপূর্ণ বৎসরগুলি স্মরণ করল এবং তারা তাদের কৃতজ্ঞতা প্রকাশের জন্য রাজা ও রাজপুত্রদের মৃতদেহগুলিকে শৃঙ্খল হতে নামিয়ে সম্মানের সহিত কবর দিল। এই ভাবে চল্লিশ বৎসর আগে যে মহৎ কাজ করা হয়েছিল, সেই কাজ পরাজয় ও অপমানের এই অন্ধকার মুহূর্তে শোকাহত হৃদয়ের ও নরম হাতের দ্বারা কবরস্থ হবার সুযোগ সৃষ্টি করল। PPBeng 495.4

অধ্যায় ৬৭—পূর্বকার ও বর্তমানের যাদুবিদ্যা

PPBeng 496

ঐন্দোরের মহিলার সহিত শৌলের সাক্ষাৎকার বাইবেলের ছাত্রদের জন্য একটি জটিল বিষয়। অনেকেই বলে থাকেন যে শমূয়েল আসলেই উপস্থিত হয়েছিল। কিন্তু বাইবেলে এর বিপরীত সিদ্ধান্ত নেবার পর্যাপ্ত যুক্তি ও প্রমাণ রয়েছে। PPBeng 496.1

শমূয়েল যদি স্বর্গে থাকতেন তবে ঐস্থান হতে তাকে হয় ঈশ্বর নয় শয়তান আহবান করে নিয়ে এসেছিলেন। কেউই এটা বিশ্বাস করতে চাইবে না শয়তানের এমন ক্ষমতা থাকবে যে একটি পরিত্যক্ত মহিলার মন্ত্রকে সম্মান দেখানোর জন্য ঈশ্বর ভাববাদীকে স্বর্গ হতে নামিয়ে নিয়ে আসবে। আর আমরা এও চিন্তা করতে পারি না যে ঈশ্বর তাকে ঐ ডাইনীর গুহায় আসার জন্য আহবান জানাবেন, কেননা সদাপ্রভু স্বপ্ন, উরীম, অথবা ভাববাদীর দ্বারা শৌলের সাথে যোগাযোগ করতে অস্বীকার করেছিলেন। PPBeng 496.2

বাণীই তার উৎসের আসল প্রমাণ। এর লক্ষ্য ছিল না শৌলকে অনুতাপ করার দিকে চালিত করা, কিন্তু এর লক্ষ্য ছিল শৌলের ধ্বংস সাধন করা। এটা ঈশ্বরের কাজ নয়, বরং শয়তানের কাজ। তদুপোরী শাস্ত্র অনুসারে ঈশ্বর যে সকল কারণে শৌলকে পরিত্যাগ করেছিলেন তার একটি হল শৌল যাদুবিদ্যাকারিণীর সহিত পরামর্শ করেছিলেন। “এইরূপে শৌল সদাপ্রভুর বিরুদ্ধে কৃত সত্যলঙঘন হেতু মরিলেন; কারণ তিনি সদাপ্রভুর বাক্য পালন করেন নাই; আবার তিনি অনুসন্ধান করিবার জন্য ভূতড়িয়ার কাছে মন্ত্রণা জিজ্ঞাসা করিয়াছিলেন, সদাপ্রভুর কাছে অনুসন্ধান করেন নাই; তজ্জন্য তিনি তাঁহাকে বধ করিলেন, এবং রাজ্য হস্তান্তর করিয়া যিশয়ের পুত্র দায়ূদকে দিলেন।” ১ বংশাবলি ১০:১৩, ১৪। শৌল ঈশ্বরের ভাববাদী শমূয়েলের সহিত যোগাযোগ করেন নি, কিন্তু শয়তানের সহিত করেছিলেন। শয়তান আসল শমূয়েল ভাববাদীকে উপস্থিত করতে পারে নি, কিন্তু তার প্রতারণা কার্যকরী করার জন্য এক নকল শমূয়েল উপস্থিত করেছিল। PPBeng 496.3

মৃতদের সাথে যোগাযোগের উপর বিশ্বাস থাকার উপর ভিত্তি করে পুরাকালে যাদুবিদ্যা ও ডাইনী বিদ্যার সৃষ্টি হয়েছিল। যারা যাদুবিদ্যা ও ভুতুড়ে বিদ্যা ব্যবহার করত তারা দাবী করত যে মৃতের আত্মার মাধ্যমে তারা ভবিষ্যৎ জানতে পারে। “আর যখন তাহারা তোমাদিগকে বলে, তোমরা ভূতড়িয়া ও গুণীদিগের নিকটে, যাহারা বিড় বিড় ও ফুসফুস করিয়া বকে, তাদের নিকটে অন্বেষণ কর, প্রজাগণ কি আপনাদের ঈশ্বরের কাছে অন্বেষণ করিবে না? যিশাইয় ৮:১৯ পদ। PPBeng 496.4

পৌত্তলিকদের দেবতাদের মৃত বীরদের আত্মা বলে বিশ্বাস করা হত। এই ভাবে পৌত্তলিকদের ধর্ম ছিল মৃতদের পূজা করা। ইস্রায়েলদের স্বধর্ম ত্যাগ সম্বন্ধে গীত রচক বলেছেন, “তাহারা বাল-পিয়োরের প্রতি আসক্ত হইল, মরাদের বলি ভোজন করিল।”

(গীতসংহিতা ১০৬:২৮), অর্থাৎ যে সকল বলি মৃতদের উদ্দেশে দেয়া হয়েছিল। PPBeng 497.1

পৌত্তলিকতার সকল অনুষ্ঠানের মধ্যেই এটা বিশ্বাস করা হয় যে মৃতেরা তাদের ইচ্ছা জীবিতদের জানায়, এবং যখন তাদের পরামর্শ চাওয়া হয়, তখন তারা পরামর্শ দেয়। এমন কি বিশ্বাসীদের দেশেও মৃতদের আত্মার সহিত যোগাযোগ স্থাপন বহুল প্রচলিত হয়ে পড়ছে। ভূতরা মাঝে মাঝে মৃত বন্ধু বা আত্মীয়ের আকার ধরে উপস্থিত হয় এবং তাদের জীবনের সহিত জড়িত ঘটনার বর্ণনা দেয় ও জীবিত থাকা কালে তারা যে সকল কাজ করত তার কিছু কিছু করে দেখায়। এই ভাবে তারা লোকদের মধ্যে বিশ্বাস জন্মায় যে তাদের মৃত বন্ধুরা দূতে পরিণত হয়েছে। অনেকের কাছে এদের বাণী ঈশ্বরের বাক্যের PPBeng 497.2

চেয়েও গুরুত্ব-পূর্ণ।

PPBeng 497

অনেকে আবার মনে করেন যে ভূতুড়ে বিদ্যা শুধু প্রতারণা মাত্র। এর বিভিন্ন প্রকাশকে ছলনা বলে ধরে নেয়া হয়। যদিও ইহা ঠিক যে কলা- কৌশলকে প্রায়ই সত্য বলে চালিয়ে দেয়া হয়, তথাপি প্রকৃতি বহির্ভূত ক্ষমতারও যথেষ্ট প্রমাণ পাওয়া গিয়েছে। আবার যারা ভুতুড়ে বিদ্যাকে মানুষের ছল-চাতুরী বলে বিশ্বাস করেন, যখন তারা এমন সব ঘটনার মোকাবেলা করেন যা ব্যাখ্যা করা সম্ভব নয়, তখন তারা এর দাবী স্বীকার করতে বাধ্য হন। PPBeng 497.3

আধুনিক ভুতুড়ে বিদ্যা ও পুরাতন ডাইনী বিদ্যা যার সব কিছুই মৃতদের সাথে যোগাযোগের নীতির উপর প্রতিষ্ঠিত। সেই প্রথম মিথ্যার উপর স্থাপিত যা শয়তান এদনে আদম ও হবাকে বলেছিল: "কোন ক্রমে মরিবে না; কেননা ঈশ্বর জানেন, যে দিন তোমরা তাহা খাইবে....তোমরা ঈশ্বরের সদৃশ হইয়া সদসদ-জ্ঞান প্রাপ্ত হইবে।" আদিপুস্তক ৩:৪, ৫। একই ভাবে মিথ্যার উপর প্রতিষ্ঠিত যাদুবিদ্যা প্রকৃত শয়তানেরই কাজ। PPBeng 497.4

প্রাচীন ঈশ্বর বলেছিলেন, "মৃতেরা কিছুই জানে না,... সূর্যের নীচে যে কোন কার্য করা যায়, তাহাতে কোন কালেও তাহাদের আর কোন অধিকার হইবে না।" উপদেশক ৯:৫, ৬। "তাহার শ্বাস নির্গত হয়, সে নিজ মৃত্তিকায় প্রতিগমন করে; সেই দিনেই তাহার সংকল্প সকল নষ্ট হয়।" গীতসংহিতা ১৪৬:৪। PPBeng 498.1

ঈশ্বর ইস্রায়েলদের নিকট ঘোষণা করেছিলেন, "আর যে কোন প্রাণী ভূতড়িয়া কিংবা গুণীদের অনুগমনে ব্যভিচার করিবার জন্য তাহাদের অভিমুখ হয়, আমি সেই প্রাণীর প্রতি বিমুখ হইয়া তাহার লোকদের মধ্য হইতে তাহাকে উচ্ছিন্ন করিব।" লেবীয় ২০:৬। PPBeng 498.2

"ভূতড়িয়া" মৃত লোকদের আত্মা নয়, কিন্তু তারা মন্দ আত্মা, শয়তানের প্রতিনিধি। ইস্রায়েলদের বিষয়ে গীতসংহিতায় বলা হয়েছে, "তাহারা আপনাদের পুত্রদিগকে, আর আপনাদের কন্যাদিগকে ভূতদের উদ্দেশে বলিদান করিল;" আর পরবর্তী পদে ব্যাখ্যা করে বলা হয়েছে যে তারা কনানীয় প্রতিমাগণের উদ্দেশে তাহাদিগকে বলিদান করিল। গীতসংহিতা ১০৬:৩৭, ৩৮। মৃত লোকদের উপাসনা করছিল। PPBeng 498.3

প্রেতাত্মাবাদের আসল রূপ

PPBeng 498

ঈশ্বর অতীতে যে ডাইনি বিদ্যা ও ভূতপূজা নিষেধ করেছিলেন আধুনিক প্রেতাত্মাবাদ তারই পুনঃ প্রকাশ। এটি সম্বন্ধে ঈশ্বরের পবিত্র বাক্যে ভবিষ্যদ্বাণী করা হয়েছিল, এবং বলা হয়েছিল, "উত্তরকালে কতক লোক ভ্রান্তি জনক আত্মাদিগেতে ও ভূতগণের শিক্ষামালায় মন দিয়া বিশ্বাস হইতে সরিয়া পড়িবে।" ১ তীমথিয় ৪:১। PPBeng 498.4

শেষকালে অনেক ভ্রান্ত শিক্ষকের আবির্ভাব হবে। ২ পিতর ২:১, ২। প্রেতাত্মাবাদের শিক্ষকরা খ্রীষ্টকে ঈশ্বরের পুত্র বলে স্বীকার করে না। ঐ সকল শিক্ষক সম্বন্ধে আমাদের প্রিয় যোহন বলেছেন, "যীশুই খ্রীষ্ট, ইহা যে অস্বীকার করে, সে বই আর মিথ্যাবাদী কে? সেই ব্যক্তি খ্রীষ্টারি, যে পিতাকে ও পুত্রকে অস্বীকার করে। যে কেহ পুত্রকে অস্বীকার করে, সে পিতাকেও পায় নাই;"। ১ যোহন ২:২২, ২৩। খ্রীষ্টকে অস্বীকার করার মাধ্যমে প্রেতাত্মাবাদ পিতা ও পুত্র উভয়কেই অস্বীকার করে, আর বাইবেল অনুসারে এটিই খ্রীষ্টের শত্রু। PPBeng 498.5

যে মোহের মাধ্যমে প্রেতাত্মাবাদ অগণিত লোকদের আকর্ষণ করে তা হল এটির এই প্রতারণা যে ইহা অন্ধকার ভবিষ্যকে দেখতে পায়। ঈশ্বর তাঁর বাক্যে আমাদের ভবিষ্যতের ঘটনাবলি সম্বন্ধে বলেছেন। আমাদের জন্য যতটুকু জানা প্রয়োজন, ততটুকুই জানিয়েছেন। কিন্তু শয়তানের কাজই হল ঈশ্বরের প্রতি মানুষের বিশ্বাসকে নষ্ট করে দেয়া, ঈশ্বর তাঁর জ্ঞানে যেটুকু আমাদের নিকট আড়াল করে রেখেছেন তা খুঁজে দেখার জন্য মানুষকে অনুপ্রাণিত করা, এবং তাঁর জ্ঞানে যেটুকু আমাদের নিকট আড়াল করে রেখেছেন তা খুঁজে দেখার জন্য মানুষকে অনুপ্রাণিত করা, এবং তাঁর পবিত্র বাক্যে যা প্রকাশ করেছেন তার প্রতি মানুষের মনে সন্দেহ সৃষ্টি করা। PPBeng 499.1

পৃথিবীর ঘটনাবলীর ব্যাখ্যা করতে না পারলে অনেকেই অস্থির হয়ে উঠেন। তারা অনিশ্চয়তা সহ্য করতে পারেন না এবং ঈশ্বরের মুক্তির অপেক্ষা করতে পারেন না। তাদের মধ্যে বিদ্রোহী মনোভাব সৃষ্টি হয় আর যা কিছু প্রকাশ করা হয় নি সে বিষয়ে জ্ঞান লাভের জন্য প্রচন্ড আবেগ নিয়ে এদিক সেদিক ছুটে বেড়ান। যদি তারা ঈশ্বরের উপর আস্থা স্থাপন করেন ও প্রার্থনা সহ অপেক্ষা করতে থাকেন, তবে তারা স্বর্গীয় শান্তি লাভ করবেন। PPBeng 499.2

ভবিষ্যতের পর্দা ছিঁড়ে ফেলার এই যে প্রয়াস আর শয়তান তার ভবিষ্যৎ ঘটনা প্রকাশের ক্ষমতার প্রতি লোকের আস্থা সৃষ্টি করে। ভ্রান্ত পথে চালিত ব্যক্তিদের তার ক্ষমতা আওতায় আনার জন্য সে তার যুগ যুগ ধরে লব্ধ অভিজ্ঞতা ব্যবহার করে কিছু কিছু ভবিষ্য ঘটনার সঠিক ভবিষ্যদ্বাণী করে থাকে। PPBeng 499.3

ঈশ্বরই তাঁর লোকদের আলো। তিনি চান যেন তারা মনের চোখের আড়ালে তার যে গৌরব লুকিয়ে আছে তার প্রতি দৃষ্টি নিবদ্ধ রাখে। তারা স্বর্গের ক্ষমতা হতে আলো পায় তাই শয়তানের প্রতিনিধির প্রতি তাকানোর তাদের কোন আকাঙ্খা নাই। PPBeng 499.4

শৌলের নিকট ভূতের সংবাদের উদ্দেশ্য ছিল না তাকে সংশোধন করা, বরং তাকে পূর্ণ ধ্বংস করাই ছিল এর লক্ষ্য। কিন্তু প্রায়ই তোষামোদের মাধ্যমে মানুষের ধ্বংস করাই প্রলোভনকারীর (অর্থাৎ শয়তানের) মূল লক্ষ্য। সত্যকে অবহেলা করা এবং অপবিত্রতাকে ঘোষণা করে যে মৃত্যু বলে কিছু নাই, পাপ বলে কিছু না, বিচার নাই, ও প্রতিফল্লও নাই; আকাঙ্খা ও কামনা পূরণ করাই সবোর্চ্চ নীতি, আর মানুষ কেবল নিজের কাছেই জবাবদিহী করবে। সত্য, পবিত্রতা, এবং সম্মান রক্ষার জন্য ঈশ্বর যে সকল বাধা সৃষ্টি করেছেন, সেগুলি ভেঙ্গে ফেলা হয়, আর অনেকেই পাপের পথে চলতে সাহসী হয়ে উঠেন। PPBeng 499.5

ঈশ্বর তার লোকদের পৃথিবীর জঘণ্য অবস্থা হতে বের করে আনছেন, যেন তারা তাঁর ব্যবস্থা পালন করতে পারে। এই জন্য "আমাদের ভ্রাতৃগণের উপরে দোষারোপকারী" সীমাহীন ক্রোধে আগুন হয়ে উঠে। "কেননা দিয়াবল তোমাদের নিকটে নামিয়া গিয়াছে; সে অতিশয় রাগাপন্ন, সে জানে তাহার কাল সংক্ষিপ্ত।" প্রকাশিত বাক্য ১২:১০, ১২। শয়তান ঈশ্বরের লোকদের ধ্বংস করার জন্য সংকল্পবদ্ধ, এবং সে তাদের অধিকার হতে বঞ্চিত করতে চায়। "তোমরা জাগিয়া থাক ও প্রার্থনা কর, যেন পরীক্ষায় না পড়;" (মার্ক ১৪:৩৮), এই বাক্য বর্ত্তমান কালেই সবচেয়ে বেশী উপযোগী।" PPBeng 500.1

অধ্যায় ৬৮—দায়ূদের কঠিনতম পরীক্ষা

PPBeng 501

যদিও তারা পলেষ্টীয়দের সাথে একত্রে যাত্রা করে যুদ্ধ ক্ষেত্রে উপস্থিত হয়েছিলেন, তথাপি দায়ূদ ও তার লোকেরা শৌল ও পলেষ্টীয়দের মধ্যে যুদ্ধে অংশ গ্রহণ করেন নাই। যখন দু'পক্ষের সৈন্যদল যুদ্ধের জন্য প্রস্তুত হল তখন যিশয়ের পুত্র একটি হতভম্বকর অবস্থায় পড়লেন। তিনি কি এখন অকৃতজ্ঞতার প্রমাণ দিয়ে তার নির্দিষ্ট স্থান হতে সরে পড়বেন এবং যে তাকে রক্ষা করেছিল সেই আখীশের প্রতি অবিশ্বস্ত হবেন? ঐ ধরণের কোন কাজ করলে তার নামে প্রচন্ড কলঙ্ক রটবে এবং তাকে শত্রু পক্ষের এমন ক্রোধের মুখে পড়তে হবে বা শৌলের শত্রুতার চেয়েও ভয়ঙ্কর হবে। PPBeng 501.1

তথাপি তিনি এক মুহূর্তের জন্যও এই চিন্তা মনে স্থান দিতে পারলেন না যে তিনি ইস্রায়েলের বিরুদ্ধে যুদ্ধ করবেন ও তার দেশের প্রতি বিশ্বাসঘাতকতা করবেন, আর ঈশ্বরও তাঁর লোকদের শত্রুতে পরিণত হবেন। PPBeng 501.2

এই ধরণের কাজ করলে ইস্রায়েলের সিংহাসনে আর তিনি কোন দিনই বসতে পারবেন না। আর যদি শৌল এই যুদ্ধে মারা পড়েন তবে তাকেই শৌলের হত্যার দায়ে দোষী করা হবে। PPBeng 501.3

এটি খুবই ভাল হত যদি তিনি তার লোকদের চরম শত্রুদের আশ্রয় না নিয়ে ঈশ্বরের শক্ত দুর্গ পর্বতরাজির মধ্যে আশ্রয় নিতেন। সদাপ্রভু তাঁর মহা অনুগ্রহের জন্য তার দাসকে এই ধরণের কষ্টদায়ক ও হতভম্বকর অবস্থায় ফেলে রেখে শাস্তি দিলেন না। যদিও দায়ূদ ঈশ্বরের দয়ার হাত ছেড়ে দিয়ে সততার পথ হতে সরে পড়েছিলেন, তথাপি তার হৃদয়ের অদৃশ্য বাসনা ছিল যে তিনি ঈশ্বরের পথে ঠিক থাকবেন। ঈশ্বরের দূতগণ পলেষ্টীয় অধিপতিদের মনে কাজ করলেন আর তারা এই যুদ্ধে দায়ূদ ও তার সৈন্যদের উপস্থিতির বিরুদ্ধে প্রতিবাদ জানাল। PPBeng 501.4

আখীশের নিকট এসে তারা প্রশ্ন তুলল, "এই ইব্রীয়েরা এখানে কি করে?" আখীশ উত্তর দিলেন, "এই ব্যক্তি কি ইস্রায়েলের রাজা শৌলের দাস দায়ূদ নয়? সে এতদিন ও এত বৎসর আমার সঙ্গে বাস করিতেছে, এবং যে দিন আমার পক্ষ হইয়াছে, তদবধি অদ্য পর্যন্ত ইহার কোন ত্রুটি দেখি নাই"। PPBeng 501.5

দায়ূদকে সিক্লগে ফের পাঠানো হয়

PPBeng 502

কিন্তু পলেষ্টীয় অধিপতিরা ক্রোধান্বিত ভাবে বলতে লাগলেন, "তুমি তাহাকে ফিরাইয়া পাঠাইয়া দাও; সে তোমার নিরূপিত আপন স্থানে ফিরিয়া যাউক, আমাদের সহিত যুদ্ধে না

আইসুক, পাছে সে যুদ্ধে আমাদের বিপক্ষ হয়; কেননা এই সব লোকের মুন্ড ছাড়া আর কিসে সে আপন কর্তাকে প্রসন্ন করিবে? একি সেই দায়ূদ নয়, যাহার বিষয়ে লোকরা নাচিয়া নাচিয়া পরস্পর গাহিত, 'শৌল বধিলেন সহস্র সহস্র, আর দায়ূদ বধিলেন অযুত অযুত?' " তারা বিশ্বাস করতে পারল না যে দায়ূদ তার আপন লোকদের বিরুদ্ধে যুদ্ধ করবেন। যুদ্ধের চুড়ান্ত মুহূর্তে শৌলের সমস্ত সৈন্যের চাইতে তিনিই পলেষ্টীয়দের প্রচুর ক্ষতি করতে পারেন। PPBeng 502.1

আখীশ দায়ূদকে ডেকে বললেন, "জীবন্ত সদাপ্রভুর দিব্য, তুমি সরল লোক,...কেননা তোমার আসিবার দিন অবধি অদ্য পর্যন্ত আমি তোমার কোন দোষ পাই নাই, তথাচ ভূপালগণ তোমার উপরে তুষ্ট নন। অতএব এখন কুশলে ফিরিয়া যাও, পলেষ্টীয়দের ভূপালগণের দৃষ্টিতে যাহা মন্দ তাহা করিও না।" এই ভাবে দায়ূদ যে জালে জড়িয়ে পড়েছিলেন তা ছিড়ে ফেলা হল। PPBeng 502.2

তিন দিন ভ্রমণের পর দায়ূদ ও তার ছয়শ' সাক্ষীরা প্যালেষ্টাইনে তাদের বাটী সিক্লগে উপস্থিত হলেন। কিন্তু তাদের নজরে এল এক ধ্বংসের দৃশ্য। তাদের রাজ্য আক্রমণের জন্য অমালেকীয়েরা প্রতিশোধ নিয়েছে; যখন শহর অরক্ষিত ছিল তখন তারা আকস্মিক আক্রমণ চালিয়ে শহরটি লুট করেছে ও পুড়িয়ে দিয়েছে; আর সকল শিশুদের ও স্ত্রীলোকদের ধরে নিয়ে গিয়েছে। PPBeng 502.3

ভয়ে ও বিস্ময়ে হতবাক্ হয়ে দায়ূদ ও তার লোকেরা এই ধ্বংস যজ্ঞের দিকে তাকিয়ে রইলেন। পরে এই ধ্বংসাত্মক অবস্থার পূর্ণ অনুভূতি যখন তাদের মধ্যে ফিরে এল, তখন এই যুদ্ধে ভীত যোদ্ধারা "উচ্চৈঃস্বরে কাঁদিতে লাগিলেন, শেষে কাঁদিতে তাহাদের আর শক্তি রহিল না।" PPBeng 502.4

বিশ্বাসের যে দুর্বলতার জন্য দায়ূদ ঈশ্বর ও তাঁর লোকদের শত্রুদের মধ্যে আশ্রয় নিয়েছিলেন, তার জন্য এখানে আবারও তিনি তিরস্কৃত হলেন। অমালেকীয়দের আক্রমণ করে দায়ূদ তাদের ক্রোধের সঞ্চার করেছিলেন। তথাপি শত্রুদের মধ্যে থেকেও নিরাপত্তার পূর্ণ আস্থা রেখে তিনি শহরটি অরক্ষিত রেখে চলে গিয়েছিলেন। দুঃখে ও ক্রোধে উন্মাদ হয়ে সৈন্যরা তাদের নেতাকে পাথর মারতে উদ্যত হল। PPBeng 502.5

দায়ূদের হতাশ হয়ে পড়ার মহা প্রলোভন

PPBeng 503

পৃথিবীতে দায়ূদের কাছে যা কিছু প্রিয় ছিল সেগুলি তার নিকট হতে ছিনিয়ে নেয়া হয়েছে। শৌল তাকে নিজ দেশ হতে তাড়িয়ে দিয়েছিলেন; অমালেকীয়েরা তার শহর লুট ও ধ্বংস করেছিল; তার স্ত্রীদের ও তার সন্তানদের বন্দী করা হয়েছিল; আর তার বন্ধুরা তাকে হত্যা করার ভয় দেখাচ্ছিল? PPBeng 503.1

এই চরম মুহূর্তে দায়ূদ সাহায্যের জন্য ঈশ্বরের পানে তাকালেন। তিনি "আপন ঈশ্বর সদাপ্রভুতে আপনাকে সবল করিলেন", এবং ঈশ্বরের অনুগ্রহের অনেক প্রমাণ স্মরণ করলেন। তার হৃদয়ের চিন্তা ছিল, "যে সময়ের আমার ভয় লাগে, আমি তোমাতে নির্ভর করিব।" গীতসংহিতা ৫৬:৩। যদিও এই বিপদ হতে উদ্ধারের কোন উপায় তিনি পাচ্ছিলেন না, তিনি বিশ্বাস রাখলেন যে ঈশ্বর তাকে দেখিয়ে দেবেন কি করতে হবে। PPBeng 503.2

যাজক অবিয়াথরকে এনে "দায়ূদ সদাপ্রভুর কাছে এই বাক্য জিজ্ঞাসা করিলেন, ঐ সৈন্যদলের পশ্চাতে পশ্চাতে গেলে আমি কি তাহাদের লাগাল পাইব?" উত্তর হল, "তাহাদের পশ্চাতে পশ্চাতে তাড়া করিয়া যাও, নিশ্চয়ই তাহাদের লাগাল পাইবে, ও সকলকে উদ্ধার করিবে।" PPBeng 503.3

দায়ূদ ও তার সৈন্যরা তাদের পলায়নরত শত্রুদের পেছনে ছুটে চলেন। তারা এত দ্রুত ছুটে চলছিলেন যে তাদের দলের দু'শত জন ক্লান্ত হয়ে পেছনে পড়ে রইলেন। PPBeng 503.4

এগিয়ে গিয়ে তারা একজন মিস্ত্রীয় ক্রীতদাকে পেলেন যে ক্লান্তিতে ও ক্ষুধায় মৃতপ্রায় ছিল। কিছু পানীয় ও খাবার পাওয়ার পর সে সতেজ হয়ে উঠল। আক্রমণকারী সেনারা মরে যাবার জন্য তাকে পথে ফেলে চলে গিয়েছিল। তাকে হত্যা করা হবে না এই প্রতিজ্ঞা আদায় করার পর সে দায়ূদকে তাদের শত্রুদের শিবিরে নিয়ে যেতে রাজী হল। PPBeng 503.5

যখন তারা শিবিরের নিকটবর্তী হলেন, তখন এক মাতলামীর দৃশ্য তাদের নজরে পড়ল। বিজয়ী বাহিনী "সমস্ত ভূমি ছড়াইয়াছিল, ভোজন, পান ও উৎসব করিতেছিল, কারণ পলেষ্টীয়দের দেশ ও যিহূদার দেশ হইতে তাহারা প্রচুর লুটদ্রব্য জিনিস আনিয়াছিল।" তাক্ষণিক আক্রমণ চালানোর আজ্ঞা দেয়া হল। অমালেকীয়েরা হতভম্ব ভাবে বিশৃঙ্খল হয়ে পড়ল। প্রায় সমস্ত সৈন্য বাহিনীকে হত্যা না করা পর্যন্ত যুদ্ধ চালিয়ে যাওয়া হল। "আর আমালেকীয়েরা যাহা কিছু লইয়া গিয়াছিল, দ দায়ুদ সে সব উদ্ধার করিলেন, বিশেষতঃ দায়ূদ আপনার দুই স্ত্রীকে মুক্ত করলেন। তাহাদের ছোট কি বড়, পুত্র কি কন্যা, অথবা দ্রব্য সামগ্রী প্রভৃতি যাহা কিছু উহারা লইয়া গিয়াছিল, তাহার কিছুই ত্রুটি হইল না; দায়ুদ সমস্তই ফিরাইয়া আনিলেন। PPBeng 503.6

ঈশ্বরের রক্ষাকারী ক্ষমতা উপস্থিত না থাকলে অমালেকীয়েরা সিক্লগের সমস্ত লোকদেরই মেরে ফেলত। অনেক বন্দীদের দেশে নিয়ে গিয়ে বিক্রী করে তাদের বিজয়কে অত্যন্ত লাভজনক করে তোলার জন্য তারা বন্দীদের বাঁচিয়ে রাখার সিদ্ধান্ত নিয়েছিল। এই ভাবে অজ্ঞাতসারে তারা ঈশ্বরের লক্ষ্য পূরণ করল, আর বন্দীরা তাদের পিতা ও স্বামীর সাথে পুনর্মিলিত হবার জন্য বেঁচে থাকল। PPBeng 504.1

মন্দকে বাধা দেবার জন্য ঈশ্বর সর্বদাই কাজে লিপ্ত

PPBeng 504

অত্যন্ত আনন্দের সাথে বিজয়ীরা ঘরের দিকে ফিরে চলল। চারশ’ জনের যারা অধিক উচ্ছৃঙ্খলা ছিল তারা দাবী তুলল যে যারা যুদ্ধে অংশ গ্রহণ করে নি তারা লুটের মালের ভাগ পাবে না। কিন্তু দায়ূদ এ ধরণের কোন বন্দোবস্তের অনুমতি দিলেন না। তিনি বললেন, “হে আমার ভ্রাতৃগণ, সদাপ্রভু ..... আমাদিগকে যাহা দিলেন, তাহা লইয়া তোমরা এরূপ করিও না। ...... যে যুদ্ধে যায়, সে যেমন অংশ পাইবে, যে জিনিস পত্রের নিকট থাকে, সেও তদ্রূপ অংশ পাইবে; উভয়ের সামান অংশ লইবে।” PPBeng 504.2

দায়ুদ ও তার দল অমালেকীয়দের অনেক মেষ ও পশু ধরে নিয়ে এসেছিলেন। ঐ গুলিকে বলা হচ্ছিল “দায়ূদের লুটের মাল” আর সিক্লগে ফেরার পর তিনি তার নিজ বংশ যিহূদার প্রাচীনদের নিকট এগুলি হতে উপহার পাঠালেন। যখন তিনি ও তার সঙ্গীরা পর্বতের গুহায় বাস করত, আর যখন তাকে প্রাণ ভয়ে পালাতে হয়েছিল। তখন যারা তাদের সহিত বন্ধুত্ব স্থাপন করেছিল, তাদের প্রত্যেককেই উপহার পাঠানোর সময় স্মরণ করা হল । কাতারা দায়ূদ ও তার সাথীরা যখন তাদের ধ্বংসপ্রাপ্ত ঘর তৈরী করছিলেন, তখন তারা ইস্রায়েল ও পলেষ্টীয়দের মধ্যে যুদ্ধের খবর সংগ্রহের চেষ্টায়ও রত ছিলেন। সহসা একজন সংবাদ দাতা শহরে প্রবেশ করল, “তাহার কাপড় ছেড়া ও মাথায় মাটি ছিল।” তাকে তৎক্ষণাৎ দায়ূদের নিকট আনা হল এবং সে তার সামনে এমন ভাবে কুর্নিশ করল যেন সে একজন খুবই ক্ষমতাবান রাজপুত্রের সামনে বিশেষ অনুগ্রহের প্রত্যাশা করছিল। পলাতক শৌলের পরাজয় ও মৃত্যুর খবরও দিল। কিন্তু সে সাধারণ ভাবে ঘটনা ব্যক্ত করার চেয়ে আরো অতিরিক্ত কিছু বলল। ভ্রমণকারী রাজার হত্যাকারীরূপে সম্মান লাভের প্রত্যাশা করল। সে গর্ব ভরে বল্ল যে সে ইস্রায়েলের রাজাকে আহত অবস্থায় পেয়েছিল, এবং তার অনুরোধেই সে হত্যা করেছিল। সে তার মাথার মুকুট ও সোনার বাজুবন্দ দায়ূদের জন্য নিয়ে এসেছিল। সে যে কাজ করেছিল তার জন্য সে নিশ্চিত ভাবেই কিছু উপহার আশা করছিল। PPBeng 504.3

দায়ূদ শৌলের জন্য শোক করেন

PPBeng 505

কিন্তু “দায়ূদ নিজ পোশাক ধরিয়া ছিঁড়িলেন, এবং তাহার সঙ্গীরাও সকলে সেইরূপ করিল। আর শৌল, তাহার পুত্র যোনাথন, সদাপ্রভুর প্রজাগণ ও ইস্রায়েলের কুল খড়্গেগ পতিত হওয়াতে তাঁহাদের বিষয়ে তাঁহারা শোক ও বিলাপ এবং সন্ধ্যা পর্যন্ত উপবাস করিলেন।” PPBeng 505.1

ভয়ঙ্কর সংবাদের প্রাথমিক ধাক্কা কাটিয়ে উঠার পর দায়ূদের সংবাদদাতা ভ্রমণকারীর প্রতি ও তার স্বীকারোক্তি মোতাবেক তার অপরাধের প্রতি মনোনিবেশ করলেন। “তুমি কোথাকার লোক?” সে উত্তর দিল, “আমি একজন প্রবাসীর পুত্র, অমালেকীয়। দায়ূদ

তাহাকে বলিলেন, সদাপ্রভুর অভিষিক্ত ব্যক্তিকে সংহার করিবার জন্য আপন হস্ত বিস্তার করিতে তুমি কেন ভীত হইলে না?” যে ঈশ্বরের আজ্ঞা মোতাবেক ইস্রায়েলের শাসন করার জন্য অভিষিক্ত হয়েছিলেন তার বিরুদ্ধে হাত উঠাতে দায়ূদ দু'বার অস্বীকার করেন। তথাপি অমালেকীয় সেই অপরাধ স্বীকার করেছিল যা মৃত্যুদন্ড লাভের উপযোগী। দায়ূদ বললেন, “তোমার রক্তপাতের অপরাধ তোমার মাথায় পড়ুক; কেননা তোমারই মুখ তোমার বিরুদ্ধে সাক্ষ্য দিয়েছে, তুমিই বলিয়াছ, আমিই সদাপ্রভুর অভিষিক্ত ব্যক্তিকে বধ করিয়াছি।” PPBeng 505.2

শৌলের মৃত্যুতে দায়ূদের শোক প্রকাশ আন্তরিক ও সত্যিকার ছিল, যা তার চরিত্রের উদারতার প্রমাণ। তার শত্রুর মৃত্যুতে তিনি আনন্দিত হন নাই। ইস্রায়েলের সিংহাসনে বসার তার বাধা দূরীভূত হয়েছিল, কিন্তু এতে তিনি সুখী ছিলেন না। এখন শৌলের ইতিহাসের ভিতর যা কিছু উদার ও মহানুভব ছিল তাই স্মরণ করা হল। শৌলের নাম যোনাথনের নামের সাথে যোগ কারা হল, যে যোনাথনের বন্ধুত্ব ছিল খাঁটি ও স্বার্থপরতাহীন। যে গান দ্বারা দায়ূদ তার হৃদয়ের আবেগ প্রকাশ করেছিলেন তা পরবর্তী কালে তার জাতির জন্য ও যুগে যুগে ঈশ্বরের লোকদের নিকট এক অমূল্য সম্পদে পরিণত হয়েছিল। ২ শয়েল ১:১৯-২৭ পদ দেখুন। PPBeng 505.3

অধ্যায় ৬৯—অবশেষে দায়ূদ রাজারূপে অভিষিক্ত হন

PPBeng 506

যে বিপদ দায়ূদকে নির্বাসিত জীবন যাপনে বাধ্য করেছিল, শৌলের মৃত্যুর পর তা দূরীভূত হল। নিজ দেশে ফিরে যাবার তার পথ খুলে গেল। “তৎপরে দায়ূদ সদাপ্রভুর কাছে জিজ্ঞাসা করিলেন, আমি কি যিহূদার কোন এক নগরে উঠিয়া যাইব? সদাপ্রভু কহিলেন, যাও। পরে দায়ূদ জিজ্ঞাসা করিলেন, কোথায় যাইব? তিনি বলিলেন, হিব্রোণে।” PPBeng 506.1

দায়ূদ ও তার সঙ্গীরা এই আজ্ঞা মানার জন্য দ্রুত প্রস্তুতি নিলেন। যখন উটের বহর শহরে প্রবেশ করল, তখন যিহূদার লোকেরা দায়ূদকে ইস্রায়েলের ভবিষ্যৎ রাজারূপে জানানোর জন্য অপেক্ষা করেছিল। তার অভিষেকের জন্য জরুরী ভিত্তিতে প্রস্তুতি গ্রহণ করা হল। “পরে যিহূদার লোকেরা আসিয়া সেই স্থানে দায়ূদকে যিহূদার কুলের উপরে রাজপদে অভিষেক করিল।” কিন্তু অন্যান্য বংশের উপর তার কর্তৃত্ব স্থাপন করার কোনই চেষ্টা করা হল না। PPBeng 506.2

যিহুদিরা দায়ূদকে রাজারূপে গ্রহণ করায় পলেষ্টীয়েরা তাদের কোন বাধা দান করে নি। তারা আশা করল যে তার প্রতি অতীতে তারা দয়া প্রদর্শন করেছিল বলে দায়ূদের ক্ষমতা বৃদ্ধিতে তাদের লাভই হবে। কিন্তু দায়ূদের রাজত্বকাল বিপদ বিহীন ছিল না। PPBeng 506.3

ঈশ্বর দায়ূদকে ইস্রায়েল জাতির উপর রাজা মনোনীত করেছিলেন, কিন্তু যখন শৌলের পুত্র ইশবোশকে ইস্রায়েলে এক প্রতিপক্ষ রাজারূপে স্থাপন করা হল, তখন যিহূদার লোকেরা দায়ূদের কর্তৃত্বকে স্বীকৃতি জানাল না। ইশবোশৎ শৌলের বংশের সবচেয়ে দুর্বল, ও অযোগ্য প্রতিনিধি ছিলেন, পক্ষান্তরে দায়ূদ ছিলেন অত্যন্ত উপযুক্ত ব্যক্তি। ইবোশকে রাজত্বের ক্ষমতা দান করায় অনের ছিলেন প্রধান ব্যক্তি। তিনি জানতেন যে দায়ূদকে ঈশ্বর নিজেই ক্ষমতা প্রদান করেছিলেন, তথাপি তিনি চাচ্ছিলেন না যে যিশয়ের পুত্র রাজত্ব লাভ করে। PPBeng 506.4

অবনের ছিলেন উচ্চাকাঙ্খী ও নীতিহীন। যাকে ঈশ্বর ইস্রায়েলদের উপর রাজত্ব করার জন্য বেছে নিয়েছিলেন, শৌলের প্রভাবে তিনি সেই ব্যক্তিকেই ঘৃণা করতেন। আর শৌল যখন ঘুমন্ত অবস্থায় ছিলেন ও দায়ূদ তার মাথার কাছ হতে জলের জগ ও বল্লম নিয়ে গিয়েছিলেন এবং অবনেরকে এ জন্য কঠোর তিরস্কার করেছিলেন, তখন হতে দায়ূদের প্রতি অনেরের ঘৃণা আরো বেড়ে যায়। PPBeng 507.1

তিনি ইস্রায়েলের বিভেদ সৃষ্টি করে নিজেকে আরো উন্নত করার জন্য, গত রাজার প্রতিনিধিকে ক্ষমতায় স্থাপন করলেন। তিনি জানতেন যে শৌলের প্রাথমিক কৃতকার্য্যতা সৈন্যরা তখনও ভুলে যায় নি। দৃঢ় সংকল্প সহকারে এই বিদ্রোহী নেতা তার পরিকল্পনা বাস্তবায়নে এগিয়ে গেলেন। PPBeng 507.2

যদ্দনের অন্য প্রান্তে মহনয়িমে রাজার বাসস্থান নির্মাণ করা হল। এর মানেই ইশবোশতের অভিষেক করা হল। যিহূদা ছাড়া সারা ইস্রায়েলেই তার রাজত্ব ব্যাপ্ত হল। দু' বসর পর্যন্ত শৌলের পুত্র তার বিচ্ছিন্ন রাজধানীতে বসে রাজত্বের সম্মান উপভোগ করলেন। কিন্তু সমস্ত ইস্রায়েলে তাদের আধিপত্য বিস্তারের লক্ষ্যে অবনের আক্রমণাত্মক যুদ্ধের প্রস্তুতি নিলেন। এবং "শৌলের বংশে ও দায়ূদের বংশে পরস্পর অনেকদিন যুদ্ধ হইল; তাহাতে দায়ূদ শক্তিশালী হইয়া উঠিতে লাগিলেন, কিন্তু শৌলের বংশ ছোট হইয়া পড়িতে লাগিল।" PPBeng 507.3

ঈশবোশতের অযোগ্যতায় ক্রোধান্বিত হয়ে অবশেষে অনের তাকে ত্যাগ করে দায়ূদের পক্ষে যোগ দিলেন, এবং ইস্রায়েলের সমস্ত বংশকে তার (দায়ূদের) নিকট নিয়ে আসার প্রস্তাব দিলেন। তার প্রস্তাব গ্রহণ করা হল। কিন্তু এতে দায়ূদের সৈন্যদের প্রধান সেনাপতি যোয়াব ঈর্ষান্বিত হলেন। ইস্রায়েল ও যিহুদার মধ্যে যুদ্ধের সময় অবনের, যোয়াবের ভাই, অসাহেলকে হত্যা করেছিলেন বলে অবনের ও যোয়াবের মধ্যে এক রক্তক্ষয়ী বিবাদ ছিল। তাই এখন যোয়াব এক ঘৃণ্য কৌশলে অনেরকে আক্রমণ করে তাকে হত্যা করলেন। PPBeng 507.4

কাতার এই বিশ্বাস ঘাতকতা মূলক হত্যার কথা শুনে দায়ূদ চিৎকার করে বললেন, "নেরের পুত্র অনেরের রক্তপাত বিষয়ে আমি ও আমার রাজত্ব সদাপ্রভুর সাক্ষাতে চিরকাল নির্দোষ। সেই রক্ত যোয়াবের...উপরে বর্তুক।" রাজ্যের অশান্ত অবস্থার জন্য ও হত্যাকারীদের ক্ষমতার জন্য দায়ূদ তক্ষণা এই হত্যার বিচার করতে পারলেন না, তথাপি তিনি সর্বসমক্ষে এর বিরুদ্ধে তার ঘৃণা প্রকাশ করলেন। প্রধান শোককারীরূপে রাজা অনেরের কফিনের পেছনে পেছনে গেলেন, আর কবর খানায় তিনি এমন একটি বিলাপ-সঙ্গীত রচনা করলেন যা হত্যাকারীদের প্রতি একটি কঠিন তিরস্কার স্বরূপ ছিল, PPBeng 508.1

"যেমন মূঢ় মরে, তেমনি কি মরিলেন অবনের? ...

সী যেমন কেহ অন্যায়ীদের সম্মুখে পড়ে, PPBeng 508.2

তেমনি পড়িলে তুমি।"

যে তার ঘোর শত্রু ছিল তার প্রতি দায়ূদের স্বীকারোক্তি সকলের প্রশংসা লাভ করল। "আর নেরের পুত্র অনেরের হত্যা রাজা হইতে হয় নাই, ইহা সমস্ত লোক ও সমস্ত ইস্রায়েল সেই দিবসে জানিতে পারিল।" আর ব্যক্তিগত বিশ্বস্ত পরামর্শদাতা ও সাথীদের নিকট রাজা স্বীকার করলেন যে যেভাবে তিনি হত্যাকারীদের শাস্তি দিতে চান ঠিক সেই ভাবে শাস্তি দিতে তিনি তখন অপারগ ছিলেন। তিনি বিচারের জন্য তাদের ঈশ্বরের হাতে সমর্পণ করলেন। "সদাপ্রভু দুষ্ক্রিয়াকারীকে তাহার দুষ্টতানুরূপ প্রতিফল দিউন।" PPBeng 508.3

'পরে যখন শৌলের পুত্র শুনিলেন যে, অবনের হিব্রোণে মরিয়া গিয়াছেন, তখন তাঁহার হাত দুর্বল হইল, এবং সমস্ত ইস্রায়েল বিহবল হইল।” আর আরেকটি বিশ্বাস ঘাতকতা দুর্বল শক্তির অবসান ঘটাল। ঈশ্ববোশতের দু' জন সেনানায়ক তাকে হত্যা করলেন, আর তারা তার মস্তক কেটে নিয়ে যিহূদার রাজার নিকট এই আশা নিয়ে উপস্থিত হলেন যে তারা তার অনুগ্রহ লাভ করবেন। PPBeng 508.4

দায়ূদ তার শত্রুর হত্যাকারীদের শাস্তি দেন

PPBeng 509

কিন্তু দায়ূদ তার ক্ষমতা বৃদ্ধির জন্য বিশ্বাস ঘাতকদের সহায়তা চান নি। শৌলের হত্যাকারীর যে দশা হয়েছিল তা তিনি এই হত্যাকারীদের নিকট বর্ণনা করলেন। তিনি আরো বললেন, “এখন যাহারা ধার্মিক ব্যক্তিকে তাঁহারই গৃহ মধ্যে তাঁহার খট্টার উপর হত্যা করিয়াছে, সেই দুষ্ট লোক যে তোমরা, আমি তোমাদের হইতে তাহার রক্তের প্রতিশোধ কি আরও লইব না? পৃথিবী হইতে কি তোমাদিগকে উচ্ছেদ করিব না? পরে দায়ূদ আপন যুবকদিগকে আজ্ঞা দিলে তাহারা তাহাদিগকে বধ করিল।” PPBeng 509.1

ঈশ্ববোশতের মৃত্যুর পর ইস্রায়েলের নেতাদের মনে এই ধারণা উপস্থিত হল যে দায়ূদই সমস্ত বংশের উপর রাজত্ব করুন। তারা ঘোষণা দিলেন, “আপনিই ইস্রায়েলকে বাহিরে লইয়া যাইতেন ও ভিতরে আনিতেন। আর সদাপ্রভু আপনাকে বলিয়াছিলেন, তুমিই আমার প্রজা ইস্রায়েলকে চরাইবে ও ইস্রায়েলের নায়ক হইবে। এইরূপে প্রাচীনেরা সকলে রাজার নিকটে আসিলেন; তাহাতে দায়ূদ রাজা হিব্রোণে সদাপ্রভুর সাক্ষাতে তাঁহাদের সহিত নিয়ম করিলেন।” এইরূপে ঈশ্বরের ইচ্ছায় তার ক্ষমতায় বসার পথ তৈরী হল। PPBeng 509.2

লোকদের মনোভাবের পরিবর্তন হওয়া অত্যন্ত প্রয়োজনীয় ছিল। যে কাজ তারা করছিলেন তার উপযুক্ত এই অভ্যুত্থান ছিল নীরব ও গম্ভীর। শৌলের আগেকার প্রজাদের প্রায় পাঁচ লক্ষ প্রজা হিব্রোণ ও তার আসে পাশে এসে জড় হলেন । অভিষেকের সময় নির্ধারণ করা হল। যে লোককে শৌলের দরবার হতে বহিষ্কৃত করা হয়েছিল, যে লোক তার জীবন বাঁচানোর জন্য পাহাড়ে পাহাড়ে ও পর্বতের গুহায় গুহায় পালিয়ে বেড়াতেন, মানুষ দ্বারা যত উচ্চ সম্মান প্রদান সম্ভব তা এখন সেই লোক লাভ করতে চলছেন। যাজকগণ, প্রাচীনগণ, ঝকমকে উজ্জল বড়শা ও শিরস্ত্রাণ বিশিষ্ট সৈন্যদল, দূর হতে আগত বিদেশীগণ, সকলেই এই অভিষেক দেখার জন্য একত্রিত হয়েছিলন। PPBeng 509.3

দায়ূদকে রাজকীয় পোশাক পরিয়ে দেয়া হল। মহা-যাজক পবিত্র তৈল নিয়ে তার মাথায় দিলেন, আর এখন বোঝা গেল যে শয়েল কর্তৃক অভিষেকটি ছিল ভবিষ্যতে যা ঘটবে তারই একটি ভবিষ্যদ্বাণীর ইঙ্গিত। সময় উপস্থিত হল, এবং দায়ূদকে ঈশ্বরের প্রতিনিধিরূপে তার পদে উসর্গ করা হল । তার হাতে রাজ-দন্ড তুলে দেয়া হল। তার ধার্মিকতার রাজত্বের

চুক্তি লিখিত হল এবং লোকেরা তাদের আনুগত্যের অঙ্গীকার দিল। ইস্রায়েল এখন ঈশ্বর কর্তৃক নিয়োযিত এক রাজা পেল। PPBeng 510.1

যে অপেক্ষা সহকারে ঈশ্বরের উপর নির্ভর করেছিল, সে দেখতে পেল যে ঈশ্বরের প্রতিজ্ঞা পূর্ণ হল। “পরে দায়ূদ উত্তরোত্তর মহান্ হইয়া উঠিলেন, কারণ সদাপ্রভু, বাহিনীগণের ঈশ্বর, তাঁহার সহবর্তী ছিলেন।” ২ শমূয়েল ৫:১০। PPBeng 510.2

অধ্যায় ৭০—দায়ূদের সমৃদ্ধ রাজত্ব

PPBeng 511

হিব্রোণ হতে বিশ মাইল দূরে একটি স্থান নিরূপণ করা হল, যা হবে ভবিষ্য রাজত্বের রাজধানী শহর। এর নাম ছিল সালেম। আট শ’ বসর আগে এটি ছিল সর্বশক্তিমানের যাজক মল্কীষেদকের বাসস্থান। এটি দেশের কেন্দ্র স্থলে ছিল এবং চতুর্দিকের পাহাড় দ্বারা রক্ষিত ছিল। বিন্যামীন ও যিহুদার সীমায় অবস্থিত, এটি ইফ্রায়িমের নিকটবর্তী ছিল এবং অন্যান্য বংশের সহজ নাগালের আওতায় ছিল। PPBeng 511.1

এই স্থানটিকে নিরাপদ করার জন্য যিহূদীদের প্রয়োজন হল বাকী কনানীয়দের তাড়িয়ে দেয়া, ঐ কনানীয়েরা সীয়োন ও মোরিয়া পাহাড়ে শক্ত ঘাটি তৈরী করেছিল। ঐ শক্ত ঘাটির নাম ছিল যিবূষ আর এর অধিবাসীদের নাম ছিল যিবূষীয়। অনেক শতাব্দি ধরে যিষীকে অলক্ষণীয় মনে করা হত। কিন্তু যোয়াবের নেতৃত্বাধীনে ঐ স্থানটি অবরোধ ও অধিকার করা হল, আর এর ফল স্বরূপ যোয়াবকে ইস্রায়েল সৈন্যদলের সেনাপতিতে উন্নীত করা হল। যিবূষ জাতীয় রাজধানীতে পরিণত হল, আর এর পৌত্তলিক নামকে যিরূশালেম নামে রূপান্তরিত করা হল। PPBeng 511.2

যিরূশালেমে একটি প্রাসাদ তৈরী করার জন্য সোরের রাজা হীরম দায়ূদের সহযোগীতা করলেন। সোর হতে নির্মাতা, কর্মী ও মূল্যবান দ্রব্যাদিসহ দূত পাঠান হল। PPBeng 511.3

দায়ূদের অধীনে জোট বদ্ধ ইস্রায়েলের শক্তি বৃদ্ধি পাওয়ায় পলেষ্টীয়রা তাদের প্রতি শত্রু ভাবাপন্ন হয়ে উঠল, আর তারা ইস্রায়েলদের দেশ আক্রমণ করল ও যিরূশালেম হতে মাত্র অল্প দূরে অবস্থান নিল। দায়ূদ তার সৈন্যবাহিনীসহ সীয়োনে অবস্থান গ্রহণ করলেন। তখন দায়ূদ সদাপ্রভুর কাছে জিজ্ঞাসা করলেন, “আমি কি পলেষ্টীয়দের বিরুদ্ধে উঠিয়া যাইব? তুমি কি আমার হস্তে তাহাদিগকে সমর্পণ করিবে? সদাপ্রভু দায়ূদকে বলিলেন, যাও, আমি অবশ্য তোমার হস্তে পলেষ্টীয়দিগকে সমর্পণ করিব।” PPBeng 511.4

দায়ূদ তৎক্ষণাৎ তাদের বিরুদ্ধে অভিযান চালালেন, তাদের পরাজিত করলেন, এবং তারা বিজয় নিশ্চিত করার জন্য যে সকল দেবতাদের এনেছিল সেগুলি তাদের কাছ থেকে ছিনিয়ে নিলেন। এই পরাজয়ে হতাশ হয়ে পলেষ্টীয়েরা আরো বৃহ একদল সৈন্য জোগাড় করে যুদ্ধের জন্য ফিরে এল। আবার দায়ূদ সদাপ্রভুর কাছে জানতে চাইলেন তিনি কি করবেন এবং মহান “আমিই আমি” (ঈশ্বরের আরেকটি নাম) ইস্রায়েল সৈন্য পরিচালনার ভার গ্রহণ করলেন। PPBeng 511.5

ঈশ্বর দায়ূদকে নির্দেশ দিলেন, “তুমি যাইও না, কিন্তু... বাকা বৃক্ষরাজির সম্মুখে উহাদিগকে আক্রমণ কর। সেই সকল বাকা বৃক্ষের শিখরে...শব্দ শুনিলে তুমি উদ্যোগ করিবে; কেননা তখনই সদাপ্রভু পলেষ্টীয়দের সৈন্যকে আঘাত করিবার জন্য তোমার

সামনে অগ্রসর হইয়াছেন।” দায়ূদ যদি শৌলের মত নিজ পথ ও মত অবলম্বন করতেন তবে, তার কোন বিজয়-লাভ ঘটত না। কিন্তু সদাপ্রভু যে ভাবে আক্রমণ করার আজ্ঞা দিলেন, তিনি সে ভাবেই আক্রমণ করলেন, এবং “তাঁহার লোকেরা গিবিয়োন অবধি গেষর পর্য্যন্ত পলেষ্টীয়দের সৈন্যদলকে আঘাত করিল। আর দায়ূদের কীর্ত্তি সমস্ত দেশে ব্যাপিল, এবং সদাপ্রভু সর্ব জাতির মধ্যে তাঁহা হইতে ভয় উপস্থিত করিলেন।” ১ বংশাবলি ১৪:১৬, ১৭। PPBeng 512.1

নিয়ম-সিন্দুক যিরূশালেমে ফেরৎ আনা হয়

PPBeng 512

যখন দায়ূদ সিংহাসনে শক্ত ভাবে প্রতিষ্ঠিত হলেন, তখন তিনি তার কাম্য লক্ষ্য বাস্তবায়নে মনোযোগী হলেন আর ঐ লক্ষ্য ছিল নিয়ম-সিন্দুক যিরূশালেমে নিয়ে আসা। এটা অবশ্যই উপযুক্ত ছিল যে জাতীয় রাজধানী ঈশ্বরের উপস্থিতির প্রতীক দ্বারা গৌরবান্বিত হবে। দায়ূদের ইচ্ছা ছিল যে ঐ সময়টিকে মহা আনন্দ ও মনোহর দৃশ্য দ্বারা স্মরণীয় করে তোলা। লোকেরা সহজেই সাড়া দিল। মহা-যাজক ও অধিপতিগণ এবং বিভিন্ন বংশের প্রাচীনেরা কিরীয়া-যিয়ারিমে একত্রিত হলেন। পবিত্র আবেগে দায়ূদের মুখ উদ্ভাসিত হয়ে উঠল। নিয়ম-সিন্দুক অবীনাদবের ঘর হতে বের করে একটি নতুন গোরুর গাড়ীতে রাখা হল, আর অবীনাদবের দুই ছেলে এর সাথে সাথে থেকে সেবা করতে লাগল। PPBeng 512.2

ইস্রায়েলের লোকেরা আনন্দের গান ও চিৎকার সহকারে এর পেছন পেছন চলতে লাগল, আর বাদ্য যন্ত্রের সাথে সাথে অগণিত কন্ঠে সুরও ধ্বনিত হতে লাগণ। “আর দায়ূদ ও ইস্রায়েলের সমস্ত বংশ সদাপ্রভুর সম্মুখে... বাদ্য যন্ত্র এবং সেতার, দুতারা, তাম্বুরা, বীণা, নেবল ও করতাল বাজাইলেন ।” গম্ভীর আনন্দ সহকারে বিশাল মিছিল অধিত্যকা ও উপত্যকা বেয়ে সর্পিল গতিতে পবিত্র শহরের দিকে এগিয়ে চল্ল। কিন্তু “তাহারা নাখোনের খামার পর্য্যন্ত গেলে উষ হাত বিস্তার করিয়া ঈশ্বরের সিন্দুক ধরিল, কেননা বলদজোড়া পিছলাইয়া পড়িয়াছিল। তখন উষের প্রতি সদাপ্রভুর ক্রোধ প্রজ্বলিত হইল, ও তাহার হঠকারিতা প্রযুক্ত ঈশ্বর সেই স্থানে তাহাকে আঘাত করিলেন; তাহাতে সে তথায় ঈশ্বরের সিন্দুকের পার্শ্বে মরিয়া গেল।” আনন্দকারীদের ভিতর ভীতির সূচনা হল। দায়ূদ অত্যন্ত সতর্ক হলেন, এবং ঈশ্বরের এই দন্ডাদেশ সম্পর্কে তার মনে প্রশ্ন উঠল। এই আনন্দকে দুঃখে ও কান্নায় পরিণত করার জন্য এই ভয়ানক দন্ড কেন প্রদান করা হল? তার কাছে নিয়ম-সিন্দুক রাখা নিরাপদ নয় মনে করে দায়ূদ সিদ্ধান্ত নিলেন যে সিন্দুকটি যতদূর আনা হয়েছে সেখানেই থাকবে। ওবদ-ইদোমের বাটীতে এটিকে রাখার জন্য স্থান পাওয়া গেল । PPBeng 512.3

ঈশ্বর যথাযথ বাধ্যতা দাবী করেন

PPBeng 513

একটি অত্যন্ত পরিষ্কার আজ্ঞা লঙঘনের জন্য ঊষের উপর ঈশ্বরের বিচার নেমে এসেছিল। হারোণের বংশধরকে যাজকগণ ছাড়া নিয়ম-সিন্দুক স্পর্শ করা অন্য সকলের জন্য নিষিদ্ধ ছিল, এমন কি ঢাকনা খোলা অবস্থায় এর প্রতি দৃষ্টি দেয়াও নিষিদ্ধ ছিল। ঈশ্বরের নির্দেশ ছিল, "কহাতের সন্তানগণ তাহা বহন করিতে আসিবে; কিন্তু তাহারা পবিত্র বস্তু স্পর্শ করিবে না, পাছে তাহাদের মৃত্যু হয়।" গণনা ৪:১৫। যাজকগণ নিয়ম-সিন্দুক ঢাকিবে, এবং তারপর কহাতীয়েরা সিন্দুকের দু'পাশের আঙটির মধ্যে আবদ্ধ কাঠ ধরে এটি উঠাবে। তারা নিয়ম-সিন্দুককে "স্কন্ধে করিয়া" বহন করবে। গণনা ৭:৯। সদাপ্রভুর নির্দেশের অমার্জনীয় অবহেলা করা হয়েছিল। PPBeng 513.1

দায়ূদ ও তার লোকেরা আনন্দ ও ইচ্ছুক চিত্তে একটি পবিত্র কাজে লিপ্ত ছিল, কিন্তু এটি সদাপ্রভুর নির্দেশ অনুসারে সম্পন্ন করা হচ্ছিল না। যাদের ঈশ্বরের ব্যবস্থা সম্বন্ধে কোন ধারণাই ছিল না, সেই পলেষ্টীয়েরাও যখন নিয়ম- সিন্দুক ইস্রায়েলের নিকট ফের এনেছিল, তখন তা একটি নতুন গোরুর গাড়ীর উপর স্থাপন করেছিল। কিন্তু এই সকল বিষয়ে ইস্রায়েলরা ঈশ্বরের নিকট হতে তাঁর ইচ্ছা সম্বন্ধে সহজ ভাষায় নির্দেশ লাভ করেছিল, আর ঐ সকল নির্দেশের অবহেলা করা ঈশ্বরের অপমান করার সমান ছিল। ঈশ্বরের ব্যবস্থা লঙঘন করায় পবিত্রতা সম্বন্ধে ঊষের বিবেক নিস্তেজ হয়ে পড়েছিল। স্বীকারোক্তিহীন পাপের বোঝা তার মাথায় ছিল, আর এর পর, ঈশ্বরের আজ্ঞা অমান্য করে, সে ঈশ্বরের উপস্থিতির প্রতীককে স্পর্শ করার সাহস করেছিল। কোন আংশিক বাধ্যতা ঈশ্বরের নিকট গ্রহণ যোগ্য নয়, অবহেলার সহিত তাঁর ব্যবস্থা মানার ভান করা চলে না। একজনের মৃত্যু যদি লোকদের অনুতাপ করার জন্য অনুপ্রানীত করে তবে হাজার হাজার লোক বিচার হতে রেহাই পেতে পারে। PPBeng 513.2

যারা ঈশ্বরকে প্রেম করে, নিয়ম-সিন্দুক তাদের জন্য আশীর্বাদ বয়ে নিয়ে আসে

PPBeng 514

তার নিজ হৃদয় পুরোপুরী ঈশ্বরের প্রতি বাধ্য নয়, এই ভেবে দায়ূদ নিয়ম-সিন্দুককে ভয় পেলেন, যদি কোন অজ্ঞাত পাপের জন্য তার উপরও বিচার নেমে আসে। কিন্তু ইহা ঈশ্বরের প্রতি বাধ্য লোকদের জন্য সদাপ্রভুর আশীর্বাদের প্রতীক এই ভেবে ওবেদ-ইদোম নিয়ম-সিন্দুককে তার বাটীতে স্বাগত জানালেন। ইস্রায়েলের সকল লোকেরা অপেক্ষা করে দেখতে লাগল তার পরিবারের প্রতি ইহা কি করে। "আর সদাপ্রভু ওবেদ-ইদোমকে ও তাহার সমস্ত বাটীকে আশীর্বাদ দান করিলেন।" ঈশ্বরের ব্যবস্থার পবিত্রতা ও নিখুঁৎ ভাবে তা প্রতিপালন করার গুরুত্ব তখন দায়ূদ খুব ভাল ভাবে অনুধাবন করলেন। PPBeng 514.1

তিন মাস পরে, তিনি সিদ্ধান্ত নিলেন যে নিয়ম-সিন্দুকটি আবার নিয়ে আসার চেষ্টা করবেন, এবং এখন তিনি সদাপ্রভুর নির্দেশ পালন করার জন্য অত্যন্ত মনোযোগী হলেন। ওবেদ-ইদোমের বাটীর চারিদিকে আর একবার বিশাল জনতা সমবেত হল। ঈশ্বরের

নিয়োজীত লোকদের কাঁধে অত্যন্ত সম্মান সহকারে নিয়ম-সিন্দুক স্থাপন করা হল, আর কম্পিত হৃদয়ে বিশাল মিছিলটি এগিয়ে চলল। দায়ূদের আদেশে কিছু বলিদান করা হল। আর এখন আনন্দ ভয় ও কম্পনের স্থান অধিকার করল। রাজা এখন তার রাজকীয় পোশাক পরিত্যাগ করে যাজকদের অনুকরণে একটি সাধারণ কাপড়ের এফোদ পরিধান করলেন। (মাঝে মাঝে যাজক ছাড়া অন্যান্য লোকেরাও এফোদ পরিধান করতেন)। এই পবিত্র সেবা কাজে ঈশ্বরের সামনে তিনি তার প্রজাদের সমসাময়িক ভূমিকাই গ্রহণ করবেন। শুধুমাত্র যীহোবাই (ঈশ্বরের আর এক নাম) সম্মান পাবার যোগ্য। পুনরায় নানারূপে বাদ্যযন্ত্রের বাজনা আরশে স্বর্গের দিকে প্রবাহিত হল, আর তার সাথে যুক্ত হলো অনেক মধুর কণ্ঠের সুর। আর গানের তালে তাল মিলিয়ে “দায়ূদ সদাপ্রভুর সামনে যথাশক্তি নৃত্য করিলেন।” PPBeng 514.2

ঈশ্বরের সামনে দায়ূদের আনন্দ-নৃত্যকে অনেকে আধুনিক নৃত্যের উপযোগিতা প্রমাণার্থে ব্যবহার করে থাকেন, কিন্তু আমাদের বর্তমান কালের নৃত্য মাতলামি ও নানা ধরণের কু-কর্মের সহিত সম্পর্কিত। আনন্দ উপভোগের জন্য নৈতিকতাকে ত্যাগ করা হয়। চিন্তা-ভাবনার মধ্যে ঈশ্বরের কোন স্থান থাকে না; আর প্রার্থনা অনুপোযোগী হয়ে পড়ে। যে সকল আমোদ-আহলাদ পবিত্র জিনিসের প্রতি প্রেমকে দুর্বল করে তুলে, বিশ্বাসীদের উচিত সেই সকল আমোদ-আহলাদ বর্জন করে চলা। সিন্দুক স্থানান্তরিত করার সময় ঈশ্বরের প্রশংসার জন্য যে বাদ্যযন্ত্র ও নৃত্য ব্যবহার করা হয়েছিল, বর্তমান নৃত্যের সহিত সেগুলির কোনরূপ মিল নাই। একটি ঈশ্বরের পবিত্র নামের গৌরব বর্ধন করেছিল। অন্যটি হয়েছে শয়তানের একটি পদ্ধতি যা ঈশ্বরকে ভুলে যাবার ও তার নামের বদনাম করার জন্য মানুষকে পরিচালিত করে। PPBeng 514.3

বিজয়ী মিছিল রাজধানীর নিকটবর্তী হল। তখন দেয়ালের উপরের দর্শকদের নিকট গানের মাধ্যমে দাবী করা হল যেন পবিত্র-নগরীর সদর-দরজা খুলে দেয়া হয়: PPBeng 515.1

“হে পুরদ্বার সকল, মস্তক তোল;

হে চিরন্তন কবাট সকল, উত্থিত হও;

প্রতাপের রাজা প্রবেশ করিবেন।” PPBeng 515.2

আর এক দল গায়ক ও বাদক উত্তর দিলেন: PPBeng 515.3

“সেই প্রতাপের রাজা কে?” PPBeng 515.4

অন্য আর একটি দল হতে উত্তর ভেসে এল: PPBeng 515.5

“পরাক্রমী ও বীর সদাপ্রভু, যুদ্ধবীর সদাপ্রভু।” PPBeng 515.6

তারপর হাজার হাজার কন্ঠ একত্রে বিজয়ের ঐক্যতানে গেয়ে উঠল- PPBeng 515.7

"হে পুরদ্বার সকল, মস্তক তোল;

হে চিরন্তন কবাট সকল, মস্তক উত্থাপন কর;

প্রতাপের রাজা প্রবেশ করিবেন।" PPBeng 515.8

আবারো প্রশ্ন শুনা গেল, "সেই প্রতাপের রাজা কে?" আর হাজার জল প্রপাতের মত লক্ষ কন্ঠ গেয়ে উঠল: PPBeng 515.9

"বাহিনীগণের সদাপ্রভু,

তিনিই প্রতাপের রাজা।" PPBeng 515.10

গীতসংহিতা ২৪:৭-১০ পদ ।

তখন সদর-দরজা সকল উন্মুক্ত করে দেয়া হল, এবং অত্যন্ত সম্মানের সহিত নিয়ম-সিন্দুকটি তার জন্য তৈরী তাঁবুর ভিতর স্থাপন করা হল। যখন সকল প্রকার সেবা কাজ শেষ হল, তখন রাজা নিজে তার লোকদের জন্য প্রার্থনা করলেন। PPBeng 516.1

দায়ূদের রাজত্বে এটি ছিল সব চেয়ে পবিত্র ঘটনা। যখন পর্যন্ত সূর্য্যের শেষ রশ্মিগুলি তাঁবুর চতুর্দিকে সোনালী আলোর ছটা ছড়িয়ে এক পবিত্র দৃশ্যের সৃষ্টি করল, তখন রাজার হৃদয় আনন্দে পূর্ণ হল কেননা ইস্রায়েলের সিংহাসনের অতি নিকটে ঈশ্বরের উপস্থিতির প্রতীকটি অবশেষে স্থাপিত হল । PPBeng 516.2

কিন্তু একজন এই সকল আনন্দের দৃশ্য সম্পূর্ণ অন্য ভাবে অবলোকন করছিল। "আর দায়ূদ-নগরে সদাপ্রভুর সিন্দুকের প্রবেশ কালে শৌলের কন্যা মীখল বাতায়ন দিয়া দৃষ্টিপাত করিলেন, এবং সদাপ্রভুর সম্মুখে দায়ূদ রাজাকে লম্ফ দিতে ও নৃত্য করিতে দেখিয়া মনে মনে তুচ্ছ করিলেন।" তিনি দায়ূদের সাথে দেখা করতে গেলেন এবং অনেক গা-জ্বালানো তিক্ত ও কটুবাক্য বলেন: PPBeng 516.3

"অদ্য ইস্রায়েলের রাজা কেমন সমাদৃত হইলেন; কোন অসারচিত্ত লোক যেমন প্রকাশ্যরূপে বিবস্ত্র হয়, তদ্রূপ তিনি অদ্য আপন দাস-দাসীদিগের সাক্ষাতে বিবস্ত্র হইলেন ।" PPBeng 516.4

দায়ূদ অনুভব করলেন যে মীখল ঈশ্বরের সেবা কাজকেই ঘৃণা করেছেন এবং তাই তিনি উত্তর করলেন, "সদাপ্রভুর প্রজার উপরে, ইস্রায়েলের উপরে অধ্যক্ষ- পদে আমাকে নিযুক্ত করিবার জন্য যিনি তোমার পিতা ও তাঁহার সমস্ত কুল অপেক্ষা আমাকে মনোনীত করিয়াছেন, সেই সদাপ্রভুর সাক্ষাতেই (তাহা করিয়াছি); অতএব আমি সদাপ্রভুরই সাক্ষাতে আমোদ করিব। আর ইহা অপেক্ষা আরও লঘু হইব, এবং আমার নিজের দৃষ্টিতে আরও নীচ হইব; কিন্তু তুমি যে দাসীদের কথা কহিলে, তাহাদের কাছে সমাদৃত হইব।" আর দায়ূদের

তিরস্কারের সাথে সদাপ্রভুর তিরস্কারও যুক্ত হল । তার গর্ব ও ঔদ্ধত্বের জন্য “মীখলের মরণকাল পর্যন্ত সন্তান হইল না। ” PPBeng 516.5

জাতিকে পৌত্তলিকতা হতে মুক্ত করা হয়

PPBeng 516

নিয়ম-সিন্দুকের স্থানান্তর ইস্রায়েলদের হৃদয়ে একটি স্থায়ী অনুভূতির সৃষ্টি করল, আর যীহোবার (ঈশ্বরের আর এক নাম) জন্য তাদের উদ্দীপনা জাগিয়ে তুল্ল। দায়ূদ এই অনুভূতিকে আরও গভীর করতে চেষ্টা করলেন। গান, নৃত্য প্রার্থনার নিয়মিত অংশে পরিণত হল, এবং তাদের বার্ষিক উৎসবের জন্য যাত্রার সময় গাইবার জন্য দায়ূদ গান ও সুর তৈরী করলেন । এ ভাবে প্রভাব বিস্তারের মাধ্যমে জাতিকে পৌত্তলিকতা হতে মুক্ত করা হল। আশে- পাশের অনেক জাতিরাই ইস্রায়েলের ঈশ্বরের সম্পর্কে ভাল চিন্তা করতে শুরু করল, কারণ তারা দেখতে পেল যে তিনি তাঁর লোকদের জন্য মহ জিনিস সাধন করেছিলেন । PPBeng 516.6

দায়ূদ নিজের জন্য এক রাজ-প্রাসাদ তৈরী করেছিলেন, আর তিনি চিন্তা করলেন যে ঈশ্বরের সিন্দুক একটি তৈরী তাঁবুতে থাকা উচিত নয়। তিনি সিদ্ধান্ত নিলেন যে সিন্দুকের জন্য একটি অনেক সুন্দর ধর্মধাম তৈরী করবেন যা তাদের রাজা যীহোবাকে তাদের মধ্যে উপস্থিতিতে ইস্রায়েলের আনন্দের প্রকাশ করবে। ঈশ্বর ভাববাদী নাথনকে তার মনের ইচ্ছা প্রকাশ করার পর নাথন উত্তর দিলেন, “ভাল, যাহা কিছু আপনার মনে আছে, তাহাই করুন; কেননা সদাপ্রভু আপনার সহবর্ত্তী আছেন।” PPBeng 517.1

কিন্তু সেই রাত্রিতে সদাপ্রভুর এই বাক্য নাথনের নিকটে উপস্থিত হইল, সদাপ্রভু এই কথা কহেন, “তুমি কি আমার বাসের জন্য গৃহ নির্মাণ করিবে?...আমি তোমার পরে তোমার বংশকে...স্থাপন করিব।...আমার নিমিত্তে সে একটি গৃহ নির্মাণ করিবে এবং আমি তাহার রাজ সিংহাসন চিরস্থায়ী করিব।” PPBeng 517.2

যে কারণে দায়ূদকে ধর্মধাম তৈরী করার অনুমতি দেয়া হল না, তার পর্যাপ্ত ব্যাখ্যা দান করা হল: “তুমি অনেক রক্তপাত করিয়াছ ও বড় বড় যুদ্ধ করিয়াছ; তুমি আমার নামের উদ্দেশে গৃহ নির্মাণ করিবে না;...দেখ, তোমার এক পুত্র জন্মিবে, সে বিশ্রামের মনুষ্য হইবে; আমি তাহার চারিদিকের সকল শত্রু হইতে তাহাকে বিশ্রাম দিব, তাহার নাম শলোমন (শান্ত) হইবে, এবং তাহার সময়ে আমি ইস্রায়েলকে শান্তি ও নিৰ্ব্বিঘ্নতা দিব। সেই আমার নামের জন্য গৃহ নির্মাণ করিবে।” ১ বংশাবলি ২২:৮-১০। PPBeng 517.3

যদিও তার হৃদয়ের আশা পূরণ করা হল না, দায়ূদ কৃতজ্ঞতার সাথে ঐ বাণী গ্রহণ করলেন। তিনি জানতেন যে তিনি যে চিন্তা করেছিলেন, সেই কাজ বাস্তবায়ন করতে পারলে তার সুনাম আরও বৃদ্ধি পেত, তথাপি তিনি ঈশ্বরের ইচ্ছার নিকট আত্ম-সমর্পণ করতে রাজী

ছিলেন। কত সময়ই দেখা যায় যে যারা তাদের যৌবনকাল পার হয়ে গেছেন তারা এমন কোন কোন মহান কাজ বাস্তবায়ন করতে চান যার জন্য তারা উপযোগী নন্ । ঈশ্বর হয়ত তাদের কাছে এই বাণী প্রেরণ করবেন যে, তাদের উচিত ঐ কাজ সম্পাদন করার জন্য অন্য কারো জন্য তারা পথ-প্রস্তুত করবেন। কিন্তু ঈশ্বরের ইচ্ছার নিকট আত্ম-সমর্পণ করার পরিবর্তে তারা মনে করেন যে তাদের অবমাননা করা হল, এবং তারা সমস্ত কিছুতে পিছিয়ে পড়েন। যদি তারা যে একটি জিনিস করতে চান, তা না করতে পারেন, তবে তারা আর কিছুই করতে চান না। অনেকেই এমন কাজ সম্পন্ন করার জন্য আপ্রাণ চেষ্টা করেন যা সম্পন্ন করার জন্য তারা সম্পূর্ণ অনুপোযুক্ত, আর যা তারা করতে পারতেন, তা অসম্পন্ন থেকে যায় । এবং এই কারণে বৃহ কাজ সমূহ অপূর্ণ থেকে যায় । PPBeng 517.4

যোনাথনের সাথে চুক্তি করার সময় দায়ূদ প্রতিজ্ঞা করেছিলেন যে তিনি শৌলের বংশধরদের প্রতি দয়া প্রদর্শন করবেন। এই বাক্য স্মরণ করে রাজা অনুসন্ধান শুরু করলেন, “আমি যোনাথনের জন্য যাহার প্রতি অনুগ্রহ করিতে পারি, এমন কেহ কি শৌলের বংশে অবশিষ্ট আছে?” তাকে বলা হল যে যোনাথনের পুত্র মফীবোশ জীবিত, আর সে বাল্যকাল হতেই খোঁড়া। ছেলেটির সেবিকার কোল হইতে পড়িয়া গিয়াছিল, এবং ফলে সে চিরজীবনের জন্য খোঁড়া হয়ে পড়েছে। দায়ূদ যুবককে রাজ-দরবারে আহ্বান জানালেন, এবং শৌলের সমস্ত ব্যক্তিগত সম্পতি তার পরিবারের ভরণ-পোষণের জন্য তাকে ফের দিলেন; এবং যোনাথনের ছেলেকে রাজা নিয়মিত ভাবে তার অতিথি হতে নিমন্ত্রণ জানানো হল। দায়ূদকে একজন অধিকার হরণকারী মনে করে মফীবোশ তার বিরুদ্ধে অনেক ঘৃণা পোষণ করতেন; কিন্তু রাজার নিয়মিত দয়া প্রদর্শন যুবকের হৃদয় জয় করে নিল। তার পিতা যোনাথনের মতই সে অনুভব করত যে ঈশ্বর কর্তৃক নিয়োজিত রাজার স্বার্থ ও তার স্বার্থ অভিন্ন ছিল । PPBeng 518.1

দায়ূদের সিংহাসনে আরোহণ করার পর জাতি এক দীর্ঘ শান্তির সময় উপভোগ করল। আশে-পাশের জাতিরা চিন্তা করল যে ইস্রায়েলদের সহিত যুদ্ধে অবতীর্ণ না হওয়াই বুদ্ধিমানের কাজ এবং দায়ূদও কোন আগ্রাসী যুদ্ধে অবতীর্ণ হলেন না। অবশেষে, অনেক দিন পর, তিনি ইস্রায়েলদের পুরাতন শত্রু, পলেষ্টীয় ও মোয়াবীয়দের সাথে যুদ্ধে অবতীর্ণ হলেন এবং তাদের তার করদ রাজ্যে পরিণত করলেন। PPBeng 518.2

শত্রু মনোভাবাপন্ন জাতিরা দায়ূদের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হয়

PPBeng 518

তারপর চতুপার্শ্বের জাতিরা দায়ূদের বিরুদ্ধে এক বৃহ ঐক্য সৃষ্টি করল, যার ফলে অনেক বৃহ বৃহ যুদ্ধ সংঘটিত হল, এবং দায়ূদের রাজত্ব- কালের বৃহত্তম বিজয়-সমূহ সূচিত হলো, এবং তার ক্ষমতা আরও অধিক প্রসারিত হল। এই শত্রুতামূলক ঐক্য দায়ূদের কোন প্রকার প্ররোচনা ছাড়াই সৃষ্টি হয়েছিল। ঘটনাসমূহ এই ভাবে সংঘটিত হয়। PPBeng 518.3

যিরূশালেমে সংবাদ আসল যে অম্মোনীয়দের রাজা নাহশ মারা গিয়েছেন, দায়ূদ যখন শৌলের ভয়ে পলাতক ছিলেন তখন এই নাহশ তার প্রতি অনেক দয়া দেখিয়েছিলেন। তার বিপদকালে তার প্রতি অনেক দয়া দেখিয়েছিলেন। তার বিপদ কালে তার প্রতি যে সহানুভূতি দেখানো হয়েছিল তার জন্য ধন্যবাদ জানানোর কথা ভেবে দায়ূদ অম্মোনীয়-রাজার ছেলে হানূনের নিকট শোকবার্তা প্রেরণ করলেন। PPBeng 518.4

হানূনের পরিষদরা দায়ূদের শোক-সংবাদের অপব্যাখ্যা করলেন। তাহারা "নিজেদের প্রভু হানুনকে বলিলেন, আপনি কি মনে করিতেছেন যে, দায়ূদ আপনার পিতার সম্মান করে বলিয়া আপনার নিকটে সান্ত্বনাকারিগণকে পাঠাইয়াছে? দায়ূদ কি নগরের খবর লইবার ও নগর পরীক্ষাপূর্বক নষ্ট করিবার জন্য নিজ দাসদিগকে পাঠায় নাই"? কি মহানুভবতার আত্মা দায়ূদকে এই সান্ত্বনাবাণী প্রেরণে অনুপ্রাণিত করেছিল তা তার ধারণাতেও আনতে পারল না । পরিষদদের কথা শুনার পর, হানূন দায়ূদের দূতগণকে গুপ্তচর বলে মনে করলেন এবং তাদের অনেক অপমানজনক ও ঘৃণাপূর্ণ বাক্যে জর্জরিত করলেন। PPBeng 519.1

অম্মোনীয়দের তাদের হৃদয়ের উদ্দেশ্য বাস্তবায়নের অনুমতি দেয়া হয়েছিল যেন দায়ূদের নিকট তাদের আসল চরিত্র প্রকাশ পায়। ঈশ্বরের ইচ্ছা ছিল না যে ইস্রায়েলরা এই পৌত্তলিক জাতির সাথে কোন ঐক্যে পৌছে। PPBeng 519.2

ইস্রায়েলদের প্রতি যে অবমাননাকর ব্যবহার করা হয়েছে তার জন্য তারা যে প্রতিশোধ গ্রহণ করতে চেষ্টা নেবে, এই বিষয়ে নিশ্চিত হয়ে অম্মোনীয়েরা যুদ্ধের জন্য প্রস্তুতি নিল। ইস্রায়েলদের ধ্বংস করার জন্য ইউফ্রেটিস নদী ও ভূমধ্যসাগরের মধ্যবর্তী জাতিরা অম্মোনীয়দের সাথে এক ঐক্য স্থাপন করল। PPBeng 519.3

যিহূদীরা আক্রান্ত হবার অপেক্ষা করল না। যোয়াবের নেতৃত্বে তারা অম্মোনীয়দের রাজধানীর দিকে যাত্রা করল। প্রথম মোকাবেলায়ই সংযুক্ত সৈন্যদল পরাজিত হল, কিন্তু পরের বসর তারা আবারও যুদ্ধে নিযুক্ত হল । দায়ূদ নিজে যুদ্ধক্ষেত্রে উপস্থিত থেকে, ঈশ্বরের অনুগ্রহে, এমন ভাবে শত্রুদের পরাভূত করলেন যে লেবানন হতে ইউফ্রেটিস পর্যন্ত সিরীয়রা শুধু যে যুদ্ধই স্থগিত করল তা নয়, বরং তারা ইস্রায়েলের করদ রাজ্যে পরিণত হল । PPBeng 519.4

যে বিপদ জাতির জন্য ধ্বংসের ভয় ডেকে এনেছিল, তা পরে এটি ইহার মহত্ব বৃদ্ধি পাবার উপায় হয়ে উঠল। ঐ উদ্ধারের স্মরণার্থে দায়ূদ গাইলেন: PPBeng 519.5

"আমার শৈল ধন্য হউন,

আমার ত্রাণের ঈশ্বর উন্নত হউন।

সেই ঈশ্বর আমার পক্ষে প্রতিশোধ দেন, জাতিগণকে আমার অধীনে দমন করেন।

তিনি আমার শত্রুগণ হইতে আমাকে উদ্ধার করেন ।” PPBeng 519.6

গীতসংহিতা ১৮:৪৬-৪৮।

দায়ূদের সমস্ত গানগুলিতে দায়ূদ ইস্রায়েলদের এই আশ্বাস দিতে চেষ্টা করেছিলেন যে, যীহোবাই হলেন তাদের শক্তি ও তাদের পরিত্রাণকারী: PPBeng 520.1

“ইহারা রথে ও উহারা অশ্বে নির্ভর করে

কিন্তু আমরা আমাদের সদাপ্রভুর নামে কীর্ত্তন করিব। PPBeng 520.2

গীতসংহিতা ২০:৭।

অব্রাহামকে ঈশ্বর যে প্রতিজ্ঞা করেছিলেন, ইস্রায়েল সাম্রাজ্য সেই আনুপাতিক প্রসার লাভ করল : “আমি মিসরের... বংশকে দিলাম।” আদিপুস্তক ১৫৪১৮। আশে-পাশের জাতিগণ দ্বারা সম্মানিত ইস্রায়েল এমন এক শক্তিশালী জাতিতে পরিণত হল, যা কোন রাজাই পারেন না, দায়ূদ তাই করতে পারলেন, তিনি আপন লোকদের প্রেম ও বাধ্যতা অর্জন করলেন। তিনি ঈশ্বরকে সম্মান দিয়েছিলেন, এবং এখন ঈশ্বর তাকে সম্মান দান করলেন। কিন্তু বাহ্যিক মহা বিজয়ের সময়ই, দায়ূদ সবচেয়ে অবমাননাকর এক পরাজয় বরণ করলেন। PPBeng 520.3

অধ্যায় ৭১—দায়ূদের ব্যভিচার ও তার অনুতাপ

PPBeng 521

বাইবেলে মানুষের প্রশংসায় প্রায় কিছুই বলা হয় নি। মানুষের মধ্যে যে সকল ভাল গুণ আছে তা ঈশ্বরেরই দান; তাদের ভাল কাজ সমূহ ঈশ্বরের অনুগ্রহে যীশু খ্রীষ্টের মাধ্যমেই সম্পন্ন হয়। তারা ত ঈশ্বরের হাতের কাজের যন্ত্রাদি। বাইবেলের সকল ঐতিহাসিক ঘটনাই শিক্ষা দেয় যে মানুষের প্রশংসা করা এক বিপজ্জনক ব্যাপার, কারণ যে কোন মানুষ যখন ঈশ্বরের উপর তার পূর্ণ নির্ভরশীলতার বিষয় ভুলে যায়, তখনই সে পতিত হয়। বাইবেল মানুষের ক্ষমতাকে অবিশ্বাস করতে এবং ঈশ্বরের ক্ষমতাকে বিশ্বাস করতে শিক্ষা দেয়। PPBeng 521.1

আত্ম-গরিমার আত্মা দায়ূদের পতনের পথ প্রস্তুত করেছিল। তোষামোদ, ক্ষমতা, এবং বিলাস তার জীবনের উপর আসন বিস্তার করেছিল। প্রাচ্যের নীতি অনুসারে যে অপরাধ সাধারণ প্রজাদের মধ্যে বরদাস্ত করা হত না, তা রাজাদের বেলায় অপরাধ বলে গন্য হত না। এই সকলই দায়ূদের মনে পাপের প্রচন্ডতাকে স্তিমিত করে দিয়েছিল। তিনি তার নিজের জ্ঞান ও শক্তিতে বিশ্বাস করতে আরম্ভ করলেন। PPBeng 521.2

যখনই শয়তান মনুষ্যের আত্মাকে ঈশ্বরের কাছ হতে পৃথক করতে পারে, তখনই সে মানুষের হৃদয়ে অপবিত্র ও দৈহিক ইচ্ছা জাগিয়ে তোলে। এই শত্রুর কাজ প্রথমে আকস্মিক ও ভয়াবহ হয় না। এটি ছোট ছোট কাজের দ্বারা শুরু হয়...ঈশ্বরের উপর পূর্ণ নির্ভরশীলতায় অবহেলা দেখান, পৃথিবীর রীতি-নীতি মেনে চলার স্পৃহা, ইত্যাদি। PPBeng 521.3

দায়ূদ যিরূশালেমে ফিরে এলেন। সিরিয়াবাসীরা ইতিমধ্যেই আত্ম- সমর্পণ করেছিল, এবং আম্মোনীয়দের পূর্ণ পরাজয় প্রায় নিশ্চিত ছিল। দায়ূদ বিজয়ের ফল এবং দক্ষ প্রশাসনের গৌরবে পরিবেষ্টিত ছিলেন। এখন প্রলোভন-সৃষ্টিকারী (শয়তান) তার মন দখল করার সুযোগ গ্রহণ করল। আরাম-আয়েশ ও আত্ম- নিরাপত্তা বোধের মধ্যে দায়ূদ শয়তানের কাছে আত্ম- সমর্পণ করলেন এবং তার আত্মার উপর পাপের আঁচড় পড়তে দিলেন। ঈশ্বর দ্বারা নিয়োজিত জাতির নেতা যাকে ঈশ্বর তাঁর ব্যবস্থা পালন করার জন্য মনোনীত করেছিলেন, নিজেই এর শিক্ষাকে পদদলিত করলেন। যিনি কু- কর্মীদের জন্য একটি ভীতিস্বরূপ হবার বাক্য ছিলেন, তিনি তার আপন কাজ দ্বারা বরং তাদের হাতকেই শক্তিশালী করে তুললেন। PPBeng 521.4

অনুতাপবিহীন ও দোষী হওয়া সত্ত্বেও দায়ূদ ঈশ্বরের নিকট পরিচালনা কামনা করলেন না, বরং পাপে তিনি জড়িয়ে পড়েছিলেন, তা হতে নিজেকে মুক্ত করতে চেষ্টা করলেন। যার ভয়ানক রূপ দায়ূদের জন্য মারাত্মক হয়ে দাঁড়িয়েছিল, সেই বশেবা, উরিয় নামক এক হিত্তীয়ের স্ত্রী ছিলেন, আর উরিয় ছিলেন দায়ূদের একজন অত্যন্ত বিশ্বস্ত ও সাহসী কর্মচারী।

ঈশ্বরের ব্যবস্থা অনুসারে ব্যভিচারীকে মরতে হত, এবং ঐ উদ্ধত স্বভাবের সৈন্য, যার প্রতি এমন এক অবমাননাকর অন্যায় কাজ করা হয়েছিল, রাজার জীবন হরণের মাধ্যমে প্রতিশোধ নিতে পারে, অথবা জাতিকে রাজার বিরুদ্ধে উত্তেজিত করে তুলতে পারে। PPBeng 522.1

দায়ূদ নিজ অপরাধ ঢাকার জন্য যতগুলি প্রচেষ্টা চালালেন, সবই ব্যর্থ হল। তিনি ত নিজেকে শয়তানের হাতে ছেড়ে দিয়েছিলেন; আর এখন তার চতুর্দিকে বিপদ ঘনিয়ে এসেছে, মৃত্যুর চেয়েও গুরুতর অপমান তার জন্য অপেক্ষা করছিল। রক্ষা পাবার একটিই পথ খোলা মনে হল। ব্যভিচারের সাথে মৃত্যু যুক্ত করা। দায়ূদ মনে মনে যুক্তি স্থির করলেন যে যদি উরিয় যুদ্ধক্ষেত্রে শত্রুর হাতে মারা পড়ে, তবে তার মৃত্যু রাজাকে স্পর্শ করতে পারবে না। বশেবা দায়ূদের স্ত্রীতে পরিণত হতে পারবেন, কোন সন্দেহের উদ্রেক হবে না, আর রাজার সম্মান রক্ষা পাবে। PPBeng 522.2

উরিয় নিজ মৃত্যুর আদেশবাহক হলেন। রাজা যোয়াবকে আজ্ঞা করলেন, "তোমরা এই উরিয়কে তুমুল যুদ্ধের সম্মুখে নিযুক্ত কর, পরে ইহার পশ্চা হইতে সরিয়া যাও, যেন এ আহত হইয়া মারা পড়ে।" যোয়াব, যিনি ইতিমধ্যেই এক হত্যার দোষে দোষী ছিলেন, রাজার নির্দেশ মানতে অবহেলা করলেন না, আর উরিয় অম্মোনীয় সন্তানদের খড়্গে নিহত হল। PPBeng 522.3

সাময়িক ভাবে দায়ূদ শয়তানের দূতে পরিণত হন

PPBeng 522

এ পর্যন্ত শাসক হিসাবে দায়ূদের ইতিহাস জাতির আস্থা অর্জন করেছিল। কিন্তু যখন তিনি ঈশ্বরের নিকট হতে পৃথক হলেন, তখন তিনি, সেই সময়ের জন্য শয়তানের প্রতিনিধিতে পরিণত হলেন। তথাপি ঈশ্বর তাকে যে ক্ষমতার আসন দিয়েছিলেন, তাতে তিনি বহাল ছিলেন, এবং তিনি যে আনুগত্য দাবী করলেন, তা স্বীকার করল, তার আত্মার জন্য তা বিপদের কারণ হল। যোয়াব, যিনি ঈশ্বরের প্রতি আনুগত্যের পরিবর্তে রাজার প্রতি আনুগত্য দেখালেন। তিনি রাজার আদেশে ঈশ্বরের ব্যবস্থা লঙ্ঘন করলেন। PPBeng 522.4

দায়ূদ যখন ঈশ্বরের ব্যবস্থার বিপরীত আজ্ঞা দিলেন, তখন সেই আদেশ পালন করা পাপে পরিণত হলো। "যে সকল কর্তৃপক্ষ আছেন, তাহারা ঈশ্বর নিযুক্ত" (রোমীয় ১৩৪১), কিন্তু ঈশ্বরের ব্যবস্থার বিরুদ্ধে গিয়ে তাদের প্রতি অনুগত থাকা যাবে না। আমরা যে নীতি দ্বারা পরিচালিত হব, সাধু পৌল সেই নীতি নির্ধারণ করে দিয়েছেন, "যেমন আমিও খ্রীষ্টের অনুকারী, তোমরা তেমনি আমার অনুকারী হও।" ১ করিন্থীয় ১০:৩৪। PPBeng 523.1

তার আদেশ পালন করার সংবাদ দায়ূদের নিকট পাঠানো হল, কিন্তু তা এমন ভাষায় বর্ণনা করা হল যেন যোয়াব অথবা রাজা কেউই জড়িয়ে না পড়েন। “আর আপনার দাস হিত্তীয় উরিয়ও মরিয়াছে।” PPBeng 523.2

রাজার উত্তর ছিল, “যোয়াবকে এই কথা বলিও, তুমি ইহাতে অসন্তুষ্ট হইও না, কেননা খড়্‌গ যেমন এক জনকে তেমনি আর এক জনকেও গ্রাস করে।” PPBeng 523.3

বশেবা সামাজিক নিয়ম অনুসারে তার স্বামীর মৃত্যুর জন্য রোদন ও শোক প্রকাশ করলেন, আর তারপর, “দায়ূদ লোক পাঠাইয়া তাহাকে আপন বাটীতে আনাইলেন, তাহাতে সে তাঁহার স্ত্রী হইল।” যিনি জীবন বিপন্নকারী বিপদের মধ্যেও সদাপ্রভুর অভিষিক্তের বিরুদ্ধে হাত উঠাতেন না, তিনি এমন নীচে নেমে গেলেন যে তিনি তার সব চাইতে বিশ্বস্ত ও সাহসী সৈন্যের প্রতি অন্যায় করতে ও তাকে হত্যা করাতে পারলেন, এবং এই পাপের ফল নির্বিঘ্নে ভোগ করার আশা করলেন । PPBeng 523.4

তারাই সুখী যারা এই ভাবে পদক্ষেপ নেয়ার পর বুঝতে পারে যে পাপের ফল কতই না তিক্ত, এবং ভবিষ্যতে আর কোন দিন ঐ পথ অবলম্বন করে না। তাঁর মহা দয়ার জন্য ঈশ্বর দায়ূদকে পাপের এই ফল ভোগের মাধ্যমে পূর্ণ ধ্বংস হবার জন্য পরিত্যাগ করলেন না। PPBeng 523.5

ঈশ্বর কিভাবে হস্তক্ষেপ করলেন

PPBeng 523

ঈশ্বরের হস্তক্ষেপের প্রয়োজন দেখা দিল। উরিয়ের বিরুদ্ধে দায়ূদের অপরাধ প্রকাশ হয়ে পড়ল, আর অনেকেরই সন্দেহ হলো যে তিনিই উরিয়ের মৃত্যুর পরিকল্পনা করেছিলেন। ঈশ্বরের অসম্মান হল। তিনিই দায়ূদকে উন্নত করেছিলেন, এবং দায়ূদের পাপ তাঁর নামের বদনামের কারণ হল। ইহা ইস্রায়েলের ধর্মীয় জীবনের মানকে নীচু করল, আর অনেকের মনে পাপের প্রতি ঘৃণা নিস্তেজ করে দিল। PPBeng 523.6

নাথন ভাববাদীকে দায়ূদের নিকট তিরস্কারের বাণী পৌঁছে দেবার আজ্ঞা করা হল। অত্যন্ত কঠোর এই বাণী নাথন এমন স্বর্গীয় জ্ঞানের সাথে দায়ূদকে দিলেন যে ইহা রাজার সহানুভূতি ও বিবেককে এমন ভাবে নাড়া দিল, যে তিনি নিজ মৃত্যু কামনা করলেন। ভাববাদী এক অন্যায় অত্যাচারের কাহিনী বর্ণনা করলেন যার বিচার প্রয়োজন ছিল। PPBeng 524.1

তিনি বললেন, “এক নগরে দুই লোক ছিল; তাহাদের মধ্যে একজন ধনবান, আর একজন দরিদ্র। ধনবানের অতি বিস্তর মেষাদি পাল ও গোপাল ছিল। কিন্তু সেই দরিদ্রের আর কিছুই ছিল না, কেবল একটি ক্ষুদ্র মেষবসা ছিল, সে তাহাকে কিনিয়া পুষিতেছিল, আর সেটি তাহার সংগে ও তাহার সন্তানদের সংগে থাকিয়া বাড়িয়া উঠিতেছিল; সে তাহারই খাদ্য

খাইত, ও তাহারই পাত্রে পান করিত, আর তাহার বক্ষঃস্থলে শয়ন করিত, ও তাহার কন্যার মত ছিল। পরে ঐ ধনবানের গৃহে একজন পথিক আসিল, তাহাতে বাটীতে আগত অতিথির জন্য পাক করণার্থে সে আপন মেষাদি পাল ও গোপাল হইতে কিছু লইতে কাতর হইল, কিন্তু সেই দরিদ্রের মেষবসাটি লইয়া, যে অতিথি আসিয়াছিল, তাহার জন্য তাহাই পাক করিল।" PPBeng 524.2

রাজার ক্রোধ জেগে উঠল। "জীবন্ত সদাপ্রভুর দিব্য, যে ব্যক্তি সেই কর্ম করিয়াছে, সে মৃত্যুর সন্তান; সে কিছু দয়া না করিয়া এ কর্ম করিয়াছে, এই জন্য সেই মেষবসার চতুর্গুণ ফিরাইয়া দিবে।" PPBeng 524.3

নাথন তার দৃষ্টি রাজার উপর স্থাপন করলেন, তারপর গম্ভীর ভাবে বললেন, "আপনিই সেই ব্যক্তি।... তুমি কেন সদাপ্রভুর বাক্য তুচ্ছ করিয়া, তাহার দৃষ্টিতে যাহা মন্দ, তাহাই করিয়াছেন?" PPBeng 524.4

যে ভাবে দায়ূদ করেছিলেন, সেই ভাবে অপরাধীরা তাদের অপরাধ মানুষের চোখ হতে লুকাবার চেষ্টা করতে পারে, মানুষের দৃষ্টি হতে তাদের অপরাধকে চিরতরের জন্য কবর দেবার চেষ্টা চালাতে পারে, "কিন্তু তাঁহার চক্ষুগোচরে সকলই নগ্ন ও অনাবৃত রহিয়াছে, যাঁহার কাছে আমাদিগকে নিকাশ দিতে হইবে।" ইব্রীয় ৪:১৩। PPBeng 524.5

নাথন ঘোষণা করলেন, "তুমি হিত্তীয় উরিয়কে খড়্গের দ্বারা আঘাত করাইয়াছ ও তাহার স্ত্রীকে লইয়া আপনার স্ত্রী করিয়াছ, অম্মোন-সন্তানদের খড়্গগ দ্বারা উরিয়কে মারিয়া ফেলিয়াছ। অতএব খড়্গ কখনও তোমার কুলকে ছাড়িয়া যাইবে না;...দেখ, আমি তোমার কুল হইতেই তোমার বিরুদ্ধে অমঙ্গল উৎপন্ন করিব, এবং তোমার সাক্ষাতে তোমার স্ত্রীগণকে লইয়া তোমার আত্মীয়কে দিব;...বস্তুতঃ তুমি গোপনে এই কর্ম করিয়াছ, কিন্তু আমি সমস্ত ইস্রায়েলের সাক্ষাতে ও সূর্য্যের সাক্ষাতে এই কাজ করিব।" PPBeng 525.1

ভাববাদীর তিরস্কার দায়ূদের হৃদয়কে স্পর্শ করল; তার মধ্যে বিবেক জেগে উঠল; তার অপরাধের প্রচন্ডতা তার কাছে স্বচ্ছ হয়ে উঠল। কম্পিত ওষ্ঠে তিনি বললেন, "আমি সদাপ্রভুর বিরুদ্ধে পাপ করিয়াছি।" দায়ূদ উরিয় ও বৎশেবার বিরুদ্ধে এক ভয়ানক অপরাধ করেছিলেন, কিন্তু ঈশ্বরের বিরুদ্ধে তার পাপ ছিল আরো অনেক, অনেক ভয়ঙ্কর। PPBeng 525.2

দায়ূদ তার পাপের জন্য শাস্তি পান

PPBeng 525

ঈশ্বরের দ্রুত বিচারের ফলে যদি তিনি পাপীরূপেও ক্ষমা না পেয়ে মারা পড়েন এই ভয়ে দায়ূদ কম্পিত হলেন। কিন্তু ভাববাদী তাকে সংবাদ দিলেন, "সদাপ্রভুও আপনার পাপ দূর করিলেন।" তথাপি ন্যায় বিচার প্রয়োজন ছিল। মৃত্যু এখন দায়ূদের উপর হতে তার

পাপের ফল যে সন্তান, তার উপর পড়ল। এই ভাবে রাজাকে অনুতাপ করার সুযোগ দেয়া হল, আর তার দন্ডের অংশ হিসাবে তার সন্তানের কষ্টভোগ ও মৃত্যু তার নিজ মৃত্যুর চাইতে অধিক যাতনাদায়ক ছিল। PPBeng 525.3

যখন তার ছেলে অসুস্থ হল, তখন দায়ূদ উপবাস রেখে ও অত্যন্ত বিনতীর সাথে তার জীবন ভিক্ষা চাইলেন। রাতের পর রাত তিনি তার পাপের জন্য যাতনারত তার সন্তানের জন্য ভগ্ন হৃদয়ে ঈশ্বরের কাছে অনুরোধ করতে থাকলেন। যখন শুনতে পেলেন যে ছেলের মৃত্যু হয়েছে, তখন তিনি ঈশ্বরের বিচার মেনে নিলেন। যে প্রতিদানকে তিনি নিজে ন্যায্য বলে ঘোষণা করেছিলেন, তার প্রথম আঘাত তাঁর উপর পড়ল। PPBeng 525.4

দায়ূদের এই পতনের ইতিহাস পড়ে অনেকেই প্রশ্ন করে থাকেন, "যে ব্যক্তি স্বর্গে এত সম্মানিত, তার জীবনের এই কালো অধ্যায় কেন ঈশ্বর পৃথিবীর চোখে তুলে ধরলেন?" অবিশ্বাসীরা বিদ্রূপের সাথে বলেছে, এই হল ঈশ্বরের একমাত্র প্রিয় দাস। এই ভাবে ঈশ্বর ও তার বাক্যের অবমাননা করা হয়েছে, আর অনেকে ধার্মিকের ভান করে আরও সাহসীকতার সাথে পাপ করেছেন। PPBeng 526.1

কিন্তু দায়ূদের ইতিহাস পাপকে সহ্য করার কোন প্রমাণ দেয় না। যখন তিনি ঈশ্বরের আজ্ঞা অনুসারে চলছিলেন তখন তাকে ঈশ্বরের একমাত্র প্রিয় দাস বলা হয়েছিল। কিন্তু যখন তিনি পাপ করেছিলেন তখন তিনি আর ঐটি তার বিষয়ে ততক্ষণ প্রযোজ্য ছিল না যতক্ষণ না তিনি অনুতাপ করে ঈশ্বরের কাছে ফিরে আসেন। দায়ূদ যা করেছিলেন তা ঈশ্বরের দৃষ্টিতে মন্দ ছিল। আর যদিও দায়ূদ অনুতপ্ত হয়েছিলেন ও পাপ স্বীকার করেছিলেন, তবুও তিনি যে বীজ বুনেছিলেন তার অশুভ ফল পেতে হয়েছিল। তার যে বিচার হয়েছিল তা প্রমাণ দেয় যে ঈশ্বর পাপকে কত ঘৃণা করেন। PPBeng 526.2

পাপের অবগতি ও এর সুদূর প্রসারী ফল দায়ূদের মন ভেঙ্গে দিয়েছিল। তিনি তার প্রজাদের দৃষ্টিতে অবনমিত বোধ করতেন। তার প্রভাব দুর্বল হয়ে পড়েছিল। তার পাপের বাক্য জানার পর তার প্রজারা আরো সাহসীকতার সাথে পাপ করতে পারত। তার নিজের পরিবারের উপর তার কর্তৃত্ব দুর্বল হয়ে পড়েছিল। যখন পাপকে দেখিয়ে দেয়া প্রয়োজন হত, তখন তার অপরাধবোধ তাকে নীরব করে ফেলত। তার মন্দ দৃষ্টান্ত তার ছেলেদের উপর প্রভাব বিস্তার করেছিল, এবং এর ফল প্রতিরোধের জন্য ঈশ্বর হস্তক্ষেপ করেন নি। এইরূপে দায়ূদ কঠোর ভাবে তিরস্কৃত হয়েছিলেন। অনেক অনুতাপের পরও যে অমঙ্গল রোধ সম্ভব নয়, সেই অমঙ্গল, হৃদয়ের যাতনা, এবং অপমান তার পার্থিব জীবনকে অন্ধকার করে ফেলেছিল। PPBeng 526.3

যারা দায়ূদের দৃষ্টান্ত দেখায় তাদের নিজ পাপের গুরুত্বকে লঘু করতে চান, পবিত্র বাইবেলের এই প্রতিবেদন হতে জানতে পারেন যে ব্যবস্থা লঙঘন করা খুবই কঠিন। এই জীবনেই পাপের ফলকে খুবই তিক্ত ও সহ্যের অতীত বলে মনে হবে। PPBeng 526.4

ঈশ্বর চেয়েছিলেন যে দায়ূদের পাপের ইতিহাস একটি সতর্ককারীরূপে কাজ করবে যে, যে সমস্ত লোকদের ঈশ্বর অশেষ দয়া করেছেন তারাও যেন পাপের বিষয়ে নিরাপদ বোধ না করেন। আর যারা নম্রতার সাথে তার প্রদত্ত শিক্ষা গ্রহণ করতে চেয়েছেন, তাদের জন্য এটি যথেষ্ট সহায়ক হয়েছে। সদাপ্রভু এত সম্মান দিয়েছিলেন, সেই দায়ূদের এই পাপ তাদের মধ্যে নিজের প্রতি অবিশ্বাসের জন্ম দিয়েছে। শুধু ঈশ্বরের উপর নির্ভরশীলতায়ই শক্তি ও নিরাপত্তা পাওয়া যায়, এই জ্ঞান তাদের শয়তানের ফাঁদে প্রথম পদক্ষেপ করা হতে বিরত রেখেছে। PPBeng 526.5

দায়ূদের বিপক্ষে ঈশ্বরের বিচার নেমে আসার আগেই তিনি ব্যবস্থা লঙঘনের ফল ভোগ করতে শুরু করেন। তিনি হৃদয়ের মধ্যে যে যাতনা ভোগ করছিলেন তা গীতসংহিতা বত্রিশের মধ্যে দেখা যায় : PPBeng 527.1

"আমি যখন চুপ করিয়াছিলাম, আমার অস্থি সকল ক্ষয় পাইতেছিল, কারণ আমি সমস্ত দিন আর্তনাদ করিতে ছিলাম। PPBeng 527.2

কারণ দিবারাত্র আমার উপরে তোমার হস্ত ভারী ছিল, আমার সরসতা গ্রীষ্মকালের শুষ্কতায় পরিণত হইয়াছিল।" গীতসংহিতা ৩২:৩, ৪। PPBeng 527.3

আর ঈশ্বর যখন তাকে তিরস্কার করার পর গীতসংহিতা একান্নতে তার অনুতাপের ভাষা পাওয়া যায় : PPBeng 527.4

"হে ঈশ্বর, আমাতে বিশুদ্ধ অন্তঃকরণ সৃষ্টি কর,

আমার অন্তরে সুস্থির আত্মাকে নতুন করিয়া দাও।

তোমার সম্মুখ হইতে আমাকে দূর করিও না,

তোমার পবিত্র আত্মাকে আমা হইতে হরণ করিও না।

হে ঈশ্বর, হে আমার পরিত্রাণের ঈশ্বর,

রক্তপাতের দোষ হইতে আমাকে উদ্ধার কর,

আমার জিহ্বা তোমার ধর্মশীলতার বিষয় গান করিবে। PPBeng 527.5

গীতসংহিতা ৫১:১০, ১১, ১৪।

এই ভাবে ইস্রায়েলের রাজা তার পাপ, তার অনুতাপ, এবং ঈশ্বরের অনুগ্রহের জন্য তার পাপ ক্ষমার আশার বাক্য ব্যক্ত করেছিলেন। তার ইচ্ছা ছিল যে তার পাপের ইতিহাস হতে অন্যেরা উপদেশ লাভ করবেন। PPBeng 527.6

ক্ষমার চেয়েও অধিক

PPBeng 528

দায়ূদের অনুতাপ আন্তরিক ছিল। তার অপরাধকে লাঘব করার কোন প্রচেষ্টা এতে ছিল না, বিচারের হাত হতে রক্ষা পাবার চেষ্টাও করা হয় নি তিনি তার অন্তরের হীনতা দেখতে পেয়েছিলেন। তিনি তার পাপকে ঘৃণা করেছিলেন। তিনি শুধু ক্ষমার জন্য প্রার্থনা করেন নি, কিন্তু তার অন্তরের পবিত্রতার জন্যও প্রার্থনা করেছিলেন। অনুতপ্ত পাপীর প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞার মধ্যে তিনি তার পাপের ক্ষমা এবং তাকে ঈশ্বরের পুনরায় গ্রহণ করা অনুধাবন করতে পেয়েছিলেন। "ঈশ্বরের গ্রাহ্যবলি ভগ্ন আত্মা; হে ঈশ্বর, তুমি ভগ্ন ও চূর্ণ অন্তঃকরণ তুচ্ছ করিবে না"। গীতসংহিতা ৫১:১৭। PPBeng 528.1

যদিও দায়ূদ পড়ে গিয়েছিলেন, কিন্তু সদাপ্রভু আবার তাকে তুলে ধরলেন। তার মুক্তির আনন্দে তিনি গেয়েছিলেন "আমি তোমার কাছে আমার পাপ স্বীকার করিলাম, আমার অপরাধ আর গোপন করিলাম না, আমি কহিলাম, "আমি সদাপ্রভুর কাছে নিজ অধর্ম স্বীকার করিব' তাহাতে তুমি আমার পাপের অপরাধ মোচন করিলে।" গীতসংহিতা ৩২:৫। দায়ূদ নত হলেন ও নিজ পাপ স্বীকার করলেন, কিন্তু শৌল সংশোধন করাকে ঘৃণা করেছিলেন এবং অনুতাপ না করে নিজ হৃদয়কে শক্ত করেছিলেন। PPBeng 528.2

দায়ূদের ইতিহাসের এই অধ্যায় আমাদের কাছে মানুষের দ্বন্দ্ব ও প্রলোভনের একটি প্রকট দৃষ্টান্ত তুলে ধরে, এবং একটি আন্তরিক অনুতাপের ও পাপ স্বীকারের ছবিও তুলে ধরে। যুগ যুগ ধরে ঈশ্বরের সন্তানেরা যখন পাপ করেছেন, তখন দায়ূদের এই আন্তরিক অনুতাপ স্মরণ করেছেন, এবং সাহসের সহিত অনুতাপ করে আবার ঈশ্বরের আজ্ঞা অনুসারে চলতে চেষ্টা করেছেন। PPBeng 528.3

যে কেউ দায়ূদের মত আপন হৃদয়কে নরম করবে এবং অনুতাপ ও স্বীকার করবে, সে নিশ্চিত হতে পারে যে তার জন্য পরিত্রাণের প্রত্যাশা রয়েছে। সদাপ্রভু আন্তরিক ভাবে অনুতপ্ত একটি হৃদয়কেও প্রত্যাহার করবেন না। PPBeng 528.4

অধ্যায় ৭২—দায়ূদের ছেলে অবশালোমের বিদ্রোহ

PPBeng 529

নাথন ভাববাদীর রূপক কাহিনী শুনার পর দায়ূদ নিজের উপর অলিখিত শাস্তি হিসাবে “চারিগুণ ফিরাইয়া দিবার” বাক্য সর্বদা স্মরণ রেখেছিলেন। তার চারজন ছেলে মারা যাবে, আর প্রত্যেকের মৃত্যুর কারণ হবে পিতার পাপ। PPBeng 529.1

প্রথম ছেলে অম্লোনের লজ্জাস্কর অপরাধ দায়ূদ বিনা দন্ডে ক্ষমা করে দিলেন। ব্যবস্থা অনুসারে ব্যভিচারকারীদের শাস্তি মৃত্যু, এবং অম্লোনের অস্বাভাবিক পাপ তাকে দ্বিগুণ দোষী করে তুলেছিল। কিন্তু দায়ূদ নিজ পাপ সম্পর্কে সচেতন থাকায় দোষীর শাস্তি দিতে পারলেন না। যে বোনের প্রতি এমন নীচ ব্যবহার করা হয়েছিল, সেই বোনের স্বাভাবিক রক্ষক অবশালোম, তার প্রতিশোধ স্পৃহাকে দুই বৎসর পর্যন্ত গোপন রেখেছিল, কিন্তু এক নিমন্ত্রণের সময় মাতাল ও অজাচারী অম্লোন আপন ভাইয়ের আদেশে নিহত হল। PPBeng 529.2

ঐ নিমন্ত্রণ থেকে গোপনে যিরূশালেমে ফিরে এসে রাজার ছেলেরা তাদের পিতাকে জানাল যে অম্লোন নিহত হয়েছে। এবং তারা “উচ্চৈঃস্বরে রোদন করিল, এবং রাজা ও তাঁহার সমস্ত দাসও অতিশয় রোদন করিলেন।” কিন্তু অবশালোম পালিয়ে গিয়েছিলেন। দায়ূদ অন্নোনকে দন্ড দেন নি, তাই ঈশ্বর ঘটনাবলীকে নিজ গতিতে চলতে দিলেন। যখন পিতা-মাতা বা শাসকগণ অন্যায়ের প্রতিকার করার তাদের দায়িত্ব হতে বিরত থাকেন, তখন এমন এক ঘটনা প্রবাহ শুরু হবে যাতে এক পাপ দ্বারা অন্য পাপের প্রতিবিধান হবে। PPBeng 529.3

এইখানেই পিতার সাথে অবশালোমের শত্রুতার শুরু। অবশালোমের অপরাধের দন্ড প্রয়োজন এই চিন্তা করে দায়ূদ তাকে যিরূশালেমে ফেরার অনুমতি দিলেন না। নির্বাসনের মাধ্যমে রাজত্বের কাজ-কর্ম হতে বঞ্চিত হবার ফলে অবশালোম বিপজ্জনক ষড়যন্ত্রে লিপ্ত হলেন। PPBeng 529.4

দুই বৎসর পার হবার পর যোয়াব পিতা ও সন্তানের মধ্যে মিলন ঘটানোর সংকল্প করলেন। তিনি তকোয়ের বুদ্ধিমানরূপে খ্যাতি সম্পন্ন এক মহিলার সহায়তা গ্রহণ করলেন। এই মহিলা নিজেকে দায়ূদের নিকট এমন এক বিধবারূপে উপস্থাপন করলেন যার একমাত্র সহায় ও ভরসা তার দুই ছেলে। এক বিবাদের সময় এই দুই ছেলের একজন আরেকজনকে বধ করে। আর এখন আত্মীয় স্বজনরা দাবী করছিলেন যে ঐ হত্যার দায়ে অন্য ভাইটিকে হত্যা করতে হবে। তাই এখন, মা বললেন, “তাহারা আমার অবশিষ্ট অঙ্গারখানি নির্বাণ করিতে চাহে, এবং ভূমন্ডলে আমার স্বামীর নামাদি কিছু অবশিষ্ট রাখিতে

চাহে না।” ২ শমূয়েল ১৪:৭। রাজার অনুভূতি জেগে উঠল এবং মহিলার ছেলেকে রাজা রক্ষা করবেন বলে নিশ্চিত করলেন। PPBeng 529.5

মহিলা রাজার ক্ষমা-ভিক্ষা করে তাকে জানালেন যে তিনি অর্থা রাজা তার নিজ কথায় নিজ দোষ ধরতে পারলেন, কারণ তিনি নির্বাসিতকে বাড়ি আসতে দিচ্ছিলেন না। সে বলল, “আমরা ত নিশ্চয়ই মরিব, এবং যাহা একবার ভূমিতে ঢালিয়া ফেলিলে পরে তুলিয়া লওয়া যায় না, এমন জলের ন্যায় হইব; পরন্তু ঈশ্বরও প্রাণ হরণ করেন না, কিন্তু নির্বাসিত লোক যাহাতে তাঁহা হইতে নির্বাসিত না থাকে, তাহার উপায় চিন্তা করেন।” ঈশ্বরের প্রেমের এই হৃদয়গ্রাহী ছবি প্রমাণ করে যে ইস্রায়েলরা পরিত্রাণের মহান সত্যের সাথে পরিচিত ছিল। রাজা এই আর্জী অবহেলা করতে পারলেন না। আদেশ প্রদান করা হল, “অতএব যাও, সেই যুবক, অবশালোমকে আবার আন।” PPBeng 530.1

দায়ূদের পাপের দুঃখজনক পরিণতি

PPBeng 530

অবশালোমকে যিরূশালেমে আসতে দেয়া হল সত্য, কিন্তু তাকে পিতার আদালতে উপস্থিত হতে অথবা তার পিতার সাথে সাক্ষাৎ করতে অনুমতি দেয়া হল না। তার এই সুন্দর ও দক্ষ ছেলেকে যদিও দায়ূদ খুবই প্রেম করতেন, তথাপি তিনি চিন্তা করলেন যে ঐ ধরণের অপরাধের প্রতি ঘৃণা প্রকাশ করা প্রয়োজন। আদালত হতে নির্বাসিত অবশালোম দুই বসর নিজ ঘরেই থাকলেন। তিনি যে অপরিমেয় অন্যায়ের শিকার হয়েছেন, তার বোনের উপস্থিতি তাকে নিয়ত তা স্মরণ করাত। জনসমক্ষে রাজপুত্র একজন অপরাধী না হয়ে বরং একজন বীররূপে গণ্য হচ্ছিলেন, আর তিনি লোকদের হৃদয় জয় করতে সচেষ্ট হলেন। PPBeng 530.2

তার ব্যক্তিগত চেহারা সকলের প্রশংসা কুড়ানের মত ছিল। “সমস্ত ইস্রায়েলের মধ্যে অবশালোমের তুল্য সৌন্দর্য্যে অতি প্রশংসনীয় কেহ ছিল না; তাহার পায়ের তালু হইতে মাথার তালু পর্যন্ত নির্দোষ ছিল।” দায়ূদ যে তাকে যিরূশালেমে আসার অনুমতি দিলেন, তথাপি তাকে যে তার সম্মুখে আসতে দিচ্ছিলেন না, এতে লোকদের সহানুভূতি তার প্রতি ধাবিত হল। PPBeng 530.3

তার পাপের পূর্বে দায়ূদ ছিলেন সাহসী ও দৃঢ়, কিন্তু পাপের পর তিনি হয়ে পড়লেন ভীরু ও সিদ্ধান্ত গ্রহণে অক্ষম। এতে তার ছেলের পরিকল্পনায় সহায়তা হল। PPBeng 531.1

যোয়াবের প্রভাবের মাধ্যমে অবশালোম তার পিতার সামনে উপস্থিত হতে শুরু করলেন। কিন্তু তিনি তার ষড়যন্ত্র চালিয়েই যেতে থাকলেন, অত্যন্ত যত্নের সাথে তিনি জনগণের সমর্থনের চেষ্টা করতে থাকলেন, এবং রাজার প্রতি যে কোন অসন্তোষকেই নিজের সুবিধায় ব্যবহার করতে লাগলেন। প্রতিদিনই এই সম্ভ্রান্ত চেহারার যুবককে শহরের

সদর দরজার কাছে দেখা যেত, সর্বদাই তিনি একদল দরখাস্তকারী দ্বারা পরিবেষ্টিত থাকতেন যারা তাদের প্রতি যে অন্যায় করা হয়েছিল, তার বিচার চাইত। অবশালোম মনোযোগ সহকারে শুনতেন, তাদের দুঃখে সহানুভূতি প্রকাশ করতেন, এবং শাসন ব্যবস্থার অদক্ষতার জন্য দুঃখ প্রকাশ করতেন। "হায়, আমাকে কেন দেশের বিচারক পদে নিযুক্ত করা হয় নাই? তাহা করিলে যে কোন ব্যক্তির বিবাদ বা বিচারের কোন বাক্য থাকে, সে আমার নিকটে আসিলে আমি তাহার বিষয়ে ন্যায্য বিচার করিতাম। আর যে কেহ তাহার কাছে কুর্নিশ করিতে তাহার নিকটে আসিত, সে তাহাকে হাত বাড়াইয়া ধরিয়া চুম্বন করিত।" PPBeng 531.2

বিদ্রোহ গোপনে বৃদ্ধি পেতে থাকে

PPBeng 531

রাজপুত্র দ্বারা উৎসাহিত হয়ে, সরকারের বিরুদ্ধে অসন্তোষ দ্রুত বাড়তে লাগল । অবশালোমকেই সিংহাসনের উত্তরাধিকারী মনে করা হত, এবং তিনি যে সিংহাসন দখল করেন এধরণের একটি আকাঙ্খা প্রকাশ পেতে লাগল। "এই প্রকারে অবশালোম ইস্রায়েল লোকদের মন হরণ করিল।" তথাপি রাজা কোন কিছুই সন্দেহ করলেন না। রাজপুত্রের যে ভূমিকা অবশালোম নিচ্ছিলেন, তার আদালতের সম্মান বৃদ্ধির জন্যই বলে দায়ূদ ধরে নিলেন । PPBeng 531.3

বিদ্রোহ পরিচালনার বিভিন্ন পদক্ষেপ অনুশীলনের জন্য অবশালোম বিভিন্ন বংশে নিজ লোক পাঠালেন। এখন তার বিশ্বাসঘাতকতামূলক পরিকল্পনা গোপন করার জন্য ধর্মীয় ভক্তির আশ্রয় গ্রহণ করা হল। অবশালোম রাজাকে বললেন, "বিনয় করি, আমি সদাপ্রভুর উদ্দেশে যাহা মানত করিয়াছি, তাহা পরিশোধ করিতে আমাকে হিব্রোণে যাইতে দিন। কেননা আপনার দাস আমি যখন সিরিয়ার গশূরে অবস্থিতি করিতে ছিলাম, তখন মানত করিয়া বলিয়াছিলাম, যদি সদাপ্রভু আমাকে যিরূশালেমে ফিরাইয়া আনেন, তবে আমি সদাপ্রভুর সেবা করিব।" PPBeng 531.4

তার ছেলের ধার্মিকতার এই পরিচয়ে আনন্দিত হয়ে স্নেহময় পিতা প্রার্থনা সহকারে ছেলেকে বিদায় দিলেন। অবশালোমের ভন্ডামীর এই সেরা কাজ শুধু যে রাজার চোখে ধূলা দেবার জন্যই ছিল তা নয়, বরং এটি জনগণের আস্থা লাভের জন্যও ছিল, আর এর মাধ্যমে তাদের ঈশ্বরের মনোনীত রাজার বিরুদ্ধে বিদ্রোহ করার অনুপ্রানীত করার জন্যও ছিল । PPBeng 532.1

অবশালোম হিব্রোণের উদ্দেশে যাত্রা করলেন। "আর যিরূশালেম হইতে দুইশত লোক অবশালোমের সহিত গেল; ইহারা আহবান প্রাপ্ত হইয়াছিল, এবং সরল মনে গেল, কিছুই জানা ছিল না।" এই লোকেরা যাবার সময় একটুও চিন্তা করতে পারল না যে পুত্রের জন্য তাদের প্রেম তাদের পিতার বিরুদ্ধে বিদ্রোহে পরিচালিত করছে। হিব্রোণে গিয়ে অবশালোম

অহীথোফলকে ডেকে পাঠালেন, অহীথোফল তার বুদ্ধির জন্য খুবই বিখ্যাত ছিলেন। অহীথোফলের সমর্থন অবশালোমের কৃতকার্য্যতা নিশ্চিত করল, কারণ অনেক প্রভাবশালী ব্যক্তি তার পতাকাতলে জড় হলেন। যখন বিদ্রোহের তূরী বেজে উঠল, সারা দেশে রাজপুত্রের গুপ্তচরেরা ঘোষণা দিল যে অবশালোম রাজ্য গ্রহণ করেছেন, আর ফলে অনেক লোক তার নিকট এসে উপস্থিত হল। PPBeng 532.2

অবশেষে দায়ূদের ঘুম ভাঙ্গে

PPBeng 532

ইতিমধ্যে যিরূশালেমেও খবর পৌছাল। দায়ূদ সহসা দেখতে পেলেন যে তার সিংহাসনের অত্যন্ত কাছেই বিদ্রোহ শুরু হয়েছে। তার নিজের ছেলেই সিংহাসন দখল করতে ও তার জীবন হরণ করতে ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। এই মহা বিপদে দায়ূদ যে হতাশা তাকে অনেকদিন পর্যন্ত দুর্বল করে রেখেছিল তা ঝেড়ে ফেলেন এবং এই প্রচন্ড আকস্মিক বিপদ মোকাবেলার প্রস্তুতি নিলেন। অবশালোম মাত্র বিশ মাইল দূরে রয়েছেন। শীঘ্রই বিদ্রোহীরা যিরূশালেমের সদর দরজায় উপস্থিত হবে। PPBeng 532.3

তার রাজধানী হত্যা ও ধ্বংসের লীলাক্ষেত্রে পরিণত হতে পারে। এই চিন্তা দায়ূদকে বিচলিত করল। তিনি কি যিরূশালেমে রক্তের বন্যা বয়ে যাবার অনুমতি দেবেন? তিনি সিদ্ধান্ত নিয়ে ফেললেন। তিনি যিরূশালেম পরিত্যাগ করে চলে যাবেন এবং তার লোকদের সুযোগ দেবেন যেন তারা তার পক্ষে ঐক্যবদ্ধ হতে পারে। ঈশ্বরের প্রতি ও তার লোকদের প্রতি তার কর্তব্য হল যেন ঈশ্বর তাকে যে কর্তৃত্ব দিয়েছেন, তা তিনি রক্ষা করেন। PPBeng 532.4

দুঃখে ও অপমানে দায়ূদ যিরূশালেমের সদর দরজা পার হয়ে চললেন। লোকেরাও এক মৃত্যুর মিছিলের মত দীর্ঘ ও শোকাহত শোভাযাত্রা করে তার পেছনে পেছনে চল্ল। করেথীয়, পলেথীয় ও গাবীয়রা ছিল দায়ূদের দেহ রক্ষী দল, তারা গাতীয় ইওয়ের পরিচালনায় রাজার সাথে চল। কিন্তু তার স্বাভাবিক স্বার্থপরতায় দায়ূদ এতে মত দিতে পারলেন না যে এই পরদেশীরা তার এই দুর্যোগের সাথে জড়িয়ে পড়ে। তখন রাজাই ইওয়কে বললেন, “আমাদের সংগে তুমিও কেন যাইবে?...তুমি বিদেশী এবং নির্বাসিত লোক,...তুমি কালমাত্র আসিয়াছ, অদ্য আমি কি তোমাকে আমাদের সহিত ভ্রমণ করাইব? আমি যেখানে পারি, সেখানে যাইব, তুমি ফিরিয়া যাও; নিজ ভাইদিগকেও লইয়া যাও, দয়া ও সত্য তোমার সংগে থাকুক।” PPBeng 533.1

ইত্তয় উত্তর দিলেন, “জীবন্ত সদাপ্রভুর দিব্য, এবং আমার প্রভু মহারাজের প্রাণের দিব্য, জীবনের জন্য হউক, কিংবা মরণের জন্য হউক, আমার প্রভু মহারাজ যে স্থানে থাকিবেন, আপনার দাস ও সেই স্থানে অবশ্যই থাকিবে।” এই লোকেরা পৌত্তলিকতা পরিত্যাগ করে ধর্ম গ্রহণ করেছিল এবং তারা ঈশ্বরের ও রাজার প্রতি তাদের মহান আনুগত্যের পরিচয়

ছিল। তার দৃশ্যতঃ পরাজিত লক্ষ্যের প্রতি তাদের বাধ্যতাকে দায়ূদ গ্রহণ করে নিলেন, আর সকলেই কিদ্রোন স্রোত পার হয়ে মরু-প্রান্তরের দিকে চললেন। PPBeng 533.2

বিপদের মুহূর্তে কিছু লোক দায়ূদের প্রতি বিশ্বস্ত থাকে

PPBeng 533

আবারও মিছিল থামল। "আর দেখ, সাদোকও আসিলেন, এবং তাঁহার সংগে লেবীয়েরা সকলে আসিল, তাহারা ঈশ্বরের নিয়ম-সিন্দুক বহন করিতেছিল।" দায়ূদের লোকদের নিকট ঐ পবিত্র প্রতীকটি ছিল উদ্ধার ও বিজয়ের প্রতিজ্ঞা। যিরূশালেমের অনুপস্থিতি অবশালোমের অনুগামীদের মনে ভয়ের সঞ্চার করবে। PPBeng 533.3

নিয়ম-সিন্দুক দেখে দায়ূদের হৃদয় ক্ষণিকের জন্য আশা ও আনন্দে শিহরিত হয়ে উঠল। কিন্তু শীঘ্রই অন্য চিন্তা তাকে পেয়ে বসল। ঈশ্বর এই ঐতিহ্যের নেতা হিসাবে তার প্রধান দায়িত্ব হল ঈশ্বরের গৌরব করা আর নিজ লোকদের উপকার সাধন করা। যিরূশালেমে ঈশ্বর বলেছিলেন, "এই আমার চিরকালের বিশ্রামস্থান" (গীতসংহিতা ১৩২:১৪), এবং কোন যাজক বা কোন রাজা ঐ স্থান হতে তাঁর (ঈশ্বরের) উপস্থিতির প্রতীক সরাতে পারতেন না। আর দায়ূদের মহা পাপের কথা সর্বদাই তার স্মৃতিতে ছিল। যে পবিত্র ব্যবস্থা তাদের স্বর্গীয় রাজার ইচ্ছার ধারক, রাজ্যের সংবিধান এবং উন্নতির ভিত্তিমূল, সেই ব্যবস্থা জাতির রাজধানী হতে সরিয়ে ফেলা তার কাজ নয়। PPBeng 533.4

তিনি সাদোককে আজ্ঞা করলেন, "তুমি ঈশ্বরের সিন্দুক পুনরায় নগরে লইয়া যাও, যদি সদাপ্রভুর দৃষ্টিতে আমি অনুগ্রহ পাই, তবে তিনি আমাকে পুনর্বার আনিয়া তাহা ও তাঁহার নিবাস দেখাইবেন। কিন্তু যদি তিনি এই কথা বলেন, তোমাতে আমার সন্তোষ নাই, তবে দেখ, এই আমি, তাঁহার দৃষ্টিতে যাহা ভাল, আমার প্রতি তাহাই করুন।" PPBeng 534.1

যখন সমস্ত কিছুই অন্ধকারময় তখন দায়ূদ প্রার্থনা করেন

PPBeng 534

যখন যাজকগণ যিরূশালেমের দিকে ফিরতে আরম্ভ করলেন তখন বিদায়ী জনতার মুখে একটি বিষাদের কালো ছায়া নেমে এল। তাদের রাজা এখন পলাতক, তারা সকলেই সমাজচ্যুত, এমন কি ঈশ্বরের নিয়ম-সিন্দুকও তাহাদের নিকট নাই। তাদের ভবিষ্য সম্পূর্ণ অন্ধকার! "পরে দায়ূদ জৈতুন পর্বতের ঊর্দ্ধগামী পথ দিয়া উঠিলেন, তিনি উঠিবার সময়ে ক্রন্দন করিতে করিতে চলিলেন, তাঁহার মুখ আচ্ছাদিত ও পা অনাবৃত ছিল, এবং তাঁহার সঙ্গী লোকেরা প্রত্যেকে আপন আপন মুখ আচ্ছাদন করিয়াছিল, এবং উঠিবার সময়ে রোদন করিতে করিতে চলিল। পরে কেহ দায়ূদকে কহিল, অবশালোমের সংগে চক্রান্তকারীদের মধ্যে অহীথোফলও আছে।" আবারও দায়ূদ তার পাপের প্রতিফল স্বীকার করতে বাধ্য হলেন। রাজনৈতিক নেতাদের মধ্যে সব চাইতে সক্ষম অহীথোফলের পক্ষত্যাগের কারণ

হল তার নাতনী বৎশেবার প্রতি অন্যায় আচরণ। “তখন দায়ূদ কহিলেন, হে সদাপ্রভু, অনুগ্রহ করিয়া অহীথোফলের মন্ত্রনাকে মুর্খতায় পরিণত কর।” পর্বতের চুড়ায় উঠার পর, রাজা প্রার্থনার জন্য অবনত হলেন, আর তার হৃদয়ের সমস্ত বোঝা ঈশ্বরের নিকট উন্মোচিত করে তিনি তাঁর আশীর্বাদ কামনা করলেন। PPBeng 534.2

অর্কীয় হূশয়, একজন জ্ঞানী ও দক্ষ পরিষদ ও দায়ূদের একজন বিশ্বস্ত বন্ধু, এখন সিংহাসনচ্যুত ও পলাতক রাজার ভাগ্যের সাথে নিজ ভাগ্য সংযুক্ত করলেন। ইল্‌হামের মাধ্যমে দায়ূদ বুঝাতে পারলেন যে রাজধানীর পরিষদদের মধ্যে রাজার স্বার্থ রক্ষার জন্য এই ব্যক্তির প্রয়োজন রয়েছে। তাই দায়ূদের অনুরোধে অহীথোফলের সুচতুর পরামর্শ সমূহকে পরাভূত করার জন্য হূশয়কে যিরূশালেমে ফিরে গিয়ে অবশালোমের কাছে চাকুরী প্রার্থনা করতে রাজী হলেন । PPBeng 534.3

অন্ধকারের মধ্যে আলোর ছটা দেখতে পেয়ে রাজা ও তার সাথীরা জৈতুন পর্বতের পূর্ব-ঢাল বেয়ে ও মরুময় পথ হেটে, যর্দ্দন নদীর দিকে চললেন। “পরে দায়ূদ রাজা বহুরীমে উপস্থিত হইলে দেখ, শৌলকুলের গোষ্ঠিভুক্ত গেরার পুত্র শিমিয়ি....বাহির হইয়া আসিতে আসিতে শাপ দিল । আর সে দায়ূদের ও দায়ূদ রাজার সমস্ত দাসদের দিকে প্রস্তর নিক্ষেপ করিল। শিমিয়ি শাপ দিতে দিতে এই কথা কহিল, যা, যা, তুই রক্তপাতী, তুই পাষন্ড । তুই যাহার পদে রাজত্ব করিয়াছিস, সেই শৌলের কুলের সমস্ত রক্তপাতের প্রতিফল সদাপ্রভু তোকে দিতেছেন, এবং সদাপ্রভু তোর পুত্র অবশালোমের হস্তে রাজ্য সমর্পণ করিয়াছেন, দেখ, তুই নিজ দুষ্টতায় আট্‌কা পড়িয়াছিস্‌, কেননা তুই রক্তপাতী।” PPBeng 535.1

দায়ূদের উন্নতির সময় শিমিয়ি কখনও প্রকাশ করে নি যে সে তার প্রতি অনুগত নয় । সে ক্ষমতায় উপবিষ্ট দায়ূদকে সম্মান প্রদর্শন করেছিল, কিন্তু এখন তার বিপদের সময় তাকে শাপ দিল। যাকে ঈশ্বর সংশোধন করছিলেন, শয়তানের প্ররোচনায় সে তার উপরে তার ঘৃণা উদ্ধারিত করল। PPBeng 535.2

শৌলও তার কুলের প্রতি অন্যায় আচরণ করার কোন দোষে দায়ূদ দোষী ছিলেন না। তার জীবনের বেশীর ভাগই যুদ্ধ-বিগ্রহের মধ্যেই কেটেছে, কিন্তু দায়ূদের মত আর কেউই এর নিষ্ঠুরতা ও অবক্ষয়ের প্রভাবমুক্ত থাকতে পারেন নি I PPBeng 535.3

দায়ূদের ভাতিজা অবীশয় শিমিয়ির এই অপমানজনক কথা-বার্তায় আর ধৈর্য্য রক্ষা করতে পারল না। সে চিৎকার করে বলল, “ঐ মৃত কুকুর কেন আমার প্রভু মহারাজকে শাপ দেয়? আপনি অনুমতি করিলে আমি পার হইয়া গিয়া উহার মস্তক কাটিয়া ফেলি।” কিন্তু রাজা তাকে মানা করলেন। তিনি বললেন, “দেখ, আমার...পুত্র আমার প্রাণনাশের চেষ্টা করিতেছে, তবে ঐ বিন্যামীনীয় কি না করিবে? উহাকে থাকিতে দেও, ও শাপ দিউক, কেননা সদাপ্রভু উহাকে অনুমতি দিয়াছেন। হয় ত সদাপ্রভু আমার উপরে কৃত অন্যায়ের প্রতি

দৃষ্টিপাত করিবেন, এবং অদ্য আমাকে দত্ত শাপের পরিবর্তে সদাপ্রভু আমার মঙ্গল করিবেন।” PPBeng 535.4

দাদ জানেন যে তার পাপের ফলে এই বিপর্যয় ঘটেছে

PPBeng 535

যদিও তার বিশ্বস্ত প্রজারা তার এই ভাগ্য পরিবর্তনে হতবাক্ হয়ে গিয়েছিল, তথাপি রাজার নিকট এটি কোন রহস্যজনক বিষয় ছিল না। এই ধরণের একটি সময় যে আসবে সে বিষয়ে তিনি আগে হতেই অনুভব করতে পেরেছিলেন । তিনি বরং এই জন্য আশ্চর্যান্বিত হয়েছিলেন যে ঈশ্বর এতকাল যাব তার পাপকে সহ্য করেছিলেন। আর এখন তার বিশ্বস্ত ও দুঃখজনক অবস্থায় তিনি তার রাজধানীর বাক্য স্মরণ করলেন যে রাজধানী তার পাপের দৃশ্য ছিল । যখন তিনি ঈশ্বরের ধৈর্য্যের কথা স্মরণ করলেন, তখন তিনি অনুভব করলেন যে সদাপ্রভু অনুগ্রহ সহকারে তার সাথে ব্যবহার করবেন। PPBeng 535.5

দায়ূদ তার পাপ স্বীকার করেছিলেন এবং ঈশ্বরের বিশ্বস্ত দাস হিসাবে আপন কর্তব্য করতে চেষ্টা করছিলেন। তিনি রাজ্যের উন্নতির জন্য পরিশ্রম করেছিলেন। ঈশ্বরের ধর্মধাম নির্মাণের জন্য তিনি অনেক সামগ্রী সংগ্রহ করেছিলেন। এবং এত বসরের কঠোর পরিশ্রমের ফল কি তার বুদ্ধিহীন, বিশ্বাসঘাতক ছেলের হাতে গিয়ে পড়বে? PPBeng 536.1

তার পাপের মধ্যেই তিনি তার বিপর্যয়ের কারণ খুঁজে পেলেন। নিষ্ঠুর অন্যায় ও অসম্মানের মধ্যেও তিনি নিজেকে নম্র, নিঃস্বার্থপর, দয়ালু ও আত্মত্যাগী বলে প্রমাণ করলেন। এই গভীর অসম্মানের মধ্যে ইস্রায়েলের এই রাজা যত সত্যিকার মহ ছিলেন, ঈশ্বরের চোখে এর আগে কখনও তিনি এত মহ ছিলেন না । PPBeng 536.2

যে অভিজ্ঞতার মাধ্যমে তিনি দায়ূদকে দিন যাপন করতে দিয়েছিলেন তাতে এই প্রমাণিত হয় যে সদাপ্রভু কখনও পাপ সহ্য বা ক্ষমা করতে পারেন না। দায়ূদের কঠোর বিচার সময়ের ইতিহাস আমাদের ঈশ্বরের অনুগ্রহের কার্যকারীতা বুঝতে সাহায্য করে। তিনি দায়ূদের বিচার করলেন সত্য, তবে তিনি তাকে ধ্বংস করলেন না। এই আগুন সংশোধনের আগুন ছিল, সম্পূর্ণ ধ্বংস করার আগুন ছিল না । PPBeng 536.3

ঈশ্বর অবশালোমকে জ্ঞান দান করেন নি

PPBeng 536

দায়ূদ যিরূশালেম পরিত্যাগ করার অব্যবহিত পরেই অবশালোম ইস্রায়েলদের শক্ত ঘাটিটি দখল করে নিলেন। নতুন রাজাকে অভ্যর্থনাকারীদের মধ্যে হূশয় প্রথম ছিলেন, আর তার পিতার এই পুরানো বন্ধু ও পরিষদ তাকে স্বীকার করে নেয়ায় রাজপুত্র কৃতজ্ঞ

হয়েছিলেন। অবশালোম কৃতকার্য্যতায় নিশ্চিত ছিলেন। জাতির আস্থা ফিরিয়ে আনার জন্য তিনি হূশয়কে তার আদালতে স্বাগত জানালেন । PPBeng 536.4

অবশালোম এক বিশাল সৈন্যবাহিনী দ্বারা পরিবেষ্টিত ছিলেন, কিন্তু এই সৈন্যদল যুদ্ধ-অনভিজ্ঞ সৈন্য দ্বারা গঠিত ছিল । অহীথোফল জানতেন যে জাতির এক বৃহ অংশই তখনও দায়ূদের প্রতি বিশ্বস্ত ছিল; তিনি যুদ্ধে পরিপক্ষ সৈন্যদল দ্বারা বেষ্টিত ছিলেন এবং তাদের সেনা নায়করা ঝানু ও দক্ষ যোদ্ধা ছিল। অহীথোফল জানতেন যে নতুন রাজার প্রতি প্রাথমিক উসাহ প্রদর্শনের পর-পরই একটি প্রতিক্রিয়া হবে। যদিও বিদ্রোহ বিফল হয়, তবে অবশালোম তার পিতার সাথে সন্ধি করে নিতে পারেন। তাহলে তার প্রধান পরিষদ অহীথোফলই হবেন সর্বাধিক অপরাধী, আর তার উপরেই পড়বে কঠিনতম শাস্তি । PPBeng 536.5

অবশালোম যেন পশ্চাৎ ফিরে যেতে না পারেন, তার জন্য অহীথোফল এমন একটি কাজের পরামর্শ দিলেন, যা পুনর্মিলন অসম্ভব করে তুলবে। PPBeng 537.1

নারকীয় প্রতারণার সহিত এই নীতিহীন রাজনৈতিক অবশালোমকে যুক্তি দিলেন যে তিনি যেন বিদ্রোহের সহিত অজাচার (নিকট আত্মীয়ের সহিত ব্যভিচার) সংযুক্ত করেন। ইস্রায়েলদের গোচরে তিনি যেন তার পিতার উপপত্নীদের নিজ উপপত্নীতে পরিণত করেন যাতে সকলে জানতে পারে যে তিনি এখন তার পিতার ক্ষমতার অধিকারী। আর অবশালোম ঐ পরামর্শ অনুসারে কাজ করলেন। এই ভাবে দায়ূদের নিকট ঈশ্বরের যে বাণী ভাববাদী পৌছে দিয়েছিলেন তা পূর্ণ হল, “দেখ, আমি তোমার কুল হইতেই তোমার বিরুদ্ধে অমঙ্গল উপন্ন করিব, এবং তোমার সাক্ষাতে তোমার স্ত্রীগণকে লইয়া তোমার আত্মীয়কে দিব....বস্তুতঃ তুমি গোপনে এই কর্ম করিয়াছ, কিন্তু আমি সমস্ত ইস্রায়েলের সাক্ষাতে ও সূর্য্যের সাক্ষাতে এই কার্য্য করিব।” ২ শমূয়েল ১২:১১, ১২। ঈশ্বর কিন্তু এই কাজ ঘটান নি, কিন্তু এই কাজ রোধ কল্পে তিনি তার ক্ষমতা ব্যবহার করেন নি। PPBeng 537.2

অহীথোফল কোন স্বর্গীয় আলোর অধিকারী ছিলেন না, তা না হলে তিনি অজাচারকে বিদ্রোহের কৃতকার্য্যতার ভিত্তিমূলরূপে উপস্থাপন করতে পারতেন না। যদি ঈশ্বরের ক্ষমতা তাদের ষড়যন্ত্রকে নিষ্ফল না করে, তবে দুষ্টলোকেরা তাদের কুকর্মে কৃতকার্য্য হয়। PPBeng 537.3

তার নিজের নিরাপত্তা নিশ্চিত করার পর অহীথোফল অনুরোধ জানালেন, “আমি বারো সহস্র লোক মনোনীত করিয়া অদ্য রাত্রিতে উঠিয়া দায়ূদের পশ্চাতে পশ্চাতে তাড়া করিয়া যাই, যখন তিনি শ্রান্ত ও শিথিলহস্ত হইবেন, সেই সময়ে হঠা তাঁহাকে আক্রমণ করিয়া ভয় দেখাইব; তাহাতে তাঁহার সঙ্গী সমস্ত লোক পলায়ন করিবে, আর আমি কেবল রাজাকে আঘাত করিব । এইরূপে সমস্ত লোককে তোমার পক্ষে আনিব।” যদি এই পরিকল্পনা বাস্তবায়ন করা হত, তবে দায়ূদ অবশ্যই নিহত হতেন। কিন্তু “সদাপ্রভু যে অবশালোমের

প্রতি অমঙ্গল ঘটান, তজ্জন্য অহীথোফলের ভাল মন্ত্রণা ব্যর্থ করণার্থে সদাপ্রভুই ইহা স্থির করিয়াছেন।” PPBeng 537.4

হূশয় পরামর্শ সভায় নিমন্ত্রণ পান নি। কিন্তু যখন সভা শেষ হল, অবশালোম, যিনি তার পিতার পরিষদের পরামর্শের প্রতি যথেষ্ট আস্থা রাখতেন, অহীথোফলের পরিকল্পনা হূশয়ের নিকট উপস্থাপন করলেন। PPBeng 538.1

হূশয় দেখতে পেলেন যে যদি এই পরিকল্পনা বাস্তবায়িত হয়, তা হলে দায়ূদ পরাস্ত হবেন। “এইবার অহীথোফল ভাল পরামর্শ দেন নাই। হূশয় আরো কহিলেন, আপনি আপন পিতাকে ও তাঁহার লোকদিগকে জানেন, তাঁহারা বীর ও তিক্তপ্রাণ এবং মাঠের হৃতবসা ভল্লুকীর তুল্য, আর আপনার পিতা যোদ্ধা, তিনি লোকদের সহিত রাত্রি যাপন করিবেন না। দেখুন, এখন তিনি কোন গর্তে কিংবা আর কোন স্থানে লুকাইয়া আছেন।” যদি অবশালোমের লোকেরা এখন দায়ূদের অনুসন্ধান করে তবে তারা রাজাকে বন্দি করতে পারবে না, আর যদি তারা পরাজিত হয় তবে তারা নিরুসাহিত হবে এবং অবশালোমের জন্য তা অত্যন্ত ক্ষতিকর হবে। তিনি বললেন, “কারণ সমস্ত ইস্রায়েল জানে যে, আপনার পিতা বিক্রমশালী, ও তাঁহার সঙ্গিগণ বীর্য্যবান লোক।” PPBeng 538.2

হূশয় এক বিকল্প পরিকল্পনা পেশ করেন

PPBeng 538

তিনি এমন একটি পরিকল্পনা উপস্থাপন করলেন যা অত্যন্ত স্বার্থান্বেষী ও আকর্ষণীয়। “কিন্তু আমার পরামর্শ এই; দান অবধি বের-শেবা পর্য্যন্ত সমুদ্রতীরস্থ বালির ন্যায় অসংখ্য সমস্ত ইস্রায়েল আপনার নিকটে সংগ্রহীত হউক, পরে আপনি স্বয়ং যুদ্ধে গমন করুন। তাহাতে যে কোন স্থানে তাঁহাকে পাওয়া যাইবে, সেই স্থানে আমরা তাঁহার সমীপে উপস্থিত হইয়া ভূমিতে শিশির পতনের ন্যায় তাঁহার উপরে চাপিয়া পড়িব; তাঁহাকে ও তাঁহার সঙ্গী সমস্ত লোকের মধ্যে একজনকেও রাখিব না। আর যদি তিনি কোন নগরে প্রস্থান করেন, তবে সমস্ত ইস্রায়েল সেই নগরে রজ্জু বাঁধিবে, আর আমরা স্রোত পর্যন্ত তাহা টানিয়া লইয়া যাইব, শেষে সেখানে একখানি পাথর কুচিও আর পাওয়া যাইবে না।” PPBeng 538.3

“পরে অবশালোম ও ইস্রায়েলের সমস্ত লোক বলিল, অহীথোফলে মন্ত্রনা অপেক্ষা অর্কীয় হূশয়ের মন্ত্রনা ভাল।” PPBeng 538.4

কিন্তু একজন অবশালোমের এই মারাত্মক ভুলের পরিণাম পরিষ্কাররূপে দেখতে পেলেন। অহীথোফল বুঝতে পারলেন যে বিদ্রোহীদের পরাজয় অবশ্যম্ভাবী। তিনি এও বুঝতে পারলেন যে রাজপুত্রের ভাগ্যে যাই ঘটুক না কেন, কিন্তু যে পরিষদে এই সমস্ত বড় অপরাধের প্ররোচনা যুগিয়েছিলেন, তার কোনই আশা নাই। অহীথোফল অবশালোমকে বিদ্রোহ করতে উসাহিত করেছিলেন, পিতাকে অসম্মান করার মত ঘৃণ্য কুকর্মে তিনি তার

পরামর্শদাতা ছিলেন, তিনি দায়ূদকে হত্যা করার জন্য তাকে পরামর্শ দিয়েছিলেন, রাজার সাথে তার আপোষের শেষ সম্ভাবনাও তিনি নষ্ট করেছিলেন, আর অবশালোম এখন তার উপর আর একজনকে পছন্দ করে। ঈর্ষা, ক্রোধ, ও হতাশায় পূর্ণ অহীথোফল "উঠিয়া নিজ বাটীতে....গেল, এবং...আপনি গলায় দড়ি দিয়া মরিল।" যে ঈশ্বরকে তার পরামর্শদাতারূপে গ্রহণ করে নি, এই ছিল তার ফল। PPBeng 538.5

হূশয় সময় ব্যয় না করে দায়ূদকে খবর দিলেন যে তিনি যেন দ্রুত যর্দ্দন নদী পার হয়ে দূরে চলে যান। "আপনি মরুভূমির পারঘাটায় অদ্যকার রাত্রি যাপন করিবেন না, কোন মতে পার হইয়া যাইবেন; পাছে রাজা ও আপনার সঙ্গী সমস্ত লোক হত্যা হন।" PPBeng 539.1

প্রথম দিনের দ্রুত পলায়নের ফলে ক্লান্তি ও শোকে অভিভূত দায়ূদ সংবাদ পেলেন যে ঐ রাত্রেই তাকে যদন পার হতে হবে কেননা তাঁর ছেলে তার জীবন হরণ করতে চায়। এই ভয়ঙ্কর মুহূর্ত্তে রাজা ও পিতার মনোভাব কিরূপ ছিল? কঠোরতম পরীক্ষার মুহূর্তে দায়ূদের দিন ঈশ্বরের উপর নির্ভরশীল থাকল, আর তিনি গাইলেন : PPBeng 539.2

হে সদাপ্রভু, আমার বিপক্ষ কত বাড়িয়াছে ।

অনেকে আমার বিরুদ্ধে উঠিতেছে।

অনেকে আমার প্রাণের উদ্দেশে বলিতেছে,

ঈশ্বরের কাছে উহার জন্য ত্রাণ নাই ।

কিন্তু, হে সদাপ্রভু, তুমিই আমার বেষ্টনকারী ঢাল,

আমার গৌরব, ও আমার মস্তক উত্তোলনকারী ।

আমি স্বরবে সদাপ্রভুকে ডাকি,

আর তিনি আপন পবিত্র পর্বত হইতে আমাকে উত্তর দেন।

আমি শয়ন করিলাম ও নিদ্রা গেলাম,

আমি জাগ্রত হইলাম;

কারণ সদাপ্রভু আমাকে ধারণ করেন।

আমি অযুত অযুত লোক হইতেও ভীত হইব না, যাহারা আমার বিরুদ্ধে চারিদিকে সসজ্জ হইয়াছে। PPBeng 539.3

গীতসংহিতা ৩:১-৬।

রাতের গভীর অন্ধকারে দায়ূদ ও তার দল গভীর ও খরপ্রবাহিত নদী পার হয়ে গেলেন। "যর্দ্দন নদী পার হন নাই, তাহাদের মধ্যে এমন একজনও প্রভাতের আলো পর্যন্ত অবশিষ্ট থাকিল না।" PPBeng 540.1

দায়ূদ ও তার লোকেরা ইশবোশেতের রাজধানী মহনয়িমে এসে উপস্থিত হলেন। মহনয়িম ছিল পর্বতময় জেলা দ্বারা ঘেরা একটি শহর যা যুদ্ধের সময় পিছিয়ে আসার জন্য অত্যন্ত উপযুক্ত ছিল। দেশটি ছিল অত্যন্ত সমৃদ্ধ ও এর অধিবাসীরা দায়ূদের প্রতি সহানুভূতিশীল ছিল। PPBeng 540.2

অপরিণামদর্শী ও উদ্ধত রাজপুত্র, অবশালোম, তার পিতার অনুসন্ধানে শীঘ্র বেরিয়ে পড়লেন। তার সৈন্যদল ছিল প্রচুর, কিন্তু তার পিতার যুদ্ধে পারদর্শী সৈন্যের মোকাবেলা করার মত তাদের শৃঙ্খলা বা প্রস্তুততি ছিল না। PPBeng 540.3

দায়ূদ তার সৈন্যদলকে যোয়াব, অবীশয় ও ইওয়েব অধীনে তিন ভাগে বিভক্ত করলেন। PPBeng 540.4

যে যুদ্ধ বিদ্রোহ দমন করে

PPBeng 540

মহনয়িমের দেয়াল হতে বিদ্রোহী সেনাদলের দীর্ঘ সারি স্পষ্টভাবে দেখা যাচ্ছিল। অনধিকার উচ্ছেদকারী এক বিশাল বাহিনীসহ এগিয়ে আসছিল, আর এদের তুলনায় দায়ূদের সৈন্যদল অত্যন্ত নগন্য মনে হচ্ছিল। যখন সৈন্যরা নগরের সদর দরজা দিয়ে সারিবদ্ধ ভাবে বেরিয়ে যাচ্ছিল, তখন দায়ূদ তার বিশ্বস্ত সৈন্যদের উসাহিত করছিলেন যে ইস্রায়েলের ঈশ্বর তাদের বিজয় দান করবেন এই ভরসা রেখে তারা যেন এগিয়ে যায়। কিন্তু যখন যোয়াব তার সেন্যদলকে নিয়ে রাজার সামনের দিয়ে এগিয়ে চলছিলেন, তখন শত শত যুদ্ধে জয়ী বীর তার উন্নত মস্তককে নত করে রাজার শেষ বাণী শ্রবণ করলেন, "তোমরা আমার অনুরোধে সেই যুবকের প্রতি, অবশালোমের প্রতি, কোমল ব্যবহার করিও। অবীশয় ও ইওয়ও একই বাণী শুনলেন। কিন্তু রাজার সে অনুরোধের ফলে মনে হল যে তিনি তার প্রতি বাধ্য প্রজাদের চাইতে অবশালোমকে বেশী প্রেম করেন, সেই অনুরোধ তার এই অস্বাভাবিক ছেলের প্রতি সৈন্যদের ক্রোধ আরো বাড়িয়ে তুলল। PPBeng 540.5

যুদ্ধক্ষেত্রটি ছিল যর্দ্দন নদীর তীরের এক ভূমি। বনের ঝোপ-ঝাড়ের মধ্যে ও তুল তুলে কাঁদার মধ্যে অবশালোমের বিশাল বাহিনী হতবস্ত ও বিশৃঙ্খল হয়ে পড়ল। এবং "সে স্থানে ইস্রায়েল লোকেরা দায়ূদের দাসদের সম্মুখে আহত হইল, আর সেই দিন সেখানে মহাসংহার হইল, বিংশতি সহস্র লোক মারা পড়িল।" PPBeng 540.6

অবশালোম যখন দেখতে পেলেন যে যুদ্ধে পরাজয় ঘটেছে, তখন তিনি পালাতে গেলেন, আর তার মস্তক একটি প্রসারিত গাছের দুই শাখার মধ্যে আটকা পড়ল, আর তার

খচ্চর তার নীচ থেকে চলে যাওয়ায় তিনি গাছে ঝুলতে থাকলেন, ও শত্রুদলের সহজ শিকারে পরিণত হলেন। একজন সৈন্য তাকে দেখতে পেল, কিন্তু সে তার জীবন হরণ না করে সে যা দেখেছে তা যোয়াবকে জানাল। PPBeng 541.1

যোয়াবের কোন বিবেকের বাধা ছিল না। দায়ূদের সাথে দু'বার আপোষ করানোর মাধ্যমে তিনি অবশালোমের বন্ধুত্ব লাভ করেছিলেন, কিন্তু তার সাথে নির্লজ্জ ভাবে বিশ্বাসঘাতকতা করা হয়েছিল। যোয়াবের নিকট হতে অবশালোম এ ধরণের সুযোগ লাভ না করলে এই বিদ্রোহ কখনও সংঘটিত হত না। "পরে তিনি হস্তে তিনটি খোঁচা লইয়া অবশালোমের বক্ষ বিদ্ধ করিলেন।...আর তাহারা অবশালোমকে লইয়া অরণ্যের এক বৃহৎ গর্তে ফেলিয়া দিয়া তাহার উপরে প্রস্তরের অতি প্রকান্ড এক রাশি করিল।" PPBeng 541.2

বিদ্রোহীদের প্রতি ঈশ্বরের বিচার

PPBeng 541

এই ভাবে ইস্রায়েলের বিদ্রোহে প্ররোচনা দানকারীরা ধ্বংস প্রাপ্ত হল। অহীথোফল আত্ম হত্যা করে মারা গেলেন। যার সৌন্দর্য ইস্রায়েলের গর্বের বিষয় ছিল সেই অবশালোম যুব বয়সেই নিহত হলেন, তার দেহ একটি গর্তে ফেলে দিয়ে পাথর দ্বারা চাপা দেয়া হল, আর এই ছিল চিরন্তন তিরস্কারের প্রতীক। PPBeng 541.3

বিদ্রোহী নেতাদের নিহত হবার পর রাজার নিকট সংবাদ দেবার জন্য দ্রুত দু'জন সংবাদবাহক প্রেরণ করা হল। PPBeng 541.4

দ্বিতীয় সংবাদবাহক চিৎকার করে বল্‌ল, "আমার প্রভু মহারাজের জন্য সমাচার আনিয়াছি, আপনার বিরুদ্ধে যাহারা উঠিয়াছিল, সেই সকলের হস্ত হইতে সদাপ্রভু অদ্য আপনার বিচার নিষ্পত্তি করিয়াছেন।" পিতার মুখ হতে ... প্রশ্ন হল, "যুবক অবশালোমের কি মঙ্গল?" দুঃখজনক সংবাদ গোপন করতে না পেরে সংবাদবাহক উত্তর দিল, "আমার প্রভু মহারাজার শত্রুগণ ও যাহারা অমঙ্গলার্থে আপনার বিরুদ্ধে উঠে, তাহারা সকলে সেই যুবকের মত হউক।" দায়ূদ আর প্রশ্ন করলেন না, কিন্তু নত মস্তকে "নগর-দ্বারের ছাদের উপরিস্থ কুঠরীতে উঠিয়া রোদন করিতে লাগিলেন, এবং গমন করিতে করিতে কহিলেন, হায়! আমার পুত্র অবশালোম! আমার পুত্র। আমার পুত্র অবশালোম! কেন তোমার পরিবর্তে আমি মরি নাই? হায় অবশালোম! আমার পুত্র! আমার পুত্র!" PPBeng 541.5

বিজয়ী সৈন্যদল শহরের নিকটবর্তী হল, তাদের বিজয়ের চিকার নিকটস্থ পাহাড়ে প্রতিধ্বনিত হতে লাগল। কিন্তু যখন তারা শহরের সদর দরজা অতিক্রম করল, তখন তাদের বিজয় রব স্তিমিত হয়ে পড়ল, আর তাদের হাতের পতাকা নীচু হয়ে পড়ল, কেননা তাদের স্বাগতম জানানোর জন্য রাজা উপস্থিত ছিলেন না। নগর-দ্বারের ছাদের উপরের কামরা

হতে তার কান্নার ধ্বনি শোনা যাচ্ছিল, "আমার পুত্র, আমার পুত্র অবশালোম! কেন তোমার পরিবর্তে আমি মরি নাই? হায় অবশালোম! আমার পুত্র! আমার পুত্র!" PPBeng 542.1

যোয়াব অত্যন্ত ক্রোধান্বিত হলেন। ঈশ্বর তাদের বিজয় ও আনন্দের সুযোগ দিয়েছিলেন, ইস্রায়েলের ইতিহাসের বৃহত্তম বিদ্রোহ দমন করা হয়েছিল। তথাপি যার অপরাধের কারণে হাজার হাজার সাহসী লোকের জীবন ধ্বংস হয়েছিল তার জন্যই তাদের বিজয়কে শোকে পরিণত করা হয়েছে। দুর্বিনীত ও স্পষ্ট-বাদী সেনাপতি দরজা ঠেলে রাজার সামনে উপস্থিত হয়ে নির্ভীক ভাবে বললেন, "যাহারা আজ আপনার প্রাণ, আপনার পুত্র-কন্যাদের প্রাণ...রক্ষা করিয়াছে, আপনার সেই দাসগণকে আপনি আজ বিষণ্নবদন করিলেন। বস্তুতঃ আপনি আপন বিদ্বেষিগণকে প্রেম ও আপন প্রেমকারিগণকে দ্বেষ করিতেছেন; ফলে আপনি অদ্য প্রকাশ করিতেছেন যে, অধ্যক্ষেরা ও দাসেরা আপনার কাছে কিছুই নয়, কেননা অদ্য আমি দেখিতে পাইতেছি, যদি অবশালোম বাঁচিয়া থাকিত, আর আমরা সকলে আজ মরিতাম, তাহা হইলে আপনি সন্তুষ্ট হইতেন। অতএব এখন আপনি উঠিয়া বাহিরে গিয়া আপন দাসগণকে চিত্ততোষক কথা বলুন। আমি সদাপ্রভুর নামে শপথ করিতেছি, যদি আপনি বাহিরে না যান, তবে এই রাত্রি আপনার সহিত এক জনও থাকিবে না, এবং আপনার যৌবনকাল হইতে এখন পর্য্যন্ত যত অমঙ্গল ঘটিয়াছে, সে সকল অপেক্ষাও আপনার এই অমঙ্গল অধিক হইবে।" PPBeng 542.2

এই তিরষ্কার খুবই নির্মম ও কঠোর ছিল, কিন্তু দায়ূদ এতে ক্রোধান্বিত হলেন না। সেনাপতি যে ঠিক বাক্য বলছেন তা বুঝতে পেরে তিনি সিঁড়ি দিয়ে নীচে গেলেন, আর যখন তার সাহসী সৈন্যরা মার্চ করে তাকে অতিক্রম করে চলতে লাগল, তখন তিনি তাদের উসাহজনক বাক্য দ্বারা স্বাগতম জানালেন। PPBeng 542.3

অধ্যায় ৭৩—ঈশ্বরের মনের মত এক ব্যক্তি

PPBeng 543

অবশালোমের পরাজয় তাৎক্ষণিক শান্তি আনতে পারল না। জাতির এত বৃহ এক অংশ বিদ্রোহে জড়িয়ে পড়েছিল যে বিভিন্ন বংশের নিকট হতে আহবান না আসলে দায়ূদ রাজধানীতে ফিরে নিজ কর্তৃত্ব গ্রহণ করতে পারতেন না। রাজাকে আহবান জানানোর জন্য কোন দ্রুত সিদ্ধান্ত গৃহীত হল না, আর যখন যিহূদা দায়ূদকে ফিরে আনার জন্য প্রস্তুত হল, তখন অন্যান্য বংশের লোকদের মধ্যে ঈর্ষা জেগে উঠল। একটি বিপরীত বিদ্রোহ আরম্ভ হল। এটি অবশ্য দ্রুত দমন করা হল এবং ইস্রায়েলে শান্তি স্থাপিত হল। PPBeng 543.1

ক্ষমতা, দৌলত এবং পৃথিবীর সম্মান আত্মার জন্য বিপজ্জনক হয়ে দাঁড়ায়। মেষপালকরূপে দায়ূদের বাল্যকাল ও তার সাথে সংযুক্ত বিনয়ী ধৈর্য্যশীলতা, পরিশ্রম এবং তার মেষের জন্য বিনম্র যত্নের শিক্ষালাভ; নির্জন পাহাড়ে প্রকৃতির সহিত যোগাযোগের মাধ্যমে চিন্তা ভাবনাকে সৃষ্টিকর্তার প্রতি ধাবিত করা; মরু প্রান্তরের সুশৃঙ্খল দীর্ঘ জীবন; এই সকলই ঈশ্বর তাকে ইস্রায়েলদের সিংহাসনে বসার প্রস্তুতিরূপে ব্যবহার করেছিলেন। কিন্তু তথাপি পৃথিবীর কৃতকার্য্যতা ও সম্মান দায়ূদের চরিত্রকে এমন দুর্বল করে ফেলেছিল যে প্রলোভনকারী (অর্থাৎ শয়তান) তাকে পরাভূত করে ফেলেছিল। PPBeng 543.2

দায়ূদ গর্বের কারণে আবারও পাপ করেন

PPBeng 543

পৌত্তলিক জাতি সমূহের সহিত সামাজিক যোগাযোগের ফলে তাদের জাতীয় আচার-অনুষ্ঠান অনুকরণ করা ও পৃথিবীতে শ্রেষ্ঠত্বের জন্য তাদের মত আকাঙ্খী হওয়ার কামনা মনের মধ্যে জেগে উঠেছিল। বিজয়ের মাধ্যমে তার রাজত্ব বৃদ্ধির লক্ষ্যে দায়ূদ প্রত্যেক প্রাপ্ত বয়স্কদের জন্য সৈন্যদলে ভুক্ত হওয়া বাধ্যতামূলক করে দিলেন। এইটি করার জন্য জাতির প্রজা গণনা প্রয়োজন হয়ে পড়ল। গর্ব ও উচ্চাকাঙ্খা এই কাজের মূলে ছিল। পরিসংখ্যানের মাধ্যমে জানা যাবে দায়ূদ সিংহাসনে বসার সময় দেশের অবস্থা কেমন দুর্বল ছিল এবং তার রাজত্বের ফলে দেশের শক্তি ও সমৃদ্ধি কি পরিমাণ বৃদ্ধি পেয়েছিল। ঈশ্বরের বাক্যে বলা হয়েছে, "শয়তান ইস্রায়েলের বিরুদ্ধে দাঁড়াইয়া ইস্রায়েলকে গণনা করিতে দায়ূদকে প্রবৃত্তি দিল।" দায়ূদের অধীনে ইস্রায়েলের উন্নতীর কারণ হল ঈশ্বরের আশীর্বাদ। কিন্তু রাজত্বের সৈন্যদলের বৃদ্ধি চতুষ্পার্শ্বের জাতি সমূহের মধ্যে এই ধারণার সৃষ্টি করবে যে ইস্রায়েল জাতির ভরসা হল তাদের সৈন্য-সামন্ত, ঈশ্বরের উপর তাদের ভরসা নেই। PPBeng 543.3

সৈন্যদলের পর্যাপ্ত বৃদ্ধি সম্বন্ধে দায়ূদের পরিকল্পনাকে ইস্রায়েলের লোকেরা তত পছন্দ করল না। প্রস্তাবিত সৈন্যদলে ভর্তির নিয়ম অনেক অসন্তুষ্টির সৃষ্টি করল। ফলে প্রথম

যেখানে যাজক ও শাসকরা গণনা নিতেন তার স্থলে সেনা নায়কদের গণনা নিতে আজ্ঞা দেয়া হল। এই কাজ ঈশ্বরের শাসন ব্যবস্থার বিপরীত ছিল। এমন কি যোয়াবও প্রতিবাদ করলেন, "আমার প্রভু এ চেষ্টা কেন করিতেছেন? আপনি ইস্রায়েলের দোষের কারণ কেন হইবেন? তথাপি যোয়াবের উপর রাজার কথাই প্রবল হইল। তাহাতে যোয়াব গমন করিয়া সমস্ত ইস্রায়েলের মধ্যে ভ্রমণ করিলেন, পরে যিরূশালেমে আসিলেন ।' PPBeng 544.1

দায়ূদ তার পাপের জন্য অভিযুক্ত হইলেন। আত্ম-গ্লানিতে তিনি ঈশ্বরকে বলিলেন, "এই কার্য্য করিয়া আমি মহাপাপ করিয়াছি; এখন, বিনয় করি, নিজ দাসের অপরাধ ক্ষমা কর; কেননা আমি বড়ই অজ্ঞানের কর্ম করিয়াছি।" PPBeng 544.2

পরদিন সকালে গাদ ভাববাদী এক বাণী নিয়ে উপস্থিত হলেন, সদাপ্রভু এই বাক্য বলেন, তুমি যেটা ইচ্ছা গ্রহণ কর; হয় সাত বৎসর দুর্ভিক্ষ, নয় তিন মাস পর্যন্ত শত্রুদের খড়্গ তোমাকে পাইয়া বসিলে তোমার বিপক্ষ লোকদের সম্মুখে পলায়ন, নয় ত তিন দিন পর্যন্ত সদাপ্রভুর খড়্গগ, অর্থা দেশে মহামারী এবং ইস্রায়েলের সমস্ত অঞ্চলে সদাপ্রভুর বিনাশক দূতের ভ্রমণ । PPBeng 544.3

দায়ূদ সদাপ্রভুর শাস্তি বেছে নেন

PPBeng 544

রাজার উত্তর ছিল, "আমি বড়ই বিপদগ্রস্ত হইলাম; আইসুন, আমরা সদাপ্রভুর হস্তে পড়ি, কেননা তাঁহার করুণা প্রচুর; কিন্তু আমি মনুষ্যের হস্তে পড়িতে চাহি না।" PPBeng 544.4

দেশে মহামারী দেখা দিল, যার ফলে সত্তর হাজার লোক মারা গেল । "আর দায়ূদ চক্ষু তুলিয়া দেখিলেন, সদাপ্রভুর দূত পৃথিবী ও স্বর্গের মধ্য পথে দাঁড়াইয়া আছেন, তাঁহার হস্তে যিরূশালেমের উপরে প্রসারিত খোলা খড়্গ।" ইস্রায়েলের পক্ষে রাজা ঈশ্বরের নিকট অনুরোধ করিলেন, "লোকদিগকে গণনা করিতে যে আদেশ দিয়াছিল, সে কি আমি নহি? আমিই পাপ করিয়াছি, আমিই বড় অপরাধ করিয়াছি, কিন্তু এই মেষগণ কি করিল? হে আমার প্রভু, বিনয় করি, আমারই বিরুদ্ধে ও আমার পিতৃকুলের বিরুদ্ধে হস্ত বিস্তার কর; কিন্তু তোমার লোকদিগকে প্রহার করিবার জন্য বিস্তারিত না হউক।" PPBeng 544.5

যে পাপ দায়ূদকে প্রবৃত্ত করেছিল, লোকেরাও সেই একই পাপের দোষে দোষী ছিল। যেমন করে সদাপ্রভু অবশালোমের পাপের মাধ্যমে দায়ূদের বিচার করেছিলেন, সেই একই ভাবে দায়ূদের ভুলের মাধ্যমে তিনি ইস্রায়েলদের পাপের শাস্তি দিলেন। ধ্বংসকারী দূত "যিবুষীয় অরৌনের খামারের নিকটে" মোরিয়া পর্বতে দাঁড়িয়েছিলেন। ভাববাদীর নির্দেশে দায়ূদ ঐ পর্বতে গেলেন। তিনি "হোমবলি ও মঙ্গলার্থক বলি উসর্গ করিলেন, আর সদাপ্রভুকে ডাকিলেন, তাহাতে তিনি স্বর্গ হইতে হোমবলির উপরে অগ্নি বৃষ্টি দ্বারা তাঁহাকে

উত্তর দিলেন।” “এইরূপে দেশের জন্য সদাপ্রভুর কাছে নিবেদন করিলে তিনি প্রসন্ন হইলেন, এবং ইস্রায়েলের উপর হইতে মহামারী নিবৃত্ত হইল ।” PPBeng 545.1

যে স্থানে যজ্ঞ বেদী তৈরী করা হয়েছিল, সেই স্থান এরপর চিরকালের জন্যই একই পবিত্র জায়গাতে পরিণত হল। এই স্থানেই অব্রাহাম একটি যজ্ঞ বেদী তৈরী করে তার ছেলেকে বলি দিতে উদ্যত হয়েছিলেন, আর এরপর এই স্থানেই ধর্মধাম তৈরী করা হয়েছিল। PPBeng 545.2

দায়ূদের বয়স তখন সত্তর বৎসর হয়েছিল। তার বাল্যকালের ভ্রাম্যমান কঠিন জীবন, তার অসংখ্য যুদ্ধ, প্রৌঢ় বয়সের কষ্ট, তার জীবনী-শক্তি ক্ষয় করে ফেলেছিল। দুর্বলতা এবং বার্দ্ধক্য, আর নির্জনে থাকার আকাঙ্খা, রাজত্বে কি ঘটছে তা দ্রুত জানার পথে অন্তরায় হয়ে পড়েছিল, এবং আবারও সিংহাসনের খুব নিকটেই বিদ্রোহ সৃষ্টি হল । PPBeng 545.3

এখন যে সিংহাসন দখলের স্বপ্ন দেখছিল, সে ছিল আদোনিয়, দেখতে শুনতে “সেও সুপুরুষ ছিল”, কিন্তু সে নীতিভ্রষ্ট ও বেপরোয়া ছিল। বাল্যকালে “তাহার পিতা কোন সময় তাহাকে এ বাক্য বলিয়া অসন্তুষ্ট করেন নাই যে, তুমি কেন এমন করিয়াছ?” এখন যৌবনে এখন সে কোন বাধাই মানতে রাজী নয়, আর সে ঈশ্বরের কর্তৃত্বের বিরুদ্ধে বিদ্রোহ করল, কারণ ঈশ্বর শলোমনকে সিংহাসনের উত্তরাধিকারী করেছিলেন। তার বড় ভাই'র চেয়ে শলোমন অধিক .. যোগ্য ছিলেন; তথাপি, যদিও ঈশ্বরের মনোনয়ন পরিষ্কার ভাবে ব্যক্ত করা হয়েছিল, আদোনিয় তার প্রতি সহানুভূতিশীল মানুষ পেতে সক্ষম হল। এতদিন পর্যন্ত সিংহাসনের প্রতি অনুগত যোয়াব শলোমনের বিরুদ্ধে ষড়যন্ত্রে জড়িয়ে পড়লেন, এবং যাজক অবিয়াথরও তার সাথে যুক্ত হলেন । PPBeng 545.4

বিদ্রোহ পরিপক্ষ হয়ে উঠল। আদোনিয়কে রাজারূপে ঘোষণা করার জন্য ষড়যন্ত্রকারীরা এক মহাভোজে একত্রিত হয়েছিল, কিন্তু যাজক সাদোক, ভাববাদী নাথন, ও শলোমনের মা, বশেবার সময়োচিত হস্তক্ষেপের ফলে তাদের পরিকল্পনা ব্যর্থতায় পর্যবসিত হল। তারা রাজাকে সমস্ত কিছু জ্ঞাত করলেন ও স্বর্গীয় নির্দেশ অনুসারে শলোমন যে সিংহাসনে বসবেন তা তাকে স্মরণ করালেন । দায়ূদ শলোমনের পক্ষ সমর্থন করে তক্ষণা সিংহাসন ত্যাগ করলেন ও সাথে সাথে শলোমন রাজা হিসাবে অভিষিক্ত ও ঘোষিত হলেন । ষড়যন্ত্র ধ্বংস করা হল । PPBeng 546.1

তার দায়িত্বের প্রতি সম্মান প্রদর্শন করে, দায়ূদের প্রতি তার পূর্বের আনুগত্যের বাক্য স্মরণ করে অবিয়াথরের জীবন রক্ষা করা হল; কিন্তু তাকে মহাযাজকের পদ হতে নামিয়ে দেয়া হল, আর ঐ পদ সাদোকের বংশে চলে গেল। যোয়াব ও আদোনিয়কে কিছু কালের জন্য রেহাই দেয়া হল, কিন্তু দায়ূদের মৃত্যুর পর তারা তাদের অপরাধের শাস্তি পেলেন। দায়ূদের ছেলের মৃত্যুদন্ডের মাধ্যমে পিতার পাপের প্রতি ঈশ্বরের যে ঘৃণা ছিল তার চার গুণ বিচার সম্পন্ন হল । PPBeng 546.2

দায়ূদ নিঃস্বার্থ ভাবে ধর্মধামের জন্য সম্পদ ও অর্থ সংগ্রহ করেন

PPBeng 546

দায়ূদের রাজত্ব প্রথম দিন থেকেই তার সবচেয়ে আকাঙ্খিত পরিকল্পনা ছিল সদাপ্রভুর জন্য মন্দির নির্মাণ করা। তিনি অনেক দামী দামী বস্তু সংগ্রহ করেছিলেন- সোনা, রূপা, মনি-পাথর, বিভিন্ন রঙের পাথর, মার্বেল পাথর ও মূল্যবান কাঠ। আর এখন ঈশ্বরের উপস্থিতির প্রতীক নিয়ম সিন্দুকের জন্য অন্য কেহ ঘরটি তৈরী করবে। PPBeng 546.3

এখন তার শেষ মুহূর্ত উপস্থিত জেনে, রাজা দেশের প্রত্যেক অঞ্চল হতে প্রতিনিধিদের ডেকে পাঠালেন যেন তারা তার উত্তরাধিকারী গ্রহণ করেন। তার দৈহিক দুর্বলতার জন্য এই হস্তান্তরের সময় তার দৈহিক উপস্থিতি কামনা করা হয় নি; কিন্তু ঈশ্বররের আত্মা তার উপর আসলেন, এবং শক্তি ও উদ্দীপনার সহিত শেষবারের মত তিনি তার লোকদের উদ্দেশে কথা বলতে পারলেন। মন্দির নির্মাণের জন্য তার আকাঙ্খার বাক্য, ও ঈশ্বরের আদেশ যে তার ছেলে শলোমন তা তৈরী করবেন এই কথা তিনি তাদের বললেন। আর দায়ূদ বললেন, “অতএব এখন সদাপ্রভুর সমাজ সমস্ত ইস্রয়েলের সাক্ষাতে ও আমাদের ঈশ্বরের কর্ণগোচরে তোমরা যত্নপূর্বক তোমাদের ঈশ্বর সদাপ্রভুর সমস্ত আজ্ঞার অনুশীলন কর, যেন এই উত্তম দেশের স্বত্ব ভোগ করিতে পার, এবং তোমাদের পরে তোমাদের সন্তানগণের চিরস্থায়ী অধিকারার্থে তাহা রাখিয়া যাও।” PPBeng 546.4

দায়ূদ তার সমস্ত অন্তঃকরণ দিয়ে একান্ত ভাবে এই অনুরোধ করলেন যেন ইস্রায়েলদের নেতাগণ ঈশ্বরের অনুগত থাকেন, এবং যে পাপ তার পিতার কর্তৃত্বকে দুর্বল করে তুলেছিল, তার জীবনকে তিক্ততায় ভরে তুলেছিল, এবং ঈশ্বরের অসম্মানের কারণ হয়েছিল, সেই পাপ হতে শলোমন যেন দূরে থাকতে পারেন। যে ছেলেকে তার উত্তরাধিকারীরূপে ইতিমধ্যেই স্বীকার করে নেয়া হয়েছিল, সেই ছেলের দিকে ফিরে তিনি বললেন, “হে আমার পুত্র শলোমন, তুমি আপন পিতার ঈশ্বরকে জ্ঞাত হও, এবং একাগ্র অন্তঃকরণে ও ইচ্ছুক মনে তাঁহার সেবা কর; কেননা...কল্পনা বুঝেন;... এখন সাবধান হও, কেননা ধর্মধামের জন্য একটি গৃহ নির্মাণ করিতে সদাপ্রভু তোমাকে মনোনীত করিয়াছেন।” PPBeng 547.1

ধর্মধাম তৈরীর জন্য দায়ূদ শলোমনকে পুঙ্খানুপুঙ্খরূপে নির্দেশ দিলেন । শলোমন তখনও যুবক ছিলেন এবং ধর্মধাম তৈরীর দায়িত্ব ও ঈশ্বরের লোকদের শাসন কার্য চালানোর দায়িত্ব নিতে ভয় পেতেন। তাই দায়ূদ বললেন, “তুমি বলবান হও, সাহস কর, কার্য কর, ভয় করিও না, নিরাশ হইও না, কেননা সদাপ্রভু ঈশ্বর, আমার ঈশ্বর, তোমার সহবর্ত্তী আছেন, ...তিনি তোমাকে ছাড়িবেন না, তোমাকে ত্যাগ করিবেন না।” PPBeng 547.2

আবারও দায়ূদ সমাজের উদ্দেশে অনুরোধ করলেন: “ঈশ্বর কেবল আমার পুত্র শলোমনকে মনোনীত করিয়াছেন; সে এখনও অল্পবয়স্ক ও কোমল, আর এই কার্য্য অতি

মহ, কেননা এই প্রাসাদ মনুষ্যের নিমিত্ত নয়, কিন্তু সদাপ্রভু ঈশ্বরের নিমিত্ত।” তিনি বললেন “আমার যতটা ক্ষমতা আছে, তদনুসারে আমি আমার ঈশ্বরের গৃহের নিমিত্তে...আয়োজন করিয়াছি।” আর তিনি জিনিস পত্র সংগ্রহ করেছিলেন, তার বিবরণ দিলেন। যে সমাজের জনতা তাদের উদার দান নিয়ে এসেছিল, তাদের উদ্দেশে তিনি বলেন, “ভাল, আজকে সদাপ্রভুর উদ্দেশে নিজের হস্তপূরণের জন্য ইচ্ছাপূর্বক দান করে?” সমাজ হতে অত্যন্ত উদার সাড়া পাওয়া গেল। “তাহাতে লোকেরা নিজ ইচ্ছায় দান করিবার জন্য আনন্দ করিল, কেননা তাহারা একাগ্রচিত্তে সদাপ্রভুর উদ্দেশে নিজ ইচ্ছায় দান করিল, এবং দায়ূদ রাজাও মহানন্দে আনন্দ করিলেন।” PPBeng 547.3

“আর দায়ূদ সমস্ত সমাজের সাক্ষাতে সদাপ্রভুর ধন্যবাদ করিলেন। দায়ূদ বলিলেন, হে সদাপ্রভু, আমাদের পূর্বপুরুষ ইস্রায়েলের ঈশ্বর, তুমি অনাদিকাল হইতে চিরকাল পর্য্যন্ত।...আর এখন, হে আমাদের ঈশ্বর, আমরা তোমার স্তব করিতেছি, তোমার গৌরবান্বিত নামের প্রশংসা করিতেছি। কিন্তু আমি কে, আমার প্রজারাই বা কে যে, আমরা এই প্রকার ইচ্ছাপূর্ব্বক দান করিতে সমর্থ হই? সমস্তই ত তোমা হইতে আইসে, এবং তোমার হস্ত হইতে যাহা পাইয়াছি, তাহাই তোমাকে দিলাম ।...আর আমার পুত্র শলোমনকে একাগ্র চিত্ত প্রদান কর, যেন সে তোমার আজ্ঞা, তোমার প্রমাণবাক্য ও তোমার বিধিকলাপ পালন করিতে ও এই সমস্ত কার্য্য করিতে পারে, এবং আমি যে প্রাসাদের জন্য আয়োজন করিয়াছি, তাহা নির্মাণ করিতে পারে।” PPBeng 547.4

দায়ূদের দৃষ্টান্ত বর্তমান কালে পাপ করার জন্য উপলক্ষ্য হতে পারে না

PPBeng 548

ধর্মধাম তৈরী ও মনোরম করার জন্য গভীর আগ্রহ সহকারে রাজা মূল্যবান দ্রব্যাদি সংগ্রহ করেছিলেন। তিনি সেই সকল মহান গীত তৈরী করেছিলেন যা পরবর্তী কালে রাজার আদালতে প্রতিধ্বনিত হত। এখন তার চিত্ত ঈশ্বরে আনন্দ করছিল। ইস্রায়েল বংশের প্রধানেরা এবং রাজপুত্ররা তাদের নিজ হাতে কোষাগারে প্রচুর দান নিয়ে এলেন। শুধু ঈশ্বরই তাঁর লোকদের এই মনোভাব দান করেছেন। তাই মানুষকে নয়, ঈশ্বরকেই গৌরব দিতে হবে। তাঁর আত্মা তাদের ইচ্ছুক করে তুলে ছিল। যদি তাঁর প্রেম লোকদের হৃদয়কে স্পর্শ না করত তবে ধর্মধাম নির্মাণ করা সম্ভব হত না । PPBeng 548.1

যখন মৃত্যু দায়ূদের নিকটবর্তী হল, তখনও তার হৃদয়ের চিন্তা শলোমনের ও ইস্রায়েলদের প্রতি নিবদ্ধ ছিল, কেননা ইস্রায়েলের সমৃদ্ধি ঈশ্বরের প্রতি তাদের রাজার বিশ্বস্ততার উপর নির্ভরশীল। “আর তিনি নিজ পুত্র শলোমনকে আদেশ দিয়া কহিলেন, সমস্ত মর্ত্যলোকের যে পথ, আমি সেই পথে গমন করিতেছি; তুমি বলবান হও ও পুরুষত্ব প্রকাশ কর। আর আপন ঈশ্বর সদাপ্রভু রক্ষণীয় বিধান রক্ষা করিয়া তাঁহার পথে চল.... তাঁহার বিধি, তাঁহার আজ্ঞা, তাঁহার শাসন ও তাঁহার সাক্ষ্য সকল পালন কর, যেন তুমি যে

কোন কার্য্য কর, ও যে কোন দিকে ফির, বুদ্ধিপূর্বক চলিতে পার, আর যেন, সদাপ্রভু আমার সম্বন্ধে যে বাক্য বলিয়াছেন, তাহা সংস্থাপন করেন, তিনি বলিয়াছেন, তোমার সন্তানেরা যদি সমস্ত অন্তঃকরণের ও সমস্ত প্রাণের সহিত আমার সম্মুখে সত্য আচরণ করিতে আপনাদের পথে সাবধানে চলে, তবে তিনি বলেন,- ইস্রায়েলের সিংহাসনে তোমার (বংশে) লোকের অভাব হইবে না।” ১ রাজাবলি ২:১-৪ । PPBeng 548.2

দায়ূদের পতন খুব রড় ধরণের ছিল, কিন্তু তার অনুতাপও গভীর ছিল, তার প্রেম নিখুঁ ছিল, এবং তার বিশ্বাস শক্ত ছিল। দায়ূদের গীতসমূহ গভীর অপরাধ ও আত্ম-গ্লানিমূলক হতে শুরু করে ঈশ্বরের সহিত যোগাযোগের গভীর আনন্দমূলক। তার জীবনের ইতিহাস প্রমাণ করে যে পাপ শুধু লজ্জা ও দুঃখ বয়ে আনে, কিন্তু ঈশ্বরের প্রেম ও অনুগ্রহ গভীর অন্ধকারেও পৌঁছতে পারে । PPBeng 548.3

বিশ্বাস অনুতপ্ত হৃদয়কে উচ্চে তুলে ঈশ্বরের সন্তান-সন্ততিতে পরিণত করতে সক্ষম । PPBeng 548.4

